ঋগ্বেদ-সংহিতা।

(১২৮)

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা
সম্পাদিতা।

হাওড়া-সহরস্থে
“পৃথিবীর ইতিহাস” না-যন্ত্রে
শ্রীধীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা
মুদ্রিতা প্রকাশিতা চ।

১৩২৯ সালাব্দাঃ।

ঋগ্বেদ-সংহিতা।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

প্রথমোঽষ্টকঃ। প্রথমং মণ্ডলং।

মূলং, পদ-বিশ্লেষণং, মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা, বঙ্গানুবাদঃ, সায়ণ-ভাষ্যং, ভাষ্যানুবাদঃ, বিশদার্থঃ প্রভৃতি সমেতা।

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা
ব্যাখ্যাতা সম্পাদিতা চ।

১৩২৯ সালাব্দাঃ।

কৌলীন্যভূষণোপেত উপাধি-লাহিড়ী-যুতঃ।
শাণ্ডিল্যবংশসম্ভূতো রামমোহনজো দ্বিজঃ ॥
বর্দ্ধমানাখ্য-জেলায়াং গ্রামে রামচন্দ্রপুরে।
আসীৎ সুধীঃ সুধারামঃ সর্ব্বেষাং প্রীতিসাধকঃ ॥
দুর্গাদাসঃ সুতস্তস্য সাহিত্যগতজীবনঃ।
বসতি স্বগণৈঃ সহ হাবড়া-সহরেঽধুনা।
'পৃথিবীরইতিহাস' ইতি খ্যাতো গ্রন্থস্তস্য।
সুধীনাং তৃপ্তিসাধকঃ সত্যতত্ত্বপ্রকাশকঃ ॥
ব্যাখ্যায়াং চতুর্ব্বেদস্য সম্প্রতি স রতো ভবেৎ।
কৃপয়া জ্ঞানদেবস্য সিদ্ধির্ভবতু শাশ্বতী ॥
মর্ম্মানুসারিণী ব্যাখ্যা ভূত্বা অজ্ঞাননাশিনী।
জ্ঞানালোকপ্রদা ভূয়াৎ সর্ব্বেষামন্তরে সদা ॥

শ্রীশ্রীপঞ্চমী।

৭ই মাঘ, ১৩২৯ সাল।

হাওড়া-সহরস্থে "পৃথিবীর ইতিহাস" মুদ্রাযন্ত্রে শ্রীধীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা মুদ্রিতা প্রকাশিতা চ। ৭।১০।২৯

ওঁ

ঋগ্বেদ-সংহিতা।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

প্রথম মণ্ডলং। ত্রয়োদশোঽনুবাকঃ। একাশীতিতমং সূক্তং। প্রথমোঽষ্টকঃ। ষষ্ঠোঽধ্যায়ঃ। প্রথমশ্চ দ্বিতীয়শ্চ দ্বৌ বর্গৌ।

একাশীতিতমং সূক্তং।

এই সূক্তে ষষ্ঠ অধ্যায় আরম্ভ হইল। এই অধ্যায়ে ত্রয়োদশটী সূক্ত আছে; অর্থাৎ চতুরধিক নবতিতম সূক্তে (৯৪ম সূক্তে) এই অধ্যায় সম্পূর্ণ হইয়াছে। এই অধ্যায়ের প্রথম চারিটী সূক্ত (৮১ম হইতে ৮৪ম সূক্ত) ইন্দ্রদেবতার উপাসনায় বিনিযুক্ত। তৎপরবর্ত্তী সূক্তচতুষ্টয় (৮৫ম হইতে ৮৮ম পর্য্যন্ত সূক্ত চারিটী) মরুদ্গণের সম্বোধনে নিয়োজিত। ঊননবতিতম সূক্তের দেবতা—বিশ্বদেবগণ। নবতিতম সূক্ত—বহুদেবতার উপাসনা-মূলক। একনবতিতম সূক্ত—এই অধ্যায়ের মধ্যে বৃহত্তম সূক্ত। ইহাতে ত্রয়োবিংশ-সংখ্যক ঋক্ আছে। এই সূক্তটী সোম-সম্বোধনে বিনিযুক্ত। সোম বলিতে কি ভাব প্রাপ্ত হওয়া যায়, এই সূক্তে তাহার বিশেষ আভাস পাওয়া যাইবে। দ্বিনবতিতম সূক্তের পনেরটী ঋক্ উষা-দেবতা-সম্বন্ধীয়; উহার অবশিষ্ট তিনটী ঋক্ অশ্বিদেবতাদ্বয়ের সম্বোধনে প্রযুক্ত। ত্রিনবতিতম সূক্ত অগ্নি ও সোম—এই যুগ্ম দেবদ্বয়ের সম্বোধন-মূলক। চতুরধিক নবতিতম সূক্তটীর দেবতা—অগ্নি।

ষষ্ঠ অধ্যায়ে ঐরূপ বিভিন্ন দেবতার উপাসনার বিষয় পরিকীর্ত্তিত থাকিলেও, ইন্দ্রদেবতার সম্বোধনেই এই অধ্যায়ের অধিক ঋক্ প্রযুক্ত হইয়াছে দেখা যায়। আলোচ্য এই যে একাশীতিতম সূক্ত, ইন্দ্রদেবতা-সম্বোধনেই ইহার প্রায় সকল ঋক্গুলি সন্নিবিষ্ট আছে। ভাষ্যাদিতে প্রকাশ, কুরু-রাজগণের ও সৃঞ্জয়-রাজগণের সহিত অনার্য্যগণের যুদ্ধ উপস্থিত হইলে, তাঁহাদিগের পুরোহিত গোতম ঋষি ইন্দ্রদেবতার আরাধনা করিয়াছিলেন। সেই দেবতা ঋষির স্তবে তুষ্ট হইয়া কুরুগণের ও সৃঞ্জয়গণের পক্ষ অবলম্বন করেন—ইহাই স্তবের উদ্দেশ্য ছিল। সেই উপলক্ষেই এই সূক্তের রচনা হয়—ইহাই সাধারণতঃ প্রচারিত দেখি। তার পর,

ইন্দ্রদেব-সম্বন্ধে অপরাপর বিষয় যাহা এই সূক্তে উক্ত হইয়াছে, তাহার প্রায় সকল ভাবই ইন্দ্রদেবতা-সম্বন্ধীয় পূর্ব্ব পূর্ব্ব সূক্তেই প্রকাশ পাইয়াছে। সেই তাঁহার সোমরস মাদক-দ্রব্যের প্রতি স্পৃহা, সেই তাঁহার হরি-নামক অশ্বদ্বয়-সংযোজিত রথে গতিবিধি, সেই তাঁহার অপরাপর ক্রিয়াকলাপ,—সকলই প্রচলিত ব্যাখ্যাদিতে পূর্ব্বরূপ রঙেই রঞ্জিত হইয়া আছে।

যাহা হউক, এই সূক্তের নয়টী ঋকের ব্যাখ্যা-বিশ্লেষণ-উপলক্ষে আমরা কি ভাব প্রাপ্ত হই, আমাদিগের ব্যাখ্যা-মুখেই তাহা বিবৃত হইবে।

একাশীতিতম সূক্তানুক্রমণিকা।

শ্রীশ্রীগণেশায় নমঃ॥

যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থমহেশ্বরং॥
দশতথ্যাঃ পঞ্চমোঽয়মধ্যায়ো ব্যাকৃতঃ স্ফুটং।
ধীমতা সায়ণাচার্য্যেণ ষষ্ঠোঽধ্যায়োঽথ বর্ণ্যতে॥

প্রথমে মণ্ডলে ত্রয়োদশানুবাকে সপ্তসূক্তানি ব্যাকৃতানি। ইন্দ্রো মদায়েতি নবর্চমষ্টমং সূক্তং। অত্রানুক্রম্যতে। ইন্দ্রো ন বেতি। ঋষেশ্চান্যস্মাদৃষিরিতি পরিভাষয়া রহূগণপুত্রস্য গোতমস্যানুবৃত্তেরস্য সূক্তস্য স ঋষিঃ। পূর্ব্বসূক্তে পাংক্তং হীত্যুক্তত্বাত্তুহ্যাদি পরিভাষয়েদ-মুত্তরং চ সূক্তং পাংক্তং। অন্যাদেশ পরিভাষয়েন্দ্রো দেবতা॥ পৃষ্ঠ্যস্য পঞ্চমেঽহনি নিষ্কেবল্যং শস্ত্র ইদং সূক্তং। সূত্রিতঞ্চ। প্রেদং ব্রহ্মেন্দ্রো মদায় সত্রা মদাস ইতি নিষ্কেবল্যং। আ০ ৭।১২। ইতি॥ আরম্ভণীয়ে চাতুর্ব্বিংশকেঽহনি মাধ্যন্দিনে সবনে

একাশীতিতম সূক্তানুক্রমণিকার বঙ্গানুবাদ।

প্রথম মণ্ডলের ত্রয়োদশ অনুবাকে সাতটী সূক্ত আছে। 'ইন্দ্রো মদায়' ইত্যাদি নয়টী ঋক্‌বিশিষ্ট অষ্টম সূক্ত (ত্রয়োদশ অনুবাকের)। এ বিষয়ে এইরূপ অনুক্রান্ত আছে;—'ইন্দ্র নবেতি'। 'ঋষেশ্চান্যস্মাদৃষিঃ' ইত্যাদি পরিভাষা অনুসারে রহূগণ-পুত্র গোতমের অনুবৃত্তিতে এই সূক্তের তিনি (অর্থাৎ রহূগণ-পুত্র গোতম) ঋষি। পূর্ব্বসূক্তে 'পাংক্তং হি' ইত্যাদি উক্তি-হেতু তুহ্যাদি পরিভাষার দ্বারা এই সূক্ত পংক্তিছন্দোবিশিষ্ট। অন্যাদেশ পরিভাষার দ্বারা ইন্দ্রদেবতা। পৃষ্ঠ্যের পঞ্চম দিবসে নিষ্কেবল্য-শস্ত্রে এই সূক্ত (প্রযুক্ত হয়)। এ বিষয়ে সূত্রিত আছে;—'প্রেদং ব্রহ্মেন্দ্রো মদায় সত্রা মদাস ইতি নিষ্কেবল্যং' (আ০ ৭।১২) ইতি॥ আরম্ভণীয় চাতুর্ব্বিংশ দিবসে মাধ্যন্দিন সবনে ব্রাহ্মণাচ্ছংসিনঃ

ব্রাহ্মণাচ্ছংসিনঃ শস্ত্র ইন্দ্রো মদায়েত্যাদ্যস্তৃচো বৈকল্পিকঃ স্তোত্রিয়ঃ। হোত্রকাণামিতি খণ্ডে সূত্রিতং। ইন্দ্রো মদায় বাবৃধে মদে মদে হি নো দদিঃ। আ০ ৭।৪। ইতি॥ মহাব্রতে নিষ্কেবল্য উত্তরপক্ষ ইন্দ্রো মদায়েত্যেকা শংসনীয়। তথৈব পঞ্চমারণ্যকে সূত্রিতং। ইন্দ্রো মদায় বাবৃধ ইতি পংক্তিঃ সুদদোহাঃ। ইতি॥

প্রথমমণ্ডলস্থ ত্রয়োদশানুবাকে একাশীতিতমং সূক্তং। গোতমঃ ঋষিঃ। পংক্তিঃ ছন্দঃ। দেবতা ইন্দ্রঃ। মহানিষ্কেবল্যে উত্তরপক্ষে শংসনীয়ঃ।

প্রথমা ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। প্রথমা ঋক্।)

ইন্দ্রো মদায় বাবৃধে শবসে বৃত্রহা নৃভিঃ।

তমিন্মহৎস্বাজিষূতেমর্ভে হবামহে স

বাজেষু প্র নোঽবিষৎ॥ ১॥

পদ-বিশ্লেষণং।

ইন্দ্রঃ। মদায়। ববৃধে। শবসে। বৃত্রঽহা। নৃঽভিঃ।

তং। ইৎ। মহৎঽসু। আজিষু। উত। ঈং। অর্ভে। হবামহে। স।

বাজেষু। প্র। নঃ। অবিষৎ॥ ১॥

শস্ত্রে 'ইন্দ্রো মদায়' ইত্যাদি আস্তৃচ্ বিকল্পে স্তোত্রিয়। 'হোত্রকানাং' ইতি খণ্ডে সূত্রিত আছে;—'ইন্দ্রো মদায় বাবৃধে মদে মদে হি নো দদিঃ' (আ০ ৭।৪) ইতি। মহাব্রতে নিষ্কেবল্যে উত্তরপক্ষে 'ইন্দ্র মদায়' ইত্যাদি একটী ঋক্ শংসনীয়। তাহাই পঞ্চমারণ্যকে সূত্রিত আছে;—'ইন্দ্র মদায় বাবৃধ ইতি পংক্তি সুদদোহাঃ'।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃত্রহা' (অজ্ঞানতানাশকঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'নৃভিঃ' (শ্রেষ্ঠৈঃ নরৈঃ, সাধকৈঃ ইতি যাবৎ) সম্পূজিতঃ সন্ 'মদায়' (তেষাং সাধকানাং আনন্দবর্দ্ধনায়) তথা 'শবসে' (তেষাং সাধকানাং বলবৃদ্ধ্যর্থং) 'বাবৃধে' (আত্মবিস্তারং করোতি, তেষাং সাধকানাং মধ্যে অধিতিষ্ঠতি ইত্যর্থঃ); 'মহৎসু' (প্রবলেষু, বিষমেষু) 'আজিষু' (সংগ্রামেষু) 'উত' (অপিচ) 'ঈং' (এনং, বক্ষ্যমাণং) 'অর্ভে' (অল্পে সংগ্রামে, অস্মাকং নিত্যানুষ্ঠিতে পাপকর্ম্মণি) 'তমিৎ' (তং ইন্দ্রদেবং এব) 'হবামহে' (অস্মান্ রক্ষয়িতুং আহ্বয়ামহে, প্রার্থয়ামহে); 'সঃ' (ইন্দ্রদেবঃ) 'বাজেষু' (সর্ব্বেষু সংগ্রামেষু) 'নঃ' (অস্মান্) 'প্র অবিষৎ' (প্রকর্ষেণ রক্ষতু)। প্রার্থনায়া ভাবঃ—সাধবঃ আত্মনাং কর্ম্মণা ভগবন্তং প্রাপ্নুবন্তি; কিন্তু অসাধুনাং অস্মাকং কিং উপায়ং অস্তি! এষু প্রবলেষু সংসারসংগ্রামেষু স ভগবান্ অস্মান্ রক্ষতু ইতি প্রার্থনা। (১ম—৮১সূ—১ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

অজ্ঞানতানাশক ভগবান্ ইন্দ্রদেব শ্রেষ্ঠ নরগণ কর্তৃক অর্থাৎ সাধকগণ কর্তৃক সম্পূজিত হইয়া সেই সাধকগণের আনন্দবর্দ্ধনের নিমিত্ত এবং সেই সাধকগণের বলবৃদ্ধির জন্য আত্মবিস্তার করেন, অর্থাৎ সেই সাধকগণের মধ্যে অধিষ্ঠান করিয়া থাকেন; প্রবল বিষম সংগ্রামসমূহে এবং এই অল্প সংগ্রামে অর্থাৎ আমাদিগের নিত্য অনুষ্ঠিত পাপকর্ম্মে, সেই ইন্দ্রদেবতাকেই আমাদিগকে রক্ষার জন্য আহ্বান করিতেছি; সেই ইন্দ্রদেব সর্ব্বপ্রকার সংগ্রামসমূহে আমাদিগকে প্রকৃষ্টরূপে রক্ষা করুন। (প্রার্থনার ভাব এই যে,—সাধকগণ আপনাদিগের কর্ম্মের দ্বারাই ভগবানকে প্রাপ্ত হইয়া থাকেন। কিন্তু এই অসাধু আমাদিগের উপায় কি হইবে? প্রার্থনা—এই প্রবল সংসার-সংগ্রামে সেই ভগবান্ আমাদিগকে রক্ষা করুন।)॥ (১ম—৮১সূ—১ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

বৃত্রহা বৃত্রস্যাবরকস্য বৃষ্টিনিরোধকস্য মেঘস্যাসুরস্য বা হন্তা। যদ্বা আবরকাণাং শত্রূণাং হন্তেন্দ্রো মদায় হর্ষার্থং শবসে। বলনামৈতৎ। বলার্থং চ নৃভির্যজ্ঞস্য নেতৃভিঋত্বিগ্ভিঃ স্তোত্রৈঃ-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'বৃত্রহা' বৃত্রের আবরকের বৃষ্টিনিরোধক মেঘের অথবা অসুরের হননকারী। অথবা, আবরকণকারী শত্রুগণের হন্তা 'ইন্দ্রঃ' ইন্দ্র 'মদায়' হর্ষের নিমিত্ত 'শবসে' (এই পদ বল নামবাচক) এবং বলার্থ 'নৃভিঃ' যজ্ঞের নেতা ঋত্বিগ্‌গণ কর্তৃক 'বাবৃধে' স্তোত্রশস্ত্ররূপ

বৃধে। স্তোত্রশস্ত্ররূপাভিঃ স্তুতিভিঃ প্রবর্দ্ধিতো বভূব। স্তুত্যা হি দেবতা প্রাপ্তবলা সতী প্রবর্দ্ধতে। তমিত্তমেবেন্দ্রং মহৎসু প্রভৃতেষ্বাজিষু সংগ্রামেষু হবামহে। অস্মাকং রক্ষণায়াহ্বয়ামহে। উত অপি চেমেনমর্ভেঽল্পে সংগ্রামে হবামহে। অস্মাভিরাহূতঃ স চেন্দ্রো বাজেষু সংগ্রামেষু নোঽস্মান্ প্রাবিষৎ। প্রাবতু। প্রকর্ষেণ রক্ষতু॥

বাবৃধে। বৃধেঃ কর্ম্মণি লিট্। সংহিতায়ামভ্যাসস্যান্যেষামপি দৃশ্যত ইতি দীর্ঘত্বং। তুজাদিত্বেহি তুতুজান ইতিবৎপদকালে দীর্ঘঃ শ্রূয়তে। নৃভিঃ। সাবেকাচ ইতি প্রাপ্তস্য বিভক্ত্যুদাত্তত্বস্য নৃচান্যতরস্যামিতি প্রতিষেধঃ। হবামহে। হ্বয়তের্লটি হ্ব ইত্যনুবৃত্তৌ বহুলং ছন্দসীতি সংপ্রসারণং। শপি গুণাবাদেশৌ। অবিষৎ। অব রক্ষণে। লেট্যডাগমঃ। ইতশ্চ লোপ ইতীকারলোপঃ। সিব্বহুলং লেটীতি সিপ্। তস্যার্দ্ধ-ধাতুকত্বাদ্বলাদিলক্ষণ ইট্॥ (১ম—৮১সূ—১ঋ)॥

প্রথম (৮৮১) ঋকের বিশদার্থ।

মনুষ্যগণের স্তুতির দ্বারা বৃত্রাসুরের হননকারী ইন্দ্র প্রবর্দ্ধিত হইয়াছেন। তাঁহার যে হর্ষ, তাঁহার যে বল, তাহা মানুষের স্তুতির দ্বারা বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। এই ভাবই সাধারণতঃ মন্ত্রের প্রথম চরণে পরি-গৃহীত হইয়াছে—দেখিতে পাই। মুখে মুখে যেমন মানুষের গুণের কথা বা দোষের কথা বৃদ্ধি পাইয়া তিল হইতে তাল হইয়া দাঁড়ায়, এ পক্ষে মন্ত্রাংশে সেই ভাবই প্রকাশমান্ দেখি। এইরূপ, মন্ত্রের দ্বিতীয় চরণটীতে

স্তুতিসমূহের দ্বারা প্রবর্দ্ধিত হইয়াছিলেন। স্তুতির দ্বারা দেবতা প্রাপ্তবল হইয়া প্রবর্দ্ধিত হয়েন। 'তমিৎ' সেই ইন্দ্রকে 'মহৎসু' প্রভৃত 'আজিষু' সংগ্রামসমূহে 'হবামহে' আমাদিগের রক্ষণের নিমিত্ত আহ্বান করি; 'উত' অপিচ 'ঈং' এই 'অর্ভে' 'অল্প-সংগ্রামে আহ্বান করি। আমাদিগ কর্ত্তৃক আহুত হইয়া, সেই ইন্দ্র 'বাজেষু' সংগ্রামসমূহে 'নঃ' আমাদিগকে 'প্রাবিষৎ' (প্রাবতু) প্রকর্ষের দ্বারা রক্ষা করুন।

বাবৃধে। বৃধ ধাতু কর্ম্মণি বাচো লিট। সংহিতা-বিষয়ে অভ্যাসের 'অন্যেষামপি দৃশ্যতে' ইত্যাদি সূত্রে দীর্ঘত্ব। 'তুজাদিত্বে হি তুতুজানঃ' ইত্যাদিবৎ পদকালে দীর্ঘ শ্রুত হয়। নৃভিঃ। 'সাবেকাচ' ইত্যাদি সূক্তে বিভক্তির উদাত্তত্ব-প্রাপ্তির জন্য 'নৃচান্যতরস্যাং' ইত্যাদি সূত্রে প্রতিষেধ। হবামহে। 'হ্বয়তেঃ' স্থলে লটে হ্বে ইত্যাদি অনুবৃত্তি-হেতু 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে সম্প্রসারণ। শপে গুণের আদেশ। অবিষৎ। অব ধাতু রক্ষণার্থক। লেটে অট্ আগম। 'ইতশ্চলোপঃ' ইত্যাদি সূত্রে ইকার-লোপ। 'সিব্বহুলং লেটি' ইত্যাদি সূত্রে সিপ্। তাহার আর্দ্ধ-ধাতুকত্ব-হেতু বলাদি-লক্ষণে ইট্। (১ম—৮১সূ-১ঋ)॥

সেই ইন্দ্রকে সংগ্রামে সাহায্যের জন্য আহ্বান করা হইয়াছে। শক্তিশালী যোদ্ধপুরুষ অল্পশক্তি জনের সহায় হউন,—প্রার্থনার ইহাই প্রচলিত অর্থ।

আমাদিগের ব্যাখ্যায় সেই প্রচলিত অর্থই প্রধানতঃ অনুসৃত হইয়াছে বটে; তবে ভাব একটু সামান্য রূপান্তর প্রাপ্ত হইয়াছে। 'নৃভিঃ' অর্থাৎ নেতৃস্থানীয় ঋত্বিগ্‌গণ কর্তৃক 'ইন্দ্রঃ' অর্থাৎ ইন্দ্রদেব 'বাবৃধে' অর্থাৎ প্রবর্দ্ধিত হয়েন;—ইহার মর্ম্ম কি মানুষ তাঁহাকে বাড়াইয়া থাকে? 'নৃভিঃ' পদে শ্রেষ্ঠ মানুষকে সুতরাং সাধককে বুঝাইয়া থাকে। সাধকগণের দ্বারা অর্থাৎ তাঁহাদিগের কর্ম্মের দ্বারা ইন্দ্র বৃদ্ধি প্রাপ্ত হন,—এইরূপ অর্থই যদি গ্রহণ করি, তাহাতেই বা কি ভাব উপলব্ধ হয়? তাঁহার বৃদ্ধি বলিতে, তাঁহার প্রসার—তাঁহার অধিষ্ঠান—সাধকগণের মধ্যে তাঁহার বিদ্যমানতা প্রভৃতি ভাবই উপলব্ধ হইয়া থাকে। ভগবান্ বৃদ্ধি-প্রাপ্ত হন বলিতে, তিনি যে দৈর্ঘ্য-প্রস্থে বা শৌর্য্যে-বীর্য্যে বিস্তৃতি লাভ করেন, তাহা বুঝায় না। বুঝায় কি? না—তিনি সাধকগণের মধ্যেই—লোকগণের মধ্যেই—আবির্ভূত হইয়া থাকেন। তাহাই তাঁহার বৃদ্ধি। বেদের বিভিন্ন স্থানে এবম্প্রকার উক্তি দৃষ্টিগোচর হয়। আর, তাহার প্রায় সকল স্থলেই স্তুতির দ্বারা বা মন্ত্রের দ্বারা লোকে দেবতার বৃদ্ধি-সাধন করিতেছেন—এইরূপ অর্থই গৃহীত হইয়া আসিতেছে। কিন্তু আমরা বলি, ঐ সকল উক্তির নিগূঢ় তাৎপর্য্য অন্যরূপ। মন্ত্রের দ্বারা বা স্তুতির দ্বারা অর্থাৎ মন্ত্রের বা স্তবের অনুধ্যানে, মানুষের মধ্যে দেবভাবের পরিবৃদ্ধি হয়, দেবত্ব বিকাশ পায়, ভগবান্ অধিষ্ঠিত হন। এই তত্ত্বই এই সকল স্থলে প্রাপ্ত হই না কি?

মন্ত্রের দ্বিতীয় চরণে দ্বিবিধ প্রার্থনা প্রকাশ পাইয়াছে। প্রথম প্রার্থনা 'মহৎসু আজিষু' অর্থাৎ প্রবল সংগ্রামে রক্ষা পাইবার জন্য এবং দ্বিতীয় প্রার্থনা 'ঈং অর্ভে' অর্থাৎ এই ক্ষুদ্র সমরে রক্ষা পাইবার জন্য। প্রার্থনা-পক্ষে ক্রিয়াপদ আছে—'হবামহে' (আহ্বান করি)। সংগ্রামে আহ্বান করার তাৎপর্য্য—রক্ষা-প্রাপ্ত হওয়ার আকাঙ্ক্ষা। কিন্তু এখানে দ্বিবিধ সংগ্রামের কথা উল্লেখ দেখি; 'মহৎসু আজিষু' আর 'ঈং অর্ভে'। এতদ্দ্বারা কি ভাব প্রাপ্ত হই? এখানে আমরা ইহসংসারে সংঘটিত দ্বিবিধ সংগ্রামের বিষয়ই লক্ষ্য করি। আমরা আমাদিগের

নিত্য-কর্ম্মের মধ্যে যে পাপ সঞ্চয় করিতেছি, সেই পাপকে—সেই পাপের সহিত সংগ্রামকে—'ঈং অর্ভে' পদে লক্ষ্য করে। আর, প্রবল রিপুশত্রুর সাহচর্য্যে আমরা যে পাপ অনুষ্ঠান করি, তাহাই 'মহৎসু আজিষু' পদের লক্ষ্যস্থল। এক প্রকার পাপ আমাদিগের অজ্ঞাতে অবহেলায় সঞ্চিত হয়; অন্য প্রকার পাপ আমাদিগের স্বেচ্ছাকৃত। বিশ্লেষণ বাহুল্য মাত্র। ঐ দুই পাপকে লক্ষ্য করিয়াই প্রার্থনা প্রকাশ পাইয়াছে। উপসংহারে "বাজেষু প্র নঃ অবিষৎ" বাক্যাংশে, সকল পাপ হইতেই পরিত্রাণ পাইবার কামনা প্রকাশমান্। আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে প্রার্থনার স্থূল মর্ম্ম আপনিই অধিগত হইবে॥ (১ম—৮১সূ—১ম)॥

—•—

দ্বিতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। দ্বিতীয়া ঋক্।)

অসি হি বীর সেন্যোঽসি ভূরি পরাদদিঃ।
অসি দভ্রস্য চিদ্বৃধো যজমানায়
শিক্ষসি সুন্বতে ভূরি তে বসু॥ ২॥

• • •

পদ-বিশ্লেষণং।

অসি। হি। বীর। সেন্যঃ। অসি। ভূরি। পরাঽদদিঃ।
অসি। দভ্রস্য। চিৎ। বৃধঃ। যজমানায়।
শিক্ষসি। সুন্বতে। ভূরি। তে। বসু॥ ২॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বীর' (হে শক্রদমনকুশল! হে শৌর্য্যসম্পন্ন) ত্বং 'সেন্যঃ' (সেনাসদৃশঃ) 'অসি' (ভবসি); একোঽপি ত্বং বহুরূপধারী ভবসি ইতি ভাবঃ; 'হি' (নিশ্চিতং ত্বং) 'ভূরি' (প্রকৃষ্টরূপেণ) 'পরাদদিঃ' (শত্রূণাং পরাঙ্মুখকারকঃ) 'অসি' (ভবসি); শত্রূণ্ দূরীকৃত্য ত্বং উপাসকান্ পরমং ধনং দদাসি ইতি ভাবঃ; তথা ত্বং 'দভ্রস্য চিৎ' (অল্পস্যাপি, ক্ষুদ্রস্যাপি তব স্তোতুঃ) 'বৃধঃ' (বর্দ্ধয়িতা) 'অসি' (ভবসি); তথা 'সুন্বতে' (শুদ্ধসত্ত্বভাবান্বিতায়) 'যজমানায়' (উপাসকায়) 'শিক্ষসি' (তস্য আকাঙ্ক্ষানুরূপং ধনং দদাসি, সুশিক্ষাদানং করোষি ইত্যর্থঃ); 'তে' (তব) 'বসু' (ধনং) 'ভূরি' (প্রভূতং বিবিধরূপং চ) অস্তি ইতি শেষঃ। অয়ং ভাবঃ—হে ভগবন্! ত্বং অক্ষয়ধনাধিকারী; অশেষবিধং ধনং ত্বয়ি বিদ্যতে; অতঃ প্রার্থী ভবৎসকাশাৎ আকাঙ্ক্ষানুরূপং ধনং প্রাপ্নোতি। (১ম—৮১সূ—২ঋ)॥

বঙ্গানুবাদ।

হে শত্রুদমনকুশল (হে শৌর্য্যসম্পন্ন)! আপনি সেনাসদৃশ হয়েন; (একই আপনি বহুরূপধারী হয়েন—ইহাই ভাবার্থ); নিশ্চয়ই আপনি শত্রুগণের পরাঙ্মুখকারী হয়েন; (ভাব এই যে,—শত্রুগণকে দূর করিয়া আপনি উপাসকগণকে পরম ধন প্রদান করিয়া থাকেন); ক্ষুদ্র স্তোতারও আপনি বর্দ্ধয়িতা হয়েন; এবং শুদ্ধসত্ত্বভাবান্বিত উপাসককে আপনি তাঁহার আকাঙ্ক্ষানুরূপ ধন (সুশিক্ষা) প্রদান করেন; আপনার ধন প্রভূত ও বিবিধরূপ আছে। (ভাব এই যে,—হে ভগবন্! আপনি অক্ষয় ধনের অধিকারী; অশেষ প্রকার ধন আপনাতে আছে; সুতরাং প্রার্থী আপনার নিকট আকাঙ্ক্ষানুরূপ ধন পাইয়া থাকেন।)॥ (১ম—৮১সু—২ঋ)।

সায়ণ-ভাষ্যং।

হে বীর শত্রুক্ষেপণকুশলেন্দ্র ত্বং সেন্যোঽসি। সেনার্হো ভবসি। ত্বমেকোঽপি সেনাসদৃশো ভবসীত্যর্থঃ। হি যস্মাদেবং তস্মাদ্ভূরি প্রভূতং শত্রূণাং ধনং পরাদদিঃ। পরাদাতা। শত্রূণাং পরাঙ্মুখং যথা ভবতি তথাদাতাসি। ভবসি। দভ্রস্য চিৎ। অল্পস্যাপি

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'বীর' শত্রুক্ষেপণকুশল ইন্দ্র! আপনি 'সেন্যঃ অসি' সেনাসদৃশ হয়েন; আপনি এক হইয়াও সেনাসদৃশ হয়েন—ইহাই ভাবার্থ; 'হি' যেহেতু এইরূপ সেইহেতু 'ভূরি' প্রভূত শত্রুগণের ধনকে 'পরাদদিঃ' পরাদাতা অর্থাৎ শত্রুগণের পরাঙ্মুখ যাহাতে হয় তাহার প্রদাতা 'অসি' হয়েন; 'দভ্রস্য চিৎ' (এই পদ অল্প নাম বাচক)

তব স্তোতুর্ব্বৃধো বর্দ্ধয়িতাসি। তথা যজমানায় যাগং কুর্ব্বতে সুম্বতে সোমাভিষবং কুর্ব্বতে পুরুষায় শিক্ষসি অপেক্ষিতং ধনং দদাসি। শিক্ষাতির্দ্দানকর্ম্মা। যস্মাত্তে তব বসু ধনং ভূরি বহুলং অক্ষয়ং বিদ্যতে তস্মাদ্দদাসীতি ভাবঃ॥

পরাদদিঃ। ডুদাঞ্ দানে। আদৃগমহনজন ইতি কিপ্রত্যয়ঃ। লিড্বদ্ভাবাদ্বির্ব্বচনে হ্রস্বত্বং। আতো লোপ ইটি চেত্যাকারলোপঃ। বৃধঃ। বৃধেরন্তর্ভাবিতণ্যর্থাদিগুপধলক্ষণঃ কঃ। সুম্বতে। শতুরনুম ইতি বিভক্তেরুদাত্তত্বং॥ (১ম—৮১সূ—২ঋ)॥

• • •

দ্বিতীয় (৮৮২) ঋকের বিশদার্থ।

———§ঃ○ঃ§———

এই মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহার সহিত মূলতঃ আমাদিগের কোনও মতান্তর ঘটে নাই। কেবল সেই অর্থের বিশ্লেষণ-পক্ষে আমরা একটু চেষ্টা পাইয়াছি মাত্র। তবে মন্ত্রের অন্তর্গত 'সুম্বতে' পদ উপলক্ষে ভাষ্যে ও ব্যাখ্যাদিতে যে ভাব প্রকাশ পাইয়াছে, আমরা সর্ব্বথা তাহার অনুমোদন করি না। সোমরস-রূপ মাদক-দ্রব্যের প্রদাতা যজমান ধন প্রাপ্ত হন অর্থাৎ অপরে সে ধন প্রাপ্ত হয়েন না,—এরূপ কোনও ভাব এই মন্ত্রের মধ্যে বিদ্যমান্ আছে বলিয়া আমরা মনে করি না। তার পর, 'পরাদদিঃ' পদে শত্রুগণের কবল হইতে লুণ্ঠিত ধনকে লক্ষ্য করা হয়। আমরা এখানে সে ভাবও গ্রহণ করিতে প্রস্তুত নহি। শত্রু পরাঙ্মুখ হয় যাহাতে, সেই ধনের দাতা তিনি,—এতদর্থেই ঐ পদের সার্থকতা দেখি। শত্রু বলিতে কাম-ক্রোধাদি রিপুগণকে বুঝায়। সৎকর্ম্মানুষ্ঠানের বা শুদ্ধসত্ত্বের প্রভাবে তাহারা নাশ প্রাপ্ত হয়।

অল্পেরও অর্থাৎ ক্ষুদ্র আপনার স্তোতারও 'বৃধঃ' বর্দ্ধয়িতা হয়েন; এবং 'যজমানায়' যাগকারী 'সুম্বতে' সোমাভিষবকারী পুরুষকে 'শিক্ষসি' অপেক্ষিত ধন দান করেন। (শিক্ষতিঃ পদে দানকর্ম্ম বুঝায়); যেহেতু 'তে' আপনার 'বসু' ধন 'ভূরি' বহুল অক্ষয় আছে, সেই হেতু দান করেন—ইহাই ভাবার্থ।

পরাদদিঃ। ডুদাঞ্ ধাতু দানার্থক। 'আদৃগমহনজনঃ' ইত্যাদি সূত্রে কি-প্রত্যয়। লিড্বৎ ভাব-হেতু দ্বিবচনে হ্রস্বত্ব। 'আতোলোপ ইটি চ' ইত্যাদি সূত্রে আকার-লোপ। বৃধঃ। 'বৃধের' অন্তর্ভাবিত ণ্যর্থ-হেতু ইগুপধলক্ষণ কঃ। সুম্বতে। 'শতুরনুমঃ' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। (১ম—৮১সূ—২ঋ)।

• • •

সৎকর্ম্মসাধন বা শুদ্ধসত্ত্ব-সঞ্চয় যাহাতে সাধিত হয়, তিনি তাহারই বিধান করিয়া থাকেন,—এই ভাবই এখানে প্রাপ্ত হই। 'সুন্বতে যজমানায়' বলিতে সৎকর্ম্মসাধক শুদ্ধসত্ত্বপোষক উপাসককেই বুঝাইয়া থাকে।

এইরূপে, ভগবন্মাহাত্ম্যখ্যাপক এই মন্ত্রে তাঁহার নিকট প্রার্থনা করা হইয়াছে,—'হে ভগবন্! আপনি এক হইয়াও বহু হয়েন; অনন্ত অক্ষয় অশেষ প্রকার ধনের আপনি অধিকারী আছেন; সাধুগণের হৃদয়ে আপনার অবস্থিতি হইলেও, একমাত্র তাঁহারাই আপনার কৃপার অধিকারী থাকিলেও, আপনার বহুত্বের এবং অশেষ ধনাধিকারিত্বের বিষয় স্মরণ করিয়া, আপনার শরণ লইতেছি।' (১ম—৮১সূ—২ঋ)।

—•—

তৃতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। তৃতীয়া ঋক্।)

যদুদীরত আজয়ো ধৃষ্ণবে ধীয়তে ধনা।
যুক্ষ্বা মদচ্যুতা হরী কং হনঃ কং বসৌ
দধোঽস্মাঁ ইন্দ্র বসৌ দধঃ॥ ৩॥

• • •

পদ-বিশ্লেষণং।

যৎ। উৎঽঈরতে। আজয়ঃ। ধৃষ্ণবে। ধীয়তে। ধনা।
যুক্ষ্ব। মদঽচ্যুতা। হরী ইতি। কং। হনঃ। কং। বসৌ।
দধঃ। অস্মান্। ইন্দ্র। বসৌ। দধঃ॥ ৩॥

• •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যৎ' (যদা) 'আজয়ঃ' (সংগ্রামাঃ, সদসদ্বৃত্তের্দ্বন্দ্বঃ ইত্যর্থঃ) 'উদীরতে' (উৎপদ্যন্তে, সংঘটিতাঃ উপস্থিতাঃ বা ভবন্তি), তদা 'ধৃষ্ণবে' (শত্রুধর্ষণকারিণে, রিপুদমনসমর্থায় জনায়), 'ধনা' (ধনং—ধর্ম্মার্থকামমোক্ষরূপং) 'ধীয়তে' (নিধীয়তে, ভগবতা স্থাপিতং প্রদত্তং বা ভবতি ইতি ভাবঃ); হে ভগবন্! 'মদচ্যুতা' (শত্রূণাং মদস্য গর্ব্বস্য চ্যাবয়িতারৌ খর্ব্বকারিণৌ বা, রিপুনাশকৌ ইত্যর্থঃ) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ ত্বদীয়ৌ বাহকৌ) 'যুক্ষ্ব' (অস্মাসু হৃদয়েষু সংযোজয়); তৌ যোজয়িত্বা 'কং' (কং শত্রুং) 'হনঃ' (নাশয়); 'কং' (কং শত্রুং বা) 'বসৌ' (বসুনি, ধনে) 'দধঃ' (প্রতিষ্ঠাপয়ঃ); 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'অস্মান্' (উপাসকান্) 'বসৌ' (বসুনি, পরমার্থরূপে ধনে) 'দধঃ' (স্থাপয়, সম্বন্ধযুতান্ কারয়)। অয়ং ভাবঃ—যদা বয়ং রিপুদমনপ্রবৃত্তা ভবাম, তদা জয়শ্রী অস্মাকং অধিগতা ভবতি; হে ভগবন্! অস্মাসু জ্ঞানভক্তিসমাবেশেন অস্মান্ জয়শ্রীযুক্তান্ পরমধনাধিকারিণঃ কুরু—ইতি প্রার্থনা। (১ম-৮১সূ-৩ঋ)॥

বঙ্গানুবাদ।

যখন সংগ্রাম অর্থাৎ সদসদ্বৃত্তির দ্বন্দ্ব উপস্থিত হয়, তখন শত্রুধর্ষণকারীকে অর্থাৎ রিপুদমনসমর্থ জনকে ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ ধন ভগবান্ কর্তৃক প্রদত্ত হয়। হে ভগবন্! শত্রুগণের গর্ব্বের খর্ব্বকারী অর্থাৎ রিপুনাশক জ্ঞানভক্তি-রূপ আপনার বাহকদ্বয়কে আমাদিগের হৃদয়ের মধ্যে সংযোজন করুন; তাহাদিগকে যোজনা করিয়া, কোনও শত্রুকে নাশ করুন, কোনও শত্রুকে বা ধনে প্রতিষ্ঠিত রাখুন। হে ভগবন্ ইন্দ্রদেব! এই উপাসক আমাদিগকে পরমার্থ-রূপ ধনে স্থাপিত অর্থাৎ সম্বন্ধযুত করুন। (ভাব এই যে,—আমরা যখন রিপুদমনে প্রবৃত্ত হই, জয়শ্রী তখন আমাদিগের অধিগত হয়; হে ভগবন্! আমাদিগের মধ্যে জ্ঞানভক্তির সমাবেশপূর্ব্বক আমাদিগকে জয়শ্রীযুক্ত অর্থাৎ পরমধনের অধিকারী করুন)॥ (১ম—৮১সূ—৩ঋ)॥

সায়ণ-ভাষ্যং।

অত্রেদমাখ্যানং। রহূগণপুত্রো গোতমঃ কুরুসৃঞ্জয়ানাং রাজ্ঞাং পুরোহিত আসীৎ। তেষাং রাজ্ঞাং পরৈঃ সহ যুদ্ধে সতি স ঋষিরনেন সূক্তেনেন্দ্রং স্তুত্বা স্বকীয়ানাং জয়ং প্রার্থয়া-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

* এখানে এই আখ্যানটী আছে। রহূগণ-পুত্র গোতম কুরুসৃঞ্জয়গণের রাজ-পুরোহিত ছিলেন। তাঁহাদিগের রাজা অপরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে, সেই ঋষি এই সূক্তের দ্বারা ইন্দ্রকে স্তব করিয়া আপনাদিগের জয়-প্রার্থনা করিয়াছিলেন। তাঁহার সেই

মানেতি। তস্য চ তৎপুরোহিতত্বং বাজসনেয়িভিরাম্নাতং। গোতমো হবৈ রাহুগণ উভয়েষাং কুরুসৃঞ্জয়ানাং পুরোহিত আসীদিতি॥ যত্যদাজয়ঃ সংগ্রামা উদীরতে উদ্গচ্ছন্তি। উৎপদ্যন্তে। তদানীং ধনা ধনং ধৃষ্ণবে। যো ধৃষ্ণুর্দ্ধর্ষয়িতা শত্রূণাং জেতা ভবতি তস্মৈ ধীয়তে। নিধীয়তে। জয়তো ধনং ভবতীত্যর্থঃ। হে ইন্দ্র! ত্বং তাদৃশেষু যুদ্ধেষু প্রবৃত্তেষু মদচ্যুতা শত্রূণাং মদস্য গর্ব্বস্য চ্যাবয়িতারৌ হরী ত্বদীয়াবশ্বৌ যুক্ষ্ব। রথে যোজয়। যোজয়িত্বা চ কং কঞ্চিদ্রাজানং তব পরিচরণমকুর্ব্বন্তং হনঃ। হন্যাঃ। কঞ্চ ন। ত্বাং পরিচরন্তং বসৌ বসুনি ধনে দধঃ। স্থাপয়সি। অতো জয়পরাজয়য়োস্ত্বমেব কারয়িতাসি। তস্মাৎ হে ইন্দ্রাস্মানস্মদীয়ান্ রাজ্ঞো বসৌ ধনে দধঃ। স্থাপয়॥

উদীরতে। ঈর গতৌ। আদাদিকঃ। অনুদাত্তত্বাল্লসার্ব্বধাতুকানুদাত্তত্বে ধাতুস্বর এব শিষ্যতে। যদ্বৃত্তযোগাদনিঘাতঃ। ধনা। সুপাং সুলুগিতি ডাদেশঃ। যুক্ষ্ব। যুজির্ যোগে। অন্তর্ভাবিতণ্যর্থাল্লোটি বহুলং ছন্দসীতি বিকরণস্য লুক্। দ্ব্যচোঽতস্তিঙ ইতি সংহিতায়াং দীর্ঘত্বং। হনঃ। হন্তেলে টি সিপ্যডাগমঃ। হনশ্চ দধশ্চেতি চার্থ প্রতীতেশ্চাদি-লোপে বিভাষেতি প্রথমায়াস্তিঙ্ বিভক্তের্নিঘাতপ্রতিষেধঃ। বসৌ। লিঙ্গব্যত্যয়ঃ। দধঃ। দধ ধারণে। লেটি ব্যত্যয়েন পরস্মৈপদং॥ (১ম—৮১সূ—৩ঋ)॥

পুরোহিতত্ব বাজসনেয়িগণ কর্তৃক এইরূপ আম্নাত হইয়া থাকে; 'গোতমোহ বৈ রাহুগণ উভয়েষাং কুরুসৃঞ্জয়ানাং পুরোহিত আসীদিতি'; অর্থাৎ, রহুগণের পুত্র গোতম ঋষি কুরু-সৃঞ্জয়গণের পুরোহিত ছিলেন। 'যৎ' যখন 'আজয়ঃ' সংগ্রামসমূহ 'উদীরতে' উর্দ্ধে গিয়াছিল অর্থাৎ উৎপন্ন হইয়াছিল, তদানীং 'ধনা' ধনকে 'ধৃষ্ণবে' যিনি ধৃষ্ণু ধর্ষয়িতা অর্থাৎ শত্রুগণের জেতা হয়েন, তাঁহাতে 'ধীয়তে' নিরন্তর ধৃত হয়, অর্থাৎ যিনি ধনের জয়কারী হয়েন। হে ইন্দ্র! আপনি তাদৃশ যুদ্ধে প্রবৃত্ত 'মদচ্যুতা' শত্রুগণের মদে বা গর্ব্বে চ্যাবয়িতা (খর্ব্বকারক) 'হরী' আপনার অশ্বদ্বয়কে 'যুক্ষ্ব' রথে যোজনা করুন; এবং যোজনা করিয়া 'কং' কোনও রাজাকে আপনার পরিচরণ না করার জন্য 'হনঃ', হনন করেন; 'কং' এবং কাহাকেও হনন করেন না, আপনাকে পরিচরণ করিবার জন্য 'বসৌ' বস্তুতে অর্থাৎ ধনে 'দধঃ' স্থাপন করেন; অতএব জয়-পরাজয় আপনারই কারয়িতা হয়। সেইহেতু হে ইন্দ্র! 'অস্মান্' আমাদিগের রাজাকে 'বসৌ' ধনে 'দধঃ' স্থাপন করুন।

উদীরতে। ঈড় ধাতু গত্যর্থক। আদাদিক। অনুদাত্ত-হেতু লসার্ব্বধাতুকানুদাত্তত্বে ধাতুস্বরই অবশিষ্ট আছে। যদ্বৃত্তযোগ-হেতু নিঘাতের অভাব। ধনা। সুপাং সুলুক্ ইত্যাদি সূত্রে ডা আদেশ। যুক্ষ্ব। যুজির্ ধাতু যোগার্থক। অন্তর্ভাবিত ণ্যর্থ-হেতু লোটে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের লোপ। দ্ব্যচোঽতস্তিঙ্' ইত্যাদি সূত্রে সংহিতাতে দীর্ঘত্ব। হন। 'হন্তের' লেটের সিপের অট্ আগম। 'হনশ্চ দধশ্চ' ইত্যাদির অর্থপ্রতীতে আদি-লোপে 'বিভাষা' ইত্যাদি সূত্রে প্রথমায় তিঙ্ বিভক্তির নিঘাতের প্রতিষেধ। বসৌ। লিঙ্গ-ব্যত্যয়। দধঃ। দধ-ধাতু ধারণার্থক। লেটে ব্যত্যয়ের দ্বারা পরস্মৈপদ॥ (১ম—৮১সূ—৩ঋ)॥

তৃতীয় (৮৮৩) ঋকের বিশদার্থ।

——§:• • •:§——

সূক্তের সূচনায় যে উপাখ্যানটীর উল্লেখ করিয়াছি, ভাষ্যকার এই মন্ত্রের ব্যাখ্যা-উপলক্ষে সেই উপাখ্যানের অবতারণা করিয়াছেন। অথচ, সেই উপাখ্যানের সহিত এই মন্ত্রের কোনই সম্বন্ধ আছে বলিয়া মনে হয় না। যে কোনও কালে যে কোনও সাধক এই মন্ত্র উচ্চারণের দ্বারা ভগবানের করুণা-লাভের প্রার্থী হইতে পারেন। কুরু-সৃঞ্জয়গণের পুরোহিত গোতম ঋষি যে কেবল ঐ প্রার্থনায় ভগবানের করুণালাভ করিয়াছিলেন, আমরা তাহা স্বীকার করি না। সকল কালেই সকল উপাসকই ঐরূপ প্রার্থনায় ভগবানের করুণা-লাভে অধিকারী হইতে পারেন। এখানে দেশকালপাত্রের কোনও সংশ্রব আছে বলিয়া মনে হয় না।

এই মন্ত্রের প্রথম চরণে এই ভাব প্রকাশমান্ যে, যাঁহারা রিপুগণের সহিত সংগ্রামে প্রবৃত্ত হয়েন, তাঁহারা আপনাদিগের সদ্বৃত্তির দ্বারা অসদ্বৃত্তিকে পর্য্যুদস্ত করিয়া পরম ধনের অধিকারী হইয়া থাকেন। এ পক্ষে ঐ অংশের উপদেশ এই যে,—'মানুষ! তোমরা সদ্বৃত্তির সাহায্যে অসদ্বৃত্তি-দমনে প্রবৃত্ত হও; জয়শ্রী তোমাদিগের অধিগত হইবে।'

মন্ত্রের দ্বিতীয় চরণের 'যুক্ষ্ব' ও 'হরী' পদদ্বয় উপলক্ষে রথে অশ্ব যোজনার পরিকল্পনা আসিয়া উপস্থিত হইয়াছে। কিন্তু 'হরী' পদে যে ভাব উপলব্ধ হয়, তাহা আমরা বহুস্থলে প্রকাশ করিয়া আসিয়াছি। জ্ঞানভক্তি-রূপ বাহকের দ্বারা ভগবান্ হৃদয়ে আবির্ভূত হন। হৃদয়-রূপ রথে ঐ দুই বাহকের সংযোজনা হইলে, ভগবানের আবির্ভাব ঘটে। এখানেও সেই তত্ত্বই পরিব্যক্ত দেখি। সেই অবস্থায় উপস্থিত হইলে অর্থাৎ আমাদিগের হৃদয়-রূপ রথে জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয় সংযোজিত হইলে, কাহাকেও অর্থাৎ কোনও শত্রুকে তিনি হনন করেন এবং অপর কাহাকেও—কোনও শত্রুকে—শত্রু হইয়াও যে মিত্রের ন্যায় কার্য্য করিতে প্রবৃত্ত হয় তাহাকে—তিনি প্রতিষ্ঠিত রাখেন—সদ্ভাবে বিভূষিত করিয়া দেন।

এখানে একটু সূক্ষ্ম তত্ত্বের বিশ্লেষণ আবশ্যক বলিয়া মনে করি। একবিধ শত্রুকে হনন করেন, আর অপরবিধ শত্রুকে তিনি আশ্রয়দান

করেন,—এই দুই বিপরীত কার্য্যের মধ্যে তাঁহার কি মহিমা পরিব্যক্ত হয়? ইহা কি তাঁহার একদেশদর্শিতার পরিচয় নহে? শত্রু যে, সে ত শত্রুই আছে। রিপু—রিপুই রহিয়াছে। তবে একের প্রতি দুর্ব্ব্যবহার ও অন্যের প্রতি সদ্ব্যবহার—ইহার কারণ কি? এখানে বুঝিতে হইবে, যে রিপু আমাদিগের অনিষ্ট-সাধক, তাহারাই আবার সময় সময় আমাদিগের শ্রেয়ঃবিধায়ক হইয়া থাকে। মনে করুন—হিংসা একটী রিপু; হিংসার বশবর্ত্তী হইয়া মানুষ অশেষ অপকর্ম্ম সাধন করে। সেইজন্য হিংসাকে পরিবর্জ্জন ও অহিংসাকে পরিগ্রহণ আবশ্যক। সেইজন্যই "অহিংসা পরমো ধর্ম্মঃ" বলিয়া প্রকীর্ত্তিত হইয়া থাকে। কিন্তু ঐ হিংসাই আবার সৎ-সংযোগে লোকহিতসাধক হইয়া থাকে। দস্যু যখন আপন দস্যুবৃত্তির সংসাধন জন্য গৃহস্থকে আক্রমণ করে, তখন দস্যুর প্রতি হিংসা না করিলে গৃহস্থের প্রাণহানি পর্য্যন্তের সম্ভাবনা। সে অবস্থায়, হিংসার প্রয়োজনীয়তা অঙ্গীকৃত হয়। শ্রীকৃষ্ণ-প্রবর্ত্তিত নীতি-ধর্ম্ম এই ভিত্তির উপরই প্রতিষ্ঠিত। তাঁহার নিকট হিংসাও ধর্ম্ম, আবার অহিংসাও ধর্ম্ম। হিংসা যখন ধর্ম্ম-মধ্যে পরিগণিত হয়, তখন হিংসা-রূপ সেই রিপুকে ভগবান্ আশ্রয় দান করেন।* আবার হিংসা যখন তাহার স্বমূর্ত্তি পরিগ্রহণ-পূর্ব্বক মানুষকে বিভ্রান্ত করে, তখন তাহার বিনাশ সাধন নিতান্ত আবশ্যক হয়। মন্ত্রে তাই প্রার্থনা প্রকাশ পাইয়াছে,—"কং হনঃ কং বসৌ দধঃ"। হৃদয়ে জ্ঞানভক্তি-রূপ বাহকের যোজনা করিয়া দিয়া ভগবান্ আবশ্যকানুসারে কোনও রিপুকে বা বিমর্দ্দিত করেন, কোনও রিপুকে বা আত্মকার্য্যে নিয়োজিত রাখেন। এখানে উপমায় সংসার-সমরাঙ্গনের চিত্র প্রকটিত আছে বলিয়া মনে করিতে পারি। শত্রুজয়কারী রাজা যেমন কোনও শত্রুকে বিনাশ করেন এবং কোনও শত্রুকে স্বপদে প্রতিষ্ঠিত রাখেন; হৃদয়-রাজ্যের অধীশ্বর যিনি, তিনিও সেইরূপ কোনও রিপুকে হনন করেন, কোনও রিপুকে আত্মকার্য্যে নিয়োজিত রাখেন। এই মন্ত্রে এই তত্ত্বই প্রকটিত দেখি। (১ম—৮১সূ—৩ঋ)॥

---

* মৎ-প্রণীত "পৃথিবীর ইতিহাস" গ্রন্থের চতুর্থ খণ্ডে "শ্রীকৃষ্ণ" অভিধেয় বিস্তৃত প্রবন্ধে এ বিষয়ের পুঙ্খানুপুঙ্খ আলোচনা আছে।

চতুর্থী ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। চতুর্থী ঋক্।)

ক্রত্বা মহাঁ অনুষ্বধং ভীম আ বাবৃধে শবঃ।

শ্রিয় ঋষ্ব উপাকয়োর্নি শিপ্রী হরিবান্দধে

হস্তয়োর্বজ্রমায়সং ॥ ৪ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

ক্রত্বা। মহান্। অনু৹স্বধং। ভীমঃ। আ। ববৃধে। শবঃ।

শ্রিয়ে। ঋষ্বঃ। উপাকয়োঃ। নি। শিপ্রী। হরি৹বান্। দধে।

হস্তয়োঃ। বজ্রং। আয়সং ॥ ৪ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ক্রত্বা' (সৎকর্ম্মণা প্রাপ্তব্যঃ) 'মহান্' (সাধকানাং সম্বন্ধে মহত্ত্বোপেতঃ) তথা 'ভীমঃ' (শত্রূণাং পক্ষে অতি ভয়ঙ্করঃ) স ভগবান্ 'অনুস্বধং' (স্বধায়াং অনুসারিণং, ভগবৎ-পরায়ণং) 'শবঃ' (শবোপমং জনং, শক্তিহীনং উপাসকং) 'আ' (সমন্তাৎ, সর্ব্বতো-ভাবেন) 'ববৃধে' (প্রাবর্দ্ধয়ৎ, শক্তিসম্পন্নং করোতি ইত্যর্থঃ); শবোপমঃ শক্তিহীনঃ জনঃ যদি ভগবদনুসারী ভবতি, স হি ভগবৎকৃপয়া শক্তিং লভতে ইতি ভাবঃ; 'ঋষ্বঃ' (দর্শনীয়ঃ, সর্ব্বস্য দর্শয়িতা, দৃষ্টিশক্তিপ্রদাতা ইত্যর্থঃ) 'শিপ্রী' (জ্যোতির্ম্ময়ঃ) 'হরিবান্' (জ্ঞানভক্তিসম্বন্ধযুতঃ) স ভগবান্ 'উপাকয়োঃ' (সমীপবর্ত্তিনোঃ, উপাসকস্য) 'হস্তয়োঃ' (বাহ্বোঃ) 'আয়সং' (অয়োময়ং, অতিকঠোরং) 'বজ্রং' (শত্রুনাশকং আয়ুধং) 'নি দধে' (স্থাপয়তি)। উপাসকেভ্যঃ শক্তিদানায় ভগবান্ আত্মীয়ং বলং নিরন্তরং তেষু নিদধাতি—ইতি ভাবঃ ॥ (১ম—৮১সূ—৪ঋ) ॥

• • •

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মের দ্বারা প্রাপ্তব্য, সাধকগণের সম্বন্ধে মহত্ত্বযুত এবং শত্রুগণের পক্ষে অতি ভয়ঙ্কর, সেই ভগবান্—স্বধার অনুসারী (অর্থাৎ ভগবৎপরায়ণ) শবোপম জনকে (শক্তিহীন উপাসককে) সর্ব্বতোভাবে শক্তিসম্পন্ন করেন; (ভাব এই যে—শবোপম শক্তিহীন জন যদি ভগবদনুসারী হয়েন, তিনি নিশ্চয়ই ভগবৎকৃপায় শক্তিলাভ করেন); সকলের দর্শয়িতা (দৃষ্টিশক্তিপ্রদাতা) জ্যোতির্ম্ময় জ্ঞানভক্তির সহিত সম্বন্ধযুত সেই ভগবান্ সমীপবর্ত্তী উপাসকের বাহুদ্বয়ে অতিকঠোর শত্রুনাশক অস্ত্রকে স্থাপন করেন; (ভাব এই যে,—উপাসকগণকে শক্তিদানের জন্য ভগবান্ আপনার বলকে নিরন্তর তাঁহাদিগের মধ্যে ধারণ করিয়া আছেন।) ॥ (১ম—৮১সূ—৪ঋ) ॥

সায়ণ-ভাষ্যং।

ক্রত্বা কর্ম্মণা প্রজ্ঞয়া বা মহান্ সর্ব্বাধিকো ভীমঃ শত্রূণাং ভয়ঙ্কর ইন্দ্রোঽনুষ্বধং। স্বধেত্যন্ননাম। স্বধায়াং। বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ। সোমলক্ষণস্যান্নস্য পানে সতীত্যর্থঃ। শব আত্মীয়ং বলমাববৃধে। আভিমুখ্যেন প্রাবর্দ্ধয়ত। তদনন্তরমৃষ্বো দর্শনীয়ঃ শিপ্রী। শিপ্রে হনূ নাসিকে বা। তদ্যুক্তঃ হরিবান হরিনামকাশ্বোপেত ইন্দ্র উপাকয়োঃ। অন্তিকনামৈতৎ। সমীপবর্ত্তিনোর্হস্তয়োর্ব্বাহ্বোরায়সময়োময়ং বজ্রং শ্রিয়ে সম্পদর্থং নিদধে নিদধাতি। স্থাপয়তি। সোমপানেন হৃষ্টঃ প্রবল ইন্দ্রঃ শত্রূণাং হননায় হস্তে বজ্রং গৃহ্নাতীতি তাৎপর্য্যার্থঃ ॥

ক্রত্বা। জসাদিষু ছন্দসি বাবচনমিতি নাভাবস্য বিকল্পিতত্বাদভাবঃ। আয়সং। তস্য বিকার ইত্যণ্প্রত্যয়ঃ ॥ (১ম—৮১সূ—৪ঋ) ॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'ক্রত্বা' কর্ম্মের দ্বারা অথবা প্রজ্ঞার দ্বারা 'মহান্' সর্ব্বাধিক 'ভীম' শত্রুগণের ভয়ঙ্কর ইন্দ্র 'অনুষ্বধং' (স্বধা এই পদ অন্ন নাম-বাচক—স্বধায়াং বিভক্তি অর্থে অব্যয়ীভাব) সোমলক্ষণ অন্নের পানে 'শবং' আপনার বলকে 'আববৃধে' আভিমুখ্যে প্রবৃদ্ধি করিয়াছিলেন; তদনন্তর 'ঋষ্বঃ' দর্শনীয় 'শিপ্রী' শিপ্র অর্থাৎ হনু বা নাসিকা তদ্যুক্ত, 'হরিবান্' হরিনামক অশ্বোপেত, ইন্দ্র 'উপাকয়োঃ' (ইহা অন্তিক নাম-বাচক) সমীপবর্ত্তী 'হস্তয়োঃ' বাহুদ্বয়ের 'আয়সং' অয়োময় 'বজ্রং' বজ্রকে 'শ্রিয়ে' সম্পদর্থে 'নি দধে' নিরন্তর ধারণ করেন—স্থাপন করেন। সোমপানে হৃষ্ট প্রবল ইন্দ্র শত্রুগণের হননের নিমিত্ত হস্তে বজ্র গ্রহণ করেন—ইহাই তাৎপর্য্যার্থ।

ক্রত্বা। জসাদি মধ্যে 'ছন্দসি বাবচনং' ইত্যাদি সূত্রে'ভাবে অভাবের বিকল্পিতত্ব-হেতু অভাব। আয়সং। তাহার বিকার ইত্যাদি হেতু অণ্-প্রত্যয়। (১ম - ৮১সূ—৪ঋ)॥

চতুর্থ (৮৮৪) ঋকের বিশদার্থ।

——§:০◯০:§——

আমাদিগের ব্যাখ্যায় এই মন্ত্রটীর অর্থ সম্পূর্ণরূপ পরিবর্ত্তিত হইল। মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহার দুইটী আদর্শ (একটী বাঙ্গালা ও একটী ইংরাজী অনুবাদ) নিম্নে উদ্ধৃত করিতেছি। সেই দুই আদর্শ; যথা,—

(১) "ইন্দ্র যজ্ঞদ্বারা মহান্ ও ভয়ঙ্কর, এবং সোমপান দ্বারা আপন বল বর্দ্ধন করিয়াছেন। তিনি সুদর্শন সুন্দর নাসিকা-যুক্ত ও হরিনামক অশ্বযুক্ত। তিনি আমাদিগের সম্পদের জন্য দৃঢ়বদ্ধ হস্তে লৌহময় বজ্র স্থাপন করিলেন।"

(2) "Mighty through wisdom, as he lists, terrible, he hath waxed in strength.

Lord of Bay Steeds, strong-jawed, sublime, he in joind hands for glory's sake hath grasped his iron thunderbolt."

বলা বাহুল্য, ঐ দুই প্রকার ব্যাখ্যা অনেকাংশে সায়ণ-ভাষ্যেরই অনুসারী। এখন, আমাদিগের ব্যাখ্যায় কি কারণে অন্য ভাব প্রকাশ পাইল, তাহার একটু বিশ্লেষণ করা যাইতেছে।

মন্ত্রের অন্তর্গত 'ক্রত্বা' পদ উপলক্ষে, ইন্দ্রদেব যে যজ্ঞের দ্বারা সর্ব্বাধিক অর্থাৎ বলবান্ (মহান্) হয়েন এবং যজ্ঞের দ্বারা তিনি যে ভয়ঙ্কর মূর্ত্তি প্রাপ্ত (ভীমঃ) হয়েন;—ভাষ্যে এবং প্রচলিত ব্যাখ্যাদিতে এইরূপ ভাব প্রকাশমান্। কিন্তু আমরা বলি, 'ক্রত্বা' পদে 'সৎকর্ম্মের দ্বারাই ভগবান্ যে প্রাপ্তব্য' এই অর্থই সুসঙ্গত। আমরা তাই 'ক্রত্বা' পদে 'সৎকর্ম্মণা প্রাপ্তব্যঃ' প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। 'মহান্' এবং 'ভীমঃ' পদদ্বয়, এই দৃষ্টিতে ভগবানের দ্বিবিধ মূর্ত্তি—কোমল কঠোর দুই ভাব—প্রকাশ করিতেছে। তিনি যে সাধকের নিকট মহত্ত্বোপেত এবং অসাধুর অর্থাৎ ভগবদ্দ্রোহীর প্রতি ভীষণভাবাপন্ন, ঐ দুই বিশেষণে তাহাই প্রকাশ পাইয়াছে। তার পর 'অনুষ্বধং' পদ। ঐ পদের সহিত কেন সোমরস মাদক-দ্রব্যের সম্বন্ধ কল্পনা করিয়া আনি? সোমরস-বোধক কোনও পদই উহার অন্তর্ভুক্ত নহে। বিশ্লেষণে ঐ পদে স্বধার অনুসরণে (অনু—স্বধা) ভাব প্রাপ্ত হই। স্বধা কি? দেবো-

দ্দেশে হবির্দ্দান—'স্বধা' পদের বাচক। যিনি স্বধার অনুসারী অর্থাৎ দেবারাধনায় বিনিযুক্ত, তিনিই 'অনুস্বধং' পদের লক্ষ্যস্থল। আমরা তাই প্রতিবাক্যে 'স্বধায়াং অনুসারিনং' অর্থাৎ 'ভগবৎপরায়ণং' প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। তার পর, 'শবঃ' পদ। যেখানে যেখানে ঐ পদের প্রয়োগ দেখিয়াছি, সেখানেই ঐ পদে শবোপম শক্তিহীন জনের প্রতি লক্ষ্য আসিয়াছে। এখানেও সেই লক্ষ্যই অব্যাহত দেখি। 'আ বর্বৃধে' পদের 'প্রাবর্দ্ধয়ৎ' প্রতিবাক্য হইতেই 'সর্ব্বথা শক্তিসম্পন্ন করেন'—এই ভাব প্রাপ্ত হই। এইরূপে, মন্ত্রের প্রথম চরণের প্রচলিত অর্থে—'যজ্ঞদ্বারা তিনি যে মহান্ ও ভয়ঙ্কর হন এবং সোমরস-রূপ মাদক দ্রব্য পানে তিনি যে আপনার বলবৃদ্ধি করেন'—এ ভাব উল্টাইয়া যায়। পরন্তু ভাব প্রাপ্ত হই,—'সৎকর্ম্মের দ্বারা যিনি প্রাপ্তব্য, উপাসকের সম্বন্ধে যিনি মহত্ত্ববিমণ্ডিত এবং অসাধুর পক্ষে যিনি ভীমদর্শন, সেই ভগবান্ তাঁহার অনুসারী সাধকের হৃদয়ে অমিত শক্তি সঞ্চার করেন; ভগবানের উপাসক যদি হীনশক্তি হন, তাহা হইলে ভগবৎকৃপায় তিনিও শক্তিসম্পন্ন হইয়া থাকেন।' এখন বুঝিয়া দেখুন—মন্ত্রের কি অর্থই প্রচলিত ছিল, আর কি অর্থই নিষ্কর্ষ হইল!

এইরূপে দ্বিতীয় চরণের প্রচলিত অর্থের এবং আমাদিগের পরিগৃহীত অর্থের পার্থক্য অনুধাবন করিয়া দেখুন। ভগবান্ যে সকলের দর্শয়িতা, তিনি যে প্রদর্শক, 'ঋষ্বঃ' পদে সেই অর্থ প্রাপ্ত হই। 'শিপ্রী' পদে তাঁহার যে নাসিকা আছে—প্রচলিত ব্যাখ্যাদিতে তাহাই প্রখ্যাপিত দেখি। * কিন্তু ঐ পদের বিষয় আমরা বহুত্র আলোচনা করিয়া বুঝিয়াছি,—ঐ পদে তিনি যে জ্যোতির্ম্ময়, তাহাই দ্যোতনা করে। জ্যোতির বিকাশে—আলোকের প্রকাশে, যেমন আপনাকেও দেখিতে পাওয়া যায়, তেমনই পারিপার্শ্বিক সকলই দৃষ্টিগোচর হয়। 'ঋষ্বঃ শিপ্রী' পদদ্বয়ে ভগবানের সেই বিভূতির বিষয়ই ব্যক্ত হইয়াছে। তার পর, 'হরিবান্' পদ। ঐ পদের প্রচলিত অর্থ—তিনি হরিনামক অশ্বযুক্ত।

* 'শিপ্র' 'সুশিপ্র' 'সিপ্রীণিনাং' প্রভৃতি পদের বিষয় প্রথম অধ্যায়ে নবম সূক্তের তৃতীয় ঋকে, দ্বিতীয় অধ্যায়ে ঊনত্রিংশ সূক্তের দ্বিতীয় ঋকে এবং ত্রিংশ সূক্তের একাদশ ঋকে আলোচনা করা গিয়াছে। এ পক্ষে সে সকল স্থলও অনুধাবনীয়।

কিন্তু আমরা পূর্ব্বাপর বুঝাইয়া আসিয়াছি,—জ্ঞানভক্তির সহিত ভগবান্ যে সম্বন্ধযুত হইয়া আছেন, 'হরিবান্' পদে তাহাই দ্যোতনা করিতেছে। 'উপাকয়োঃ' পদে 'সমীপবর্ত্তীর অর্থাৎ উপাসকের' অর্থ প্রাপ্ত হই। "হস্তয়োঃ আয়সং বজ্রং নিদধে" বাক্যাংশের ভাব মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই বিশ্লেষিত হইয়াছে। এইরূপে মন্ত্রের দ্বিতীয় চরণে ভগবানের স্বরূপ এবং তিনিই উপাসকগণের শক্তিসঞ্চারের জন্য যে অস্ত্র প্রদান করেন, তাহাই কথিত হইয়াছে। শত্রুদমনে উপাসকগণ যে আয়ুধ প্রাপ্ত হন, তাহা সৎকর্ম্ম বা সত্ত্বভাব। ভগবদনুগ্রহেই তাহা অধিগত হয়। এই তত্ত্বই এই মন্ত্রে পরিব্যক্ত দেখি। (১ম—৮১সূ—৪ঋ)॥

—·—

পঞ্চমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। পঞ্চমী ঋক্।)

আ পপ্রৌ পার্থিবং রজো বদ্বধে রোচনা দিবি।
ন ত্বাবাঁ ইন্দ্র কশ্চন ন জাতো ন
জনিষ্যতেঽতি বিশ্বং ববক্ষিথ॥ ৫॥

· · ·

পদ-বিশ্লেষণং।

আ। পপ্রৌ। পার্থিবং। রজঃ। বদ্বধে। রোচনা। দিবি।
ন। ত্বাঽবান্। ইন্দ্র। কঃ। চন। ন। জাতঃ। ন।
জনিষ্যতে। অতি। বিশ্বং। ববক্ষিথ॥ ৫॥

· · ·

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পার্থিবং' (ইহলোকং) তথা 'রজঃ' (অন্তরিক্ষলোকং) 'আ পপ্রৌ' (স্বমহিম্না ভগবন্ সর্ব্বতোভাবেন পূরয়তি, রক্ষয়তি ইতি ভাবঃ); সঃ 'দিবি' (দ্যুলোকে, স্বর্গে) 'রোচনা' (দীপ্তানি, জ্ঞানালোকান্) 'বদ্বধে' (ববন্ধ, স্থাপিতবান্, স্থাপয়িত্বা রক্ষতি ইতি ভাবঃ); সর্ব্বেষাং লোকানাং সর্ব্ববিধঃ অভাবঃ দ্যুলোকস্থিতেন শুদ্ধসত্ত্বেন ভগবতা পূর্ণঃ ভবতি—ইতি ভাবঃ; 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেবঃ) 'ত্বাবান্' (ভবৎসদৃশঃ, ত্বৎসমকক্ষঃ) 'কশ্চন' (দ্বিতীয়ঃ কোঽপি) 'ন' (বিশ্বে ন বিদ্যতে); 'ন জাতঃ' (কোঽপি ন উৎপন্নঃ অস্তি); 'ন জনিষ্যতে' (কোঽপি উৎপৎস্যমানঃ ন ভবতি); ভগবৎসদৃশঃ কোঽপি ন ভূতঃ কোঽপি ন অস্তি কোঽপি ন ভবিষ্যতি—ইতি ভাবঃ; হে ভগবন্! ত্বং 'অতি' (অতিশয়েন, সর্ব্বতোভাবেন) 'বিশ্বং' (সর্ব্বং জগৎ) 'ববক্ষিথ' (বোঢ়ুং ইচ্ছসি, রক্ষসি ইত্যর্থঃ)। হে ভগবন্! ভবদীয়া সা রক্ষাপ্রবৃত্তি অস্মান্ রক্ষতু—ইত্যেবং প্রার্থনা ইতি ভাবঃ॥ (১ম—৮১সূ—৫ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

ইহলোককে এবং অন্তরিক্ষলোককে ভগবান্ আপনার মহিমার দ্বারা সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন; তিনিই দ্যুলোকে (স্বর্গলোকে) জ্ঞানালোকসমূহকে স্থাপিত করিয়াছেন; (ভাব এই যে,—সকল লোকসমূহের সর্ব্ববিধ অভাব দ্যুলোকস্থিত শুদ্ধসত্ত্বের দ্বারা ভগবান্ কর্তৃক পূর্ণ হইতেছে)। হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার সমান (আপনার সমকক্ষ) দ্বিতীয় কেহই বিশ্বে বিদ্যমান্ নাই; কেহ উৎপন্নও হয় নাই, কেহ উৎপন্ন হইবেও না; (ভাব এই যে,—ভগবৎসদৃশ কেহই হয় নাই, কেহই নাই, কেহই হইবে না)। হে ভগবন্! আপনি সর্ব্বতোভাবে সকল জগৎকে রক্ষা করেন। (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আপনার সেই রক্ষা প্রবৃত্তি আমাদিগকে রক্ষা করুক।)॥ (১ম—৮১সূ—৫ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

ইন্দ্রঃ স্বতেজসা পার্থিবং পৃথিব্যাঃ সম্বন্ধি বস্তুজাতং রজোঽন্তরিক্ষলোকং চাপপ্রৌ। আপূরয়তি। তথা দিবি দ্যুলোকে রোচনা রোচমানানি দীপ্তানি নক্ষত্রাণি বদ্বধে। ববন্ধ।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

ইন্দ্র আপনার তেজের দ্বারা 'পার্থিবং' পৃথিবীর সম্বন্ধীয় বস্তুজাতকে 'রজঃ' এবং অন্তরিক্ষ-লোককে 'আপপ্রৌ' সম্পূর্ণরূপে পূরিত করেন; এবং 'দিবি' দ্যুলোকে 'রোচনা'

স্থাপিতবান্। অতো হে ইন্দ্র ত্বাবান্ ত্বৎসদৃশঃ কশ্চন ন জাতো নোৎপন্নোঽস্তি। ন চ জনিষ্যতে। উৎপৎস্যমানোঽপি নাস্তি। তাদৃশস্ত্বং বিশ্বং সর্ব্বং রক্ষিতব্যং জগদতি ববক্ষিথ। অতিশয়েন বোঢ়ুমিচ্ছসি। সর্ব্বস্য জগতো নির্ব্বাহকো ভবসীত্যর্থঃ॥

পপ্রৌ। প্রা পূরণে। লিট্যাত ঔণলঃ। পা০ ৭।১।৩৪। ইত্যৌকারাদেশঃ। পার্থিবং। পৃথিব্যা ঞাঞাবিত্যঞ্ প্রত্যয়ঃ। ঞিত্বাদাদ্যুদাত্তত্বং। রজঃ। রজন্ত্যস্মিন্ গন্ধর্ব্বাদয় ইতি রজোঽন্তরিক্ষং। রঞ্জ রাগে। অসুনিরঞ্জকরজনরজঃ সুপসংখ্যানমিতি ন-লোপঃ। ববধে। বধ বন্ধনে। লিটি ব্যত্যয়েন হলাদিশেষাভাবঃ। একহল্মধ্যগতত্বাভাবাদেত্বাভ্যাস-লোপাবপিনস্তঃ। পাদাদিত্বান্নিঘাতাভাবঃ। ত্বাবান্। বতুপ্ প্রকরণে যুষ্মদস্মদ্ভ্যাং ছন্দসি সাদৃশ্য উপসংখ্যানমিতি বতুপ্। আ সর্ব্বনাম্ন ইত্যাত্বং। ববক্ষিথ। বহ প্রাপণে। অস্মাদিচ্ছায়াং সন্যত ইতীত্বস্য সর্ব্বেবিধয়শ্ছন্দসি বিকল্প্যন্ত ইত্যভাবঃ। সন্নন্তাল্লিট্যামন্ত্র ইতি নিষেধাদাম্ প্রত্যয়াভাবঃ॥ (১ম—৮১সূ—৫ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে প্রথমো বর্গঃ॥ ১।৬।১॥

• • •

রোচমান্ দীপ্ত নক্ষত্রসমূহকে 'ববধে' বন্ধন করিয়াছিলেন—স্থাপন করিয়াছিলেন; অতএব, হে 'ইন্দ্র'! 'ত্বাবান্' আপনার সদৃশ 'কশ্চন ন জাতঃ' কেহ উৎপন্ন হয় নাই; 'ন জনিষ্যতে' এবং কেহ উৎপৎস্যমান (উৎপন্ন হইবারও) নাই; তাদৃশ আপনি 'বিশ্বং' সকল রক্ষিতব্য জগৎকে 'অতি ববক্ষিথ' অতিশয়-রূপে বহন করিতে ইচ্ছা করেন; আপনি সকল জগতের নির্ব্বাহক হয়েন—ইহাই ভাবার্থ।

পপ্রৌ। প্রা ধাতু পূরণার্থক। লিটে 'আত ঔণলঃ' ইত্যাদি সূত্রে (পা০ ৭।১।৩৪) ঔকার আদেশ। পার্থিবং। 'পৃথিব্যা ঞাঞৌ' ইত্যাদি সূত্রে অঞ্ প্রত্যয়। ঞিত্ব-হেতু আদ্যুদাত্তত্ব। রজঃ। ইহাতে গন্ধর্ব্বগণ রজন অর্থাৎ গতাগতি করে—এই অর্থে রজঃ পদে অন্তরিক্ষ বুঝায়। রঞ্জ ধাতু রাগার্থক। 'অসুনিরঞ্জকরজনরজস্সুপসংখ্যানং' ইত্যাদি নিয়মে ন-লোপ। ববধে। বধ ধাতু বন্ধনার্থক। লিটে ব্যত্যয়ের দ্বারা হলাদি-শেষের অভাব। একহল্মধ্যগতত্বের অভাব-হেতু অভ্যাসের লোপ হয় নাই। পাদাদিত্ব-হেতু নিঘাতের অভাব। ত্বাবান্। বতুপ প্রকরণে 'যুষ্মদস্মদ্ভ্যাং ছন্দসি সাদৃশ্য উপসংখ্যানং' ইত্যাদি সূত্রে বতুপ্। 'আ সর্ব্বনাম্নঃ' ইত্যাদি সূত্রে আত্ব। ববক্ষিথ। বহ ধাতু প্রাপণার্থক। তাহাতে 'ইচ্ছা' ইত্যাদি সূত্রে সন্। তাহাতে 'সন্যত' ইত্যাদি সূত্রে ইত্ব। তাহার পর সকল বিধিতে 'ছন্দসি বিকল্পন্তে' ইত্যাদি নিয়মে ইত্বের অভাব। সন্নন্ত-হেতু লিটে 'অমন্ত্রে' ইত্যাদি সূত্রে প্রতিষেধে আম্-প্রত্যয়ের অভাব॥ (১ম-৮১সূ—৫ঋ)॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের প্রথম বর্গ সমাপ্ত॥ ১।৬।১॥

• • •

পঞ্চম (৮৮৫) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রটী ভগবানের মাহাত্ম্য-প্রখ্যাপক। দ্যুলোক অন্তরিক্ষলোক এবং এই পৃথ্বীলোক—এই তিন লোককে তিনি কি ভাবে রক্ষা করিতেছেন, মন্ত্রের প্রথম চরণে তাহাই প্রখ্যাত দেখি। দ্যুলোক-সম্বন্ধে বলা হইয়াছে,—"দিবি রোচনা বদ্বধে।" রোচনাকে, দীপ্তিকে অর্থাৎ জ্ঞানালোককে, তিনি যে স্বর্গে প্রতিষ্ঠিত রাখিয়াছেন (বাঁধিয়া রাখিয়াছেন);—ঐ অংশের ইহাই ভাবার্থ। উহার তাৎপর্য্য এই যে, শুদ্ধসত্ত্বের নিলয় স্বর্গে সাধুগণের মধ্যে ভগবান্ জ্ঞানজ্যোতিকে সম্পূর্ণ-রূপে প্রতিষ্ঠিত রাখিয়াছেন। কিন্তু তাই বলিয়া তিনি যে পৃথ্বীলোককে এবং অন্তরিক্ষলোককে অপূর্ণ রাখিতেছেন—বঞ্চিত করিতেছেন, তাহাও নহে। সকলেই যাহাতে পূর্ণতা প্রাপ্ত হয়, তৎপ্রতি তাঁহার একান্ত লক্ষ্য আছে। কর্ম্মফলভোগের মধ্য দিয়া সকলেই শ্রেষ্ঠপদে উন্নীত হয়, ইহাই তাঁহার ব্যবস্থা। "পার্থিবং রজঃ আ পপ্রৌ" বাক্যাংশে, ভগবান্ যে সকলের পূর্ণতা-সাধনে প্রযত্নপর রহিয়াছেন—আমরা যে হেলায় তাঁহার নির্দ্দেশ লঙ্ঘন করিতেছি তাহাই বুঝা যাইতেছে।

মন্ত্রের দ্বিতীয় চরণটী দুই অংশে বিভক্ত। উহার প্রথম অংশে "ন" হইতে "জনিষ্যতে" প্রভৃতি বাক্যাংশে তাঁহার অদ্বিতীয়ত্ব প্রকাশ পায়। তাঁহার সমকক্ষ কেহ কখনও ছিল না, এখনও নাই এবং ভবিষ্যতেও জন্মিবে না,—এই ভাবই এই অংশে প্রকাশমান। উপসংহারে "অতি বিশ্বং ববক্ষিথ" বাক্যাংশে, তিনি যে সর্ব্বতোভাবে সকল জগতকে রক্ষা করিবার জন্য প্রস্তুত রহিয়াছেন, তাহাই বুঝা যায়। প্রার্থনা-পক্ষে এই অংশের মর্ম্ম এই যে,—'তাঁহার সেই রক্ষা-প্রবৃত্তি আমাদিগকে রক্ষা করুক; সর্ব্বশক্তিমান্ ভগবান্—যিনি দ্যুলোক ভূলোক অন্তরিক্ষ-লোক রক্ষা করিতেছেন, তিনি এই অকৃতী অধম আমাদিগকে রক্ষা করুন—আশ্রয় দিউন।' এইরূপ প্রার্থনাই এই মন্ত্রের অন্তর্নিহিত দেখি। (১ম—৮১সূ—৫ঋ)।

ষষ্ঠী ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। ষষ্ঠী ঋক্।)

যো অর্যো মর্ত্তভোজনং পরাদদাতি দাশুষে।
ইন্দ্রো অস্মভ্যং শিক্ষতু বি ভজা ভূরি তে
বসু ভক্ষীয় তব রাধসঃ ॥ ৬ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

যঃ। অর্যঃ। মর্ত্তঽভোজনং। পরাঽদদাতি। দাশুষে।
ইন্দ্রঃ। অস্মভ্যং। শিক্ষতু। বি। ভজ। ভূরি। তে।
বসু। ভক্ষীয়। তব। রাধসঃ ॥ ৬ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অর্য্যঃ' (লোকানাং পালয়িতা) 'যঃ' (প্রসিদ্ধঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'মর্ত্তভোজনং' (মনুষ্যাণাং সর্ব্বেষাং উপভোগযোগ্যং ধনং, ধর্ম্মার্থকামমোক্ষরূপং চতুর্ব্বর্গং ইত্যর্থঃ) 'পরা' (প্রকৃষ্টরূপেণ, যদ্বা—শ্রেষ্ঠাংশং) 'দাশুষে' (উপাসকায়) 'দদাতি' (প্রযচ্ছতি), স ইন্দ্রঃ 'অস্মভ্যং' (অস্মৎসদৃশেভ্যঃ ক্ষুদ্রেভ্যঃ উপাসকেভ্যঃ) 'শিক্ষতু' (সুশিক্ষাদানং করোতু, সৎকর্ম্মসমাধানায় উদ্বুদ্ধং করোতু ইত্যর্থঃ) ; হে ইন্দ্র ! 'তে' (তব) 'বসু' (ধনং) 'ভূরি' (প্রভূতং বহুবিধং চ) অস্তি ইতি শেষঃ ; তৎ 'বিভজ' (অস্মদর্থং বিভক্তং কুরু) ; তথা 'তব' (ভবদীয়স্য অধিকারভূতস্য) 'রাধসঃ' (পরমার্থরূপস্য ধনস্য একাংশং) 'ভক্ষীয়' (ভজেয়, প্রাপ্নুয়াং)। প্রার্থনায়া ভাবঃ—হে ভগবন্! তব করুণায়াঃ বিন্দুমাত্রমপি মাং প্রতি বর্ষিতং ভবতু ; তেনৈব অহং তরিষ্যামি। (১ম—৮১সূ - ৬ঋ)।

• • •

বঙ্গানুবাদ।

লোকসমূহের পালক প্রসিদ্ধ যে ভগবান্ ইন্দ্রদেব, মনুষ্যগণের সকলের উপভোগযোগ্য ধনকে (ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ চতুর্ব্বর্গকে) প্রকৃষ্টরূপে অথবা তাহার শ্রেষ্ঠাংশকে উপাসকের জন্য প্রদান করেন, সেই ইন্দ্র আমাদিগকে (অর্থাৎ আমাদিগের ন্যায় ক্ষুদ্র উপাসকগণকে) সুশিক্ষা দান করুন অর্থাৎ সৎকর্ম্ম-সমাধানে উদ্বুদ্ধ করুন। হে ইন্দ্র! আপনার ধন প্রভূত ও বহুবিধ আছে; তাহা আমাদিগের জন্য বিভক্ত করুন; এবং আপনার অধিকারভুক্ত পরমার্থ-রূপ ধনের একাংশ আমি যেন প্রাপ্ত হই। (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আপনার করুণার বিন্দুমাত্র আমার প্রতি বর্ষিত হউক; তদ্দ্বারাই আমি তরিয়া যাইব।)॥ (১ম—৮১সূ—৬ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

অর্য্যঃ স্বামী পালয়িতা য ইন্দ্রো মর্ত্তভোজনং সর্ব্বৈর্মনুষ্যৈরুপভোজ্যমন্নং দাশুষে চরুপুরোডাশাদীনি দত্তবতে যজমানায়। পরাদদাতি প্রযচ্ছতি। স ইন্দ্রোঽস্মভ্যং শিক্ষতু। তাদৃশমন্নং দদাতু। অবশিষ্টপাদদ্বয়ং প্রত্যক্ষকৃতং। হে ইন্দ্র অস্মভ্যং দাতুং ধনং বিভজ। বিভক্তং কুরু। যতস্তে তব বসু ধনং ভূরি বহুলমসংখ্যাতং। অতস্তব রাধসো ধনস্যৈকদেশং ভক্ষীয়। ভজেয়। প্রাপ্নুয়াং॥

পরাদদাতি। অভ্যস্তানামাদিরিত্যাদ্যুদাত্তত্বং। তিঙি চোদাত্তবতীতি গতেরনুদাত্তত্বং। দাশুষে। দাশৃ দানে। দাশ্বান্ সাহ্বানিতি কসুপ্রত্যয়ান্তো নিপাত্যতে। চতুর্থ্যেকবচনে বসোঃ সম্প্রসারণমিতি সম্প্রসারণং। শাসিবসিঘসীনাং চেতি ষত্বং। ভক্ষীয়। ভজ সেবায়াং।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'অর্য্যঃ' স্বামী পালয়িতা 'যঃ' যে 'ইন্দ্রঃ' ইন্দ্র 'মর্ত্তভোজনং' সকল মনুষ্যের দ্বারা উপভোজ্য অন্নকে দাশুষে চরুপুরোডাশাদিদানকারী যজমানকে 'পরাদদাতি' প্রদান করেন; সেই ইন্দ্র 'অস্মভ্যং' আমাদিগকে 'শিক্ষতু' তাদৃশ অন্নকে দান করুন। অবশিষ্ট পাদদ্বয় প্রত্যক্ষকৃত। হে ইন্দ্র! আমাদিগকে দিবার জন্য ধনকে 'বিভজ' বিভক্ত করুন; যেহেতু 'তে' আপনার 'বসু' ধন 'ভূরি' বহুল অসংখ্য; অতএব 'তব' আপনার 'রাধসঃ' ধনের একদেশকে 'ভক্ষীয়' যেন ভজনা করিতে পারি—প্রাপ্ত হইতে পারি।

পরাদদাতি। 'অভ্যস্তানামাদিঃ' ইত্যাদি সূত্রে আদ্যুদাত্তত্ব। 'তিঙি চোদাত্তবতি' ইত্যাদি সূত্রে গতির অনুদাত্তত্ব। দাশুষে। দাশৃ ধাতু দানার্থক। 'দাশ্বান্ সাহ্বান' ইত্যাদি সূত্রে কসু-প্রত্যয়ান্ত নিপাতনসিদ্ধ; চতুর্থীর একবচনে 'বসোঃ সম্প্রসারণং' ইত্যাদি সূত্রে সম্প্রসারণ। 'শাসিবসিঘসিনাং চ' ইত্যাদি সূত্রে ষত্ব। ভক্ষীয়। ভজ ধাতু সেবার্থক।

প্রার্থনায়াং লিঙি তস্য ছন্দস্যুভয়থেত্যার্দ্ধধাতুকত্বাচ্ছবভাবঃ। সলোপাভাবশ্চ। একাচ ইতি ইট্ প্রতিষেধঃ। আগমানুদাত্তত্বে প্রত্যয়স্বর এব শিষ্যতে। পূর্ব্বপদস্যাসমানবাক্যগতত্বান্নিঘাতাভাবঃ। সমানবাক্যে নিঘাত যুস্মদস্মদাদেশাবক্তব্যা ইতি বচনাৎ ॥ (১ম—৮১সূ—৬ঋ) ॥

• • •

ষষ্ঠ (৮৮৬) ঋকের বিশদার্থ।

——§ঃ• • •ঃ§——

এই মন্ত্রের অর্থ-নিষ্কাশন-বিষয়ে আমাদিগের ব্যাখ্যা প্রায়ই ভাষ্যাদির অনুসারী আছে। তবে উহার ভাব একটু পরিস্ফুট করার পক্ষে আমরা চেষ্টা পাইয়াছি মাত্র।

মূলে 'মর্ত্তভোজনং' পদ আছে। উহা হইতে মনুষ্যগণের যাহা ভোজ্য অর্থাৎ অন্ন অর্থ গ্রহণ করা হইয়াছে। আমরা বলি, ধর্ম্মার্থ-কামমোক্ষ রূপ চতুর্ব্বর্গের ভাব ঐ পদের অন্তর্নিহিত রহিয়াছে। মর্ত্তজনের ভোজ্য বলিতে কেবলমাত্র যে অন্নটীকে বুঝায়, তাহা নহে। ভাষ্যকারও 'মর্ত্তভোজন' পদের প্রতিবাক্যে 'সর্ব্বৈর্ম্মনুষ্যৈরুপভোজ্যং' পদ গ্রহণ করিয়াছেন। সকল মনুষ্যের যাহা উপভোগ-যোগ্য, তাহা কি শুধুই ঐ অন্ন (ভাত ডাল প্রভৃতি)? তোমার আমার উপভোগের সামগ্রী সামান্য অন্ন হইতে পারে; কিন্তু যাঁহারা সাধনার উচ্চস্তরে উন্নীত হইয়াছেন, যোগাবলম্বনে যোগিধ্যেয় ধনকে হৃদয়ে ধারণ করিতে পারিয়াছেন, এ অন্ন তাঁহাদিগের নিকট অতি তুচ্ছ। সকল মনুষ্যের উপভোজ্য বলিতে, অতএব এই অন্নমাত্রকে বুঝায় না। আমরা তাই 'মর্ত্তভোজনং' পদের প্রতিবাক্যে 'মনুষ্যাণাং সর্ব্বেষাং উপভোগযোগ্যং ধনং' অর্থাৎ 'ধর্ম্মার্থকামমোক্ষরূপং চতুর্ব্বর্গং' প্রভৃতি পদ গ্রহণ করিয়াছি। এ পক্ষে 'পনাদদাতি' পদটীও বিশেষভাবে লক্ষ্য করিবার আছে। কেবল মাত্র 'দদাতি' বলায় যে ভাব যে অর্থ গ্রহণ করিতে পারিতাম,

---

প্রার্থনাতে লিঙ্। তাহার 'ছন্দস্যুভয়থা' ইত্যাদি সূত্রে আর্দ্ধধাতুকত্ব-হেতু শবভাব। সকার লোপরে অভাব। 'একাচঃ' ইত্যাদি সূত্রে ইটের প্রতিষেধ। আগমানুদাত্তত্বে প্রত্যয়-স্বরই অবশিষ্ট আছে। পূর্ব্বপদে অসমান-বাক্যগতত্ব-হেতু নিঘাতের অভাব। সমান-বাক্যে নিঘাত; 'যুস্মদস্মদাদেশাবক্তব্যাঃ' ইত্যাদি বচন-হেতু। (১ম—৮১সূ—৬ঋ।)

• • •

'পরা' পদের সংযোগে তাহাতে অন্য অর্থ অন্য ভাব আসিয়া থাকে। প্রকৃষ্টরূপে দান করেন অথবা সেই ধনের শ্রেষ্ঠ অংশ দান করেন,—এই ভাবই ঐখানে প্রাপ্ত হই। 'দাশুষে' পদ সে ভাব পরিগ্রহণের প্রধান সহায়। হবির্দ্দানকারী যে উপাসক, ভগবান্ তাহাকে কি ধন দান করেন? কেবল কি অন্ন? আমরা বলি—তাহা নহে—'মর্ত্তভোজনং পরা'। অর্থাৎ উপভোগযোগ্য সামগ্রীর শ্রেষ্ঠাংশ; অথবা, ধর্ম্মার্থকাম-মোক্ষরূপ চতুর্ব্বর্গকে প্রকৃষ্টরূপেই প্রদান করিয়া থাকেন। এক 'দদাতি' পদের প্রতিবাক্যই 'প্রযচ্ছতি' হইতে পারে। সে অর্থে উহার সহিত 'পরা' পদ সংযোজনার কোনই আবশ্যক দেখি না। পরন্তু ঐ 'পরা'-পদের সংযোগে ভাবান্তর লক্ষ্য করা যায়। এইরূপ 'শিক্ষতু' পদে 'ধনদান করুন' অপেক্ষা 'সুশিক্ষাদান করুন' অর্থই সঙ্গত হয়। এইরূপে মন্ত্রের প্রথম চরণে প্রার্থনার ভাব প্রাপ্ত হই,—'লোকপালক যে ভগবান্ ইন্দ্রদেব সকল মনুষ্যের উপভোগযোগ্য ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ চতুর্ব্বর্গের শ্রেষ্ঠ অংশ তাঁহার উপাসককে প্রদান করেন, সেই ভগবান্ ইন্দ্রদেব আমাদিগের ন্যায় ক্ষুদ্র উপাসকগণকে সুশিক্ষা দান করুন—সৎকর্ম্ম-সাধনায় উদ্বুদ্ধ করুন।'

মন্ত্রের দ্বিতীয় চরণে তিনটী অংশ আছে। যে জন যেরূপ ধনের আকাঙ্ক্ষা করে, তাঁহার নিকট সেইরূপ ধনই 'ভূরি' অর্থাৎ প্রভূত ও বহুবিধ আছে। "তে বসু ভূরি" পদত্রয়ে সেই ভাবই পরিব্যক্ত। সেই ধনকে আমাদিগের কর্ম্মানুসারে আপনি বিভাগ করিয়া দিউন; 'বিভজ' পদে সেই ভাব প্রকাশ পাইতেছে। উপসংহারে প্রার্থনা আছে,—"তব রাধসঃ ভক্ষীয়"; অর্থাৎ,—'হে ভগবন্! আপনার অধিকারে পরমার্থ-রূপ যে ধন আছে, তাহার একাংশ আমি যেন প্রাপ্ত হই।'

'হে ভগবন্! আপনার ধন অনেক আছে; আমাদিগকে তাহা ভাগ করিয়া দিউন; আমি যেন আপনার ধনের একাংশ প্রাপ্ত হই।' এই সকল প্রার্থনার অভ্যন্তরে একটী নিগূঢ় লক্ষ্য আছে। বুঝা যাইতেছে—প্রার্থী এখানে যে-সে ধন চাহিতেছেন না। যে ধনের সহিত ভগবানের সম্বন্ধ আছে, তাহাই তাঁহার প্রার্থনা। ভগবৎসম্বন্ধযুত ধনের একাংশের অধিকারী হইতে পারিলেই সূত্র অধিগত হয়। সূত্র অবলম্বন করিতে

পারিলেই তাঁহার নিকট মানুষ পৌঁছিতে পারে। এইরূপে, ভগবানের নিকট উপস্থিত হইবার সম্বন্ধ-সূত্র অবলম্বন করাই এখানকার আকাঙ্ক্ষা বলিয়া বুঝিতে পারি। (১ম—৮১সূ—৬ঋ)॥

—•—

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

চাতুর্ব্বিংশকেঽহনি মাধ্যন্দিনসবনে ব্রাহ্মণাচ্ছংসিনো মদেমদে হি নো দদিরিতি বৈকল্পিকোঽনুরূপস্তৃচঃ। হোত্রকাণামিতি খণ্ডে সূত্রিতং। মদেমদে হি নো দদিঃ স্বরূপকৃত্নুমূতয়ে। আ০ ৭।৪। ইতি॥

সপ্তমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। সপ্তমী ঋক্।)

মদেমদে হি নো দদির্যূথা গবামৃজুক্রতুঃ।

সংগৃভায় পুরূশতোভয়াহস্ত্যা বসু শিশীহি

রায় আ ভর॥ ৭॥

পদ-বিশ্লেষণং।

মদেঽমদে। হি। নঃ। দদিঃ। যূথা। গবাং। ঋজুঽক্রতুঃ।

সং। গৃভায়। পুরু। শতা। উভয়াহস্ত্যা। বসু। শিশীহি।

রায়ঃ। আ। ভর॥ ৭॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

চাতুর্ব্বিংশকে দিবসে মাধ্যন্দিনযাগে ব্রাহ্মণাচ্ছংসিন ঋত্বিগ-গণ 'মদেমদে হি নো দদিঃ' ইত্যাদি বৈকল্পিক অনুরূপ তৃচ (উচ্চারণ করেন)। 'হোত্রকাণাং' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে,—'মদেমদে হি নো দদিঃ স্বরূপকৃত্নুমূতয়ে' (আ০ ৭।৪) ইতি।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মদেমদে' (অস্মাকং শুদ্ধসত্ত্বভাবেন সৎকর্ম্মণা বা হর্ষযুতে সতি) 'ঋজুক্রতুঃ' (সরলকর্ম্মা, অস্মান্ সৎপথি নিয়ন্তা পরিচালনকারী বা স ভগবান্) 'হি' (নিশ্চিতং) 'নঃ' (অস্মান্, অস্মভ্যং) 'গবাং যূথা' (জ্ঞানকিরণানি, অবিচ্ছিন্নানি শ্রেণিবদ্ধরূপেণাবস্থিতানি বা জ্ঞানানি) 'দদিঃ' (দাতা ভবতি, দদাতি ইত্যর্থঃ); সৎকর্ম্মপরায়ণান্ উপাসকান্ ভগবান্ অবিচ্ছিন্নং জ্ঞানধনং দদাতি ইতি ভাবঃ; হে ভগবন্! স ত্বং 'পুরু' (প্রভূতানি) 'শতা' (শতসংখ্যাকানি, অপরিমিতানি) 'বসু' (বসুনি, ধনানি, ধর্ম্মার্থকামমোক্ষরূপাণি ধনানি) 'উভয়াহস্ত্যা' (উভাভ্যাং বাহুভ্যাং) 'সংগৃভায়' (অস্মভ্যং প্রদাতুং সম্যক্ গৃহাণ), তথা 'শিশীহি' (অস্মান্ তীক্ষ্ণা কুরু, নিশিতবুদ্ধিযুক্তান্ সুবুদ্ধিসম্পন্নান্ বা কুরু); তথা 'রায়ঃ' (ভবদীয়স্য হস্তয়োঃ স্থিতানি ধনানি) 'আ ভর' (অস্মান্ সর্ব্বতোভাবেন প্রযচ্ছ)। প্রার্থনায়া ভাবঃ—হে ভগবন! অস্মান্ সদ্বুদ্ধিসম্পন্নান্ সৎকর্ম্মপরায়ণান্ কৃত্বা আত্মনঃ হস্তস্থিতং পরমং ধনং অস্মভ্যং প্রযচ্ছ। (১ম—৮১সূ—৭ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

আমাদিগের শুদ্ধসত্ত্বভাবের দ্বারা (সৎকর্ম্মের দ্বারা) হর্ষযুক্ত হইয়া, আমাদিগকে সৎপথে পরিচালনকারী সেই ভগবান্, নিশ্চয়ই আমাদিগকে জ্ঞানকিরণ-সমূহের দাতা হয়েন—অবিচ্ছিন্ন জ্ঞান আমাদিগকে প্রদান করেন; (ভাব এই যে,—সৎকর্ম্মপরায়ণ উপাসকগণকে ভগবান্ অবিচ্ছিন্ন জ্ঞান-ধন প্রদান করেন)। হে ভগবন্! সেই আপনি প্রভূত অপরিমিত ধন-সমূহকে (ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ ধনকে) আপনার উভয় হস্তে আমাদিগকে প্রদানের জন্য সম্যগ্-রূপে গ্রহণ করুন এবং আমাদিগকে তীক্ষ্ণবুদ্ধিযুত সুবুদ্ধিসম্পন্ন করুন, আর আপনার হস্তদ্বয়ে স্থিত ধন-সমূহকে আমাদিগকে সর্ব্বতোভাবে প্রদান করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আমাদিগকে সদ্বুদ্ধিসম্পন্ন সৎকর্ম্মপরায়ণ করিয়া আপনার হস্তস্থিত পরমধন আমাদিগকে প্রদান করুন।)॥ (১ম—৮১সূ—৭ঋ) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

মদেমদে সোমপানেন হর্ষে হর্ষে সতি ঋজুক্রতুর্ঋজুকর্ম্মা স ইন্দ্রো নোঽস্মভ্যং গবাং যূথা যূথানি দদির্হি। গোযূথানাং দাতা খলু। হে ইন্দ্র! স ত্বং পুরু পুরূণি প্রভূতানি শতা শত-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'মদেমদে' সোমপানে হর্ষ হইলে 'ঋজুক্রতুঃ' ঋজুকর্ম্মা সেই ইন্দ্র 'নঃ' আমাদিগকে 'গবাং যূথা' (যূথানি) 'দদিঃ হি' গোযূথসমূহের দাতা নিশ্চিত (হয়েন)। হে ইন্দ্র!

সংখ্যাকানি। অপরিমিতানীত্যর্থঃ। বসু বসূনি ধনান্যুভয়াহস্ত্যোভাভ্যাং হস্তাভ্যাং সংগৃভায়। অস্মভ্যং দাতুং সম্যক্ গৃহাণ। শিশীহি। অস্মাংস্তীক্ষ্ণী কুরু। নিশিতবুদ্ধিযুক্তান্ কুর্ব্বিত্যর্থঃ। রায়ো ধনানি হস্তয়োঃ স্থিতান্যাভর। আহর প্রযচ্ছ॥

দদিঃ। ডুদাঞ্ দানে। আদৃগমহনজন ইতি কিপ্রত্যয়ঃ। যুথা। শেশ্ছন্দসি বহুলমিতি শের্লোপঃ। গবাং। সাবেকাচ ইতি প্রাপ্তস্য নগোশ্বন্‌ৎসাববর্ণেতি প্রতিষেধঃ। গৃভায়। গ্রহ উপাদানে। লোটি হৌ। ছন্দসি শায়জপীতি শ্না-প্রত্যয়স্য শায়জাদেশঃ। হৃগ্রহোর্ভ ইতি ভত্বং। উভয়াহস্ত্যা। উভয়হস্তশব্দাদুত্তরস্য তৃতীয়া দ্বিবচনস্য সুপাং সুলুগিতি ড্যাদেশঃ। অন্যেষামপি দৃশ্যত ইতি পূর্ব্বপদস্য দীর্ঘত্বং। সমাসান্তোদাত্তত্ব উদাত্তনিবৃত্তিস্বরেণ বিভক্তেরুদাত্তত্বং। বসু। সুপাং সুলুগিতি বিভক্তের্লুক্। শিশীহি। শো তনুকরণে। বহুলং ছন্দসীতি বিকরণস্য শ্লুঃ। আদে চ ইত্যাত্বং। ইদিত্যনুবৃত্তৌ বহুলং ছন্দসীত্যভ্যাসস্যেত্বং। ঈহল্যঘোরিতি ধাতোরীত্বং। পাদাদিত্বান্নিঘাতাভাবঃ। রায়ঃ। ঊড়িদমিতি বিভক্তেরুদাত্তত্বং॥ (১ম—৮১সূ—৭ঋ)।

সপ্তম (৮৮৭) ঋকের বিশদার্থ।

—§ঃ০○০ঃ§—

তিনটী পদের অর্থ নিষ্কাশন উপলক্ষে এই মন্ত্র সম্পূর্ণ বিপরীত ভাব প্রকাশ করিতেছে। মন্ত্রে একটী পদ আছে—'মদেমদে'। তাহা হইতে অর্থ গ্রহণ করা হইয়া থাকে,—'সোমরস-রূপ মাদক-দ্রব্য পানে

সেই আপনি 'পুরু' (পুরূণি) প্রভৃত 'শতা' শতসংখ্যক অর্থাৎ অপরিমিত 'বসু' ধনসমূহকে 'উভয়াহস্ত্যা' উভয় হস্তের দ্বারা 'সংগৃভায়' আমাদিগকে দিবার জন্য সম্যগ্-রূপে গ্রহণ করুন, 'শিশীহি' আমাদিগকে তীক্ষ্ণ করুন অর্থাৎ নিশিতবুদ্ধিযুক্ত করুন; 'রায়ঃ' হস্তেস্থিত ধনসমূহকে 'আভর' আহরণ করুন—প্রদান করুন;

দদিঃ। ডুদাঞ্ ধাতু দানার্থক। 'আদৃগমহনজনঃ' ইত্যাদি সূত্রে কিপ্রত্যয়। যুথা। 'শেশ্ছন্দসি বহুলং' ইত্যাদি সূত্রে শির লোপ। গবাং। 'সাবেকাচঃ' ইত্যাদি সূত্রে প্রাপ্তির 'নগোশ্বন্‌ৎসাববর্ণা' ইত্যাদি সূত্রে প্রতিষেধ। গৃভায়। গ্রহ ধাতু উপাদানার্থক। লোটে হৌ। 'ছন্দসি শায়জপি' ইত্যাদি সূত্রে শ্না-প্রত্যয়ের স্থলে শায়জাদেশ। 'হৃগ্রহোর্ভঃ' ইত্যাদি সূত্রে ভত্ব। উভয়াহস্ত্যা। উভয়হস্ত-শব্দ-হেতু তাহার উত্তর তৃতীয়ার দ্বিবচনে 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে ড্যাদেশ। 'অন্যেষামপি দৃশ্যতে' ইত্যাদি সূত্রে পূর্ব্বপদের দীর্ঘত্ব। সমাসান্তোদাত্তত্বে উদাত্তনিবৃত্তি-স্বরের দ্বারা বিভক্তির উদাত্তত্ব। বসু। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে বিভক্তির লোপ। শিশীহি। শো-ধাতু তনুকরণ অর্থবোধক। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের স্থানে শ্লুঃ। 'আদে চঃ' ইত্যাদি সূত্রে আত্ব। ইদিত্যনুবৃত্তিতে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে অভ্যাসের এত্ব। 'ঈহল্যঘোঃ' ইত্যাদি সূত্রে ধাতুর ঈত্ব। পাদাদিত্ব-হেতু নিঘাতের অভাব। রায়ঃ। 'ঊড়িদং' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। (১ম-৮১সূ—৭ঋ)।

মত্ত হইয়া।' মদ্যপানে মদ্যপের যে মত্ততা, এখানে সেই ভাব প্রকাশ পায়। এইরূপ 'যূথা' ও 'গবাং' পদ উপলক্ষে গোযূথ (গরুর পাল) অর্থ আসিয়া থাকে। এতদনুসারে মন্ত্রের প্রথম চরণের ভাব দাঁড়াইয়া গিয়াছে,—'মদ্যপানে বিভোর হইলে সরলমনা ইন্দ্রদেব আমাদিগকে গোযূথ প্রদান করেন; অর্থাৎ, কোনও প্রকারে তাঁহাকে সোমরস মাদক-দ্রব্য পান করাইতে পারিলেই হইল! তিনি অমনি গোরু-দান করিয়া থাকেন।'

কিন্তু এই প্রথম চরণের অর্থ, আমরা মনে করি, সম্পূর্ণ অন্য ভাবাপন্ন। 'মদেমদে' পদে, 'তাঁহার আনন্দ-জনক কর্ম্মের দ্বারা অর্থাৎ আমাদিগের অনুষ্ঠিত সৎকর্ম্মের দ্বারা—আমাদিগের হৃদয়ে সঞ্চিত শুদ্ধ-সত্ত্বের দ্বারা—তিনি আনন্দিত হইলে' ইত্যাদি-রূপ ভাব প্রাপ্ত হওয়া যায়। 'ঋজুক্রতুঃ' পদে তিনি যে সরলকর্ম্মা, তিনি যে আমাদিগকে সৎপথে পরিচালনকারী, তাহাই বুঝিতে পারি। মন্ত্রের দ্বিতীয় চরণের অন্তর্গত 'শিশীহি' পদ এই পক্ষে প্রধান উপাদান বলিয়া মনে করি। আমাদিগকে নিশিত-বুদ্ধিযুক্ত করিয়া তিনি আমাদিগকে সৎপথে পরিচালিত করেন,—এই জন্যই তিনি 'ঋজুক্রতুঃ'; তিনি মনুষ্যগণকে সরল করিয়া আনেন, মনের মলামাটি বক্রভাব তাঁহার দ্বারা দূরীভূত হয়, তাই তিনি 'ঋজুক্রতুঃ'। এখন অবশিষ্ট রহিল—'গবাং যূথা। সহসা ঐ দুই পদে এক যোড়া গোরুর কথাই মনে আসে বটে! কিন্তু গো-শব্দমূলক যে পদই বেদে যখনই প্রাপ্ত হইয়াছি, তাহাতেই অন্যর্থ প্রতীত হইয়াছে। অবিচ্ছিন্ন শ্রেণিবদ্ধরূপে অবস্থিত জ্ঞান-কিরণ-নিবহকেই ঐ দুই পদে বুঝাইয়া থাকে। আমরা যখন সৎকর্ম্মে প্রবৃত্ত হই, শুদ্ধসত্ত্বে যখন আমাদিগের হৃদয় পরিপূর্ণ হয়, তখনই ভগবান্ আমাদিগকে সৎপথে পরিচালনা করেন,—'ঋজুক্রতুঃ' হইয়া আমাদিগের মধ্যে অবস্থিতি করেন; আর, তখনই আমাদিগের জ্ঞান অবিচ্ছিন্নভাবে ক্রিয়া করিতে প্রবৃত্ত হয়। তখন আর অজ্ঞানতা আসিয়া আদৌ আমাদিগকে আচ্ছন্ন করিতে পারে না। তখনই আমাদিগের প্রার্থনা করিবার সামর্থ্য আসে,—'হে ভগবন্! আপনার যে অশেষবিধ ধন আছে—আমাদিগকে প্রদানের জন্য, আপনি তাহা আপনার উভয় হস্তে গ্রহণ করুন; এবং আমাদিগকে সুবুদ্ধিসম্পন্ন

ক্ষরিয়া—আপনার শাণিত অস্ত্রের দ্বারা আমাদিগকে তীক্ষ্ণ ও সরল করিয়া লইয়া—সেই ধন আমাদিগকে প্রদান করুন।' এইরূপে বুঝিতে পারি, মন্ত্রের প্রথমাংশ ভগবানের স্বরূপশক্তি-প্রকাশক; শেষাংশে (দ্বিতীয় চরণে) সেই শক্তির প্রয়োগে প্রার্থনাকারীকে কৃতার্থ করার কামনা প্রকাশ পাইয়াছে। (১ম—৮১সূ—৭ঋ)॥

—•—

অষ্টমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। অষ্টমী ঋক্।)

মাদয়স্ব সুতে সচা শবসে শূর রাধসে।

বিদ্মা হি ত্বা পুরূবসুমুপ

কামান্ৎসসৃজ্মহেঽথা নোঽবিতা ভব॥ ৮॥

• • •

পদ-বিশ্লেষণং।

মাদয়স্ব। সুতে। সচা। শবসে। শূর। রাধসে।

বিদ্ম। হি। ত্বা। পুরুঽবসুং। উপ।

কামান্। সসৃজ্মহে। অথ। নঃ। অবিতা। ভব॥ ৮॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শূর' (হে শৌর্য্যবন্) 'সুতে' (শুদ্ধসত্ত্বসমন্বিতে অস্মাকং হৃদয়ে—আগত্য ইতি যাবৎ) 'শবসে' (শক্তিপ্রদানায়, সৎকর্ম্মসাধনসামর্থ্যসঞ্চারায়) তথা 'রাধসে' (পরমধনপ্রদানায়) 'সচা' (অস্মাকং সখা সন্) 'মাদয়স্ব' (তৃপ্তঃ ভব, যদ্বা—অস্মান্ তব আনন্দপ্রদে কর্ম্মণি

নিয়োজিতান্ কুরু ইত্যর্থঃ); যস্মিন্ কর্ম্মণি ভগবতঃ তৃপ্তিঃ ভবতি বয়ং যেন তস্মিন্ কর্ম্মণি নিয়োজিতাঃ ভবাম, যতঃ তৎ কর্ম্মএব অস্মাকং শক্তিপ্রদং মোক্ষপ্রদায়কং চ—ইতি ভাব; হে ভগবন্! 'ত্বা' (ত্বাং) 'পুরূবসুং' (বহুধনং, অশেষধনাধিকারিণং) 'আ' (সর্ব্বতোভাবেন) 'হি' (নিশ্চিতং) 'বিদ্ম' (জানীমঃ); অতঃ 'কামান্' (অস্মাকং সর্ব্বাঃ বৃত্তীঃ, সর্ব্ববিধাঃ কামনাঃ) 'উপ' (ভবৎসমীপে) 'সসৃজ্মহে' (উৎসর্জ্জয়াম, সমর্পয়াম); 'অথ' (অনন্তরং) ত্বং 'নঃ' (অস্মাকং) 'অবিতা' (রক্ষিতা) 'ভব' (এধি)। মন্ত্রস্য দ্বিতীয়ে চরণে যুগপৎ সঙ্কল্পপ্রার্থনা পরিব্যক্তা; ভগবতি আত্মসমর্পণাকাঙ্ক্ষা তথা তেন রক্ষাপ্রাপ্তেরাশা অত্র প্রকাশমানা। (১ম—৮১সূ—৮ঋ)।

. . .

বঙ্গানুবাদ।

হে শৌর্য্যবন্! শুদ্ধসত্ত্বসমন্বিত আমাদিগের হৃদয়ে আগমন-পূর্ব্বক শক্তিপ্রদানের নিমিত্ত (সৎকর্ম্মসাধন-সামর্থ্য সঞ্চারের নিমিত্ত) এবং পরম ধন প্রদানের জন্য, আমাদিগের সখা হইয়া আপনার আনন্দপ্রদ কর্ম্মে আমাদিগকে নিয়োজিত করুন; (ভাব এই যে,—যে কর্ম্মে ভগবানের তৃপ্তি হয়, আমরা যেন সেই কর্ম্মে নিয়োজিত হই; যেহেতু, সেই কর্ম্মই আমাদিগের শক্তিপ্রদ ও মোক্ষপ্রদায়ক)। হে ভগবন্! আপনাকে অশেষ ধনাধিকারী বলিয়া নিশ্চিত জানি; অতএব, আমাদিগের সকল বৃত্তিকে—সর্ব্ববিধ কামনাকে আপনার সমীপে সমর্পণ করিতেছি; অনন্তর আপনি আমাদিগের রক্ষক হউন! (মন্ত্রের দ্বিতীয় চরণে যুগপৎ সঙ্কল্প-প্রার্থনা পরিব্যক্ত আছে; ভগবানে আত্মসমর্পণাকাঙ্ক্ষা এবং তদ্দ্বারা রক্ষাপ্রাপ্তির আশা এখানে প্রকাশমান।)॥ (১ম—৮১সূ—৮ঋ)॥

. . .

সায়ণ-ভাষ্যং।

হে শূর শৌর্য্যবন্নিন্দ্র সুতে সোমেঽভিষুতে সত্যাগত্য সচাস্মাকং সখা সন্ মাদয়স্ব। তেন সোমেন তৃপ্তো ভব। কিমর্থং। শবসে বলার্থং রাধসেঽস্মাকং ধনার্থং চ। ত্বা ত্বাং পুরূবসুং বহুধনং বিদ্ম হি। বয়ং জানীমঃ খলু। অতোঽস্মদীয়ান্ কামান্ মাত্রা গবা

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'শূর' (শৌর্যবন্ ইন্দ্র! 'সুতে' সোম অভিষুত হইলে আসিয়া 'সচা' আমাদিগের সখা হইয়া 'মাদয়স্ব' সেই সোমের দ্বারা তৃপ্ত হও। কি জন্য? 'শবসে' বলার্থক; 'রাধসে' এবং আমাদিগের ধনার্থ। 'ত্বা' আপনাকে 'পুরূবসুং' বহুধন 'বিদ্ম হি' আমরা নিশ্চয় জানি;

বৎসানিব ত্বয়োপসংসৃজামহে হি। ত্বয়া খল্বেকীকুর্ম্মঃ। অথানন্তরং নোঽস্মাকমবিতাভিলষিত-ফলপ্রদানেন রক্ষিতা ভব॥

মাদয়স্ব। মদ তৃপ্তিযোগে। চুরাদিরাত্মনেপদী। অদুপদেশাল্লসার্ব্বধাতুকানুদাত্তত্বে ণিচ এব স্বরঃ শিষ্যতে। সংসৃজামহে। সৃজ বিসর্গে। বহুলং ছন্দসীতি বিকরণস্য শ্নুঃ। প্রত্যয়াদ্যুদাত্তত্বং। অত্রাপিশব্দানুষঙ্গাচ্ছন্দস্যনেকমপি সাকাঙ্ক্ষং। পা০ ৮।১।৩৫। ইতি নিঘাতপ্রতিষেধঃ॥ (১ম – ৮১সূ – ৮ঋ)॥

• • •

অষ্টম (৮৮৮) ঋকের বিশদার্থ।

——§ঃ• • •ঃ§——

এই মন্ত্রের অন্তর্গত 'সুতে' ও 'মাদয়স্ব' পদদ্বয় উপলক্ষে মন্ত্রার্থ বিকৃত ভাবাপন্ন হইয়া আছে। মন্ত্রের ভাব দাঁড়াইয়া গিয়াছে,—'হে শৌর্য্যবন্ বীর ইন্দ্র! সোমরস-রূপ মাদক-দ্রব্য প্রস্তুত হইলে, আপনি তৃপ্ত হয়েন; সখার ন্যায় আমাদিগের মধ্যে আসিয়া আমাদিগকে শক্তি ও ধন দান করেন।' ফলতঃ, ইন্দ্র একটি মদ্যপ যে, মাদক-দ্রব্য প্রস্তুতের আয়োজন হইলেই তিনি আসিয়া উপস্থিত হয়েন, এবং সেই মাদক-দ্রব্যের প্রস্তুতকারীকে অর্থাদি প্রদান করেন। এই মন্ত্রের এই প্রকার অর্থই এখন প্রচলিত আছে।

আমাদিগের পরিগৃহীত অর্থ কিন্তু সম্পূর্ণ অন্যভাব প্রকাশ করিতেছে। 'সুতে' পদে পূর্ব্বাপরই আমরা বিশুদ্ধ সত্ত্বভাবের প্রতি লক্ষ্য করিয়া আসিয়াছি। হৃদয়ে সত্ত্বভাবের সঞ্চয় হইলে, ভগবান্ আপনি আসিয়া সখার ন্যায় সে হৃদয়ে অধিষ্ঠিত হয়েন। ইহা নিত্য সত্য। এখানে

অতএব আমাদিগের 'কামান্' গাভী ও গো-বৎসের ন্যায় আপন 'উপ সংসৃজামহে' নিশ্চয়ই একীভূত করি (প্রাপ্ত হই); 'অথ' অনন্তর 'নঃ' আমাদিগের 'অবিতা' অভিলাষিত ফল প্রদানের দ্বারা রক্ষিতা 'ভব' হউন।

মাদয়স্ব। মদ ধাতু তৃপ্তিযোগ অর্থ বুঝায়। চুরাদিগণীয় আত্মনেপদী। অদুপদেশ-হেতু লসার্ব্বধাতুকানুদাত্তত্বে ণিচের স্বর অবশিষ্ট আছে। সংসৃজামহে। সৃজ ধাতু বিসর্জ্জন অর্থ জ্ঞাপক। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের শ্নুঃ। প্রত্যয়-হেতু আদ্যুদাত্তত্ব। এখানে অপি শব্দ অনুষঙ্গ হেতু। 'ছন্দস্যনেকমপি সাকাঙ্ক্ষং' (পা০ ৮।১।৩৫) ইত্যাদি সূত্রে নিঘাতের প্রতিষেধ। (১ম—৮১সূ—৮ঋ)।

• • •

'সুতে' ও 'সচা' পদাদ্বয়ে সেই ভাবই প্রাপ্ত হই। পরন্তু 'সুতে' পদের এখানে ভাব এই যে,—'আমাদিগের হৃদয় শুদ্ধসত্ত্বসমন্বিত হইলে অর্থাৎ আমাদিগের হৃদয়কে শুদ্ধসত্ত্বসমন্বিত করিয়া।' 'মাদয়স্ব' পদে 'তিনি উন্মত্ত হয়েন' অপেক্ষা 'তিনি তৃপ্ত হয়েন'—এই অর্থই সুসঙ্গত হয়। অথবা, 'তাঁহার আনন্দজনক কর্ম্মে তিনি যে আমাদিগকে নিয়োজিত করেন'—এই ভাবেরই সঙ্গতি দেখি। 'শবসে' পদে সামান্যশক্তি বুঝায় না; শবোপম জনের মধ্যে সৎকর্ম্মসাধনসামর্থ্য-প্রদানই ঐ পদের লক্ষ্যস্থল বলিয়া মনে হয়। 'রাধসে' পদে 'পরমধন প্রদানের নিমিত্ত' অর্থ আসে। এই সকল বিষয় বিবেচনা করিয়াই, মন্ত্রের প্রথম চরণে আমরা ভাব গ্রহণ করি,—'ভগবানের তৃপ্তিপ্রদ শুদ্ধসত্ত্বভাবের হৃদয়ে সমাবেশ হইলে, ভগবান্ সখার ন্যায় উপস্থিত হইয়া মানুষকে সৎকর্ম্ম-সাধনসামর্থ্য প্রদান করেন এবং পরিশেষে পরমার্থের অধিকারী করিয়া থাকেন।' মন্ত্রের প্রথম চরণে সেইরূপভাবে ভগবানকে পাইবার প্রার্থনাই প্রকাশ পাইয়াছে। ইহাই আমাদিগের সিদ্ধান্ত।

মন্ত্রের দ্বিতীয় চরণটী তিন অংশে বিভক্ত। উহার প্রথমাংশ—"ত্বা পুরূবসুং বিদ্মা হি।" উহার ভাব—আপনি যে অশেষ অক্ষয় ধনের অধিকারী, তাহা যেন আমরা জানিতে পারি—বুঝিতে পারি। মর্ম্ম এই যে,—'আমরা যেন বিপথে বিভ্রান্ত না হই, আপনাকেই অক্ষয় অনন্ত ধনের অধিকারী জানিয়া আপনারই যেন শরণাপন্ন হই।' দ্বিতীয় অংশ—আত্মোদ্বোধনমূলক; সঙ্কল্প,—'আমরা যেন আমাদিগের সকল কামনাকে আপনাতে উৎসর্গ করিতে পারি—সমর্পণ করিতে সমর্থ হই।' এখানে 'কামান্' পদে সকল মনোবৃত্তিকে—সর্ব্ববিধ কামনাকে বুঝাইয়া থাকে। 'উপ' পদে 'ভগবানের সমীপে' অর্থ প্রাপ্ত হই। 'সসৃজ্মহে' পদে 'উৎসর্গ করি' অর্থ আসে। আমরা যেন আমাদিগের কামনাকে সর্ব্বতোভাবে ভগবানে উৎসর্গ করিতে পারি,—এইরূপ আকাঙ্ক্ষাই ঐ অংশে প্রকাশমান্। উপসংহারে প্রার্থনা প্রকাশ পাইয়াছে,—'সেইরূপ অবস্থায় আমাদিগকে লইয়া গিয়া, হে ভগবন্! আমাদিগকে রক্ষা করুন।' (১ম—৮১সূ—৮ঋ)।

—•—

নবমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। একাশীতিতমং সূক্তং। নবমী ঋক্।)

এতে ত ইন্দ্র জন্তবো বিশ্বং পুষ্যন্তি বার্যং।

অন্তর্হি খ্যো জনানামর্যো বেদো অদাশুষাং

তেষাং নো বেদ আ ভর॥ ৯॥

• • •

পদ-বিশ্লেষণং।

এতে। তে। ইন্দ্র। জন্তবঃ। বিশ্বং। পুষ্যন্তি। বার্যং।

অন্তঃ। হি। খ্যঃ। জনানাং। অর্যঃ। বেদঃ। অদাশুষাং।

তেষাং। নঃ। বেদঃ। আ। ভর॥ ৯॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'তে' (তব সম্বন্ধযুতাঃ) 'এতে' (সৎকর্ম্মপরায়ণাঃ) 'জন্তবঃ' (অজ্ঞানাঃ জনাঃ, বয়ং ইতি ভাবঃ) 'বিশ্বং বার্যং' (তব সম্ভজনীয়ং সর্ব্বপ্রকারং ধনং, ভগবৎকর্ম্ম ইত্যর্থঃ) 'পুষ্যন্তি' (পুষ্ণন্তি, বর্দ্ধয়ন্তি, পোষয়ন্তি, যদ্বা—পোষয়াম); 'অর্যঃ' (সর্ব্বেষাং অধিস্বামী ত্বং) 'অদাশুষাং' (অভক্তানাং) 'অন্তঃ' (মধ্যে বিদ্যমানং) 'বেদঃ' (ধনং—জ্ঞানরূপং) 'হি' (এব, নিশ্চিতং) 'খ্যঃ' (পশ্যসি, জানাসি); 'তেষাং' (অভক্তানাং—মধ্যেঽপি ইতি যাবৎ) 'বেদঃ' (যৎ জ্ঞানধনং অস্তি তদপি) 'নঃ' (অস্মভ্যং) 'আভর' (আহর, প্রযচ্ছ)। অয়ং ভাবার্থঃ—জ্ঞানং দ্বিবিধং—ইহলোকসম্বন্ধিনং পরলোকসম্বন্ধিনং চ; যদ্বা—ভগবৎসম্বন্ধিনং তথা লোকহিতসাধকং আত্মপ্রাধান্যখ্যাপকং বা; অত্র প্রার্থনাকারী এতদুভয়ং জ্ঞানং এব প্রার্থয়তে। (১ম—৮১সূ—৯ঋ)।

• • •

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার সম্বন্ধযুত সৎকর্ম্মপরায়ণ এই যে অজ্ঞান জনগণ (অর্থাৎ আমরা) আপনার সন্তুর্জনীয় সকলপ্রকার ভগবৎকর্ম্ম পোষণ করে (অথবা—যেন পোষণ করি); সকলের অধিস্বামী আপনি, অভক্তগণের মধ্যে বিদ্যমান্ জ্ঞান-রূপ ধনকেও দেখিতে পান—জানিতে পারেন; সেই অভক্তগণের মধ্যেও যে জ্ঞান-ধন আছে, তাহাও আমাদিগকে প্রদান করুন। (ভাবার্থ এই যে,—জ্ঞান দ্বিবিধ; ইহলোক-সম্বন্ধীয় ও পরলোক-সম্বন্ধীয়; অথবা—ভগবৎসম্বন্ধীয় এবং লোকহিতসাধক বা আত্মপ্রাধান্যখ্যাপক; এখানে প্রার্থনাকারী এতদুভয় জ্ঞানকেই প্রার্থনা করিতেছেন।)॥ (১ম—৮১সূ—৯ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র তে তব স্বভূতা এতে জন্তবো যজমানলক্ষণা জনা বিশ্বং সর্ব্বং বার্যং সর্ব্বৈঃ সন্তুজনীয়ং হবিঃ পুষ্যন্তি। বর্দ্ধয়ন্তি। অদাশুষাং হবিষামদাতৄণাং জনানামন্তর্ম্মধ্যে বিদ্যমানং বেদো ধনমর্যঃ সর্ব্বেষাং স্বামী ত্বং খ্যো হি। পশ্যসি হি। জানাসীত্যর্থঃ। তেষামযজমানানাং বেদো ধনং নোঽস্মভ্যমাভর। আহর। প্রযচ্ছেতি যাবৎ। অযজমানেষু বিদ্যমানং ধনং যাগানুপযুক্তত্বাদ্ব্যর্থমেব ভবেৎ। অতস্তস্যধনস্য সার্থকত্বায় তদীয়ং ধনমপহৃত্য যজমানেভ্যঃ প্রযচ্ছেতি তাৎপর্য্যার্থঃ॥

খ্যঃ। খ্যা প্রকথনে। অয়ং দর্শনার্থোঽপি বর্ত্তমানে ছান্দেসো লুঙ্। অস্যতিবক্তী-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'ইন্দ্র' ইন্দ্র! 'তে' আপনার স্বভূত 'এতে জন্তবঃ' এই সকল যজমানলক্ষণ জনগণ 'বিশ্বং' সকল 'বার্যং' সকলের কর্তৃক সন্তুজনীয় হবিকে 'পুষ্যন্তি' বর্দ্ধন করেন; 'অদাশুষাং' হবিঃসমূহের অদাতা জনসমূহের 'অন্তঃ' মধ্যে বিদ্যমান্ 'বেদঃ' ধনকে 'অর্যঃ' সকলের স্বামী আপনি 'খ্যঃ হি' নিশ্চয় দর্শন করেন অর্থাৎ আপনি জানেন; 'তেষাং' সেই যজমানগণের 'বেদঃ' ধনকে 'নঃ' আমদিগকে 'আভর' আহরণ করুন—প্রদান করুন; অযজমান লোক-সমূহে (যাঁহারা যজ্ঞ করেন না তাঁহাদিগের মধ্যে) বিদ্যমান্ ধন যাগের অনুপযুক্ত-হেতু ব্যর্থই হইবে। অতএব, তাহার ধনের সার্থকত্বের নিমিত্ত তাহার ধনকে অপহরণ-পূর্ব্বক যজমানকে প্রদান করুন—ইহাই তাৎপর্য্যার্থ।

খ্যঃ। খ্যা ধাতু প্রকথনার্থক। ইহা দর্শনার্থক হওয়ায় বর্ত্তমান কালে ছান্দসে লুঙ্।

ত্যাদিনা ছেরঙাদেশঃ। আতো লোপ ইটি চেত্যাকারলোপঃ। বহুলং ছন্দস্যমাঙ্‌যোগে-ঽপীত্যড়ভাবঃ। হি চেতি নিঘাতপ্রতিষেধঃ॥ (১ম—৮১সূ—৯ঋ॥

ইতি প্রথমস্য ষষ্ঠে দ্বিতীয়ো বর্গঃ॥ ১৬।২॥

নবম (৮৮৯) ঋকের বিশদার্থ।

ব্যাখ্যা উপলক্ষে মন্ত্রটীকে আমরা তিন অংশে বিভক্ত করিয়াছি। প্রথম চরণটী—এক অংশভূত; দ্বিতীয় চরণটীতে দুই অংশ বিনির্দ্দিষ্ট। প্রথম চরণে একটী সমস্যা-মূলক পদ আছে—'জন্তবঃ'। ভাষ্যে ঐ পদে যজমানলক্ষণ জনসমূহকে লক্ষ্য করা হইয়াছে। সে পক্ষে যাঁহারা ভগবানের পূজাপরায়ণ, তাঁহারাই 'জন্তবঃ' (জন্তু নামের বাচ্য)। এ বড়ই বিসদৃশ অর্থ নহে কি? যাহা হউক, আমরা মনে করি, ঐ পদে প্রার্থনাকারিগণ আপনাদিগকে বিমূঢ় অজ্ঞজন বলিয়া খ্যাপন করিতেছেন; বলিতেছেন—'আমরা অজ্ঞান বিমূঢ় (জন্তবঃ)। যাঁহারা ভগবদ্ভক্ত, তাঁহারা আত্মাভিমানকে অহঙ্কারকে পরিত্যাগ করেন; তাঁহারা 'তৃণাদপি সুনীচ' হইয়া সংসারে বিদ্যমান্ থাকেন। এখানে তাঁহাদিগের সেই নিরহঙ্কার ভাব প্রকাশ পাইতেছে বলিয়াই আমরা সিদ্ধান্ত করি। 'জন্তবঃ' পদ সেই উদ্দেশ্যেই প্রযুক্ত বলিয়া মনে করা যায়। 'এতে' পদে কর্ম্মপরায়ণতার ভাব আসে। তাৎপর্য্যার্থ পাই,—'আমরা কর্ম্মপরায়ণ বটে; কিন্তু অজ্ঞান; তাই প্রার্থনা—আপনার সন্তুজনীয় সকল প্রকার কর্ম্ম অর্থাৎ ভগবৎকর্ম্ম যেন আমরা পোষণ করিতে পারি। ভগবানের কর্ম্মে আমাদিগের আনুরক্তি সঞ্জাত হউক, এই অজ্ঞ অকৃতী অধম আমরা ভগবৎকার্য্যে আত্মনিয়োগ করিতে যেন সমর্থ হই।' এইরূপ আকাঙ্ক্ষাই এই মন্ত্রের প্রথম চরণের অন্তর্নিহিত রহিয়াছে বলিয়া আমরা মনে করি।

দ্বিতীয় চরণের প্রথম অংশের প্রধান লক্ষ্যস্থল—'বেদঃ' পদ।

'অন্ততিবক্তি' ইত্যাদি সূত্রে ছেরঙ্ আদেশ। 'আতোলোপ ইটি চ' ইত্যাদি সূত্রে আকার লোপ। 'বহুলং ছন্দস্যমাঙ্‌যোগেঽপি' ইত্যাদি সূত্রে অটের অভাব। 'হি চ' ইত্যাদি সূত্রে নিঘাতের প্রতিষেধ। (১ম—৮১সূ—৯ঋ)।

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের দ্বিতীয় বর্গ সমাপ্ত॥ ১৬।২॥

ভাষ্যকার ঐ পদে 'ধনং' প্রতিবাক্য গ্রহণ করিয়াছেন। কিন্তু ঐ পদের লক্ষ্য যে সাধারণ ধন (টাকা-কড়ি) নাহে, তাহা বলাই বাহুল্য। জ্ঞান-রূপ ধনই ঐ পদের লক্ষ্যস্থল বলিয়া আমরা নির্দ্দেশ করি। এখানে প্রশ্ন উঠিতে পারে, "অদাশুষাং বেদঃ"—সে আবার কিরূপ পদার্থ? জ্ঞান-রূপ ধন ভগবদ্ভক্ত সাধুজনেরই অধিগত হয়; অসাধু অভক্ত কি প্রকারে জ্ঞানের অধিকারী হইবে।

এই স্থলে, এবম্বিধ প্রশ্নের সমাধানে, জ্ঞানের দ্বিবিধ প্রকার-ভেদ লক্ষ্য করা যায়। ভগবৎসম্বন্ধীয় জ্ঞান একবিধ এবং সংসারে প্রতিষ্ঠালাভ-মুলক জ্ঞান অন্যবিধ। ভারতবর্ষের ঋষিগণ যে জ্ঞানের অধিকারী ছিলেন, তাহা ভগবৎ-সম্বন্ধীয় জ্ঞান—আধ্যাত্মিক বা আধিদৈবিক জ্ঞান। তাঁহাদিগের আধিভৌতিক জ্ঞান—ঐ দুয়েরই অন্তর্ভুক্ত ছিল। কিন্তু পাশ্চাত্য যে জ্ঞানে অধুনা গরীয়ান্—স্পর্দ্ধামান্, সে জ্ঞান—অন্য প্রকার। তাহাকে আধিভৌতিক জ্ঞান বলিতে পারি। অধ্যাত্মিক জগতের সহিত তাঁহাদিগের সম্বন্ধ অল্পই আছে; পরন্তু জড়জগৎ লইয়াই তাঁহাদিগের মস্তিষ্ক বিলোড়িত হইতেছে। তাঁহাদিগের সে জ্ঞান, লোকহিত-সাধক হইলেও, আত্মপ্রাধান্য খ্যাপক হইলেও, ভগবৎ-সম্বন্ধ-বিরহিত। আধুনিক বিজ্ঞান যে জ্ঞান প্রকাশ করিতেছে, তাহাই 'অদাশুষাং বেদঃ' পদদ্বয়ের লক্ষ্যস্থল বলিয়া আমরা সিদ্ধান্ত করি। আমরা দেখিতে পাইতেছি, প্রার্থনাকারী এখানে দ্বিবিধ ধনেরই প্রার্থনা করিয়াছেন। প্রথমতঃ তিনি (মন্ত্রের প্রথম চরণের মর্ম্মানুসারে) ভগবৎ-কর্ম্মে আত্ম-নিয়োগের কামনা জ্ঞাপন করিয়াছেন; অবশেষে তিনি, ইহলোকে অবস্থান-কালে, ইহলোকের হিতসাধক লৌকিক জ্ঞানের আধুনিক বিজ্ঞানের বিষয়ীভুত জ্ঞানলাভের কামনায় অনুপ্রাণিত হইয়াছেন। ভগবানের সৃষ্টিপ্রবাহ রক্ষা-পক্ষে লৌকিক জ্ঞানেরও আবশ্যকতা আছে। আবার তাঁহাতে আত্মলীন হওয়ার পক্ষে তৎপরায়ণতাও আবশ্যক। অতএব, ইহলোকে থাকিয়া, ইহলোকের হিতসাধক আত্মপ্রতিষ্ঠা-খ্যাপক জ্ঞানলাভ এবং সঙ্গে সঙ্গে ভগবানের কার্য্যে আত্মনিনিয়োগ—এই দুই আকাঙ্ক্ষাই এখানে প্রকাশমান্ রহিয়াছে বলিয়া বুঝিতে পারি। (১ম—৮১সূ—৯ঋ)॥

—— ০ ——

ওঁ

ঋগ্বেদ-সংহিতা।

প্রথম মণ্ডলং। ত্রয়োদশোঽনুবাকঃ। দ্ব্যশীতিতমং সূক্তং। প্রথমোঽষ্টকঃ।
ষষ্ঠোঽধ্যায়ঃ। তৃতীয়ঃ বর্গঃ।

দ্ব্যশীতিতমং সূক্তং।

এই সূক্তে ছয়টী ঋক্ আছে। ইন্দ্রদেবতার উদ্দেশে ঋক্-কয়টী প্রযুক্ত। তাহার মধ্যে পাঁচটী ঋক পংক্তি-ছন্দে গ্রথিত; এবং সেই ঋক্-পঞ্চকের ধ্রুবা—'যোজান্বিন্দ্র তে হরী'। শেষ-ঋকটী জগতী-ছন্দে গ্রথিত এবং এক অপরূপ ভাব-প্রকাশক।

এই সূক্তের ছয়টী ঋকের প্রচলিত অর্থ আলোচনা করিলে দেবতা ইন্দ্রকে সামান্য এক জন মনুষ্য ভিন্ন অন্য কিছুই মনে করা যায় না। তিনি রথে অশ্ব যোজনা ক'রন—প্রথম পাঁচটী ঋকের প্রচলিত অর্থে সেই ভাব পরিব্যক্ত। তাঁহার পত্নী আছে; আর তিনি পত্নীর সহিত সোমরস-রূপ মাদক-দ্রব্য পান করেন;—পঞ্চম ও ষষ্ঠ ঋকের প্রচলিত অর্থে এইরূপ ভাব প্রকাশমান্। তাঁহার অশ্বদ্বয় কি প্রকার কেশর-বিশিষ্ট, তিনি রথা-রোহণে কিরূপে অপরের ধন অপহরণ করেন এবং সেই ধন আপনার উপাসকগণকে প্রদান করিয়া থাকেন;—এবম্বিধ বিবিধ মনুষ্যোচিত তাঁহার ক্রিয়াকলাপ এই সকল মন্ত্রের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে।

পদ-বিন্যাস বৈচিত্র্যময়। যিনি যে দৃষ্টিতে লক্ষ্য করিবেন তাঁহার পক্ষে সেই ভাবই প্রকাশ পাইবে। আমরা যে দৃষ্টিতে মন্ত্রার্থ-নিষ্কাশন-পক্ষে প্রয়াস পাইতেছি, আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা-মুখেই তাহা ব্যক্ত হইবে। সূচনায় অধিক আলোচনা নিষ্প্রয়োজন মাত্র।

দ্ব্যশীতিতম সূক্তানুক্রমণিকা।

উপো ষ্বিতি ষড়্চং নবমং সূক্তং গোতমস্যার্ষমৈন্দ্রং। অন্ত্যা জগতী। আদ্যাঃ পংক্তয়ঃ। অনুক্রান্তং চ। উপো ষু ষড়্ জগত্যন্তমিতি। সূক্তবিনিয়োগো লৈঙ্গিকঃ। ষোড়শিশস্ত্রে আদ্যা সুসংদৃশমিত্যাদিকে দ্বে ঋচৌ চ বিনিযুজ্যন্তে। অথ ষোড়শীতি খণ্ডে সূত্রিতং। উপো ষু শৃণুহী গিরঃ সুসংদৃশং ত্বা বয়ং মঘবন্নিত্যেকা দ্বে চ পংক্তী। আ০ ৬।২। ইতি॥

প্রথমমণ্ডলে ত্রয়োদশানুবাকে দ্ব্যশীতিতমসূক্তে প্রথমা ঋক্। গোতম ঋষিঃ। ইন্দ্রো দেবতা। বিনিয়োগঃ লৈঙ্গিকঃ।

প্রথমা ঋক্।

(প্রথমং মণ্ডলং। দ্ব্যশীতিতমং সূক্তং। প্রথমা ঋক্।)

উপো ষু শৃণুহী গিরো মঘবন্মাতথা ইব।
যদা নঃ সূনৃতাবতঃ কর আদর্থয়াস
ইদ্যোজান্বিন্দ্র তে হরী॥ ১॥

পদ-বিশ্লেষণং।

উপো ইতি। সু। শৃণুহি। গিরঃ। মঘবন্। মা। অতথাঃইব।
যদা। নঃ। সূনৃতাবত। করঃ। আৎ। অর্থয়াসে।
ইৎ। যোজ। নু। ইন্দ্র। তে। হরী ইতি॥ ১॥

দ্ব্যশীতিতম সূক্তানুক্রমণিকার বঙ্গানুবাদ।

'উপো ষু' ইত্যাদি ছয়টী ঋক্‌বিশিষ্ট নবম সূক্ত (ত্রয়োদশ অনুবাকের)। গোতম ঋষি। ইন্দ্র দেবতা। শেষ ঋক্‌টী জগতীছন্দোবিশিষ্ট; প্রথম কয়েকটী ঋক্ পংক্তিছন্দে গ্রথিত। এবিষয়ে এইরূপ অনুক্রান্ত আছে,—'উপো ষু ষড়্ জগত্যন্তমিতি।' সূক্তের বিনিয়োগ লৈঙ্গিক। ষোড়শিশস্ত্রে 'আদ্যা সুসংদৃশং' ইত্যাদি উক্তি-হেতু প্রথম দুইটী ঋক্ বিনিযুক্ত হয়। অথ 'ষোড়শীতি খণ্ডে' সূত্রিত আছে—'উপো ষু শৃণুহী গিরঃ সুসংদৃশং ত্বা বয়ং মঘবন্নিত্যেকা দ্বে চ পংক্তী।' আ০ ৬,২। ইতি।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মঘবন্' (পরমৈশ্বর্য্যশালিন হে ভগবন্) 'গিরঃ' (অস্মদীয়াঃ স্তুতীঃ, ইমাঃ প্রার্থনাঃ ইত্যর্থঃ) 'উপো' (সামীপ্যে প্রাপ্তঃ সন্) 'সু' (সম্যগ্-রূপেণ) 'শৃণুহি' (শৃণু, গৃহাণ ইত্যর্থঃ) ; 'মা অতথা ইব' (অতঃ বিপরীতঃ মা ভূঃ, বিরূপঃ ন ভব) ; 'নঃ' (অস্মান্) 'যদা' (যস্মিন্ সময়ে) 'সূনৃতাবতঃ' (প্রিয়সত্যবাক্যযুতান্, ভবতঃ স্তুতিপরায়ণান ইত্যর্থঃ) 'করঃ' (করোষি), 'আৎ' (তদা, তর্হি) 'অর্থযাসে ইৎ' (অস্মাভিঃ প্রযুক্তাঃ স্তুতীঃ স্বীকরোষি—গৃহ্লাসি ইত্যর্থঃ) ; অতঃ 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'তে' (তব) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ বাহকৌ) 'সু' (ক্ষিপ্রং) 'যোজ' (সংযোজয়, প্রতিষ্ঠাপয়—অস্মাকং হৃদয়েষু কর্ম্মসু বা ইতি যাবৎ)। অয়ং ভাবঃ—জ্ঞানভক্তিসমন্বিতয়া স্তুত্যা কর্ম্মণা বা বয়ং যেন ভগবৎসামীপ্যং লভামহে তদ্বিধেহি—ইতি প্রার্থনা ॥ (১ম—৮২সূ—১ঋ) ॥

• • •

বঙ্গানুবাদ।

পরমৈশ্বর্য্যশালিন্ হে ভগবন্! আমাদিগের স্তুতিসমূহ অর্থাৎ এই প্রার্থনাসকল, সমীপে প্রাপ্ত হইয়া, সম্যগ্‌রূপে শ্রবণ করুন—গ্রহণ করুন ; আর বিপরীত বা বিরূপ হইবেন না ; আমাদিগকে যখন প্রিয়সত্য বাক্যযুক্ত অর্থাৎ আপনার স্তুতিপরায়ণ করেন, তখন আমাদিগের দ্বারা প্রযুক্ত স্তুতিসমূহ স্বীকার করেন—গ্রহণ করিয়া থাকেন। অতএব, হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয়কে শীঘ্র আমাদিগের হৃদয়ের মধ্যে বা কর্ম্মসমূহে সংযোজনা করুন। (ভাব এই যে,—জ্ঞানভক্তিসমন্বিত স্তুতির বা কর্ম্মের দ্বারা আমরা যেন আপনার সামীপ্য লাভ করি, তাহার বিধান করুন—এই প্রার্থনা।) ॥ (১ম—৮২সূ—১ঋ)।

• • •

সায়ণ-ভাষ্যং।

হে মঘবন্ ধনবন্নিন্দ্র গিরোঽস্মদীয়া স্তুতীরুপো উপৈব সু শৃণুহি। উপগত্য সম্যক্ শৃণু। অতথা ইব। পূর্ব্বং যথাবিধস্ত্বং তদ্বিপরীতো মা ভূঃ। অস্মাসু পূর্ব্বং যথানুগ্রহবুদ্ধিযুক্তস্তথাবিধ এব ভবেত্যর্থঃ। অপিচ নোঽস্মান্ সূনৃতাবতঃ। প্রিয়সত্যাত্মিকা বাক্ সূনৃতা।

সায়ণ ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'মঘবন্' ধনবন্ ইন্দ্র! 'গিরঃ' আমাদিগের স্তুতিসমূহকে 'উপো' সমীপেই 'সু শৃণুহি' উপগমন করিয়া সম্যক্ শ্রবণ করুন। 'অতথা ইব' পূর্ব্বে আপনি যেরূপ ছিলেন, তাহার বিপরীত হইবেন না ; আমাদিগের প্রতি পূর্ব্বে যেরূপ অনুগ্রহবুদ্ধিযুক্ত ছিলেন, সেইরূপই হউন—ইহাই অর্থ। আরও 'নঃ' আমাদিগকে 'সূনৃতাবতঃ' প্রিয়সত্যাত্মিকা বাক্

তথা স্তুতিরূপয়া বাচা যুক্তান্ যদা করঃ। করোষি। আৎ অনন্তরং ত্বমপ্যর্থয়াস ইৎ। অর্থয়স এব। যাচাস এব। ন তদাসৃসে। অস্মাভিঃ প্রযুক্তাঃ স্তুতীস্ত্বমপি স্বীকরো-ষীত্যর্থঃ। অতো হে ইন্দ্র তে হরী মদীয়াবশ্বৌ নু ক্ষিপ্রং যোজ। রথে যোজয়॥

শৃণুহি। উতশ্চ প্রত্যয়াচ্ছন্দসি বাবচনমিতি বচনাদুতশ্চ প্রত্যয়াদিতি হেলুগভাবঃ। অতথা ইব। তথেবাচরতি তথাতি। সর্ব্বপ্রাতিপদিকেভ্যঃ ইত্যেক ইতি ক্বিপ্। তথা তেরপ্রত্যয়ঃ। ন তথা ইব অতথা ইব। অব্যয়পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। করঃ। ডুকৃঞ্ করণে। লুঙি কৃমৃদৃরুহিভ্যশ্ছন্দসীতি চ্লেরঙাদেশঃ। নন্বঙঃ সতি শিষ্টত্বাৎ চিৎস্বরেণা-ন্তোদাত্তেন ভবিতব্যং। ততি লঙি ব্যত্যয়েন শপ্। নন্থ ডুকৃঞ্ করণ ইতি ভূবাদৌ পঠ্যতে। অতো ব্যত্যয়ঃ কস্মাৎ ক্রিয়তে ইতি চেৎ নৈবং। যস্মাদস্য ধাতোস্তত্র পাঠোঽনর্থঃ। তথা হি। কঃ করৎকরতীত্যাদে যদা ভূর্ন্নাদিকানন্তরদত্তো ব্যত্যয়েন শবিতি তস্মাদস্য ধাতো-র্ভূবাদৌ পাঠো নাস্তীতি গম্যতে। কিঞ্চ যদ্যয়ং পঠ্যেত করদিত্যেবমাদিরূপসিদ্ধ্যর্থং কৃমৃদৃরুহিভ্যশ্ছন্দসীতি করোতেরঙ্‌বিধানমনর্থকং স্যাৎ। অস্মাল্লঙি শপস্য রূপসিদ্ধেঃ। লুঙ্‌লঙোরর্থভেদাল্লুঙ্যেতদ্রূপসিদ্ধয়ে কর্ত্তব্যমঙ্‌বিধানমিতি চেৎ ন। ছন্দসি লুঙ্‌লঙ্‌লিট ইতি লুঙাদীনামেকত্র বিধানেনার্থভেদাভাবাদিত্যনেন প্রকারেণাস্মাভিধাতুবৃত্তাবয়ং ধাতুর্নিরাকৃতঃ।

সূনৃতা—সেই স্তুতিরূপ বাক্য দ্বারা যুক্ত 'যদা করঃ' যখন করেন, 'আৎ' অনন্তর আপনিও 'অর্থযাসে ইৎ' (অর্থয়স এব) আকাঙ্ক্ষাকারীই হবেন; ন তদাসৃসে—অর্থাৎ আমাদিগের প্রযুক্ত স্তুতিসমূহ আপনিও স্বীকার করেন; অতএব, হে 'ইন্দ্র' ইন্দ্র! 'তে হরী' আপনার অশ্বদ্বয়কে 'নু' ক্ষিপ্র 'যোজ' রথে যোজনা করুন।

শৃণুহি। 'উতশ্চ' প্রত্যয়-হেতু 'ছন্দসি বাবচনং' ইত্যাদি বচন হেতু 'উতশ্চ প্রত্যয়াৎ' ইত্যাদি নিয়মে 'হি'র লোপের অভাব। অতথা ইব। তথেবাচরতি—এই বাক্যে তথাতি-পদ হয়; 'সর্ব্বপ্রাতিপদিকেভ্যঃ' ইত্যাদি সূত্রে ক্বিপ্, তাহাতে তের-প্রত্যয়। ন তথা ইব—এই বাক্যে 'অতথা ইব' পদ হয়। অব্যয়পূর্ব্বপদে প্রকৃতিস্বরত্ব। করঃ। ডুকৃঞ্ ধাতু করণার্থক। লুঙে 'কৃমৃদৃরুহিভ্যশ্ছন্দসি' ইত্যাদি সূত্রে চ্লের অঙ্ আদেশ। অন্যথায় অঙ্ হওয়ায়, শিষ্টত্ব-হেতু চিৎস্বরের দ্বারা অন্তোদাত্ত হইত; লঙে তাহার ব্যত্যয়ের দ্বারা শপ্। অন্যথায় ডুকৃঞ ধাতু করণার্থক হওয়ায় ভূবাদিগণীয় মধ্যে পঠিত হয়। এইরূপ ব্যত্যয় কাহা হইতে অন্য হইতে পারে না। যাহাতে উহার ধাতুর এইরূপ পাঠ, তাহা অনর্থ হয়। যথা, কঃ করৎ করতি ইত্যাদিতে এখানে ব্যত্যয়ের দ্বারা শব ইত্যাদি সিদ্ধ হয়। সেই হেতু এই ধাতুর ভূবাদিগণীয় পাঠ সঙ্গত নহে, ইহাই স্থির হইয়া থাকে। কিন্তু যদি এইরূপ পাঠ সিদ্ধ হয়, 'করৎ' ইত্যাদি রূপ সিদ্ধির জন্য 'কৃমৃদৃরুহিভ্যশ্ছন্দসি' ইত্যাদি সূত্রে 'করোতি'র স্থলে অঙ্ বিধান অনর্থক হয়। উহাতে লঙে শপের ঐরূপ সিদ্ধি ঘটে। লুঙ্‌লঙের অর্থ-ভেদ-হেতু লুঙে এইরূপ সিদ্ধির জন্য অঙ্ বিধান কর্ত্তব্য। তাহা না হইলে 'ছন্দসি লুঙ্‌লঙ্‌লিটঃ' ইত্যাদি সূত্রে লুঙাদির একত্রবিধানের দ্বারা অর্থ-ভেদে অভাবাদি প্রকারের দ্বারা এইরূপ ধাতুবৃত্তিতে এই

অতো ব্যত্যয়েনেতি সিদ্ধং। অর্থযাসে। অর্থ যাচঞায়াং। চুরাদিরাত্মনেপদী। লেটোঽডাগমঃ। যোজা। যুজির্ যোগে। ণ্যন্তাল্লোটি ছন্দস্যুভয়থেতি শপ আর্দ্ধধাতুকত্বাণ্ণেরনিটীতি ণিলোপঃ। দ্ব্যচোঽতস্তিঙ্ ইতি সংহিতায়াং দীর্ঘত্বং ॥ (১ম—৮১সূ—১ঋ) ॥

প্রথম (৮৯০) ঋকের বিশদার্থ।

মন্ত্রটী সরল প্রার্থনামূলক। কেবল মন্ত্রের অন্তর্গত "যোজান্বিন্দ্র তে হরী" বাক্যাংশ উপলক্ষে সেই হরিনামক অশ্বদ্বয়কে রথে সংযোজনার কল্পনা আসিয়া থাকে। এ বিষয়ে, 'হরী' পদ-সম্বন্ধে, আমাদিগের বক্তব্য পুনঃপুনঃ প্রকাশ করিয়া আসিয়াছি। এখানে সে আলোচনা আর বাহুল্য মাত্র।

ব্যাখ্যা-ব্যপদেশে এই মন্ত্রের দুইটী চরণে চারিটী অংশ আছে বলিয়া আমরা লক্ষ্য করি। প্রথম অংশে ভগবান্ কর্ত্তৃক প্রার্থনা-শ্রবণের জন্য আকাঙ্ক্ষা প্রকাশ পাইয়াছে; বলা হইয়াছে,—'হে ভগবন্! আমাদিগের প্রার্থনা শ্রবণ করুন।' দ্বিতীয় অংশে, "মা অতথা ইব" বাক্যাংশে, 'আপনি আর আমাদিগের প্রতি বিরূপ থাকিবেন না'—এইরূপ ভাব পরিব্যক্ত আছে। এইরূপে প্রথম চরণের দুইটী অংশে প্রকাশ পাইয়াছে,—'হে ভগবন্! চরণে স্থান দিউন,—কৃপাপরায়ণ হইয়া আমাদিগের প্রার্থনা শ্রবণ করুন।'

দ্বিতীয় চরণের প্রথম অংশে "নঃ যদা সূনৃতাবতঃ করঃ আৎ অর্থয়াসে ইৎ" প্রভৃতি পদে ভগবানের এক স্বরূপ-তত্ত্ব প্রকাশ পাইয়াছে। মানুষকে তিনি যখন প্রিয়সত্যবাক্যযুত অর্থাৎ ভগবানের স্তুতিপরায়ণ করেন, তখনই সে স্তুতি বা সে বাক্য তৎকর্ত্তৃক পরিগৃহীত হয়। দেবতাই

ধাতু নিরাকৃত হয়। অতঃপর ব্যত্যয়ের দ্বারা সিদ্ধ। অর্থযাসে। অর্থ ধাতু যাচঞা-বোধক। চুরাদিগণীয় আত্মনেপদী। লেটে অট্ আগম। যোজা। যুজির ধাতু যোগার্থক। ণ্যন্ত-হেতু লোটে 'ছন্দস্যুভয়থা' ইত্যাদি সূত্রে শপ্। তাহার আর্দ্ধধাতুকত্ব-হেতু 'ণেরনিটি' ইত্যাদি সূত্রে ণিলোপ। 'দ্ব্যচোঽতস্তিঙঃ' ইত্যাদি সূত্রে সংহিতাতে দীর্ঘত্ব। (১ম—৮২সূ—১ঋ) ॥

মানুষকে প্রিয়সত্যবাক্য উচ্চারণের—স্তুতিপরায়ণতার শক্তি প্রদান করেন; আর সেই স্তুতিই দেবতার পরিগ্রহণীয় হয়। গঙ্গাজলে যেরূপ গঙ্গাপূজা সমাহিত হইয়া থাকে, দেবভাবসমন্বিত স্তুতি সেইরূপ দেবতার উপাসনায় বিনিযুক্ত হইয়া থাকে। জ্ঞানভক্তির সমাবেশেই সেই স্তুতির বা কর্ম্মের উদ্ভব হয়। তাই উপসংহারে প্রার্থনা জানান হইয়াছে,—"ইন্দ্র তে হরী নু যোজ"; অর্থাৎ,—'হে ভগবন্! আমাদিগের মধ্যে জ্ঞান-ভক্তির সমাবেশ করিয়া দিউন। তাহা হইলেই আপনার প্রকৃত স্তুতি-সম্পাদনে সমর্থ হইব।' জ্ঞানভক্তিসহযুত স্তোত্রকর্ম্মাদি ভগবৎ-প্রাপক—ইহাই ভাবার্থ। (১ম—৮২সূ—১ঋ)।

—•—

দ্বিতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। দ্ব্যশীতিতমং সূক্তং। দ্বিতীয়া ঋক্।)

অক্ষন্নমীমদন্ত হ্যব প্রিয়া অধূষত।

অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী

যোজান্বিন্দ্র তে হরী॥ ২॥

•••

পদ-বিশ্লেষণং।

অক্ষন্। অমীমদন্ত। হি। অব। প্রিয়াঃ। অধূষত।

অস্তোষত। স্বঽভানবঃ। বিপ্রাঃ। নবিষ্ঠয়া। মতী।

যোজ। নু। ইন্দ্র। তে। হরী। ইতি॥ ২॥

•••

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অক্ষন্' (অমৃতং ভক্ষয়ন্, ভগবতি ধ্যানপরায়ণাঃ সন্তঃ ইতি ভাবঃ) 'অমীমদন্ত' (তৃপ্তাশ্চাসন্, তৃপ্তিপ্রাপ্তিপূর্ব্বকং ইতি ভাবঃ) 'প্রিয়াঃ' (ভগবৎপ্রীতিপরায়ণাঃ উপাসকাঃ, যদ্বা—ভগবতঃ প্রিয়াঃ সাধবঃ) 'অধূষত' (অকম্পিতং, অবিচলিতং ইতি ভাবঃ) 'অব' (রক্ষণং, মোক্ষং ইত্যর্থঃ) 'হি' (নিশ্চিতং প্রাপ্নুবন্তি); 'স্বভানবঃ' (আত্মজ্ঞানসম্পন্নাঃ) 'বিপ্রাঃ' (মেধাবিনঃ, জ্ঞানিনঃ, সাধবঃ ইত্যর্থঃ) 'নবিষ্ঠয়া' (নবিতৃতময়া, অভিনবত্ব-সম্পন্নয়া, চিরনবীনয়া) 'মতী' (মত্যা, স্তুত্যা) 'অস্তোষত' (ভগবন্তং স্তুবন্তি, পূজয়ন্তি); অতঃ 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'তে' (তব, তৎকর্ম্মসাধকৌ ইতি যাবৎ) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ বাহকৌ) 'নু' (ক্ষিপ্রং) 'যোজ' (সংযোজয়, প্রতিষ্ঠাপয়—অস্মাকং হৃদি কর্ম্মণি বা)। অয়ং ভাবঃ—জ্ঞানভক্তিসমন্বিতেন কর্ম্মণা ভগবৎপ্রাপ্তিরূপং আনন্দং অধিগম্যতে; অতঃ হে ভগবন্! অস্মাকং কর্ম্মাণি জ্ঞানভক্তিসমন্বিতানি কুরু ইতি প্রার্থনা ॥ (১ম—৮২সূ—২ঋ)॥

বঙ্গানুবাদ।

অমৃত ভক্ষণ করিয়া অর্থাৎ ভগবানের ধ্যানপরায়ণ হইয়া তৃপ্তিপ্রাপ্তি পূর্ব্বক ভগবৎপ্রীতিপরায়ণ উপাসকগণ অথবা ভগবানের প্রিয় সাধকগণ অকম্পিত অবিচলিত রক্ষাকে অর্থাৎ মোক্ষকে নিশ্চয় প্রাপ্ত হয়েন; আত্মজ্ঞানসম্পন্ন মেধাবীগণ অর্থাৎ জ্ঞানী সাধকগণ অভিনবত্বসম্পন্ন চিরনূতন স্তুতির দ্বারা ভগবানকে স্তব করেন—পূজা করেন; অতএব, হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার তৎকর্ম্মসাধক জ্ঞানভক্তিরূপ বাহকদ্বয়কে শীঘ্র আমাদিগের হৃদয়ে বা কর্ম্মে সংযোজনা করুন—প্রতিষ্ঠাপিত রাখুন। (ভাব এই যে,—জ্ঞানভক্তিসমন্বিত কর্ম্মের দ্বারাই ভগবৎপ্রাপ্তি-রূপ আনন্দ অধিগত হয়; অতএব হে ভগবন্! আমাদিগের কর্ম্মসমূহকে জ্ঞানভক্তিসমন্বিত করুন—এই প্রার্থনা।)॥ (১ম—৮২সূ—২ঋ)।

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র ত্বয়া দত্তান্যন্নান্যক্ষন্। যজমানা ভুক্তবন্তঃ। ভুক্ত্বা চামীমদন্ত হি। তৃপ্তাশ্চাসন্। প্রিয়াঃ স্বকীয়াস্তনূরবাধূষত। অকম্পয়ন্। অতিশয়িতরসাস্বাদনেন বক্তুমশক্নুবন্তঃ

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে ইন্দ্র! আপনার দত্ত অন্নসমূহকে 'অক্ষন্' যজমানগণ ভোজন করিয়াছিলেন; এবং ভোজন করিলে 'অমীমদন্ত হি' তৃপ্ত হইয়া 'প্রিয়াঃ' আপনাদিগের দেহসকলকে

শরীরাণ্যকম্পয়ন্। তদনন্তরং স্বভানবঃ স্বায়ত্তদীপ্তয়ো বিপ্রা মেধাবিনস্তে নবিষ্ঠয়া নবিতৃতময়া মতী মত্যা স্তুত্যাস্তোষত। অস্তবন্। অন্যৎ পূর্ব্ববদ্যোজ্যং॥

অক্ষন্। অদের্লুঙি লুঙ্সনোর্ঘস্লৃ। পা০ ২।৪।৩৭। ইতি ঘস্লৃ আদেশঃ। মন্ত্রে ঘসেত্যাদিনা চ্লের্লুক্। গমহনেত্যাদিনোপধালোপঃ। খরিচেতি চর্ত্বং। শাসিবসিঘসীনাং চেতি ষত্বং। অডাগম উদাত্তঃ। অমীমদন্ত। মদ তৃপ্তিযোগে। চুরাদিরাত্মনেপদী। লুঙি চ্লেশ্চঙি ণিলোপোপধাহ্রস্বত্বদ্বির্ভাবসন্বদ্ভাবেত্বদীর্ঘাঃ। অধূষত। ধূঞ্ কম্পনে। লুঙি সিচি ব্যত্যয়েন গুণাভাবঃ। যদ্বা ছন্দস্যুভয়থেতি সিচঃ সার্ব্বধাতুকত্বেন ঙিত্বাৎ। ক্ঙিতি চেতি প্রতিষেধঃ। অথবা ধূ বিধূননে। তৌদাদিকঃ। কুটাদিঃ। অস্মাৎ কর্ম্মণি লুঙি গাঙ্কুটাদিভ্য ইতি সিচো ঙিত্বাদ্গুণাভাবঃ। নবিষ্ঠয়া। ণু স্তুতৌ। করণভূতায়া অপি স্তুতেঃ স্বব্যাপারকর্তৃত্বাত্তৃচ্। তদন্তাৎ তুশ্ছন্দসীতীষ্ঠন প্রত্যয়ঃ। তুরিষ্ঠেমেয়ঃস্বিতিতৃলোপঃ। মতী। সুপাং সুলুগিতি তৃতীয়ায়াঃ পূর্ব্বসবর্ণদীর্ঘত্বং। মন্ত্রে বৃষেষ্পচমনেতি ক্তিন উদাত্তং॥ (১ম · ৮২সূ · ২ঋ)॥

• • •

'অবাধূষত' কম্পিত করিয়াছিলেন; অতিশয় রসাস্বাদনের দ্বারা বাক্য উচ্চারণ করিতে অশক্ত হইয়াছিলেন; দেহসকল কম্পিত হইয়াছিল, তাহার পর 'স্বভানবঃ' আপনাদিগের আয়ত্তাধীন দীপ্তিসম্পন্ন 'বিপ্রাঃ' মেধাবিগণ 'তে' আপনার 'নবিষ্ঠয়া' নবিতৃতমা (অভিনব) 'মতী' মতির দ্বারা, অর্থাৎ স্তুতির দ্বারা 'অস্তোষত' স্তব করিয়াছিলেন। অন্য অংশ পূর্ব্ববৎ যোজনীয়।

অক্ষন্। অদ ধাতু লুঙে 'লুঙ্ সনোর্ঘস্লৃঃ' (পা০ ২।৪।৩৭) ইত্যাদি সূত্রে ঘস্লৃ আদেশ। 'মন্ত্রে ঘস' ইত্যাদি সূত্রে চ্লির লোপ। 'গমহন' ইত্যাদি সূত্রে উপধার লোপ। 'খরি চ' ইত্যাদি সূত্রে চর্ত্ব। 'শাসিবাসঘাসিনাং চ' ইত্যাদি সূত্রে ষত্ব। অটের আগম। উদাত্ত। অমীমদন্ত। মদ ধাতু তৃপ্তি-যোগ অর্থপ্রকাশক। চুরাদিগণীয়। আত্মনেপদী। লুঙে চ্লেশ্চঙে ণিলোপ। উপধার হ্রস্ব। দ্বির্ভাব। সন্বদ্ভাবে ইত্বের দীর্ঘ। অধূষত। ধূঞ্ ধাতু কম্পন বুঝায়। লুঙে সিচের ব্যত্যয়ের দ্বারা গুণের অভাব। অথবা 'ছন্দস্যুভয়থা' ইত্যাদি সূত্রে সিচ। তাহার সার্ব্বধাতুকত্বের দ্বারা ঙিত্ত্ব-হেতু 'ক্ঙিত চ' ইত্যাদি সূত্রে প্রতিষেধ। অথবা ধূ ধাতু বিধূননার্থক। তৌদাদিক। কুটাদি। তাহাতে কর্ম্মণি বাচ্যে লুঙে 'গাঙ্কুটাদিভ্যঃ' ইত্যাদি সূত্রে সিচের ঙিত্ত্ব-হেতু গুণের অভাব। নবিষ্ঠয়া। ণু-ধাতু স্তুতি অর্থক। করণ-ভূত হইয়াও স্তুতির স্বব্যাপারে কর্তৃত্ব হেতু তৃচ্। তাহার পর 'ছন্দসি' ইত্যাদি সূত্রে ইষ্ঠন্-প্রত্যয়। 'তুরিষ্ঠেমেয়ঃসু' ইত্যাদি সূত্রে তৃ-লোপ। মতী। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে তৃতীয়ায় পূর্ব্বসবর্ণের দীর্ঘত্ব। 'মন্ত্রে বৃষেষপচমন' ইত্যাদি সূত্রে ক্তিন্। উদাত্তত্ব। (১ম—৮২সূ—২ঋ)॥

• • •

দ্বিতীয় (৮৯১) ঋকের বিশদার্থ।

—— §:০◯০:§ ——

মন্ত্রটী বড়ই জটিল ভাবাপন্ন। সুতরাং ইহার ভাব-পরিগ্রহে ভাষ্যকারকে, ব্যাখ্যাকারগণকে এবং আমাদিগকেও পদ-বিশেষের ভাব-পরিবর্ত্তন করিতে হইয়াছে। এ পক্ষে কয়েকটী পদের বিশ্লেষণ আবশ্যক বলিয়া মনে করি। প্রথম—'অক্ষন্' পদ। ঐ পদে ভাষ্যকার এবং তদনুবর্ত্তী ব্যাখ্যাকারগণ 'যজমানগণ ইন্দ্রের প্রদত্ত অন্ন ভক্ষণ করিয়া' ইত্যাদি-রূপ অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন। কিন্তু আমরা বলি, এখানকার এই 'অক্ষন্' পদের ভাব—'অমৃত ভক্ষণ করিয়া', অর্থাৎ 'ভগবানে ধ্যানপরায়ণ হইয়া।' দ্বিতীয়—'অমীমদন্ত' পদ। ঐ পদের ভাষ্যানুসারী অর্থ গ্রহণ করিয়াই আমরা উহার প্রতিবাক্যে 'তৃপ্তিপ্রাপ্তি-পূর্ব্বকং' পদ নির্দ্দেশ করিয়াছি। তৃতীয় 'প্রিয়াঃ' পদ। এই পদে ভাষ্যাদিতে 'দেহ' অর্থ পরিগৃহীত হইয়াছে। কিন্তু আমরা ঐ পদের ভাবার্থের কোনরূপ ব্যত্যয়-সাধনে ইচ্ছুক নহি। 'প্রিয়'-শব্দের যে সাধারণ অর্থ, তাহাই এখানে অব্যাহত বলিয়া আমরা মনে করি। ফলতঃ, ঐ পদে 'ভগবানের প্রিয় ভগবৎপ্রীতিসাধক উপাসকগণকে' বুঝাইতেছে—ইহাই আমাদিগের সিদ্ধান্ত। চতুর্থ ও পঞ্চম পদদ্বয় 'অব' ও 'অধূষত'। ঐ দুই পদকে একপদ মধ্যে গণ্য করিয়া 'অবাধূষত' এই ক্রিয়াপদের প্রতিবাক্যে ভাষ্যকার 'অকম্পয়ন্' পদ গ্রহণ করিয়াছেন; অন্যান্য ব্যাখ্যাদিতেও ঐ পদে 'কম্পিত করিয়াছে'—অর্থ আসিয়াছে। আমরা কিন্তু ঐ দুই পদকে স্বতন্ত্র দৃষ্টিতে দর্শন করিতেছি। আমাদিগের মতে 'অধূষত' পদ 'অকম্পিত অবিচলিত' ভাব প্রকাশ করে। 'অব' পদ রক্ষণ-অর্থমূলক। এইরূপে, 'অধূষত অব' পদদ্বয়ে 'অবিচলিত রক্ষা' অর্থাৎ 'মোক্ষ' অর্থ গ্রহণ করা যায়। এতদনুসারে মন্ত্রের প্রথম চরণে পরিগৃহীত আমাদিগের অর্থের মর্ম্ম এই যে,—'যাঁহারা ভগবানে ধ্যান-পরায়ণ হইয়া তৃপ্তিপ্রাপ্তিপূর্ব্বক ভগবানের প্রীতিসাধক কর্ম্মে নিয়োজিত থাকেন, তাঁহারাই ভগবানের প্রিয় হয়েন—তাঁহারাই অবিচলিত রক্ষা (মোক্ষ) প্রাপ্ত হইয়া থাকেন।'

মন্ত্রের দ্বিতীয় চরণের প্রথম অংশের, "স্বভানবঃ বিপ্রাঃ নবিষ্ঠয়া মতী

অস্তোষত" প্রভৃতি পদের, ভাব প্রায় ভাষ্যেরই অনুসারী রাখিয়াছি। তাহাতেই আমাদিগের ভাবও পরিস্ফুট হইয়াছে। ঐ অংশের তাৎপর্য্য এই যে,—'যাঁহারা আত্মজ্ঞানসম্পন্ন মেধাবীপুরুষ অর্থাৎ জ্ঞানী সাধক, তাঁহারা অভিনব চিরনবীন স্তুতির দ্বারা ভগবানের আরাধনা করিয়া থাকেন।' মন্ত্রের শেষাংশের ব্যাখ্যা পূর্ব্বেই প্রথম ঋকের ব্যাখ্যাতেই বিবৃত হইয়াছে। জ্ঞানভক্তিযুত কর্ম্মের দ্বারা সাধুগণ ভগবানের পূজাপরায়ণ হইয়া যে পরমা গতি প্রাপ্ত হন,—এ অংশে এইরূপ ভাবই প্রখ্যাত দেখি।

আমাদিগের পরিগৃহীত অর্থ ঐরূপ ভাব প্রকাশ করিতেছে বটে; কিন্তু প্রচলিত ব্যাখ্যাদিতে সম্পূর্ণ অন্য ভাব প্রকাশমান্। তাহার দুইটী আদর্শ (বাঙ্গালা ও ইংরাজী অনুবাদ) নিম্নে প্রকটিত হইল। যথা,—

(১) "(যজমানগণ তোমার প্রদত্ত অন্ন) ভোজন করিয়া পরিতৃপ্ত হইয়াছে, এবং (অতিশয় রসাস্বাদনে নিজ) প্রিয় (শরীর) কম্পিত করিয়াছে, দীপ্তিমান্ মেধাবিগণ সর্ব্বোৎকৃষ্ট স্তুতির দ্বারা তোমার স্তুতি করিয়াছে, হে ইন্দ্র তোমার অশ্ব শীঘ্র যোজিত কর।"

(2) "Well have they (meaning the worshippers) eaten and rejoiced ; the friends have risen and passed away,

The sages luminous in themselves have praised thee with their latest hymn. Now, Indra, yoke thy two Bay Steeds."

এই ঋকটী শ্রাদ্ধে পিণ্ডদানে ব্যবহৃত হয়। সে পক্ষে উপরি-উদ্ধৃত অর্থদ্বয়ের কি সার্থকতা আছে, আমরা তাহা বুঝিতে পারি না। পক্ষান্তরে, আমরা যে অর্থ যে ভাব গ্রহণ করিয়াছি, তাহা হইতে পিতৃ-পিণ্ড-প্রদান-পক্ষে মন্ত্রার্থের যৌক্তিকতা প্রতিপন্ন হইতে পারে। সে দৃষ্টিতে, আমরা বলি, মন্ত্রের প্রথম চরণটী এবং দ্বিতীয় চরণের প্রথম অংশটী পিতৃগণের স্বর্গীয় অবস্থার কথা দ্যোতনা করিতেছে। মন্ত্রের তাৎপর্য্যার্থ এই যে,—'তাঁহারা (পিতৃগণ) সূক্ষ্মদেহে অমৃত ভক্ষণ করিয়া ভগবানের ধ্যানপরায়ণ হইয়া তৃপ্তিলাভপূর্ব্বক অবিচলিতভাবে অবস্থিত আছেন; আত্মজ্ঞানসম্পন্ন সেই তাঁহাদিগের চিরনূতন স্তুতি ভগবানে নিত্য সমর্পিত হইতেছে, অর্থাৎ তাঁহারা শুদ্ধসত্ত্বাবস্থায় ভগবানের পূজাপরায়ণ

হইয়া (ভগবানে লীন হইয়া) আছেন। আমাদিগের কর্ম্ম—তাঁহাদিগের অনুসারী হউক—তাঁহারা গ্রহণ করুন।' সে পক্ষে এই মন্ত্রের প্রার্থনার মর্ম্ম ঐরূপ বলিয়াই সিদ্ধান্ত করা যায়। (১ম—৮২সূ—২ঋ)।

—— ০ ——

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

মহাপিতৃযজ্ঞে সুসন্দৃশমিত্যেষাহবনীয়োপস্থানে বিনিযুক্তা। সূত্রিতং চ। আহবনীয়ং সুসন্দৃশং ত্বেতি পংক্ত্যা। আ০ ২।১৯। ইতি॥

• • •

তৃতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। দ্ব্যশীতিতমং সূক্তং। তৃতীয়া ঋক্।)

সুসন্দৃশং ত্বা বয়ং মঘবন্বন্দিষীমহি।

প্র নূনং পূর্ণবন্ধুরঃ স্তুতো যাহি বশাঁ।

অনু যোজান্বিন্দ্র তে হরী॥ ৩॥

• • •

পদ-বিশ্লেষণং।

সুऽসন্দৃশং। ত্বা। বয়ং। মঘऽবন্। বন্দিষীমহি।

প্র। নূনং। পূর্ণऽবন্ধুরঃ। স্তুতঃ। যাহি। বশান্।

অনু। যোজ। নু। ইন্দ্র। তে। হরী ইতি॥ ৩॥

• • •

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

মহাপিতৃযজ্ঞে 'সুসন্দৃশং' ইত্যাদি ঋক্ আহবনীয় উপস্থানে বিনিযুক্ত হয়। এ বিষয়ে সূত্রিত আছে—'আহবনীয়ং সুসন্দৃশং ত্বেতি পংক্ত্যা।' (আ০ (২।১৯) ইতি॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মঘবন্' (হে পরমৈশ্বর্য্যশালিন্) 'সুসন্দৃশং' (সর্ব্বান্ প্রতি পরমানুগ্রহপরায়ণং) 'ত্বা' (ত্বাং) 'বয়ং' (অর্চ্চনাকারিণঃ বয়ং) 'বন্দিষীমহি' (স্তবামহি, যেন আরাধয়িতুং শক্নুয়াম); 'স্তুতঃ' (সম্পূজিতঃ ত্বং) 'পূর্ণবন্ধুরঃ (স্তোতৃভ্যঃ দেয়ৈঃ ধনৈঃ যুক্তঃ সন) 'বশান্' (কাময়মানান ইমান্ উপাসকান্) 'অনু' (প্রতি) 'নূনং' (অবশ্যং) 'প্র যাহি' (প্রতিতিষ্ঠস্ব, আগচ্ছ ইত্যর্থঃ); 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'তে' (তব) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ বাহকৌ) 'সু' (ক্ষিপ্রং) 'যোজ' (সংযোজয়, প্রতিষ্ঠাপয়—অস্মাকং হৃদয়েষু কর্ম্মসু বা ইতি যাবৎ)। অয়ং ভাবঃ উপাসকান্ প্রতি ভগবতঃ অশেষা করুণা; বয়ং যেন জ্ঞান-ভক্তিযুতাঃ সন্তঃ ভগবতঃ উপাসনায়াঃ প্রবৃত্তাঃ ভবাম॥ (১ম—৮২সূ—৩ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

হে পরমৈশ্বর্য্যশালিন্! সকলের প্রতি পরমানুগ্রহপরায়ণ আপনাকে অর্চ্চনাকারী আমরা যেন আরাধনা করিতে সমর্থ হই; সম্পূজিত আপনি স্তোতৃগণের জন্য দেয় ধনসমূহে যুক্ত হইয়া কাময়মান এই উপাসকগণের প্রতি অবশ্য আগমন করুন—প্রতিষ্ঠিত হউন। হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার জ্ঞানভক্তিরূপ বাহকদ্বয়কে শীঘ্র আমাদিগের হৃদয়ে বা কর্ম্ম-সমূহে সংযোজন করুন—প্রতিষ্ঠিত রাখুন। (ভাব এই যে,—উপাসক-গণের প্রতি ভগবানের অশেষ করুণা; আমরা যেন জ্ঞানভক্তিযুত হইয়া ভগবানের উপাসনায় প্রবৃত্ত হইতে পারি।)॥ (১ম—৮২সূ—৩ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে মঘবন্নিন্দ্র সুসন্দৃশং সুষ্টু অনুগ্রহদৃষ্ট্যা সর্ব্বস্য দ্রষ্টারং ত্বা ত্বাং বয়ং বন্দিষীমহি। স্তবামহি। স্তুতিকর্ত্তারো ভূয়াস্মেত্যাশাস্যতে। অস্মাভির্ব্বন্দিভিঃ স্তুতস্ত্বং পূর্ণবন্ধুরঃ স্তোতৃভ্যো দেয়ৈর্দ্ধনৈঃ পূরিতেন রথেন যুক্তঃ সন্ বশান্ অনু কাময়মানানন্যান্যজমানান্ প্রতি নূনং প্রযাহি। অবশ্যং প্রতিতিষ্ঠস্ব। যোজেত্যাদি পূর্ব্ববৎ।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'মঘবন্' ইন্দ্র! 'সুসন্দৃশং' সুষ্ঠু অনুগ্রহ-দৃষ্টির দ্বারা সকলের দ্রষ্টা 'ত্বা' আপনাকে 'বয়ং' আমরা 'বন্দিষীমহি' যেন স্তব করি; স্তুতিকর্ত্তা হইতে পারি—এরূপ আশা করিতেছি। বন্দনাকারী আমাদিগের কর্তৃক 'স্তুতঃ' আরাধিত আপনি 'পূর্ণবন্ধুরঃ' স্তোতৃগণের দেয় ধনের দ্বারা পূরিত রথযুক্ত হইয়া 'বশান্ অনু' কাময়মান অন্যান্য যজমানগণের প্রতি 'নূনং প্রযাহি' অবশ্য প্রতিষ্ঠিত হউন; 'যোজ' ইত্যাদি পদের ব্যাখ্যা পূর্ব্ববৎ হইবে।

বন্দিষীমহি। বদি অভিবাদনস্তুত্যোঃ। আশীর্লিঙ্। লিঙাশিষি। পা০ ৩।৪।১১৬ ইতি। তস্যার্দ্ধধাতুকত্বেন লসার্ব্বধাতুকস্বরাভাবে প্রত্যয়াদ্যুদাত্তত্বং। মঘবন্নিত্যস্যামন্ত্রিতং পূর্ব্বমবিদ্যমানবদিত্যবিদ্যমানবত্ত্বে সতি পাদাদিত্বান্নিঘাতাভাবঃ॥ (১ম—৮২সূ—৩ঋ)॥

• • •

তৃতীয় (৮৯২) ঋকের বিশদার্থ।

—§:• • •:§—

এই মন্ত্রের প্রথম চরণের অর্থ-বিষয়ে ভাষ্যাদির সহিত আমাদিগের সম্পূর্ণ ঐকমত্য রহিয়াছে। ঐ অংশে, ভগবানের মহিমার বিষয়—তিনি যে সকলের প্রতি পরম অনুগ্রহপরায়ণ রহিয়াছেন তাহাই—পরিব্যক্ত দেখি; এবং তাঁহার আরাধনা করিতে আমরা যেন সমর্থ হই—বিপথে বিভ্রান্ত না হই, সেই আকাঙ্ক্ষা প্রকাশ পাইয়াছে।

মন্ত্রের দ্বিতীয় চরণের 'পূর্ণবন্ধুরঃ' পদ উপলক্ষে প্রচলিত ব্যাখ্যাদির সহিত আমাদিগের ব্যাখ্যার কিঞ্চিৎ পার্থক্য ঘটিয়াছে। ঐ পদের প্রচলিত অর্থাদির ভাব এই যে,—তিনি যেন অপরের ধন অপহরণ-পূর্ব্বক রথে সংবাহন করিয়া আনেন; আর, 'বশান্' অর্থাৎ সেই ধনের অভিলাষী জনগণকে তাহা প্রদান করেন। কিন্তু আমরা এখানে 'পূর্ণবন্ধুরঃ' পদে একটু অন্য ভাব গ্রহণ করি। স্তোতৃগণকে প্রদানের উপযোগী ধন নানা প্রকার হইতে পারে। সে ধন তাঁহারই চিরন্তন অধিকারে আছে। প্রার্থিগণকে তিনি সেই ধন প্রদান করেন। ধর্ম্মার্থকামমোক্ষ চতুর্ব্বর্গ-রূপ ধন যাঁহার অধিগত; অপরের নিকট হইতে সামান্য ধন অপহরণ-পূর্ব্বক রথে সংবাহন করিয়া আনার তাঁহার কি প্রয়োজন? ফলতঃ, তাঁহার ধনভাণ্ডার সর্ব্ববিধ ধনে পরিপূর্ণ। সেই ধন তিনি প্রার্থিগণকে তাঁহাদিগের অভিলাষানুরূপ প্রদান করিয়া থাকেন। এই ভাবই এখানে পরিব্যক্ত। মানুষ জ্ঞানভক্তি-সহযুত কর্ম্মে প্রবৃত্ত হইলে, তাঁহার নিকট আকাঙ্ক্ষানুরূপ ধন প্রাপ্ত হইয়া থাকে। (১ম—৮২সূ—৩ঋ)।

বন্দিষীমহি। বদি ধাতু অভিবাদন ও স্তুতি অর্থ জ্ঞাপক। আশীর্লিঙ্। 'লিঙাশিষি' ইত্যাদি সূত্রে তাহার আর্দ্ধধাতুকত্বের দ্বারা লসার্ব্বধাতুকস্বরের অভাবে প্রত্যয়-হেতু আদ্যুদাত্তত্ব। মঘবন্ এই পদের 'আমন্ত্রিতং পূর্ব্বমবিদ্যমানবৎ' ইত্যাদি নিয়মে বিদ্যমানবত্ত্ব হওয়ার পাদাদিত্ব-হেতু নিঘাতের অভাব। (১ম—৮২সূ—৩ঋ)।

• • •

চতুর্থী ঋক্।

(প্রথমং মণ্ডলং। দ্ব্যশীতিতমং সূক্তং। চতুর্থী ঋক্।)

স ঘা তং বৃষণং রথমধি তিষ্ঠাতি গোবিদং।
যঃ পাত্রং হারিযোজনং পূর্ণমিন্দ্র চিকেততি
যোজান্বিন্দ্র তে হরী॥ ৪॥

পদ-বিশ্লেষণং।

সঃ। ঘ। তং। বৃষণং। রথং। অধি। তিষ্ঠাতি। গোঽবিদং।
যঃ। পাত্রং। হারিঽযোজনং। পূর্ণং। ইন্দ্র। চিকেততি।
যোজ। নু। ইন্দ্র। তে। হরী ইতি॥ ৪॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সঃ' (লোকানুগ্রাহকঃ ভগবান্) 'ঘ' (নিশ্চিতং) 'বৃষণং' (কামাভিবর্ষকং, অভীষ্টপ্রদং) 'গোবিদং' (প্রজ্ঞানলম্ভয়িতারং, জ্ঞানস্বরূপং ভগবন্তং জ্ঞাপয়িতারং ইত্যর্থঃ) 'তং' (প্রসিদ্ধং, আকাঙ্ক্ষিতব্যং) 'রথং' (হৃদয়রূপং যানং, অস্মাকং কর্ম্মণি ইতি ভাবঃ) 'অধিতিষ্ঠাতি' (অধিতিষ্ঠতি, প্রতিষ্ঠিতঃ ভবতি); অয়ং ভাবঃ—যঃ হৃদয়ঃ সত্ত্বভাবান্বিতঃ তথা যং কর্ম্ম জ্ঞানমূলকং অভীষ্টপূরকংচ তস্মিন হৃদি কর্ম্মণি বা ভগবান্ অধিতিষ্ঠতি; 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'যঃ' (রথঃ, হৃদয়ঃ কর্ম্ম বা) 'হারিযোজনং' (আহবনীয়যুতং) 'পূর্ণং' (অক্ষুণ্ণং, অভাবরহিতং) 'পাত্রং' (স্থানং, আশ্রয়ং) 'চিকেততি' (জ্ঞাপয়তি, বিজানাতি) তস্মিন্ কর্ম্মণি হৃদি বা ত্বং অধিতিষ্ঠসি ইতি শেষঃ; 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'তে' (তব) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ বাহকৌ) 'নু' (ক্ষিপ্রং) 'যোজ'

(সংযোজয়, প্রতিষ্ঠাপয়—অস্মাকং হৃদি কর্ম্মণি বা)। প্রার্থনায়াঃ ভাবঃ—বয়ং যেন জ্ঞানভক্তিসহযুতাঃ সন্তঃ তং অক্ষয়ং আশ্রয়স্থানং ভগবন্তং প্রাপ্নুমঃ। (১ম—৮২সূ—৪ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

লোকানুগ্রাহক সেই ভগবান্ নিশ্চয়ই কামাভিবর্ষক (অভীষ্টপ্রদ) প্রজ্ঞানলব্ধয়িতার অর্থাৎ জ্ঞানস্বরূপ ভগবানের জ্ঞাপয়িতা সেই প্রসিদ্ধ আকাঙ্ক্ষতব্য হৃদয়-রূপ রথে অথবা আমাদিগের কর্ম্মে প্রতিষ্ঠিত থাকেন; (ভাব এই যে,—যে হৃদয় সত্ত্বভাবান্বিত, যে কর্ম্ম জ্ঞানলাভমূলক ও অভীষ্টপূরক, সেই হৃদয়ে বা সেই কর্ম্মে ভগবান্ অবস্থিতি করেন)। হে ভগবন্ ইন্দ্রদেব! যে কর্ম্ম বা যে হৃদয় আহবনীয়যুত অক্ষুণ্ণ আশ্রয়কে জ্ঞাপন করে—জানিতে পারে, সেই কর্ম্মে বা সেই হৃদয়ে আপনি অধিষ্ঠান করিয়া থাকেন। হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয়কে আমাদিগের কর্ম্মে বা হৃদয়ে সংযোজন করুন—প্রতিষ্ঠিত রাখুন; (প্রার্থনার ভাব এই যে,—আমরা যেন জ্ঞানভক্তিসহযুত হইয়া সেই অক্ষয় আশ্রয়স্থান ভগবানকে প্রাপ্ত হই।)। (১ম—৮২সূ—৪ঋ)।

• • •

সায়ণ-ভাষ্যং।

স ঘ স খল্বিন্দ্রো বৃষণং কামাভিবর্ষকং গোবিদং গবাং লম্ভয়িতারং তং রথমধিতিষ্ঠাতি। ঈদৃশে রথেঽধিতিষ্ঠতু। আরূঢো ভবতু। হে ইন্দ্র যো রথো হারিযোজনমেতৎসংজ্ঞকং ধানামিশ্রিতং পূর্ণং সোমেন পূর্ণং পাত্রং চিকেততি জ্ঞাপয়তি তং রথমধিতিষ্ঠেতি পূর্ব্বেণান্বয়ঃ। অধিষ্ঠায় চ ত্বদীয়াবশ্বৌ ক্ষিপ্রং যোজয়।

ঘা। ঋচিতুনুঘেতি দীর্ঘঃ। রথং। অধিশীঙ্স্থাসাং কর্ম্ম। পা০ ১।৪।৪৬। ইত্যধিকরণস্য কর্ম্মসংজ্ঞা। তিষ্ঠাতি। তিষ্ঠতেলেঁট্যাডাগমঃ। চিকেততি। কিত জ্ঞানে। লেট্যাডাগমঃ।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'স ঘ' সেই ইন্দ্র 'বৃষণং' কামাভিবর্ষক 'গোবিদং' গো-সমূহের লম্ভয়িতা (প্রদাতা) 'তং রথং অধিতিষ্ঠাতি' ঈদৃশ রথে অধিষ্ঠান করুন—আরূঢ় হউন। হে 'ইন্দ্র' ইন্দ্র! 'যঃ' রথ 'হারিযোজনং' এতৎসংজ্ঞক ধানামিশ্রিত 'পূর্ণং' সোমের দ্বারা পূর্ণপাত্রকে 'চিকেততি' জ্ঞাপন করেন; সেই রথে অধিষ্ঠান করেন—ইত্যাদি পূর্ব্বের সহিত অন্বয়; এবং অধিষ্ঠান করিয়া আপনার অশ্বদ্বয়কে ক্ষিপ্র যোজনা করুন।

ঘ। 'ঋচিতুনুঘ' ইত্যাদি সূত্রে দীর্ঘ। রথং। 'অধিশীঙ্স্থাসাংকর্ম্ম' (পা০ ১।৪।৪৬) ইত্যাদি সূত্রে অধিকরণের কর্ম্ম-সংজ্ঞা। তিষ্ঠাতি। তিষ্ঠতির স্থলে লেটে আট্ আগম।

জুহোত্যাদিত্যাচ্ছপঃ শ্লুঃ। বহুলং ছন্দসীতি বক্তব্যমিতি বচনান্নাভ্যস্তস্যাচি পিতীতি লঘূপধগুণ প্রতিষেধো ন ভবতি॥ (১ম—৮২সূ—৪ঋ)॥

• • •

চতুর্থ (৮৯৩) ঋকের বিশদার্থ।

——§:• • •:§——

এই ঋকের অন্তর্গত 'রথং' পদটীর মর্ম্ম সর্ব্বতোভাবে অনুধাবনীয়। ঐ পদে যে গবাশ্বাদিবাহিত যানকে বুঝাইতেছে, আমরা তাহা মনে করি না। পরন্তু ঐ পদটীই এই মন্ত্রের মেরুদণ্ডস্থানীয়। ঐ পদ উপলক্ষে মন্ত্রের অর্থ সম্পূর্ণ-রূপ পরিবর্ত্তিত হইয়াছে—লক্ষ্য করিবেন। এ পক্ষে, এই মন্ত্রের প্রচলিত অর্থ এ স্থলে প্রকাশ করা আবশ্যক মনে করি। যথা,—

(১) "যে রথ অভীষ্টবস্তু বর্ষণ করে, ও গাভী প্রদান করে, ও ধান্য-মিশ্রিত পূর্ণপাত্র প্রদান করে, ইন্দ্র! সেই রথে আরোহণ করুন, তোমার অশ্ব শীঘ্র যোজিত কর।"

(2) "He will in very truth ascend the powerful car that finds the kine,

Who thinks upon the well-filled bowl, the Tawny Coursers' harnesser, Now, Indra, yoke thy two Bay Steeds."

এই প্রকার অর্থে, রথে গোরু অপহরণ করিয়া আনা হইত এবং ধন অপহরণ করা হইত—ইত্যাদি ভাব প্রকাশ পায়। কিন্তু সেই যে রথ, সে আবার কামাভিবর্ষক। কি প্রকারে এতদুভয় ভাবের সামঞ্জস্য রক্ষিত হইতে পারে, তাহা আমরা বুঝিয়া পাই না। যাহা হউক, আমরা যে ভাব ও যে অর্থ গ্রহণ করি, তাহারই আলোচনা করা যাইতেছে।

আমরা এখানে—কেবল এখানে কেন—বেদের বিভিন্ন স্থানে 'রথং' পদ যে অর্থে ব্যবহৃত হইতে দেখিয়াছি, তাহাতে ঐ 'রথং' পদে হৃদয়-রূপ যানকে বা কর্ম্ম-রূপ যানকে নির্দ্দেশ করে বলিয়া সিদ্ধান্ত করি।

চিকেতি। কিত ধাতু জ্ঞানার্থক। লেটে অট্ আগম। জুহোত্যাদি-হেতু শপের স্থানে শ্লুঃ। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে 'বক্তব্যং' ইতি বচন-হেতু 'নাভ্যস্তস্যাচি পিতি' ইত্যাদি সূত্রে লঘু উপধার গুণের প্রতিষেধ হয় নাই। (১ম—৮২সূ—৪ঋ)॥

• • •

রথের যে তিনটী বিশেষণ আছে, সেই তিনটী বিশেষণই রথের স্বরূপ প্রকাশ করিতেছে। সে রথ কেমন? না—'বৃষণং'; অর্থাৎ, সমস্ত কামনার পূরণকারী—অভীষ্ট-বর্ষক। যে রথ সকল কামনা পূর্ণ করিতে পারে, তাহা কি গবাশ্বাদিবাহিত সামান্য শকট হইতে পারে? কখনই না। পক্ষান্তরে ঐ 'রথং' পদে কর্ম্ম অথবা হৃদয় অর্থেই সঙ্গতি দেখা যায়। কর্ম্ম বা হৃদয় সদ্ভাব-পরিপূর্ণ হইলে—সত্ত্ব-বিমণ্ডিত হইলে তদ্দ্বারা অভীষ্ট পূর্ণ হয়। এখানে ঐ 'বৃষণং' বিশেষণে সেই কর্ম্মকে বা হৃদয়কে বুঝাইতেছে,—যে কর্ম্মে বা যে হৃদয়ের সাহায্যে মানুষের অভীষ্ট-পূরণ হইয়া থাকে। ভগবানে সন্ন্যস্ত কর্ম্ম (সৎকর্ম্ম) এবং সত্ত্বভাবসমন্বিত হৃদয়ই মানুষের অভীষ্টপূরক হয়—মানুষকে ধর্ম্মার্থকামমোক্ষ চতুর্ব্বর্গ ফল প্রদান করে। এখানে 'রথং' পদে সেই কর্ম্মকেই বা সেই হৃদয়কেই নির্দ্দেশ করিতেছে। এইরূপ, 'গোবিদং' পদে—সেই রথ যে কতকগুলি গাভী প্রদান করে, তাহাও বুঝায় না। রথ আবার গোরু প্রদান করিবে কি? অতএব, গো-শব্দে পূর্ব্বাপর আমরা যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থ অনুসরণীয়। যাহা জ্ঞানকে জানাইয়া দেয়, যদ্দ্বারা প্রজ্ঞা অধিগত হয়, আমরা মনে করি, 'গোবিদং' পদ সেই ভাব ব্যক্ত করিতেছে। আমরা তাই ঐ পদের প্রতিবাক্যে 'প্রজ্ঞানলম্ভয়িতারং' এবং 'জ্ঞানস্বরূপং ভগবন্তং জ্ঞাপয়িতারং' পদাদি গ্রহণ করিয়াছি। যে কর্ম্ম বা যে হৃদয় প্রজ্ঞাকে লাভ করায়—ভগবানকে জানাইয়া দেয়, 'গোবিদং পদ' তাহাই নির্দ্দেশ করিতেছে। অতঃপর 'তং' পদের সার্থকতা অনুধাবন করুন। ঐ পদে প্রসিদ্ধ অর্থাৎ আকাঙ্ক্ষিতব্য ভাব প্রাপ্ত হওয়া যায়। যে কর্ম্ম বা যে হৃদয় আকাঙ্ক্ষার সামগ্রী অর্থাৎ সত্ত্বসমন্বিত, যে হৃদয়কে মানুষ পাইবার কামনা করিয়া থাকে, 'তং' পদ তাহাকেই নির্দ্দেশ করিতেছে। এখন বুঝিয়া দেখুন, 'সঃ' অর্থাৎ সেই ভগবান্ (ঘ) নিশ্চিত কোথায় (আতিষ্ঠতি) বসতি করেন? সে কি সেই হৃদয়ে বা সেই কর্ম্মে নহে—যে কর্ম্ম বা যে হৃদয় অভীষ্টসিদ্ধি করে, প্রজ্ঞাকে লাভ করায় এবং সকলেরই আকাঙ্ক্ষার সামগ্রী প্রদান করে! অতএব, গাভী প্রভৃতি প্রদান করে—এইরূপ রথে যে ভগবান্ অবস্থান করেন—এতদ্রূপ অর্থে আমরা সঙ্গতি দেখি

না। আমরা বলি, এখানকার অর্থ—সেই হৃদয়ে বা সেই কর্ম্মে ভগবান্ অবস্থান করেন—যাহা জ্ঞান-সম্বন্ধযুত ও অভীষ্টফলপ্রদ।

অতঃপর মন্ত্রের দ্বিতীয় চরণের ভাব পরিগ্রহণ করুন। এখানে প্রথমে সেই রথ কি করে, অর্থাৎ সেই রথের দ্বারা কি কার্য্য সংসাধিত হয়, তাহারই আভাস আছে। সে পক্ষে মন্ত্রের বাক্যাংশ—"যঃ হারিযোজনং পূর্ণং পাত্রং চিকেততি।" এই অংশের প্রচলিত অর্থ এই যে,—'যে রথ ধান্যাদিযুক্ত পূর্ণপাত্রকে জানাইয়া দেয়; অর্থাৎ, যে রথের সাহায্যে মানুষ ধান্যপূর্ণপাত্র পাইয়া থাকে।' আমরা কিন্তু সে ভাব পরিগ্রহণ করি না। আমরা বলি, এখানে 'যঃ' পদে সেই কর্ম্মকে বা হৃদয়কে লক্ষ্য করে,—যে কর্ম্ম বা যে হৃদয়, আহবনীয়যুত অর্থাৎ উপাসকগণের পূজাপ্রাপ্ত অক্ষুণ্ণ আশ্রয়স্থানকে (অর্থাৎ ভগবানকে) বিজ্ঞাপিত করে অথবা জানিতে পারে। 'হারিযোজনং' পদে 'আহবনীয়যুতং' প্রতিবাক্য আমরা গ্রহণ করিয়াছি। 'পাত্রং' বা আশ্রয়স্থান—সে কেমন? না—'হারিযোজনং'—আহবনীয়যুত; অর্থাৎ, বিশ্বের যত-কিছু পূজা সেখানে গিয়া সম্মিলিত হয়। সে 'পাত্রং' (আশ্রয়) আর কেমন? না—'পূর্ণং'; অর্থাৎ, অক্ষুণ্ণ—অভাবরহিত। সহস্রপ্রকার দানেও যাহার ক্ষয় নাই, যাহা সর্ব্বদাই অক্ষুণ্ণ রহিয়াছে, তাহাই 'পূর্ণং' পদের দ্যোতক। যে হৃদয় বা যে কর্ম্ম (যঃ) ভগবৎসম্বন্ধযুত (হারিযোজনং) অভাবরহিত অক্ষয় (পূর্ণং) আশ্রয়কে অবলম্বনকে (পাত্রং) জ্ঞাত আছে (চিকেততি); সেই কর্ম্মে বা সেই হৃদয়ে ভগবান্ অধিষ্ঠান করেন। ভগবানকে সম্বোধন-পূর্ব্বক তাঁহার সেই মহিমার বিষয়ই ঐ মন্ত্রাংশে পরিব্যক্ত হইয়াছে। অন্য রূপ অর্থ এখানে সুসঙ্গত হয় বলিয়া আমরা মনে করি না।

উপসংহারে পূর্ব্ব পূর্ব্ব মন্ত্রেরই ন্যায় এ মন্ত্রেও ধ্রুবা আছে—"যোজান্বিন্দ্র তে হরী।" এই অংশের মর্ম্ম এই যে,—'হে ভগবন্! আমার কর্ম্ম বা হৃদয় জ্ঞানভক্তি-সমন্বিত হউক; অর্থাৎ, আমার হৃদয় বা কর্ম্ম যেন আপনাকে পূজার্হ পূর্ণ বলিয়া বুঝিতে পারে; আর সেই হৃদয়ে আসিয়া আপনি বিরাজমান্ রহুন।' (১ম—৮২সূ—৪ঋ)।

—•—

পঞ্চমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। দ্ব্যশীতিতমং সূক্তং। পঞ্চমী ঋক্।)

যুক্তস্তে অস্তু দক্ষিণ উত সব্যঃ শতক্রতো।

তেন জায়ামুপ প্রিয়াং মন্দানো যাহ্যন্ধসো

যোজান্বিন্দ্র তে হরী॥ ৫॥

• . •

পদ-বিশ্লেষণং।

যুক্তঃ। তে। অস্তু। দক্ষিণঃ। উত। সব্যঃ। শতক্রতো ইতি শতঽক্রতো।

তেন। জায়াং। উপ। প্রিয়াং। মন্দানঃ। যাহি। অন্ধসঃ।

যোজ। নু। ইন্দ্র। তে। হরী ইতি॥ ৫॥

• . •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শতক্রতো' (অশেষকর্ম্মকারিন্ অশেষপ্রজ্ঞাসম্পন্ন বা হে ভগবন্) 'দক্ষিণঃ উত সব্যঃ' (অনুকূলং তথা প্রতিকূলং—অস্মাকং সর্ব্বকর্ম্ম) 'তে' (তুভ্যং) 'যুক্তঃ' (সমর্পিতং) 'অস্তু' (ভবতু); প্রার্থনায়াঃ সঙ্কল্পস্য বা ভাবঃ—অস্মাকং কর্ম্মমাত্রং ভগবদুদ্দেশে বিনিযুক্তং ভবতু ; 'তেন' (প্রসিদ্ধেন, পরমমঙ্গলপ্রদেন) 'অন্ধসঃ' (আহবনীয়স্য, ত্বয়ি উৎসৃষ্টস্য কর্ম্মণঃ বা—গ্রহণেন) 'মন্দানঃ' (আনন্দিতঃ সন্) হে ভগবন্ ত্বং 'প্রিয়াং' (ত্বদীয়াং প্রীতিস্থানীয়াং) 'জায়াং' (সহধর্ম্মিণীং—অনন্যভক্তিরূপাং) 'উপ' (সমীপে) 'যাহি' (গচ্ছ, গচ্ছসি) ; অতঃ প্রার্থনা—'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব) 'তে' (তব) 'হরী' (জ্ঞান-ভক্তিরূপৌ বাহকৌ) 'যোজ' (সংযোজয়, প্রতিষ্ঠাপয়—অস্মাকং কর্ম্মণি হৃদি বা)। অয়ং ভাবঃ—নরঃ যথা প্রিয়তমাং সহধর্ম্মিণীং প্রতি আকৃষ্টঃ ভবতি তথৈব ভগবান্ অনন্যভক্তিং সাধকং প্রতি প্রধাবতি ; প্রার্থনা—ময়ি সা ভক্তিঃ সঞ্চিতা ভবতু। (১ম—৮২সূ—৫ঋ)।

• . •

বঙ্গানুবাদ।

অশেষকর্ম্মকারিন্ হে ভগবন্! অনুকূল এবং প্রতিকূল আমাদিগের সকল কর্ম্ম আপনাতে সমর্পিত হউক; (প্রার্থনার বা সঙ্কল্পের ভাব এই যে,—আমাদিগের কর্ম্মমাত্র ভগবদুদ্দেশে বিনিযুক্ত হউক); প্রসিদ্ধ পরমমঙ্গলপ্রদ সেই আহবনীয়ের অর্থাৎ আপনাতে উৎসৃষ্ট কর্ম্মের গ্রহণের দ্বারা আনন্দিত হইয়া, হে ভগবন্, আপনি আপনার প্রীতিস্থানীয়া অনন্যা ভক্তিরূপা সহধর্ম্মিণীর সমীপে গমন করেন; অতএব প্রার্থনা—হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয়কে আমাদিগের কর্ম্মে বা হৃদয়ে সংযোজিত করুন—প্রতিষ্ঠিত রাখুন। (ভাব এই যে,—মানুষ যেমন প্রিয়তমা সহধর্ম্মিণীর প্রতি আকৃষ্ট হয়, ভগবান্ সেইরূপই অনন্যভক্তি সাধকের প্রতি প্রধাবিত হয়েন; প্রার্থনা—আমাতে সেই ভক্তি সঞ্চিত হউক।)॥ (১ম—৮২সূ—৫ঋ)।

সায়ণ-ভাষ্যং।

হে শতক্রতো বহুকর্ম্মবন্নিন্দ্র তে ত্বদীয়ে রথে দক্ষিণো দক্ষিণপার্শ্বস্থোঽশ্বো যুক্তোঽস্তু। উত অপি চ সব্যো বামপার্শ্বস্থোঽপি যুক্তোঽস্তু। তেন রথেনান্ধসঃ সোমলক্ষণস্যান্নস্য পানেন মন্দানো মত্তস্ত্বং প্রিয়াং প্রীণয়িত্রীং জায়ামুপযাসি। সা যত্র বর্ত্ততে তত্র গচ্ছেত্যর্থঃ। তদর্থং হে ইন্দ্র ত্বদীয়াবশ্বৌ রথে ক্ষিপ্রং যোজয়। অনযোত্তরয়া চ পীতসোমস্যেন্দ্রস্য স্বগৃহং প্রতি প্রস্থানং প্রতিপাদ্যতে।

মন্দানঃ। মদি স্তুতিমোদমদস্বপ্নকান্তিগতিষু। লিটঃ কানচ্। দ্বির্বচনপ্রকরণে ছন্দসি বেতি বক্তব্যমিতি দ্বির্বচনাভাবঃ। অন্ধসঃ। অদ ভক্ষণে। অদের্নুম্ ধশ্চেত্যসুন্ ধাতোর্নুমাগমো ধকারান্তাদেশশ্চ। (১ম ৮২সূ - ৫ঋ)।

সায়ণ ভাষ্যের বঙ্গানুবাদ।

'শতক্রতো' বহুকর্ম্মবন হে ইন্দ্র! 'তে' আপনার রথে 'দক্ষিণঃ' দক্ষিণপার্শ্বস্থ অশ্ব 'যুক্তঃ অস্তু' যুক্ত হউক; 'সব্যঃ' বামপার্শ্বস্থও যুক্ত হউক; 'তেন' সেই রথের দ্বারা 'অন্ধসঃ' সোমলক্ষণ অন্নের পানের দ্বারা 'মন্দানঃ' মত্ত আপনি 'প্রিয়াং' প্রীণয়িত্রী 'জায়াং উপ যাসি'—তিনি (জায়া) যেখানে আছেন তথায় গমন করুন; তজ্জন্য হে ইন্দ্র! আপনার অশ্বদ্বয়কে রথে শীঘ্র যোজনা করুন। ইহার পরবর্ত্তী ঋকে ইন্দ্রের স্বগৃহ প্রতি প্রস্থান প্রতিপন্ন হইতেছে।

মন্দানঃ। মদি ধাতু স্তুতি মোদ মদ স্বপ্ন কান্তি ও গতি অর্থে প্রযুক্ত হয়। লিট্ কানচ্। দ্বির্বচন-প্রকরণে 'ছন্দসি বেতি বক্তব্যং' ইত্যাদি সূত্রে দ্বির্বচনের অভাব। অন্ধসঃ। অদ ধাতু ভক্ষণার্থক। 'অদের্নুম্ ধশ্চ' ইত্যাদি সূত্রে অসুন্। ধাতুর নুম্ আগম; ধকারান্ত আদেশঃ। (১ম—৮২সূ—৫ঋ)।

পঞ্চম (৮-৯৪) ঋকের বিশদার্থ।

——§ঃ০◯০ঃ§——

এই মন্ত্রের প্রথম চরণের অন্তর্গত 'দক্ষিণঃ' ও 'সব্যঃ' পদদ্বয় মন্ত্রার্থ-নিষ্কাশনে বিশেষ সমস্যা আনয়ন করিয়াছে। ঐ সঙ্গে 'যুক্তঃ' পদ অন্বিত হওয়ায়, সমস্যা অধিকতর জটিল করিয়া তুলিয়াছে। সূক্তের প্রত্যেক ঋকে যে ধ্রুবা (ধুয়া) আছে, আর সেই ধ্রুবা উপলক্ষে যে অর্থ পরিকল্পিত হইয়া থাকে, 'দক্ষিণঃ সব্যঃ যুক্তঃ' পদত্রয় সেই কল্পনার পরিপোষক হইয়া দাঁড়াইয়াছে। সে পক্ষে মন্ত্রের যে অর্থ চলিয়া আসিয়াছে, তাহাতে ইন্দ্রদেবকে সম্বোধন-পূর্ব্বক যেন বলা হইতেছে,—'হে ইন্দ্র! আপনার রথের দক্ষিণ পার্শ্বে ও বাম পার্শ্বে ঘোটক সংযোজিত হউক।' এই প্রকার অর্থের যে কোনরূপ সার্থকতা আছে, তাহা ভাবিয়া নির্দ্দেশ করা যায় না। ইন্দ্রের রথের দক্ষিণ পার্শ্বে ও বাম পার্শ্বে অশ্ব সংযুক্ত হউক বা না হউক, তাহাতে প্রার্থনাকারীর কি আসিয়া যায়? তার পর, মন্ত্রের দ্বিতীয় চরণের যে অর্থ প্রচলিত দেখি, তাহারও কোন সার্থকতা আছে বলিয়া মনে হয় না। পরন্তু ঐ অংশ ব্যাখ্যাদিতে বীভৎস ভাব-প্রকাশক হইয়া দাঁড়াইয়াছে। দ্বিতীয় চরণের প্রথমাংশের, 'তেন' হইতে 'যাহি' পর্য্যন্ত পদ-কয়েকটীর, প্রচলিত অর্থের মর্ম্ম এই যে,—'রথে অশ্ব সংযুক্ত করিয়া, মদ্যপানে প্রমত্ত হইয়া, হে ইন্দ্র, তুমি তোমার পত্নীর নিকট গমন কর।' এইরূপে ইন্দ্রকে গৃহে গমন করিতে বলিয়া পুনরায় তাঁহার রথে অশ্বদ্বয়কে যোজনা করিতে বলা হইয়াছে। এই কি বেদ? এই কি বেদ-মন্ত্রের ব্যাখ্যা?

যাহা হউক, আমরা যে অর্থ গ্রহণ করিলাম, তাহার একটু বিশ্লেষণ করিতেছি। ঔচিত্যানৌচিত্য হৃদয়ঙ্গম করিবেন। প্রথম—'দক্ষিণঃ' ও 'সব্যঃ' পদদ্বয়। ঐ দুই পদের এক বিশিষ্ট অর্থ—'অনুকূল' ও 'প্রতিকূল'। তদনুসারে ঐ দুই পদ আমাদিগের সর্ব্ববিধ কর্ম্মকে লক্ষ্য করিতেছে বলিয়া সিদ্ধান্ত করি। ভাব এই যে,—'আমাদিগের অনুষ্ঠিত সদসৎ সকল কর্ম্ম।' মানুষের কর্ম্মমাত্রকে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত করা যায়। যে কর্ম্মে শ্রেয়ঃ সাধন হয়, তাহাই অনুকূল কর্ম্ম; আর যে কর্ম্ম অমঙ্গলবিধায়ক, তাহাই প্রতিকূল কর্ম্ম। 'দক্ষিণঃ' ও 'সব্যঃ'

পদদ্বয় তাহাই ব্যক্ত করিতেছে। তার পর, এখানকার 'তে' পদকে ষষ্ঠীর পদ মনে না করিয়া, চতুর্থী বিভক্তির পদ বলিয়া মনে করিতে পারি। উহার প্রতিবাক্যে তাই 'তুভ্যং' পদ গ্রহণ করিয়াছি। 'যুক্তঃ' পদে 'সমর্পিত' অর্থ গ্রহণ করা যায়। এইরূপে ঐ মন্ত্রাংশের (ঋকের প্রথম চরণের) ভাব প্রাপ্ত হইতে পারি,—'হে ভগবন্! আমার অনুকূল ও প্রতিকূল সকল কর্ম্ম অর্থাৎ যে কর্ম্মে আমার শ্রেয়ঃ আছে এবং যে কর্ম্মে আমার অনিষ্টের আশঙ্কা রহিয়াছে—এই উভয় কর্ম্মই আপনাতে সমর্পিত হউক।' কর্ম্মমাত্র ভগবদুদ্দেশে বিনিযুক্ত করার সঙ্কল্প বা প্রার্থনা এখানে প্রকাশ পাইয়াছে, ইহাই আমাদিগের সিদ্ধান্ত।

এই দৃষ্টিতে মন্ত্রের দ্বিতীয় চরণের প্রথম অংশ কি ভাব প্রকাশ করিতেছে, অনুধাবন করিয়া দেখুন। 'তেন' পদে 'প্রসিদ্ধ পরমমঙ্গলপ্রদ সেই বস্তুর' প্রতি লক্ষ্য আসে। সে কি? না—'অন্ধসঃ'। এই পদের মর্ম্ম পূর্ব্বেও বিভিন্ন স্থানে প্রকাশ করিয়াছি। ভাষ্যে এবং প্রচলিত অর্থাদিতে ঐ পদে 'সোমরস-রূপ মাদক দ্রব্য' অর্থ গ্রহণ করা হয়। কিন্তু আমরা বলি, ঐ পদের মর্ম্ম—আহবনীয় সামগ্রী—ভগবানে উৎসৃষ্ট কর্ম্ম। পূর্ব্ব অংশে যে কর্ম্মের বিষয় প্রখ্যাত হইয়াছে, ঐ পদ সেই কর্ম্মকে লক্ষ্য করিতেছে। ভগবান্ যে সেই কর্ম্মেই আনন্দিত হয়েন, ভগবানে উৎসৃষ্ট কর্ম্মই যে ভগবৎপ্রীতিপ্রদ, 'মন্দানঃ' পদ সেই ভাবই প্রকাশ করিতেছে। মদ্যপানে মদ্যপের মত্ততা—কদাচ ঐ অংশের লক্ষ্যস্থল নহে। এখন 'প্রিয়াং জায়াং' পদদ্বয়ে কি ভাব প্রকাশ করে, তাহার মর্ম্ম বুঝিয়া দেখুন। 'প্রিয়াং' পদে 'প্রীতিস্থানীয়া' অর্থ আসে। যাহা প্রীতিস্থানীয়, তাহাই প্রিয়। 'জায়াং' পদে সহধর্ম্মিণীকে বুঝায়। ভগবানের প্রীতিস্থানীয়া সহধর্ম্মিণী—সে কোন্ সামগ্রী? সে কি 'অনন্যা ভক্তি' নহে! অনন্যা ভক্তির দ্বারাই কর্ম্ম ভগবদুদ্দেশে বিনিযুক্ত হয়। ভগবানে উৎসৃষ্ট কর্ম্ম গ্রহণ-পূর্ব্বক তিনি যে তাহার অংশস্বরূপ অঙ্গীভূত সেই কর্ম্মে অবস্থিতি করেন, তাহা বলাই বাহুল্য। সেই কর্ম্মেরই নামান্তর—অনন্যা ভক্তি। 'যাহি' পদে 'গচ্ছসি' প্রতিবাক্য গ্রহণ করিলেই ভাবের সুসঙ্গতি থাকে। তাহাতে শেষাংশের ধ্রুবার সহিত বেশ একটু সংযুক্তি দেখিতে পাওয়া যায়। সে পক্ষে প্রার্থনার

ভাব দাঁড়ায়,—'সেই কর্ম্মে, হে ভগবন্, আপনি যখন গমন করেন; তখন আমার কর্ম্ম সেইরূপই হউক,—আমার হৃদয়ে বা আমার কর্ম্মে জ্ঞান-ভক্তির সমাবেশ হউক।' আমরা মনে করি, এই মন্ত্র এবম্বিধ কামনাতেই অনুপ্রাণিত। (১ম—৮২সূ—৫ঋ)॥

—০—

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

অন্ত্যেঽহঃস্থু হারিযোজনস্থ যুনজ্মীত্যেষা যাজ্যা। সূত্রিতং চ। যুনজ্মি তে ব্রহ্মণা কেশিনা হরী ইতি যাজ্যানুবাক্যে অন্ত্যেঽহঃস্বিতি॥

ষষ্ঠী ঋক্।

(প্রথমং মণ্ডলং। দ্ব্যশীতিতমং সূক্তং। ষষ্ঠী ঋক্।)

যুনজ্মি তে ব্রহ্মণা কেশিনা হরী উপ প্র
যাহি দধিষে গভস্ত্যোঃ।
উত্ত্বা সুতাসো রভসা অমন্দিষুঃ পূষণ্বান্
বজ্রিন্ৎসমু পত্ন্যামদঃ॥ ৬॥

পদ-বিশ্লেষণং।

যুনজ্মি। তে। ব্রহ্মণা। কেশিনা। হরী ইতি। উপ। প্র।
যাহি। দধিষে। গভস্ত্যোঃ।
উৎ। ত্বা। সুতাসঃ। রভসাঃ। অমন্দিষুঃ। পূষণ্ঽবান্।
বজ্রিন্। সং। উং ইতি। পত্ন্যা। অমদঃ॥ ৬॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

শেষদিবসে হারিযোজনের (উপলক্ষে) 'যুনজ্মি' ইত্যাদি ঋক্ যাজ্যা। এ বিষয়ে সূত্রিত আছে,—'যুনজ্মি তে ব্রহ্মণা কেশিনা হরী ইতি যাজ্যানুবাক্যে অন্ত্যেঽহঃস্বিতি।'

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'কেশিনা' (শিখাবন্তৌ, রশ্মিযুতৌ, সুপথপ্রদর্শকৌ ইত্যর্থঃ) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ ভবতঃ বাহকৌ) 'ব্রহ্মণা' (এতেন মন্ত্রেণ) 'তে' (তুভ্যং এব) 'যুনজ্মি' (সংযোজয়ামি); সঙ্কল্পোঽয়ং সর্ব্বকর্ম্ম ত্বয়ি সমর্পয়ামি; 'উপ' (ভবৎসামীপ্যং) 'প্র যাহি' (প্রকর্ষেণ অস্মান্ প্রাপয়); কর্ম্মাণি ত্বয়ি সমর্পিতে সতি যেন তব সামীপ্যং লভামহে তদ্বিধেহি ইতি ভাবঃ; 'গভস্ত্যোঃ' (তব বাহ্বোঃ) 'দধিষে' (অস্মান্ ধারয়স্ব); পতনাৎ অস্মান্ রক্ষ—ইতি প্রার্থনা; 'সুতাসঃ' (অস্মাকং উৎসৃষ্টাঃ শুদ্ধসত্ত্বভাবাঃ, ত্বয়ি সমর্পিতানি কর্ম্মফলানি ইত্যর্থঃ) 'উৎ' (উৎকর্ষেণ) 'রভসাঃ' (ক্ষিপ্রানন্দদায়িনঃ, ত্বরয়া তব তৃপ্তি-প্রদানি—ভূত্বা ইত্যর্থঃ) 'ত্বা' (ত্বাং) 'অমন্দিষুঃ' (হর্ষয়ন্তু ইতি ভাবঃ); অস্মদুৎসর্গীকৃতানি কর্ম্মাণি তব পরিতৃপ্তিসাধকানি ভবন্তু—ইতি ভাবঃ; 'বজ্রিন্' (শত্রুনাশায় আয়ুধধারিন্ হে ভগবন্!) এবম্প্রকারেণ ত্বং 'পূষণ্বান্' (প্রবর্দ্ধকঃ, অস্মাকং পুষ্টিবিধায়কঃ সন্) 'সং' (সম্যগ্‌রূপেণ) 'উং' (পূর্ব্বোক্তয়া) 'পত্ন্যাঃ' (সহধর্ম্মিণ্যা, ভবদীয়য়া অঙ্গীভূতয়া অস্মাকং জ্ঞানভক্ত্যা সহ) 'অমদঃ' (তৃপ্তঃ ভব, সম্মিলিতঃ সন্ অধিতিষ্ঠ ইতি ভাবঃ); প্রার্থনায়াঃ ভাবঃ—অস্মান্ আত্মনঃ সম্মিলিতান্ তথা অঙ্গীভূতান্ কুরু। (১ম—৮২সূ—৬ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

হে ভগবন্! রশ্মিবিশিষ্ট অর্থাৎ সুপথপ্রদর্শক জ্ঞানভক্তি-রূপ আপনার বাহকদ্বয়কে এই মন্ত্রের দ্বারা আপনাতেই সংযোজিত করিতেছি। (সঙ্কল্প এই যে,—সর্ব্বকর্ম্ম আপনাতে সমর্পণ করি); আপনার সামীপ্য প্রকর্ষের দ্বারা আমাদিগকে প্রাপ্ত করুন; (ভাব এই যে,—আপনাতে কর্ম্ম সমর্পণ করিয়া যেন আপনার সামীপ্য লাভ করিতে পারি); আপনার বাহুদ্বয়ে আমাদিগকে ধারণ করুন; (প্রার্থনা এই যে,—পতন হইতে আমাদিগকে রক্ষা করুন); আমাদিগের উৎসর্গীকৃত শুদ্ধসত্ত্বভাব-সকল অর্থাৎ আপনাতে সমর্পিত কর্ম্মফলসকল উৎকর্ষের সহিত ত্বরায় আপনার তৃপ্তিপ্রদ হইয়া আপনাকে হর্ষদান করুক; (ভাব এই যে,—আমাদিগের উৎসর্গীকৃত কর্ম্মসমূহ আপনার পরিতৃপ্তিসাধক হউক); শত্রুনাশে বজ্রধারী হে ভগবন্! এই প্রকারে আপনি আমাদিগের প্রবর্দ্ধক পুষ্টিবিধায়ক হইয়া সম্যগ্‌রূপে পূর্ব্বোক্ত আপনার অঙ্গীভূত আমাদিগের জ্ঞানভক্তি-সহ তৃপ্ত হউন—সম্মিলিত হইয়া অবস্থিতি করুন; (প্রার্থনার ভাব এই যে,—আমাদিগকে আপনাতে সম্মিলিত আপনার অঙ্গীভূত করিয়া লউন।)॥ (১ম—৮২সূ—৬ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং ।

হে ইন্দ্র! কেশিনা কেশযুক্তৌ শিখাবন্তৌ তে হরী ত্বদীয়াবশ্বৌ ব্রহ্মণা স্তোত্ররূপেণ মন্ত্রেণ যুনজ্মি। রথে সংযোজয়ামি। তেন রথেনোপ প্রযাহি। ত্বদ্‌গৃহমুপগচ্ছ। গভস্ত্যোঃ। বাহুনামৈতৎ। বাহ্বোরশ্ববন্ধকান্ রশ্মীন্দধীষে। ধারয়স্ব। ত্বা ত্বাং সুতাসো যজ্ঞেঽভিষুতাঃ সোমা রভসা বেগবন্তঃ। তীব্রাঃ ক্ষিপ্রং মদকারিণ ইত্যর্থঃ। উদমন্দিষুঃ। উৎকৃষ্টমদযুক্তমকার্ষুঃ। হে বজ্রিন! অতস্ত্বং স্বগৃহং গত্বা পূষণ্বান্। অত্র পূষণশব্দঃ পুষ্টৌ বর্ত্ততে। পুষ্টির্বৈ পূষা। পুষ্টিমেবাবরুন্ধ ইতি শ্রুতেঃ। সোমপানজনিতয়া পুষ্ট্যা যুক্তঃ সন্ পত্ন্যা স্বভার্য্যযা সহ সমু অমদঃ। সম্যগেব তৃপ্তো ভব॥

কেশিনা। কেশশব্দান্মত্বর্থীয় ইনিঃ। সুপাং সুলুগিতি বিভক্তেরাকারঃ। রভসাঃ। অর্শ আদিত্বাদচ্। অমন্দিষুঃ। ব্যত্যয়েন পরস্মৈপদং। পূষণ্বান্। পুষ্ পুষ্টৌ শ্বন্নুক্ষন্নিত্যাদৌ পূষন্নিতি নিপাত্যতে। তচ্চাত্র ভাবসাধনং দ্রষ্টব্যং। পূষাস্যাস্তীতি পূষণ্বান্। মাদুপধায়া ইতি মতুপো বত্বং। নলোপেঽনোন্নুট্। পা০ ৮।২।১৬। ইতি নুট্। হ্রস্বনুড্‌ভ্যাং মতুবিতি মতুপ উদাত্তত্বং। অমদঃ। মদী হর্ষে। ছন্দসি লুঙ্লঙ্লিট ইতি প্রার্থনায়াং লঙ্। শ্নি প্রাপ্তে ব্যত্যয়েন শপ্॥ (১ম—৮২সূ—৬ঋ)।

॥ ইতি প্রথমস্য ষষ্ঠে তৃতীয়ো বর্গঃ ॥ ১।৬।৩ ॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে ইন্দ্র! 'কেশিনা' কেশযুক্ত শিখাবিশিষ্ট 'তে হরী' আপনার অশ্বদ্বয় 'ব্রহ্মণা' স্তোত্ররূপ মন্ত্রের দ্বারা 'যুনজ্মি' রথে সংযোজন করিতেছি; সেই রথের দ্বারা 'উপ প্র যাহি' আপনার গৃহে গমন করুন; 'গভস্ত্যোঃ' (এই পদ বাহু নাম-বাচক) বাহুদ্বয়ের অশ্ববন্ধনকারী রশ্মিকে 'দধিষে' ধারণ করুন; 'ত্বা' আপনাকে 'সুতাসঃ' যজ্ঞে অভিষুত সোমসমূহ 'রভসাঃ' বেগবান তীব্র অর্থাৎ ক্ষিপ্র মদকারী 'উৎ অমন্দিষু' উৎকৃষ্ট মদযুক্ত করিয়াছ; হে 'বজ্রিন্' বজ্রযুক্ত! অতঃপর আপনি স্বগৃহে গমন করিয়া 'পূষণ্বান্' (এখানে পূষণ শব্দ পুষ্টি অর্থে, ব্যবহৃত; 'পুষ্টির্বৈপূষা; পুষ্টিমেবাবরুন্ধঃ' ইত্যাদি শ্রুতি আছে) সোমপান-জনিত পুষ্টিদ্বারা যুক্ত হইয়া 'পত্ন্যা' আপনার ভার্য্যার সহিত 'সমু অমদঃ' সম্যক্ প্রকারেই তৃপ্ত হউন।

কেশিনা। কেশ-শব্দ-হেতু মত্বর্থীয় ইনি-প্রত্যয়। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে বিভক্তির আকার। রভসাঃ। অর্শ আদিত্ব-হেতু অচ্। অমন্দিষুঃ। ব্যত্যয়ের দ্বারা পরস্মৈপদ। পূষণ্বান্। পুষ ধাতু পুষ্টি অর্থক। 'শ্বন্নুক্ষন্' ইত্যাদি সূত্রে পূষন্ এই পদ নিপাতন-সিদ্ধ হয়; এবং তাহার ভাবসাধন এখানে দ্রষ্টব্য। 'পূষা অস্য অস্তি'— ইত্যাদি বাক্যে পূষণ্বান্ পদ। 'মাদুপধায়াঃ' ইত্যাদি সূত্রে মতুপে বত্ব; নলোপে 'অনো নুট্' ইত্যাদি সূত্রে নুট্। 'হ্রস্ব নুড্‌ভ্যাং মতুপঃ' ইত্যাদি সূত্রে উদাত্তত্ব। অমদঃ। মদী ধাতু হর্ষার্থ-বোধক। 'ছন্দসি লুঙ্লঙ্লিটঃ' ইত্যাদি সূত্রে প্রার্থনাতে লঙ্। শ্নি প্রাপ্তে ব্যত্যয়ের দ্বারা শপ্। (১ম—৮২সূ—৬ঋ)॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের তৃতীয় বর্গ সমাপ্ত ॥ ১।৬।৩ ॥

ষষ্ঠ (৮৯৫) ঋকের বিশদার্থ।

—§॰ ● ॰§—

প্রচলিত ব্যাখ্যাদিতে এই ঋক্‌টী বড়ই বিসদৃশ ভাব প্রকাশ করিয়া আছে। ইন্দ্রদেব সোমপানে মত্ত হইয়া আপন পত্নীর নিকট আনন্দ করিতে গমন করুন; আর, তজ্জন্য রথে অশ্ব সংযোজিত হউক। এই প্রকার অর্থই অধুনা প্রচলিত দেখি। প্রচলিত দুই প্রকারের ব্যাখ্যা (একটী ইংরাজী ও একটী বাঙ্গালা) নিম্নে প্রকাশ করিতেছি; তদ্দ্বারা যে ভাব উপলব্ধ হয়, পাঠকগণ তাহা বুঝিয়া দেখিবেন। যথা,—

(১) "তোমার কেশযুক্ত অশ্বদ্বয়কে আমি স্তোত্র দ্বারা (রথে) সংযোজিত করি, বাহুদ্বয়ে অশ্ববন্ধন রশ্মি ধারণ করিয়া গৃহে গমন কর; এই অভিষুত তীব্র সোমরস তোমাকে হৃষ্ট করিয়াছে; হে বজ্রিন্! তুমি (সোমপানজনিত) তুষ্টিযুক্ত হইয়া পত্নীর সহিত সম্যক্ হর্ষ লাভ কর।"

(2) "With holy prayer I yoke the long-maned pair of Bays : come hitherward ; thou holdest them in both thy hands.

The stirring draughts of juice outpoured have made thee glad : thou, Thunderer, hast rejoice with Pushan and thy Spouse."

আমাদিগের পরিগৃহীত অর্থ যে ঐ সকল অর্থ হইতে সম্পূর্ণ বিপরীত-ভাবাপন্ন, আমাদিগের মর্ম্মানুসারী-ব্যাখ্যায় এবং বঙ্গানুবাদেই তাহা প্রতীত হইবে। ব্যাখ্যা উপলক্ষে মন্ত্রটীকে আমরা চারি অংশে বিভক্ত করিয়াছি। উহার প্রথম অংশে, আমরা মনে করি, ভগবানে সর্ব্বকর্ম্ম সমর্পণের সঙ্কল্প বিদ্যমান্। 'ব্রহ্মণা' অর্থাৎ স্তোত্রমন্ত্রের দ্বারা আমি আপনার অশ্বদ্বয়কে সংযোজিত করি—এবম্প্রকার উক্তির কি সার্থকতা আছে? বিশেষতঃ ঐ যে 'হরী' পদ—যাহার অর্থ 'অশ্বদ্বয়' পরিগ্রহণ করা হইতেছে, তাহার বিশেষণ 'কেশিনা' পদের মর্ম্ম ভাষ্যানুসারে অনুধাবন করিলেও অন্য অর্থ আসিয়া পড়ে। 'কেশ', 'কেশী' প্রভৃতি শব্দ অগ্নি দেবতার সম্বন্ধে নানা স্থানে প্রযুক্ত দেখিয়াছি। সে সকল ক্ষেত্রে ঐ শব্দ 'রশ্মি' বা 'অগ্নির জ্বালামালা' অর্থ প্রকাশ করিয়াছে। এখানেও আমরা তাই ঐ পদে 'রশ্মিবিশিষ্ট' অর্থাৎ 'সুপথপ্রদর্শক' অর্থ পরিগ্রহণ করি। সেই 'হরী' অর্থাৎ বাহকদ্বয়—তাহারা কেমন? না—'কেশিনা';

অর্থাৎ, 'সুপথপ্রদর্শক'। মানুষের জ্ঞান ও ভক্তি যে মানুষকে সৎপথ প্রদর্শন করে, তাহারাই যে ভগবানের নিকট সংবাহন করিবার উপযুক্ত বাহক, তাহা বলাই বাহুল্য। মন্ত্রের দ্বারা অর্থাৎ ভগবদুদ্দেশে বিহিত স্তোত্রকর্ম্মের দ্বারা সেই জ্ঞানভক্তি যে ভগবানে সংযুক্ত হয়, তাহা স্বতঃই বুঝিতে পারি। এখানে 'যুনজ্মি' ক্রিয়া-পদে সেই সংযোজনের সঙ্কল্প প্রকাশ পাইতেছে। তার পর দেখুন, দুইটী প্রার্থনা আছে। একটী প্রার্থনা—"উপ প্রযাহি"; অন্য প্রার্থনা—'গভস্ত্যো দধিষে'। উহার অর্থ, —'আমাদিগকে আপনার সামীপ্য প্রাপ্ত করুন, এবং আপনার বাহুদ্বয়ে আমাদিগকে ধারণ করুন।' পূর্ব্বাপর আলোচনায় ভাব পাই এই যে,— 'আপনাতে কর্ম্ম সমর্পণ করিয়া আমরা যেন আপনার নিকটে উপস্থিত হইতে পারি এবং পতন হইতে আমাদিগকে রক্ষা করুন।' এইরূপে এই মন্ত্রের প্রথম চরণের যে প্রচলিত অর্থ ছিল—"আমি আপনার ঘোটক দুইটীকে রথে যুড়িয়া দিতেছি, আপনি দুই হস্ত লাগাম চাপিয়া ধরুন, আর সত্বর গৃহে গমন করুন;" তাহা পরিবর্ত্তিত হইয়া, এখন অর্থ দাঁড়াইল,—'হে ভগবন! সুপথপ্রদর্শক জ্ঞানভক্তি-রূপ আপনার বাহকদ্বয়কে আমি আপনাতেই সংযুক্ত করিতেছি, আমার সকল কর্ম্ম আপনি গ্রহণ করুন, এবং আমাকে সামীপ্য প্রাপ্ত করিয়া আমার পতন হইতে আমায় রক্ষা করুন।'

এই দৃষ্টিতে মন্ত্রের দ্বিতীয় চরণটীর মর্ম্ম অনুধাবন করিয়া দেখুন। মদ্যপানে মত্ততার ভাব এখানে আদৌ প্রকাশ পায় নাই। 'সুতা' ও 'সুতাসঃ' প্রভৃতি পদের বিষয় আমরা বহুত্র আলোচনা করিয়াছি। ঐ পদে ভগবানে উৎসৃষ্ট শুদ্ধসত্ত্বভাবসমূহকে বুঝাইয়া থাকে। আমাদিগের শুদ্ধসত্ত্বভাবসমূহ অথবা ভগবানে সমর্পিত কর্ম্মসমূহ যে ভগবানকে আনন্দপ্রদান করে, "সুতাসঃ উৎ রভসাঃ ত্বা অমন্দিষু" বাক্যাংশে তাহাই দ্যোতনা করিতেছে। এই অংশের 'অমন্দিষু' পদ 'হর্ষয়ন্তু' ভাব ব্যক্ত করিতেছে। উপসংহারে "বজ্রিন্ পূষণ্বান্ সং উং পত্ন্যা অমদঃ" বাক্যাংশে কি নিগূঢ় ভাব প্রকাশ পাইয়াছে, তাহা বুঝিয়া দেখুন। 'পুষণ্বান্' পদে 'আমাদিগের পুষ্টিবিধায়ক হইয়া' অর্থ পাইতে পারি। এ সম্বন্ধে ভাষ্যকারের সহিত মতান্তর নাই। 'সং' ও 'উং' অব্যয় পদদ্বয়ের ভাবপরিগ্রহ-বিষয়েও কোনরূপ মতান্তর থাকিতে পারে না। মতান্তরের বিষয়ীভূত কেবল ঐ 'পত্ন্যাঃ' পদটী। উহার সহিত 'অমদঃ' পদ অন্বিত হওয়ায়, 'সোণায় সোহাগা' সংযোগ ঘটিয়াছে। 'পত্ন্যা অমদঃ' পদদ্বয়ে সাধারণ দৃষ্টিতে 'পত্নীর সহিত আমোদ কর' অর্থই আসিয়া থাকে বটে; কিন্তু এখানে সম্বোধ্য ও সম্বোধন প্রভৃতির বিষয়

বিচার করিলে এবং পূর্ব্বাপর সঙ্গতির প্রতি লক্ষ্য রাখিলে, সে ভাব আদৌ মনে স্থান পায় না। সম্বোধন—ভগবানকে; 'বজ্রিন্' বলিয়া তাঁহাকে আহ্বান করা হইয়াছে। 'উং' অব্যয়-পদে পূর্ব্বের কিছু সম্বন্ধ আসে। এইরূপে 'পত্নী' বলিতে তাঁহার অঙ্গীভূত জ্ঞানভক্তির প্রতি লক্ষ্য করা যায়। আনন্দময় তিনি; জ্ঞানভক্তির সম্মিলনই তাঁহার আনন্দত্ব। সহধর্ম্মিণী অর্দ্ধাঙ্গিনী প্রভৃতি পদ পত্নী-পর্য্যায়ের অন্তর্ভুক্ত। এপক্ষে আমাদিগের জ্ঞানভক্তিকে তাঁহার পত্নী বলিয়া পরিকল্পনা করা যায়। আমাদিগের জ্ঞান-ভক্তির সহিত মিলিত হইয়া, তিনি আনন্দিত হউন অর্থাৎ আমাদিগকে আপনাতে সম্মিলিত বা অঙ্গীভূত করিয়া লউন। এবম্বিধ প্রার্থনাই এখানে প্রকাশমান্ বলিয়া আমরা সিদ্ধান্ত করি। (১ম—৮২সূ—৬ঋ)।

সূক্তোপসংহার।

এই সূক্তের উপসংহারে বেদ-মন্ত্রের অপব্যাখ্যার ও বিকৃতি-প্রাপ্তির কারণ সম্বন্ধে দুই এক কথা আলোচনা করা আবশ্যক মনে করি। এই সূক্তের দ্বিতীয় ঋকটীর বিশদার্থ উপলক্ষে, ঋকটী যে পিতৃপিণ্ডদান-মন্ত্রে (সামবেদীয় নান্দীমুখ-শ্রাদ্ধে) প্রযুক্ত হয়, তাহা বলিয়াছি। সামবেদীয় ক্রিয়া-কাণ্ডে ভবদেব-পদ্ধতিতে ঋকটী উদ্ধৃত আছে, এবং গুণবিষ্ণু তাহার ভাষ্য লিখিয়া গিয়াছেন। নিম্নে আমরা ভবদেব-পদ্ধতিতে উদ্ধৃত মন্ত্রটী এবং গুণবিষ্ণু-কৃত মন্ত্রটীর ভাষ্য উদ্ধৃত করিতেছি। তাহা পাঠ করিলেই বুঝিতে পারিবেন, কত প্রকারে কি ভাবে বেদ-মন্ত্র বিকৃত অবস্থা প্রাপ্ত হইয়াছে। যথা;—

'ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধূষত অস্তোষত
স্বভানবো বিপ্রান্ বিষ্ঠয়া মতীয়ো যান্নিন্দ্র তে হরী।'

"অস্যার্থঃ। হে হরে হে ইন্দ্র যান্ বিপ্রান যে শ্রাদ্ধভোক্তারো বিপ্রা মদ্দত্তেনান্নপানীযেনামী-মদন্তঃ মুদমত্যর্থং প্রাপ্য হর্ষযুক্তা বভূবুস্তথা অস্তোষত যে তুষ্টা ভূতাস্তথা অক্ষন্ যে সংহতা একীভূতাস্তাং বিপ্রান্ অব পালয়। হি যস্মাৎ তে তব প্রিয়া বল্লভাঃ ব্রাহ্মণো মামকী তনুরিতি ত্বয়ৈবোক্তত্বাৎ তত্র তে বিপ্রাস্তবৈব আশ্রয়ান্নাধূষত নাবকম্পন্ত। কিম্ভূতাস্তে বিপ্রাঃ স্বভানবঃ স্বপ্রকাশশীলাঃ স্বপ্রদীপকা ইতি যাবৎ। উ অবধারণে নু বিতর্কে। বিপ্রাঃ পুনঃ কীদৃশা বিষ্ঠয়া মতীয়া ঊর্দ্ধগামিনা মত্যাবিশিষ্টা বিষ্ঠেতি বিশব্দো অন্তরিক্ষেঽপি বৌ তিষ্ঠতি গচ্ছতি বা বিষ্ঠা ছান্দসত্বাৎ ষত্বম্ অতস্তর্কয়ামি স্বপ্রকাশবত ইতি ছান্দসত্বাৎ॥ মত্যা ইত্যর্থে মতীয়া যকারাগমঃ ছান্দসত্বাৎ। হরীতি সম্বোধনপদং সমুদ্ধাবীদিতে ঈকারঃ। ইন্দ্র ইতি হরিবিশেষণং পরমেশ্বরত্বাৎ অবিদ্যাং কাব্যে হরতীতি হরিরিতি অন্বয়াৎ। যানিতি বিভক্তিব্যত্যয়েন প্রথমায়াং দ্বিতীয়া পূর্ব্ববৎ তেনায়মর্থঃ। যে বিপ্রা অত্র কর্ম্মণি ভোক্তা-রস্তান বিপ্রান্ অব ইত্যর্থঃ। অক্ষান্নতি ছান্দসত্বাদডাগমবাদঃ। মতীযা উ যান ইত্যর্থে মতীয়ো যান্নিন্দ্র হতি ব্যুৎপত্তিঃ। যত্তদোরভিসম্বন্ধনিয়মাৎ যচ্ছব্দপ্রয়োগে তানিত্যধ্যাহার্য্যম্।"

মূল মন্ত্রেরই পাঠ-ব্যত্যয় লক্ষ্য করুন। তার পর, সায়ণের ভাষ্যে একরূপ অর্থ প্রকাশিত; এখানে গুণবিষ্ণুর ভাষ্যে আবার আর এক অর্থ প্রকটিত। মন্ত্রোচ্চারণে ফললাভ হইল না বলিয়া, আমরা ক্ষোভ করিয়া থাকি। কিন্তু—'দোষ কারো নয় গো মা, আমরা সখাদ-সলিলে ডুবে মরি শ্যামা।'

ওঁ

ঋগ্বেদ-সংহিতা।

প্রথম মণ্ডলং। ত্রয়োদশোঽনুবাকঃ। ত্র্যশীতিতমং সূক্তং। প্রথমোষ্টকঃ।
ষষ্ঠোঽধ্যায়ঃ। চতুর্থঃ বর্গঃ।

ত্র্যশীতিতমং সূক্তং।

এই সূক্তের ছয়টী ঋকে পরস্পর-বিপরীত-ভাববিশিষ্ট বিবিধ উক্তি দৃষ্ট হয়। প্রথম ঋকের প্রচলিত অর্থে ইন্দ্রদেবকে সম্বোধন-পূর্ব্বক বলা হইয়াছে,—'তোমার রক্ষার দ্বারা অশ্ববিশিষ্ট গৃহে লোকের গাভী প্রাপ্ত হয়।' দ্বিতীয় ঋকের শেষাংশের ভাব এই যে,—'বর যেমন বধূ লাভের জন্য ব্যাকুল হয়, সোমরস-রূপ মাদকদ্রব্যের জন্য দেবগণ সেইরূপ যজ্ঞস্থলে আগমন করেন।' তৃতীয় মন্ত্রের প্রচলিত অর্থের মর্ম্ম এই যে,—'কোন কাজকর্ম্ম করার প্রয়োজন নাই; কেবল ইন্দ্রদেবতার পানের জন্য সোমরস প্রস্তুত করিয়া যাও; তাহাতেই সকল কামনা পূর্ণ হইবে।' চতুর্থ ঋকের প্রচলিত অর্থে প্রকাশ,—'অঙ্গিরঃ-বংশীয় ঋষিগণ অগ্নি প্রজ্বলিত করিয়া ইন্দ্রের পূজা করিয়াছিলেন; ইন্দ্র তজ্জন্য তাঁহাদিগকে অশ্ব, গাভী পশু ও ধন প্রদান করেন।' পঞ্চম ঋকের প্রচলিত অর্থের মর্ম্ম এই যে,—'গো-চোরেরা গাভীসমূহ অপহরণ করে; অথর্ব্বা ঋষি যজ্ঞ করিয়া সেই গাভীর সন্ধান পান।' ঐ ঋকে উশনা নামক এক ঋষির প্রসঙ্গ প্রখ্যাত হয়; তিনি ইন্দ্রের সহায় ছিলেন। ষষ্ঠ ঋকের প্রচলিত অর্থের মর্ম্ম এই যে,—'যেখানে সোমলতা পিষিয়া রস বাহির করা হয়, সেখানেই ইন্দ্র লোলুপ-দৃষ্টিতে উপস্থিত হইয়া হর্ষ প্রকাশ করেন।' সূক্তের ছয়টী ঋকে এইরূপ ভাব-পরম্পরা সাধারণতঃ প্রকাশ পাইয়াছে দেখিতে পাই।

দেবতাই বা কি, আর পূজাই বা আমরা কাহার করি, এবম্প্রকার অর্থের অনুসরণে তাহার কিছুই বোধগম্য হয় না। এই প্রকার অর্থের অনুসরণেই বেদকে অসভ্যজাতির অস্ফুট বিচ্ছিন্ন বাণী বলিয়া বিঘোষিত করা হয়। কিন্তু অর্থ যে অন্যরূপ, তাৎপর্য্য যে স্বতন্ত্রভাবপ্রকাশক, তাহা বলাই বাহুল্য। সূক্তের সূচনায় আমরা এই মাত্র বলিতেছি,—আধ্যাত্মিক ভাব পূর্ণ এই সকল অমূল্য রত্ন কালিমলিপ্ত হইয়া আছে; তাহা হইতে রত্নের সমুদ্ধার এখন আবশ্যক হইয়াছে।

ত্র্যশীতিতম সূক্তানুক্রমণিকা।

অশ্বাবতীতি ষড়ৃচং দশমং সূক্তং গোতমস্যার্ষমৈন্দ্রং জাগতং। তথা চানুক্রান্তং। **অশ্বা-বতি** জাগতমিতি। অতিরাত্রে তৃতীয়ে পর্য্যায়ে ব্রাহ্মণাচ্ছংসি শস্ত্র ইদং সূক্তং। সূত্রিতং চ। **অশ্বাবতি** প্রোগ্রাং পীতিং বৃষ্ণ ইয়র্ম্মি সত্যামিতি যাজ্যে। আ০ ৬।৪। ইতি।

প্রথমমণ্ডলে ত্রয়োদশানুবাকে ত্র্যশীতিতমসূক্তে প্রথমা ঋক্। ইন্দ্রো দেবতা।
গোতম ঋষিঃ। জগতী ছন্দঃ। অতিরাত্রিযোগে বিনিয়োগঃ।

প্রথমা ঋক্।

(প্রথমং মণ্ডলং। ত্র্যশীতিতমং সূক্তং। প্রথমা ঋক্।)

অশ্বাবতি প্রথমো গোষু গচ্ছতি সুপ্রাবীরিন্দ্র
মর্ত্ত্যস্তবোতিভিঃ।
তমিৎ পৃণক্ষি বসুনা ভবীয়সা সিন্ধুমাপো
যথাভিতো বিচেতসঃ॥ ১॥

পদ-বিশ্লেষণং।

অশ্বহবতি। প্রথমঃ। গোষু। গচ্ছতি। সুপ্রহঅবীঃ। ইন্দ্র।
মর্ত্ত্যঃ। তব। উতিহভিঃ।
তং। ইৎ। পৃণক্ষি। বসুনা। ভবীয়সা। সিন্ধুং। আপঃ।
যথা। অভিতঃ। বিহচেতসঃ॥ ১॥

ত্র্যশীতিতম সূক্তানুক্রমণিকার বঙ্গানুবাদ।

'অশ্বাবতি' ইত্যাদি ছয়টী ঋক-বিশিষ্ট দশম সূক্ত (ত্রয়োদশ অনুবাকের)। গোতম ঋষি। ইন্দ্র দেবতা। জগতী ছন্দ। তদ্বিষয়ে এইরূপ অনুক্রান্ত আছে,—'অশ্বাবতি জাগত-মিতি।' অতিরাত্রিযাগে তৃতীয় পর্য্যায়ে ব্রাহ্মণাচ্ছংসি শস্ত্রে এই সূক্ত প্রযুক্ত হয়। এ বিষয়ে এইরূপ সূত্রিত আছে; যথা,—'অশ্বাবতি প্রোগ্রাং পীতিং বৃষ্ণ ইয়র্ম্মি সত্যামিতি যাজ্যে' (আ০ ৬।৪।) ইতি।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) যঃ 'মর্ত্ত্যঃ' (মনুষ্যঃ) 'তব' (ভবতঃ, ত্বদীয়ৈঃ) 'উতিভিঃ' (রক্ষাভিঃ, করুণাভিঃ ইতি ভাবঃ) 'সুপ্রাবীঃ' (সুরক্ষিতঃ—ভবতি ইতি যাবৎ), স মনুষ্যঃ 'অশ্বাবতি' (জ্ঞানকিরণসহযুতে সতি, জ্ঞানরশ্মিযুতঃ সন্ ইতি ভাবঃ) 'গোষু' (জ্ঞাননিবহেষু, জ্ঞাননিলয়েষু ইত্যর্থঃ) 'প্রথমঃ' (আদৌ, ত্বরয়া ইতি ভাবঃ) 'গচ্ছতি' (প্রবিশতি); ভগবতঃ করুণয়া যঃ জ্ঞানলাভসমর্থঃ ভবতি সঃ এব জ্ঞানাধারং ভগবন্তং ক্ষিপ্রং প্রাপ্নোতি—ইতি ভাবঃ; হে ভগবন্! 'বিচেতসঃ' (প্রজ্ঞানপ্রদায়কাঃ) 'আপঃ' (শুদ্ধসত্ত্বভাবাঃ) 'যথা' (যেন প্রকারেণ) 'অভিতঃ' (সর্ব্বাসু দিক্ষু) 'সিন্ধুং' (সমুদ্রং, অনন্তস্বরূপং ভগবন্তং ইত্যর্থঃ) প্রাপ্নুবন্তি তদ্বৎ, 'তমিৎ' (ত্বমেব পুরুষং, ভবতঃ অনুকম্পাপ্রাপ্ত জনং) ত্বং 'ভবীয়সা' (বহুতরেণ, অশেষপ্রকারেণ) 'বসুনা' (ধনেন—ধর্ম্মার্থকামমোক্ষ-রূপেণ) 'পৃণক্ষি' (পূর্ণং করোষি)। অয়ং ভাবঃ—জলপ্রবাহাঃ যথা সমুদ্রং প্রাপ্নুবন্তি ভগবতঃ করুণা তদ্বৎ তদীয়ং অনুগ্রহপ্রাপ্তং জনং প্রাপ্নোতি॥ (১ম—৮৩সূ—১ঋ)॥

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! যে মনুষ্য আপনার রক্ষাসমূহের দ্বারা অর্থাৎ করুণানিবহের দ্বারা সুরক্ষিত হয়েন, সেই মনুষ্য জ্ঞানরশ্মিযুক্ত হইয়া জ্ঞাননিবহের মধ্যে (জ্ঞাননিলয়ে) সত্বর প্রবেশ করেন; (ভাব এই যে,—ভগবানের করুণায় যিনি জ্ঞানলাভে সমর্থ হন, তিনিই জ্ঞানাধার ভগবানকে শীঘ্র প্রাপ্ত হয়েন); হে ভগবন্! প্রজ্ঞানপ্রদায়ক শুদ্ধসত্ত্বভাবসমূহ সকল দিক্ হইতে যেমন সিন্ধুকে অর্থাৎ অনন্তস্বরূপ ভগবানকে প্রাপ্ত হয়, সেইরূপ সেই পুরুষকে অর্থাৎ আপনার অনুকম্পা-প্রাপ্ত জনকে আপনি অশেষপ্রকার ধনের দ্বারা (ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ ধনের দ্বারা) পূর্ণ করেন; (ভাব এই যে,—জলপ্রবাহ সকল যেমন সমুদ্রকে প্রাপ্ত হয়, ভগবানের করুণা সেইরূপ তাঁহার অনুগ্রহপ্রাপ্ত জনকে প্রাপ্ত হইয়া থাকে।)॥ (১ম—৮৩সূ—১ঋ)।

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র যো মর্ত্ত্যো মনুষ্যস্তবোতিভিস্ত্বদীয়ৈ রক্ষণৈঃ সুপ্রাবীঃ সুষ্ঠু প্ররক্ষিতো ভবতি স মর্ত্ত্যোঽশ্বাবতি বহুভিরশ্বৈর্যুক্তে গৃহে বর্ত্তমানো গোষু প্রাপ্তব্যেষু প্রথমো গচ্ছতি। সর্ব্বেভ্যো

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে ইন্দ্র! 'যঃ মর্ত্তঃ' যে মনুষ্য 'তবোতিভিঃ' আপনার রক্ষণসমূহের দ্বারা 'সুপ্রাবীঃ' সুষ্ঠুভাবে প্ররক্ষিত হয়, সেই মর্ত্ত 'অশ্বাবতি' বহু অশ্বসমূহ কর্ত্তৃক যুক্ত গৃহে বর্ত্তমান

যজমানেভ্যঃ পূর্ব্বমেব গোমান্ ভবতীত্যর্থঃ। ত্বং তমিৎ তমেব পুরুষং ভবীয়সা বহুতরেণ ভবিতৃতমেণ বা শতসহস্রাদিসংখ্যাযুক্তেন বসুনা ধনেন পৃণক্ষি। সম্পৃক্তং সম্পূর্ণং করোষি। তত্র দৃষ্টান্তঃ। বিচেতসো বিশিষ্টজ্ঞানহেতুভূতা আপো যথাভিতঃ সর্ব্বাসু দিক্ষু সিন্ধুং সমুদ্রং পূরয়ন্তি তদ্বৎ।

অশ্বাবতি। মন্ত্রে সোমাশ্বেতি মতো দীর্ঘত্বং। সুপ্রাবীঃ। অবিতৃস্তৃতন্ত্রিভ্য ঈরিত্য-বতেরীকারপ্রত্যয়ঃ। উতিভিঃ। উতিযুতীত্যাদিনা ক্তিন উদাত্তত্বং। পৃণক্ষি। পৃচী সম্পর্কে। রৌধাদিকঃ। ভবীয়সা। বহুশব্দাদীয়সুনি বহোর্লোপো ভূ চ বহোরিতি বহুশব্দস্য ভূভাবঃ। ঈয়সুন ঈকারলোপশ্চ। অত্রতু ছান্দসত্বাদীকারলোপো ন ক্রিয়তে। ভূভাবশ্চ ক্রিয়তে। অথবা ভবিতৃশব্দাত্তুশ্ছন্দসীতীয়সুন্। তুরিষ্ঠেমেয়ঃস্বিতি তৃলোপঃ ॥ (১ম—৮৩সূ—১ঋ) ॥

• • •

প্রথম (৮৯৬) ঋকের বিশদার্থ।

——§ঃ• • •ঃ§——

'অশ্বাবতি' ও 'গোষু' পদদ্বয় উপলক্ষে এই মন্ত্রের ভাব সম্পূর্ণ রূপান্তর প্রাপ্ত হইয়া আছে। তাহা হইতেই ভাব দাঁড়াইয়া গিয়াছে,—'অশ্ববিশিষ্ট' হইলেই (অশ্বাবতি) গোসমূহ প্রাপ্ত হওয়া যায় (গোষু গচ্ছতি)।' এতদ্দ্বারা যে কি সুষ্ঠুভাব অধিগত হয়, তাহা আমরা অনুধাবন করিয়া পাই না। পরন্তু 'অশ্ব' ও 'গো' শব্দে আমরা পূর্ব্বাপর যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, সেই অর্থ গ্রহণ করিলে এখানে ভাবের

'গোষু' প্রাপ্তব্য গোসমূহে 'প্রথমঃ গচ্ছতি' সকল যজমান হইতে পূর্ব্বেই গোমান্ (গোরুবিশিষ্ট) হয়েন—ইহাই অর্থ। আপনি 'তমিৎ' সেই পুরুষকে 'ভবীয়সা' বহুতর প্রকার অথবা ভবিতৃতম দ্বারা শতসহস্রাদিসংখ্যাযুক্ত 'বসুনা' ধনসমূহের দ্বারা 'পৃণক্ষি' সংপৃক্ত অর্থাৎ সম্পূর্ণ করেন; তদ্বিষয়ে দৃষ্টান্ত,—'বিচেতসঃ' বিশিষ্ট জ্ঞান-হেতুভূত 'আপঃ যথা অভিতঃ' সকল দিকে (জল যেমন) 'সিন্ধুং' সমুদ্রকে পূরণ করে—সেইরূপ।

অশ্বাবতি। 'মন্ত্রে সোমাশ্ব' ইত্যাদি সূত্রে মতির দীর্ঘত্ব। সুপ্রাবীঃ। 'অবিতৃস্তৃতন্ত্রি-ভ্য ঈঃ' ইত্যাদি সূত্রে অবে ঈকার-প্রত্যয়। উতিভিঃ। 'উতিযুতি' ইত্যাদি দ্বারা ক্তিনে উদাত্তত্ব। পৃণক্ষি। পৃচী ধাতু সম্পর্ক অর্থবোধক। রৌধাদিক। ভবীয়সা। বহু শব্দ-হেতু ঈয়সুনি-প্রত্যয়। বহুর লোপ; 'ভূ চ বহোঃ' ইত্যাদি সূত্রে বহু শব্দের ভূ-ভাবঃ। ঈয়সুন্ ও ঈকার লোপ। কিন্তু এখানে ছান্দস-হেতু ঈকার লোপ করা হয় নাই। ভূ-ভাব করা হইয়াছে; অথবা ভবতি শব্দ-হেতু 'তুশ্ছন্দসি' ইত্যাদি সূত্রে ঈয়সুন্। 'তুরিষ্ঠে-মেয়ঃসু' ইত্যাদি সূত্রে তৃ-লোপ। (১ম—৮৩সূ—১ঋ) ॥

• • •

সুসঙ্গতি থাকে। যিনি 'অশ্বাবতি' হয়েন, তিনিই গোসমূহে গমন করেন—এবম্প্রকার শব্দ-সমাবেশ হইতেই আমরা নির্দ্দেশ করি,—'যিনি জ্ঞানরশ্মি লাভ করিয়াছেন, তিনিই পূর্ণজ্ঞানে—সকল-জ্ঞানের কেন্দ্রীভূত স্থানে—গমন করিতে সমর্থ হয়েন।' এখানে, এই মন্ত্রের প্রথম চরণে ইন্দ্রদেবকে সম্বোধনপূর্ব্বক বলা হইয়াছে,—'হে ভগবন্! আপনি যাহাকে রক্ষা করেন, আপনার করুণার দ্বারা যে জন সুরক্ষিত হয়, সে জন যে জ্ঞানকিরণ লাভ করে, তদ্দ্বারাই তাহার পরমাগতিপ্রাপ্তি ঘটিয়া থাকে—তাহাতেই সে জ্ঞানাধারের আশ্রয় পায়।' মূলে একটী 'প্রথমঃ' পদ আছে। তাহার ভাব এই যে,—'প্রথমে অর্থাৎ সত্বর সে মুক্তি পায়।' পূর্ব্বে জ্ঞানের বিশ্লেষণ করিয়া বুঝাইয়াছি, জ্ঞান দ্বিবিধ মূর্ত্তিতে সংসারে বিরাজমান্ রহিয়াছে। এখানে 'সুপ্রাবীঃ' পদ উপলক্ষে 'ভগবান্ কর্তৃক রক্ষা প্রাপ্ত হইয়া' অর্থাৎ 'ভগবৎসম্বন্ধীয় জ্ঞান লাভ করিয়া'—ইত্যাদি ভাবই প্রাপ্ত হইয়া থাকি।

এক্ষণে মন্ত্রের দ্বিতীয় চরণটীর মর্ম্মার্থ অনুসন্ধান করিয়া দেখা যাইতেছে। এই চরণের অন্বয়ে প্রথমেই 'বিচেতসঃ' পদের প্রতি লক্ষ্য আসে। ঐ পদকে 'আপঃ' পদের বিশেষণ মধ্যে গণ্য করা হয়। 'বিচেতসঃ আপঃ'—সে কি প্রকার? 'আপঃ' পদে কেহ বা 'সলিল' অর্থ গ্রহণ করিয়াছেন; কেহ বা ঐ পদে 'নদীসমূহ' অর্থ গ্রহণ করেন। 'বিচেতসঃ' পদে দ্বিবিধ বিপরীত ভাব পরিগৃহীত হইতে দেখি। এক পক্ষ বলেন—ঐ পদে বিশিষ্টজ্ঞানহেতুভূত অর্থাৎ চৈতন্যলাভের মূলস্বরূপ অর্থই সঙ্গত হয়। অন্য পক্ষ বলেন—ঐ পদে চৈতন্যবিরহিত জড়ত্ব-প্রাপ্ত ভাব অধিগত হয়। সায়ণের অনুসারী ব্যাখ্যাকারগণ প্রথমোক্ত মতের অনুসারী হইয়াছেন। পাশ্চাত্যপণ্ডিতগণের অনেকেই শেষোক্ত মতের পরিপোষক। * এ পক্ষে কাহারও মত এই যে,—'নদীসমূহ

---

* পাশ্চাত্য-পণ্ডিতগণের মধ্যে ল্যাংলৈ এবং উইলসন্ 'বিচেতসঃ' পদে 'চেতনা-রহিত' অর্থই গ্রহণ করিয়া গিয়াছেন। ঐ 'বিচেতসঃ' পদের প্রতিবাক্যে উইলসন্ (Wilson) লিখিয়াছেন—"Unconscious" এবং ল্যাংলৈ (Langlois) লিখিয়া গিয়াছেন,—"Naturellement." গ্রিফিথ্‌স্ (Grifiths) সাহেবের অনুবাদে ঐ 'বিচেতসঃ আপঃ' পদদ্বয়ের প্রতিবাক্যে "Waters clearly seen afar" বাক্য প্রযুক্ত হইয়াছে। এইরূপ অর্থান্তরই ভাবান্তরের কারণ।

চেতনাবিশিষ্ট ; তাই সাগরাভিমুখে প্রবাহিত হয়।' কেহ বা বলেন,— 'তাহা নহে ; জল চেতনা-রহিত ; সুতরাং একস্থানেই অবস্থিতি করে ; অপর শক্তি দ্বারা পরিচালিত হইলেই তাহার গতি-বিধি সম্ভবপর হয়।' এই প্রকারে মন্ত্রের দ্বিতীয় চরণে অর্থ গ্রহণ করা হইয়া থাকে,—'জ্ঞানভূত অথবা অজ্ঞান নদী অথবা জলসকল যেমন সমুদ্রে গিয়া মিলিত হয়— সমুদ্রকে জল-পূর্ণ করে, আপনিও (ইন্দ্রদেব) সেইরূপ আপনার রক্ষিত স্বদলস্থিত মনুষ্যগণকে ধনাদির দ্বারা পূর্ণ করেন।' বলা বাহুল্য, আমাদিগের পরিগৃহীত অর্থ এ পক্ষে অন্য ভাব প্রকাশ করিতেছে। আমরা 'বিচেতসঃ' পদে 'প্রজ্ঞানপ্রদায়ক' অর্থ গ্রহণ করি। 'আপঃ' পদ, আমাদিগের মতে, শুদ্ধসত্ত্ব-ভাবসমূহকে নির্দ্দেশ করিতেছে। এতদনুসারে 'বিচেতসঃ আপঃ' পদদ্বয়ে প্রজ্ঞানপ্রদায়ক যে শুদ্ধসত্ত্বভাব, তাহারই প্রতি লক্ষ্য আসে। হৃদয়ে শুদ্ধসত্ত্বভাবের সঞ্চার হইলে, প্রকৃষ্ট জ্ঞান আপনিই অধিগত হয়। সেইজন্যই 'আপঃ বিচেতসঃ' পদদ্বয়ের প্রয়োগে সঙ্গতি দেখি। 'সিন্ধুং' পদে জল-পক্ষে জলাধার সমুদ্র এবং শুদ্ধসত্ত্বভাব-পক্ষে শুদ্ধসত্ত্বের আধার ভগবান্ অর্থ গ্রহণ করা যায়। প্রজ্ঞানপ্রদায়ক শুদ্ধসত্ত্বভাব আপনিই ভগবানকে প্রাপ্ত হয়—স্বতঃই ভগবানে গিয়া মিলিত হইয়া থাকে। তাই বলা হইয়াছে—"বিচেতসঃ আপঃ যথা অভিতঃ সিন্ধুং।" এখানে যদি 'আপঃ' পদে জলসমূহ বা নদীসমূহ অর্থই গ্রহণ করা হয়, তাহা হইলে প্রথমেই বুঝিতে হইবে— সে জলসমূহ বা নদীসমূহ কেমন! 'বিচেতসঃ' বিশেষণে তাহাদিগকে বুঝিবার চেষ্টা পাইলে, তদ্দ্বারা এক অন্য সামগ্রীর প্রতিই লক্ষ্য আসে। তাহাতে ভগবানের অঙ্গীভূত সত্ত্বভাবাদির প্রতি দৃষ্টি আকৃষ্ট হয়। "তমিৎ ভবীয়সা বসুনা পৃণক্ষি" বাক্যাংশে যে অর্থ সাধারণতঃ প্রকাশ পাইয়াছে, আমরাও সেই অর্থেরই অনুসরণ করি। যে পুরুষ আপনার কর্ম্মের দ্বারা ভগবানের অনুকম্পা লাভ করিতে সমর্থ হইয়াছেন, ভগবানের রক্ষা প্রাপ্ত হইয়াছেন, তিনি যে বহু প্রকারের নানাবিধ ধন প্রাপ্ত হন, তাহা বলাই বাহুল্য। এইরূপে বুঝিতে পারি, মন্ত্রের দ্বিতীয় চরণে এই ভাব প্রকাশ পাইয়াছে যে, শুদ্ধসত্ত্বভাবের অধিকারী প্রজ্ঞাসম্পন্ন জন যেমন ভগবানকে প্রাপ্ত হইয়া থাকে, তেমনই ভগবৎকৃপায়

ধর্ম্মার্থকামমোক্ষ সকল প্রকার ধনেরই অধিকারী হইতে পারে। জলপ্রবাহসমূহের বা নদীপ্রবাহসমূহের উপমা-পক্ষেও এই ভাবই প্রাপ্ত হওয়া যায়। (১ম—৮৩সূ—১ঋ)।

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

অপো নপ্‌ত্রীয়ে হোতৃচমসেঽদ্ভিঃ পূর্য্যমাণ আপো ন দেবীরিত্যেষানুবক্তব্যা। সূত্রিতঞ্চ। আপো ন দেবীরুপ যন্তি হোত্রিয়মিতি সমাপ্য। আ০ ৫।১। ইতি। ব্রাহ্মণঞ্চ। আপো ন দেবীরুপ যন্তি হোত্রিয়মিতি হোতৃচমসে সমবনীয়মানা স্বন্বাহ (ঐ০ ব্রা০ ২।২০) ইতি॥

দ্বিতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। ত্র্যশীতিতমং সূক্তং। দ্বিতীয়া ঋক্।)

আপো ন দেবীরুপ যন্তি হোত্রিয়মবঃ

পশ্যন্তি বিততং যথা রজঃ।

প্রাচৈর্দ্দেবাসঃ প্রণয়ন্তি দেবয়ুং ব্রহ্মপ্রিয়ং

জোষয়ন্তে বরা ইব॥ ২॥

পদ-বিশ্লেষণং।

আপঃ। ন। দেবীঃ। উপ। যন্তি। হোত্রিয়ং। অবঃ।

পশ্যন্তি। বিঽততং। যথা। রজঃ।

প্রাচৈঃ। দেবাসঃ। প্র। নয়ন্তি। দেবঽয়ুং। ব্রহ্মঽপ্রিয়ং।

জোষয়ন্তে। বরাঃঽইব॥ ২॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

জলসমূহের দ্বারা পূর্য্যমাণ 'অপো নপ্‌ত্রী' হোতৃচমসে 'আপো ন দেবীঃ' ইত্যাদি ঋক অনুবক্তব্য হয়। তদ্বিষয় সূত্রিত আছে; আপো ন দেবীরুপ যন্তি হোত্রিয়মিতি সমাপ্য (আ০ ৫।১) ইতি। ব্রাহ্মণেও আছে;—'আপো ন দেবীরুপ যন্তি হোত্রিয়মিতি হোতৃচমসে সমবনীয়মানাস্বন্বাহ' (ঐ০ ব্রা০ ২।২০) ইতি।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'আপঃ ন দেবীঃ' (মনুষ্যাণাং শুদ্ধসত্ত্বভাবাঃ দেবীস্বরূপাঃ দীপ্তিদানাদিগুণসমন্বিতাঃ) ভবন্তি, তাঃ স্বতমেব 'হোত্রিয়ং' (উৎসৃষ্টকর্ম্মফলং উপাসকং) 'উপ যন্তি' (উপগচ্ছন্তি, প্রাপ্নুবন্তি) ; তথা 'বিততং যথা রজঃ' (বিস্তীর্ণং কিরণং ইব, সর্ব্বদিক্ষুপ্রবেশশীলকিরণবৎ) লোকেভ্যঃ 'অবঃ' (রক্ষণং, সৎপন্থানং, মোক্ষং ইতি ভাবঃ) 'পশ্যন্তি' (দর্শয়ন্তি, প্রদদতি ইত্যর্থঃ) ; শুদ্ধসত্ত্বেন নরঃ পরমং মঙ্গলং লভতে - ইতি ভাবঃ ; 'দেবাসঃ' (দেবাঃ, অস্মাকং দীপ্তিদানাদিগুণাঃ ইতার্থঃ) 'ব্রহ্মপ্রিয়ং' (ভগবদনুরক্তং) 'দেবয়ুং' (দেবান্ কাময়মানং জনং, উপাসকং ইত্যর্থঃ) 'প্রাচৈঃ' (পূর্ব্বস্থানে, উৎপত্তিনিলয়ে, ভগবতি ইতি ভাবঃ) 'প্র নয়ন্তি' (প্রকৃষ্টরূপেণ লীনং কুর্ব্বন্তি), তথা তে দেবভাবাঃ তস্মিন্ উপাসকে 'বরা ইবঃ' (শ্রেষ্ঠাঃ ইব, প্রকৃষ্টরূপেণ ইত্যর্থঃ) 'জোষয়ন্তে' (সেবন্তে, বিদ্যন্তে)। দেবভাবাঃ মানুষে বিদ্যমানাঃ সন্তঃ তং ভগবতি লীনং কুর্ব্বন্তি—ইতি তাৎপর্য্য। (১ম—৮৩সূ—২ঋ)।

• . •

বঙ্গানুবাদ।

মনুষ্যের শুদ্ধসত্ত্বভাবসমূহ দেবীস্বরূপ অর্থাৎ দীপ্তিদানাদি-গুণসমন্বিত হয় ; তাহারা স্বতঃই উৎসৃষ্টকর্ম্মফল উপাসককে প্রাপ্ত হইয়া থাকে, এবং সর্ব্বদিক্ষুপ্রবেশশীল কিরণের ন্যায় মনুষ্যগণকে রক্ষাপ্রদান করে—সৎপথ প্রদর্শন করে ; (ভাব এই যে,—শুদ্ধসত্ত্বের দ্বারাই মানুষ পরম মঙ্গল লাভ করিয়া থাকে) ; দেবগণ অর্থাৎ আমাদিগের দীপ্তিদানাদিগুণসমূহ, ভগবদনুরক্ত দেবভাব-কাময়মান জনকে অর্থাৎ উপাসককে উৎপত্তিস্থানে (ভগবানে) প্রকৃষ্টরূপে লীন করে, এবং সেই দেবভাবসমূহ সেই উপাসকে শ্রেষ্ঠের ন্যায় অর্থাৎ প্রকৃষ্টরূপে বিদ্যমান্ থাকে। (তাৎপর্য্য এই যে,—দেবভাবসমূহ মানুষের মধ্যে বিদ্যমান্ থাকিয়া তাহাকে ভগবানে লীন করিয়া দেয়।)॥ (১ম—৮৩সূ—২ঋ)।

• . •

সায়ণ-ভাষ্যং।

হোত্রিয়ং হোতুঃ স্বভূতং চমসং দেবীর্দ্দেব্যো দ্যোতমানা আপো ন যথাপ উপযন্তি। উপগচ্ছন্তি। তদ্বদুপরি বর্ত্তমানা দেবাসঃ দেবা এতমেব চমসমবোঽবস্তাৎ পশ্যন্তি। হোতৃ-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'হোত্রিয়ং' হোতার স্বভূত 'চমসং' চমসকে 'দেবীঃ' (দেব্যোঃ) দ্যোতমানা 'আপঃ ন' যেমন জলসকল 'উপযন্তি' সমীপে গমন করে, তদ্বৎ উপরি বর্ত্তমান 'দেবাসঃ' দেবগণ এই চমসকে 'অবঃ' অব হইতে দর্শন করেন ; হোতৃচমসে আমাদিগের সোমাভিষবের জন্য

চমসেঽস্মাকং সোমাভিষবায়াপঃ পূরিতা ইতি তেষাং দৃষ্টিরপ্যস্মিন্ সংলগ্নাভূৎ। তত্র দৃষ্টান্তঃ। বিততং বিস্তীর্ণং রজো জ্যোতিঃ সূর্য্যসম্বন্ধি যথা নিরন্তরমবস্থাৎ পততি তদ্বৎ। দেবয়ুং দেবান্ কাময়মানমেতং চমসং প্রাচৈঃ প্রাচীনং যদ্বা প্রাঞ্চনৈঃ প্রগমনৈরুত্তরবেদ্যভিমুখং হোমকালে প্রণয়ন্তি। হোমার্থে প্রণীতং ব্রহ্মপ্রিয়ং ব্রহ্মণা সোমলক্ষণেনান্নেন প্রীতং। সন্তৃপ্তং পূরিতমিত্যর্থঃ। জোষয়ন্তে। সর্ব্বে দেবাস্তং চমসং সেবন্তে। বরা ইব কন্যকাং। যথা বরা মমেয়ং ভবিষ্যতি মমেয়ং ভবিষ্যতীতি কন্যকাং সেবন্তে। এবং দেবা অপি মমায়ং সোমো মমায়ং সোম ইত্যস্য পার্শ্বে বর্ত্তন্ত ইত্যর্থঃ। এবমপোনপ্ত্রীয় বিনিয়োগানুসারেণ যোজিতং মন্ত্রস্যানুষ্ঠেয়ার্থপ্রকাশকত্বাৎ। যদা তু রাত্রিপর্য্যায়েঽস্যা বিনিয়োগস্তদা ত্বেবং ব্যাখ্যেয়ং। হে ইন্দ্র দেব্য আপো যথা নিম্নদেশমুপগচ্ছন্তি। এবং দেবাস্তদীয়ং স্তোত্রং শুশ্রূষমাণাঃ হোত্রিয়ং হোতৃসম্বন্ধি ধিষ্ণ্যং স্থানমুপগচ্ছন্তি। উপগত্য চাবস্তাৎ পশ্যন্তি বিততং জ্যোতিরিব। দেবয়ুং দেবানাত্মন ইচ্ছন্তমেতং শংসিতারমাগতাঃ সর্ব্বে দেবাঃ প্রাচীনং প্রণয়ন্তি। অগ্রতো ধারয়ন্তি। ব্রহ্মপ্রিয়ং স্তোত্রপ্রিয়ং ত্বাং শংসন্তং বরাঃ কণ্যকা ইব সেবন্তে॥

হোত্রিয়ং। হোতৃশব্দাত্তস্যেদমর্থে ঘ-প্রত্যয়ঃ। অবঃ। পূর্ব্বাধরাবরাণামসি পুরধবশ্চৈষামিত্যাসিপ্রত্যয়ান্তোদাত্তঃ। প্রাচৈঃ। উচ্চৈর্নীচৈরিতিবদব্যয়ং। যদ্বা। প্রপূর্ব্বাদঞ্চতের্ঘঞর্থে কবিধানং স্থাস্নাপাব্যধিহনিযুধ্যর্থমিতি পরিগণনস্যোপলক্ষণার্থত্বাত্তাবে ক-

---

'আপঃ' (জল) পূর্ণ হইলে তাঁহাদিগের দৃষ্টিও তৎসংলগ্ন হয়। তদ্বিষয় দৃষ্টান্ত ;—'বিততং' বিস্তীর্ণ 'রজঃ' জ্যোতিঃ সূর্য্যসম্বন্ধি যথা নিরন্তর অব হইতে পতিত হয় তদ্বৎ। 'দেবয়ুং' দেবগণকে কাময়মান এই চমসকে 'প্রাচৈঃ' প্রাচীন অথবা প্রাঞ্চনের বা প্রগমনের দ্বারা উত্তর বেদীর অভিমুখে হোমকালে 'প্রণয়ন্তি' হোমার্থে প্রণীত 'ব্রহ্মপ্রিয়ং' ব্রহ্মণা অর্থাৎ সোমলক্ষণ অন্নের দ্বারা প্রীত সংতৃপ্ত অর্থাৎ পূরিত। 'জোষয়ন্তে' সকল দেবগণ সেই চমসকে সেবা করেন। 'বরা ইব' কন্যাকে যেমন বরগণ 'আমার এই হইবে—আমার এই হইবে' মনে করিয়া সেবা করে, সেইরূপ দেবগণও 'আমার এই সোম—আমার এই সোম' মনে করিয়া তাহার পার্শ্বে বিদ্যমান রহেন। এইরূপে 'অপো নপ্ত্রীয়' বিনিয়োগানুসারে যোজিত হয়—মন্ত্রের অনুষ্ঠেয় অর্থ প্রকাশ-হেতু। যে হেতু রাত্রিপর্য্যায়ে ইহার বিনিয়োগ, তজ্জন্য এইরূপ ব্যাখ্যাত হইবে ;—হে ইন্দ্র ! দেবী অপগণ যখন নিম্নদেশে উপগমন করেন, এবং দেবগণ আপনার স্তোত্রকে শ্রবণ-পূর্ব্বক হোতৃসম্বন্ধীয় যে স্থান তথায় উপগমন করেন; আর উপগমন করিয়া অব হইতে বিস্তৃত জ্যোতির ন্যায় দর্শন করেন; (তখন) দেবগণকে আপনারা ইচ্ছা করিয়া স্তুতির জন্য আগত সকল দেবগণ প্রাচীনকে প্রণয়ন করেন অর্থাৎ অগ্রে ধারণ করেন;—ব্রহ্মপ্রিয় অর্থাৎ স্তোত্রপ্রিয় আপনাকে স্তব করিয়া, বর যেমন কন্যাকে সেবা করেন, সেইরূপ সেবা করিয়া থাকেন।

হোত্রিয়ং। হোতৃশব্দ-হেতু 'তস্যেদং' অর্থে ঘ-প্রত্যয়। অবঃ। 'পূর্ব্বাধরাবরাণামসি পুরধবশ্চৈষাং' ইত্যাদি সূত্রে অসি-প্রত্যয়ান্ত ও অন্তোদাত্ত। প্রাচৈঃ। 'উচ্চৈর্নীচৈঃ' ইত্যাদি-বৎ অব্যয়। অথবা প্র-পূর্ব্বক হেতুতে অঞ্চতির স্থলে ঘঞ অর্থে ক-বিধান। 'স্থাস্নাপাব্যধিহনিযুধ্যর্থং' ইত্যাদি সূত্রে পরিগণনের উপলক্ষণার্থ হেতু-ভাবে ক-প্রত্যয়।

প্রত্যয়ঃ। অনিদিতামিতি ন লোপঃ। জোষয়ন্তে। জুষী প্রীতিসেবনয়োঃ। স্বাত্মনঃ প্রযোজ্যত্বাদ্ধেতুমিতি ণিচ্॥ (১ম—৮৩স্থ—২ঋ)॥

দ্বিতীয় (৮৯৭) ঋকের বিশদার্থ।

ব্যাখ্যা-উপলক্ষে মন্ত্রের প্রথম চরণটী দুই অংশে বিভক্ত হয়। আমরাও সেই দুই অংশে বিভক্ত করিয়াছি বটে; কিন্তু আমাদিগের পরিগৃহীত অর্থ, প্রচলিত কোনপ্রকার অর্থের সহিতই সমভাব-দ্যোতক হয় নাই। প্রথম চরণের প্রথমাংশ—"আপঃ ন দেবীঃ উপযন্তি"। এতদন্তর্গত 'ন' পদটীকে কেহ বা উপমার্থক বলিয়া গ্রহণ করিয়াছেন; কাহারও মতে ঐ পদ 'না' অর্থ-পরিজ্ঞাপক। 'আপঃ নঃ দেবীঃ' পদত্রয় উপলক্ষে, কেহ তাই 'দ্যুতিমান্ জল যেমন' অর্থ গ্রহণ করিয়াছেন; কাহারও বা অর্থ 'স্বর্গীয় জল আসে না।' এইরূপ, এই চরণের যে দ্বিতীয় অংশ—"অবঃ পশ্যন্তি বিততং যথা রজঃ", তাহারও প্রচলিত অর্থ বিভিন্ন ভাব প্রকাশ করিতেছে। দ্বিতীয় চরণের অর্থ-সম্পর্কে আবার এক অপরূপ উপমা প্রকাশ পাইয়াছে। একটী কন্যার প্রতি অনেক বর যেমন লোলুপ-দৃষ্টিতে থাকেন, সোমরস মাদকদ্রব্যের প্রতি ইন্দ্র সেইরূপ লোলুপ-দৃষ্টি আছেন;—ঐ অংশের ইহাই ভাবার্থ। আমরা সমগ্র মন্ত্রটীর দুই প্রকার ব্যাখ্যা উদ্ধৃত করিতেছি। তাহা হইতে প্রচলিত বিভিন্ন ব্যাখ্যার ভাবার্থ বোধগম্য হইবে। যথা;—

(১) "যেরূপ দ্যুতিমান জল পাত্রে গমন করে, সেইরূপ উপরিস্থিত (দেবগণ) যজ্ঞপাত্র দর্শন করেন; তাহাদের দৃষ্টি সূর্য্যের কিরণের ন্যায় বিতত। অনেক বরে যেরূপ একটী কন্যাকে (বিবাহের জন্য) অভিলাষ করে, দেবগণ সেইরূপ সোমপূর্ণ দেবাভিলাষী (পাত্রকে) (উত্তরবেদী অভিমুখে) আনয়ন করতঃ, অভিলাষ করে।"

(2) "The heavenly Waters come not nigh the priestly bowl: they but look down and see how far mid-air is spread:

The Deities conduct the pious man to them: like suitors they delight in him who loveth prayer."

'অনিদিতাং' ইত্যাদি সূত্রে ন-লোপ। জোষয়ন্তে। জুষী ধাতু প্রীতি ও সেবনার্থক। স্বাত্মনের প্রযোজ্য-হেতু ণিচ্॥ (১ম—৮৩স্থ—২ঋ)॥

কোন্ পদের কি প্রকার অর্থে কিরূপ ভাব প্রকাশ পাইয়াছে এবং কোথায় অর্থের কি পরিবর্ত্তন ঘটিয়াছে, সায়ণের ভাষ্যের সহিত উপরি-উদ্ধৃত দুইটী অনুবাদের তুলনায় তাহা বুঝিতে পারা যাইবে।

অতঃপর, আমাদিগের পরিগৃহীত অর্থের বিষয় অনুধাবন করিয়া দেখুন। তাহাতে কোথায় কি ভাব-ব্যত্যয় ঘটিয়াছে, আপনিই উপলব্ধি হইবে। প্রথম—'আপঃ ন দেবীঃ'। ঐই বাক্যাংশে কি ভাব প্রকাশ পাইতেছে, লক্ষ্য করুন। শুদ্ধসত্ত্বভাবসমূহ (আপঃ) যে দেবী-স্বরূপ দীপ্তিদানাদিগুণযুক্ত (দেবীঃ), ঐ বাক্যাংশে তাহাই দ্যোতনা করিতেছে। হৃদয়ের শুদ্ধসত্ত্বভাব হৃদযে দেবতার অধিষ্ঠান করে। তাই 'আপঃ ন দেবীঃ' পদের সার্থকতা দেখি। 'হোত্রিয়ং' পদে সাধারণতঃ 'হবির্দ্দানপাত্র চমস' অর্থ গৃহীত হইয়া থাকে। আমরা মনে করি, ঐ পদে উপাসককে লক্ষ্য করিতেছে। যাঁহার হবিঃ শুদ্ধসত্ত্ব-ভাব বা কর্ম্মফল ভগবানে উৎসৃষ্ট হইয়াছে, তিনিই 'হোত্রিয়ং' পদের লক্ষ্যস্থল। এইরূপে বুঝিতে পারা যায়, "আপঃ ন দেবীঃ হোত্রিয়ং উপ যন্তি" বাক্যাংশের মর্ম্ম এই যে,—'দেবীস্বরূপ যে শুদ্ধসত্ত্বভাব, তাহা স্বতঃই ভগবানে উৎসৃষ্টকর্ম্মফল উপাসককে প্রাপ্ত হইয়া থাকে।' এ এক নিত্যসত্য-তত্ত্ব। যাঁহারা ভগবৎপরায়ণ, যাঁহারা ভগবানে সমস্ত কর্ম্মফল সমর্পণ করিতে পারিয়াছেন, তাঁহারা যে দেবীস্বরূপ শুদ্ধসত্ত্বভাবের অধিকারী হইবেন, তাহা বলাই বাহুল্য। মন্ত্রাংশ সেই বাণী ঘোষণা করিতেছে। এখন দেখুন, ঐ চরণের দ্বিতীয়াংশের অর্থে সেই ভাবের কেমন সঙ্গতি লক্ষিত হইতেছে! এই অংশে, "বিততং যথা রজঃ অবঃ পশ্যন্তি" বাক্যাংশে, ভাব প্রাপ্ত হই—বিস্তীর্ণ কিরণের ন্যায় অর্থাৎ সকল দিকে প্রবেশশীল সূর্য্যকিরণবৎ উহা রক্ষণকে (মোক্ষাদিকে) প্রদান করে। এখানে 'পশ্যন্তি' ক্রিয়া-পদের কর্তৃপদ—সেই 'আপঃ'। দেবতার ন্যায় দীপ্তিদানাদিগুণযুক্ত যে শুদ্ধসত্ত্ব-ভাব, তাহা সর্ব্বত্রপ্রকাশশীল কিরণের ন্যায় রক্ষণকে প্রদান করিয়া থাকে; অর্থাৎ, মানুষকে রক্ষা করে। যে রশ্মি সকল পদার্থের মধ্যে প্রবেশ করিয়া সর্ব্বত্র প্রাণ-রূপে বিদ্যমান্ আছে; শুদ্ধসত্ত্ব-ভাবসমূহ মানুষকে তাহা দেখাইয়া দেয়—পাওয়াইয়া দেয়। এ পক্ষে, এই মন্ত্রাংশের উপদেশ এই যে,—'হৃদয়ে দীপ্তিমান্ শুদ্ধসত্ত্বের সঞ্চার কর;

তদ্দ্বারাই তোমার রক্ষালাভ হইবে ; দেবীর ন্যায় দ্যোতমান্ সেই শুদ্ধসত্ত্ব তোমার রক্ষাকে তোমার অধিগত করিয়া দিবে।' অন্যান্য পদের বিশ্লেষণ বাহুল্য মাত্র। মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতেই তাহা বোধগম্য হইবে।

মন্ত্রের দ্বিতীয় চরণটীর ভাব পরিগ্রহণ পক্ষে 'দেবাসঃ' ও 'দেবয়ুং' পদদ্বয়ের মর্ম্মানুধাবন প্রথম আবশ্যক। 'দেবাসঃ' পদের প্রতিবাক্যে 'দেবাঃ' পদ পরিগৃহীত হয়। উহার অর্থ—'দেবগণ।' ভাব এই যে,—আমাদিগের দীপ্তিদানাদিগুণসমূহ বা শুদ্ধসত্ত্বভাবসকল। 'দেবয়ুং' পদে দেবগণকে অর্থাৎ দীপ্তিদানাদিগুণসমূহকে বা শুদ্ধসত্ত্বকে কাময়মান উপাসককে বুঝায়। 'ব্রহ্মপ্রিয়ং' পদ ঐ 'দেবয়ুং' পদের বিশেষণ-রূপে 'ভগবদনুরক্ত' অর্থ প্রকাশ করে। 'প্রাচৈঃ' পদে পূর্ব্বস্থানে উৎপত্তি-নিলয়ে অর্থাৎ ভগবানে অর্থ আসে। এ পক্ষে, "দেবাসঃ ব্রহ্মপ্রিয়ং দেবয়ুং প্রাচৈঃ প্রণয়ন্তি" বাক্যাংশের তাৎপর্য্য হয় এই যে,—'মানুষের দেবভাবসমূহই ভগবৎপরায়ণ জনকে সেই আদিস্থানে ভগবানে প্রকৃষ্টরূপে লীন করিয়া দেয়।' মন্ত্রের অবশিষ্ট পদত্রয়—"বরাঃ ইব জোষয়ন্তে।" এতদ্দ্বারাও পূর্ব্বোক্ত ভাবেরই পোষকতা করিতেছে। এখানেও 'জোষয়ন্তে' ক্রিয়াপদের কর্ত্তা 'দেবাঃ'। দেবগণ অর্থাৎ দেবভাবসমূহ 'বরাঃ ইব' অর্থাৎ প্রকৃষ্টরূপে পূর্ব্বোক্ত উপাসককে সেবা করে অর্থাৎ উপাসকে বিদ্যমান্ থাকে। যাঁহারা ব্রহ্মপ্রিয়, দেবভাবসম্পন্ন, তাঁহাদিগের মধ্যে দেবতারা স্বতঃই বিদ্যমান্ রহেন। এখানে এই ভাবই প্রকাশমান্ দেখিতে পাই।

এইরূপে সমগ্র মন্ত্রটীতে কি ভাব পরিব্যক্ত হইয়াছে, তাহা বুঝিয়া দেখুন। বলা হইয়াছে,—যাঁহারা হোত্রিয় অর্থাৎ ভগবানের উপাসক, তাঁহাদিগের মধ্যে দ্যোতমান্ শুদ্ধসত্ত্বভাব আপনিই সঞ্চিত হয়; আর, তদ্দ্বারা তাঁহারা রক্ষা অর্থাৎ মোক্ষাদি প্রাপ্ত হইয়া থাকেন ; অপিচ, যাঁহারা দেবভাবের কামনা করেন, ভগবানে অনুরক্ত আছেন, দেবগণ অর্থাৎ দেবভাবসমূহ তাঁহাদিগকে ভগবৎসমীপে লইয়া যায়। দেবভাব-সমূহই মানুষের মধ্যে বিকাশ প্রাপ্ত হইয়া পারিপার্শ্বিক জনগণকে আলোক দান করিয়া থাকে। (১ম—৮৩সূ—২ঋ)।

—— • ——

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

প্রবর্গ্যাভিষ্টবেঽধিদ্বয়োরিত্যেষা। স্পৃষ্টোদকমিতি খণ্ডে সূত্রিতং। অধিদ্বয়োরদধা উকৃথ্যং বচঃ শুক্রস্তে অন্যদ্যজতন্তে অন্যৎ। আ০ ৪।৬। ইতি। হবির্দ্ধানপ্রবর্ত্তনেঽপ্যেষা। সূত্রিতং চ। যমে ইব যতমানে যদৈতমধিদ্বয়োরদধা উকৃথ্যং বচ ইত্যর্দ্ধর্চ আরভেৎ। আ০ ৪।৯। ইতি॥

তৃতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। ত্র্যশীতিতমং সূক্তং। তৃতীয়া ঋক্।)

অধি দ্বয়োরদধা উকৃথ্যং ১ বচো যতস্রুচা

মিথুনা যা সপর্য্যতঃ।

অসংযত্তো ব্রতে তে ক্ষেতি পুষ্যতি ভদ্রা

শক্তির্যজমানায় সুন্বতে॥ ৩॥

পদ-বিশ্লেষণং।

অধি। দ্বয়োঃ। অদধাঃ। উকৃথ্যং। বচঃ। যতঽস্রুচা।

মিথুনা। যা। সপর্যতঃ।

অসংঽযত্তঃ। ব্রতে। তে। ক্ষেতি। পুষ্যতি। ভদ্রা।

শক্তিঃ। যজমানায়। সুন্বতে॥ ৩॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

প্রবর্গ্যাভিষ্টবে 'অধিদ্বয়োঃ' ইত্যাদি এই ঋক্ প্রযুজ্য। 'স্পৃষ্টোদকং' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে,—'অধিদ্বয়োরদধা উকৃথং বচঃ শুক্রস্তে অন্যদ্যজতন্তে অন্যৎ।' আ০ ৪।৬। ইতি। হবির্দ্ধান-প্রবর্ত্তনেও এই ঋক্ প্রযুক্ত হয়। এ বিষয়ে সূত্রিত আছে,—'যমে ইব যতমানে যদৈতমধিদ্বয়োরদধা উকৃথ্যং বচ ইত্যর্দ্ধর্চ আরভেৎ।' আ০ ৪।৯। ইতি॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'যা' (যে, স্বধর্ম্মপরায়ণে) 'যতস্রুচা' (সংযতহৃদয়ে, সংযমশীলে) 'মিথুনা' (মিথুনে, যুগলরূপেণ বর্ত্তমানে পতিপত্ন্যৌ) 'উক্থ্যং বচঃ' (শস্ত্রং মন্ত্রং, শস্ত্রমন্ত্রেণ) যদা ত্বাং 'সপর্য্যতঃ' (পূজয়তঃ, আরাধয়তঃ), তদা 'দ্বয়োঃ' (তয়োঃ মিথুনয়োঃ পতিপত্ন্যোঃ) 'অধি অদধাঃ' (ত্বং আত্মানং নিহিতঃ করোষি); সহধর্ম্মিণ্যা সহ যদা বয়ং একান্তেন ভগবতঃ পূজাপরায়ণাঃ ভবামঃ, ভগবান তদা অস্মাসু আবির্ভূতঃ অধিষ্ঠিতঃ চ ভবতি—ইতি ভাবঃ। হে ভগবন্! 'তে' (তব)· 'ব্রতে' (কর্ম্মণি, সৎকর্ম্মণি ইত্যর্থঃ) যঃ জনঃ 'অসংযত্তঃ' (সংযমপরিশূন্যঃ, উচ্ছৃঙ্খলঃ ইতি ভাবঃ) সঃ 'ক্ষেতি' (ক্ষয়ং নিধনং বা প্রাপ্নোতি); পরন্তু 'সুন্বতে' (শুদ্ধসত্ত্বসমন্বিতায়) 'যজমানায়' (উপাসকায়) 'ভদ্রা' (কল্যাণী, মঙ্গলপ্রদং) 'শক্তিঃ' (পুষ্টিঃ, সৎকর্ম্মসাধনসামর্থ্যং) 'পুষ্যতি' (পোষয়তি, পরমং ধনং[১] প্রদদাতি ইত্যর্থঃ); অসংযতস্য জনস্য বিনাশঃ অবশ্যম্ভাবী; ভগবৎপরায়ণঃ জনঃ স্বতমেব শ্রেয়াংসি লভতে—ইতি ভাবঃ। (১ম—৮৩সূ—৩ঋ)।

বঙ্গানুবাদ।

হে ভগবন্! যে স্বধর্ম্মপরায়ণ সংযমশীল যুগলরূপে বর্ত্তমান পতিপত্নী শস্ত্রমন্ত্রে যখন আপনাকে আরাধনা করে, তখন সেই যুগ্ম পতিপত্নীর মধ্যে আপনি আপনাকে নিহিত করেন; (ভাব এই যে,—সহধর্ম্মিণীর সহিত আমরা যখন একান্তে ভগবানের পূজাপরায়ণ হই, ভগবান্ তখন আমাদিগের মধ্যে আবির্ভূত ও অধিষ্ঠিত হয়েন)। হে ভগবন্! আপনার কর্ম্মে যে জন সংযমপরিশূন্য উচ্ছৃঙ্খল, সে নিধন প্রাপ্ত হয়; পরন্তু শুদ্ধসত্ত্বসমন্বিত উপাসকে মঙ্গলপ্রদ শক্তি অর্থাৎ সৎকর্ম্ম-সাধনসামর্থ্য পুষ্ট হয়—পরম ধন প্রদান করে; (ভাব এই যে,—অসংযত জনের নাশ অবশ্যম্ভাবী; ভগবৎপরায়ণ জন স্বতঃই শ্রেয়ঃ লাভ করিয়া থাকেন।)॥ (১ম—৮৩সূ—৩ঋ)॥

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র হবির্দ্ধানয়োরুক্থ্যং। উক্থ্যং শস্ত্রং। তদ্যোগ্যং বচো। যুক্তে বামিত্যাদিমন্ত্ররূপং বচনমধ্যাদধাঃ। নিহিতবানসি। ননু হবির্ধানয়োর্দ্ধয়োঃ কথমেকমেব বচোঽধি

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে ইন্দ্র! 'দ্বয়ঃ' হবি ও ধান উভয়ে 'উক্থ্যং' উকথ্য শস্ত্রকে তদ্‌যোগ্য 'বচঃ' বাক্যকে যোজনা করি; তোমাদিগকে এই মন্ত্ররূপ বাক্যে 'অধ্যাদধাঃ' (অধি অদধাঃ) নিহিতবান্ করিয়াছ; এরূপ হইতে পারে না—হবির্দ্ধানদ্বয়ে কি প্রকারেই বা স্তোত্র ধারণ করিতে

নিধীয়ত ইত্যাশঙ্ক্য ব্রাহ্মণেনৈবং ব্যাখ্যাতং। অধি দ্বয়োরদধা উক্থ্যং বচ ইতি দ্বয়োর্হ্যে-তত্তৃতীয়ং ছদিরধি নিধীয়ত উক্থ্যং বচ ইতি যদাহ যজ্ঞিয়ং বৈ কর্ম্মোকথং বচো যজ্ঞমেবৈতেন সমর্দ্ধয়তীতি। তত্র যথা হবির্দ্ধানদ্বয় একমেব তৃতীয়ং ছদিরপি নিধীয়তে। এবং স্তোত্রমপ্যু-ভয়োরেকং যুক্তং। উক্থ্যং নাম যজ্ঞসম্বন্ধি শস্ত্রং তদ্যোগ্যং বচনমপি যজ্ঞিয়ং কর্ম্ম। তস্য যজ্ঞরূপয়ো হবির্দ্ধানয়োর্যজ্ঞত্বসম্পাদনায়াধিনিধানাদ্যজ্ঞোঽপি সমৃদ্ধো ভবতি। কীদৃশয়োর্হ-বির্দ্ধানয়োঃ। যতস্রুচা। যতাঃ সম্বদ্ধাঃ স্রুচো গ্রহচমসাদিলক্ষণানি পাত্রাণি যয়োস্তে। মিথুনা যুগলরূপেণ বর্ত্তমানে যা যে হবির্দ্ধানে ত্বাং সপর্যাতঃ পূজয়তস্তয়োরিত্যর্থঃ। কিঞ্চ ঈদৃগ্রূপ-হবির্দ্ধানযুক্তো যজমানোঽসংযতঃ শক্রুভিঃ সহ যুদ্ধার্থমনভিগতঃ সন্ তে ব্রতে ত্বদীয়ে কর্ম্মণি ক্ষেতি। নিবসতি। পুষ্যতি চ। প্রজয়া পশুভিশ্চ পুষ্টো ভবতি চ। সুম্বতে তদ্দেবত্যো যাগে সোমাভিষবং কুর্ব্বতো যজমানস্য ভদ্রা কল্যাণী শক্তিরুৎকৃষ্টং বলং ভবতি। এতৎ সর্ব্বং হবির্দ্ধানয়োরুক্থ্যস্য বচসোঽধিনিধানেন ত্বয়া কৃতমিত্যর্থঃ।

যতস্রুচা। যম উপরমে। নিষ্ঠায়ামনুদাত্তোপদেশেত্যাদিনানুনাসিকলোপঃ। বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। ইদমাদিষু ত্রিষু পদেষু সুপাং সুলুগিতি বিভক্তেরাকারঃ। সপর্য্যতঃ। সপর পূজায়াং। কণ্ড্বাদিভ্যো যক্। অদুপদেশাল্লসার্ব্বধাতুকানুদাত্তত্বে তস্যৈব স্বরঃ শিষ্যতে।

পারে! এইরূপ আশঙ্কা করিয়া বলা হইতেছে, ব্রাহ্মণে (ঐ০ ব্রা০ ১২৯) এইরূপ ব্যাখ্যাত আছে। 'অধি দ্বয়োরদধা উক্থ্যং বচ ইতি দ্বয়োর্হ্যেতর্ত্তৃতীয় ছদিরধি নিধীয়ত উক্থ্যং বচ ইতি যদাহ যজ্ঞিয়ং বৈ কর্ম্মোক্থ্যং বচো, যজ্ঞমেবৈতেন সমর্দ্ধয়তীতি।' যেমন হবির্দ্ধানদ্বয়ে এক তৃতীয় ছদি অধিনিহিত আছে, এইরূপ স্তোত্রও উভয়ের একে যুক্ত আছে। উক্থ্য-সমূহের যজ্ঞ-সম্বন্ধীয় শস্ত্রকে তদ্‌যোগ্য বচনকেও যজ্ঞকর্ম্ম বলা যায়। তাহার যজ্ঞরূপ হবির্দ্ধানদ্বয়ও যজ্ঞত্ব-সম্পাদনে অধিনিহিত হয়; তাহাতে যজ্ঞও সমৃদ্ধ হইয়া থাকে। কিরূপ হবির্দ্ধানদ্বয়? 'যতস্রুচা' যতাঃ সংবদ্ধাঃ স্রুচঃ—অর্থাৎ গ্রহচমসাদিলক্ষণ পাত্রসমূহ যাহাতে যুক্ত আছে তাহাতে 'মিথুনা' যুগলরূপে বর্ত্তমান 'যা' যে হবির্দ্ধানে আপনাকে 'সপর্যতঃ' পূজা করে, তাহাতে—এই অর্থ; কিন্তু এইরূপ হবির্দ্ধধানযুক্ত যজমান 'অসংযতঃ' শত্রুগণের সহিত যুদ্ধার্থ অনভিগত হইয়া (প্রস্তুত না হইয়া) 'তে ব্রতে' আপনার কর্ম্মে 'ক্ষেতি' বাস করে 'পুষ্যতি' এবং প্রজা ও পশুগণের দ্বারা পুষ্ট হয়; 'সুম্বতে' আপনার যজ্ঞে সোমাভিষবকারী 'যজমানায়' যজমানের 'ভদ্রা' কল্যাণযুক্ত 'শক্তিঃ' উৎকৃষ্ট বল হয়। অতএব সকলপ্রকার হবির্দ্ধানদ্বয়ে উক্থের ও স্তোত্রের অধিনিধান আপনার কৃত—ইহাই ভাবার্থ।

যতস্রুচা। যম ধাতু উপরমার্থক। নিষ্ঠাতে 'অনুদাত্তোপদেশ' ইত্যাদি সূত্রের দ্বারা অনুনাসিকের লোপ। বহুব্রীহিতে পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব। এই 'যতস্রুচা' আদি তিনটী পদে 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে বিভক্তির স্থলে আকার। সপর্যতঃ। সপর ধাতু পূজা অর্থ-বোধক। 'কণ্ড্বাদিভ্যো যক্' ইত্যাদি নিয়মে যক্-প্রত্যয়। অদুপদেশ-হেতু লসার্ব্বধাতুকানু-দাত্তত্বে তাহারই স্বর অবশিষ্ট আছে। ক্ষেতি। ক্ষি ধাতু নিবাস ও গতি অর্থ-বোধক।

ক্ষেতি। ক্ষি নিবাসগত্যোঃ। বহুলং ছন্দসীতি বিকরণস্য লুক্। সুন্বতে। ষষ্ঠ্যর্থে চতুর্থী বক্তব্যেতি চতুর্থী। শতুরনুম ইতি বিভক্তেরুদাত্তত্বং॥ (১ম—৮৩সূ—৩ঋ)॥

তৃতীয় (৮৯৮) ঋকের বিশদার্থ।

—— §:০○০:§ ——

মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, আমাদিগের পরিগৃহীত অর্থ তাহা হইতে সম্পূর্ণ বিভিন্ন ভাব প্রকাশ করিতেছে। কি কারণে আমাদিগের পরিগৃহীত অর্থ ভাবান্তর প্রাপ্ত হইল—তাহা বুঝিতে হইলে, কি কারণে কি অর্থ প্রচলিত ছিল এবং কি কারণেই বা তাহার অর্থান্তরে সঙ্গতি দেখিতেছি, তাহা বিশ্লেষণ করা আবশ্যক মনে করি।

মন্ত্রে একটী 'দ্বয়োঃ' পদ আছে। তাহা হইতে 'হবির্দ্ধানয়োঃ' প্রতিবাক্যে 'হবি ও ধান্য উভয়ে' অর্থ গ্রহণ করা হয়। উহার সহিত 'উক্থ্যং বচঃ' পদদ্বয় সম্বন্ধযুক্ত স্বীকার করিয়া, ভাষ্যে একটী 'যুজে' পদ অধ্যাহার করা হইয়াছে; এবং 'অধ্যদধাঃ' ক্রিয়াপদ তৎসহ অন্বিত রহিয়াছে। তাহাতে অর্থ দাঁড়াইয়াছে,—'হবিঃ ও ধান্যে উক্থ্য মন্ত্র যোগ করিয়াছ, অর্থাৎ নিহিত রাখিয়াছ।' তার পর, সেই যে 'দ্বয়োঃ', তাহা কিরূপ—বুঝাইতে গিয়া, যেন বলা হইয়াছে—'যতস্রুচা'; অর্থাৎ, তাহা 'চমসাদিলক্ষণপাত্রে সংযুক্ত।' এতদ্দ্বারা পূর্ব্বোক্ত কয়েকটী পদের মর্ম্ম দাঁড়াইতেছে—'চমসে অবস্থিত মন্ত্রযুত হবিঃ ও ধান্য।' অতঃপর 'মিথুনা' পদের সহিত সম্বন্ধ পরিকল্পনা করা হইয়াছে। ঐ পদ যে সেই হবির্দ্ধানকেই লক্ষ্য করে, ইহাই সিদ্ধান্তিত হইতে দেখি। 'সপর্য্যতঃ' ক্রিয়াপদ সেই 'মিথুনা' পদের সহিত অন্বিত হইয়া অর্থ দাঁড়াইয়াছে,—'মন্ত্র-সহ মিলিত হইয়া হবির্দ্ধান চমসে অবস্থিত হইলে সে যুগ্ম হবির্দ্ধান তোমাকে পূজা করে।' ভাষ্যানুসারে মন্ত্রের প্রথম চরণে এইরূপ একবিধ অর্থ আসিতে পারে বটে; কিন্তু প্রচলিত ব্যাখ্যাদিতে

'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের লোপ। সুন্বতে যজমানায়। 'ষষ্ঠ্যর্থে চতুর্থী বক্তব্য' ইত্যাদি সূত্রে চতুর্থী। 'শতুরনুমঃ' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব॥ (১ম—৮৩সূ—৩ঋ)॥

ইহার সহিত "তুমি তাহা মন্ত্রের দ্বারা পবিত্র করিয়াছ" এইরূপ এক বাক্যাংশ সংযোজিত হইতে দেখি। তার পর, মন্ত্রের দ্বিতীয় চরণে ভাব প্রকাশ পায়,—'যে জন শত্রুর সহিত সমরে প্রবৃত্ত না হইয়া ইন্দ্রের জন্য সোমরস মাদক-দ্রব্য প্রস্তুত করে, সে ব্যক্তি শান্তি লাভ করিতে সমর্থ হয়।' উহার তাৎপর্য্য এই যে,—'শত্রুদমনের জন্য কোনও চেষ্টা করার প্রয়োজন নাই; কেবল ইন্দ্রের জন্য সোমরস প্রস্তুত করিলেই উদ্দেশ্য সিদ্ধ হইবে।' কোন্ পদের কি অর্থ উপলক্ষে ঐ ভাব দাঁড়াইয়াছে, ভাষ্যানুসরণেই তাহা বোধগম্য হইবে। এইরূপে এই মন্ত্রের যে অর্থ প্রচলিত রহিয়াছে, তাহার দুই প্রকার আদর্শ নিম্নে প্রকাশ করা যাইতেছে। যথা;—

(১) "যে হব্য ও ধান্য যজ্ঞপাত্রে তোমাকে অর্পিত হইয়াছে, হে ইন্দ্র! তুমি তাহাতে মন্ত্রবচন সংযুক্ত করিয়াছ। (যজমান) যুদ্ধে গমন না করিয়া তোমার কার্য্যে রত থাকে এবং পুষ্টিলাভ করে, কেন-না সোমাভিষবদাতা উৎকৃষ্ট বল লাভ করে।"

(2) "Praiseworthy blessing hast thou laid upon the pair who with uplifted ladle serve thee, man and wife.

Unchecked he dwells and prospers in thy law: thy power brings blessing to the sacrificer pouring gifts."

ভাষ্যার্থের সহিত উপরিউদ্ধৃত বঙ্গানুবাদে ও ইংরাজী অনুবাদের পার্থক্যের বিষয় সহজেই বোধগম্য হইবে। বঙ্গানুবাদে 'মিথুনা' পদের লক্ষ্যস্থল পরিত্যক্ত হইয়াছে দেখিতে পাই; কিন্তু ইংরাজী অনুবাদে, ভাব পরিস্ফুট না হইলেও, পতিপত্নীর সম্বন্ধ প্রখ্যাত দেখি। * যাহা

---

* গ্রিফিথ্‌স্ সাহেব এই মন্ত্রের অনুবাদ উপলক্ষে 'মিথুনা' পদ সম্বন্ধে একটী টিপ্পনী লিখিয়া গিয়াছেন। এতদুপলক্ষে তাহা অনুধাবনীয়। তিনি বলেন—মিথুনা—"**Man** and **wife**: the text has only **Mithuna**, a cuple. The word apparently means here the offerer of the sacrifice and his wife, who took part in the ceremony. Sayana explains it as the grain and the butter of oblation."

হউক, আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার অনুসরণে, আমরা কোন্ পদে কি অর্থ গ্রহণ করিয়াছি এবং কি ভাবে পদাবলীর অন্বয় ও ব্যাখ্যা করিয়া গিয়াছি, তৎপ্রতি লক্ষ্য করুন। তাহাতেই আমাদিগের পরিগৃহীত অর্থের সঙ্গতি উপলব্ধ হইবে। আমরা বলি, 'মিথুনা' পদে পতি-পত্নীকেই বুঝাইতেছে। আমরা তাই ঐ পদের "যুগলরূপেণ বর্ত্তমানে পতিপত্ন্যৌ" প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। এপক্ষে, আমরা বলি, 'যা' ও 'যতস্রুচা' পদদ্বয় ঐ 'মিথুনা' পদেরই সঙ্গত বিশেষণ। 'যা' পদে 'সেই স্বধর্ম্মপরায়ণ' অর্থ আসে। 'যতস্রুচা' পদে 'সংযতহৃদয় সংযমশীল' অর্থ প্রাপ্ত হই। 'স্রুচা' পদে (স্রুক্ শব্দে) হৃদয়ের প্রতি লক্ষ্য আসে। এইরূপে যে হৃদয় 'যতঃ' অর্থাৎ সংযমশীল, তাহাই 'যতস্রুচা' পদের দ্যোতক হয়। সেই মিথুনদ্বয় অর্থাৎ অভিন্নরূপে বিদ্যমান্ পতিপত্নী—যাঁহারা স্বধর্ম্মে ন্যস্তচিত্ত হইয়া আছেন এবং যাঁহারা সংযতহৃদয় সংযমশীল হইয়া শস্ত্রমন্ত্রের দ্বারা ভগবানকে পূজা করিতেছেন, তাঁহারাই এখানকার লক্ষ্যস্থল। এখন 'দ্বয়োঃ' পদের মর্ম্ম অনুধাবন করুন। আমরা বলি, ঐ পদে 'হবির্দ্ধান' অর্থ আসে না। ঐ পদ 'মিথুনা' পদের পরিবর্ত্তে বসিয়াছে। 'দ্বয়োঃ'—কিনা সেই পতিপত্নীদ্বয়ে। 'অধি অদধাঃ' পদে কি ভাব প্রকাশ পায়, সপ্তম্যন্ত ঐ 'দ্বয়োঃ' পদের মর্ম্মানুধাবনেই তাহা বোধগম্য হইতে পারে। মন্ত্রের সম্বোধন 'ভগবন্' পদ। তিনি যে সেই দুইয়ে (দ্বয়োঃ)—সেইরূপ স্বধর্ম্মপরায়ণ সংযমশীল পতি-পত্নীতে—আপনাকে অধিষ্ঠিত রাখেন অর্থাৎ আপনি তাঁহাদিগের মধ্যে বিরাজ করেন, "দ্বয়োঃ অধি অদধাঃ" বাক্যাংশে তাহাই বোধগম্য হয়। তাই আমরা মন্ত্রের প্রথম চরণের ভাব পরিগ্রহণ করি,—'মানুষ যখন অর্দ্ধাঙ্গিনী সহধর্ম্মিণীর সহিত মিলিত হইয়া একান্ত ভগবানের পূজায় নিরত রহেন, তখন ভগবান্ তাঁহাদিগেরই মধ্যে আবির্ভূত ও অধিষ্ঠিত থাকেন।'

হিন্দুর পত্নী 'অর্দ্ধাঙ্গিনী সহধর্ম্মিণী' বলিয়া অভিহিত হয়েন। যজ্ঞাদিতে—সৎকর্ম্ম-সমাধানে—দুইয়েরই আবশ্যকতা আছে। সংসার ধর্ম্ম প্রতিপালনে সৃষ্টি-রক্ষায় যুগপৎ উভয়েরই কার্য্যকারিতা উপলব্ধ হয়। 'দ্বয়োঃ' ও 'মিথুনা' পদদ্বয়ে যুগ্মভাবে পতিপত্নীর প্রতিই লক্ষ্য আসে। কেন-না, হিন্দুর পতিপত্নী অভিন্ন—দুই দেহে এক প্রাণ এক

আত্মা। পরিণয়ে আমাদিগের যে মিলন, তাহা প্রাণে প্রাণে অস্থিতে অস্থিতে চর্ম্মে চর্ম্মে মিলন। বিবাহের মন্ত্রেও তাই দেখি, বর কন্যাকে পরস্পরের সেই অভিন্নভাবের বিষয়ই ব্যক্ত করিতেছেন। নব-বিবাহিতা বধূকে সম্বোধন করিয়া তিনি বলিতেছেন,—

"প্রাণৈস্তে প্রাণান্ সন্দধামি অস্থিভিরস্থীনি মাংসৈর্ম্মাংসানি ত্বচা ত্বচং।"

দুইয়ে এক—পরস্পর অভিন্ন—এবম্প্রকার লক্ষ্যবশতঃই "মিথুনা" পদের প্রয়োগ সিদ্ধান্তিত হয়।

এইরূপে দ্বিতীয় চরণে সম্পূর্ণ অন্য ভাব লক্ষিত হয়। ঐ অংশে একটী 'অসংযত্তঃ' পদ আছে। ভাষ্যাদিতে তাহার অর্থ গ্রহণ করা হয়—'শত্রুসহ যুদ্ধে পরাঙ্মুখ।' আমরা বলি, ঐ পদের ভাব—'অসংযত সংযম-পরিশূন্য উচ্ছৃঙ্খল।' পূর্ব্বে প্রথম চরণে সংযমশীলের (যতস্রুচা) বিষয় প্রখ্যাত হইয়াছে। এখানে অসংযমী জনের বিষয় কথিত হইতেছে। বলা হইয়াছে,—'আপনার কর্ম্মে (তে ব্রতে) যে জন অসংযত উচ্ছৃঙ্খল (অসংযত্তঃ), সেজন ক্ষয় বা নিধন প্রাপ্ত হয় (ক্ষেতি)।' এখানে ক্ষয়ার্থক ক্ষি-ধাতু হইতে নিষ্পন্ন 'ক্ষেতি' পদে নাশ প্রাপ্ত হওয়ার ভাবই আসে। কিন্তু প্রচলিত ব্যাখ্যাদিতে ঐ পদে 'নিবাস করে' অর্থ গ্রহণ করা হইয়াছে। আমরা বলি, নিবাস ও গতি অর্থমূলক ক্ষি-ধাতু এখানকার 'ক্ষেতি'-পদের ব্যুৎপত্তি-মূল নহে; এখানকার 'ক্ষেতি' পদ ক্ষয়ার্থক ক্ষি-ধাতু হইতে উৎপন্ন। তার পর, 'সুব্রতে' পদে পূর্ব্বাপর আমরা যে অর্থ যে ভাব গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থেরই সঙ্গতি দেখিতেছি। ঐ পদের প্রতিবাক্যে আমরা তাই 'শুদ্ধসত্ত্ব-সমন্বিতায়' পদ গ্রহণ করিয়াছি। ঐ পদের এবং 'যজমানায়' পদের বিভক্তি-ব্যত্যয়ের বিষয় ভাষ্যে পরিকল্পিত হইয়াছে। কিন্তু আমরা এখানে বিভক্তি-ব্যত্যয়ের কোনই আবশ্যক দেখি না। ঐ দুই চতুর্থী বিভক্তির পদকে কেন ষষ্ঠী বিভক্তির পদ বলিয়া গণ্য করিব? ঐ দুই পদকে চতুর্থীর পদ বলিয়াই অঙ্গীকার করা যায়। 'ভদ্রা শক্তিঃ' পদদ্বয়ে মঙ্গল-প্রদ কল্যাণ-দায়ক শক্তিকে অর্থাৎ সৎকর্ম্মসাধন-সামর্থ্যকে বুঝায়। সেই শক্তি ঐ উপাসককে পোষণ করে—পরম ধন প্রদান করে, "ভদ্রা শক্তিঃ পুষ্যতি" বাক্যাংশে এই ভাব প্রাপ্ত হই। এইরূপে, মন্ত্রেই শেষ

চরণের দুই অংশে ভাব পাওয়া যায়,—'যে জন অসংযত, ভগবানের উপাসনা-বিমুখ, তাহার বিনাশ অবশ্যম্ভাবী; কিন্তু যে জন তাঁহার উপাসনা-পরায়ণ, শুদ্ধসত্ত্বভাবান্বিত; কল্যাণ-দায়িকা শক্তি তাঁহাকেই পোষণ করে—পরমার্থ-রূপ ধনকে তাঁহারই অধিগত করাইয়া দেয়।' (১ম—৮৩সূ—৩ম)।

—— ০ ——

চতুর্থী ঋক্।

(প্রথমং মণ্ডলং। ত্র্যশীতিতমং সূক্তং। চতুর্থী ঋক্।)

আদঙ্গিরাঃ প্রথমং দধিরে বয় ইদ্ধাগ্নয়ঃ

শম্যা যে সুকৃত্যয়া।

সর্ব্বং পণেঃ সমবিন্দন্ত ভোজনমশ্বাবন্তং

গোমন্তমা পশুং নরঃ॥ ৪॥

• . •

পদ-বিশ্লেষণং।

আৎ। অঙ্গিরাঃ। প্রথমং। দধিরে। বয়ঃ। ইদ্ধঽঅগ্নয়ঃ।

শম্যা। যে। সুঽকৃত্যয়া।

সর্ব্বং। পণেঃ। সং। অবিন্দন্ত। ভোজনং। অশ্বঽবন্তং।

গোঽমন্তং। আ। পশুং। নরঃ॥ ৪॥

• . •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যে' (প্রসিদ্ধাঃ, ভগবদনুসারিণঃ) 'অঙ্গিরাঃ' (জ্ঞানিনঃ) 'শম্যা' (ক্রিয়য়া আত্মনাং দোষজাতং নিবৃত্ত্যা) 'সুকৃত্যয়া' (শোভনকরণোপেতয়া, সৎকর্ম্মপরায়ণতয়া) 'ইদ্ধাগ্নয়ঃ' (পরমজ্ঞানসম্পন্নাঃ সন্তঃ, যদ্বা – জ্ঞানাগ্নিনা প্রোৎসাহিতাঃ সন্তঃ) 'প্রথমং' (পূর্ব্বং, অগ্রতঃ) 'বয়ঃ' (আহবনীয়ং, যদ্বা—যৌবনং—সৎকর্ম্মসাধনসামর্থ্যং) 'আৎ' (নিরন্তরং) 'দধিরে' (ভগবদর্থং সম্পাদিতবন্তঃ, যদ্বা—আত্মসু হৃদয়েষু ধারয়ন্তি); তে 'নরঃ' (নেতৃস্থানীয়াঃ জনাঃ, সাধবঃ ইত্যর্থঃ) 'পণেঃ' (স্তোত্রাৎ, ভগবতঃ ইতি ভাবঃ) 'অশ্ববন্তং' (জ্ঞানরশ্মিযুতং, বিচ্ছুরিতজ্ঞানং, জ্ঞানপ্রকাশকং ইতি ভাবঃ) 'গোমন্তং' (প্রজ্ঞানযুতং) 'আপশুং' (পশুত্ববিরহিতং) 'ভোজনং' (আহার্য্যং, আত্মনাং পরিবৃদ্ধিসাধকং সামর্থ্যং ইত্যর্থঃ) 'সমবিন্দন্ত' (সম্যগ্ লভন্তে)। অয়ং ভাবঃ—জ্ঞানিনঃ সাধবঃ আত্মনাং সুকর্ম্মণা আত্মনঃ এব শ্রেয়ঃ লভন্তে তথা অপরান্ মঙ্গলং প্রদদতি। (১ম—৮৭সূ—৪ঋ)।

বঙ্গানুবাদ।

যে প্রসিদ্ধ ভগবদনুসারী জ্ঞানিগণ কর্ম্মের দ্বারা আপনাদিগের দোষসমূহকে নিবৃত্তি করিয়া, সৎকর্ম্মপরায়ণতার দ্বারা পরমজ্ঞানসম্পন্ন হইয়া (অথবা জ্ঞানাগ্নির দ্বারা প্রোৎসাহিত হইয়া), সর্ব্বাগ্রে আহবনীয়কে (অথবা সৎকর্ম্মসাধনসামর্থ্যকে) নিরন্তর ভগবানের উদ্দেশে সম্পাদন করেন (অথবা আপনাদিগের হৃদয়ে ধারণ করিয়া আছেন); সেই নেতৃস্থানীয় জনগণ অর্থাৎ সাধুগণ স্তোত্র হইতে (ভগবান্ হইতে), জ্ঞানপ্রকাশক প্রজ্ঞানযুত পশুত্ববিরহিত আহার্য্যকে অর্থাৎ আপনাদিগের পরিবৃদ্ধিসাধক সামর্থ্যকে সম্যক্ প্রকারে লাভ করেন। (ভাব এই যে,—জ্ঞানী সাধুগণ আপনাদিগের সুকর্ম্মের দ্বারা আপনারাও শ্রেয়ঃ লাভ করেন, এবং অপরকেও মঙ্গল দান করিয়া থাকেন।)॥ (১ম—৮৩সূ—৪ঋ)।

সায়ণ-ভাষ্যং।

যদা পণিভির্গাবোঽপহৃতাস্তদানীমঙ্গিরা অঙ্গিরসঃ প্রথমং পূর্ব্বমগ্রতো বয়ো হবির্লক্ষণমন্নং দধিরে। ইন্দ্রার্থং সম্পাদিতবন্তঃ। আৎ অনন্তরং তাদৃশা যেঽঙ্গিরস ইদ্ধাগ্নয়ঃ প্রজ্বলিতাগ্নি-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

যখন পণিগণ কর্ত্তৃক গাভী অপহৃত হইয়াছিল তখন, 'অঙ্গিরাঃ' অঙ্গিরোবংশীয়গণ 'প্রথমং' পূর্ব্বে অগ্রে 'বয়ঃ' হবির্লক্ষণ অন্নকে 'দধিরে' ইন্দ্রের নিমিত্ত সম্পাদিত করিয়াছিলেন; 'আৎ' অনন্তর সেই প্রকার 'যে' যে অঙ্গিরোবংশীয়গণ 'ইদ্ধাগ্নয়ঃ' প্রজ্বলিত অগ্নিযুক্ত হইয়া

সুক্তাঃ সন্তঃ সুকৃত্যয়া শোভনকরণোপেতয়া শম্যা কর্ম্মণা শোভনেন যাগেনেন্দ্রমযজন্নিতি শেষঃ। তে নরো যজ্ঞস্য নেতারোঽঙ্গিরসঃ পণেরেতন্নাম্নোঽসুরস্য সম্বন্ধি সর্ব্বং ভোজনং ধনং সমবিন্দন্ত। সমলভন্ত। কীদৃশঃ। অশ্বাবন্তং। অশ্বৈর্যুক্তং। গোমন্তং। গোভির্যুক্তং। আকারঃ সমুচ্চয়ে। গবাশ্বব্যতিরিক্তমন্যৎ পশুজাতং চ সমবিন্দত।

অঙ্গিরাঃ। সুপাং সুলুগিতি জসঃসুঃ। শম্যা। শমীতি কর্ম্মনাম। শাম্যত্যনয়া ক্রিয়য়া দোষজাতমিতি শমী। করণে ঘঞ্। নোদাত্তোপদেশস্য মান্তস্যানাচমেরিতি। বৃদ্ধিপ্রতিষেধঃ গৌরাদিত্বাৎ ঙীষ্। ব্যত্যয়েনাদ্যুদাত্তত্বং। সুকৃত্যয়া। শোভনং কৃত্যং করণং যস্যাং সা তথোক্তা। নঞ্সুভ্যামিত্যুত্তরপদান্তোদাত্তত্বং॥ (১ম—৮৩সূ—৪ঋ)॥

• • •

চতুর্থ (৮৯৯) ঋকের বিশদার্থ।

—§ঃ• ◡ •ঃ§—

এই মন্ত্রের প্রচলিত-ব্যাখ্যাদির মর্ম্ম এই যে,—'অঙ্গিরোবংশীয় ঋষিগণ প্রথমে অগ্নি প্রজ্বালিত করিয়া ইন্দ্রের উদ্দেশে যজ্ঞ করিয়াছিলেন; আর, সেই যজ্ঞের ফলে তাঁহারা অশ্ব, গাভী, অন্যান্য পশু সকল এবং অন্ন লাভ করিয়াছিলেন।' কিন্তু আমাদিগের পরিগৃহীত অর্থের মর্ম্ম এই যে, —'জ্ঞানী সাধকগণের কর্ম্মের দ্বারাই এ সংসারে মঙ্গল আসিয়া থাকে।'

কি সূত্রে আমরা ঐ প্রকার অর্থ গ্রহণ করিলাম, নিম্নে তাহারই আভাস দিতেছি। 'অঙ্গিরাঃ' পদে 'যে জ্ঞানী সাধকগণকে' বুঝায়, তাহা আমরা পুনঃপুনঃ নির্দ্দেশ করিয়া আসিয়াছি। ঐ পদে 'ঋষি' অর্থ গ্রহণ

'সুকৃত্যয়া' শোভনকরণোপেত 'শম্যা' কর্ম্মের দ্বারা—শোভন যাগের দ্বারা—ইন্দ্রের যজনা করিয়াছিলেন; সেই যজ্ঞের নেতা অঙ্গিরোগণ 'পণেঃ' এতন্নামক অসুরের সম্বন্ধী 'সর্ব্বং ভোজনং' সকল ধনকে 'সমবিন্দন্ত' সম্যক্ প্রকারে লাভ করিয়াছিলেন। কীদৃশ (ধন)? 'অশ্বাবন্তং' অশ্বসমূহের দ্বারা যুক্ত 'গোমন্তং' গোসমূহের দ্বারা যুক্ত। আকার সমুচ্চয়ার্থে। গবাশ্ব ব্যতিরিক্ত অন্যান্য 'পশুং' পশুজাতকে সম্যগ্‌রূপে লাভ করিয়াছিলেন।

অঙ্গিরাঃ। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে জসের স্থানে এইরূপ হইয়াছে। শম্যা। 'শমী' এই পদ কর্ম্মনাম বাচক। এই ক্রিয়ার দ্বারা দোষজাত শাম্য হয়—এই অর্থে শমী-পদ ব্যুৎপন্ন হয়। করণে ঘঞ্ প্রত্যয় হইয়াছে। 'নোদাত্তোপদেশস্য মান্তস্যানাচমেঃ' ইত্যাদি সূত্রে বৃদ্ধির প্রতিষেধ। গৌঃ আদিত্ব-হেতু ঙীষ্। ব্যত্যয়ের দ্বারা আদ্যুদাত্তত্ব। সুকৃত্যয়া। শোভন কৃত্য অর্থাৎ করণ যাহার তাহার দ্বারা। 'নঞ্সুভ্যাং' ইত্যাদি সূত্রে উত্তর পদে অন্তোদাত্তত্ব॥ (১ম—৮৩সূ—৪ঋ)॥

• • •

করিলেও, তাঁহারা কালচক্রে চিরবিদ্যমান্ আছেন—স্বীকার করিতে হইবে। এ সকল বিষয় পুনঃপুনঃ আলোচিত হইয়াছে। বাহুল্য আলোচনা পুনরুক্তি মাত্র।

জ্ঞানিগণই এ সংসারে ভগবৎ-প্রাপ্তির পথ প্রথম প্রদর্শন করেন। কি প্রকার কর্ম্মের দ্বারা, কিরূপে তাঁহারা পথ-প্রদর্শক হয়েন—ভগবানকে লাভ করেন, মন্ত্রের প্রথম চরণে তাহাই প্রখ্যাত হইয়াছে। তদ্বিষয় উপলব্ধি করিতে হইলে, মন্ত্রান্তর্গত পদসমূহের মর্ম্ম অনুধাবন করা আবশ্যক।

মন্ত্রের প্রথম চরণে একটী 'শম্যা' পদ আছে। ঐ পদে 'কর্ম্মের দ্বারা আপনার দোষসমূহকে নিবৃত্তি করিয়া' অর্থ প্রাপ্ত হওয়া যায়। ভাষ্যেই ঐ অর্থের আভাস পাইতে পারি। এইরূপে 'সুকৃত্যয়া' পদে 'সৎকর্ম্মপরায়ণতার দ্বারা' অর্থ অধিগত হয়। তাহা হইলেই 'শম্যা সুকৃত্যয়া' পদদ্বয় হইতে 'ইদ্ধাগ্নয়ঃ' অবস্থায় উপনীত হইবার উপায়-পরম্পরার প্রতি দৃষ্টি আসে। 'ইদ্ধাগ্নয়ঃ' পদের 'প্রজ্বলিত অগ্নি' অর্থ হইতেই ভাব প্রাপ্ত হওয়া যায়,—'জ্ঞানাগ্নির দ্বারা প্রোৎসাহিত হইয়া অথবা পরম-জ্ঞানসম্পন্ন হইয়া।' ভাষ্যে 'বয়ঃ' পদে 'হবির্লক্ষণ অন্ন' অর্থ গ্রহণ করা হইয়াছে। তাহা হইতে 'আহবনীয়ং' প্রতিবাক্য আসিয়া থাকে। তার পর, 'বয়ঃ' পদের যে সাধারণ অর্থ 'যৌবন', সে অর্থেও এখানে অসঙ্গতি দেখা যায় না। তাহা হইতেই 'সৎকর্ম্ম-সাধন-সামর্থ্য' ভাব উপলব্ধ হয়। 'দধিরে' পদে বর্ত্তমান কালের ভাব গ্রহণ-পূর্ব্বক 'আপনাদিগের হৃদয়ে ধারণ করেন' এই প্রকার অর্থ পাওয়া যাইতে পারে। 'আৎ' উপসর্গে 'নিরন্তর' বা 'নিশ্চিত' অর্থ গ্রহণ করিতে পারি। এইরূপে, 'ইন্দ্রের উদ্দেশে অঙ্গিরোগণ হবির্দ্দান করেন ও অগ্নি প্রজ্বালিত করিয়া সুন্দর যজ্ঞ করিয়াছিলেন'—এবম্বিধ অর্থ হইতে বর্ত্তমান অর্থ দাঁড়াইতেছে,—'জ্ঞানিগণ ত্রুটিবিচ্যুতি পরিহারপূর্ব্বক সৎকর্ম্মপরায়ণতার দ্বারা প্রজ্ঞানসম্পন্ন হইয়া সৎকর্ম্মসাধনসামর্থ্যকে হৃদয়ে ধারণ করেন—ভগবদুদ্দেশে নিয়োজিত করেন।'

অতঃপর দ্বিতীয় চরণের পদাবলি লক্ষ্য করুন। এখানে একটী 'পণেঃ' পদ আছে। ভাষ্যকার ঐ পদে 'অসুরের' অর্থ গ্রহণ করিয়াছেন। অস্মদ্দেশ-প্রচলিত বঙ্গানুবাদে ঐ পদটীর অর্থ পরিত্যক্ত হইয়া আছে।

'পণি' শব্দ-সম্বন্ধে কি ভাব অধুনা প্রচলিত, পূর্ব্বে আমরা তাহা ব্যক্ত করিয়াছি। ঐ পদে কেহ বা ফিনিশীয় বণিকগণকে লক্ষ্য করেন। সেই বণিকগণ বাণিজ্য-ব্যপদেশে এদেশে আসিয়া, দেশের পণ্যাদি লইয়া যাইত—ধনরত্ন অপহরণ করিত। এবংবিধ পুরাবৃত্তের সম্বন্ধ এই সকল ক্ষেত্রে উল্লিখিত হইয়াছে,—ইহাই তাঁহাদিগের সিদ্ধান্ত। অসুর-সংজ্ঞায় তাহারাই অভিহিত হইয়াছিল—ভাষ্যাদিতে সেই আভাস প্রদত্ত হইয়াছে। কেহ কেহ আবার 'বৃষ্টিনিরোধক মেঘ' অর্থেও পণি-শব্দের প্রয়োগ কল্পনা করেন। কেবল মাত্র "বণিক" বুঝাইতেও ঐ শব্দের প্রয়োগ কেহ কেহ নির্দ্দেশ করিয়া গিয়াছেন। *

কিন্তু আমাদিগের মত এই যে, এখানে 'পণেঃ' পদে 'স্তোত্র হইতে' অথবা 'ভগবান্ হইতে' অর্থ গ্রহণ করা যায়। ধাত্বর্থের অনুসরণেই পণি-শব্দে ঐ প্রকার ভাব প্রাপ্ত হইতে পারি। অপিচ, আমরা 'পণেঃ' পদকে ষষ্ঠীর পরিবর্ত্তে পঞ্চম্যন্ত বলিয়া নির্দ্দেশ করি। তদনুসারেই ঐ পদের প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। মন্ত্রের অন্তর্গত "অশ্ববন্তং গোমন্তং আপশুং ভোজনং" পদচতুষ্টয় উপলক্ষে আমাদিগের অর্থ সম্পূর্ণরূপ পরিবর্ত্তিত হইয়াছে—দেখিতে পাইবেন। সেই পরমজ্ঞানী নেতৃস্থানীয় পুরুষগণ—কয়েকটী অশ্ব গাভী পশু ও ভোজন পাইয়া যে তৃপ্ত হইয়াছিলেন, তাহা আমরা মনে করিতে পারি না। যাঁহারা পরম-জ্ঞানী, পাপকে দূরীভূত করিয়া সৎকর্ম্মে বিনিবিষ্ট হইয়া যাঁহারা ভগবানকে হৃদয়ে ধারণ করিতে সমর্থ হইয়াছেন, তাঁহারা কি কয়েকটী অশ্ব গাভী পশু বা ভোজন পাইলেই পরিতৃপ্ত হয়েন? এই কি তাঁহাদিগের ভগবদারাধনার পুরস্কার? আমরা তাহা কখনই মনে করি না। পরন্তু ঐ সকল পদের যে অর্থ আমরা পূর্ব্বাপর পারগ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থেরই সঙ্গতি দেখা যায়। ফলতঃ, তাঁহারা ভগবান্ হইতে জ্ঞান-প্রকাশক প্রজ্ঞানযুক্ত পশুত্ব-বিরহিত আত্মপরিবৃদ্ধিসাধক শক্তিকে লাভ করেন। তাঁহাদিগের উপাসনার ইহাই সুফল-লাভ। মন্ত্রে 'আপশুং' পদ আছে। ভাষ্যকার 'আ' পদটীকে সমুচ্চয়ার্থক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। আমরা ঐ 'আ' উপসর্গে 'বিরহিত' অর্থ গ্রহণ করি।

* এই সম্বন্ধে পঞ্চম অধ্যায়ের উপসংহারে বক্তব্য টিপ্পনী প্রভৃতি দ্রষ্টব্য।

যাহা পশুত্ব-বিরহিত, তাহাই আপশু। এইরূপে, কি প্রকার প্রচলিত অর্থেরই পরিবর্ত্তে কি প্রকার অর্থে আমরা সঙ্গতি দেখিতেছি, আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার ও বঙ্গানুবাদের সহিত অন্যান্য প্রচলিত ব্যাখ্যার তুলনায় তাহা লক্ষ্য করুন। (১ম—৮৩সূ—৪ঋ)।

—— • ——

পঞ্চমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। ত্র্যশীতিতমং সূক্তং। পঞ্চমী ঋক্।)

যজ্ঞৈরথর্ব্বা প্রথমঃ পথস্ততেততঃ সূর্য্যো

ব্রতপা বেন আজনি।

আগা আজদুশনা কাব্যঃ সচা যমস্য

জাতমমৃতং যজামহে ॥ ৫ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

যজ্ঞৈঃ। অথর্ব্বা। প্রথমঃ। পথঃ। ততে। ততঃ। সূর্য্যঃ।

ব্রতঽপাঃ। বেনঃ। আ। অজনি।

আ। গাঃ। আজৎ। উশনা। কাব্যঃ। সচা। যমস্য।

জাতং। অমৃতং। যজামহে ॥ ৫ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অথর্ব্বা' (অকর্ম্মণ্যঃ জনঃ, যদ্বা—আত্মমঙ্গলকামী জনঃ) 'যজ্ঞৈঃ' (সৎকর্ম্মসাধনৈঃ) 'প্রথমঃ পথঃ' (আরম্ভং মার্গং, ভগবতঃ প্রাপ্তিসূত্রং ইত্যর্থঃ) 'ততে' (বিস্তারয়তি, ইহলোকে প্রকাশয়তি); অকর্ম্মণ্যস্য জনস্য সৎকর্ম্মসাধনং অপরান্ সৎকর্ম্মণি নিবিষ্টান্ করোতি—ইতি ভাবঃ; 'ততঃ' (তদনন্তরং, তেন কর্ম্মণা ইত্যর্থঃ) 'ব্রতপাঃ' (সৎকর্ম্ম-পালকঃ) 'বেনঃ' (কান্তঃ, রমণীয়ঃ) 'সূর্য্যঃ' (জ্ঞানদেবঃ, প্রজ্ঞানং ইত্যর্থঃ) 'আ' (সর্ব্বতো-ভাবেন) 'অজনি' (আবির্ভূতঃ ভবতি); সৎকর্ম্মণা প্রজ্ঞানং অধিগতং ভবতি—ইতি ভাবঃ; 'উশনা' (কাময়মান্, ভগবন্তং প্রাপ্তেরভিলাষী জনঃ ইত্যর্থঃ) 'কাব্যঃ সচা' (মন্ত্রযুতঃ সহায়প্রাপ্তঃ সন্, মন্ত্রসহায়েন ইত্যর্থঃ) 'আ' (সর্ব্বতোভাবেন) 'গাঃ' (জ্ঞান-কিরণানি) 'আজৎ' (প্রাপ্নোতি); তজ্‌জ্ঞাত্বা বিমূঢ়াঃ বয়ং 'যমস্য' (রিপুদমনার্থং) 'জাতং' (উৎপন্নং) 'অমৃতং' (মরণরহিতং সত্যং) 'যজামহে' (পূজয়ামঃ, যেন আরাধয়াম)। অয়ং ভাবঃ—অকর্ম্মণ্যঃ অজ্ঞঃ জনোঽপি সৎকর্ম্মণা পরাজ্ঞানং লভতে, অন্যেষাং পথপ্রদর্শকঃ চ ভবতি; তদ্বিদিত্বা বয়মপি সত্যানুসারিণঃ ভবাম। (১ম—৮৩সূ—৫ঋ)।

• • •

বঙ্গানুবাদ।

অকর্ম্মণ্য জন (অথবা আত্মমঙ্গলকামী জন) সৎকর্ম্মসাধনের দ্বারা প্রথম পথকে অর্থাৎ ভগবৎপ্রাপ্তির সূত্রকে ইহলোকে প্রকাশ করে; (ভাব এই যে,—অকর্ম্মণ্য জনের সৎকর্ম্মসাধন অন্যকে সৎকর্ম্মে বিনিবিষ্ট করে); তদনন্তর অর্থাৎ সেই কর্ম্মের দ্বারা সৎকর্ম্মপালক রমণীয় জ্ঞানদেবতা সর্ব্বতোভাবে আবির্ভূত হয়েন; (ভাব এই যে,—সৎকর্ম্মের দ্বারাই প্রজ্ঞান অধিগত হয়); ভগবান্‌কে প্রাপ্তির অভিলাষী জন, মন্ত্রযুত সহায়প্রাপ্ত হইয়া অর্থাৎ মন্ত্রসাহায্যে, সর্ব্বতোভাবে জ্ঞানকিরণসমূহকে প্রাপ্ত হয়। তাহা জানিয়া বিমূঢ় অকর্ম্মণ্য আমরা, রিপুদমনের নিমিত্ত উৎপন্ন মরণরহিত সত্যকে যেন পূজা করি—আরাধনা করি; (ভাব এই যে, অকর্ম্মণ্য অজ্ঞ জনও সৎকর্ম্মের দ্বারা পরাজ্ঞান লাভ করে এবং অপরের পথপ্রদর্শক হয়; তাহা বুঝিয়া আমরা যেন সত্যের অনুসারী হই।)॥ (১ম—৮৩সূ—৫ঋ)।

• • •

সায়ণ-ভাষ্যং।

পণিভিরপহৃতাসু গোষথর্ব্বৈতৎসংজ্ঞঋষির্যজ্ঞৈরিন্দ্রদেবত্যৈরনুষ্ঠিতৈর্যাগৈঃ পথো গো-সম্বন্ধিনো মার্গান্ প্রথমস্ততে। তনুতে। সর্ব্বেভ্য ঋষিভ্যঃ পূর্ব্বমেব কৃতবানিত্যর্থঃ।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

পণিগণ কর্ত্তৃক অপহৃতা গোসমূহে 'অথর্ব্বা' এতৎ সংজ্ঞক ঋষি 'যজ্ঞৈঃ' ইন্দ্রদেবতা-সম্বন্ধীয় অনুষ্ঠিত যজ্ঞসমূহের দ্বারা 'পথঃ' গো-সম্বন্ধী মার্গসমূহকে 'প্রথমস্ততে' প্রথম বিস্তার

ততস্তদনন্তরং ব্রতপা ব্রতানাং কর্ম্মণাং পালয়িতা বেনঃ কান্তঃ সূর্য্যঃ সূর্য্যরূপ ইন্দ্র আজনি। গবাং প্রদর্শনায়াবিরভূৎ। ততোঽথর্ব্বা তা গা আজৎ। আভিমুখ্যেন প্রাপ্নোৎ। তাদৃশস্যেন্দ্রস্য কাব্যঃ কবেঃ পুত্র উশনা ভৃগুঃ সচাসুরনিরসনায় সহায়োঽভূৎ। যমস্তাসুরাণাং নিয়মনার্থং জাতং প্রাদুর্ভূতমমৃতং মরণরহিতং তমিন্দ্রং যজামহে। হবির্ভিঃ পূজয়ামঃ।

পথঃ। শসিভস্য টের্লোপ ইতি টিলোপঃ। উদাত্তনিবৃত্তিস্বরেণ বিভক্তেরুদাত্তত্বং। ততে। তমু বিস্তারে। বহুলং ছন্দসীতি বিকরণস্য লুক্। অনুদাত্তোপদেশেত্যাদিনানুনাসিক লোপঃ। অজনি। জনী প্রাদুর্ভাবে। দীপজনবুধেত্যাদিনা। পা° ৩।১।৬১। কর্ত্তরি লুঙি চ্লেশ্চিন্। আজৎ। অজ গতিক্ষেপণয়োঃ॥ (১ম—৮৩সূ—৫ঋ)॥

• • •

পঞ্চম (৯০০) ঋকের বিশদার্থ।

——§ঃ০○০ঃ§——

এই মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহার কোনই মর্ম্মানুধাবন করা যায় না। পূর্ব্ব ঋকের 'পণেঃ' পদ উপলক্ষে, পণি-নামক অসুরগণ গাভী অপহরণ করিয়াছিল—এরূপ সূত্র ধরিয়া এই মন্ত্রের এক অপরূপ অর্থ প্রচলিত আছে। প্রচলিত সেই অর্থের দুই প্রকার আদর্শ (একটী বাঙ্গালা ও একটী ইংরাজী) নিম্নে উদ্ধৃত করিতেছি। যথা,—

(১) "অথর্ব্বা (নামক ঋষি) যজ্ঞ দ্বারা প্রথমে (অপহৃত গাভীগণের) পথ বাহির করিয়াছিলেন; পরে ব্রতপালনকারী কমনীয় সূর্য্য (রূপ ইন্দ্র) উৎপন্ন

করেন, অর্থাৎ সকল ঋষিগণের পূর্ব্বেই (প্রদর্শন) করিয়াছিলেন; 'ততঃ' তদনন্তর 'ব্রতপাঃ' ব্রতসমূহের কর্ম্মসমূহের পালয়িতা 'বেনঃ' কান্ত (কান্তিবিশিষ্ট) 'সূর্য্যঃ' সূর্য্যরূপ ইন্দ্র 'আজনি' গো-সমূহকে প্রদর্শন করাইবার জন্য আবির্ভূত হইয়াছিলেন; অনন্তর অথর্ব্বা ঋষি সেই 'গাঃ' গো-সমূহ 'আজৎ' আভিমুখ্যে প্রাপ্ত হইয়াছিলেন; তাদৃশ ইন্দ্রের 'কাব্যঃ' কবির পুত্র 'উশনা' ভৃগু 'সচা' অসুরনিরসনে সহায় হইয়াছিলেন; 'যমস্ত' অসুরগণের নিয়মার্থ 'জাতং' প্রাদুর্ভূত 'অমৃতং' মরণরহিত সেই ইন্দ্রকে 'যজামহে' হবিঃ-সমূহের দ্বারা আমরা পূজা করি।

পথঃ। 'শসিভস্য টের্লোপঃ' ইত্যাদি সূত্রে টির লোপ। উদাত্তনিবৃত্তি-স্বরের দ্বারা বিভক্তির উদাত্তত্ব। ততে। তমু ধাতু বিস্তারার্থক। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের লোপ। 'অনুদাত্তোপদেশ' ইত্যাদি সূত্রের দ্বারা অনুনাসিকের লোপ। অজনি। জনী ধাতু প্রাদুর্ভাব অর্থ বুঝায়। 'দীপজনবুধ ইত্যাদিনা' সূত্রে (পা° ৩।১।৬১) কর্তৃবাচ্যে লুঙে চ্লেশ্চিন্। আজৎ। অজ ধাতু গতি ও ক্ষেপণ অর্থ-বোধক॥ (১ম—৮৩সূ—৫ঋ)॥

• • •

হইয়াছিলেন; অথর্ব্বা ঐ গাভী সকল প্রাপ্ত হইলেন; কবির পুত্র উশনা ইন্দ্রের সহায় হইয়াছিলেন। (অসুর) দমনের নিমিত্ত সমুৎপন্ন এবং অমর ইন্দ্রের পূজা করি।"

(2) "Atharvan first by sacrifices laid the paths; then, guardian of Law, sprang up the loving Sun.
Usana Kavya straightway hither drove the kine.
Let us with offerings honour Yama's deathless birth."

উপরি-উদ্ধৃত দুই প্রকার ব্যাখ্যাতেই বিচ্ছিন্ন ভাবের দ্যোতনা করিতেছে। ভাষ্যের ভাবও জটিলতা-পূর্ণ। বিশ্লেষণ বাহুল্য মাত্র। *

যাহা হউক, এখন আমাদিগের পরিগৃহীত অর্থের বিষয় একটু আলোচন করা যাইতেছে। এ পক্ষে প্রত্যেক পদের মর্ম্মানুধাবন আবশ্যক বলিয়া মনে করি। প্রথম 'অথর্ব্বা'। পদ ঐ পদে যে 'অকর্ম্মণ্য জনকে' অথবা 'আত্মমঙ্গলকামীকে' বুঝায়, তাহা আমরা পূর্ব্বেই নির্দ্দেশ করিয়া আসিয়াছি। যাহারা অকর্ম্মণ্য অথবা আত্মমঙ্গলাভিলাষী, তাহারা যে সৎকর্ম্ম অনুষ্ঠানের দ্বারা ভগবৎ-প্রাপ্তির প্রথম পথ দেখিতে পায়, সূত্র অবলম্বন করিতে সমর্থ হয় এবং তাহাদিগের দ্বারাই যে ইহলোকে সে পথ প্রকাশ হইয়া পড়ে; মন্ত্রের প্রথমাংশে, "অথর্ব্বা যজ্ঞৈঃ প্রথমঃ পথঃ ততে" বাক্যাংশে এই ভাব প্রকাশ পায়। তাঁহারাই পথের সন্ধানদাতা হয়েন। আমরা সংসারী; পাপের ঘোরে আবদ্ধ আছি; জ্ঞানী সাধকগণের সংসর্গ-লাভ আমাদিগের ভাগ্যে কদাচিৎ ঘটিয়া থাকে। তাঁহাদিগের আদর্শ ক্বচিৎ আমাদিগের নেত্রপথে পতিত হয়। পরন্তু যাঁহারা আমাদিগের ন্যায় 'অথর্ব্ব অকর্ম্মণ্য অজ্ঞ', তাঁহাদিগের কর্ম্মের প্রতি আমাদিগের দৃষ্টি স্বতঃই সঞ্চালিত হয়; আমাদিগের মধ্যে বিদ্যমান্ থাকিয়া প্রধানতঃ তাঁহারাই আমাদিগের পথপ্রদর্শক হইয়া থাকেন। সেই তাঁহারা যদি

---

* মন্ত্রের ইংরাজী অনুবাদক গ্রিফিথ্‌স্ সাহেব মন্ত্রের শেষাংশ দুর্ব্বোধ্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। 'পণিঃ' পদে তিনি বৃষ্টির অবরোধক (কৃপণ) অসুরকে নির্দ্দেশ করেন। 'পথঃ' পদে, তাঁহার মতে, 'উদীয়মান সূর্য্যের গতি পথকে' লক্ষ্য করা যায়। লুডুইগ্ (Ludwig) মন্ত্রের শেষাংশের "যমস্য জাতং অমৃতং যজামহে" বাক্যাংশের অর্থ নির্দ্দেশ করেন,—"Seek we to win by sacrifice the immortality which has sprung from Yama, Yama seems here to represent the rising sun."

ৎকর্ম্মে নিরত থাকেন, তাহা হইলে তাঁহাদিগের সেই সৎকর্ম্মের প্রতি
আমাদিগের দৃষ্টি আকৃষ্ট হয়; এবং তদনুসারে আমরা সৎকর্ম্মে প্রবৃত্ত
ইতে পারি। প্রথম চরণের প্রথমাংশ, আমরা মনে করি, এই ভাব
প্রখ্যাপনা করিতেছে। তার পর, ঐ চরণের দ্বিতীয় অংশ, "ততঃ ব্রতপাঃ
বেনঃ সূর্য্যঃ আ অজনি" এই বাক্যাংশ, এই ভাব প্রকাশ করিতেছে যে,—
অনন্তর অর্থাৎ পূর্ব্বোক্ত কর্ম্মের দ্বারাই, সূর্য্য অর্থাৎ জ্ঞানদেব তাঁহাদিগের
মধ্যে আবির্ভূত হয়েন; অর্থাৎ, তাঁহারা প্রজ্ঞানের অধিকারী হইয়া
থাকেন।' ভাষ্যে 'সূর্য্যঃ' পদে 'ইন্দ্রঃ' অর্থ গ্রহণ করা হইয়াছে। সে
পক্ষে দেবতত্ত্ব অনুধাবনীয়; একই তিনি যে বিভিন্ন নাম-রূপে বিদ্যমান্
আছেন, তাহাই স্মরণ করার প্রয়োজন দেখি। এখানে 'সূর্য্যঃ' পদের
দুইটী বিশেষণ পরিদৃষ্ট হয়। বলা হইয়াছে,—তিনি 'ব্রতপাঃ'। জ্ঞান-
দেবতা অর্থাৎ প্রজ্ঞান যে ব্রতের বা সৎকর্ম্মের পালনকারী, ঐ পদে তাহাই
অধিগম্য হয়। 'বেনঃ' পদে 'কান্তঃ' অর্থাৎ 'রমণীয়ঃ' প্রতিবাক্য হইতে
ই দেবতা অর্থাৎ প্রজ্ঞান যে মানুষের আনন্দপ্রদায়ক, তাহাই বুঝিতে
পারা যায়। নিঘণ্টু-নিরুক্তে 'বেনঃ' পদ নানা পদের সহিত সমসূত্রে
গ্রথিত আছে। তাহা হইতে 'বেনঃ' পদে বিশ্বব্যাপক 'বিষ্ণুঃ' অর্থ
ও অন্ত- গ্রহণ করা যায়। ঐ পদ ভগবন্মহিমা-প্রজ্ঞাপক। এইরূপে
মন্ত্রের প্রথম চরণে এই ভাব প্রাপ্ত হই যে,—অকর্ম্মণ্য জন অর্থাৎ
আমরা যদি সৎকর্ম্মে প্রবৃত্ত হই, তাহা হইলে সৎকর্ম্মপালক জ্ঞান-
দেবতা আমাদিগের মধ্যে অধিষ্ঠিত হয়েন অর্থাৎ আমরা প্রজ্ঞানের
অধিকারী হইতে পারি।'

মন্ত্রের দ্বিতীয় অংশে যে পদাবলি দৃষ্ট হয়, তাহার মধ্যে 'উশনা' পদ
আমাদের দৃষ্টি আকর্ষণ করে। ঐ পদে সাধারণতঃ ভৃগু ঋষিকে নির্দ্দেশ করা
হয়। আমরা কিন্তু ঐ পদের 'কাময়মান্' প্রতিবাক্যে 'ভগবানকে
প্রাপ্তির অভিলাষী জন' অর্থ নির্দ্দেশ করি। কামনা অর্থমূলক 'বশ' ধাতু
হইতে ঐ পদের ব্যুৎপত্তি স্বীকার-পূর্ব্বক ঐ ভাবই অধিগত হয়। এ পক্ষে
'কাব্যঃ সচা' পদদ্বয়ের মর্ম্ম প্রাপ্ত হই—'মন্ত্রযুত হইয়া।' 'কাব্যঃ'
পদে 'মন্ত্রযুত', 'সচা' পদে 'সহায়প্রাপ্ত' ভাব গ্রহণ করা যায়। 'গাঃ'
পদে 'জ্ঞানকিরণসমূহ' অর্থই যথাপূর্ব্ব নির্দ্দেশ করি। এইরূপে দ্বিতীয়

চরণের প্রথমাংশের, "উশনা কাব্যঃ সচা আ গা আজৎ" বাক্যাংশের মর্ম্ম হয় এই যে,—'ভগবানের প্রাপ্তি অভিলাষী জন মন্ত্রের সহায়তা পাইয়া আপনিই জ্ঞানকিরণ লাভ করেন।'

উপসংহারে মন্ত্রের শেষাংশ, "যমস্য জাতং অমৃতং যজামহে" বাক্যাংশ কি ভাব প্রকাশ করিতেছে, বুঝিয়া দেখুন। এই অংশে সঙ্কল্পের ভা প্রকাশ পাইতেছে। সে সঙ্কল্প—আমরা যেন অমৃতকে (অমৃতং) আরাধনা করি (যজামহে)। সে অমৃত আবার কি প্রকার? না— 'যমস্য জাতং' অর্থাৎ রিপুদমনের জন্য উৎপন্ন। বলা বাহুল্য, এখানে 'যমস্য' পদের অর্থ-পরিগ্রহণে আমরা ভাষ্যেরই অনুসারী হইলাম। এখন বুঝিতে হইবে—রিপুদমনের জন্য উৎপন্ন যে 'অমৃতং', সে কি প্রকার? আমরা নির্দ্দেশ করি, তাহাই মরণ-রহিত সত্য। সত্য যে অবিনশ্বর মরণহিত নিত্য, তাহা বলাই বাহুল্য। সত্যের সংশ্রবে আসিলেই যে রিপুগণ বিমর্দ্দিত হয়, আলোকের সংশ্রবে আসিলেই অন্ধকার যে নাশ প্রাপ্ত হয়, তাহা আর বুঝাইবার আবশ্যক করে না। এখানে এই মন্ত্রাংশ সেই তত্ত্বই প্রকাশ করিতেছে। (১ম—৮৩সূ—৫ঋ)।

—•—

ষষ্ঠী ঋক্।

(প্রথমং মণ্ডলং। ত্র্যশীতিতমং সূক্তং। ষষ্ঠী ঋক্)।

বর্হির্বা যৎ স্বপত্যায় বৃজ্যতেঽর্কো বা

শ্লোকমাঘোষতে দিবি।

গ্রাবা যত্র বদতি কারুরুক্‌থ্য১ স্তস্যেদিন্দ্রো

অভিপিত্বেষু রণ্যতি॥ ৬॥

• • •

পদ-বিশ্লেষণং।

বর্হিঃ। বা। যৎ। সুঽঅপত্যায়। বৃজ্যতে। অর্কঃ। বা।
শ্লোকং। আঽঘোষতে। দিবি।
গ্রাবা। যত্র। বদতি। কারুঃ। উক্থ্যং। তস্য। ইৎ। ইন্দ্রঃ।
অভিঽপিত্বেষু। রণ্যতি ॥ ৬ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'স্বপত্যায়' (শোভনাপতনহেতুভূতায়, মুক্তিপ্রদায়কায় কর্ম্মণে, পাতিত্যনাশককর্ম্মানুষ্ঠান-নিমিত্তং ইত্যর্থঃ) 'যৎ' (যদা) 'বর্হিঃ' (ছিন্নকুশরূপঃ বিচঞ্চলঃ হৃদয়ঃ) 'বা' (সর্ব্বথা) 'বৃজ্যতে' (ছিদ্যতে, মায়ামোহাদিকং পরিবর্জ্জনং করোতি ইত্যর্থঃ); 'বা' (অথবা) 'অর্কঃ' (হোতা, উপাসকঃ) যদা 'দিবি' (দ্যোতমানে কর্ম্মণি, সৎকর্ম্মণি, সৎকর্ম্মসম্পাদনায় ইত্যর্থঃ) 'শ্লোকং' (স্তুতিরূপাং বাচং) 'আঘোষতে' (উচ্চারয়তি); এবং 'যত্র' (যস্মিন্ কর্ম্মণি, যৎকালে) 'গ্রাবা' (পাষাণবদ্বিশুষ্কহৃদয়ঃ) 'কারুঃ উক্থ্যঃ' (উপাসকস্য উচ্চারিতং শস্ত্রমন্ত্রং যথা তদ্বৎ, মনোহারিণং মন্ত্রং ইত্যর্থঃ) 'বদতি' (উচ্চারয়তি); 'তস্যেৎ' (পূর্ব্বোক্তস্য তৎসর্ব্বস্য কর্ম্মণঃ) 'অভিপিত্বেষু' (অভিপ্রাপ্তিষু, তৎকর্ম্ম প্রাপ্তঃ সন্ ইত্যর্থঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'রণ্যতি' (হর্ষশব্দং করোতি, পরমানন্দং লভতে ইত্যর্থঃ। অয়ং ভাবঃ—বয়ং যদা পাতিত্যস্য পন্থানাং পরিত্যজামঃ, পরন্তু সৎকর্ম্ম-সমাধানেন সহ ভগবদারাধনায়াঃ প্রবৃত্তঃ ভবামঃ, ভগবান্ তদা অস্মান্ প্রতি প্রীতঃ ভবতি—অস্মভ্যং পরমানন্দং প্রদদাতি। (১ম—৮৩সূ -৬ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

মুক্তিপ্রদায়ক কর্ম্মের নিমিত্ত (পাতিত্যনাশক কর্ম্মের অনুষ্ঠান জন্য) যখন ছিন্নকুশ-সদৃশ বিচঞ্চল হৃদয় সর্ব্বথা মায়ামোহাদিকে পরিবর্জ্জন করে; অথবা, উপাসক যখন সৎকর্ম্ম-সম্পাদনে স্তুতিরূপ বাক্যকে উচ্চারণ করেন, এবং যৎকালে পাষাণবৎ-বিশুষ্কহৃদয়, উপাসকের উচ্চারিত শস্ত্র-

মন্ত্রের ন্যায় মনোহারী মন্ত্রকে উচ্চারণ করে; তখন সে সকল কর্ম্মের অভিপ্রাপ্তিতে অর্থাৎ সেই সকল কর্ম্ম প্রাপ্ত হইয়া, ভগবান্ ইন্দ্রদেব হর্ষপ্রকাশ করেন—পরমানন্দ লাভ করেন। ভাব এই যে,—আমরা যখন পাতিত্য পথকে পরিত্যাগ করি, পরন্তু সৎকর্ম্মের সমাধানে ভগবদারাধনাতে প্রবৃত্ত হই, ভগবান্ তখন আমাদিগের প্রতি প্রীত হয়েন—আমাদিগকে পরমানন্দ দান করেন।) ॥ (১ম—৮৩সূ—৬ঋ) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

স্বপত্যায় শোভনাপতনহেতুভূতায় কর্ম্মণে বর্হির্ব্বা যদ্বদা বৃজ্যতে ছিদ্যতে। অধ্বর্য্যুণা যাগার্থমাহ্রিয়তে। অর্কো বা স্তোত্রনিষ্পাদকো হোতা বা শ্লোকং স্তুতিরূপাং বাচং দিবি দ্যোতমানে যজ্ঞে যদাঘোষতে। উচ্চারয়তি। যত্র যস্মিন্ কালে গ্রাবাভিষবার্থং প্রবৃত্ত উপলো বদতি শব্দং করোতি। তত্র দৃষ্টান্তঃ। কারুরুকথ্যঃ। লুপ্তোপমমেতৎ। উকথ্যস্য শস্ত্রস্য শংসিতা কারুঃ স্তোতা যথাভিমতশব্দং করোতি তদ্বৎ। তস্য পূর্ব্বোক্তস্য সর্ব্বস্যাভিপিত্বেষ্বভি-প্রাপ্তিষ্বিন্দ্রো রণ্যতি। রমতে। যদ্বা পূর্ব্বোক্তানাং বর্হিরাদীনামভিপ্রাপ্তেষু সতীষ্বিন্দ্রো রণ্যতি। অস্মদীয়ো যাগো ভবিষ্যতীতি হর্ষশব্দং করোতি।

বৃজ্যতে। বৃজী বর্জ্জনে। অত্রূপদেশাল্লসার্ব্বধাতুকানুদাত্তত্বে যক এব স্বরঃ শিষ্যতে। নিপাতৈর্যদ্যদিহন্তেতি নিঘাতপ্রতিষেধঃ। আঘোষতে। ঘুষির্। বিশব্দনে। ভৌবাদিকঃ।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'স্বপত্যায়' শোভন অপতনহেতুভূত কর্ম্মে 'বর্হিঃ বা যৎ' অথবা বর্হি যখন 'বৃজ্যতে' ছেদিত হয়, অধ্বর্য্যু কর্ত্তৃক যাগার্থক আহরণ করা যায়; 'অর্কঃ বা' অথবা স্তোত্রনিষ্পাদক হোতা "শ্লোকং" স্তুতিরূপ বাক্যকে 'দিবি' দ্যোতমান যজ্ঞে যখন 'আঘোষতে' উচ্চারণ করেন; 'যত্র' যে কালে 'গ্রাবা' অভিষবার্থক প্রবৃত্ত উপল (প্রস্তরখণ্ড) 'বদতি' শব্দ করে; তদ্বিষয়ে দৃষ্টান্ত —'কারুরুকথ্যঃ' (লুপ্তোপম এই শব্দ) উকথ্যের শস্ত্রের শংসিতা (প্রশংসাকারী) কারু অর্থাৎ স্তোতা যেমন অভিমত শব্দ করে, সেইরূপ; 'তস্যেৎ' পূর্ব্বোক্ত সকলের 'অভিপিত্বেষু' অভিপ্রাপ্তিতে 'ইন্দ্রঃ' ইন্দ্রদেব 'রণ্যতি' অর্থাৎ রমণ করেন; অথবা পূর্ব্বোক্ত বর্হি প্রভৃতির অভিপ্রাপ্ত হওয়ায় 'ইন্দ্রঃ রণ্যতি' অর্থাৎ "আমাদিগের যজ্ঞ হইতেছে" এইরূপ হর্ষঃ-প্রকাশক শব্দ করেন।

বৃজ্যতে। বৃজী ধাতু বর্জনার্থক। অত্রূপদেশ-হেতু লসার্ব্বধাতুকানুদাত্তত্বে যক্; তাহারই স্বর অবশিষ্ট আছে। 'নিপাতৈর্যদ্যদিহন্তঃ' ইত্যাদি সূত্রে নিঘাতের প্রতিষেধ। আঘোষতে। ঘুষির্, ধাতু বিশিষ্ট শব্দ অর্থ প্রকাশ করে। ভৌবাদিক। এখানেও

অত্রাপি যদিত্যস্ত নিপাতস্থানুষঙ্গান্নিঘাতাভাবঃ। রণ্যতি। রমু ক্রীড়ায়াং। ব্যত্যয়েন শ্নন্ পরস্মৈপদং চ। অন্ত্যবিকারশ্ছান্দসঃ। যদ্বা রণ শব্দার্থঃ। ব্যত্যয়েন শ্নন্॥ (১ম—৮৩সূ—৬ঋ)॥

ইতি প্রথমস্ত ষষ্ঠে চতুর্থো বর্গঃ॥ ১।৬।৪॥

* • *

ষষ্ঠ (৯০১) ঋকের বিশদার্থ।

ভগবান্ ইন্দ্রদেব কোন্ সময় আনন্দ প্রকাশ করেন—হর্ষান্বিত এই মন্ত্রে তাহাই পরিব্যক্ত দেখি। তদ্বিষয়ে প্রথম উক্তি—"বর্হির্ব্বা যৎ স্বপত্যায় বৃজ্যতে।" উহার প্রচলিত অর্থ এই যে,—'পতন-নিবারক কর্ম্মের অর্থাৎ যজ্ঞের নিমিত্ত যখন কুশসকল কর্ত্তন করা হয়।' যজ্ঞের উদ্দেশে কুশ ছেদন হইলেই ইন্দ্র হর্ষসূচক শব্দ অর্থাৎ আনন্দপ্রকাশ করিয়া থাকেন। ইহাই হইল—ইন্দ্রদেবতার আনন্দ-প্রকাশের একবিধ কারণ। তাঁহারা আনন্দ-প্রকাশের দ্বিতীয় কারণ—"আর্কো বা শ্লোক-মাঘোষতে দিবি।" ইহার প্রচলিত অর্থ যে,—'হোতা যখন যজ্ঞ উপলক্ষে স্তোত্র উচ্চারণ করেন; অর্থাৎ, যজ্ঞে স্তোত্র-মন্ত্র উচ্চারিত হইলেই ইন্দ্র হর্ষ প্রকাশ করিয়া থাকেন।' আর, কখন তাঁহার হর্ষ প্রকাশ পায়? না—"গ্রাবা যত্র বদতি কারুরুক্থ্যঃ।" উহার প্রচলিত অর্থ এই যে,—'পাষাণখণ্ডদ্বয়ের দ্বারা সোমলতা-পেষণের—সোমরস বহিষ্করণের—শব্দ যখন উত্থিত হয়।' সে শব্দ কেমন? না—স্তোতারা যেমন শস্ত্রমন্ত্র উচ্চারণ করেন। সোমরস মাদক-দ্রব্য প্রস্তুত-জন্য পাষাণে পাষাণে সংঘর্ষ হইলে, সেই সংঘর্ষণ শব্দও ইন্দ্রদেবের হর্ষ-বর্দ্ধন করে। এবম্বিধ কারণত্রয়ে ইন্দ্রদেব হর্ষ-বিশিষ্ট শব্দ করিয়া থাকেন,—"তস্যেদিন্দ্রো অভিপিত্বেষু রণ্যতি" বাক্যাংশে এইরূপ অর্থ অধ্যাহৃত হইয়া আসিতেছে।

উক্ত প্রকার অর্থ যে সর্ব্বথা অসঙ্গত হয়, তাহা আমরা বলিতেছি

'যদিত্যের' নিপাতে অনুসঙ্গ হেতু নিঘাতের অভাব। রণ্যতি। রমু ধাতু ক্রীড়া অর্থ বুঝায়। ব্যত্যয়ের দ্বারা শ্নন্ এবং পরস্মৈপদ। ছান্দসে অন্ত্যবিকার; অথবা শব্দার্থক রণ ধাতু ব্যত্যয়ের দ্বারা শ্নন্। (১ম—৮৩সূ—৬ঋ)॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের চতুর্থ বর্গ সমাপ্ত॥ ৬.৬.৪॥

* • *

না। ঐ প্রকার অর্থের দ্বারা যজ্ঞকর্ম্মে মানুষের শ্রদ্ধা-ভক্তি আকর্ষণ করিতে পারে। সুতরাং ঐ প্রকার অর্থকে আমরা উড়াইয়া দিতে চাহি না। তবে উহার অন্তর্গত 'গ্রাবা' পদ উপলক্ষে সোমরস-প্রস্তুতের পরিকল্পনা-সম্বন্ধে আমাদিগের বিশেষ মতান্তর আছে। প্রস্তর-বাচক শব্দ দেখিয়াই তাহা যে সোমরস-প্রস্তুতের উদ্দেশে বিহিত হইয়াছে, তাহা মনে করা যায় না। যজ্ঞপক্ষে অর্থের সঙ্গতি স্বীকার করিলেও, 'গ্রাবা' পদ যে অন্য ভাব প্রকাশ করিতেছে, স্বতঃই তাহা মনে আসে। যাহা হউক, আমরা যে অর্থ যে ভাব এই মন্ত্রে গ্রহণ করিতেছি, অতঃপর তদ্বিষয় প্রখ্যাপনে চেষ্টা করা যাইতেছে।

ব্যাখ্যা-উপলক্ষে মন্ত্রটীকে আমরা চারি অংশে বিভক্ত করিয়াছি। ইহার মধ্যে প্রথম অংশের 'বর্হিঃ' পদ এবং তৃতীয় অংশের 'গ্রাবা' পদ সমস্যা উৎপাদন করিয়াছে। ঐ দুই পদ যে রূপকে প্রযুক্ত হইয়াছে, তাহা স্বীকার করিলেই আমাদিগের পরিগৃহীত ভাব পরিস্ফুট হইয়া আসিবে। 'বর্হিঃ' ও 'বর্হিষিঃ' পদ পূর্ব্বে আমরা বিভিন্ন স্থলে প্রাপ্ত হইয়াছি। সেই সকল স্থলে ঐ পদ যে 'হৃদয়' অর্থ জ্ঞাপন করিয়াছে, তাহাই বুঝিতে পারিয়াছি। এইরূপ 'গ্রাবা' পদেও যে হৃদয়কে লক্ষ্য করে, পূর্ব্বে তাহাই প্রতিপন্ন হইয়াছে। তবে, 'বর্হিঃ' ও 'গ্রাবা' পদদ্বয় রূপকে হৃদয়-সম্বন্ধে প্রযুক্ত হইলে, ঐ পদের পার্থক্য বা তাৎপর্য্য কি, তাহা বিচার করিয়া দেখা কর্ত্তব্য বলিয়া মনে করি। ঐ দুই পদের প্রতিবাক্যে আমরা যে মর্ম্মার্থ প্রকাশ করিয়াছি, তদ্দ্বারাই সে ভাব উপলব্ধ হইবে। 'হৃদয়' কেন বর্হির বা ছিন্ন কুশের সহিত তুলিত হইবে? মানুষের হৃদয় স্বতঃই ছিন্নকুশের ন্যায় অর্থাৎ তাহার বৃত্তিসমূহ বিচ্ছিন্ন—এককেন্দ্রীভূত নহে। 'বর্হিঃ' পদে সেই দৃষ্টীতে হৃদয়কে লক্ষ্য করা যায়। এইরূপ, 'গ্রাবা' পদে পাষাণবৎ বিশুষ্ক হৃদয়কে বুঝায়; অর্থাৎ যে হৃদয়ে প্রীতি-ভক্তির উৎস বিশুষ্ক হইয়া গিয়াছে, যে হৃদয় পাপ কর্ম্মের অনুষ্ঠানে পাষাণবৎ কঠোর হইয়া পড়িয়াছে, 'গ্রাবা পদের তাহাই লক্ষ্যস্থল। 'বর্হিঃ' ও 'গ্রাবা'—এই দুই পদ কি ভাব প্রকাশের জন্য এখানে প্রযুক্ত হইয়াছে, তাহা অনুধাবন করিলেই মর্ম্ম বোধগম্য হইবে। যে কর্ম্মে পতন-নিবারণ করে, সেই কর্ম্মের নিমিত্ত—এইরূপ ভাব

প্রকাশ-পক্ষে 'স্বপত্যায়' পদের সার্থকতা স্বীকৃত হয়। এখন দেখুন, 'বর্হিঃ' অর্থাৎ বিচঞ্চল হৃদয় কেমন করিয়া তদ্রূপ কর্ম্মে নিযুক্ত হইতে পারে? 'ছিদ্যতে' ক্রিয়াপদ তাহাই দ্যোতনা করিতেছে। কুশ পক্ষে কুশ যখন ছেদিত হয়—এইরূপ অর্থ গ্রহণ করা হইয়া থাকে। হৃদয়-পক্ষে সেই দৃষ্টিতেই অর্থের সার্থকতা উপলব্ধি করুন। হৃদয় যখন বিচ্ছিন্ন হয়, অর্থাৎ মায়া-মোহাদিকে পরিবর্জ্জন করিতে সমর্থ হয়—পাপ-প্রবৃত্তিকে দূরীভূত করিতে পারক হয়, তখনই মানুষের পতন-নাশক মুক্তিপ্রদায়ক কর্ম্ম অনুষ্ঠিত হয় না কি? কেবল কতকগুলি কুশ ছেদন করিলেই যে পতন-নিবারণ হয়, তাহা আমরা স্বীকার করি না। পরন্তু হৃদয় যখন অসদ্বৃত্তিসমূহকে হৃদয় হইতে বিচ্ছিন্ন করিতে পারে, তখনই আপনার মুক্তি-প্রদায়ক কর্ম্ম সমাহিত হয়—তখনই ভগবান্ আনন্দ প্রদান করিতে থাকেন। ইহাই প্রথম চরণের প্রথমাংশের মর্ম্মার্থ। ঐ চরণের দ্বিতীয়াংশের মর্ম্ম স্বতঃপ্রকাশিত। উপাসক যখন স্তোত্রমন্ত্রের সহিত সম্মিলিত হয়েন, তাঁহার সৎকর্ম্মানুষ্ঠান যখন শস্ত্রমন্ত্রসমন্বিত হয়, তখনই তাঁহার শ্রেয়ঃ আসিয়া থাকে—তখনই ভগবান্ আনন্দ প্রকাশ করেন। অতঃপর, দ্বিতীয় চরণের 'গ্রাবা' পদ উপলক্ষে কি ভাব মনে আসে তাহা বুঝিয়া দেখুন। যে হৃদয় পাষাণবৎ বিশুষ্ক, যে হৃদয়ে মায়-মমতা-স্নেহ-দয়া-প্রীতি-ভক্তি কিছুরই স্থান নাই—যাহা পাষাণের ন্যায় কঠিন হইয়া আছে; সে হৃদয় যদি উপাসকের ন্যায় স্তোত্রমন্ত্র উচ্চারণ করিতে পারে, তাহা হইলে তাহার পাষাণত্ব টুটিয়া যায়, তাহা হইলে সে হৃদয় স্বতঃই কমনীয়ত্ব প্রাপ্ত হয়। হৃদয়ের এইরূপ পরিবর্ত্তনই ভগবানের আনন্দের কারণ হইয়া থাকে। অসম্ভব কিছুই নহে। পাষাণ ভেদ করিয়া নির্ঝরিণী প্রবাহিত হয়; পাষাণের মধ্যেই স্নিগ্ধবারি লুক্কায়িত থাকে। যখন সেই হৃদয়-রূপ পাষাণ উদ্ভিন্ন হয়—তাহা হইতে যখন ভক্তির মন্দাকিনী বহিতে থাকে, তখনই ভগবান্ আনন্দ প্রকাশ করিয়া থাকেন।

পূর্ব্বোক্ত ত্রিবিধ অবস্থাই মানুষের পতন নিবারণ করিয়া থাকে, পূর্ব্বোক্ত ত্রিবিধ কর্ম্মেই মানুষ পরমানন্দ লাভ করিতে সমর্থ হইয়া থাকেন। এই সকল বিষয় বিবেচনা করিলে মনে হয়, এই মন্ত্রের

উপদেশ এই যে,—'মানুষ! যদি আপনার পতনের পথ রোধ করিতে চাও, হৃদয় হইতে পাপ প্রবৃত্তিসমূহকে বিদূরিত কর—বিচঞ্চল হৃদয়কে চাঞ্চল্যপরিশূন্য ভগবন্ন্যস্ত কর; এবং আপনার সকল কর্ম্মে সর্ব্ববিধ সৎকর্ম্মসমাধানে—ভগবানের উপাসনাপরায়ণ রহ; আর, তোমার পাষাণ-হৃদয়ে প্রীতি-ভক্তির মন্দাকিনী ধারা যাহাতে প্রবাহিত হয়, তৎপক্ষে উদ্বুদ্ধ হও। এই সকল কার্য্যই—ভগবানের প্রীতি-সাধন; এই সকল কার্য্যেই—আপনার মঙ্গল বিহিত হয়।' (১ম—৮৪সূ—৬ঋ)।

চতুরশীতিতম সূক্তানুক্রমণিকা।

অসাবীতি বিংশত্যৃচমেকাদশং সূক্তং। অত্রানুক্রম্যতে। অসাবি বিংশতিঃ ষড়নুষ্টুভঃ ঔষ্ণিহপাংক্তগায়ত্রত্রৈষ্টুভাস্তৃচাঃ প্রগাথ ইতি। আদিতঃ ষড়নুষ্টুভঃ। সপ্তম্যাদ্যাস্তিস্র উষ্ণিহঃ। দশম্যাদ্যাস্তিস্রঃ পংক্তয়ঃ। ত্রয়োদশ্যাদ্যাস্তিস্রো গায়ত্র্যঃ। ষোড়শ্যাদ্যাস্তিস্রস্ত্রিষ্টুভঃ। একোনবিংশী বৃহতী। বংশী সতো বৃহতী। অনুবর্ত্তনাদ্গোতম ঋষিঃ। অনাদেশাপরিভাষয়েন্দ্রো দেবতা। সূক্তবিনিয়োগো লিঙ্গাদবগন্তব্যঃ। অতিরাত্রষোড়শিশস্ত্র আদ্যৌ তৃচৌ স্তোত্রিয়ানুরূপৌ। সূত্রিতং চ। অথ ষোড়শ্যসাবি সোম ইন্দ্র ত ইতি স্তোত্রিয়ানুরূপৌ। আ০ ৬'২। ইতি। আভিপ্লাবিকেষ্‌ক্থ্যেষু তৃতীয়সবনেঽচ্ছাবাকস্যেমাবেব তৃচৌ বৈকল্পিকৌ স্তোত্রিয়ানুরূপৌ। এহ্যূষ্বিতি খণ্ডে সূত্রিতং। অসাবি সোম ইন্দ্র ত ইমমিন্দ্র সুতং পিব। আ০ ৭.৮। ইতি। তত্র প্রথমামৃচমাহ।

চতুরশীতিতম সূক্তানুক্রমণিকার বঙ্গানুবাদ।

'অসাবি' ইত্যাদি বিংশতি ঋক্-বিশিষ্ট একাদশ সূক্ত (ত্রয়োদশ অনুবাকের)। এ বিষয় এইরূপ অনুক্রান্ত আছে,—'অসাবি বিংশতি ষড়নুষ্টুভঔষ্ণিহপাংক্তগায়ত্রত্রৈষ্টুভাস্তৃচাঃ প্রগাথ ইতি।' প্রথমের ছয়টী ঋক্ অনুষ্টুপ ছন্দে গ্রথিত; সপ্তমাদি তিনটী ঋক্ উষ্ণিহ; দশমাদি তিনটী ঋক্ পংক্তি ছন্দোবিশিষ্ট; ত্রয়োদশাদি তিনটী ঋক গায়ত্রী ছন্দে গ্রথিত; ষোড়শাদি তিনটী ঋক্ ত্রিষ্টুভ ছন্দোবিশিষ্ট। একোনবিংশ ঋকটী বৃহতী ছন্দে গ্রথিত; বিংশ ঋক্টী সতো বৃহতী ছন্দোবিশিষ্ট। অনুবর্ত্তন হেতু এই সূক্তের ঋষি গোতম। অনাদেশ পরিভাষার জন্য ইন্দ্র দেবতা। সূক্তবিনিয়োগ লৈঙ্গিক অবগত হইবে। অতিরাত্র ষোড়শী শস্ত্রে আদি তিনটী ঋক্ স্তোত্রিয়ানুরূপ। এ বিষয় সূত্রিত আছে,—'অথ ষোড়শ্যসাবিসোম ইন্দ্র ত ইতি স্তোত্রিয়ানুরূপৌ।' (আ০ ৬২) ইতি। আভিপ্লবিক উক্থ্যসমূহে তৃতীয়সবনে অচ্ছাবাকের এই তৃচ বৈকল্পিক স্তোত্রিয়ানুরূপ। 'এহ্যূষ্বিতি খণ্ডে' সূত্রিত আছে;—'অসাবি সোম ইন্দ্র ত ইমমিন্দ্র সুতং পিব।' (আ০ ৭৮) ইতি॥

* * *

ও

ঋগ্বেদ-সংহিতা।

—:•:—

প্রথম মণ্ডলং। ত্রয়োদশোঽনুবাকঃ। চতুরশীতিতমং সূক্তং। প্রথমোঽষ্টকঃ। ষষ্ঠোঽধ্যায়ঃ। পঞ্চমাদারভ্য সপ্তমঃ পর্য্যন্তঃ ত্রিবর্গাঃ।

• • •

চতুরশীতিতমং সূক্তং।

এই সূক্তে বিংশতিসংখ্যক ঋক্ আছে। বিবিধ ছন্দে সেই সকল ঋক্ গ্রথিত হইয়াছে। ইন্দ্রদেবতার সম্বন্ধে এই সূক্তটি বিনিযুক্ত হয়। ইন্দ্রদেবতার বিবিধ ক্রিয়া-কলাপ এই সূক্তে পরিবর্ণিত আছে। এই সূক্তের মন্ত্রাদির সহিত নানা উপাখ্যানের সমাবেশ দেখিতে পাওয়া যায়। তাহার মধ্যে একটী প্রধান উপাখ্যান—দধীচির অস্থি লইয়া ইন্দ্র বৃত্রগণকে বধ করিয়াছিলেন। এ বিষয়ে পৌরাণিক কাহিনী অনেকেই অবগত আছেন। আমরাও পূর্ব্বে কিঞ্চিৎ প্রকাশ করিয়াছি। এই সূক্তের ত্রয়োদশ ও চতুর্দ্দশ ঋকের প্রচলিত অর্থে প্রকাশ,—"অপ্রতিদ্বন্দ্বী ইন্দ্র দধীচির অস্থির দ্বারা বৃত্রগণকে নবগুণ নবতিবার বধ করিয়াছিলেন॥ ১৩॥ পর্ব্বতে লুক্কায়িত দধীচির অশ্ব-মস্তক পাইবার ইচ্ছা করিয়া ইন্দ্র সেই মস্তক শর্য্যনাৎ (সরোবরে) প্রাপ্ত হইয়া-ছিলেন॥ ১৪॥" উপাখ্যান আছে—দধীচি ঋষিকে মধুবিদ্যা শিখাইয়া ইন্দ্র সে বিদ্যা অপরকে শিখাইতে নিষেধ করেন। কিন্তু দধীচি সে বাক্য লঙ্ঘন করিয়াছিলেন। তাহাতে ইন্দ্র দধীচির মস্তক ছেদন করেন। অশ্বিদ্বয় দধীচিকে অশ্বমস্তক পরাইয়া দিয়া সেই বিদ্যা তাঁহার নিকট শিখিয়া লন। আবার দধীচির মস্তক ছেদিত হয়। তখন অশ্বিদ্বয় আপনাদের মস্তক দধীচিকে প্রদান করেন। দধীচি লুক্কায়িত হইলে, অসুরগণের প্রবৃদ্ধি ঘটে। ইন্দ্র পুনরায় দধীচির সন্ধান করিয়া তাঁহার অশ্বমস্তক প্রাপ্ত হইয়া তাঁহার অস্থির দ্বারা বৃত্রকে হনন করিয়াছিলেন। এই উপাখ্যানের মধ্যে যে কি রূপক আছে, তাহা উদ্ঘাটিত হয় নাই। আমরা এই উপাখ্যানের যৌক্তিকতা অনুভব করি না। মন্ত্রের অর্থও, আমাদিগের মতে, অন্য প্রকার। যথাস্থানে সে অর্থ প্রকাশ পাইবে।

এই সূক্তের মধ্যেও যথাপূর্ব্ব ইন্দ্রের রথের বিষয়, অশ্বদ্বয়ের কথা এবং সোমরস-

পানে তাঁহার বিভোরতার কাহিনী প্রচলিত আছে। তার পর, বহুবিধ প্রহেলিকা এই সূক্তের মন্ত্রসমূহের অন্তর্ভুক্ত হইয়া রহিয়াছে। "ইন্দ্রের ধেনুসকল শত্রুবিনাশী বজ্র শত্রুগণ মধ্যে প্রেরণ করেন।" ইত্যাদি। অন্যান্য বিষয় যথারীতি ব্যাখ্যাত হইবে।

প্রথমমণ্ডলে ত্রয়োদশানুবাকে চতুরশীতিতমসূক্তে প্রথমা ঋক্।

ঋষি দেবতা চ পূর্ব্ববৎ। বিনিয়োগঃ লিঙ্গাদবগন্তব্যঃ।

* * *

প্রথমা ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। প্রথমা ঋক্।)

অসাবি সোম ইন্দ্র তে শবিষ্ঠ ধৃষ্ণবাগহি।

আ ত্বা পৃণক্ত্বিন্দ্রিয়ং রজঃ

সূর্য্যো ন রশ্মিভিঃ॥ ১॥

* * *

পদ-বিশ্লেষণং।

অসাবি। সোম। ইন্দ্র। তে। শবিষ্ঠ। ধৃষ্ণো ইতি। আ। গহি।

আ। ত্বা। পৃণক্তু। ইন্দ্রিয়ং। রজঃ।

সূর্য্যঃ। ন। রশ্মিঽভিঃ॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'তে' (ত্বদর্থং) অস্মাসু 'সোমঃ' (শুদ্ধসত্বং) 'অসাবি' (উৎপন্নং সঞ্চিতং বা অস্তু); 'শবিষ্ঠ' (অতিশয়েন বলবন্) 'ধৃষ্ণো' (শত্রূণাং ধর্ষয়িতঃ, রিপুবিমর্দ্দক হে ভগবন্) 'আ গহি' (আগচ্ছ, অস্মান্ প্রাপ্নুহি); 'ইন্দ্রিয়ং' (অস্মাকং সর্ব্বেন্দ্রিয়ং

সর্ব্বা শক্তিঃ) 'সূর্য্যঃ' দিবাকরঃ, যদ্বা—জ্ঞানদেবঃ) 'ন' (যথা) 'রশ্মিভিঃ' (কিরণৈঃ, জ্যোতির্ভিঃ) 'রজঃ' (অন্তরিক্ষং ব্যাপ্নোতি তদ্বৎ, রজোভাবং অহঙ্কারাদিজন্মকারণং নশ্যতি তদ্বৎ) 'আ' (সর্ব্বতোভাবেন) 'ত্বা' (ত্বাং) 'পৃণক্তু' (পূরয়তু, প্রাপ্নোতু ইত্যর্থঃ)। প্রার্থনায়াঃ ভাবঃ—হে ভগবন্। অস্মাকং সর্ব্বা শক্তিঃ ত্বয়ি বিনিবিষ্টা ভবতু—অস্মাকং হৃদয়ঃ শুদ্ধসত্ত্বেন পূর্ণঃ অস্তু; অতঃ ত্বং অস্মাসু বিরাজমান্ ভবঃ। (১ম—৮৪সূ—১ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! আপনার জন্য আমাদিগের মধ্যে শুদ্ধসত্ত্ব উৎপন্ন বা সঞ্চিত হউক। অতিশয় বলবন্ শত্রুধর্ষণকারী হে ভগবন্! আসুন—আমাদিগকে প্রাপ্ত হউন; আমাদিগের সকল ইন্দ্রিয়—সকল শক্তি, সূর্য্য যেমন রশ্মিসমূহের দ্বারা অন্তরিক্ষকে ব্যাপ্ত করে সেইরূপ (অথবা জ্ঞানদেবতা যেমন আপনার জ্যোতির দ্বারা রজোভাবকে—অহঙ্কারাদি জন্মকারণকে নাশ করেন সেইরূপ) সর্ব্বতোভাবে আপনাকে প্রাপ্ত হউক। (প্রার্থনার ভাব এই যে,—'হে ভগবন্! আমাদিগের সকল শক্তি আপনাতে বিনিবিষ্ট হউক—আমাদিগের হৃদয় শুদ্ধসত্ত্বে পূর্ণ রহুক; আর, আপনি আমাদিগের মধ্যে বিরাজমান্ রহুন।)॥ (১ম—৮৪সূ—১ঋ)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র তে ত্বদর্থং সোম অসাবি। অভিষুতোঽভূৎ। হে শবিষ্ঠ। অতিশয়েন বলবন্। অতএব ধৃষ্ণো শত্রূণাং ধর্ষয়িতরিন্দ্র আগহি। দেবযজনদেশমাগচ্ছ। আগতং ত্বামিন্দ্রিয়ং সোমপানেনোৎপন্নং প্রভূতং সামর্থ্যমাপৃণক্তু। আপূরয়তু। রজোঽন্তরিক্ষং রশ্মিভিঃ কিরণৈঃ সূর্য্যো ন। যথা সূর্য্যঃ পূরয়তি তদ্বৎ।

শবিষ্ঠ। শবস্বিন্ শব্দাদিষ্ঠনি বিন্মতোর্লুক্। টেরিতি টিলোপঃ। পাদাদিত্বা-

---

সায়ণভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'ইন্দ্র' ইন্দ্র! 'তে' আপনার জন্য 'সোমঃ' সোমরস 'অসাবি' অভিষুত হইয়াছে। হে 'শবিষ্ঠ' অতিশয়রূপে বলবন্! অতএব 'ধৃষ্ণো' শত্রুগণের ধর্ষয়িতা ইন্দ্র 'আগহি' দেবযজনদেশে আগমন করুন; আগত 'ত্বা' আপনাকে 'ইন্দ্রিয়ং' সোমপানের দ্বারা উৎপন্ন প্রভূত সামর্থ্য 'আ পৃণক্তু' সম্পূর্ণরূপে পূরণ করুক; 'রজঃ' অন্তরিক্ষকে 'রশ্মিভিঃ' কিরণসমূহের দ্বারা 'সূর্য্যঃ ন' সূর্য্য যেমন পূরণ করেন—সেইরূপ।

শবিষ্ঠ। শবস্বিন্ শব্দহেতু ইষ্ঠন্-প্রত্যয়; তাহাতে 'বিন্মতোর্লুক্' ইত্যাদি সূত্রে লোপ। 'টেঃ' ইত্যাদি সূত্রে টিলোপ। পাদাদিত্ব-হেতু নিঘাতের অভাব। ধৃষ্ণু

ন্নিঘাতাভাবঃ। গহি। গমের্লোটি বহুলং ছন্দসীতি শপো লুক্। অনুদাত্তোপদেশেত্যাদিনা-নুনাসিকলোপঃ। তস্যাসিদ্ধবদত্রা ভাদিত্যসিদ্ধবত্বাদ্ধেলুগভাবঃ॥ (১ম—৮৩সূ—১ঋ)॥

* * *

প্রথম (৯০২) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রে দুইটী সমস্যা-মূলক পদ আছে, এবং একটী সমস্যা-মূলক উপমা দৃষ্ট হয়। সেই পদ দুইটী—'সোমঃ' ও 'ইন্দ্রিয়ং'। উপমাটী—"সূর্য্যঃ ন রশ্মিভিঃ রজঃ"। সোম-পদে যথাপূর্ব্ব সকলেই 'সোমরস মাদক-দ্রব্য' অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন। 'অসাবি' ক্রিয়া-পদে তদনুসারে অভিষব-ক্রিয়ার দ্বারা প্রস্তুত হইয়াছিল, ভাব গ্রহণ করা হইয়াছে। তদনুসারে, এই মন্ত্রের প্রথম চরণের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে,—"হে ইন্দ্র! আপনার জন্য সোমরস মাদক-দ্রব্য প্রস্তুত রহিয়াছে; শক্রবিমর্দ্দক আপনি আসিয়া তাহা পান করুন।" এইরূপ 'ইন্দ্রিয়ং' পদে সেই সোমরস-পানে মত্ততা-জনিত বল-সঞ্চারের ভাব গ্রহণ করা হইয়াছে। তদনুসারে ঐ অংশের অর্থ দাঁড়াইয়াছে,—'সোমরস-পান-জনিত শক্তিতে তোমাকে পূর্ণ করুক, অর্থাৎ মত্ততা-জনিত বল তোমাতে সঞ্চিত হউক।' কেমন ভাবে সেই বল তোমাতে সঞ্চিত হইবে বা তুমি সেই বলে পূর্ণ হইবে? তাহারই উপমা—"রজঃ সূর্য্যঃ ন রশ্মিভিঃ।" উহার প্রচলিত অর্থ—'সূর্য্য যেমন অন্তরিক্ষকে আপনার রশ্মিসমূহের দ্বারা পূর্ণ করেন।'

আমরা কিন্তু পূর্ব্বোক্ত অর্থে সঙ্গতি দেখি না। 'সোমঃ' পদে যে শুদ্ধসত্ত্বকে বুঝায়, আর শুদ্ধসত্ত্বই যে ভগবানের আশ্রয়-স্থল, তাহা পুনঃ পুনঃ খ্যাপন করিয়াছি। সে পক্ষে, এই মন্ত্রের প্রথম প্রার্থনা,—'হে ভগবন্! আমাদিগের মধ্যে শুদ্ধসত্ত্ব সঞ্চিত হউক, সৎকর্ম্মের অনুষ্ঠানে আমরা যেন শুদ্ধসত্ত্ব সঞ্চয়ে সমর্থ হই।' এ পক্ষে, 'অসাবি' ক্রিয়াপদের বিষয় অনুধাবনীয়। সূ (সু) ধাতু 'উৎপাদন' অর্থ প্রকাশ করে। তাহারই লুঙি 'অসাবি' পদ ব্যুৎপন্ন হয়। আমরা ঐ ক্রিয়াপদে লোট বিভক্তির

গম ধাতু লোটে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের লোপ। তাহার অসিদ্ধবৎ এখানে আভিদ্ধবৎ হেতু 'হি'র লোপের অভাব। (১ম—৮৪সূ—১ঋ)।

আরোপ করি। সে পক্ষে, 'অসাবি' স্থলে 'সুনোতু', 'সূতাং' অথবা 'সূয়তাং' পদ গ্রহণ করিতে পারি। ফলতঃ, 'উৎপন্ন হউক—সঞ্চিত হউক' এবম্বিধ ভাব ঐ ক্রিয়াপদ ব্যক্ত করিতেছে বলিয়াই আমরা সিদ্ধান্ত করি। ভগবানকে আমরা 'আগহি' বলিয়া সম্বোধন করিতে পারি—কখন? যখন আমাদিগের হৃদয় সত্ত্বভাবে পূর্ণ হয় তখনই নহে কি? এই নিত্যসত্য-তত্ত্ব স্মরণ করিয়াই, মন্ত্রের প্রথম চরণে প্রার্থনার ভাব প্রাপ্ত হই,—'হে ভগবান্! আমাদিগের হৃদয় শুদ্ধসত্ত্বে পূর্ণ হউক; আর, আপনি আসিয়া তাহাতে অধিষ্ঠিত হউন।'

অতঃপর দ্বিতীয় চরণের প্রার্থনার বিষয় বিচার করিয়া দেখুন। 'মদ্যপানে আপনি শক্তিলাভ করুন'—এই কি দেবতার নিকট মানুষের কামনা? মনে করিতেও অন্তর কম্পিত হয় না কি? কিন্তু এই অংশের 'ইন্দ্রিয়ং' পদের মর্ম্ম অনুধাবন করিলেই সকল ভাব পরিস্ফুট হইতে পারে। আমরা বলি, এখানে 'ইন্দ্রিয়ং' পদে আমাদিগের সকল ইন্দ্রিয়কে —যত প্রকার ইন্দ্রিয় আছে তাহাদিগের সকলকে—আমাদিগের সর্ব্ববিধ শক্তিকে—অর্থ আসিতেছে। 'আমাদিগের সকল ইন্দ্রিয় (ইন্দ্রিয়ং) আপনাকে পূরণ করুক (পৃণক্তু)'—এতদ্বাক্যে কি ভাব উপলব্ধ হয়? ইহার ভাব কি এই নয়—'আমরা যেন সর্ব্বান্তঃকরণে আপনার কার্য্যে বিনিবিষ্ট হইতে পারি।' তাহারই উপমা—"সূর্য্যঃ ন রশ্মিভিঃ রজঃ"। এই উপমা অংশে দ্বিবিধ ভাব গ্রহণ করা যায়। সাধারণ-প্রচলিত ভাব —সূর্য্যরশ্মি যেমন অন্তরিক্ষকে পূর্ণ করে। অন্য অর্থ—জ্ঞানদেবতা যেমন আপনার জ্যোতিঃবিস্তারে রজোভাবকে অর্থাৎ অহঙ্কারাদি জন্মকারণকে নাশ করেন। এ পক্ষে 'সূর্য্যঃ' পদে জ্ঞানদেবতা (প্রজ্ঞান অর্থ) গ্রহণ করা হইয়াছে; এবং 'রজঃ' পদে অহঙ্কারাদি জন্মকারণের প্রতি লক্ষ্য রহিয়াছে। প্রজ্ঞান লাভে, পরমজ্ঞানে জ্ঞানী হইয়া, মানুষ যেমন আপনার জন্মহেতুভূত অহঙ্কারাদিকে দূরীকৃত করিতে সমর্থ হয়, আমাদিগের ইন্দ্রিয়সকল—আমাদিগের সর্ব্ববিধ শক্তি—ভগবানে ন্যস্ত হইলে সেইরূপ আমাদিগের সকল বিপদ দূর করিয়া দেয়—আমাদিগকে মোক্ষের পথে আগুয়ান করে। ইহাই তাৎপর্য্যার্থ। (১ম-—৮৪সূ—১ঋ)।

—— ০ ——

দ্বিতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। দ্বিতীয়া ঋক্।)

ইন্দ্রমিদ্ধরী বহতোঽপ্রতিধৃষ্টশবসং।
ঋষীণাং চ স্তুতীরূপ যজ্ঞং চ মানুষাণাং॥ ২॥

* * *

পদ-বিশ্লেষণং।

ইন্দ্রং। ইৎ। হরী ইতি। বহতঃ। অপ্রতিধৃষ্টঽশবসং।
ঋষীণাং। চ। স্তুতীঃ। উপ। যজ্ঞং। চ। মানুষাণাং॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'হরী' (জ্ঞানভক্তিরূপৌ বাহকৌ) 'অপ্রতিধৃষ্টশবসং' (অশেষশক্তিশালিনং, প্রতিদ্বন্দ্বিরহিতবলযুক্তং) 'ইন্দ্রং' (ভগবন্তং ইন্দ্রদেবং) 'ঋষীণাং' (মন্ত্রদ্রষ্টৄণাং সাধকানাং) 'চ' (তথা) 'মানুষাণাং' (লোকানাং, জনসাধারণানাং) 'স্তুতীঃ' (স্তোত্রান) 'চ' (তথা) 'যজ্ঞং' (সর্ব্ববিধং সৎকর্ম্মানুষ্ঠানং) 'উপ' (সমীপং) 'ইৎ' (নিশ্চিতং) 'বহতঃ' (প্রাপয়তঃ)। জ্ঞানভক্তিসহযুতেন কর্ম্মণা নরঃ সর্ব্বাবস্থায়াং ভগবন্তং প্রাপ্নোতি—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ—২ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয় অশেষশক্তিশালী ভগবান্ ইন্দ্রদেবকে মন্ত্রদ্রষ্টা সাধকগণের এবং জনসাধারণের স্তোত্রসমূহের ও সর্ব্ববিধ সৎকর্ম্মানুষ্ঠানের সমীপে নিশ্চয়ই বহন করিয়া আনে। (ভাব এই যে,—জ্ঞানভক্তিসহযুত কর্ম্মের দ্বারা মনুষ্য সর্ব্বাবস্থায় ভগবানকে প্রাপ্ত হইয়া থাকে।)॥ (১ম—৮৪সূ—২ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিধৃষ্টশবসং কেনাপ্যপ্রতিধর্ষিতবলং। অহিংসিতবলমিত্যর্থঃ। ইন্দ্রমিত্থমিন্দ্রমেব ঋষীণাং বসিষ্ঠাদীনাং মানুষাণামন্যেষাং চ মনুষ্যাণাং চ স্তুতীর্যজ্ঞং চ হরী অশ্বাবুপবহতঃ। সমীপং প্রাপয়তঃ। যত্র যত্র স্তুবন্তি যত্র যত্র যজন্তে তত্র সর্ব্বত্রেন্দ্রমশ্বৌ প্রাপয়তঃ ইত্যর্থঃ॥

মানুষাণাং মনোর্জাতাবিতি মনুশব্দাদঞ্ যুগাগমশ্চ॥ (১ম—৮৪সূ—২ঋ)॥

• • •

দ্বিতীয় (৯০৩) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'হরী' পদ সম্বন্ধেই যাহা কিছু মতান্তর আছে; নচেৎ, মন্ত্রের সাধারণ ভাব-সম্বন্ধে কোনই মত-পার্থক্য দেখিতে পাই নাই। 'হরী' পদে 'ইন্দ্রের অশ্বদ্বয়' অর্থ গ্রহণ-পূর্ব্বক মন্ত্রের ভাব গ্রহণ করা হয়,—'ইন্দ্রের অশ্বদ্বয় ইন্দ্রকে ঋষিগণের এবং মনুষ্যগণের স্তোত্রের ও যজ্ঞের সমীপে বহন করিয়া লইয়া যায়।' ইহাতে সাধারণতঃ মনে আসে,—ইন্দ্র নামে কোনও এক মনুষ্য রাজপদে অধিষ্ঠিত ছিলেন; ঋষিগণ এবং মনুষ্যগণ যখন তাঁহার অভ্যর্থনার আয়োজন করিতেন, তখন তিনি আপনার দুইটী অশ্বে আরোহণ করিয়া বা অশ্বদ্বয়-পরিচালিত রথে সেই অভ্যর্থনা-ক্ষেত্রে গমন করিতেন এবং আপনার প্রশংসাবাদ শ্রবণে পরিতুষ্ট হইতেন।

যদি তাহাই হইবে—সেই অর্থেরই যদি সার্থকতা থাকিবে, তাহা হইলে এই সকল মন্ত্র আজিও যজ্ঞাদিতে—ক্রিয়াকর্ম্মে ব্যবহৃত হইতেছে কেন? ইন্দ্রদেব কি অশ্বে আরোহণ-পূর্ব্বক এখন যজ্ঞস্থলে আগমন করেন? এবং মন্ত্র শ্রবণ করেন? কেহ দেখিয়াছেন কি? সে পরিকল্পনা নিরর্থক বলিয়াই প্রতিপন্ন হয়।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'অপ্রতিধৃষ্টশবসং' কাহারও কর্ত্তৃক অপ্রতিধর্ষিত-বল অর্থাৎ অহিংসিত-বল 'ইন্দ্রমিৎ' ইন্দ্রকেই 'ঋষীণাং' বসিষ্ঠাদি ঋষিগণের 'চ' এবং 'মানুষাণাং' অপর মনুষ্যগণের 'স্তুতীঃ' স্তুতিসমূহে 'চ' এবং 'যজ্ঞং' যজ্ঞে 'হরী অশ্বদ্বয় 'উপ বহতঃ' সমীপে প্রাপ্ত করেন; যেখানে যেখানে (মনুষ্যগণ) স্তব করেন, যেখানে যেখানে যজন-কার্য্য হয়, সেখানে সেখানে সর্ব্বত্র ইন্দ্রকে অশ্বদ্বয় প্রাপ্ত হয়—ইহাই অর্থ।

মানুষাণাং। 'মনোর্জাতৌ' এই বাক্যে মনুশব্দ-হেতু অঞ্ এবং যুগাগম॥ ২॥

• • •

আমরা বলি, মন্ত্রার্থ নিত্যসত্য-ভাব-প্রকাশক। চিরকাল যাহা হইয়াছে, হইতেছে ও হইবে, তাহাই এখানে প্রখ্যাত রহিয়াছে। ভগবান্ ইন্দ্রদেব চিরদিনই মানুষের স্তোত্র সমীপে—উপাসনার নিকট এবং যজ্ঞসমীপে—সৎকর্ম্মানুষ্ঠানের নিকট আসিয়া থাকেন। আমাদিগের জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয়ই তাঁহাকে বহন করিয়া আনে। এ মন্ত্র সেই তত্ত্বই প্রকাশ করিতেছে; বলিতেছে,—'তুমি ঋষিই হও, আর সাধারণ মনুষ্যই হও, জ্ঞানভক্তি-সহযুত কর্ম্মের অনুষ্ঠান কর; ভগবান্ তোমাকে অনুগ্রহ করিবেন। সেই কর্ম্মই সর্ব্বাবস্থায় ভগবানকে প্রাপ্ত হয়।' আমরা মনে করি, এবম্বিধ ভাবই এই মন্ত্রে প্রকাশ পাইতেছে। (১ম—৮৪সূ—২ঋ)।

তৃতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। তৃতীয়া ঋক্।)

আতিষ্ঠ বৃত্রহন্রথং যুক্তা তে ব্রহ্মণা হরী।

অর্ব্বাচীনং সু তে মনো গ্রাবা

কৃণোতু বগ্নুনা ॥ ৩॥

পদ-বিশ্লেষণং।

আ। তিষ্ঠ। বৃত্রহন্। রথং। যুক্তা। তে। ব্রহ্মণা। হরী ইতি।

অর্ব্বাচীনং। সু। তে। মনঃ। গ্রাবা।

কৃণোতু। বগ্নুনা॥ ৩॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃত্রহন্' (অজ্ঞানতানাশক হে ভগবন্) 'রথং' (অস্মাকং হৃদয়ং কর্ম্ম বা) 'অতিষ্ঠ' (সমন্তাৎ প্রাপ্নুহি); 'ব্রহ্মণা' (অস্মদুচ্চারিতেন স্তোত্রেণ, শস্ত্রমন্ত্রেণ) 'তে' (তব বহনোপযোগিনৌ) 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ বাহকৌ) 'যুক্তা' (যুক্তৌ ভবতাং—অস্মাকং হৃদ ইতি যাবৎ) 'গ্রাবা' পাষাণবৎ বিশুষ্কঃ অস্মাকং হৃদয়ঃ) 'বগ্নুনা' স্তোত্রমন্ত্রেণ—অভিষিক্তঃ সন্) 'তে' (তব) 'মনঃ' (অন্তরং, অনুগ্রহং ইতি ভাবঃ) 'সু' (সুষ্ঠুরূপেণ) 'অর্ব্বাচীনং' (অস্মদভিমুখং) 'কৃণোতু' (করোতু)। পাষাণবদ্দৃঢ়হৃদয়ঃ মন্ত্রপ্রভাবেন আর্দ্রঃ ভবতু; অস্মিন্ হৃদি হে ভগবন্ ত্বং অধিষ্ঠিত—অস্মান্ প্রতি কৃপাপরায়ণঃ ভবঃ। ইত্যেবং প্রার্থনা ইতি ভাবঃ॥ (১ম-৮৪সূ—৩ঋ)॥

* * *

বঙ্গানুবাদ।

অজ্ঞানতানাশক হে ভগবন্! আমাদিগের হৃদয়কে বা কর্ম্মকে সমন্তাৎ প্রাপ্ত হউন; আমাদিগের উচ্চারিত স্তোত্রের দ্বারা (শস্ত্রমন্ত্রের দ্বারা) আপনার বহনোপযোগী জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয় আমাদিগের হৃদয়ে যুক্ত হউক, পাষাণবৎ বিশুষ্ক আমাদিগের হৃদয় স্তোত্রমন্ত্রের দ্বারা অভিষিক্ত হইয়া, আপনার অন্তরকে—আপনার অনুগ্রহকে—সুষ্ঠুরূপে আমাদিগের অভিমুখ করুক। (প্রার্থনার ভাব এই যে,—পাষাণবৎ দৃঢ় আমাদিগের হৃদয় মন্ত্রপ্রভাবে আর্দ্র হউক; সেই হৃদয়ে, হে ভগবন্, আপনি অবস্থান করুন—আমাদিগের প্রতি কৃপাপরায়ণ হউন।)॥ (১ম—৮৪সূ—৩ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে বৃত্রহন্ শত্রূণাং হন্তরিন্দ্র রথমাতিষ্ঠ। আরোহ। যস্মাত্তে হরী ত্বদীয়াবশ্বৌ ব্রহ্মণা স্তোত্রলক্ষণেন মন্ত্রেণ যুক্তা। রথেঽস্মাভির্যোজিতৌ। তস্মাত্ত্বং রথমাতিষ্ঠ। তে মনস্ত্বদীয়ং মনশ্চ গ্রাবাভিষবার্থং প্রবৃত্তঃ পাষাণো বগ্নুনা বচনীয়েনাভিষবশব্দেনার্ব্বাচীনমস্মদাভিমুখং সু কৃণোতু। সুষ্ঠু করোতু॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'বৃত্রহন্' শত্রুগণের হননকারী ইন্দ্র! 'রথং আতিষ্ঠ' রথে আরোহণ করুন; যে হেতু 'তে হরী' আপনার অশ্বদ্বয় 'ব্রহ্মণা' স্তোত্রলক্ষণ মন্ত্রের দ্বারা 'যুক্তা' রথে আমাদিগ কর্ত্তৃক যোজিত হইয়াছে; সেই হেতু আপনি রথে আরোহণ করুন; 'তে মনঃ' আপনার মনকে 'গ্রাবা' অভিষবার্থ প্রবৃত্ত পাষাণ 'বগ্নুনা' রচনীয় অভিষব-শব্দের দ্বারা 'অর্ব্বাচীনং' আমাদিগের অভিমুখ 'সু কৃণোতু' সুষ্ঠুরূপে করুক।

যুক্তা। সুপাং সুলুগিত্যাকারঃ। বগ্নুনা। বচের্গশ্চ। উ০ ৩,৩৩। ইতি নুপ্রত্যয়ো গকারশ্চান্তাদেশঃ॥ (১ম—৮৪সূ—৩ঋ)॥

• • •

তৃতীয় (৯০৪) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের প্রথম চরণের 'রথং' ও 'হরী' পদদ্বয় এবং দ্বিতীয় চরণের 'গ্রাবা' পদ মন্ত্রার্থ-নিষ্কাশনে অন্তরায় হইয়া দাঁড়াইয়াছে। দেবতার সম্বোধন 'বৃত্রহন্' পদও সংশয়-সন্দেহ বৃদ্ধি করিয়াছে। এতদনুসারে মন্ত্রের প্রথম চরণের অর্থ দাঁড়াইয়া গিয়াছে,—'হে বৃত্রহননকারী! তুমি রথে আরোহণ কর; তোমার অশ্বদ্বয় রথে সংযুক্ত হইয়াছে।' এইরূপে দ্বিতীয় চরণের অর্থ দাঁড়াইয়াছে,— প্রস্তর (গ্রাবা) দ্বারা সোমরস বাহির করা যাইতেছে; তাহার শব্দে (বগ্নুনা) অর্থাৎ শব্দ শুনিয়া তোমার চিত্ত আমাদিগের দিকে প্রধাবিত হউক।' সোমরস মাদক-দ্রব্য প্রস্তুতের আয়োজন হইলেই, তদুপলক্ষিত প্রস্তর প্রস্তর সঞ্চালিত হইলেই, ইন্দ্র যেন আর স্থির থাকিতে পারেন না। এবম্বিধ ভাবই এখানে প্রকাশমান্ দেখি।

যাহা হউক, আমরা সে ভাব সে অর্থ গ্রহণ করি না। 'রথং', 'হরী' ও 'গ্রাবা' পদত্রয়ে আমরা যথাক্রমে হৃদয় বা কর্ম্ম, জ্ঞানভক্তি রূপ বাহকদ্বয় এবং পাষাণবৎ বিশুষ্ক আমাদিগের হৃদয় প্রভৃতি অর্থ গ্রহণ করি। 'বগ্নুনা' পদে 'স্তোত্রমন্ত্রের দ্বারা অভিষিক্ত হইয়া' ভাব আসে। এইরূপে মন্ত্রের প্রথম চরণের অর্থ পাই যে,—'অজ্ঞানতা-নাশকারী হে ভগবন্! আপনি আমাদিগের কর্ম্মকে বা হৃদয়কে প্রাপ্ত হউন। অর্থাৎ, আমাদিগের কর্ম্মের সহিত আপনার সম্বন্ধ হউক—ভগবৎ-সম্বন্ধযুত কর্ম্মেই যেন আমরা নিরত হই।' তার পর প্রার্থনা—'আমাদিগের উচ্চারিত স্তোত্রের দ্বারা আপনার বহনোপযোগী জ্ঞানভক্তি-রূপ বাহকদ্বয় আমাদিগের হৃদয়ে যুক্ত হউক।' মন্ত্রার্থ-নিষ্কাশনে প্রথম চরণটীকে

যুক্তা। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে আকার। বগ্নুনা। 'বচের্গশ্চ' ইত্যাদি সূত্রে (উ০ ৩,৩৩) নু-প্রত্যয় গকারের অন্ত আদেশ। (১ম—৮৪সূ—৩ঋ)॥

• • •

আমরা দুই ভাগে বিভক্ত করিয়াছি। তদুপলক্ষে 'যুক্তা' পদটী 'যুক্তৌ' পদের রূপ বলিয়া গৃহীত হইয়াছে।

দ্বিতীয় চরণের অর্থ পরিগ্রহণ-পক্ষে 'গ্রাবা' পদের মর্ম্ম অনুধাবন সর্ব্বথা আবশ্যক। তাহা হইলেই অন্য অংশের ভাব পরিস্ফুট হইবে। 'গ্রাবা বগ্নুনা' পদদ্বয়ে 'পাষাণ ঘর্ষণের শব্দের' অর্থ গ্রহণ না করিয়া 'পাষাণবৎ বিশুষ্ক হৃদয় স্তোত্রমন্ত্রের দ্বারা অভিষিক্ত হইলে'—এবম্বিধ অর্থেই সঙ্গতি দেখি। 'মনঃ' পদে অন্তরকে (ভাবে—অনুগ্রহকে) বুঝায়। পাষাণবৎ কঠিন হৃদয় যখন স্তোত্রমন্ত্রের দ্বারা অভিষিক্ত ভক্তিপ্লুত হয়, তখনই যে ভগবানের অনুগ্রহ আমাদিগের প্রতি আগমন করে, তাহা বলাই বাহুল্য। এই মন্ত্রাংশে সেই বাণীই বিঘোষিত হইতে দেখি। (১ম—৮৪সূ—৩ঋ)।

—•—

চতুর্থী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। চতুর্থী ঋক্।)

ইমমিন্দ্র সুতং পিব জ্যেষ্ঠমমর্ত্ত্যং মদং।

শুক্রস্য ত্বাভ্যক্ষরন্ধারা ঋতস্য সাদনে॥ ৪॥

• • •

পদ-বিশ্লেষণং।

ইমং। ইন্দ্র। সুতং। পিব। জ্যেষ্ঠং। অমর্ত্ত্যং। মদং।

শুক্রস্য। ত্বা। অভি। অক্ষরন্। ধারাঃ। ঋতস্য। সদনে॥ ৪॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!), 'ইমং' (প্রসিদ্ধং), 'জ্যেষ্ঠং' (প্রশংসনীয়ং, সর্ব্বেষাং কর্ম্মণাং শ্রেষ্ঠস্থানীয়ং) 'অমর্ত্ত্যং' (অমারকং, অস্মাকং রক্ষাকরং ইত্যর্থঃ) 'মদং' (আনন্দপ্রদং) 'সুতং' (শুদ্ধসত্ত্বং) 'পিব' (পানং কুরু, গৃহাণ); 'ঋতস্য' (সত্যস্য, সৎকর্ম্মণঃ)

'সদনে' (গৃহে, অনুষ্ঠানস্থানে) 'শুক্রস্য' (দ্যোতমানস্য—শুদ্ধসত্ত্বস্য) 'ধারাঃ' (প্রবাহাঃ) 'ত্বা' (ত্বাং) 'অভি' (অভিলক্ষ্য) 'অক্ষরন্' (সঞ্চলন্তি, গচ্ছন্তি, ত্বাং প্রাপ্নুবন্তি ইত্যর্থঃ)। প্রার্থনায়াঃ ভাবঃ—হে ভগবন্! অস্মাসু তৎ রক্ষাপ্রদং পরমানন্দপ্রদায়কং ত্বাং প্রতি স্বতঃপ্রবাহিতং শুদ্ধসত্ত্বং সঞ্চারয়িত্বা তৎ গৃহাণ॥ (১ম—৮৪সূ—৪ঋ)॥

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! এই প্রশংসনীয় (সকলের শ্রেষ্ঠস্থানীয়) অমারক অর্থাৎ আমাদিগের রক্ষাকর, আনন্দপ্রদ, শুদ্ধসত্ত্বকে আপনি গ্রহণ করুন; সত্যের (সৎকর্ম্মের) অনুষ্ঠান স্থানে দ্যোতমান্ শুদ্ধসত্ত্বের ধারা (প্রবাহ) আপনাকে লক্ষ্য করিয়া গমন করে—আপনাকে প্রাপ্ত হয়। (প্রার্থনার ভাব এই যে,—'হে ভগবন্! আমাদিগের মধ্যে সেই রক্ষাপ্রদ পরমানন্দদায়ক আপনার প্রতি স্বতঃপ্রবাহিত শুদ্ধসত্ত্বকে সঞ্চার করিয়া দিয়া তাহা গ্রহণ করুন।')॥ (১ম—৮৪সূ—৪ঋ)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র সুতমভিসুতমিমং সোমং পিব। কীদৃশং। জ্যেষ্ঠং। অতিশয়েন প্রশস্যং। মদং মদকরং অমর্ত্ত্যং অমারকং। সোমপানজন্যো মদো মদান্তরবন্মারকো ন ভবতীত্যর্থঃ। তথা ঋতস্য যজ্ঞস্য সম্বন্ধিনি সদনে গৃহে বর্ত্তমানাঃ শুক্রস্য দীপ্তস্যাস্য সোমস্য ধারাস্ত্বামভ্যক্ষরন্। আভিমুখ্যেন সঞ্চলন্তি ত্বাং প্রাপ্নুবন্তি। স্বয়মেবাগচ্ছন্তীত্যর্থঃ।

জ্যেষ্ঠং। প্রশস্য শব্দাদিষ্ঠনি জ্য চেতি জ্যাদেশঃ। অক্ষরন্। ক্ষর সঞ্চলনে। ছান্দসো লঙ্॥ (১ম—৮৪সূ—৪ঋ)॥

* * *

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'ইন্দ্র' ইন্দ্র! 'সুতং' অভিষুত 'ইমং' এই সোমকে 'পিব' পান করুন। কীদৃশ (সোম)? 'জ্যেষ্ঠং' অতিশয়রূপে প্রশংসনীয় 'মদং' মদকর 'অমর্ত্ত্যং' অমারকং; সোমপান জন্য অমদ অর্থাৎ মদান্তরবৎ মাদক হয় না—ইহাই অর্থ। আর, 'ঋতস্য' যজ্ঞের সম্বন্ধীয় 'সদনে' গৃহে বর্ত্তমান্ 'শুক্রস্য' দীপ্ত এই সোমের 'ধারাঃ' ধারা 'ত্বা' আপনাকে 'অভ্যক্ষরণ' আভিমুখ্যে সঞ্চালিত করে, আপনাকে প্রাপ্ত হয়, আপনি আগমন করেন—ইহাই অর্থ।

জ্যেষ্ঠং প্রশস্য শব্দ-হেতু ইষ্ঠন্ প্রত্যয়ে 'জ্য চ' ইত্যাদি সূত্রে জ্যাদেশ। অক্ষরন্। ক্ষর ধাতু সঞ্চলনার্থক। ছান্দসে লঙ্ (১ম—৮৪সূ—৪ঋ)।

* * *

চতুর্থ (৯০৫) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের প্রথম চরণে একটী 'সুতং' এবং একটী 'মদং' পদ আছে। এতদ্রূপ দ্বিতীয় চরণে একটী 'ধারাঃ' ও একটী 'অক্ষরন্' পদ দৃষ্ট হয়। দুই চরণের অন্তর্গত ঐ পদ-চতুষ্টয় উপলক্ষে মন্ত্রার্থ বিসদৃশ ভাব ধারণ করিয়া আছে; মন্ত্রের ভাব দাঁড়াইয়া গিয়াছে,—'হে ইন্দ্র! তুমি মদকর সোমরস পান কর; সোমরসের ধারাসমূহ যজ্ঞক্ষেত্রে ক্ষরিত হইতেছে।'

এ সকল বিষয় পুনঃপুনঃ আলোচনা করা গিয়াছে। মন্ত্রের অন্তর্গত যে 'সুতং' পদ উপলক্ষে 'সোমরস মাদকদ্রব্য' পরিকল্পনা করা হয়, ঐ 'সুতং' পদের বিশেষণ-কয়েকটীর প্রতি লক্ষ্য করিলেই সে ভাব পরিবর্ত্তিত হইতে পারে। 'সুতং' কেন? বলা হইয়াছে,—তাহা 'জ্যেষ্ঠং'। তাহার প্রতিবাক্য দেখি,—'প্রশস্ততমং'। যাহা মাদকদ্রব্য, তাহা কি কখনও কোনকালে সর্ব্বাপেক্ষা প্রশংসনীয় বস্তু হইতে পারে? তার পর, আরও বলা হইয়াছে,—তাহা 'অমর্ত্ত্যং'। ঐ পদে 'অমারক' অর্থাৎ মরণরহিত অবস্থার কথা মনে আসে যাহা মাদকদ্রব্য, তাহা কি কখনও অমারক মরণরহিত অবস্থার প্রদাতা হয়? এইরূপ, 'মদং' পদের প্রয়োগ বেদে যেখানেই দেখিয়াছি, সেখানেই ঐ পদে 'আনন্দপ্রদ' অর্থ প্রাপ্ত হইয়াছি। এই সকল বিষয় বিবেচনা করিলেই 'সুতং' পদের মর্ম্মার্থ অধিগত হয়। উহাতে কখনই মাদকদ্রব্য (সোমলতার রস) অর্থ আসে না। তার পর, মন্ত্রের দ্বিতীয় চরণের 'ধারাঃ' ও 'অক্ষরন্' পদদ্বয়—কি ভাবে কোন্ পদের সহিত অন্বিত হইয়া প্রযুক্ত হইয়াছে, তাহা বিবেচনা করিলেই ঐ দুই পদের মর্ম্ম প্রচলিত অর্থ হইতে সম্পূর্ণ অন্যরূপ অর্থের প্রকাশক হয়। ঐ 'ধারাঃ' পদের সহিত 'ঋতস্য শুক্রস্য' পদদ্বয়ের সম্বন্ধ রহিয়াছে। 'ঋত' শব্দে সত্যকে বা সৎকর্ম্মকে (যজ্ঞকে) বুঝায়। 'শুক্র' শব্দে 'শুভ্র জ্যোতিঃ' অর্থ আসে। তাহার যে ধারা, সে কি? উহার ভাব কি এই নয়— যেখানে অবরত বিশুদ্ধ সৎকর্ম্মের অনুষ্ঠান চলিয়াছে, সত্যের আলোকে যে স্থান পুলকিত হইয়া রহিয়াছে, সেইখানেই ভগবান্ গমন করেন।

'অক্ষরন্' পদে 'সঞ্চলন্তি' প্রতিবাক্য ভাষ্যেই দৃষ্ট হয়। সুতরাং সোমরস মাদকদ্রব্যের ধারা যেখানে নির্গত হইয়াছে, সেখানে নহে; পরন্তু, যেখানে সৎকর্ম্মের জ্যোতিঃ বিচ্ছুরিত হইতেছে, সেখানেই তিনি উপস্থিত থাকেন।

এইরূপে বুঝা যায়, এই মন্ত্রের প্রার্থনার ভাব এই যে,—'হে ভগবন্! আমাদিগের হৃদয়ে বিশুদ্ধ সত্ত্বভাবের সঞ্চার হউক; আর, সেই অমরত্বপ্রদ চিরজ্যোতিষ্মান্ সত্ত্বভাবের সমীপে আপনি আসিয়া অধিষ্ঠিত হউন।' (১ম—৮৪সূ—৪ঋ)॥

পঞ্চমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। পঞ্চমী ঋক্)।

ইন্দ্রায় নূনমর্চ্চতোক্থানি চ ব্রবীতন।

সুতা অমৎসুরিন্দবো জ্যেষ্ঠং নমস্যতা সহঃ॥ ৫॥

পদ-বিশ্লেষণং।

ইন্দ্রায়। নূনং। অর্চ্চত। উক্থানি। চ। ব্রবীতন।

সুতাঃ। অমৎসুঃ। ইন্দবঃ। জ্যেষ্ঠং। নমস্যত। সহঃ॥ ৫॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম চিত্তবৃত্তয়ঃ! 'ইন্দ্রায়' (ভগবতে ইন্দ্রদেবায়) 'নূনং' (ক্ষিপ্রং, ত্বরয়া) 'অর্চ্চত' (পূজয়ত); 'চ' (তথা), 'উক্থানি' (শস্ত্রমন্ত্রাণি, স্তোত্রাণি) 'ব্রবীতন' (ব্রূত উচ্চারয়ত); 'সুতাঃ' (বিশুদ্ধাঃ) 'ইন্দবঃ' (সত্ত্বভাবাঃ) 'অমৎসুঃ' (ভগবন্তং অনন্দং দদাত); অতঃ 'সহঃ' (অমিতবলশালিনং, যদ্বা,—তেন গুদ্ধসত্ত্বেন সহ)

'জ্যেষ্ঠং' (প্রশস্যতমং সর্ব্বশ্রেষ্ঠং তং ভগবন্তং। 'নমস্যত' (নমস্কুরুত, আরাধয়ত)। মন্ত্রোঽয়ং আত্মোদ্বোধকঃ; অত্র সাধকঃ বিনা কালক্ষয়েন হৃদ্বিহিতেন শুদ্ধসত্ত্বেন ভগবৎ-পূজায়াং আত্মানং উদ্বোধয়তি। (১ম—৮৪সূ—৫ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা ভগবান্ ইন্দ্রদেবের উদ্দেশে ত্বরায় পূজা কর; বিশুদ্ধসত্ত্বভাবসমূহ ভগবানকে আনন্দ-দান করে; অতএব, অমিতবলশালী (অথবা—সেই শুদ্ধসত্ত্বের সহিত) সকলের শ্রেষ্ঠ প্রশস্যতম সেই ভগবানকে আরাধনা কর। (এই মন্ত্র আত্মোদ্বোধক; সাধক এখানে কালক্ষয় না করিয়া হৃদয়ের শুদ্ধসত্ত্বের দ্বারা ভগবানের পূজায় আপনাকে উদ্বুদ্ধ করিতেছেন।)॥ (১ম—৮৪সূ—৫ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

হে ঋত্বিজঃ! ইন্দ্রায় নূনং ক্ষিপ্রমর্চ্চত। পূজনং কুরুত। এতদেব স্পষ্টী ক্রিয়তে। উক্থান্যপ্রগীতমন্ত্রসাধ্যানি স্তোত্রাণি চ ব্রবীতন। ক্রূত। সুতা অভিষুতা ইন্দবঃ সোমাশ্চামৎসুঃ। আগতমেব তমিন্দ্রং মত্তং কুর্ব্বন্তু। তদনন্তরং জ্যেষ্ঠং প্রশস্যতমং সহঃ সহস্বিনঃ বলবন্তং তমিন্দ্রং নমস্যত। নমস্কুরুত।

ব্রবীতন। ব্রবীতের্লোটি তপ্তনপ্তনথনাশ্চেতি তনবাদেশঃ। অমৎসু। মদী হর্ষে। ছান্দসঃ প্রার্থনায়াং লুঙ্। আগমানুশাসনস্য নিত্যত্বাদিড়ভাবঃ। নমস্যত। নমোবরিবশ্চিত্রঙ্ ইতি ক্যচ্। সহঃ। লুগকারেকাররেফাশ্চ বক্তব্যাঃ। পা০ ৪.৪।১২৮.২। ইতি মত্বর্থীয়স্য লুক্॥ (১ম—৮৪সূ—৫ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে পঞ্চমো বর্গঃ॥ ৬৬৫॥

সায়ণভাষ্যের বঙ্গানুবাদ।

হে ঋত্বিগ্গণ! 'ইন্দ্রায়' ইন্দ্রের জন্য 'নূনং' শীঘ্র 'অর্চত' পূজা কর। এই বিষয় স্পষ্ট করা হইতেছে;—'উক্থা'নি' অপ্রগীত মন্ত্রসাধ্য স্তোত্রসমূহকে 'চ ব্রবীতন' উচ্চারণ কর; 'সুতাঃ' অভিষুত 'ইন্দবঃ' সোমসকল এবং 'অমৎসুঃ' আগত এই ইন্দ্রকে মত্ত করুক; অনন্তর 'জ্যেষ্ঠং' প্রশস্যতম 'সহঃ' সহস্বিন্ বলবান্ সেই ইন্দ্রকে 'নমস্যত' নমস্কার কর।

ব্রবীতন। ব্রবীত স্থলে লোটে 'তপ্তনপ্তনথানাশ্চ' ইত্যাদি সূত্রে তন আদেশ। অমৎসুঃ। মদী ধাতু হর্ষ অর্থ-প্রকাশক। ছান্দসে প্রার্থনায় লুঙ্ আগমানুশাসনের নিত্যত্বহেতু ইটের অভাব। নমস্যত। 'নমোবরিবশ্চিত্রঙ্' ইত্যাদি সূত্রে ক্যচ্। সহঃ। 'লুগকারে কাররেফাশ্চ-বক্তব্যাঃ' (পা০ ৪ ৪।১২৮.২) ইত্যাদি সূত্রে মত্বর্থীয়ের লোপ। (১ম—৮৪সূ—৫ঋ)।

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের পঞ্চম বর্গ সমাপ্ত॥ ১।৬.৫॥

* * *

পঞ্চম (৯০৬) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের প্রথম চরণের অর্থ-সম্বন্ধে ভাষ্যাদির সহিত আমাদিগের কোনও মতান্তর ঘটে নাই। ঐ চরণের সাদাসিধা ভাব এই যে,—'তোমরা শীঘ্র ভগবান্ ইন্দ্রদেবতার পূজায় ব্রতী হও,—তোমরা শীঘ্র তাঁহার উদ্দেশে স্তোত্রমন্ত্র উচ্চারণ কর।' তবে এ ক্ষেত্রে ভাষ্যাদির সহিত মত-পার্থক্যের কারণ—সম্বোধ্য-বিষয়ে। 'অর্চ্চত' এবং 'ব্রবীতন' ক্রিয়াপদ-দ্বয়ের কর্ত্তা যে 'যূয়ং', তাহার লক্ষ্যস্থল কাহারা? ভাষ্যাদির অভিমত এই যে,—'এখানে যজমান যেন ঋত্বিগ্‌গণকে সম্বোধন করিয়া ঐ কথা বলিয়াছেন।' তাহা হইলে, কোনও কালে কেহ যেন এই মন্ত্র রচনা করিয়া ঋত্বিগ্‌গণকে ইন্দ্রদেবতার পূজায় উদ্বুদ্ধ করিয়াছিলেন, এইরূপ ভাবই মনে আসে। কিন্তু আমাদিগের পরিগৃহীত অর্থের মর্ম্ম সম্পূর্ণ অন্যরূপ। আমরা বলি, মন্ত্রটী আত্মোদ্বোধক। অতীত অনাগত বর্ত্তমান তিন কালেই সাধকগণ এই মন্ত্রে আপনাদিগকে ভগবদারাধনায় উদ্বুদ্ধ করিয়া আসিতেছেন। সে পক্ষে তাঁহাদিগের চিত্তবৃত্তিসমূহই এই মন্ত্রের সম্বোধ্য!

মন্ত্রের দ্বিতীয় চরণের "সুতাঃ ইন্দবঃ অমৎসু" বাক্যাংশে, ভাষ্যাদিতে সেই সোমরসের পরিকল্পনা দেখিতে পাই। কিন্তু 'সুতাঃ ইন্দবঃ' পদ উপলক্ষে, পূর্ব্বে পূর্ব্বে আমরা যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থেরই সার্থকতা প্রতিপন্ন হয়। ভগবানকে আনন্দ দান করে—ভগবানের প্রীতিসাধক হয়,—সে কোন্ সামগ্রী? আমরা পুনঃপুনঃ এ বিষয় বুঝাইয়া আসিয়াছি। 'সুতাঃ ইন্দবঃ' পদদ্বয়ে সেই সামগ্রীর প্রতিই লক্ষ্য রহিয়াছে,—যাহা অন্তরের বস্তু—যাহা হৃদয়ের সারভূত—সত্ত্বভাব উপসংহার অংশে 'সহঃ' পদকে এক পক্ষে দেবতার বিশেষণ বলিয়াও মনে করা যাইতে পারে। তাহাতে তিনি যে অমিতবলশালী, সেই ভাব মনে আসে। কিন্তু তদপেক্ষাও সুষ্ঠু অর্থ নিষ্কর্ষ হয়—যদি আমরা ঐ পদের ভাব 'তেন শুদ্ধসত্ত্বেন সহ' বলিয়া নির্দ্দেশ করি। তদনুসারে দ্বিতীয় চরণের প্রথমাংশের সহিত শেষাংশের বেশ অর্থসঙ্গতি থাকে। প্রথম পক্ষে 'সহঃ' পদে 'অমিতবলশালীনং' প্রতিবাক্য-গ্রহণে তাঁহাকে

নমস্কার করার সঙ্কল্প-মাত্র প্রকাশ পায়। কিন্তু শেষোক্ত অর্থে হৃদয়ের শুদ্ধসত্ত্বের সহিত তাঁহাকে আরাধনা করার ভাব প্রাপ্ত হওয়া যায়। যাহা হউক, এ মন্ত্র আত্মোদ্বোধক; হৃদয়ের সকল বৃত্তি ভগবদনুসারী হউক,—ইহাই এই মন্ত্রের সঙ্কল্প। (১ম—৮৪সূ—৫ঋ)।

—•—

ষষ্ঠী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। ষষ্ঠী ঋক্।)

নকিষ্ট্‌দ্রথীতরো হরী যদিন্দ্র যচ্ছসে।

নকিষ্ট্বানু মজ্মনা নকিঃ স্বশ্বঃ আনশে॥ ৬॥

* * *

পদ-বিশ্লেষণং।

নকিঃ। ত্বৎ। রথিঽতরঃ। হরী ইতি। যৎ। ইন্দ্র। যচ্ছসে।

নকিঃ। ত্বা। অনু। মজ্মনা। নকিঃ। সুঽঅশ্বঃ। আনশে॥ ৬॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'যৎ' (যস্মাৎ) ত্বং 'হরী' (জ্ঞানভক্তিরূপৌ তব বাহকৌ) 'যচ্ছসে' (যোজয়সি—অস্মাকং কর্ম্মণি হৃদি বা), তস্মাৎ 'ত্বৎ' (ত্বত্তোঽন্যঃ কোঽপি) 'রথীতরঃ' (প্রশস্ততরঃ রথী, অস্মাকং শ্রেষ্ঠপরিচালকঃ ইত্যর্থঃ) 'নকিঃ' (নাস্তি); অস্মাসু জ্ঞানভক্তিসঞ্চারণায় হে ভগবন্! ত্বমেব অস্মাকং সুপরিচালকঃ ভবসি—ইতি ভাবঃ; 'ত্বা' (ত্বাং) 'অনু' (অনুলক্ষ্য) 'মজ্মনা' (বলেন—ভবৎসদৃশঃ ইত্যর্থঃ) 'নকিঃ' (কোঽপি ন ভবতি); যতঃ তব সমকক্ষঃ 'স্বশ্বঃ' (শোভনরশ্মিযুক্তঃ, সুষ্ঠু পথপ্রদর্শকঃ ইতি ভাবঃ) 'নকিঃ আনশে' (কোঽপি ন অশ্নুতে—বিদ্যতে ইত্যর্থঃ); হে ভগবন্! ভবৎসদৃশঃ শক্তিশালী তথা হৃদি জ্ঞানরশ্মিং প্রবেশয়িতুং সমর্থঃ কোঽপি জগতি নাস্তি—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ—৬ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! যে হেতু আপনি আমাদিগের কর্ম্মে বা হৃদয়ে জ্ঞানভক্তি-রূপ আপনার বাহকদ্বয়কে যোজনা করেন, সেই হেতু আপনা অপেক্ষা অন্য কেহই প্রশস্যতর রথী অর্থাৎ আমাদিগের শ্রেষ্ঠ পরিচালক নাই; (ভাব এই যে,—আমাদিগের মধ্যে জ্ঞানভক্তি সঞ্চারণের নিমিত্ত আপনিই আমাদিগের সুপরিচালক হয়েন); হে ভগবন্! আপনাকে লঙ্ঘন করিয়া বলের দ্বারা আপনার সদৃশ কেহই হইতে পারে না, এবং আপনার সমকক্ষ শোভনরশ্মিযুক্ত অর্থাৎ সুষ্ঠু পথ-প্রদর্শক কেহই বিদ্যমান্ নাই। (ভাব এই যে,—হে ভগবন্! আপনার সদৃশ শক্তিশালী এবং হৃদয়ে জ্ঞানরশ্মি প্রবেশ করিতে সমর্থ অপর কেহই জগতে নাই।)॥ (১ম—৮৪সূ—৬ঋ)।

• • •

সায়ণ-ভাষ্যং।

হে ইন্দ্র যদ্যস্মাত্ত্বং হরী এতৎসংজ্ঞাবশ্বৌ যচ্ছসে রথে যোজয়সি। তস্মাত্ত্বত্তোঽন্যঃ কশ্চিদ্রথীতরোঽতিশয়েন রথবান নকিঃ। নাস্তি। অন্যেষামীদৃগশ্বযুক্তরথাভাবাৎ। ত্বা ত্বামনুলক্ষ্য মজ্মনা। বলনামৈতৎ। বলেন সদৃশোঽপি নকিঃ। ন হস্তি। স্বশ্বঃ শোভনাশ্বোঽন্যশ্চ ত্বাং নকিরানশে। ন প্রাপ। ইন্দ্রস্য বলাশ্বয়োরসাধারণত্বাদিন্দ্রসদৃশো বলবানশ্ববান্ লোকে কশ্চিদপি নাস্তীত্যর্থঃ॥

নকিষ্ট্বৎ। যুষ্মত্তত্তক্ষুষ্বন্তঃপাদমিতি ষত্বং। রথীতরঃ। অতিশয়েন রথী তরপীত্রথিন ইতীকারান্তাদেশঃ। অবগ্রহসময়ে ছান্দসং হ্রস্বত্বং। যচ্ছসে যমের্ব্যত্যয়েনাত্মনেপদং।

সায়ণভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'ইন্দ্র' ইন্দ্র! 'যৎ' যেহেতু আপনি 'হরী' এতৎসংজ্ঞক অশ্বদ্বয়কে 'যচ্ছসে' রথে যোজনা করেন, সেই হেতু 'ত্বৎ' আপনা হইতে অন্য কোনও 'রথীতরঃ' অতিশয়রূপে রথবান্ 'নকিঃ' কেহ নাই; অপরের এই প্রকার অশ্বযুক্ত রথের অভাব-হেতু। 'ত্বা' আপনাকে 'অনু' লক্ষ্য করিয়া 'মজ্মনা' (এই পদ বল নাম-বাচক) বলের দ্বারা সদৃশও 'নকিঃ' কেহ নাই; 'স্বশ্বঃ' শোভন অশ্ব অপর জন আপনার ন্যায় 'নকিঃ আনশে' পায় না; ইন্দ্রের অশ্বদ্বয়ের বল অসাধারণ-হেতু ইন্দ্রসদৃশ বলবান্ লোকে কেহই নাই—ইহাই অর্থ।

নকিষ্ট্বৎ। 'যুষ্মত্তত্তক্ষুষ্বন্তঃ পাদং' ইত্যাদি সূত্রে ষত্ব। রথীতরঃ। অতিশয়ের দ্বারা রথী—এই অর্থে তর-প্রত্যয়েও 'ঈদ্রথিনঃ' ইত্যাদি নিয়মে দীর্ঘ ঈ কারান্ত আদেশ। অবগ্রহ-সময়ে ছান্দসের হ্রস্বত্ব। যচ্ছসে। যম ধাতু ব্যত্যয়ে পরস্মৈপদ। স্বশ্বঃ। বহুব্রীহি-হেতু

স্বশ্বঃ। বহুব্রীহাবাদ্যুদাত্তং দ্ব্যচ্ ছন্দসীত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং। আনশে। অশ্নোতেশ্চেত্যভ্যাসাদুত্তরস্য নুট্॥ (১ম—৮৪সূ—৬ঋ)॥

• • •

ষষ্ঠ (৯০৭) ঋকের বিশদার্থ।

—— • ——

এই মন্ত্রের অন্তর্গত কয়েকটী পদের মর্ম্মানুধাবন প্রথম আবশ্যক। তদ্ভিন্ন, মন্ত্রার্থ প্রহেলিকা আচ্ছন্ন থাকিবে। প্রথম 'হরী' পদ। এই পদে ভাষ্যাদিতে সেই অশ্বদ্বয় অর্থ ই গৃহীত হইয়াছে। আমরা যথাপূর্ব্ব জ্ঞানভক্তি-রূপ ভগবানের বাহকদ্বয় অর্থ ই গ্রহণ করিয়াছি। তাহাতেই ভাব পরিস্ফুট হয়। প্রচলিত অর্থে প্রকাশ, এই মন্ত্রের প্রথম চরণের ভাব এই হে,—'হে ইন্দ্র! যেহেতু আপনি আপনার অশ্বদ্বয়কে রথে যোজনা করেন, সেই হেতু আপনার ন্যায় কেহ রথীতর নাই।' ইহাতে দেবতার যে কি মাহাত্ম্য প্রকাশ পাইল, তাহা অন্তর্যামীই বলিতে পারেন। আপনার বাহক অশ্বদ্বয়কে আপনার রথে যোজনা করিতে পারিলেই বড় একজন রথী হওয়া যায়! এরূপ অর্থের কোনই সার্থকতা নাই। কিন্তু আমাদিগের পরিগৃহীত অর্থ অবলম্বন করিয়া ভাব গ্রহণ করুন; দেখিবেন—কি ভগবন্মাহাত্ম্য-জ্ঞাপক নিত্যসত্য-তত্ত্বই মন্ত্রাংশে প্রকাশ পাইয়াছে। মানুষের হৃদয়ে বা কর্ম্মে জ্ঞান-ভক্তির যে সংযোগ হয়, সে ভগবৎকৃপা-সাপেক্ষ। আমাদিগের ন্যায় সংসার-কীটের হৃদয়ে অথবা এই নিত্য অপকর্ম্মকারীদিগের কর্ম্মের মধ্যে জ্ঞান-ভক্তি সংযোগ করিয়া দিয়া সেই কর্ম্মে বা সেই হৃদয়ে আপনার আসিবার উপযোগী ঐরূপ বাহদ্বয়কে সংযুক্ত করিয়া, সত্যই তিনি কি প্রশংসনীয় হন নাই? সেইজন্যই কি তিনি রথীতর অর্থাৎ আমাদিগের শ্রেষ্ঠ পরিচালক বলিয়া অভিহিত হয়েন না? পাষাণ ভেদিয়া গিরিশিরে যে নির্ঝরিণীর ধারা প্রবাহিত হয়, সে যেমন মানুষের কর্ম্ম নয়—

আদ্যুদাত্তত্ব। 'দ্ব্যচ্ ছন্দসি' ইত্যাদি সূত্রে উত্তরপদের আদ্যুদাত্তত্ব। আনশে। 'অশ্নোতে' ইত্যাদি বাক্যে অভ্যাস-হেতু উত্তরের নুট্॥ (১ম—৮৪সূ—৬ঋ)॥

• • •

সে যেমন ভগবানের দ্বারাই বিহিত হইয়া থাকে; এই সকল সংসারীর হৃদয়ে জ্ঞান-ভক্তির সমাবেশও সেইরূপ অমানুষিক ব্যাপার। মন্ত্রের প্রথম চরণে ভগবানে সেই মাহাত্ম্য-কথাই বিবৃত দেখি। ঐ অংশে বলা হইয়াছে,—'হে ভগবন্! আপনি যে শ্রেষ্ঠ রথী, তাহার প্রধান নিদর্শন—আমাদিগের ন্যায় কর্ম্ম-কীটের হৃদয়ে জ্ঞানভক্তির সমাবেশ করিয়া দিয়াছেন।'

এই দৃষ্টিতেই বুঝিতে পারি, মন্ত্রের দ্বিতীয় চরণে তাঁহার অসীম শক্তির এবং অচিন্ত্যনীয় কর্ম্মের দ্যোতনা করা হইয়াছে। প্রথম প্রখ্যাত রহিয়াছে, "ত্বা অনু মজ্মনা নকিঃ।" উহার ভাব—আপনার সমকক্ষ কেহই শক্তিশালী নাই। দ্বিতীয় অংশে তাঁহার সেই শক্তির প্রকাশ দেখিতে পাই। এ পক্ষে 'স্বশ্বঃ' এবং 'আনশে' পদদ্বয়ের মর্ম্মানুধাবন আবশ্যক। ভাষ্যের এবং প্রচলিত ব্যাখ্যাদির মর্ম্ম এই যে,—"স্বশ্বঃ নকিঃ আনশে" বাক্যাংশে বলা হইয়াছে—তাঁহার ন্যায় শোভা-বিশিষ্ট অশ্বযুক্ত কেহই নহেন, অর্থাৎ অশ্ব বড়ই সুন্দর। দুটী অশ্ব আছে, আর সেই অশ্ব দুটী দেখিতে বড় সুন্দর বা সুসজ্জিত! এই হইল—দেবতার প্রকৃষ্টতার পরিচয়! এই কি সঙ্গত অর্থ? পক্ষান্তরে, আমরা বলি, এই অংশই অর্থান্তরে তাঁহার এক বিশেষ মাহাত্ম্য প্রকাশ করিতেছে। তিনি শোভনরশ্মিযুত (স্বশ্বঃ) হইয়া সেই রশ্মি আমাদিগের হৃদয়ের মধ্যে যে ভাবে প্রবিষ্ট করিয়াছেন (আনশে—অশ্নুতে), তেমন আর কেহই পারে না—তেমন কর্ম্মী আর এ জগতে কেহই নাই। আমরা মনে করি, ইহাই তাঁহার শক্তিশালিত্ব—ইহাই তাঁহার অদ্বিতীয়ত্ব। এখানে অশ্-ধাতুর ব্যাপ্তি প্রাপ্তি পূরণ আচ্ছাদন প্রভৃতি অর্থের প্রতি দৃষ্টি করিলেই ভাব পরিস্ফুট হইবে। তিনি এমনই রশ্মিযুত—এমনই রশ্মি বিচ্ছুরণ-সমর্থ—যে, সে ভাবে কেহই হৃদয়ের মধ্যে রশ্মি প্রবেশ করাইতে পারে না! তিনিই জ্ঞানদাতা—তিনিই উদ্ধারকর্ত্তা। তাহাই তাঁহার প্রকৃষ্টত্ব। এইরূপে মন্ত্রের দ্বিতীয় চরণে ভাব প্রাপ্ত হই;—'হে ভগবন্! আপনি পরম শক্তিশালী, যেহেতু আপনার ন্যায় আমাদিগের সুপথ-প্রদর্শক কেহই নাই।' (১ম—৮৪সূ—৬ঋ)।

—•—

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

আভিপ্লবিকেষূক্থ্যেষু তৃতীয়সবনে ব্রাহ্মণাচ্ছংসিনো য এক ইদ্বিদয়ত ইতি বৈকল্পিকঃ স্তোত্রিয়স্তৃচঃ। এহ্যাম্বিতি খণ্ডে সূত্রিতং। সখায় আশিষামহি য এক ইদ্বিদয়ত। আ০ ৭।৮। ইতি॥ মহাব্রতেঽপি নিষ্কেবল্যে ঔষ্ণিহতৃচাশীতাবয়ং তৃচো বিনিযুক্তঃ। তথৈব পঞ্চমারণ্যকে সূত্র্যতে। য এক ইদ্বিদয়ত আয়াহ্যদ্রিভিঃ সুতমিতি॥ তৃচ প্রথমাং সূক্তে সপ্তমীমৃচমাহ॥

•.•

সপ্তমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। সপ্তমী ঋক্।)

য এক ইদ্বিদয়তে বসু মর্ত্তায় দাশুষে।
ঈশানো অপ্রতিষ্কুত ইন্দ্রো অঙ্গ॥ ৭॥

•.•

পদ-বিশ্লেষণং।

যঃ। একঃ। ইৎ। বিহদয়তে। বসু। মর্ত্তায়। দাশুষে।
ঈশানঃ। অপ্রতিহস্কুতঃ। ইন্দ্রঃ। অঙ্গ॥ ৭॥

•.•

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

আভিপ্লবিক উক্থ্যসমূহে তৃতীয়সবনে ব্রহ্মণাচ্ছংসি ঋত্বিগ্‌গণ 'য এক ইদ্বিদয়ত' ইত্যাদি তৃচ বিকল্পে স্তোত্রিয়-রূপে গ্রহণ করেন। এহ্যাম্বিতি খণ্ডে সূত্রিত আছে,—'সখায় আশিষামহি য এক ইদ্বিদয়তে।' (আ০ ৭।৮)। ইতি। মহাব্রতেও নিষ্কেবল্যে 'ঔষ্ণিহ তৃচাশীতাবয়ং' উক্তে এই তৃচ বিনিযুক্ত হয়। তাহাই পঞ্চমারণ্যকে সূচিত আছে;—'যে এক ইদ্বিদয়ত আয়াহ্যদ্রিভিঃ সুতমিতি।' তৃচে প্রথম সূক্তে সপ্তমী ঋক্ কথিত হইতেছে।

•.•

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ঈশানঃ' (সর্ব্বস্য জগতঃ পতিঃ) 'অপ্রতিষ্কুতঃ' (প্রতিকূলশব্দবিরহিতঃ, না-প্রতিশব্দরহিতঃ অভীষ্টপূরকঃ ইত্যর্থঃ) 'একঃ ইৎ' (একঃ এব, অদ্বিতীয়ঃ ইত্যর্থঃ), 'যঃ' (লোকহিতসাধকঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) স 'মর্ত্তায়' (এতস্মৈ মরণধর্ম্মশীলায়) 'দাশুষে' (উপাসকায়) 'অঙ্গ' (ক্ষিপ্রং এব) 'বসু' (ধনং—ধর্ম্মার্থকামমোক্ষ-রূপং) 'বিদয়তে' (বিশেষেণ দদাতি)। সর্ব্বেষাং অভীষ্টপূরকঃ ভগবান্ উপাসকায় ক্ষিপ্রং পরিত্রায়তি—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ ৭ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

সকল জগতের পতি, না-প্রতিশব্দরহিত অভীষ্টপূরক, অদ্বিতীয় লোকহিতসাধক যে ভগবান্ ইন্দ্রদেব, তিনি এই মরণধর্ম্মশীল উপাসককে শীঘ্রই ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ ধন বিশেষপ্রকারে প্রদান করেন। (ভাব এই যে,—সকলের অভীষ্টপূরক ভগবান্ উপাসককে শীঘ্রই পরিত্রাণ করিয়া থাকেন।) ॥ (১ম—৮৪সূ—৭ঋ) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

য ইন্দ্র এক ইৎ এক এব দাশুষে হবির্দ্দত্তবতে মর্ত্তায় মনুষ্যায় যজমানায় বসু ধনং বিদয়তে। বিশেষেণ দদাতি। অঙ্গেতি ক্ষিপ্রনাম। অপ্রতিষ্কুতঃ পরৈরপ্রতিশব্দিতঃ। প্রতিকূলশব্দরহিত ইত্যর্থঃ। এবম্ভূতঃ স ইন্দ্রঃ ক্ষিপ্রমীশানঃ সর্ব্বস্য জগতঃ স্বামী ভবতি ॥

বিদয়তে। দয় দানগতিরক্ষণহিংসাদানেষু। শপঃ পিত্বাদনুদাত্তত্বং। তিঙশ্চ লসার্ব্বধাতুকস্বরেণ ধাতুস্বর এব শিষ্যতে। যদ্‌বৃত্তযোগাদনিঘাতঃ। অপ্রতিষ্কুতঃ। কু শব্দে। প্রতিকূলং কূয়তে শব্দ্যত ইতি প্রতিষ্কুতঃ। পারস্করাদেরাকৃতিগণত্বাৎ সুট্। সুষামাদিত্বাৎ ষত্বং। নঞ্ সমাসেঽব্যয়পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং ॥ (১ম—৮৪সূ—৭ঋ) ॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'যঃ' যে ইন্দ্র 'একঃ' 'ইৎ' একই 'দাশুষে' হবির্দ্দানকারী 'মর্ত্তায়' মনুষ্য যজমানের নিমিত্ত 'বসু' ধনকে 'বিদয়তে' বিশেষরূপে দান করেন; 'অঙ্গ' (এই পদ ক্ষিপ্র নামবাচক) 'অপ্রতিষ্কুতঃ' অপরের দ্বারা অপ্রতিশব্দিত অর্থাৎ প্রতিকূলশব্দরহিত এবম্ভূত সেই ইন্দ্র ক্ষিপ্র 'ঈশানঃ' সকল জগতের স্বামী হয়েন।

বিদয়তে। দয় ধাতু দান গতি রক্ষণ হিংসা অর্থ প্রকাশ করে; তাহাতে শপ্; তাহার পিত্ব হেতু অনুদাত্তত্ব ও তিঙ্। লসার্ব্বধাতুক স্বরের দ্বারা ধাতুস্বরই অবশিষ্ট আছে। যদ্‌বৃত্তযোগ-হেতু অনিঘাত। অপ্রতিষ্কুতঃ। কু ধাতু শব্দ অর্থক। প্রতিকূল শব্দ করে—এই অর্থে প্রতিষ্কুত। পারস্করাদির আকৃতিগণত্ব হেতু সুট্। সুষমাদিত্ব-হেতু ষত্ব। নঞ্ সমাসে অব্যয়পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব। (১ম—৮৪সূ—৭ঋ)।

সপ্তম (৯০৮) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের সাদাসিধা ভাব এই যে,—'ভগবানের উপাসকগণ ত্বরায় তাঁহার করুণা প্রাপ্ত হইয়া থাকেন।' কিন্তু প্রচলিত অর্থসমূহে ঐ ভাব একটু পরিবর্ত্তিত হইয়া প্রকাশ পাইয়াছে। এই মন্ত্রের একটী বঙ্গানুবাদে প্রকাশ,—"যিনি হব্যদাতা ঋত্বিককে ধন প্রদান করেন, সেই ইন্দ্র শীঘ্র সমস্ত জগতের প্রভু হন!" অন্য আর এক অনুবাদে প্রকাশ,—"যে ইন্দ্রই কেবল হব্যদাতা যজমানকে ধন প্রদান করেন, তিনি সমস্ত জগতের নির্ব্বিরোধী স্বামী।" দুই প্রকার অর্থ ই প্রায় এক ছাঁচে ঢালা। পার্থক্য—প্রথম অর্থে ঋত্বিককে ধন-দান, দ্বিতীয় অর্থে যজমানকে ধন-দান। যে ইন্দ্র কেবল যজমানকে বা ঋত্বিক্‌কে ধনদান করেন, তিনিই জগতের অধিস্বামী হয়েন,—ইহার তাৎপর্য্য কিছুই বোধগম্য হয় না। ঋত্বিককে কিম্বা যজমানকে ধন প্রদান করিলেই কি জগত্তের স্বামিত্ব লাভ হয়?

যাহা হউক, আমরা মন্ত্রে যে ভাব গ্রহণ করি, তৎপক্ষে বক্তব্য প্রকাশ করিতেছি। 'ঈশানঃ অপ্রতিষ্কুতঃ' পদদ্বয়ের যুগ্ম প্রয়োগ পূর্ব্বেও পাইয়াছি। তিনি যে পরমৈশ্বর্য্যসম্পন্ন, তিনি যে না-প্রতিশব্দরহিত অর্থাৎ প্রার্থনাকারীর সকল প্রার্থনা তিনি যে পূর্ণ করেন; সেখানে সেই ভাবই ব্যক্ত দেখিয়াছি। 'একঃ ইৎ' পদেই তাঁহার অদ্বিতীয়ত্ব প্রতিপন্ন হয়। এখানে প্রচলিত অর্থে 'একঃ ইৎ' এবং 'অপ্রতিষ্কুতঃ' পদদ্বয়ে প্রায় একই ভাব প্রকাশ পাইতেছে। পূর্ব্বে ভাষ্যকার 'অপ্রতিষ্কুতঃ' পদে যে অর্থ গ্রহণ করিয়াছিলেন, এখানে সে অর্থের ব্যত্যয়ে দেখিতেছি। * আমরা কিন্তু পূর্ব্বের অর্থ ই অক্ষুন্ন রাখিয়া ভাব পরিগ্রহণ করিলাম। তিনি লোকহিতসাধক, তিনি সুপ্রসিদ্ধ, তিনি জগৎপতি তিনি অভীষ্টপূরক, তিনি অদ্বিতীয়; বিশেষণ-কয়টি তাঁহার সেই পরিচয় প্রদান করিতেছে। যাঁহারা ভগবদ্ভক্ত, যাঁহারা ভগবানের উপাসক, ভগবান্ তাঁহাদিগের প্রতি

---

* সেখানে (১ম—৭সূ—৮ঋ) ভাষ্যকার 'অপ্রতিষ্কুতঃ' পদের প্রতিবাক্যে "প্রতিশব্দঃ রহিতঃ যাচ্যমানং ন পরিহরতীত্যর্থঃ" এইরূপ লিখিয়া গিয়াছেন। কিন্তু এখানকার অর্থ—"পরৈরপ্রতিশব্দিতঃ"। পার্থক্য স্বতঃই বোধগম্য হইবে।

চিরকৃপাপরায়ণ আছেন, তাঁহাদিগকে তিনি সর্ব্ববিধ ধন প্রদান করিয়া থাকেন। 'অঙ্গ' পদে 'ক্ষিপ্রং' প্রতিবাক্যই গ্রহণ করিলাম। যাঁহারা ভগবৎপরায়ণ নহেন, তাঁহাদিগের উদ্ধারে বিলম্ব ঘটিতে পারে। কিন্তু ভগবৎপরায়ণ জন—সত্বর উদ্ধার প্রাপ্ত হয়েন। ইহাই এখনকার মর্ম্ম। এই ভাবই পূর্ব্বে (১ম—৭সূ—৮ঋ) "কৃষ্টীরিয়র্ত্ত্যোজসা ঈশানো অপ্রতিষ্কুতঃ" ইত্যাদি মন্ত্রাংশে প্রকটিত আছে। (১ম—৮৪সূ—৭ঋ)।

—— • ——

অষ্টমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। অষ্টমী ঋক্।)

কদা মর্ত্তমরাধসং পদা ক্ষুম্পমিব স্ফুরৎ।

কদা নঃ শুশ্রবদ্গির ইন্দ্রো অঙ্গ॥ ৮॥

• • •

পদ-বিশ্লেষণং।

কদা। মর্ত্তং। অরাধসং। পদা। ক্ষুম্পংইব। স্ফুরৎ।

কদা। নঃ। শুশ্রবৎ। গিরঃ। ইন্দ্রঃ। অঙ্গ॥ ৮॥

• • •

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'কদা' (কস্মিন্ কালে) ভগবান্ 'অরাধসং' (ভগবদুপাসানাবিমুখং, অপকর্ম্মকারিণং ইত্যর্থঃ) 'মর্ত্তং' (মনুষ্যং, ইমং মাং ইতি ভাবঃ) 'পাদ' (পাদেন, পদাঘাতেন) 'ক্ষুম্পমিব' (অহিচ্ছত্রকং ইব, সর্পদংশনবৎ তীব্রজ্বালাং ইত্যর্থঃ) 'স্ফুরৎ' (স্ফুরিষ্যতি, অনুভাবয়িষ্যতি ইত্যর্থঃ); হে ভগবন্! কঠোরদণ্ডবিধানেন অস্মান্ সৎপথি নিয়ন্ত্রিতান কুরু—ইতি প্রার্থনা; 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'কদা' (কস্মিন্ কালে) 'নঃ' (অস্মাকং) 'গিরঃ' (স্তুতীঃ, প্রার্থনাঃ) 'অঙ্গ' (ক্ষি ং, অবিলম্বেন) 'শুশ্রবৎ' (শ্রোষ্যতি); হে ভগবন্! অসত্যাঃ পথিভ্যাঃ অস্মান্ প্রতিনিবৃত্তান্ কুরু—অস্মাকং প্রার্থনাং শৃণু—ইতি আকাঙ্ক্ষা। (১ম—৮৪সূ—৮ঋ)।

• • •

ঋগ্বেদ-সংহিতা।

(১৩২)

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা
সম্পাদিতঃ।

হাওড়া-সহরস্থে
"পৃথিবীর ইতিহাস" মুদ্রা-যন্ত্রে
শ্রীধীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা
মুদ্রিতঃ প্রকাশিতশ্চ।

বঙ্গানুবাদ।

ভগবদুপাসনাবিমুখ অপকর্ম্মকারী মনুষ্যকে (এই আমাকে) কবে পদাঘাতের দ্বারা সর্পদংশনবৎ তীব্রজ্বালা অনুভব করাইবেন? (হে ভগবন্! কঠোর দণ্ডবিধানের দ্বারা আমাদিগকে সৎপথে নিয়ন্ত্রিত করুন—এই প্রার্থনা; ভগবান্ ইন্দ্রদেব কতদিনে আমাদিগের প্রার্থনাসকল অবিলম্বে শ্রবণ করিবেন? (হে ভগবন্! অসৎ পথসমূহ হইতে আমাদিগকে প্রতিনিবৃত্ত করিয়া আমাদিগের প্রার্থনা শ্রবণ করুন—এই আকাঙ্ক্ষা।)॥ (১ম—৮৪সূ—৮ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অরাধসং হবির্লক্ষণেন রাধসা ধনেন রহিতং অযষ্টারমিত্যর্থঃ। এবম্বিধং মর্ত্তং মনুষ্যমিন্দ্রঃ পদা পাদেন ক্ষুম্পমিবাহিচ্ছত্রকমিব কদা স্ফুরৎ। স্ফুরিষ্যতি। বাধিষ্যতি। যথাহিচ্ছত্রং মণ্ডলাকারেণ শয়ানং কশ্চিদনায়াসেন হন্তি। এবমিন্দ্রোঽপি কদাস্মচ্ছত্রূন্ হনিষ্যতীত্যর্থঃ। স্ফুরৎ। স্ফুরতির্বধকর্ম্মা—স্ফুরতি স্ফুলতীতি বধকর্ম্মসু পঠিতত্বাৎ। নোঽস্মাকং যষ্টৄণাং গিরঃ স্তুতিলক্ষণা বাচ ইন্দ্রঃ কদা কস্মিন্ কালেঽঙ্গ ক্ষিপ্রং শুশ্রবৎ। শ্রোষ্যতীতি বিতর্ক্যতে। অত্র নিরুক্তং। ক্ষুম্পমহিচ্ছত্রকং ভবতি যৎ ক্ষুভ্যতে। কদা মর্ত্তমনারাধয়ন্তং পাদেন ক্ষুম্পমিবাবস্ফুরিষ্যতি। কদা নঃ শ্রোষ্যতি গির ইন্দ্রোঽঙ্গ। অঙ্গেতি ক্ষিপ্রনাম। নি॰ ৫।১৭। ইতি॥

পদা। পাদশব্দস্য পদ্দন্নিত্যাদিনা পদাদেশঃ। উড়িদমিতি বিভক্তেরুদাত্তত্বং। ক্ষুম্পমিব। ক্ষুভ সঞ্চলনে। অস্মাৎ কর্ম্মণি ঘঞি বহুলবচনাদ্ধাতোর্মুমাগমঃ। বর্ণব্যাপত্ত্যা

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'অরাধসং' হবির্লক্ষণ রাধস বা ধনের দ্বারা রহিত অর্থাৎ অযষ্টা এবম্বিধ 'মর্ত্তং' মনুষ্যকে 'ইন্দ্রঃ' ইন্দ্রদেব 'পদা' পদের দ্বারা 'ক্ষুম্পমিব' অহিচ্ছত্রকের ন্যায় 'কদা স্ফুরৎ' কখন স্ফুরণ করিবেন অর্থাৎ আঘাত করিবেন? যেমন অহিচ্ছত্র মণ্ডলাকারের দ্বারা শয়ান কাহাকেও অনায়াসে হনন করে, এইরূপ ইন্দ্রও কোনও কোনও শত্রুকে হনন করেন; স্ফুরতি পদ বধকর্ম্ম অর্থ প্রকাশ করে;—স্ফুরতি স্ফুলতি ইত্যাদি পদ বধকর্ম্মসমূহের মধ্যে পঠিত হয় বলিয়া। 'নঃ' আমাদিগের (যষ্টৃগণের) 'গিরঃ' স্তুতিলক্ষণ বাক্যকে 'ইন্দ্রঃ' ইন্দ্র দেব 'কদা' কোন্ কালে 'অঙ্গ' ক্ষিপ্র' 'শুশ্রবৎ' শ্রবণ করিবেন? এতদ্বিষয়ে বিতর্ক আছে; নিরুক্ত, যথা,—'ক্ষুম্পমহিচ্ছত্রকং ভবতি যৎ ক্ষুভ্যতে। কদা মর্ত্ত্যমনারাধয়ন্তং পাদেন ক্ষুম্পমিবাবস্ফুরিষ্যতি কদা নঃ শ্রোষ্যতি গির ইন্দ্রো অঙ্গ। অঙ্গেতি ক্ষিপ্রানামঃ।' (নি॰ ৫।১৭) ইতি।

পদা। পাদশব্দের 'পদ্দন্' ইত্যাদি নিয়মের দ্বারা পদাদেশ। 'উড়িদং' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। ক্ষুম্পমিব। ক্ষুভ ধাতু সঞ্চলনার্থক। তাহাতে কর্ম্মণি-বাচ্যে ঘঞে বহুল-

তকারস্য পকারঃ। স্ফুরৎ। স্ফুর সঞ্চলনে। ছন্দসি লুঙ্লঙ্লিট ইতি লৃঙর্থে লঙ। বহুলং ছন্দস্যমাঙ্যোগেঽপীত্যড়ভাবঃ। শুশ্রবৎ। শ্রু শ্রবণে। লেট্যডাগমঃ। বহুলং ছন্দসীতি শপঃ শ্লুঃ॥ (১ম—৮৪সূ—৮ঋ)॥

* • *

অষ্টম (৯০৯) ঋকের বিশদার্থ।

— • —

প্রথম দৃষ্টিতে, ভাষ্যের এবং প্রচলিত অর্থাদির অনুসরণে মনে হয়, এই মন্ত্রের প্রথম চরণে যেন বলা হইয়াছে,—'হে ইন্দ্র! যাহারা তোমার পূজা করে না বা অনুগত নহে, সেই শত্রুদিগকে কত দিনে তুমি পদাঘাতে ছিন্ন করিবে? সর্প যেমন ফণা ধরিয়া শয়ান ব্যক্তিকে দংশন করে, তীব্র বিষে জর্জ্জরিত করে, তোমার পদাঘাতে শত্রু তেমনই কত দিনে জর্জ্জরীভূত হইবে?' পক্ষান্তরে মন্ত্রের দ্বিতীয় চরণের ভাব দাঁড়ায়,—'হে ভগবন্! কত দিনে তুমি আমাদিগের প্রতি দয়াবান্ হইয়া আমাদিগের প্রার্থনা ত্বরায় শ্রবণ করিবে? আমরা যখনই যে প্রার্থনা করিব, তখনই তুমি তাহা শ্রবণ কর—ইহাই আকাঙ্ক্ষা।' এই ভাবের মন্ত্রার্থই এখন প্রচলিত আছে। আমরা উহার মধ্যে হইতে আর একটু সূক্ষ্মভাব পরিগ্রহণ করি।

আমরা বলি, মন্ত্রের দুইটী চরণের কোনও চরণেই অপরের বিষয় বলা হয় নাই; প্রথম চরণেও আপনার বিষয়ই জ্ঞাপন করা হইয়াছে; দ্বিতীয় চরণটীতেও আত্মকাহিনীই প্রখ্যাত রহিয়াছে। আমাদিগের মতে, প্রথম চরণের ভাব এই যে,—'হে ভগবন্! আমরা যদি বিপথে যাই, আপনি পদাঘাত করিয়া, সর্প-দংশনের ন্যায় তীব্র জ্বালা প্রদান করিয়া, আমাদিগকে বিপথ হইতে ফিরাইয়া আনিবেন। আর, আপনার কর্ণে আমাদিগের প্রার্থনা যেন সহসা স্থানপ্রাপ্ত হয়।' কি সূত্রে, কোন্ পদের কিরূপ অর্থ পরিগ্রহণে, ঐ ভাব অধ্যাহৃত হয়,

---

বচনহেতু ধাতুর নুমাগম। বর্ণব্যাপত্তির দ্বারা তকারের স্থানে পকার। স্ফুরৎ। স্ফুর ধাতু সঞ্চলন অর্থক। 'ছন্দসি লুঙ্লঙ্লিটঃ' ইত্যাদি সূত্রে লৃঙর্থে লঙ্। 'বহুলং ছন্দস্যমাঙ্যোগেঽপি' ইত্যাদি সূত্রে অড়ভাব। শুশ্রবৎ। শ্রুধাতু শ্রবণার্থ। লেটে অট আগম। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের স্থানে শ্লু। (১ম—৮৪সূ—৮ঋ)।

মন্ত্রান্তর্গত পদাবলীর বিশ্লেষণে তাহা বোধগম্য হইবে। মন্ত্রে 'অরাধসং' পদ আছে। উহাতে যিনি ভগবানের আরাধনাপরায়ণ নহেন অর্থাৎ যিনি অপকর্ম্মকারী, তাঁহারই প্রতি লক্ষ্য আসে। 'মর্ত্তং' পদে সাধারণ মনুষ্যকেই বুঝাইতেছে বটে; কিন্তু এখানে প্রার্থনাকারী আপনাকেই লক্ষ্য করিতেছেন বলিয়া মনে হয়। আকাঙ্ক্ষা—ভগবান্ পদাঘাত করুন, তাহাতে যেন তীব্র জ্বালা—সর্পদংশনবৎ যন্ত্রণার অনুভূতি উপস্থিত হয়। এই যন্ত্রণা কাহার সম্পর্কে, একটু অনুধাবন করিলেই তাহা হৃদয়ঙ্গম হইতে পারে। উচ্ছৃঙ্খল আমাদিগের রিপুগণই আমাদিগকে বিপথগামী ও বিভ্রান্ত করে! দারুণ পীড়নে—সর্পদংশনবৎ জ্বালা অনুভব করিয়া, তাহারা সংযত হউক—এবম্বিধ কামনাই এখানে প্রকাশমান্। সেই রিপুগণের বক্ষে তীব্রদংশন আরম্ভ হউক; তাহারা সৎপথে ফিরিয়া আসুক। আর, তাহারই ফলে, আমাদিগকে সুপথগামী করিয়া, হে ভগবন্! আমাদিগের প্রার্থনা শ্রবণ করুন। ইহাই এই মন্ত্রের অন্তর্নিহিত ভাব বলিয়া সিদ্ধান্ত করি। (১ম—৮৪সূ—৮ঋ)।

নবমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। নবমী ঋক্।)

যশ্চিদ্ধি ত্বা বহুভ্য আ সুতাবাঁ আবিবাসতি।

উগ্রং তৎপত্যতে শব ইন্দ্রো অঙ্গ ॥ ৯ ॥

* * *

পদ-বিশ্লেষণং।

যঃ। চিৎ। হি। ত্বা। বহুহভ্যঃ। আ। সুতহবান্। আহবিবাসতি।

উগ্রং। তৎ। পত্যতে। শবঃ। ইন্দ্রঃ। অঙ্গ ॥ ৯ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন্! 'বহুভ্যঃ' (অনেকেভ্যঃ লোকেভ্যঃ—সকাশাৎ ইতি যাবৎ) 'সুতাবান্' (শুদ্ধসত্ত্বসমন্বিতঃ সৎকর্ম্মানুরতঃ ইতি যাবৎ) 'যঃ' (জনঃ, উপাসকঃ) 'আ' (সর্ব্বতোভাবেন) 'চিৎ হি' (নিশ্চিতং, নিরন্তরং) 'ত্বা' (ত্বাং) 'আবিবাসতি' (পরিচরতি, যঃ ভগবদনুসারী ভবতি ইত্যর্থঃ) 'তৎ' (তস্মৈ উপাসকায়) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'অঙ্গ' (ক্ষিপ্রং) 'উগ্রং' (প্রবলং, প্রকৃষ্টং) 'শবঃ' (বলং, জীবনসঞ্চারিকাং শক্তিং ইত্যর্থঃ) 'পত্যতে' (প্রাপয়তি)। অয়ং ভাবঃ—লোকানাং মধ্যে অল্পাঃ জনাঃ এব শুদ্ধসত্ত্বপরায়ণাঃ ভগবদনুসারিণঃ ভবন্তি; তে কেবলং ভগবৎকৃপাং লভন্তে—শক্তিসামর্থ্যঞ্চ প্রাপ্নুবন্তি। (১ম—৮৪সূ—৯ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! বহুলোকের মধ্য হইতে শুদ্ধসত্ত্ব-সমন্বিত সৎকর্ম্মানুরত যে জন সর্ব্বতোভাবে নিরন্তর আপনার পরিচরণ করেন—অর্থাৎ যে জন ভগবদনুসারী হয়েন; সেই উপাসককে ভগবান্ ইন্দ্রদেব ত্বরায় প্রবল শক্তি প্রাপ্ত করেন। (ভাব এই যে,—লোকসমূহের মধ্যে অল্প জনই শুদ্ধসত্ত্ব-পরায়ণ ভগবদনুসারী হন; তাঁহারাই কেবল ভগবৎকৃপা লাভ করেন—শক্তিসামর্থ্য প্রাপ্ত হয়েন।)॥ (১ম—৮৪সূ—৯ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

বহুভ্যো মনুষ্যেভ্যঃ সকাশাত্তশ্চিদ্ধি য এব খলু যজমানঃ সুতাবান অভিষুতসোমযুক্তঃ সন্ হে ইন্দ্র ত্বা ত্বামাবিবাসতি। পরিচরতি। বিবাসতিঃ পরিচরণকর্ম্মা। তত্তস্মৈ যাজমানায় মহুগ্রমুদ্‌গূর্ণং শবো বলমিন্দ্রোঽঙ্গ ক্ষিপ্রং পত্যতে। পাতয়তি। প্রাপয়তি।

তৎ। সুপাং সুলুগিতি চতুর্থ্যা লুক্। পত্যতে। পৎলৃ গতৌ। অন্তর্ভাবিতণ্যর্থাদ্ব্যত্যয়েন শ্যন্॥ (১ম—৮৪সূ—৯ঋ)॥

* * *

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'বহুভ্যঃ' বহু মনুষ্যের সকাশ হইতে 'যশ্চিদ্ধি' যেই যজমান 'সুতাবান্' অভিষুত সোমযুক্ত হইয়া, হে ইন্দ্র, 'ত্বা' আপনাকে 'আবিবাসতি' পরিচালন করেন; (বিবাসতি পদে পরিচলন-কর্ম্ম বুঝায়) সেই যজমানের নিমিত্ত 'তৎ উগ্রং' সেই উদ্‌গূর্ণ 'শবঃ' বলকে 'ইন্দ্রঃ' ইন্দ্রদেব 'অঙ্গ' ক্ষিপ্র 'পত্যতে' পতন করেন—প্রাপ্ত করেন।

তৎ। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে চতুর্থীর লোপ। পত্যতে। পৎলৃ ধাতু গতি অর্থ বুঝায়। তাহাতে অন্তর্ভাবিত ণ্যর্থ-হেতু ব্যত্যয়ের দ্বারা শ্যন। (১ম—৮৪সূ—৯ঋ)॥

* * *

নবম (৯১০) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের প্রচলিত অর্থের মর্ম্ম এই যে,—'যে জন ইন্দ্রের উদ্দেশে সোমরস প্রস্তুত করেন, ইন্দ্র তাঁহাকেই শীঘ্র ধনদান করিয়া থাকেন।' এ পক্ষে, 'সুতাবান্' পদে সোমরস-প্রস্তুতকারীর প্রসঙ্গ আসিয়া থাকে।

আমাদিগের পরিগৃহীত অর্থ সে ভাবের নিকট দিয়া যায় নাই। মনুষ্যগণের মধ্যে অতি অল্প লোকেই সৎকর্ম্মপরায়ণ ও ভগবানে অনুরক্ত থাকেন। তাঁহারাই ভগবৎকৃপায় জীবনসঞ্চারিকা শক্তি লাভ করিতে সমর্থ হয়েন। আমরা মনে করি, এই ভাবই এখানে প্রকাশ পাইয়াছে। 'সুতাবান্' পদে শুদ্ধসত্ত্বসমন্বিত অর্থই প্রাপ্ত হওয়া যায়। 'সুত' শব্দে যে শুদ্ধসত্ত্বকে বুঝায়, তাহা আমরা পূর্ব্বে প্রতিপন্ন করিয়া আসিয়াছি। 'উগ্রং শবঃ' পদদ্বয়ে মৃতশরীরে সঞ্জীবনী শক্তি সঞ্চারের ভাব প্রাপ্ত হওয়া যায়। ফলতঃ, এ মন্ত্রে সোমরস মাদক-দ্রব্য প্রস্তুতের জন্য ইন্দ্রদেবতার অনুগ্রহ-প্রাপ্তির আকাঙ্ক্ষা পরিব্যক্ত হয় নাই; পরন্তু সৎকর্ম্মের দ্বারা ভগবানের উপাসনাপরায়ণ হওয়ায় যে শক্তি-সামর্থ্য প্রাপ্ত হওয়া যায়,—সেই তত্ত্বই এখানে দ্যোতিত হইয়াছে। (১ম—৮৪সূ—৯ঋ)।

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

চাতুর্ব্বিংশকেঽহনি মাধ্যন্দিনে সবনেঽচ্ছাবাকস্য স্বাদোরিত্থা বিষূবত ইতি বৈকল্পিকঃ স্তোত্রিয়স্তৃচঃ। হোত্রকাণামিতি খণ্ডে সূত্রিতং। যঃ সত্রাহা বিচর্ষণিঃ স্বাদোরিত্থা বিষূবতঃ। আ০ ৭.৪। ইতি পৃষ্ঠ্যস্য পঞ্চমেঽহনি নিষ্কেবল্যেঽপ্যয়ং তৃচোঽনুরূপঃ। স্তোমে বর্দ্ধমান ইতি খণ্ডে সূত্রিতং। স্বাদোরিত্থা বিষূবত উপ নো হরিভিঃ সুতং। আ০ ৭।১২। ইতি।

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

চাতুর্ব্বিংশক দিবসে মাধ্যন্দিন সবনে অচ্ছাবাকের 'স্বাদোরিত্থা বিষূবতঃ' ইত্যাদি তৃচ বিকল্পে স্তোত্রীয়। 'হোত্রকাণাং' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে;—'যঃ সত্রাহা বিচর্ষণি স্বাদোরিথ্যা বিষূবতঃ' (আ০ ৭।৪) ইতি। পৃষ্ঠ্যের পঞ্চম দিবসে নিষ্কেবল্যেও এই তৃচ অনুরূপ ব্যবহৃত হয়। 'স্তোমে বর্দ্ধমানঃ' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে; স্বাদোরিত্থা বিষূবতঃ উপ নো হরিভিঃ সুতং' (আ০ ৭।১২) ইতি। তৃচের প্রথম, সূক্তের দশমী ঋক্ কথিত হইতেছে।

দশমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। দশমী ঋক্।)

স্বাদোরিত্থা বিষূবতো মধ্বঃ পিবন্তি গৌর্য্যঃ।
যা ইন্দ্রেণ সযাবরীর্বৃষ্ণা মদন্তি শোভসে
বস্বীরনু স্বরাজ্যং ॥ ১০ ॥

* * *

পদ-বিশ্লেষণং।

স্বাদোঃ। ইত্থা। বিষুঽবতঃ। মধ্বঃ। পিবন্তি। গৌর্য্যঃ।
যাঃ। ইন্দ্রেণ। সঽযাবরীঃ। বৃষ্ণা। মদন্তি। শোভসে।
বস্বীঃ। অনুঃ। স্বঽরাজ্যং ॥ ১০ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গৌর্য্যঃ' (শুদ্ধসত্ত্বসমন্বিতাঃ মনোবৃত্তয়ঃ, সাধবঃ ইত্যর্থঃ) 'ইত্থা' (অনেন প্রকারেণ, ভগবতা সৎকর্ম্মণা বা সহ সম্মিলিতাঃ সন্তঃ) 'স্বাদোঃ' (স্বাদুভূতস্য) 'মধ্বঃ' (মধুররস্য—আরস্বরূপং অমৃতং ইতি যাবৎ) 'পিবন্তি' (পানং কুর্ব্বন্তি) ; জ্ঞানিনঃ সাধবঃ আত্মনাং কর্ম্মণা নিরন্তরং পরমানন্দং ভূঞ্জন্তে—ইতি ভাবঃ। 'যাঃ' (সদ্বৃত্তয়ঃ) 'বৃষ্ণা' (অভীষ্টবর্ষকেণ) 'ইন্দ্রেণ' (ভগবতা ইন্দ্রদেবেন) 'সযাবরীঃ' (সহ যান্ত্যঃ গচ্ছন্ত্যঃ সত্যঃ, নিত্যসম্মিলিতাঃ সন্তি ইতি ভাবঃ) তাঃ সদ্বৃত্তয়ঃ এব 'স্বরাজ্যং' (আত্মনঃ রাজত্বং, ভগবৎসামীপ্যং) 'অনু' (অনুলক্ষ্য, লক্ষ্যং কৃত্বা) 'বস্বীঃ' (নিবাসকারিণ্যঃ, ভগবৎসামীপ্যপ্রদায়িকাঃ ভবন্তি ইতি যাবৎ) তথা 'শোভসে' (উপাসকস্য শোভাসম্পাদনায়, উপাসকেভ্যঃ শোভনীয়স্থানং স্বর্গাদিকং প্রাপণায় ইত্যর্থঃ) 'মদন্তি' (হ্লাদন্তে, আত্মানন্দং প্রাপ্নুবন্তি, যদ্বা—উপাসকেভ্যঃ পরমানন্দং দদতি)। সদ্বৃত্তিপ্রভাবেন সজ্জ্ঞানসহায়েন চ ভগবতঃ সান্নিধ্যযুক্তঃ সন্ নরঃ পরমানন্দস্থানং লভতে—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ—১০ঋ) ॥

* * *

বঙ্গানুবাদ।

শুদ্ধসত্ত্বসমন্বিত মনোবৃত্তিসমূহ অর্থাৎ সাধুগণ, ভগবানের অথবা সৎকর্ম্মের সহিত মিলিত হইয়া, স্বাদুভূত মধুররসের সারস্বরূপ অমৃতকে পান করেন; (ভাব এই যে,—জ্ঞানী সাধকগণ আপনাদিগের কর্ম্মের দ্বারা নিরন্তর পরমানন্দ উপভোগ করেন)। যে সদ্বৃত্তিসমূহ অভীষ্ট-বর্ষক ভগবান্ ইন্দ্রদেবের সহিত গমনশীল অর্থাৎ নিত্য-সম্মিলিত আছে, সেই সদ্বৃত্তিসমূহই ভগবৎসামীপ্যকে লক্ষ্য করিয়া নিবাস-কারী অর্থাৎ ভগবৎসামীপ্য প্রদায়ক হয়, এবং উপাসকগণকে শোভনীয় স্থান স্বর্গাদি পাওয়াইয়া আত্মানন্দ প্রাপ্ত হইয়া থাকে—অথবা উপাসকগণকে পরমানন্দ প্রদান করে; (ভাব এই যে,—সদ্বৃত্তিপ্রভাবে এবং সৎজ্ঞান সহায়ে ভগবানের সান্নিধ্যযুত হইয়া মনুষ্য পরমানন্দস্থানকে লাভ করেন।)॥ (১ম—৮৪সূ—১০ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

স্বাদোঃ স্বাদুভূতস্য রসযুক্তস্যেত্থা বিষূবত ইত্থমনেন প্রকারেণ সর্ব্বযজ্ঞেষু ব্যাপ্তিযুক্তস্য মধ্বো মধুররসস্য সোমস্য। ক্রিয়াগ্রহণং কর্ত্তব্যমিতি কর্ম্মণঃ সম্প্রদানত্বাচ্চতুর্থ্যর্থে ষষ্ঠী এবংবিধং সোমং গৌর্য্যো গৌরবর্ণা গাবঃ পিবন্তি। যা গাবঃ শোভসে শোভার্থং বৃষ্ণা কামাভি-বর্ষকেণেন্দ্রেণ সযাবরীঃ সহ যান্ত্যো গচ্ছন্ত্যঃ সত্যো মদন্তি। হৃষ্টা ভবন্তি। তা ইন্দ্র পীতস্য সোমস্য শেষং পিবন্তীত্যর্থঃ। বস্বীঃ পয়ঃপ্রদানেন নিবাসকারিণ্যস্তা গাবঃ স্বরাজ্যং স্বস্য স্বকীয়স্যেন্দ্রস্য যদ্রাজ্যং রাজত্বং তদনুলক্ষ্যাবস্থিতা ইতি শেষঃ।

বিষূবতঃ। বিষ্লৃ ব্যাপ্তৌ। অস্মাদৌণাদিকঃ কুপ্রত্যয়ঃ। ততো মতুপ্‌ হ্রস্বনুড্‌ভ্যাং

সায়ণভাষ্যের বঙ্গানুবাদ।

'স্বাদোঃ' স্বাদুভূত রসযুক্ত 'ইত্থা বিষূবতঃ' এই প্রকারে সকল যজ্ঞসমূহে ব্যাপ্তিযুক্ত 'মধ্বঃ' মধুর রসের—সোমরসের (ক্রিয়াগ্রহণং কর্ত্তব্যং—ইত্যাদি সূত্রে কর্ম্মের সম্পদানত্ব হেতু চতুর্থী অর্থে ষষ্ঠী) এবংবিধ সোমকে 'গৌর্য্যঃ' গৌরবর্ণ গাভীসকল 'পিবন্তি' পান করে; 'যাঃ' যে গাভীসকল 'শোভসে' শোভার্থ 'বৃষ্ণা' কামাভিবর্ষক 'ইন্দ্রেণ' ইন্দ্রের সহ 'সযাবরীঃ' সহযাত্রী গমনকারী হইয়া 'মদন্তি' হৃষ্ট হয়; অর্থাৎ সেই সকল (গাভীগণ) ইন্দ্রপীত সোমের শেষাংশকে পান করে। 'বস্বীঃ' পয়ঃপ্রদানের দ্বারা নিবাসকারিণী সেই গাভীসকল 'স্বরাজ্যং' ইন্দ্রের স্বকীয় যে রাজ্য সেই রাজত্ব 'অনু' লক্ষ্য করিয়া অবস্থিত হয়—ইহাই অর্থ।

বিষূবতঃ। বিষ্লৃ ধাতু ব্যাপ্তি অর্থ প্রকাশ করে। তাহাতে ঔণাদিকঃ কু-প্রত্যয়; অতঃপর মতুপ্‌। 'হ্রস্বনুড্‌ভ্যাং মতুপ্‌' ইত্যাদি সূত্রে মতুপের উদাত্তত্ব। 'অন্যেষামপি

মতুবিতি মতুপ উদাত্তত্বং। অন্যেষামপি দৃশ্যত ইতি সংহিতায়াং দীর্ঘঃ। ব্যত্যয়েন মতো-র্বত্বং। মধ্বঃ। জসাদিষু ছন্দসি বাবচনমিতি ঘেঙিতীতি গুণাভাবে যণাদেশঃ। গৌর্য্যঃ। ষিদ্গৌরাদিভ্যশ্চেতি ঙীষ্। জসি যণাদেশ উদাত্তস্বরিতয়োর্যণ ইতি পরস্যানুদাত্তস্য স্বরিতত্বং। সযাবরীঃ। যা প্রাপণে। অতো মনিন্নিতি বনিপ। বনোরচেত্তঙীব্রেফৌ। মদন্তি। মদী হর্ষে। শ্যনি প্রাপ্তে ব্যত্যয়েন শপ্। বস্বীঃ। বস নিবাসে। শৃস্বৃস্নিহীত্যাদিনা বসেরুপ্রত্যয়ঃ। ধাত্নো নিদিত্যনুবৃত্তেরাদ্যুদাত্তত্বং। বোতো গুণবচনাদিত্যত্র বস্বুশব্দা গুণবচনানঙীবাদ্যুদাত্তার্থং। পা০ ৪।১।৪৪।১। ইতি বচনাদ্বস্বুশব্দা'নঙ'পি যণাদেশঃ। জসি বা ছন্দসীতি পূর্ব্বসবর্ণদীর্ঘত্বং। স্বরাজ্যং। স্বস্য রাজ্যং স্বরাজ্যং। অকর্ম্মধারয়ে রাজ্য-মিত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং॥ (১ম—৮৪সূ ১০ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে ষাষ্ঠী বর্গঃ॥ ১।৬।৬॥

* * *

দশম (৯১১) ঋকের বিশদার্থ।

বিষম সমস্যা-সঙ্কটের অন্তরায় ভেদ করিয়া এই মন্ত্রের অর্থ নিষ্কাশন করিতে হইল। যে অর্থ প্রচলিত আছে, তদ্দ্বারা কোনই সুষ্ঠুভাব প্রাপ্ত হওয়া যায় না; অপিচ, সে অর্থ গভীর প্রহেলিকার মধ্যে পাঠকগণকে প্রবেশ করিয়া দেয়। প্রচলিত সেই অর্থের আভাস ভাষ্যে ও তাহার

দৃশ্যতে' ইত্যাদি সূত্রে সংহিতাতে দীর্ঘ। ব্যত্যয়ের দ্বারা মতুপের বত্ব। মধ্বঃ। যশাদি মধ্যে 'ছন্দসি বচনং' ইত্যাদি সূত্রে 'ঘেঙিতি' ইত্যাদি নিয়মে গুণের অভাবে যণ্ আদেশ। গৌর্যঃ। 'ষিদ্গৌরাদিভ্যশ্চ' ইত্যাদি সূত্রে ঙীষ্। জসের স্থানে যণাদেশে 'উদাত্তস্বরিতয়ো-র্যণঃ' ইত্যাদি সূত্রে পরের অনুদাত্তের স্বরিতত্ব। সযাবরীঃ। যা ধাতু প্রাপণার্থক। 'আতো মনিন্' ইত্যাদি সূত্রে বনিপ্। 'বনোরচ' ইত্যাদি সূত্রে ঙীপের স্থানে রকার। মদন্তি। মদী ধাতু হর্ষ অর্থ প্রকাশক। শ্যনি প্রাপ্তে ব্যত্যয়ের দ্বারা শপ্। বস্বীঃ। বস ধাতু নিবাসার্থক। 'শৃস্বৃস্নিহি' ইত্যাদি সূত্রের দ্বারা বসের স্থানে উ-প্রত্যয়। 'ধাত্নো নিৎ' ইত্যাদি অনুবৃত্তিতে আদ্যুদাত্তত্ব। 'বোতো গুণবচনাৎ' ইত্যাদি নিয়মে এখানে বস্বুশব্দ গুণবচন-জন্য ঙীপ্। 'আদ্যুদাত্তত্বার্থং' ইত্যাদি বচন-হেতু (পা০ ৪।১।৪৪।১) বস্বু শব্দ-হেতু ঙীপে যণ আদেশ। জসে 'বা ছন্দসি' ইত্যাদি সূত্রে পূর্ব্বসবর্ণের দীর্ঘত্ব। স্বরাজ্যং। আপনার রাজ্য—এই অর্থে স্বরাজ্য। 'অকর্ম্মধারয়ে রাজ্যং' ইত্যাদি সূত্রে উত্তর পদের আদ্যুদাত্তত্ব॥ (১ম—৮৪সূ—১০ঋ)

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের ষষ্ঠ বর্গ সমাপ্ত॥ ১।৬।৬॥

* * *

বঙ্গানুবাদে প্রাপ্ত হওয়া যাইবে। অধিকন্তু মন্ত্রের প্রচলিত একটী বাঙ্গালা ও একটী ইংরাজী অনুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি। তদ্দ্বারাও মন্ত্রার্থ কি গতি প্রাপ্ত হইয়াছে, তাহা বোধগম্য হইবে। যথা,—

(১) "গৌরবর্ণ গাভীসকল সুস্বাদু এবং এই প্রকারে সর্ব্ব যজ্ঞে ব্যাপ্ত মধুর সোমরস পান করে। সে গাভীগণ শোভার নিমিত্ত ইন্দ্রের সহিত গমন করতঃ হর্ষ প্রাপ্ত হয়। ঐ গাভীসকল ইন্দ্রের রাজত্ব লক্ষ্য করিয়া অবস্থিতি করে।"

(2) "The juice of Soma thus diffused, sweet to the taste, the br ght cows drink.

Who for the sake of splendour close to mighty Indra's side rejo ce, good in their own supremacy."

ইন্দ্রদেব যেখানে গতি-বিধি করিতেন, তাঁহার শোভা বৃদ্ধির জন্য কতকগুলি গাভী তাঁহার সঙ্গে যাইত; আর, তাহারা যজ্ঞস্থলে সোমরস পান করিয়া মত্ততা লাভ করিত। এই হইল—বেদমন্ত্রের অর্থ।

কিন্তু সামান্য অনুধাবন করিলেই ঐ অর্থের অসঙ্গতি এবং সঙ্গত অর্থের উপলব্ধি হইবে। এ পক্ষে মন্ত্রান্তর্গত প্রত্যেক পদের মর্ম্ম পরিগ্রহ করা আবশ্যক বলিয়া মনে করি! প্রথম—'গৌর্য্যঃ' পদ। ঐ পদে 'গাভীসমূহ' অর্থ গ্রহণ করা হয়; কেন-না, 'গৌর্যঃ' পদে 'শ্বেতবর্ণ' অর্থ আসে। শ্বেতবর্ণ সুতরাং তাহারা গাভী—এই হইল—তাৎপর্য্যার্থ। এ পক্ষে 'গৌরী' শব্দের স্ত্রীলিঙ্গের বহুবচনে ঐ পদের উদ্ভব সিদ্ধ হইয়া থাকে। কিন্তু আমরা পূর্ব্বাপর অর্থ-সঙ্গতির বিষয় লক্ষ্য করিয়া বলি, এখানে এই 'গৌর্যঃ' পদে শুদ্ধসত্ত্ব-সমন্বিত জনগণকে অর্থাৎ সাধুগণকে বুঝাইতেছে। 'শ্বেতবর্ণাঃ' অর্থ হইতেই ঐ ভাব প্রাপ্ত হওয়া যায়। যাহা অনাবিল শুভ্রবর্ণ, তাহাই 'গৌর্যঃ'। এইরূপেই বুঝিতে পারি, যাঁহাদিগের মধ্যে সত্যের শুভ্রজ্যোতিঃ অর্থাৎ জ্ঞানকিরণ বিদ্যমান্ আছে, তাঁহারাই 'গৌর্যঃ'। দ্বিতীয় পদ—'ইত্থা'। এই পদের 'অনেন প্রকারণ' প্রতিবাক্য হইতেই ভাব প্রাপ্ত হই,—ভগবানের বা সৎকর্ম্মের সহিত মিলিত হইয়া।' জ্ঞানী সাধুগণ যখন সৎকর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন, ভগবানের কর্ম্মে আত্মনিয়োগ করিয়া তাঁহারা যখন

ভগবানের সহিত সম্বন্ধযুক্ত হয়েন, 'ইত্থা' পদে সেই অবস্থার দ্যোতনা করিতেছে। 'স্বাদোঃ মধ্বঃ পিবন্তি'' বাক্যাংশে; সেই পূর্ব্বোক্ত অবস্থায় সাধকগণ কি আনন্দে বিরাজমান্ থাকেন, তাহাই প্রকাশ পাইতেছে। সেই অবস্থাতেই—জ্ঞানী সাধকগণ যখন ভগবানের কর্ম্মে সৎকর্ম্মে নিযুক্ত থাকেন—তখন তাঁহারা যে সুস্বাদু মধুর রসের সারভূত অমৃতকে পান করেন, তখনই যে তাঁহাদিগের সহস্রারে সোমসুধা ক্ষরিত হইয়া তাঁহাদিগকে পরমানন্দ প্রদান করে, তাহা বলাই বাহুল্য। যাঁহারা সাধনার স্তরে একটু অগ্রসর হইয়াছেন, তাঁহারাই সে রসাস্বাদের অনুভূতি প্রাপ্ত হইয়াছেন। যাহা হউক, এইরূপে আমরা বুঝিতে পারি, 'যজ্ঞ-ক্ষেত্রে গাভীগণ গিয়া যে সোমরস পান করে'—এ প্রসঙ্গ এখানে উত্থাপিত হয় নাই, পরন্তু 'সৎকর্ম্মানুষ্ঠানে মগ্ন থাকিয়া জ্ঞানিগণ যে পরমানন্দ লাভ করেন'—তাহাই এই মন্ত্রাংশে পরিব্যক্ত দেখি।

অতঃপর মন্ত্রের দ্বিতীয় চরণটীর পদাবলী বিশ্লেষণ করিয়া উহার মর্ম্মার্থ প্রকাশ করিতেছি ঐ চরণের প্রথম পদ—'যাঃ'। ঐ পদে 'গাভীসকল' অর্থ গ্রহণ করা হয়। কিন্তু আমরা বলি, এখানকার লক্ষ্য—ভগবদনুসারিণী বৃত্তিসমূহ—সদ্বৃত্তিসমূহ। 'বৃষ্ণা' ও 'ইন্দ্রেণ' পদদ্বয়ের ভাব-সম্বন্ধে কোনরূপ মতপার্থক্য নাই। অভীষ্টপূরক ভগবান্ ইন্দ্রদেবই ঐ দুই পদের লক্ষ্যস্থল। ঐ 'সযাবরীঃ' পদের ভাব-সম্পর্কেও কোন্ মতানৈক্যের কারণ দেখি না। ভগবানের সহিত গমন করে—তাঁহার সহিত মিলিত হইয়া থাকে—এই ভাবই ঐ পদ ব্যক্ত করে। এইরূপে 'যাঃ বৃষ্ণা ইন্দ্রেণ সযাবরীঃ'' বাক্যাংশে সম্পূর্ণ অন্য ভাবের অধ্যাস হয়! ঐ বাক্যাংশে 'গাভীসকল যে ইন্দ্রের সহিত গমন করে'—এরূপ ভাব গ্রহণ না করিয়া, আমরা বলি, ঐ বাক্যাংশের ভাব এই যে,—'যে সদ্বৃত্তিসমূহ অভীষ্টপূরক সেই ভগবানের সহিত স্বতঃসম্মিলিত থাকে।' এই অর্থই এখানে সঙ্গত হয়। এই 'যাঃ' পদের সম্বন্ধ-রক্ষার পক্ষে ভাষ্যেও 'তাঃ' পদ অধ্যাহৃত হইয়াছে। ভাষ্যাদির মতে ঐ 'তাঃ' পদও গাভীসকলের দ্যোতক। কিন্তু আমরা বলি, ঐ 'তাঃ' পদে সদ্বৃত্তিসমূহের প্রতিই লক্ষ্য আসে। তদ্দ্বারাই অর্থ সুসিদ্ধ হয়। এ পক্ষে, 'অবস্থিতাঃ' পদ অধ্যাহার করার আবশ্যকই হয়

না। 'স্বরাজ্যং' পদে 'আত্মরাজত্ব-ভগবানের সামীপ্য' অর্থ বুঝাইয়া থাকে। এ সম্বন্ধে পূর্ব্বে (১ম—৮০সূ—১ঋ) বিশেষভাবে আলোচনা করিয়াছি। সেই আমাদের স্বরাজ্য—যেখান হইতে আসিয়াছি, যাঁহা হইতে উৎপন্ন হইয়াছি, আবার সেখানে গিয়া লীন হইতে পারিলেই কৃতকৃতার্থ হইতে পারিব মনে করিয়াছি, তাহাই আমাদিগের স্বরাজ্য। তদ্ভিন্ন স্বরাজ্য নামে নূতন পদার্থ কিছুই পরিকল্পনা করা যায় না। সেই স্বরাজ্য লক্ষ্য করিয়াই (অনু) সদ্বৃত্তিসমূহ পরিচালিত হয়, সেই স্বরাজ্যের নিবাসয়িত্রী বলিয়াই তাহারা 'বস্বীঃ'। ঐ 'বস্বীঃ' পদে ভাষ্যাদিতে 'দুগ্ধদানে নিবাসকারিণী' অর্থ গ্রহণ করা হইয়াছে। গাভীর পরিকল্পনাই এতদর্থের জননী বলিয়া মনে হয়। কিন্তু মানুষের সদ্বৃত্তি-সমূহই যে মানুষকে ভগবানের সমীপে লইয়া যায়, তাহারাই যে ভগবৎ-সামীপ্য-প্রদায়িকা, তাহাতে কি কিছু সংশয় আছে? আমরা বলি, এখানে সেই নিত্যসত্য-তত্ত্বই প্রকাশমান্ যে, সদ্বৃত্তিসমূহই ভগবানের সঙ্গে সঙ্গে গমন করিয়া—ভগবৎ-কর্ম্মে অনুসরণ-পূর্ব্বক মানুষকে অর্থাৎ উপাসককে ভগবৎসামীপ্য প্রাপ্ত করে। "যাঃ বৃষ্ণা ইন্দ্রেণ সযাবরী স্বরাজ্যং অনু বস্বীঃ" পদ কয়েকটীতে ঐ ভাবই প্রাপ্ত হই। এখন অবশিষ্ট দুইটী পদ—"শোভসে মদন্তি।" এই 'শোভসে' পদ উপলক্ষে ইন্দ্রের 'শোভার জন্য' গাভীসকল তাঁহার সঙ্গে সঙ্গে গমন করে এবং 'মদন্তি' পদ উপলক্ষে সেই গাভীসকল মদ্যপানে মত্ত হয়' ইত্যাদি ভাব গ্রহণ করা হইয়া থাকে। কিন্তু আমরা বলি, এখানে 'শোভসে' পদের ভাব—উপাসকের শোভাসম্পাদনের নিমিত্ত অর্থাৎ উপাসককে শোভনীয় স্থান প্রদানের নিমিত্ত। তজ্জন্য বৃত্তিসমূহ কি অবস্থা প্রাপ্ত হয়, 'মদন্তি' পদ তাহাই ব্যক্ত করিতেছে। ঐ পদের প্রতিবাক্যে আমরা 'হ্লাদন্তে—আত্মানন্দং প্রাপ্নুবন্তি' ইত্যাদি পদ গ্রহণ করিয়াছি। পূর্ব্বোক্ত প্রকারে আপনারা ভগবানের অনুসারী হইয়া, মানুষকে ভগবৎসামীপ্য লাভ করাইয়া সদ্বৃত্তিসমূহ আত্মানন্দ লাভ করে; পক্ষান্তরে উপাসকগণকে পরমানন্দ প্রদান করিয়া থাকে। ইহাই এই মন্ত্রের তাৎপর্য্য বলিয়া সিদ্ধান্তিত হয়। (১ম—১সূ—১০ঋ)।

——•——

একাদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। একাদশী ঋক্।)

তা অস্য পৃশনায়ুবঃ সোমং শ্রীণন্তি পৃশ্নয়ঃ।

প্রিয়া ইন্দ্রস্য ধেনবো বজ্রং হিন্বন্তি সায়কং

বস্বীরনু স্বরাজ্যং ॥ ১১ ॥

* * *

পদ-বিশ্লেষণং।

তাঃ। অস্য। পৃশনঽয়ুবঃ। সোমং। শ্রীণন্তি। পৃশ্নয়ঃ ॥

প্রিয়াঃ। ইন্দ্রস্য। ধেনবঃ। বজ্রং। হিন্বন্তি। সায়কং।

বস্বীঃ। অনু। স্বঽরাজ্যং ॥ ১১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অস্য' (ভগবতঃ) 'পৃশনায়ুবঃ' (স্পর্শনকামাঃ, সম্বন্ধযুতাঃ, ভগবৎকর্ম্মপরায়ণাঃ ইত্যর্থঃ। 'তাঃ' (পূর্ব্বোক্তাঃ) 'পৃশ্নয়ঃ, (জ্ঞানপ্রদায়িকাঃ জ্ঞানহেতুভূতাঃ সদ্বৃত্তয়ঃ ইত্যর্থঃ) 'সোমং' (শুদ্ধসত্বং) 'শ্রীণন্তি' (মিশ্রীকুর্ব্বন্তি, মিলিতং কুর্ব্বন্তি, অস্মাকং কর্ম্মণা সহ সম্মিলয়ন্তি); ভগবৎসম্বন্ধযুতা মনোবৃত্তিঃ অস্মান্ সত্বসমন্বিতান্ করোতি—ইতি ভাবঃ; 'ইন্দ্রস্য' (ভগবতঃ ইন্দ্রদেবস্য) 'প্রিয়াঃ' (প্রীতিহেতুভূতাঃ) 'ধেনবঃ' (জ্ঞানরশ্ময়ঃ) 'সায়কং' (শত্রূণাং অন্তকারকং) 'বজ্রং' (আয়ুধং) 'হিন্বন্তি' (শত্রুষু প্রেরয়ন্তি); জ্ঞানরশ্মিভিঃ রিপবঃ এব হন্যন্তে ইতি ভাবঃ; তথা 'স্বরাজ্যং (আত্মনঃ রাজত্বং, ভগবৎসামীপ্যং) 'অনু' (অনুলক্ষ্য, লক্ষ্যং কৃত্বা) 'বস্বীঃ' (উপাসকস্য নিবাসকারিণ্যঃ, ভগবৎসামীপ্যপ্রদায়িকাঃ ভবন্তি ইতি শেষঃ)। মনুষ্যাণাং সদ্বৃত্তিঃ এব তেষাং ভগবৎসামীপ্যপ্রাপিকাঃ ভবতি—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ—১১ঋ)॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবানের স্পর্শনকাম অর্থাৎ ভগবৎকর্ম্মপরায়ণ পূর্ব্বোক্ত সেই জ্ঞানপ্রদাতা সদ্বৃত্তিসমূহ, শুদ্ধসত্ত্বকে আমাদিগের কর্ম্মের সহিত সম্মিলিত করে; (ভাব এই যে—ভগবৎসম্বন্ধযুতা মনোবৃত্তি আমাদিগকে সত্ত্বভাবসমন্বিত করে); ভগবান্ ইন্দ্রদেবের প্রীতিহেতুভূত জ্ঞানরশ্মি-সমূহ, শত্রুগণের অন্তকারক আয়ুধকে শত্রুগণের মধ্যে প্রেরণ করে; (ভাব এই যে,—জ্ঞানরশ্মিসমূহের দ্বারাই রিপুশত্রুগণ নিহত হয়); এবং আত্মরাজত্বকে অর্থাৎ ভগবৎসামীপ্যকে লক্ষ্য করিয়া উপাসকের নিবাস-য়িতা অর্থাৎ ভগবৎসামীপ্য প্রদায়ক হয়; (ভাব এই যে, মনুষ্যগণের সদ্বৃত্তিই তাঁহাদিগের ভগবৎসামীপ্যপ্রাপক হয়।)। (১ম—৮৪সূ—১১ঋ)

* * *

সায়ণ-ভাষ্যং।

তা পূর্ব্বোক্তা অস্যেন্দ্রস্য পৃশনায়ুবঃ স্পর্শনকামাঃ পৃশ্ন্যঃ নানাবর্ণা গাবঃ ইন্দ্রেণ পাতব্যং সোমং পয়সা শ্রীণন্তি মিশ্রী কুর্ব্বন্তি। ইন্দ্রস্য প্রিয়াঃ প্রীতিহেতুভূতাস্তা ধেনবঃ সায়কং শত্রূণামন্তকারকং বজ্রমায়ুধং হিন্বন্তি। শত্রুষু প্রেরয়ন্তি। ইন্দ্রো যথা শত্রুষু বজ্রং প্রেরয়তি তথেন্দ্রস্য মদমুৎপাদয়ন্তীত্যর্থঃ। অন্যৎ পূর্ব্ববৎ।

হিন্বন্তি। হিবিঃ প্রীণনার্থঃ। ইদিত্বান্নুম্। সায়কং। ষোন্তকর্ম্মণি খ্যুল্যাদ্বে যুগাগমঃ॥ (১ম—৮৪সূ-১১ঋ)॥

* * *

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'তাঃ' পূর্ব্বোক্ত 'অস্য' ইন্দ্রের 'পৃশনায়ুবঃ' স্পর্শনকাম 'পৃশ্ন্যঃ' নানাবর্ণবিশিষ্ট গাভীসমূহ ইন্দ্রকর্ত্তৃক পানযোগ্য 'সোমং' দুগ্ধের দ্বারা 'শ্রীণন্তি' মিশ্রীকৃত করে; 'ইন্দ্রস্য প্রিয়াঃ' ইন্দ্রের প্রীতিহেতুভূত সেই 'ধেনবঃ' গাভীগণ 'সায়কং' শত্রুগণের অন্তকারক 'বজ্রং' আয়ুধকে 'হিন্বন্তি' শত্রুসমূহে প্রেরণ করে; ইন্দ্র যখন শত্রুসমূহের মধ্যে বজ্রকে প্রেরণ করেন, তখন, ইন্দ্রের মত্ততা উৎপন্ন করে—ইহাই অর্থ। অন্যাংশ পূর্ব্ববৎ।

হিন্বন্তি। হিবিঃ ধাতু প্রীণনার্থক। ইদিত্বহেতু নুম্। সায়কং। ষোন্ত কর্ম্মে খ্যুলি আদ্বে যুক্ আগম। (১ম—৮৪সূ—১১ঋ)॥

* * *

একাদশ (৯১২) ঋকের বিশদার্থ।

—— । ——

ভাষ্যে এবং প্রচলিত ব্যাখ্যাদিতে পূর্ব্বমন্ত্রে গৌরবর্ণ গাভীর সম্বন্ধ পরিকল্পিত হইয়াছে। এ মন্ত্রের 'তাঃ' পদ তদনুসারে সেই গাভীগণের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়াছে। তার পর মন্ত্রে একটী 'পৃশ্নয়ঃ' পদ আছে। তাহা হইতে 'নানা বর্ণবিশিষ্ট গাভীগণ' অর্থ গ্রহণ করা হইয়াছে। 'পৃশনায়ুবঃ' পদে 'স্পর্শকামাঃ' প্রতিবাক্য গ্রহণ করা হয়। 'সোমং' পদে সেই মাদকদ্রব্য অর্থই পরিকল্পিত হইতে দেখি! 'শ্রীণন্তি' পদের 'মিশ্রীকুর্ব্বন্তি' প্রতিবাক্য উপলক্ষে, 'দুগ্ধের সহিত সোমরসকে মিশ্রিত করা হয়'—এবম্বিধ ভাব অধ্যাহৃত হইয়া থাকে। এইরূপে মন্ত্রের প্রথম চরণের অর্থ দাঁড়াইয়া গিয়াছে,—"ইন্দ্রের স্পর্শাভিলাষী উক্ত নানাবর্ণের গাভীসকল সোমের সহিত তাহাদিগের দুগ্ধ মিশ্রিত করে।" প্রথমে ছিল,—গৌরবর্ণ (শ্বেতবর্ণ) গাভীগণ। 'তাঃ' পদ উপলক্ষে সেই গাভীগণকে বুঝানই কর্ত্তব্য ছিল। কিন্তু এখানে 'তাঃ পৃশ্নয়ঃ' পদদ্বয়ের প্রতিবাক্যে 'নানাবর্ণের গাভী' আসিয়া পড়িল। এইরূপে পূর্ব্ব-মন্ত্রের সহিত পর-মন্ত্রের সম্বন্ধ পর্য্যন্ত অব্যাহত রহিল না!

পূর্ব্বোক্ত প্রকারেই মন্ত্রের দ্বিতীয় চরণের প্রথম অংশের, "ইন্দ্রস্য প্রিয়াঃ ধেনবঃ সায়কং বজ্রং হিন্বন্তি" বাক্যাংশের, প্রচলিত অর্থের ভাব দাঁড়াইয়াছে,—'ইন্দ্রের প্রীতিহেতুভূত গাভীসকল শত্রুগণের অন্তকারক অর্থাৎ বিনাশ-সাধক বজ্রকে শত্রুগণের মধ্যে প্রেরণ করিয়াছিল।' গাভীগণ কি প্রকারে যে শত্রুগণের মধ্যে অস্ত্র প্রেরণ করিবে, তাহা বুঝিতে পারা যায় না। অনন্তর মন্ত্রের উপসংহার অংশে, "বস্বীঃ অনু স্বরাজ্যং" বাক্যাংশে, 'গাভীগণ যে ইন্দ্রের রাজত্ব লক্ষ্য করিয়া অবস্থিতি করে'—এবম্প্রকার অর্থেরও কোনও তাৎপর্য্য অন্বেষণ করিয়া পাওয়া যায় না।

যাহা হউক, মন্ত্রার্থে আমরা যে ভাব গ্রহণ করিয়াছি, তাহা বুঝাইবার পক্ষে একটু চেষ্টা পাইতেছি। তদনুসারে পূর্ব্বাপর কোনই অসঙ্গতি লক্ষিত হইবে না। পূর্ব্বে 'তাঃ' পদে সদ্বৃত্তিসমূহের প্রতি লক্ষ্য নির্দ্দেশ করিয়াছি। এখানে 'পৃশ্নয়ঃ' পদ তাহার দ্যোতক দেখিতেছি। 'পৃশ্নি' শব্দে, পূর্ব্বে 'পৃশ্নিমাতরঃ' পদের প্রয়োগ উপলক্ষে (১ম—২৩সূ—১০ঋ)।

ও ১ম—৩৮সূ—৪ঋ) 'জ্ঞান' অর্থ প্রাপ্ত হইয়াছি। এখানেও সেই অর্থেরই সঙ্গতি মূলে ঐ পদে 'জ্ঞানপ্রদায়িকা জ্ঞানহেতুভূত' প্রভৃতি ভাব প্রাপ্ত হই। এইরূপে, "তাঃ পৃশ্নয়ঃ" পদদ্বয়ে 'পূর্ব্বোক্তাঃ নানাবর্ণাঃ গাবঃ' প্রতিবাক্যের পরিবর্তে 'পূর্ব্বোক্তাঃ জ্ঞানপ্রদায়িকাঃ জ্ঞানহেতু-ভূতাঃ সদ্বৃত্তয়ঃ' প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। মানুষের সদ্বৃত্তিসমূহই 'পৃশনায়ুবঃ' অর্থাৎ ভগবানের স্পর্শনাভিলাষী ভগবৎকর্ম্মপরায়ণ হইয়া থাকে; আর, তাহারাই শুদ্ধসত্ত্বকে (সোমং) আমাদিগের কর্ম্মের সহিত মিলিত করিয়া দেয়, (শ্রীণন্তি)। গাভীগণ যে দেবতার স্পর্শাভিলাষী হয় এবং আপনাদিগের দুগ্ধ লইয়া সোমরসের সহিত মিশাইয়া দেয়,—এতদর্থের সঙ্গতি কোনপ্রকারেই মনে আসিতে পারে না। পরন্তু জ্ঞানপ্রদায়িকা আমাদিগের সদ্বৃত্তিসমূহই আমাদিগের কর্ম্মকে এবং আমাদিগের জীবনকে শুদ্ধসত্ত্বের সহিত মিলাইয়া দেয়,—ভগবানের সহিত সম্মিলিত করিয়া দেয়। এই ভাবই এখানে প্রকাশমান্ দেখি।

এইরূপেই দ্বিতীয় চরণের প্রথম ও দ্বিতীয় অংশের সুষ্ঠু ভাব প্রাপ্ত হওয়া যায়। এ পক্ষে 'ধেনবঃ' পদের তাৎপর্য্য প্রথম অনুধাবনীয়। ঐ পদে যে জ্ঞানরশ্মিসমূহকে বুঝায়, পূর্ব্বে বহুত্র (১ম—৭৩সূ—৬২ঋ প্রভৃতিতে) প্রতিপন্ন করিয়া আসিয়াছি। জ্ঞান যে ভগবানের প্রীতিহেতুভূত, তাহা বলাই বাহুল্য। অপিচ, জ্ঞানের সাহায্যেই যে রিপুগণ পর্যুদস্ত হয়, তাহাও বলাই বাহুল্য। শত্রুগণের নিঃশেষকারক—কামাদি রিপুর বিনাশক—বজ্র যে জ্ঞানের দ্বারাই বিক্ষিপ্ত হয়, তাহা বেশ বুঝিতে পারা যায়। জ্ঞানিগণই রিপুগণের কবল হইতে পরিত্রাণলাভ করিতে সমর্থ হয়েন। ফলতঃ, 'গাভীগণ যে শত্রুর প্রতি বজ্র প্রবেশ করে'—এ অর্থের পরিবর্তে 'জ্ঞানের দ্বারাই যে রিপুগণের প্রভাব খর্ব হয়' এই ভাবই এখানে প্রাপ্ত হই। 'স্বরাজ্যং অনু বস্বীঃ' পদত্রয়ের মর্ম্ম পূর্ব্ব মন্ত্রেই প্রকাশ করিয়াছি। সদ্বৃত্তির সাহায্যেই মনুষ্যগণ ভগবৎসমিপ্য লাভ করেন। সদ্বৃত্তিই মানুষকে স্বরাজ্যে প্রতিষ্ঠিত করিয়া রাখে। (১ম—৮৪সূ—১১ঋ)।

—— • ——

দ্বাদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। দ্বাদশী ঋক্।)

তা অস্য নমসা সহঃ সপর্য্যন্তি প্রচেতসঃ।

ব্রতান্যস্য সশ্চিরে পুরূণি পূর্ব্বচিত্তয়ে

বস্বীরনু স্বরাজ্যং ॥ ১২ ॥

* * *

পদ-বিশ্লেষণং।

তা। অস্য। নমসা। সহঃ। সপর্যন্তি। প্রঽচেতসঃ।

ব্রতানি। অস্য। সশ্চিরে। পুরূণি। পূর্ব্বঽচিত্তয়ে।

বস্বীঃ। অনু। স্বঽরাজ্যং ॥ ১২ ॥

* * *

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'প্রচেতসঃ' (প্রকৃষ্টজ্ঞানাঃ, শ্রেষ্ঠজ্ঞানসম্পন্নাঃ) 'তাঃ' (সদ্বৃত্তয়ঃ) 'নমসা' (নমস্কারেণ, ভক্ত্যা—সহ ইত্যর্থঃ 'অস্য' (ভগবতঃ) 'সহঃ' (বলং, ঐশ্বর্য্যং ইত্যর্থঃ) 'সপর্য্যন্তি' (পরিচরন্তি) জ্ঞানিনঃ সাধবঃ ভগবতঃ মহিমানং অনুসরন্তি—তদ্ভাবেন ভাবান্বিতাঃ ভবন্তি—ইতি ভাবঃ; তথা 'অস্য, (ভগবতঃ সম্বন্ধিনঃ) 'পুরূণি' (বহূনি) 'ব্রতানি' (কর্ম্মাণি) 'পূর্ব্বচিত্তয়ে' (অপরেষাং জ্ঞাপনায়) 'সশ্চিরে' (প্রকাশয়ন্তি); সদ্বৃত্তিসম্পন্নাঃ সাধবঃ লোকানাং হিতসাধনায় ভগবতঃ সম্বন্ধিনঃ কর্ম্মাণি সর্ব্বান্ জ্ঞাপয়ন্তি—ইতি ভাবঃ; অপিচ, 'স্বরাজ্যং (আত্মনঃ রাজত্বং, ভগবৎসামীপ্যং) 'অনু' (অনুলক্ষ্য, লক্ষ্যং কৃত্বা) বস্বীঃ' (নিবাসকারিণ্যঃ, উপাসকস্য ভগবৎসামীপ্যপ্রদায়িকাঃ ভবন্তি ইতি শেষঃ); সাধুনাং উপদেশেন লোকাঃ ভগবত্তত্ত্বং বিজানন্তি—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ—১২ঋ)।

* * *

বঙ্গানুবাদ।

প্রকৃষ্টজ্ঞান (শ্রেষ্ঠজ্ঞানসম্পন্ন) সেই সদ্বৃত্তিসমূহ নমস্কারের দ্বারা অর্থাৎ ভক্তির সহিত সেই ভগবানের ঐশ্বর্য্যকে পরিচরণ করেন; (ভাব এই যে,—জ্ঞানী সাধকগণ ভগবানের অনুসরণ করিয়া থাকেন—তদ্ভাবে ভাবান্বিত হয়েন); এবং ভগবানের সম্বন্ধীয় বহু কর্ম্মকে অপরের জ্ঞাপনার্থ প্রকাশ করিয়া থাকেন; (ভাব এই যে,—সদ্বৃত্তিসম্পন্ন সাধুগণ লোকসমূহের হিতসাধনের নিমিত্ত ভগবানের সম্বন্ধীয় কর্ম্মসমূহ সকলকে জ্ঞাপন করেন); অপিচ, আত্মরাজ্যকে অর্থাৎ ভগবৎ সামীপ্যকে লক্ষ্য করিয়া, উপাসকের ভগবৎসামীপ্য-প্রদায়ক হয়েন; (ভাব এই যে,—সাধুগণের উপদেশের দ্বারা লোকসমূহ ভগবৎ-তত্ত্ব জানিতে পারেন)॥ (১ম—৮৪সূ—১২ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

প্রচেতসঃ প্রকৃষ্টজ্ঞানাস্তা গাবোঽস্যেন্দ্রস্য সহো বলং নমসা স্বকীয়েন পয়োরূপেণান্নেন সপর্য্যন্তি। পরিচরন্তি। পুরূণি বহুনি অস্য ইন্দ্রস্য ব্রতানি শত্রুবধাদিরূপাণি বীর্য্যকর্ম্মাণি সশ্চিরে। সিষেবিরে। জ্ঞাপয়ন্ত ইত্যর্থঃ। কিমর্থং। পূর্ব্বচিত্তয়ে। যুযুৎসূনাং শত্রূণাং পূর্ব্বমেব প্রজ্ঞাপনায়। অনেন যুধ্যমানা বৃত্রাদয়ঃ সর্ব্বে মরণং প্রাপ্তাঃ। কিমর্থং ভবন্তিঃ প্রাণাস্ত্যজ্যন্তে ইতি তেষাং বোধনায়েত্যর্থঃ। অন্যৎ পূর্ব্ববৎ।

সশ্চিরে। সশ্চ গতৌ। ব্যত্যয়েনাত্মনেপদং। পূর্ব্বচিত্তয়ে। চিতী সংজ্ঞানে। ভাবে ক্তিন্। মরুদ্বৃধাদিত্বাৎ পূর্ব্বপদান্তোদাত্তত্বং॥ (১ম—৮৪সূ—১২ঋ)॥

* * *

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'প্রচেতসঃ' প্রকৃষ্টজ্ঞানবিশিষ্ট 'তাঃ' সেই গাভীসমূহ 'অস্য' ইন্দ্রের 'সহঃ' বলকে 'নমসা' আপনার পয়োরূপ অন্নের দ্বারা 'সপর্য্যন্তি' পরিচরণ করে; 'পুরূণি' বহুসংখ্যক 'অস্য' ইন্দ্রের 'ব্রতানি' শত্রুবধাদিরূপ বীর্য্যকর্ম্মসমূহ 'সশ্চিরে' সেবন করিয়াছিল—জ্ঞাপন করিয়াছিল—ইহাই অর্থ। কি জন্য? 'পূর্ব্বচিত্তয়ে' যুযুৎসু শত্রুগণকে পূর্ব্বেই প্রজ্ঞাপনের জন্য; অর্থাৎ, 'এই যুদ্ধমান্ বৃত্রাদি সকলেই মরণ প্রাপ্ত হইয়াছে, কি কারণ তোমরা প্রাণত্যাগ করিতেছ'—ইত্যাদি রূপ তাহাদিগের বোধের জন্য। অন্য অংশ পূর্ব্ববৎ।

সশ্চিরে। সশ্চ ধাতু গতি অর্থক। ব্যত্যয়ের দ্বারা আত্মনেপদ। পূর্ব্বচিত্তয়ে। চিতী ধাতু সংজ্ঞান অর্থ জ্ঞাপক। ভাবে ক্তিন্। মরুদ্বৃধাদিত্ব-হেতু পূর্ব্বপদের অন্তস্বরের উদাত্তত্ব। (১ম—৮৪সূ—১২ঋ)॥

* * *

অষ্টম (৯১৩) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের প্রথমে একটী 'তাঃ' পদ আছে। ভাষ্যকার এবং ব্যাখ্যাকারগণ সকলেই 'গাভীগণ' সম্বন্ধে ঐ পদের প্রযুক্তি বিষয় খ্যাপন করিয়া গিয়াছেন। কিন্তু সেই গাভীগণের বিশেষণ আছে—'প্রচেতসঃ', অর্থাৎ, তাহারা প্রকৃষ্টজ্ঞানসম্পন্ন। এই বিশেষণ হইতেই বুঝা যায়, ঐ 'তাঃ' পদ গাভীগণ-সম্পর্কে প্রযুক্ত নহে। আমরা ঐ 'তাঃ' পদে সদ্বৃত্তি-সমূহ অর্থ গ্রহণ করি। সদ্বৃত্তিমূহ-সম্পর্কেই ঐ পদের প্রয়োগ পূর্ব্বাপর সিদ্ধান্তিত হইয়াও আসিয়াছে। প্রকৃষ্টজ্ঞানসম্পন্ন মানুষের সদ্বৃত্তিসমূহ, 'প্রচেতসঃ তাঃ' পদদ্বয়ে সেই ভাবই প্রকাশ পায়। তার পর, 'নমসা' পদ। ঐ পদের প্রতিবাক্যে গাভী-পক্ষে 'আপনাদিগের দুগ্ধ রূপ অন্নের দ্বারা' অর্থ গ্রহণ করা হইয়াছে। কিন্তু আমরা বলি, 'নমসা' পদ 'নমস্কার' অর্থই প্রকাশ করে। উহার ভাব এই যে,—'নমস্কারের দ্বারা অর্থাৎ ভক্তির সহিত।' এখানকার 'সহঃ' পদে 'বা' 'ঐশ্বর্য্য' অর্থ গ্রহণ করিয়াছি। 'অস্য সহঃ' পদদ্বয়ে এখানে ভগবানের ঐশ্বর্য্যকে বুঝাইতেছে। 'সপর্য্যন্তি' পদে 'পরিচরণ করে' অর্থ আসে। পরিচরণের ভাব—অনুসরণ। যাহারা ভগবন্মহিমার অনুসরণ করে, 'সপর্য্যন্তি' ক্রিয়া-পদে তাহাদিগের প্রতি লক্ষ্য দেখিতে পাই। সে কাহারা? 'প্রচেতসঃ তাঃ'—অর্থাৎ প্রকৃষ্টজ্ঞানসম্পন্ন সদ্বৃত্তিসমূহ। যাঁহারা প্রকৃষ্টজ্ঞান-সহ সদ্বৃত্তিসমূহের অধিকারী হইতে পারিয়াছেন, তাঁহারাই ভক্তিসহকারে একান্তে ভগবন্মহিমার অনুসরণ করিয়া থাকেন। ফলতঃ, 'প্রকৃষ্টজ্ঞান-যুক্ত গাভী-সকল যে দুগ্ধের দ্বারা ইন্দ্রের পূজা করে'—এইরূপ প্রচলিত অর্থের পরিবর্ত্তে, 'জ্ঞানী সাধকগণের সদ্বৃত্তিসমূহ যে ভগবানের ঐশ্বর্য্যের অনুসারী হয়—তাঁহারই গুণানুসরণে তদভিমুখী কর্ম্মে প্রবৃত্ত থাকে'—মন্ত্রের প্রথম চরণে এবম্বিধ ভাবই আমরা প্রাপ্ত হই।

অতঃপর, দ্বিতীয় চরণের দুইটী অংশে কি অর্থ প্রচলিত আছে এবং আমরাই বা কি অর্থ গ্রহণ করিতেছি, তাহার আলোচনা করা যাইতেছে। এ পক্ষে, 'পূর্ব্বচিত্তয়ে' এবং 'সশ্চিরে' পদদ্বয়ের মর্ম্ম বিশেষভাবে অনুধাবনীয়। ঐ দুই পদের অর্থ গ্রহণ করা হয়—'যুদ্ধার্থ প্রস্তুত শত্রু-

গণকে যুদ্ধে প্রতিনিবৃত্ত করিবার জন্য তাহাদিগের পরিচালকগণ যে নিহত হইয়াছে, তাহাই ঘোষণা করা হইয়া থাকে।' ফলতঃ, গাভীগণ যেন যুদ্ধাভিলাষী শত্রুদিগকে পূর্ব্ব হইতে ভয় দেখাইয়া বলিতেছে,—'তোমাদিগের নেতৃগণ নিহত হইয়াছে; তোমরা কেন আর যুদ্ধে প্রবৃত্ত আছ—বৃথা কেন প্রাণদান করিবে?' গাভীগণ এই সকল কথা যুদ্ধ-ক্ষেত্রে ঘোষণা করে, এবম্বিধ উপাখ্যানের কোনই যৌক্তিকতা দেখিতে পাই না। পরন্তু, আমরা বলি, 'পূর্ব্বচিত্তয়ে' পদে 'অপরের জ্ঞাপনের নিমিত্ত' ভাব আসে। ঐ পদের প্রতিবাক্যে আমরা তাই 'অপরেষাং জ্ঞাপনায়' পদ গ্রহণ করিয়াছি। 'সশ্চিরে' ক্রিয়া-পদ অতীত-কালবাচক হইলেও আমরা ঐ পদের প্রতিবাক্যে 'প্রকাশয়ন্তি' পদ গ্রহণ-পূর্ব্বক ঐ পদে নিত্য-বর্ত্তমানের সম্বন্ধ খ্যাপন করি। এইরূপে, 'গাভীগণ শত্রুদিগকে ভীতি প্রদর্শন করিয়াছিল'—এই প্রকার অর্থের পরিবর্ত্তে, 'সদ্বৃত্তিসম্পন্ন সাধুগণ যেন লোকসমূহের হিতসাধনের নিমিত্ত ভগবানের সম্বন্ধীয় কর্ত্তব্য কর্ম্মসকল লোকগণকে জ্ঞাপন করেন'—এই ভাবই আমরা এই মন্ত্রাংশে গ্রহণ করি। দ্বিতীয় চরণের শেষাংশ পূর্ব্ববৎ ভগবৎ-সামীপ্য-প্রাপণের খ্যাপন করিতেছে। সদ্বৃত্তিসমূহই ভগবৎসমীপে মানুষকে পৌঁছাইয়া দেয়। সাধুগণই তৎকর্ম্মে প্রধান অবলম্বন। এই মন্ত্র এই ভাবের দ্যোতক বলিয়া সিদ্ধান্ত করি। (১ম—৮৪সূ—১২ঋ)।

—*—

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

চাতুর্ব্বিংশকেঽহনি প্রাতঃসবনে ব্রাহ্মণাচ্ছংসিনঃ শস্ত্র ইন্দ্রো দধীচ ইতি ষড়হস্তোত্রিয়-সংজ্ঞকস্তৃচঃ। সূত্রিতঞ্চ। আদহ স্বধামনুত্যোকা দ্বে চেন্দ্রো দধীচো অস্থভিঃ। আ০ ৭.২। ইতি। তৃচে প্রথমাং সূক্তে ত্রয়োদশীমৃচমাহ॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

চাতুর্ব্বিংশক দিবসে প্রাতঃসবনে ব্রাহ্মণাচ্ছংসিন শস্ত্রে 'ইন্দ্রো দধিচঃ' ইত্যাদি ষড়হ-স্তোত্রিয় সংজ্ঞক তৃচ। এবিষয় সূত্রিত আছে,—'আদহ স্বধামনুত্যোকা দ্বে চেন্দ্রো দধীচো অস্থভিঃ' (আ০ ৭.২) ইতি। সেই তৃচের প্রথমও সূক্তের ত্রয়োদশ ঋক্ কথিত হইয়াছে॥

ত্রয়োদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। ত্রয়োদশী ঋক্।)

ইন্দ্রো দধীচো অস্থভির্বৃত্রাণ্যাপ্রতিষ্কুতঃ।

জঘান নবতীর্নব ॥ ১৩ ॥

* * *

পদ-বিশ্লেষণং।

ইন্দ্রঃ। দধীচঃ। অস্থভিঃ। বৃত্রাণি। অপ্রতিঃস্কুতঃ ॥

জঘান। নবতীঃ। নব ॥ ১৩ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অপ্রতিষ্কুতঃ' (না-প্রতিশব্দরহিতঃ, সর্ব্বাভীষ্টপূরকঃ ইত্যর্থঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) নবতীঃ নব' (নবনবক-কর্ম্মপরায়ণস্য, অশেষসৎকর্ম্মকারিণঃ) 'দধীচঃ' (ভগবতি উৎসৃষ্টপ্রাণস্য, আত্মদানশীলস্য নিষ্কামকর্ম্মপরস্য বা সাধকস্য) 'অস্থভিঃ' (অস্থিভিঃ, কঙ্কালৈঃ, লুপ্তাবশেষৈঃ আদর্শৈঃ ইত্যর্থঃ) 'বৃত্রাণি' (জ্ঞানাবরকান্ সর্ব্বান্ শত্রূণ) 'জঘান' (হন্তি)। সৎকর্ম্মপরায়ণস্য জনস্য স্মৃতিরপি অপরেষাং হিতসাধিকাং ভবতি—ইতি ভাবঃ। (১ম—৮৪সূ—১৩ঋ)॥

* * *

বঙ্গানুবাদ।

না-প্রতিশব্দরহিত সর্ব্বাভীষ্টপূরক ভগবান্ ইন্দ্রদেব, 'নবনবক'-কর্ম্মপরায়ণ অর্থাৎ অশেষসৎকর্ম্মকারী ভগবানে উৎসৃষ্ট প্রাণ আত্মদানশীল নিষ্কাম-কর্ম্মপর সাধকের অস্থিসমূহের দ্বারা অর্থাৎ লুপ্তাবশেষ আদর্শের দ্বারা জ্ঞানাবরোধকারী সকলপ্রকার শত্রুকে নাশ করেন। (ভাব এই যে,—সৎকর্ম্মপরায়ণ জনের স্মৃতিও অপরের হিতসাধক হয়।)॥ (১ম—৮৪—১৩ঋ)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অত্র শাট্যায়নিন ইতিহাসমাচক্ষতে। অথর্ব্বণস্ত দধীচো জীবতো দর্শনেনাসুরাঃ পরাবভূবুঃ। অথ তস্মিন্ স্বর্গতেঽসুরৈঃ পূর্ণা পৃথিব্যভবৎ। অথেন্দ্রস্তৈরসুরৈঃ সহ যোদ্ধু-মশক্নুবন্ তমৃষিমন্বিচ্ছন্ স্বর্গং গত ইতি শুশ্রাব। অথ পপ্রচ্ছ তত্রত্যান্ নেহ কিমস্ত কিঞ্চিৎ পরিশিষ্টমঙ্গমস্তীতি। তস্মা অবোচন্ অস্ত্যেতদাশ্বং শীর্ষং যেন শিরসাশ্বিভ্যাং মধুবিদ্যাং প্রাব্রবীৎ। তত্তু ন বিদ্ম যত্রাভবদিতি। পুনরিন্দ্রোঽব্রবীৎ। তদন্বিচ্ছতেতি। তদ্ধৈবৈষিষুঃ তচ্ছর্যণাবত্যনুবিদ্যা জহ্রুঃ। শর্যণাবদ্ধ বৈ নাম কুরুক্ষেত্রস্য জঘনার্দ্ধে সরঃ স্যন্দতে। তস্য শিরসোঽস্থিভিরিন্দ্রোঽসুরান্ জঘানেতি॥

অপ্রতিষ্কুতঃ পরৈরপ্রতিশব্দিতঃ। প্রতিকূলশব্দরহিত ইন্দ্র আথর্ব্বণস্য দধীচ এতৎ-সংজ্ঞকস্য ঋষেরশ্বভিরশ্বশিরঃসম্বন্ধিভিরস্থিভির্নবতী র্নবনবসংখ্যাকা নবতীর্দশোত্তরাষ্টশত-সংখ্যাকাঃ। তথা হি। লোকত্রয়বর্ত্তিনো দেবাঞ্জেতুমাদাবাসুরী মায়া ত্রিধা সম্পদ্যতে। ত্রিবিধাতীতানাগতবর্ত্তমানকালভেদেন তৎকালবর্ত্তিনো দেবাঞ্জেতুং পুনরপি প্রত্যেকং ত্রিগুণিতা ভবতি। এবং নব সম্পদ্যতে। পুনরপ্যুৎসাহাদিশক্তিত্রয়রূপেণ ত্রৈগুণ্যে সতি সপ্তবিংশতিঃ সম্পদ্যতে। পুনঃ সাত্ত্বিকাদিগুণত্রয়ভেদেন ত্রৈগুণ্যে সত্যেকোত্তরাশীতিঃ

সায়ণভাষ্যের বঙ্গানুবাদ।

এখানে শাট্যায়নিগণ কর্তৃক এই ইতিহাস পরিবর্ণিত হয়। অথর্ব্ব-পুত্র দধীচিকে জীবিত দেখিয়া (দধীচির জীবিতকালে) অসুরেরা পরাভূত হইয়াছিল। অনন্তর তাঁহার স্বর্গলাভ হইলে, অসুরগণ কর্তৃক পৃথিবী পরিপূর্ণ হয়। অনন্তর ইন্দ্র সেই অসুরগণের সহিত যুদ্ধ করিতে অশক্ত হওয়ায়, সেই ঋষিকে অন্বেষণ করায়, তিনি স্বর্গগত হইয়াছেন—ইহা শুনিতে পান। তখন ঋষির কিছু পরিশিষ্ট অঙ্গ আছে কি না জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহাতে শুনিয়াছিলেন—তাঁহার অশ্বশীর্ষ মাত্র অবশিষ্ট আছে; যদ্দ্বারা অশ্বিদ্বয়কে তিনি মধুবিদ্যা কহিয়াছিলেন। কিন্তু কোথায় তাহা আছে—তাহা ইন্দ্র জানিতেন না। তাহাতে পুনর্ব্বার ইন্দ্র বলিয়াছিলেন—তিনি তাহা পাইতে ইচ্ছা করেন; তজ্জন্য তিনি তাহা অন্বেষণ করিতেছেন। তখন তাহা শর্য্যণাবতীতে আছে—এইরূপ জানিতে পারেন। কুরুক্ষেত্রের জঘনার্দ্ধে শর্য্যণাবৎ নামে সরোবর বিদ্যমান্ আছে। অতঃপর দধীচির শির ও অস্থির দ্বারা ইন্দ্র অসুরগণকে হনন করিয়াছিলেন।

'অপ্রতিষ্কুতঃ' অপরের কর্তৃক অপ্রতিশব্দিত প্রতিকূলশব্দরহিত 'ইন্দ্রঃ' ইন্দ্র অথর্ব্বের পুত্র 'দধীচঃ' এতৎসংজ্ঞক ঋষির 'অস্থভিঃ' অশ্বশিরসম্বন্ধি অস্থি-সমূহের দ্বারা 'নবতীর্নবঃ' নবগুণিত নবতি অর্থাৎ দশোত্তরঅষ্টশতসংখ্যক। তাহা এইরূপ, যথা,—উক্ত আছে, লোকত্রয়-বর্ত্তী দেবগণকে জয় করিবার জন্য প্রথমে আসুরী মায়া ত্রিধা সম্পন্ন হইয়াছিল। ত্রিবিধ অতীত অনাগত বর্ত্তমান কালভেদের দ্বারা তৎকালবর্ত্তী দেবগণকে জয় করিতে পুনরায় প্রত্যেক ত্রিগুণিত হয়। এইরূপে নব সম্পাদিত হইয়াছিল। পুনরপি উৎসাহাদি শক্তিত্রয়-রূপের দ্বারা ত্রৈগুণ্য হওয়ায় সপ্তবিংশতি সম্পন্ন হয়। পুনর্ব্বার সাত্ত্বিকাদি গুণত্রয়-ভেদের দ্বারা ত্রৈগুণ্য হওয়ায় একোত্তর অশীতি সম্পন্ন হয়। এইরূপ চতুর্ব্বিধ ত্রির দ্বারা গুণিত

সম্পদ্যতে এবং চতুর্ভিস্ত্রিকৈগুণিতায়া মায়য়া দশসু দিক্ষু প্রত্যেকমবস্থানে সতি নবনবতয়ঃ সম্পদ্যতে। এবম্বিধানি মায়ারূপাণি বৃত্রাণ্যাবরকাণ্যসুরজাতানি জঘান। হতবান্॥

দধিচঃ। দধ্যঞ্চতীতি দধ্যঙ্। অঞ্চতেশ্চ ঋত্বিগিত্যাদিনা ক্বিন্। অনিদিতামিতি ন-লোপঃ। ষষ্ঠ্যেকবচনে চ ইত্যকারলোপে চাবিতি দীর্ঘত্বং। উদাত্তনিবৃত্তিস্বরেণ বিভক্ত্যুদাত্তত্বে প্রাপ্তে তদপবাদতয়া চাবিতি পূর্ব্বপদস্যান্তোদাত্তত্বং প্রাপ্তং। অঞ্চেশ্ছন্দস্য সর্ব্বনামস্থানং। পা০ ৬।১।১১। ইতি পুনর্ব্বিভক্ত্যুদাত্তবিধানেন তদ্বাধ্যতে। অস্থভিঃ। ছন্দস্যপি দৃশ্যত ইত্যনজাদবপ্যস্থিশব্দস্যানঙাদেশঃ। স চোদাত্তঃ॥ (১ম—৮৪সূ—১৩ঋ)॥

* * *

ত্রয়োদশ (৯১৪) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের পদ-বিন্যাস সমস্যা-পূর্ণ। সুতরাং মন্ত্রার্থের সহিত নানা উপাখ্যানের সমাবেশ দেখিতে পাই। মন্ত্রে 'নবতীর্নব' পদ আছে। তাহা হইতে নবগুণ নবতিসংখ্যক (মতান্তরে নিরানব্বই) অর্থ গ্রহণ করা হয়। ভাষ্যকার ঐ পদ উপলক্ষে নানা গবেষণা প্রকাশ করিয়াছেন। 'নবনবতি' বলিতে যে কি প্রকার কার্য্য বুঝায়, তৎপক্ষে তিনি বিবিধ মতের আভাস দিয়াছেন। যাহা হউক, তথাপি ঐ পদে 'নিরানব্বই বার' অর্থ ই প্রচলিত রহিয়াছে। তার পর, 'দধীচঃ অস্থভিঃ' পদদ্বয়ে 'দধীচি ঋষির অস্থিসমূহের দ্বারা' অর্থ ই চলিয়া আসিতেছে। 'বৃত্রাণি জঘান' পদদ্বয়ে 'বৃত্রগণকে হনন করিয়াছিলেন'—এইরূপ অর্থ গৃহীত হইয়া থাকে। এইরূপে এই মন্ত্রের অর্থ দাঁড়াইয়া গিয়াছে,—'অপ্রতিদ্বন্দ্বী ইন্দ্র দধীচি ঋষির অস্থিসমূহের দ্বারা বৃত্রগণকে নবগুণ নবতিবার (নিরানব্বই বার) বিনাশ করিয়াছিলেন।' এই

মায়ার দ্বারা দশ দিকে প্রত্যেকের অবস্থান হওয়ায় নব নবতি সম্পন্ন হয়। এবম্বিধ মায়ারূপ 'বৃত্রাণি' আবরক অসুরজাতকে 'জঘান' হনন করিয়াছিলেন।

দধীচঃ। 'দধি অঞ্চতি'—এই বাক্যে দধ্যঙ্ পদ হয়। 'অঞ্চতেশ্চ ঋত্বিক্' ইত্যাদি নিয়মে ক্বিন্। 'অনিদিতাম্' ইত্যাদি সূত্রে ন-লোপ। 'ষষ্ঠ্যেকবচনে অচঃ' ইত্যাদি সূত্রে অকার-লোপে 'চৌ' ইত্যাদি সূত্রে দীর্ঘত্ব। উদাত্তনিবৃত্তি স্বরের দ্বারা বিভক্তির উদাত্তত্ব প্রাপ্তে তাহার অপবাদের দ্বারা 'চৌ' ইত্যাদি সূত্রে পূর্ব্বপদের অন্তোদাত্তত্ব প্রাপ্ত হইয়াছে। অঞ্চেশ্ছন্দস্য সর্ব্বনামস্থানং' (পা০ ৬।১।১১০) ইত্যাদি সূত্রে পুনরায় বিভক্তির উদাত্তত্ব বিধানের দ্বারা তাহা বাধিত হয়। অস্থভিঃ। 'ছন্দস্যপি দৃশ্যতে' ইত্যাদি সূত্রে অনজাদিতেও অস্থিশব্দস্থানে অনাদেশ ; এবং তাহা উদাত্ত। (১ম—৮৪সূ—১৩ঋ)॥

* * *

প্রকার অর্থের মর্ম্ম সহসা অনুভূত হয় না। সুতরাং ইহার সহিত উপাখ্যানাদির সংযোগ হইয়াছে। দধীচির অস্থি লইয়া ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন,—এতৎসংক্রান্ত উপাখ্যান অনেকেই অবগত আছেন; আমরাও সূক্ত-সূচনায় সংক্ষেপে বর্ণনা করিয়াছি এবং সায়ণ-ভাষ্যেও তাহার উল্লেখ দৃষ্ট হইবে।

কিন্তু ঐ সকল উপাখ্যান-মূলে মন্ত্রে যে কি নিগূঢ় মর্ম্ম প্রাপ্ত হওয়া যায়, তাহা আমরা বুঝিতে পারি না। কিন্তু, সাদাসিধা-ভাবে দেখিলে মন্ত্রে বেশ সদর্থই প্রাপ্ত হওয়া যায়। সে পক্ষে, আর একবার মন্ত্রান্তর্গত পদ-কয়েকটীর অনুশীলন আবশ্যক বলিয়া মনে করি। মন্ত্রে আছে,—'নবতীর্নব।' আমরা বলি, ঐ পদে 'নবনবক' কর্ম্মের বিষয় দ্যোতনা করিতেছে। নবনবক কর্ম্ম যে কাহাকে বলে, তদ্বিষয় আমরা বিভিন্নস্থানে (১ম—৩২সূ—৮ঋ, ১ম—৫৪সূ—৭ঋ ও ১ম—৫৭—৯ঋ প্রভৃতিতে) খ্যাপন করিয়াছি। ফলতঃ, যে সকল সৎকর্ম্মে ধর্ম্মার্থকামমোক্ষ-চতুর্ব্বর্গ ফল অধিগত হয়, তাহাই 'নবনবক' কর্ম্ম। 'নবতীর্নব' পদে সে কর্ম্মকেই লক্ষ্য করে। 'দধীচঃ' পদে নিষ্কামকর্ম্মপরায়ণ ভগবানে উৎসৃষ্টপ্রাণ সাধককে বুঝাইয়া থাকে। যদি তিনি ঋষি-বিশেষ হয়েন, তাহা হইলে কালচক্রে তাঁহার চিরবিদ্যমানতা স্বীকার করিতে হয়; অন্যথা ভগবানে উৎসৃষ্টপ্রাণ সাধকই ঐ পদের দ্যোতক। 'অস্থিভিঃ' পদে 'অস্থিসকল কঙ্কাল' অর্থাৎ 'লুপ্তাবশেষ আদর্শ' অর্থ আসে। 'বৃত্রাণি' পদে জ্ঞানাবরোধক অজ্ঞানতা-সহচর শত্রুমাত্রকে লক্ষ্য করে। বৃত্র যদি সত্যসত্যই দেহধারী অসুরই হইবে, তাহা হইলে সে নবগুণ নবতি-বার নিহত হইয়াছিল—এতদুক্তির কোনই সার্থকতা থাকে না। অপিচ, সে যখন একই অসুর, তখন বহুবচনান্ত 'বৃত্রাণি' পদ কেমন করিয়াই বা তাহার সম্বন্ধে প্রযুক্ত হইবে? 'ফলতঃ, এ মন্ত্রের অর্থে ইন্দ্র যে বৃত্রাসুরকে 'নিরানব্বই বার' হনন করিয়াছিলেন—এরূপ ভাব আমরা প্রাপ্ত হই না; পরন্তু, এই মন্ত্রের ভাব প্রাপ্ত হই এই যে,—যাঁহারা সৎকর্ম্মশীল ভগবৎপরায়ণ, তাঁহাদিগের আদর্শের অনুসরণে জ্ঞানাবরোধক সকল বাধাই অপসৃত হয়।' (১ম—৮৪সূ—১৩ঋ)।

—·—

চতুর্দ্দশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। চতুর্দ্দশী ঋক্।)

ইচ্ছন্নশ্বস্য যচ্ছিরঃ পর্ব্বতেষপশ্রিতং।

তদ্বিদচ্ছর্য্যণাবতি ॥ ১৪ ॥

* * *

পদ-বিশ্লেষণং।

ইচ্ছন্। অশ্বস্য। যৎ। শিরঃ। পর্ব্বতেষু। অপঽশ্রিতং।

তৎ। বিদৎ। শর্য্যণাঽবতি ॥ ১৪ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'পর্ব্বতেষু' (পর্ব্বতসদৃশেষু কঠোরেষু প্রতিভক্তিপরিশূন্যেষু হৃদয়েষু ইত্যর্থঃ) 'অপশ্রিতং (আশ্রয়প্রাপ্তং, লুক্কায়িতং) 'অশ্বস্য' (জ্ঞানকিরণস্য, জ্ঞানস্য ইত্যর্থঃ) 'শিরঃ' (প্রাধান্যং ইত্যর্থঃ) 'যৎ' (যদা) 'ইচ্ছন্' (অভিলাষং কুর্ব্বন্—নরঃ তিষ্ঠতি ইতি যাবৎ) তদা 'তৎ' (তৎপ্রাধান্যং) 'শর্য্যণাবতি' (অজ্ঞানান্ধকারে) 'বিদং' (বিভাতি, ভগবন্তং বেদয়িতুং সমর্থং ভবতি ইত্যর্থঃ)। জ্ঞানানুসরণায় নরস্য কঠোরঃ হৃদয়ঃ প্রীতিভক্তেরাশ্রয়ঃ সন্ ভগবন্তং লভিতুং সমর্থঃ ভবতি—ইতি ভাবঃ ॥ (১ম—৮৪সূ—১৪ঋ) ॥

* * *

বঙ্গানুবাদ।

পর্ব্বতসদৃশ কঠোর অর্থাৎ প্রীতিভক্তিপরিশূন্য হৃদয়ে আশ্রয়প্রাপ্ত (লুক্কায়িত) জ্ঞান-কিরণের (জ্ঞানের) প্রাধান্যকে যখন মানুষ অভিলাষ করে, তখন সেই প্রাধান্য তাহার অজ্ঞানান্ধকারে বিভাত হয়—ভগবানকে জানাইতে সমর্থ হইয়া থাকে। (ভাব এই যে,—জ্ঞানানুসরণের ফলেই মানুষের কঠোর হৃদয় প্রীতিভক্তির আশ্রয় হইয়া ভগবানকে লাভ করিতে সমর্থ হইয়া থাকে।) ॥ (১ম—৮৪সূ—১৪ঋ) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

পর্ব্বতেষু পর্ব্ববৎসু গিরিষপশ্রিতমপগত্য শ্রিতমশ্বসম্বন্ধি দধীচো যচ্ছির ইচ্ছন্নিন্দ্রো বর্ত্ততে শর্যণাবত্যেৎ সংজ্ঞকে সরসি তচ্ছিরো বিদৎ। অজ্ঞাসীৎ। জ্ঞাত্বা তদাহৃত্য তদীয়ৈরস্থিভি-বৃ'ত্রাণি জঘানেতি পূর্ব্বস্যামৃচি সম্বন্ধঃ।

ইচ্ছন্। ইষু ইচ্ছায়াং। তুদাদিত্বাচ্ছপ্রত্যয়ঃ। বিদৎ। বেত্তির্লু'ঙি ব্যত্যয়েন চ্লেঃঙাদেশঃ শর্যণাবতি। শর্যণানামদেশাঃ। তেষামদূরভবং সরঃ শর্যণাবৎ। মধ্যাদিষু শর্যণাশব্দস্য পাঠান্মধ্বাদিভ্যশ্চ। পা০ ৪ ২,৮৬। ইতি চাতুর্থিকো মতুপ্। সংজ্ঞায়ামিতি মতুপো বত্বং। মতৌ বহ্বচোঽনজিরাদীনামিতি দীর্ঘঃ॥ (১ম—৮৪সূ—১৪ঋ)॥

* * *

চতুর্দ্দশ (৯১৫) ঋকের বিশদার্থ।

—— • ——

এই মন্ত্রের সহিতও নানাবিধ উপাখ্যান সন্নিবিষ্ট হইয়া রহিয়াছে। সেই সকল উপাখ্যানের ভাব এই যে,—দধীচি ঋষির মস্তক ছেদিত হইলে, তিনি অশ্বমস্তকে বিরাজমান্ ছিলেন; পরিশেষে সেই মস্তক যখন ছেদন করা হয়, পর্ব্বতসমূহের মধ্যে তাহা অবস্থিত ছিল। দধীচির সেই মস্তক পাইবার জন্য ইন্দ্র অনেক সন্ধান করেন। তাহাতে কুরুক্ষেত্রের সান্নিধ্যে শর্যণাবৎ সরোবরে তিনি সেই মস্তক প্রাপ্ত হইয়াছিলেন। এই প্রকারে এই মন্ত্রের প্রচলিত অর্থ দাঁড়াইয়াছে,— "পর্ব্বত লুক্কায়িত দধীচির অশ্বমস্তক পাইবার ইচ্ছা করিয়া ইন্দ্র সেই মস্তক শর্যণাবৎ (সরোবরে) প্রাপ্ত হইয়াছিলেন।" মস্তক হইল—

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'পর্ব্বতেষু' পর্ব্ববৎ গিরিসমূহে 'অপশ্রিতং' অপগমন করিয়া শ্রিত 'অশ্বস্য' অশ্বসম্বন্ধী 'দধীচির' যচ্ছিরঃ ইচ্ছন' যে মস্তক ইচ্ছা করিয়া ইন্দ্র অবস্থিত ছিলেন, 'শর্যণাবতি' এতৎ সংজ্ঞক সরোবরে 'তৎ' সেই মস্তক 'বিদৎ' জ্ঞাত হইয়াছিলেন; জানিয়া তাহা আহরণ-পূর্ব্বক তাহার অস্থিসমূহের দ্বারা বৃত্রদিগকে হনন করিয়াছিলেন—এইরূপ পূর্ব্ব ঋকের সহিত সম্বন্ধ।

ইচ্ছন্। ইষ ধাতু ইচ্ছা অর্থ প্রকাশ করে। তুদাদিত্ব হেতু ছ-প্রত্যয়। বিদৎ। 'বেত্তি'র স্থলে লুঙের ব্যত্যয়ের দ্বারা চ্লের ঙ্ আদেশ। শর্যণাবতি। শর্যণা-নামক দেশ সমূহ। তাহার অদূরে আছে এইরূপ সরোবর—শর্যণাবৎ। মধ্বাদি-সমূহের মধ্যে শর্যণা শব্দের পাঠ-হেতু 'মধ্বাদিভ্যশ্চ ইত্যাদি (পা০ ৮।২।৮৬) সূত্রে চাতুর্থিক-মতুপ্। 'সংজ্ঞায়াং ইত্যাদি সূত্রে মতুপে বত্ব। 'মতৌ বহ্বচোঽনজিরাদীনাং' ইত্যাদি সূত্রে দীর্ঘ॥ (১ম—৮৪সূ—১৪ঋ)॥

* * *

একটী; তাহা অবস্থিত রহিল—বহুপর্ব্বতে (পর্ব্বতেষু), আর তাহা প্রাপ্ত হওয়া গেল—শর্য্যণাবৎ সরোবরে (শর্য্যণাবতি)! ইহার রহস্য উদ্ভেদ সাধ্যায়ত্ত নহে।

যাহা হউক, আমরা যে দৃষ্টিতে যে ভাবে এই মন্ত্রের অর্থ নিষ্কাশন করিতেছি, তাহার আভাস লউন। সে পক্ষে, প্রতি পদের মর্ম্ম পরিগ্রহণ করা আবশ্যক। প্রথম—'পর্ব্বতেষু' পদ। এই পদে, আমরা বলি, 'পর্ব্বতসদৃশ কঠোর' অর্থাৎ 'প্রীতিভক্তিপরিশূন্য হৃদয়সমূহে' অর্থ আসে। 'অপশ্রিতং' পদে 'আশ্রয়প্রাপ্ত' বা 'লুক্কায়িত' অর্থ প্রাপ্ত হই। 'অশ্বস্য' পদে 'জ্ঞান-কিরণের' অর্থ আসে। 'অশ্ব'-শব্দে ঐরূপ ভাব পরিগ্রহণের বিষয় পূর্ব্বে বিভিন্ন স্থানে বুঝাইয়া আসিয়াছি। 'শিরঃ' পদে 'প্রাধান্য' অর্থ খ্যাপন করে। 'শর্য্যণাবতি' পদে, ধাত্বর্থের অনুসরণে, 'অজ্ঞানান্ধকারে' অর্থ প্রাপ্ত হইতে পারি। এই প্রকারে মন্ত্রান্তর্গত পদ-কয়েকটির মর্ম্ম পরিগ্রহ করিতে সমর্থ হইলে, মন্ত্রে যে ভাব উপলব্ধ হয়, তাহা বুঝিবার পক্ষে চেষ্টা করা যাইতেছে। যে হৃদয় পর্ব্বতসদৃশ কঠোর, যেখানে প্রীতিভক্তির চিহ্নমাত্র নাই, তাহার মধ্যে যদি জ্ঞান একটু লুক্কায়িত থাকে, আর সেই জ্ঞান আপনার প্রাধান্য-বিস্তারের প্রয়াস পায়, তাহা হইলে, সেই অজ্ঞানান্ধকারেও—প্রীতিভক্তিশূন্য হৃদয়েও ভগবানের মহিমা প্রকাশ পাইয়া থাকে। মানুষ অজ্ঞান-আঁধারে চির-আচ্ছন্ন না থাকিয়া যদি জ্ঞানালোক-লাভে একটু প্রয়াস পায়, তাহা হইলে, সেই প্রয়াসের ফলে তাহার শুষ্ক কঠোর হৃদয়ে, প্রীতি-ভক্তির মন্দাকিনী প্রবাহিত হয়,—তাহার অজ্ঞানান্ধকার দূর হইয়া তাহার মধ্যে জ্ঞানের জ্যোতিঃ উদ্ভাসিত হইতে থাকে। এই জন্যই ইহসংসারে আমরা দেখিতে পাই, পাষণ্ড দস্যুর হৃদয়েও হঠাৎ জ্ঞানের বিদ্যুৎ বিকাশ পাওয়ায়, তাহার জীবন-স্রোত অন্য পথে ফিরিয়া গিয়াছে। এই জন্যই আমরা দেখিতে পাই, জ্ঞানালোক-স্পর্শে দস্যু জগাই মাধাই পরিত্রাণ লাভ করিতে সমর্থ হইয়াছিল। এই জন্যই আমরা দেখিতে পাই, ভ্রষ্টাচার বিশৃঙ্খল সাধুর-আদর্শ হইয়া বিদ্যমান আছেন। দস্যু-রত্নাকর বাল্মীকির জীবন-কাহিনীও এই তত্ত্বই প্রকাশ করিতেছে। ফলতঃ, যতই কলুষ-কলঙ্কে হৃদয় লিপ্ত রহুক না কেন, কোনরূপে যদি জ্ঞানের জ্যোতিঃ

একবার সে হৃদয়ে প্রবেশ করাইতে পার, তাহা হইলে তোমার সকল কালিমা অপসৃত হইবে, ক্রমশঃ সত্যের স্নিগ্ধ আলোকে হৃদয় পরিপূর্ণ হইয়া আসিবে। আমরা মনে করি, এই মন্ত্র সেই ভাবেরই দ্যোতনা করিতেছে। (১ম—৮৪সূ—১৪ঋ)।

—— ০ ——

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

অতিমূর্ত্তিনাম্নোকাহ কর্ত্তব্যে পূর্ব্বমেবৈকং মাসং সূর্য্যাচন্দ্রমসীভ্যামিষ্টিভ্যাং যষ্টব্যং। তত্র পূর্ব্বপক্ষে চান্দ্রমসীষ্টিঃ। অত্রাহ গোরিতি। তস্যাং প্রধানস্যানুবাক্যা। অতিমূর্ত্তিনেতি খণ্ডে সূত্রিতং। অত্রাহ গোরমন্বত নবো নবো ভবতি জায়মানঃ। আ০ ৯।৮। ইতি। তামেতাং সূক্তে পঞ্চদশীমৃচমাহ॥

পঞ্চদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। পঞ্চদশী ঋক্।)

অত্রাহ গোরমন্বত নাম ত্বষ্টুরপীচ্যং।

ইত্থা চন্দ্রমসো গৃহে॥ ১৫॥

পদ-বিশ্লেষণং।

অত্র। অহ। গোঃ। অমন্বত। নাম। ত্বষ্টুঃ। অপীচ্যং।

ইত্থা। চন্দ্রমসঃ। গৃহে॥ ১৫॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

অতিমূর্ত্তি নামক একাহে কর্ত্তব্য পূর্ব্বের একমাস সূর্য্যাচন্দ্রমসী ইষ্টিতে যষ্টব্য। এ বিষয়ে পূর্ব্বপক্ষে চান্দ্রমসী ইষ্টি; 'অত্রাহ গোঃ' ইত্যাদি ঋক্ তাহার প্রধান অনুবাক্যা। 'অতিমূর্ত্তিনা' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে;—'অত্রাহ গোরমন্বত নবো নবো ভবতি জায়মানঃ' (আ০ ৯।৮।) ইতি। সেই সূক্তের এই পঞ্চদশী ঋক্ কথিত হইতেছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ত্বষ্টুঃ' (পরিত্রাণকারকস্য দেবস্য) 'অপীচ্যং' (অজ্ঞানান্ধকারনাশকারিণং) 'নাম' (তেজঃ) 'গোঃ' (জ্ঞানকিরণাৎ, জ্ঞানরশ্মেঃ) 'অত্রাহ' (অস্মিন্ লোকেঽপি) 'অমন্বত' (বিজানতি, প্রাপ্নোতি ইত্যর্থঃ) নরঃ ইতি শেষঃ ; 'ইত্থ চন্দ্রমসঃ গৃহে' (চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মি যথা বিভাতি তদ্বৎ)। রাত্রৌ অন্ধকারে স্বচ্ছে চন্দ্রমণ্ডলে যথা সূর্য্যরশ্মিঃ বিভাতি তদ্বৎ অজ্ঞানান্ধকারাচ্ছন্নস্য জনস্য জ্ঞানসংসর্গযুতে অতঃ অনাবিলে হৃদয়ে ভগবতঃ কৃপা বর্ষয়তি—ইতি ভাবঃ॥ (১ম—৮৪সূ—১৫ঋ)॥

* * *

বঙ্গানুবাদ।

পরিত্রাণকারী দেবতার অজ্ঞানান্ধকারনাশক তেজঃ, জ্ঞানকিরণ হইতে ইহলোকেও মানুষ প্রাপ্ত হয় ; চন্দ্রমণ্ডলে সূর্য্য যেমন প্রতিফলিত হয়, সেইরূপ। (ভাব এই যে,—রাত্রিতে অন্ধকারে স্বচ্ছ চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মি যেমন প্রতিভাত হয়, সেইরূপ অজ্ঞানান্ধকারাচ্ছন্ন জনের জ্ঞানসংসর্গযুত সুতরাং অনাবিল হৃদয়ে ভগবানের কৃপা বর্ষিত হয়।)॥ (১ম—৮৪সূ—১৫ঋ)।

* * *

সায়ণ ভাষ্যং।

অত্রাহাস্মিন্নেব গোর্গন্তুশ্চন্দ্রমসো গৃহে মণ্ডলে ত্বষ্টুর্দীপ্তস্যাদিত্যস্য সম্বন্ধপীচ্যং রাত্রাবন্তর্হিতং স্বকীয়ং যন্নাম তেজস্তদাদিত্যস্য রশ্ময় ইত্থেত্থমনেন প্রকারেণামন্বত। অজানন। উদকময়ে স্বচ্ছে চন্দ্রবিম্বে সূর্য্যকিরণাঃ প্রতিফলন্তি। তত্র প্রতিফলিতাঃ কিরণাঃ সূর্য্যে যাদৃশীং সংজ্ঞাং লভন্তে তাদৃশীং চন্দ্রেঽপি বর্ত্তমান লভন্ত ইত্যর্থঃ। এতদুক্তং ভবতি। যদ্রাত্রাবন্তর্হিতং সৌরং তেজস্তৎ চন্দ্রমণ্ডলং প্রবিশ্যাতীব নৈশং তমো নিবার্য্য সর্ব্বং প্রকাশয়তি। ঈদৃগ্‌ভূত

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'অত্রাহ' এই-ই 'গোঃ' গমনশীল 'চন্দ্রমসঃ গৃহে' চন্দ্রমণ্ডলে 'ত্বষ্টুঃ' দীপ্তির সম্বন্ধীয় 'অপীচ্যং' রাত্রিতে অন্তর্হিত স্বকীয় যে 'নাম' তেজঃ অর্থাৎ আদিত্যের রশ্মিসমূহ 'ইত্থা' (ইত্থং) এই প্রকারে 'অমন্বত' জানিয়াছিল ; উদকময় স্বচ্ছ চন্দ্রবিম্বে সূর্য্যকিরণসকল প্রতিফলিত হয়। তাহাতে প্রতিফলিত কিরণসকল সূর্য্যে যাদৃশী সংজ্ঞা লাভ করে, চন্দ্রেও বর্ত্তমান হইয়া তাদৃশী সংজ্ঞা লাভ করে—ইহাই অর্থ। এ বিষয়ে এইরূপ উক্তি আছে—যে হেতু রাত্রিতে অন্তর্হিত সূর্য্যতেজ চন্দ্রমণ্ডলে প্রবিষ্ট হইয়া দিবসের ন্যায় অন্ধকার নিবারণপূর্ব্বক সকলকে প্রকাশ করে। ঈদৃগ্‌ভূত তেজের দ্বারা যুক্ত সূর্য্যই ইন্দ্র। দ্বাদশ আদিত্যের

তেজসা যুক্তঃ সূর্য্যশ্চেন্দ্র এব হ দশাদিত্যেম্বিন্দ্রস্যাপি পরিগণিতত্বাৎ। অতোঽহোরাত্রয়োঃ প্রকাশক ইন্দ্র এবেতীন্দ্রস্তুতেঃ প্রতীয়মানত্বা দিন্দ্রো দেবতেত্যেতদুপপন্নং ভবতি। ঈদৃগ্-ভূতস্য তেজসঃ আশ্রয়ত্বেন চন্দ্রমসঃ প্রধান্যবিবক্ষয়া চান্দ্রমস্যামিষ্টৌ বিনিয়োগোঽপ্যুপপদ্যতে। অত্র নিরুক্তং। অথাপ্যস্যৈকো রশ্মিশ্চন্দ্রমসং প্রতি দীপ্যতে তদেতেনোপেক্ষিতব্য-মাদিত্যতোঽস্য দীপ্তির্ভবতীতি। সুষুম্নঃ সূর্য্যরশ্মিশ্চন্দ্রমা গন্ধর্ব্ব ইত্যপি নিগমো ভবতি। সোঽপি গৌরুচ্যতে। অত্রাহ গোরমন্বতেতি। নি০ ২।৬। অত্রাহ গোঃ সমমংসতাদিত্য-রশ্ময়ঃ স্বং নামা পীচ্যমপচিতমপগতমপহ্নুতমন্তর্হিতং বা। নি০ ৪।২৫। ইতি।

অমন্বত। মনু অববোধনে। অপীচ্যং। অপিপূর্ব্বাচ্চিনোতেরঘ্ন্যাদয়শ্চ। উ০ ৪।১১৩। ইতি নিপাতনাদ্ যৎ। অতএবাভিমতরূপসিদ্ধিঃ। যদ্বা অপিপূর্ব্বাদঞ্চতের্ঋত্বিগিত্যা-দিনা ক্বিন্। অনিদিতামিতি নলোপঃ। অপিগতে নিগতে ভবমপীচ্যং। ভবে ছন্দসীতি যৎ। অচ ইত্যকার লোপে চাবিতি দীর্ঘত্বং। তিৎস্বরিতঃ। অপীচ্যোঽপ্রকাশ ইতি ভট্টভাস্করমিশ্রঃ। ইত্থা। ইদম্ শব্দাত্থা হেতৌ চ ছন্দসীতি প্রকারবচনে থা-প্রত্যয়ঃ। যদি ত্বত্রেদং শব্দো নানুবর্ত্ততে তদানীমিদমস্থমুঃ। পা০ ৫।৩।২৪। ইতি থমুপ্রত্যয়ঃ। অব্যয়াদা-প্সুপঃ। পা০ ২।৪।৮২। ইতি সুব্লুকং বাধিত্বা সুপাং সুলুগিতি ডাদেশঃ। চন্দ্রমসঃ। চন্দ্রমাহ্লাদনং মিমীতে নির্ম্মিমীত ইতি চন্দ্রমাঃ। চন্দ্রেমো ডিৎ। উ০ ৪।২২৭। ইত্যসি-

মধ্যে ইন্দ্রও পরিগণিত হয়েন—এইজন্য। অতএব অহোরাত্রির প্রকাশক ইন্দ্র; এই হেতু ইন্দ্র স্তুত হয়েন; তাহা প্রতীয়মানত্ব-হেতু ইন্দ্র দেবতা—ইহা উপপন্ন হয়। ঈদৃগ্‌ভূত তেজের আশ্রয়ের দ্বারা চন্দ্রমসের প্রাধান্যও বিবক্ষার দ্বারা চান্দ্রমসের ইষ্টিতে বিনিয়োগ উপপন্ন হয়। এ বিষয়ে নিরুক্ত আছে। তাহার ভাব,—উহারই এক রশ্মি চন্দ্রমসে প্রদীপ্ত হয়। অতএব উহার দ্বারা অপেক্ষিতব্য এই আদিত্যের দীপ্তিই উহার দীপ্ত হয়। 'সুষুম্ণঃ সূর্য্য-রশ্মিশ্চন্দ্রমা গন্ধর্ব্বঃ' এরূপও নিগম আছে। তাহাকেও গো বলা হয়। 'অত্রাহ গোর-মন্বত' ইত্যাদি (নি০ ২।৬)। 'অত্রাহ গোঃ সমমংসতাদিত্যরশ্ময় স্বয়ং নামাপীচ্যমপচিতমপ-গতমপহ্নুতমন্তর্হিতং বা (নি০ ৪।২৫) ইতি॥

অমন্বত। মনু ধাতু অববোধন অর্থ প্রকাশ করে। অপীচ্যং। 'অপিপূর্ব্বাচ্চিনতেরঘ্ন্যা-দয়শ্চ' ইত্যাদি সূত্রে (উ০ ৫।১১৩) নিপাতন-হেতু যৎ। অতএব অভিমত রূপসিদ্ধি। অথবা, অপি পূর্ব্ব-হেতু 'অঞ্চতের্ঋত্বিক্' ইত্যাদি সূত্রে ক্বিন্। 'অনিদিতাং' ইত্যাদি সূত্রে ন-লোপ। 'অপিগতে নিগতে ভবং'—এতদর্থেও ইচ্য। 'ভবে ছন্দসি' ইত্যাদি সূত্রে যৎ। 'অচঃ' ইত্যাদি সূত্রে অকার-লোপে 'চৌ' ইত্যাদি সূত্রে দীর্ঘত্ব। তিৎস্বরিত। 'অপীচ্যোঽ-প্রকাশঃ' ইত্যাদি অর্থ ভট্টভাস্করমিশ্র গৃহীত। ইত্থা। ইদং শব্দ-হেতু 'থা হেতৌ চ ছন্দসি' ইত্যাদি সূত্রে প্রকার-বচনে থা-প্রত্যয়। যদি এখানে ইদং শব্দ অনুবর্ত্তিত না হয়, তাহা হইলেও 'ইদমস্থমুঃ' ইত্যাদি সূত্রে (পা০ ৫।৩।২৪) থমুপ্রত্যয়। 'অব্যয়াদাপ্সুপঃ' ইত্যাদি সূত্রে (পা০ ২।৪।৮২) সুপের লোপ বাধিত হইয়া 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে ডা আদেশ। চন্দ্রমসঃ। 'চন্দ্রমাহ্লাদনং মিমীতে নির্ম্মিমীতে'—এই বাক্যে চন্দ্রমাঃ পদ হয়। 'চন্দ্রেমোডিৎ' ইত্যাদি সূত্রে (উ০ ২।৪।২২৭) অসি-প্রত্যয়। দাসাভারাদিসমূহের

প্রত্যয়ঃ। দাসীভারাদিষু পঠিতত্বাৎ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। পূর্ব্বপদে চ স্ফায়িতঞ্চীত্যাদিনা রক্ প্রত্যয়ান্তমন্তোদাত্তং॥ (১ম—৮৪সূ—১৫খ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে সপ্তমো বর্গঃ॥ ১৷৬৷৭॥

পঞ্চদশ (৯১৬) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহাতে পূর্ব্বাপর কোনও সঙ্গতি লক্ষিত হয় না, এবং সহসা সেইরূপ ভাব প্রকাশের কোনও সার্থকতাও দেখা যায় না। এ পক্ষে, পূর্ব্ববর্ত্তী ত্রয়োদশ ও চতুর্দ্দশ ঋকের প্রচলিত অর্থের সহিত এই ঋকের অর্থের কি সঙ্গতি আছে, তাহা আলোচনা করিলেই, আমরা যাহা বলিতেছি, তাহার মর্ম্মানুভূতি-পক্ষে সহায়তা হইবে। ত্রয়োদশ ঋকের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে,—ইন্দ্র দধীচি ঋষির অস্থিসকল লইয়া বৃত্রগণকে নিরানব্বই বার হনন করিয়া ছিলেন। তাহার পরের চতুর্দ্দশ ঋকের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে—দধীচি ঋষির অশ্বমস্তক পর্ব্বতসমূহের মধ্যে লুক্কায়িত ছিল; কিন্তু ইন্দ্র তাহা শর্য্যণাবৎ সরোবরে সন্ধান করিয়া প্রাপ্ত হইয়াছিলেন। তার পর, এখানে এই পঞ্চদশ ঋকের প্রচলিত অর্থে আবার প্রকাশ পাইতেছে,—"আদিত্যরশ্মি এই গমনশীল চন্দ্রমণ্ডলে অন্তর্হিত ত্বষ্টৃতেজ এইরূপে পাইয়াছিল।" পর পর তিনটী ঋকে এইরূপ বিচ্ছিন্ন ত্রিবিধ ভাব প্রকাশ পাইয়াছে। এবম্প্রকার অর্থের প্রকাশ-পক্ষে ভাষ্যে নিরুক্ত-নিঘণ্টুর যে প্রমাণাদি উদ্ধৃত হইয়াছে, তদ্দ্বারা কয়েকটী বৈজ্ঞানিক-তত্ত্বে প্রাচীন ভারতের অভিজ্ঞতা ছিল বলিয়া নির্দ্দিষ্ট হয়। সে পক্ষে, 'গোঃ' পদে গতিশীল অর্থ পরিগৃহীত হইয়া থাকে। তদনুসারে ঐ 'গোঃ' পদ ষষ্ঠ্যন্ত ও 'চন্দ্রমসঃ' পদের বিশেষণ-মধ্যে পরিগণিত। তদ্দ্বারা চন্দ্রের গতিবিষয়ে প্রাচীন ভারতের অভিজ্ঞতা ছিল—এবম্বিধ প্রত্নতত্ত্বের উদ্ধার করা হয়। তার পর,

মধ্যে পঠিত হওয়ায় পূর্ব্বপদে প্রকৃতিস্বরত্ব। এবং পূর্ব্বপদে "স্ফায়িতঞ্চি" ইত্যাদি সূত্রে রক্-প্রত্যয়ান্ত অন্তোদাত্ত। (১ম—৭৪সূ—১৫খ)॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের সপ্তম বর্গ সমাপ্ত॥ ১৷৬৷৭॥

"চন্দ্রমসঃ গৃহে" পদদ্বয় উপলক্ষে সিদ্ধান্ত করা হয় যে সূর্য্যের জ্যোতিতেই যে চন্দ্রমণ্ডল জ্যোতিষ্মান্ হইয়া থাকে, প্রাচীন ভারতের ঋষিগণ তাহা অবগত ছিলেন। এবম্বিধ দুইটী বৈজ্ঞানিক-তত্ত্বে প্রাচীন ভারতের অভিজ্ঞতার নিদর্শন এইরূপে মন্ত্রার্থে প্রখ্যাপিত হয়। তাহা হউক, কিন্তু সে পক্ষেও মন্ত্রের যে অর্থ প্রচলিত রহিয়াছে, তাহাকে সুষ্ঠু সঙ্গত অর্থ বলিয়া মনে করা যায় না।

কি কারণে আমরা পূর্ব্বোক্ত-রূপ সিদ্ধান্তে উপনীত হইতেছি, তাহার বিশ্লেষণ-পক্ষে সামান্য একটু আলোচনা করা যাইতেছে। পূর্ব্বোক্ত-রূপ অর্থ পরিগ্রহণের পক্ষে প্রথম ও প্রধান অন্তরায়—পূর্ব্বাপর ভাব-সঙ্গতির অভাব। একই সূক্তের অন্তর্গত একই তৃচের যথাপর্য্যায় তিনটী ঋকে অর্থ-সম্বন্ধে ভাবের এরূপ অনৈক্য মান্য করা যায় না। এই এক প্রথম কারণ—যাহাতে প্রচলিত অর্থ সর্ব্বথা পরিগৃহীত হইতে পারে না। দ্বিতীয়তঃ, মন্ত্রান্তর্গত পদগুলির মর্ম্মানুধাবনে মন্ত্রার্থ অন্য পথ পরিগ্রহণ করে। 'ত্বষ্টৃ' শব্দের যে অর্থ সঙ্গত হয়, তাহা আমরা পূর্ব্বে নানা স্থানে খ্যাপন করিয়াছি। 'ত্বষ্টুঃ' পদকে 'ত্বষ্টৃ' শব্দেরই ষষ্ঠ্যন্ত পদ বলিয়া গ্রহণ করা হয়। উহার প্রতিবাক্যে আমরা 'পরিত্রাণকারস্য দেবস্য' পদ গ্রহণ করিয়াছি। 'ত্বষ্টৃ' শব্দে যে 'পরিত্রাণকারী দেবতা' অর্থ হয়, তাহা পূর্ব্বেই প্রতিপন্ন হইয়াছে। 'অপীচ্যং নাম' পদদ্বয়ের ভাব—ভাষ্যের অনুসরণেই পরিগ্রহণ-পূর্ব্বক ঐ দুই পদের প্রতিবাক্যে 'অজ্ঞানান্ধকারনাশকারিণং তেজঃ' পদদ্বয় আমাদিগের ব্যাখ্যায় গৃহীত হইয়াছে। অতঃপর আলোচ্য—'গোঃ' পদ। এখানকার 'গোঃ' পদটীকে ভাষ্যে এবং ভাষ্যানুসারী অনুবাদে 'গাভী' অর্থ-প্রকাশক বলিয়া নির্দ্দেশ করা হয় নাই। এখানে যে গো-শব্দ অন্য অর্থ প্রকাশ করিল, কেহই তাহার কারণ নির্দ্দেশ করেন নাই। পরন্তু কোনও কোনও ইংরাজী অনুবাদক এই 'গোঃ' পদে 'ষাঁড়' অর্থই গ্রহণ করিয়া গিয়াছেন। তাঁহাদের মতে ত্বষ্টার ষাঁড়ের যে অবস্থা—এইরূপ ভাবই 'ত্বষ্টুঃ গোঃ নাম' প্রভৃতি পদে ব্যক্ত আছে। এইরূপ, 'ইত্থা চন্দ্রমসঃ গৃহে' বাক্যাংশের অর্থ-বিষয়েও কোনও কোনও ব্যাখ্যায় মতান্তর দেখা যায়। যাহা হউক, আমরা 'গোঃ' পদটীকে এখানে ষষ্ঠীর পদ না বলিয়া, পঞ্চম্যন্ত পদ বলিয়া

নির্দ্দেশ করি। পরন্তু, আমরা 'গো' শব্দে পূর্ব্বাপর যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থেরই সঙ্গতি দেখা যায়। তদনুসারে ঐ 'গোঃ' পদে 'জ্ঞানরশ্মি হইতে' অর্থ আসে। এই লোকেও—এই পৃথিবীতেও মানুষ যে পরিত্রাণকারী দেবতার কৃপা প্রাপ্ত হয়, তাহার কারণ,—মানুষে জ্ঞানসংযোগ। পূর্ব্ব ঋকেও এই ভাবই সম্বন্ধযুত আছে দেখিতে পাই। সেখানে বুঝিয়াছি, জ্ঞানানুসরণের ফলে মানুষ ভগবদনুকম্পা লাভ করিতে সমর্থ হয়। এখানে দেখিতেছি, একটী সুষ্ঠু উপমার মধ্য দিয়া সেই ভাবই অধিকতর পরিস্ফুট রহিয়াছে। চন্দ্রমণ্ডল স্বচ্ছ; যে হৃদয়ে জ্ঞানকিরণ স্থান পাইয়াছে, তাহাও অনাবিল—স্বচ্ছ। স্বচ্ছ চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মি প্রতিভাত হইয়া চন্দ্রমণ্ডলকে যেমন স্নিগ্ধজ্যোতির আধার-রূপে প্রতিষ্ঠিত রাখিয়াছে, জ্ঞানের দ্বারা নির্ম্মল পবিত্র স্বচ্ছ হৃদয়েও সেইরূপ ভগবানের বিভা বিভাত হইয়া—সত্ত্বগুণের আধারে সে হৃদয়কে পরিণত করে। 'অমন্বত' ক্রিয়া-পদে অতীত-কালের প্রতিবাক্য অপেক্ষা নিত্য-বিদ্যমান্ বর্ত্তমান কালের সম্বন্ধেই সমীচীনতা দেখিতে পাই। আমরা তাই ঐ পদের প্রতিবাক্যে 'বিজানাতি' ও ভাবে 'প্রাপ্নোতি' পদদ্বয় গ্রহণ করিয়াছি। এইরূপে এই মন্ত্রের যে অর্থ প্রচলিত ছিল, তাহা পরিবর্ত্তিত হইয়া এখন ভাবার্থ দাঁড়াইল,—'জ্ঞানের আলোক পাইয়া যাঁহাদিগের হৃদয় আবিলতা-শূন্য হইয়াছে, স্বচ্ছ চন্দ্রমণ্ডলে সূর্য্যরশ্মির বিদ্যমানতার ন্যায়, তাঁহাদিগের হৃদয়ে ভগবানের প্রভাব চিরবিদ্যমান্ রহে।' * (১ম—৮৪সূ—১৫ঋ) ॥

---

* এই মন্ত্রটীর একটী ইংরাজী অনুবাদ (গ্রিফিথ্স সাহেবের কৃত) নিম্নে উদ্ধৃত করিতেছি। তাহাতে কি অর্থ প্রকাশ পাইয়াছে, বুঝিয়া দেখুন। যথা,—

"Then verily they recognized the essential form of Tvashtar's Bull.
Here in the mansion of the Moon."

ব্যাখ্যায় ঐরূপ মত প্রকাশ করিয়া, পরিশেষে পাদটীকায় তিনি লিখিয়াছেন—
"**Tvashtar Bull**: an obscure expression for the Sun. The purport of the verse may be that when, after the rains, the bright moonlight nights come, men recognized the fact that the light was borrowed from the Sun. Wilson following Sayana, translates the verse: 'The (Solar rays) found on this occasion the light of Twashtri, verily, concealed in the mansion, of the moving moon."
যাহা হউক, সকল অর্থ মিলাইয়া আমাদিগের অর্থের আলোচনা করিবেন—এই ইচ্ছা।

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

সর্ব্বপৃষ্ঠায়ামিষ্টৌ কায়স্য হবিষঃ কো অদ্যেতি দ্বে ঋচৌ যাজ্যানুবাক্যে। সূত্রিতঞ্চ। কায়ং দশমং কো অদ্য যুঙ্‌ক্তে ধুরি গা ঋতস্যেতি দ্বে ইতি। তত্র প্রথমাং সূক্তে ষোড়শীমৃচমাহ॥

ষোড়শী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। ষোড়শী ঋক্।)

কো অদ্য যুঙ্‌ক্তে ধুরি গা ঋতস্য শিমীবতো

ভামিনো দুর্হ্রণায়ূন্।

আসন্নিষূন্‌হৃৎস্বসো ময়োভূন্য এষাং

ভৃত্যামৃণধৎ স জীবাৎ॥ ১৬॥

পদ-বিশ্লেষণং।

কঃ। অদ্য। যুঙ্‌ক্তে। ধুরি। গাঃ। ঋতস্য। শিমীঽবতঃ।

ভামিনঃ। দুঃহ্রণায়ূন্।

আসন্ঽইষূন্। হৃৎসুঽঅসঃ। ময়ঃঽভুন্। যঃ। এষাং। ভৃত্যাং।

ঋণধৎ। সঃ। জীবাৎ॥ ১৬॥

মন্ত্র ভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

সর্ব্বপৃষ্ঠ ইষ্টিতে কায়ের হবিতে 'কো অদ্য' ইত্যাদি দুইটী ঋক্ যাজ্যানুবাক্যা। এ বিষয়ে সূত্রিত আছে;—'কায়ং দশমং কো অদ্য যুঙ্‌ক্তে ধুরি গা ঋতস্যেতি দ্বে' ইত্যাদি। তাহারই প্রথম এবং সূক্তের ষোড়শী ঋক্ কথিত হইতেছে।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ঋতস্য' (সত্যস্য, সৎকর্ম্মণঃ) 'ধুরি' (নির্ব্বাহে, সম্পাদনে) 'কঃ' (কঃ জনঃ) 'অদ্য' (নিত্যকালমেব) 'শিমীবতঃ' (প্রতিপাল্যৈঃ কর্ম্মভিঃ যুক্তান্) 'ভামিনঃ' (তেজসা সমন্বিতান্) 'দুর্হৃণায়ূন্' (রিপুভিঃ দুঃসহেন কোপেন যুক্তান, শত্রূণাং লজ্জাপ্রদান্ ইত্যর্থঃ) 'আসন্নিষূন্' (কঠোরসত্যভাষণশীলান্) 'হৃৎস্বসঃ' (হৃদয়েষু দীপ্যমানান্) 'ময়োভূন্' (সুখ-সাধকস্য অদৃষ্টস্য ভাবায়িতৄন্ কারয়িতৄন বা) 'গাঃ' (জ্ঞানকিরণান্) 'যুঙ্‌ক্তে' (যোক্তুং শক্নোতি,—হৃদি ইতি শেষঃ) ; ভগবন্তং বিনা কোঽপি হৃদি প্রজ্ঞানসঞ্চারণায় সমর্থঃ ন ভবতি—ইতি ভাবঃ ; 'যঃ' (যঃ জনঃ) 'এষাং' (জ্ঞানকিরণানাং) 'ভৃত্যাং' (ভরণক্রিয়াং, অনুসরণং কৃত্বা ইত্যর্থঃ) 'ঋণধৎ' (ঋদ্ধিমতীং করোতি, আত্মনি তেষাং উৎকর্ষসাধনং করোতি ইত্যর্থঃ) 'সঃ' (সঃ জনঃ এব) 'জীবৎ' (জীবেৎ, পরাগতিং লভেৎ ইত্যর্থঃ)। জ্ঞানানুসারী জনঃ চতুর্ব্বর্গস্য ফলস্য অধিকারী ভবতি ইতি ভাবঃ। (১ম—৮৬সূ—১৬ঋ)।

• • •

বঙ্গানুবাদ।

সত্যের বা সৎকর্ম্মের সম্পাদনে কোন্ জন, নিত্যকাল, প্রতিপাল্য কর্ম্মসমূহের দ্বারা যুক্ত, তেজঃসমন্বিত, রিপুগণের দুঃসহনীয় ক্রোধবিশিষ্ট, কঠোর সত্যভাষণশীল, হৃদয়ে দীপ্যমান্, সুখসাধক অদৃষ্টের কারয়িতা, জ্ঞানকিরণসমূহকে হৃদয়ে সংযুক্ত করিতে সমর্থ হয়? (ভাব এই যে,—স্বয়ং ভগবান ভিন্ন কোনও মনুষ্যই হৃদয়ে প্রজ্ঞান-সঞ্চারণে সমর্থ হয় না); যে জন জ্ঞানকিরণ-সমূহের অনুসরণ করিয়া আপনাতে তাহাদিগের উৎকর্ষসাধন করে, সেই ব্যক্তিই জীবিত থাকে অর্থাৎ পরাগতি লাভ করে। (ভাব এই যে,—জ্ঞানানুসারী জনই চতুর্ব্বর্গ ফলের অধিকারী হয়।) ॥ (১ম—৮৪সূ—১৬ঋ) ॥

• • •

সায়ণভাষ্যং।

অদ্যাস্মিন্ কর্ম্মণি ঋতস্য গচ্ছতঃ ইন্দ্রসম্বন্ধিনো রথস্য ধুর্যশ্ববহনপ্রদেশে গা গতিমতোঽশ্বান্ কো যুঙ্‌ক্তে। কো নাম নিযোক্তুং শক্নোতি। ন কোঽপীত্যর্থঃ। কীদৃশানশ্বান্। শিমীবত বীর্য্যকর্ম্মোপেতান্। ভামিনঃ। তেজসা যুক্তান্। দুর্হৃণায়ূন। পরৈর্দুঃসহেন ক্রোধে–

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'অদ্য' এই কর্ম্মে 'ঋতস্য' গমনশীল ইন্দ্র-সম্বন্ধীয় রথে 'ধুরি' অশ্ববহনপ্রদেশে 'গাঃ' গতিমান্ অশ্বসমূহকে 'কঃ যুঙ্‌ক্তে' কোন্ জন নিযুক্ত করিতে সমর্থ হয়? কেহই সমর্থ হয় না—ইহাই অর্থ। "কীদৃশ অশ্বসমূহকে?" 'শিমীবতঃ' বীর্য্যকর্ম্মোপেত। 'ভামিনঃ' তেজ দ্বারা যুক্ত। 'দুর্হৃণায়ূন্' অপরের দুঃসহ ক্রোধের দ্বারা যুক্ত। 'হৃণীয়তি' পদে ক্রুদ্ধ-কর্ম্ম

যুক্তান্। হৃণীয়তিঃ ক্রুধ্যতিকর্ম্মা। আসন্নিষূন্। যেষামাসন্যাস্যে মুখপ্রদেশে শত্রূণাং প্রহরণার্থমিষবো বাণা বদ্ধাস্তান্। হৃৎস্বসঃ। হৃৎসু শত্রূণাং হৃদয়েষস্যন্তি স্বকীয়ং পাদং ক্ষিপন্তীতি হৃৎস্বসঃ। ময়োভূন্। ময়সঃ সুখস্য ভাবয়িতৄন্। স্বকীয়ানাং সুখপ্রদানিত্যর্থঃ। যো যজমান এষামীদৃশানামশ্বানাং ভৃত্যাং ভরণক্রিয়াং রথবাহনক্রিয়ামৃণধৎ সমর্দ্ধয়তি। স্তৌতীতি যাবৎ। স যজমানো জীবাৎ। জীবনবান্ ভবেৎ। যদ্বা ক ইতি প্রজাপতিরুচ্যতে। কো হ বৈ নাম প্রজাপতিরিতি শ্রুতেঃ। ঋতস্য যজ্ঞস্য ধুরি নির্ব্বাহে গা বেদরূপাস্বাগ্বিশেষানদ্যেদানীং যুঙ্‌ক্তে। সংযোজয়তি। কীদৃশান্। শিমীবতঃ। প্রতিপাদ্যৈঃ কর্ম্মভির্যুক্তান্। ভামিনঃ। উজ্জ্বলান। দুহৃ´ণায়ুন। হৃণীয়তির্হানিকর্ম্মা। হাতুমশক্যান্ বেদাধ্যয়নস্য নিত্যত্বাৎ। আসন্নিষূন। আসন্যাস্যা ইষুরেষণং গমনমুচ্চারণং যেষাং তান্। হৃৎস্বসঃ। হৃৎসু হৃদয়েষু দীপ্যমানান্ প্রকাশমানানিত্যর্থঃ। ময়োভূন্। ময়সোঽধ্যয়নপ্রভবস্য সুখসাধনস্যাদৃষ্টস্য ভাবয়িতৄন। যো যজমান এষাং বচসাং ভৃত্যাং ভরণক্রিয়ামৃণধৎ। ঋদ্ধিমতীং করোতি। স জীবাৎ। স এব জীবেৎ (জীবতি বা)। অন্যে জীবন্মৃতা ইত্যর্থঃ।

দুহৃ´ণায়ূন্। হৃণীঙ্ লজ্জায়াং। কণ্ড্বাদিত্বাদ্ যক্। বহুলবচনাদস্মাদুণ্ প্রত্যযঃ। অতো লোপে সতি বর্ণব্যাপত্ত্যাকারঃ। মৃগয্বাদি বা দ্রষ্টব্যঃ। আসন্নিসূন। পদ্দন্নিত্যাদিনাস্য শব্দস্যাসন্নাদেশঃ। ইষ গত্যাবিত্যস্মাদিষেঃ কিচ্চেত্যুপ্রত্যয়ঃ। বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। হৃৎস্বসঃ। অসু ক্ষেপণে। অসগতিদাপ্ত্যাদানেষু। ক্বিপ্ চেতি ক্বিপ্। তৎ

বুঝায়। 'আসন্নিষূন্' যাহাদিগের আসনে আস্যে মুখপ্রদেশে শত্রুগণের প্রহরণার্থ ইষুসমূহ বাণসকল বদ্ধ তাহারা। 'হৃৎস্বসঃ' শত্রুগণের হৃদয়ে আপনার পদক্ষেপণ করে—এই অর্থে 'হৃৎস্বসঃ' পদ হয়। 'ময়োভূন্' ময়সের সুখের ভাবয়িতা অর্থাৎ আপনাদিগের সুখপ্রদ। 'যঃ' যে যজমান 'এষাং' ঈদৃশ অশ্বগণের 'ভৃত্যাং' ভরণক্রিয়াকে রথবাহন-ক্রিয়াকে 'ঋণধৎ' সমর্দ্ধন অর্থাৎ স্তব করে, 'সঃ' সেই যজমান 'জীবাৎ' জীবনবিশিষ্ট হয়। অথবা, 'কঃ' এই পদে প্রজাপতিকে বুঝায়। 'কো হ বৈ নাম প্রজাপতিঃ'—এইরূপ শ্রুতি আছে। 'ঋতস্য' যজ্ঞের 'ধুরি' নির্ব্বাহে 'গাঃ' বেদরূপবাক্যবিশেষকে 'অদ্য' ইদানীং 'যুঙ্‌ক্তে' সংযোজন করেন। কি প্রকার (বেদ-রূপ বাক্যবিশেষ)? 'শিমীবতঃ' প্রতিপাদ্য কর্ম্মসমূহের দ্বারা যুক্ত 'ভামিনঃ' উজ্জ্বল 'দুহৃ´ণায়ুন' (হৃণীয়াত পদে হানিকর্ম্ম বুঝায়) হনন করিতে অশক্য,—বেদাধ্যয়নের নিত্যত্ব-হেতু। 'আসন্নিষূন্' আসনে আস্যে ইষু এষণ গমন উচ্চারণ যাহাদিগের তাহারা, 'হৃৎস্বসঃ' হৃদয়ে দীপ্যমান অর্থাৎ প্রকাশমান্, 'ময়োভূন্' ময়সের অধ্যয়ন-প্রভবের সুখসাধনের অদৃষ্টের ভাবয়িতা। 'যঃ' যে যজমান 'এষাম্' এই বাক্যের ভরণক্রিয়াকে 'ঋণধৎ' ঋদ্ধিমতী করে, 'সঃ জীবাৎ' সেই জীবিত থাকে ; অন্যে জীবন্মৃত—ইহাই অর্থ।

দুহৃ´ণায়ূন্। হৃণীঙ্ ধাতু লজ্জার্থ প্রকাশক। কণ্ড্বাদিত্ব-হেতু যক্। বহুলবচন-হেতু উহাতে উণ্ প্রত্যয়। অতো লোপ হইলে বর্ণ ব্যত্যয় দ্বারা আকার। অথবা মৃগয্বাদি দ্রষ্টব্য। আসন্নিষূন্। "পদ্দন্" ইত্যাদি সূত্রের দ্বারা 'আস্য' শব্দের স্থলে 'আসন্' আদেশ। গত্যর্থ ইষ ধাতুতে 'ইষেঃ কিচ্চ' ইত্যাদি সূত্রে উ-প্রত্যয় হয। বহুব্রীহি সমাসে পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব। হৃৎস্বসঃ। অসু ধাতু ক্ষেপণার্থক। অথবা, অস ধাতু গতি দীপ্তি আদান প্রভৃতি

পুরুষে কৃতি বহুলমিত্যলুক্। কৃদুত্তরপদপ্রকৃতিস্বরত্বং। ময়োভূন্। ব্যত্যয়েন হ্রস্বত্বং। যদ্বা মিতদ্রাদিভ্য উপসংখ্যানং। পা০ ৩।২।১৮০।১। ইতি ডু-প্রত্যয়ঃ। ভূত্যাং। ভৃঞ্ ভরণে। সংজ্ঞায়াং সমজনিষদ। পা০ ৩।৯৯। ইতি ক্যপ্। উদাত্ত ইত্যনুবৃত্তেঃ প্রত্যয়স্যোদাত্তত্বং। ঋণধৎ। ঋধু বৃদ্ধৌ। লেটি ব্যত্যয়েন শ্নম্। লেডোঽডাটাবিত্যাডাগমঃ। ইতশ্চ লোপঃ ইতীকারলোপঃ। জীবাৎ। জীব প্রাণধারণে। পূর্ব্ববল্লেটাডাগমঃ॥ (১ম—৮৪সূ—১৬ঋ)॥

ষোড়শ (৯১৭) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'গাঃ' পদটীর মর্ম্মার্থ বিশেষভাবে অনুধাবন করা আবশ্যক। 'যুঙ্ক্তে' ও 'ধুরি' পদদ্বয়ের সহিত এই 'গাঃ' পদের প্রয়োগ উপলক্ষে মনে নানা বিসদৃশ ভাবের উদয় হয়। শকটাদির যে অংশের দ্বারা গরুর বা ঘোড়ার স্কন্ধদেশ নিয়োজিত হয়, সাধারণতঃ তাহাকেই 'ধুরি' বলিয়া থাকে। তদনুসারে এই মন্ত্রে অশ্বগবাদি-সংযোজনের প্রসঙ্গ উত্থাপিত আছে বলিয়াই সাধারণতঃ ব্যাখ্যাদিতে উল্লেখ দেখি। ভাষ্যকার দুই প্রকারে এই মন্ত্রটীর অর্থ নিষ্পন্ন করিয়াছেন। ভাষ্যে এবং তাহার বঙ্গানুবাদে সে ভাব উপলব্ধ হইবে। তাঁহার একবিধ ব্যাখ্যায় একটী 'অশ্বান্' পদ অধ্যাহৃত হইয়াছে। সে পক্ষে, 'গাঃ' পদটীতে তিনি 'গতিশীল অশ্বসমূহকে' অর্থ নির্দ্দেশ করিয়া গিয়াছেন। তার পর, 'শিমীবতঃ,' 'ভামিনঃ' ও 'দুর্হ্বণায়ূন্' পদত্রয়ে সেই অশ্বসকল যে বীর্য্যকর্ম্মোপেত, তেজোযুক্ত এবং অপরের পক্ষে দুঃসহ ক্রোধবিশিষ্ট, তাহাই খ্যাপন করা হইয়াছে। পরিশেষে 'আসন্নিষূন্' পদ উপলক্ষে নির্দ্দেশ করা হইয়াছে যে, সেই অশ্বসকলের মুখে শত্রুগণের হননকারী বাণসমূহ বিদ্যমান্ ছিল।

অর্থ প্রকাশ করে। 'ক্বিপ্ চ' ইত্যাদি সূত্রে ক্বিপ্। 'তৎপুরুষে কৃতি বহুলং' ইত্যাদি সূত্রে লোপ। কৃদুত্তরপদে প্রকৃতিস্বরত্ব। ময়োভূন্। ব্যত্যয়ের দ্বারা হ্রস্বত্ব। অথবা 'মিতদ্রাদিভ্য উপসংখ্যানং' ইত্যাদি সূত্রে (পা০ ৩।২।১৮০।১) ডু-প্রত্যয়। ভূত্যাং। ভৃঞ্ ধাতু ভরণার্থক। 'সংজ্ঞায়াং সমজনিষদ' ইত্যাদি সূত্রে (পা০ ৩।৩।৯৯) ক্যপ্ প্রত্যয়। উদাত্ত—এই অনুবৃত্তিতে প্রত্যয়ের উদাত্তত্ব। ঋণধৎ। ঋধু ধাতু বৃদ্ধি অর্থক। লেটের ব্যত্যয়ের দ্বারা শ্নম্। 'লেটোঽডাটৌ' ইত্যাদি সূত্রে অট্ আগম। 'ইতশ্চ লোপঃ' ইত্যাদি সূত্রে ইকারের লোপ। জীবাৎ। জীব প্রাণধারণার্থক। পূর্ব্বের ন্যায় লেটে অট্ আগম॥ (১ম—৮৪সূ—১৬ঋ)॥

তাহা যে কি প্রকার, বুঝিতে পারা যায় না। সেই অশ্বগণ আবার শত্রুগণের হৃদয়ে আপনাদিগের পাদক্ষেপ করে (হৃৎস্বসঃ); আর, তাহারা আপনার লোকগণকে সুখপ্রদান করিতে পারে (ময়োভুন্)। এই প্রকার যে অশ্বগণ, বলা হইয়াছে, তাহাদিগকে কেহই রথে যোজনা করিতে পারে না। তার পর, আরও বলা হইয়াছে, সেই অশ্বগণের বা তাহাদিগের রথবাহন-ক্রিয়াকে যাহারা সেবা করিতে পারে, তাহারাই জীবিত থাকে। ভাষ্যের এইরূপ অর্থের অনুসরণেই বিভিন্ন ভাষার ব্যাখ্যাদি প্রচলিত হইয়াছে। এই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি। তদ্দ্বারা মন্ত্রটী কিরূপ বিপরীত ভাবের প্রকাশক হইয়া রহিয়াছে, তাহা বুঝা যাইবে। যথা,—

"অদ্য (কে ইন্দ্রের) গমনশীল রথে বীর্য্যযুক্ত, তেজোময়, দুঃসহ ক্রোধযুক্ত অশ্ব সংযোজনা করিতে পারে? সে অশ্বগণের মুখে বাণ আবদ্ধ আছে, তাহারা (শত্রুদিগের) হৃদয়ে পাদক্ষেপ করে ও (মিত্রদিগকে) সুখ প্রদান করে। যে অশ্বগণের ক্রিয়া প্রশংসা করে তাহারা দীর্ঘ জীবন প্রাপ্ত হয়।"

এইরূপ অর্থে কি ভাব উপলব্ধ হইবে, সহসা তাহা বোধগম্য হয় কি? প্রহেলিকা ভিন্ন এরূপ অর্থকে মনে কিছুই করা যায় না। তার পর, ভাষ্যকার যে দ্বিতীয় প্রকার অর্থ নিষ্পন্ন করিয়াছেন, তাহাতে 'গাঃ' পদটীতে 'বেদরূপ বাক্যবিশেষকে' অর্থ গ্রহণ করা হইয়াছে। প্রথম পক্ষের অর্থে, পূর্ব্বোক্তরূপ ঘোটকসকলকে তাঁহার (ইন্দ্রের) রথে কেহ যোজনা করিতে পারে না,—এইরূপ ভাব প্রকাশ পাইয়াছে। দ্বিতীয় প্রকার অর্থে, বেদরূপ বাক্যবিশেষকে কেহই যজ্ঞকর্ম্মের নির্ব্বাহে যোজনা করিতে সমর্থ হয় না—এইরূপ ভাব পরিব্যক্ত দেখি। কোনও কোনও ব্যাখ্যাকার ভাষ্যের এই মতেরও অনুসরণ করিয়াছেন। কিন্তু তাঁহারা আবার 'কঃ' পদের লক্ষ্যস্থল ব্রহ্মপক্ষে মান্য না করিয়া ঋত্বিক্-পক্ষে নির্দ্দেশ করিয়া গিয়াছেন। এখানে এই মন্ত্রের একটী ইংরাজী অনুবাদ উদ্ধৃত করিতেছি। তাহাতে আর এক প্রকার ভাবের পার্থক্য লক্ষিত হইবে।

"Who yokes to-day unto the pole of Order the strong and passionate steers of the checkless spirit,

With saft armed mouth, heart-piercing, health-bestowing? Long shall he live who richly pays their service."

ভাষ্যের প্রথম প্রকার অর্থে ইন্দ্রের ঘোটকগণের সেবকেরা দীর্ঘজীবন লাভ করে—নির্দ্দিষ্ট হইয়াছিল; দ্বিতীয় প্রকার অর্থে বেদরূপবাক্য-বিশেষের সেবকগণ দীর্ঘজীবন প্রাপ্ত হন—এইরূপ প্রখ্যাত হইয়াছে। এখানে এই ইংরাজী অনুবাদে আবার দেখিতেছি,—পুরোহিতগণকে যাঁহারা অর্থাদি প্রদান করেন, তাঁহারাই দীর্ঘজীবী হইয়া থাকেন। * পুরোহিতগণের উচ্চারিত মন্ত্রই, এই মতে, অশ্বের মুখে সংলগ্ন বাণ।

যাহা হউক, আমরা পূর্ব্বাপর যে পদে যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও তাহারই সঙ্গতি দেখিতেছি। আমাদিগের মতে, 'গাঃ' পদে জ্ঞানকিরণসমূহকে লক্ষ্য করে। মানুষের হৃদয়ে জ্ঞানরশ্মি যে সহসা প্রতিভাত হয় না, ভগবানের অনুকম্পা ভিন্ন কেহ যে সহসা জ্ঞানের অধিকারী হইতে পারেন না,—এই কথাই এখানে পরিব্যক্ত দেখি। সৎকর্ম্মের সমাধানে, সত্যের পালনে, মানুষের হৃদয়ে যে জ্ঞানের আলোক উদ্ভাসিত হয়, তাহা ভগবৎকৃপা ভিন্ন অন্য কিছুই মনে যায় না। 'শিমীবতঃ' প্রভৃতি পদ সেই জ্ঞানের স্বরূপ প্রকাশ করিতেছে। যে কর্ম্ম প্রতিপাল্য, যাহা শাস্ত্র প্রতিপাদ্য, তাহারই সহিত জ্ঞান সংযুক্ত হয়। তাই 'গাঃ' পদের দ্যোতক—'শিমীবতঃ'। জ্ঞান যে তেজঃ-সমন্বিত, জ্ঞানের দ্বারাই যে রিপুগণ অভিভূত ও লজ্জাপ্রাপ্ত হয়, জ্ঞানাধিকারী মানুষই যে কঠোর সত্যভাষণশীল হইয়া থাকেন, হৃদয়ে দীপ্যমান্ থাকিয়া জ্ঞানই যে মানুষের সুখসাধক অদৃষ্টের কারণ হইয়া থাকে, তাহা স্বতঃই বুঝিতে পারা যায়। এই জন্যই 'ভানিনঃ', 'দুর্হ্ণায়ূন্', 'হৃৎস্বসঃ' ও 'ময়োভুন্' প্রভৃতি বিশেষণের সার্থকতা দেখিতে পাই। যাঁহারা জ্ঞানের ভৃত্য হয়েন, ভরণক্রিয়া করেন, হৃদয়ে জ্ঞানকে পোষণ করিয়া থাকেন, তাঁহারাই যে পরমা গতি প্রাপ্ত হয়েন,—মন্ত্রের শেষাংশ

---

* গ্রিফিথস্ সাহেব ঐরূপ ইংরাজি অনুবাদ প্রকাশ করিয়া অশ্বগণ সম্বন্ধে 'নোটে' যাহা লিখিয়া গিয়াছেন, তাহা এই;—

"The strong and passionate steers: the zealous and indefatigable priests, who are yoked to chariot-pole of Order or employed in the performance of sacrifice ordained by eternal Law. The words of the priests are the arrow with which their mouths are armed."

সেই তত্ত্বই ব্যক্ত করিতেছে। এইরূপে আমরা বুঝিতে পারি,—ভগবানই যে মানুষের হৃদয়ে জ্ঞানের বিকাশ করিয়া দেন; যাঁহারা জ্ঞানের সেবা করিয়া থাকেন, তাঁহারাই যে কৃতার্থতা লাভ করেন;—এবম্বিধ ভাবই এই মন্ত্রে পরিব্যক্ত রহিয়াছে। (১ম—৮৪সূ—১৬ঋ)।

—•—

সপ্তদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। সপ্তদশী ঋক্।)

ক ঈষতে তুজ্যতে কো বিভায় কো মংসতে

সন্তমিন্দ্রং কো অন্তি।

কস্তোকায় ক ইভায়োত রায়েঽধিব্রবত্তন্বে৩

কো জনায় ॥ ১৭ ॥

•.•

পদ-বিশ্লেষণং।

কঃ। ঈষতে। তুজ্যতে। কঃ। বিভায়। কঃ। মংসতে।

সন্তং। ইন্দ্রং। কঃ। অন্তি।

কঃ। তোকায়। কঃ। ইভায়। উত। রায়ে। অধি। ব্রবৎ। তন্বে।

কঃ। জনায় ॥ ১৭ ॥

•.•

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কঃ' (কো জনঃ) 'ঈষতে' (নির্গচ্ছন্তি, শত্রোঃ ত্রাসাৎ প্রকম্পতি ইত্যর্থঃ) ; 'কঃ' (কো জনঃ) 'তুজ্যতে' (হিংস্যতে, বিনশ্যতে) ; 'কঃ' (কো জনঃ) 'বিভায়' (বিভেতি, সদৈব ভয়ার্ত্তঃ তিষ্ঠতি) ; 'কঃ' (কো জনঃ) 'সন্তং' (রক্ষকরূপেণ বর্ত্তমানং) 'ইন্দ্রং' (ভগবন্তং ইন্দ্রদেবং) 'মংসতে' (জানাতি) ; 'কঃ' (কো জনঃ) 'অন্তি' (অন্তিকে—তং ভগবন্তং প্রাপ্তয়ে) 'কঃ' (কো জনঃ) 'তোকায়' (অপত্যাদিনাং হিতসাধনায়) 'কঃ' (কো জনঃ) 'ইভায়' (গজায়, গজাশ্বাদিসম্পত্তিলাভায়) 'উত' (অপিচ) 'রায়ে' (ধনায়—পরমার্থরূপায়) 'অধিব্রবৎ' (অধিব্রূয়াৎ, ভগবন্তং প্রার্থয়তি ইতি ভাবঃ) ; তথা 'কঃ' (কো জনঃ) 'তন্বে' (আত্মনঃ শরীররক্ষণায়) তথা 'জনায়' (পরিজনায়, তস্য মঙ্গলায় ইত্যর্থঃ) প্রার্থয়তি ইতি শেষঃ। অয়ং ভাবঃ—যে সৎকর্ম্মপরায়ণাঃ তে কদাপি শত্রুভয়েন ত্রস্তাঃ ন ভবন্তি, কদাচ ন বিনশ্যন্তে, কদাপি ন ভয়ার্ত্তাঃ সন্তি ; পরন্তু সর্ব্বদৈব ভগবন্তং বিজানন্তি, এবং তৎসামীপ্যং প্রাপ্ত্যর্থং তথা অপত্যাদিনাং হিতসাধনায় তথা ঐহিকামুষ্মিকস্য উপযোগিনে সম্পত্তিলাভায় তথা আত্মনঃ পরিজনানাং চ মঙ্গলায় ভগবন্তং প্রার্থয়ন্তি ॥ (১ম—৮৪সূ—১৭ঋ) ॥

• • •

বঙ্গানুবাদ।

কোন্ জন শত্রুর ত্রাসে প্রকম্পিত হয় ? কোন্ জন বিনাশ-প্রাপ্ত হয় ? কোন্ জন সদাই ভয়ার্ত্ত থাকে ? কোন্ জন রক্ষকরূপে বর্ত্তমান্ ভগবান্ ইন্দ্রদেবকে জানিতে পারে ? কোন্ জন নিকটে ভগবানকে প্রাপ্তির জন্য, কোন্ জন অপত্যাদির হিতসাধনের জন্য, কোন্ জন গজাশ্বাদিসম্পত্তি-লাভের জন্য এবং পরমার্থ-রূপ ধনের জন্য ভগবানকে প্রার্থনা করে ? এবং কোন্ জন আপনার শরীর রক্ষণের জন্য ও পরিজনের জন্য অর্থাৎ পরিজনের মঙ্গলের জন্য ভগবানকে প্রার্থনা করে ? (ভাব এই যে,—যাঁহারা সৎকর্ম্মপরায়ণ, তাঁহারা কখনও শত্রুভয়ে ত্রস্ত নহেন, কখনও বিনাশ-প্রাপ্ত হয়েন না, কখনও ভয়ার্ত্ত থাকেন না ; পরন্তু সর্ব্বদাই ভগবানকে জানিতে পারেন, এবং সমীপে তাঁহাকে পাইবার জন্য, অপত্যাদির হিতসাধন জন্য, ইহলোকের ও পরলোকের উপযোগী সম্পত্তি-লাভের জন্য এবং আপনার ও পরিজনগণের মঙ্গলের জন্য ভগবানের নিকট প্রার্থনা জানাইয়া থাকেন।) ॥ (১ম—৮৪সূ—১৭ঋ) ॥

• • •

সায়ণ-ভাষ্যং।

অনুগ্রহীতরীন্দ্র আগতে সতি ক ঈষতে। শত্রোর্ভীতঃ সন কো নির্গচ্ছতি। ন কোঽপীত্যর্থঃ। কস্তুজ্যাতে। কো হিংস্যতে। শত্রুভির্হিংস্যাঽপি কশ্চিন্নাস্তীত্যর্থঃ। কো যজমানো বিভায় বিভেতি। ইন্দ্রে রক্ষকে সতি ভয়মপি নোৎপদ্যতে। দূরে তস্য শত্রুকৃতা হিংসা। অস্ত্যন্তিকে সমীপে সন্তমস্মাকং রক্ষকত্বেন বর্ত্তমানমিন্দ্রং কঃ পুরুষো মংসতে। জানাতি। বয়মেব জানীমো নান্য ইত্যর্থঃ। একঃ কঃ পূরকঃ। যুদ্ধে সহায়ার্থমিন্দ্র আগতে সতি কো যজমানস্তোকায় পুত্রায়াধিব্রবৎ। হে ইন্দ্রাস্মদীয়ং পুত্রং রক্ষেত্যেবং রূপমধিবচনং পক্ষপাতেন বচনং ব্রাহ্মণায়াধিক্রয়াদিতি যথা। এবং রূপমধিবচনং কো যজমানঃ কুর্য্যাৎ। স্বয়মেবেন্দ্রো রক্ষতীতি ভাবঃ। ইভায় গজায় কোঽধিব্রবৎ। উত অপিচ রায়ে শত্রুভিরপি হ্রিয়মাণায় ধনায় কোঽধিব্রবৎ। অপহ্রিয়মাণমস্মদীয়ং ধনং রক্ষেত্যধিবচনমপি কো যজমানঃ কুর্য্যাৎ। ন কোঽপীত্যর্থঃ। অপিচ তন্বে স্বকীয়ায় শরীরায় জনায় পরিজনায় চ কোঽধিব্রবৎ। স্বশরীর-রক্ষার্থং পরিজনরক্ষার্থং চেন্দ্রস্যাধিবচনং নাপেক্ষিতং। স্তুত্যা প্রীত ইন্দ্রঃ স্বয়মেব রক্ষতীত্যর্থঃ। যদা তু কশব্দাভিধেয়স্য প্রজাপতেঃ সম্বন্ধিনি কর্ম্মণি বিনিয়োগঃ তদানীং পরমৈশ্বর্য্যযোগাদিন্দ্র-

---

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

অনুগৃহীত জন ইন্দ্রে আগত হইলে, 'কঃ ঈষতে' শত্রুর ভয়ে ভীত হইয়া কে নির্গত হয়? কেহই নহে—ইহাই অর্থ। 'কঃ তুজ্যাতে' কে হিংসিত হয়? শত্রুগণের দ্বারা হিংসিত হয়—এমন কেহই নাই। 'কঃ' কোন্ যজমান 'বিভায়' ভয় প্রাপ্ত হয়? ইন্দ্রের দ্বারা রক্ষিত হইলে ভয় উৎপন্ন হয় না। তাহার শত্রুকৃত ভয় দূরে যায়। 'অস্তি' অন্তিকে সমীপে 'সন্তং' আমাদিগের রক্ষকত্বের দ্বারা বর্ত্তমান 'ইন্দ্রং' ইন্দ্রকে 'কঃ' কোন্ পুরুষ 'মংসতে' জানে? আমরাই জানি, অন্যে জানে না—ইহাই অর্থ। একটী 'কঃ' পাদ-পূরক। যুদ্ধে সহায়ার্থ ইন্দ্রে আগত হইলে 'কঃ' কোন্ যজমান 'তোকায়' পুত্রের নিমিত্ত 'অধিব্রবৎ'—হে ইন্দ্র! আমাদিগের পুত্রকে রক্ষা কর—এইরূপ অধিবচন ('পক্ষপাতেন বচনং ব্রাহ্মণায়াধিব্রয়াৎ' ইত্যাদি-রূপ অধিবচন) কোন্ যজমান উচ্চারণ করেন? স্বয়ং ইন্দ্রই রক্ষা করেন—ইহাই ভাব। 'ইভায়' গজের নিমিত্ত 'কঃ' কোন্ জন অধিবচন উচ্চারণ করেন? 'উতঃ' অপিচ 'রায়ে' শত্রুগণ কর্ত্তৃক অপহ্রিয়মাণ ধনের নিমিত্ত 'কঃ' কোন্ জন অধিবচন উচ্চারণ করেন? অপহ্রিয়মাণ আমাদিগের ধনকে রক্ষা করুন—এবম্বিধ বচন কোন্ যজমান উচ্চারণ করিতে পারেন? কেহই নহে—ইহাই অর্থ। অপিচ, 'তন্বে' আপনার শরীরের নিমিত্ত এবং 'জনায়' পরিজনের শরীরের নিমিত্ত 'কঃ' কোন্ জন অধিবচন উচ্চারণ করিতে পারেন? স্বশরীর এবং পরিজন রক্ষার্থ ইন্দ্রের অধিবচন অপেক্ষা করে না; স্তুতির দ্বারা প্রীত ইন্দ্র স্বয়ংই রক্ষা করেন—ইহাই অর্থ। কিন্তু যখন 'কঃ' শব্দের অভিধেয় প্রজাপতির সম্বন্ধীয় কর্ম্মে বিনিয়োগ হয়, তখন পরমৈশ্বর্য্য-যোগ-হেতু ইন্দ্র-শব্দের দ্বারা প্রজাপতি

শব্দেন প্রজাপতিরেব অভিধীয়তে। যথৈন্দ্র্যা গার্হপত্যমুপতিষ্ঠত ইতি বিনিয়োগানুসারেণ কদাচনেত্যস্যামৃচি বিদ্যমান ইন্দ্রো গার্হপত্যপরতয়া নীয়তে তদ্বৎ॥

ঈষতে। ঈষ গতিহিংসাদর্শনেষু। ভৌবাদিক আত্মনেপদী। তুজ্যাতে। তুজ হিংসায়াং। কর্ম্মণি যক্। অদুপদেশাল্লসার্ব্বধাতুকানুদাত্তত্বে, যক এব স্বরঃ শিষ্যতে। অতিঙীতি পর্য্যুদাসান্নিঘাতাভাবঃ। মংসতে। লেট্যড়াগমঃ। সিব্বহুলং লেটিতি সিপ্। অস্তি অস্তিকস্তু কাদিলোপো বহুলমিতি কলোপঃ। ব্রবৎ। ব্রবীতের্লেট্যড়াগমঃ। তন্বে। তনুশব্দাচ্চতুর্থ্যেক-বচনে জসাদিষু ছন্দসি বা বচনমিতি ঘেঙিতীতি গুণাভাবে যণাদেশঃ। উদাত্তস্বরিতয়োর্যণ ইতি বিভক্তেঃ স্বরিতত্বং॥ (১ম - ৮৪সূ - ১৭ঋ)॥

সপ্তদশ (৯১৮) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের দুইটি চরণে কয়েকটি প্রশ্ন পরিদৃষ্ট হয়। সেই প্রশ্ন এবং প্রশ্নের উত্তর উপলক্ষে ভাষ্যে এবং প্রচলিত ব্যাখ্যাদিতে নানারূপ গবেষণা দেখা যায়। প্রথম প্রশ্ন—"কঃ ঈষতে"। তাহার অর্থ দেখিতে পাই—'কে নির্গত হয়?' কাহারও বা মতে—উহার অর্থ—'কে পলায়ন করে?' এইরূপ দ্বিতীয় প্রশ্ন—"কঃ তুজ্যতে"। উহার প্রচলিত অর্থ—'কে হিংসিত হয়?' এবম্বিধ প্রশ্নের সমাধানে ভাষ্যকার নির্দ্ধারণ করিয়াছেন,—ইন্দ্রের অনুগৃহীত জনের সম্বন্ধেই ঐরূপ প্রশ্নসকল উত্থাপিত হইয়াছে। যাঁহারা ইন্দ্রের অনুগৃহীত, তাঁহারা কখনও বিতাড়িত অথবা শত্রুর দ্বারা হিংসিত (নাশপ্রাপ্ত) হয়েন না। 'বিভায়' ও 'মংসতে

অভিধেয় হইয়া থাকেন। 'ঐন্দ্র্যা গার্হপত্যমুপতিষ্ঠতে' ইত্যাদি বিনিয়োগানুসারে এ ঋকের বিদ্যমান্ ইন্দ্র গার্হপত্যপরতা দ্বারা কখনও আনীত হয়েন না—এই জন্য।

ঈষতে। ঈষ ধাতু গতি হিংসা ও অদর্শন অর্থ প্রকাশ করে। ভৌবাদিক আত্মনেপদী তুজ্যতে। তুজ গতু হিংসার্থক। কর্ম্মণি বাচ্যে যক্। অদুপদেশ-হেতু লসার্ব্বধাতুকানুদাত্তে যকের স্বরই অবশিষ্ট আছে। অতিঙের পর্য্যদাস-হেতু নিঘাতের অভাব। লেটে অট্ আগম 'সিব্বহুলং লেটি' ইত্যাদি সূত্রে সিপ্। অস্তি। 'অস্তিকস্ত কাদিলোপো বহুলং' ইত্যাদি সূত্রে কলোপ। ব্রবৎ। ব্রবীতি স্থলে লেটে অট্ আগম। তন্বে। তনু শব্দ-হেতু চতুর্থী একবচনে জসাদিসমূহে 'ছন্দসি বা বচনং' ইত্যাদি সূত্রে 'ঘেঙিতি' ইত্যাদি নিয়মে গুণের অভাবে যণ্ আদেশ। 'উদাত্তস্বরিতয়োর্যণঃ' ইত্যাদি সূত্রে স্বরিতত্ব॥ (১ম—৮৪সূ—১৭ঋ)

ক্রিয়াপদ দুইটির উপলক্ষে ব্যাখ্যাদিতে নির্দ্দিষ্ট হইয়াছে যে,—ইন্দ্র সহায় হইলে শক্র কিছুই করিতে পারে না, এবং ইন্দ্রকে আমরাই (এই মন্ত্রো-চ্চারণকারীরাই) জানি। এ পক্ষে এক শ্রেণীর ব্যাখ্যাকার নির্দ্দেশ করেন,—পুরোহিতগণই এই মন্ত্র উচ্চারণ উপলক্ষে এখানে ঐরূপ ভাব ব্যক্ত করিয়াছেন। * এই মন্ত্রের প্রচলিত দ্বিবিধ ব্যাখ্যা নিম্নে উদ্ধৃত করিতেছি। তদ্দ্বারা মন্ত্রার্থের গতি উপলব্ধ হইবে। যথা,—

(১) "শক্রভয়ে কে নির্গত হয়? কে (শক্রদ্বারায়) নষ্ট হয়? কে ভীত হয়? রক্ষকরূপে সমীপস্থিত ইন্দ্রকে কে জানে? কেবা পুত্রের নিমিত্ত, নিজের নিমিত্ত, শরীর (রক্ষার) নিমিত্ত বা পরিজন (রক্ষার) নিমিত্ত ইন্দ্রের নিকটে প্রার্থনা করে?"

(2) "Who fleeth forth? who suffereth? who feareth? Who knoweth Indra present, Indra near us?

Who sendeth benediction on his offspring, his household, wealth and person, and the people?"

আমরা মনে করি, প্রশ্নের দ্বিবিধ উত্তর সঙ্গত হয়। একবিধ উত্তর—হাঁ-পক্ষে; অন্যবিধ উত্তর—না-পক্ষে। পরন্তু পদাবলির অন্বয়ে এবং বিশেষ বিশেষ পদের অর্থ-বিষয়েও আমাদিগের অভিমত একটু স্বতন্ত্র-ভাবের প্রকাশক হইয়াছে। কয়েকটি বিশিষ্ট পদের বিশ্লেষণ এ পক্ষে আবশ্যক বলিয়া মনে করি। প্রথম—'ঈষতে' পদ। নির্গত হয় বা পলায়ন করে—এম্ববিধ প্রতিবাক্যে ঐ পদের ভাব সম্যক্ পরিস্ফুট হয় কি? ঈষ-ধাতুর অর্থসমূহের অনুসরণ-পূর্ব্বক ভাব পরিগ্রহণ করিলে, ঐ পদে দুই প্রকার অর্থ পাইতে পারি। প্রথম প্রকার অর্থে শক্রভয়ে প্রকম্পনের ভাব আসে। আমরা মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় তাহাই গ্রহণ করিয়াছি। হিংসার ও অদর্শনের ভাব গ্রহণ করিলেও "কঃ ঈষতে" বাক্যাংশের অর্থ হইতে পারে—'কে হিংসা করে' (অপরের প্রতি) অথবা 'কে চাহিয়া

---

* সায়ণ লিখিয়াছেন—"মংসতে জানাতি। বয়মেব জনীমো নান্য ইত্যর্থঃ।" বোধ হয়, এই উপলক্ষেই গ্রিফিথস্ সাহেব লিখিয়া গিয়াছেন,—"The answer to these questions is, the priests, who represent the feelings of the man who institutes the sacrifice."

দেখে না' (অপরের প্রতি বা ভগবানের প্রতি) ? এ পক্ষে "কঃ ভুজ্যাতে" বাক্যাংশের সহিত এই প্রথম অংশের অর্থের বেশ সাদৃশ্য-সঙ্গতিও থাকে। তাহাতে প্রথম প্রশ্ন—কে হিংসা করে ? দ্বিতীয় প্রশ্ন—কে হিংসিত হয় ? এ পক্ষে দুই প্রশ্নেরই সুষ্ঠু উত্তর—যে ভগবৎপরায়ণ নহে, সেই হিংসা করে এবং সেই হিংসিত হয়। পক্ষান্তরে প্রশ্নের উত্তর—যে জন ভগবানের অনুসরণকারী, তিনি কখনই কাহাকেও হিংসা করেন না এবং কাহারও দ্বারা কদাচ হিংসিত হয়েন না। এইরূপে সকল প্রশ্নেরই দ্বিবিধ উত্তর প্রাপ্ত হওয়া যায়। যাঁহারা ভগবানের অনুসারী, তাঁহারাই ভগবানকে রক্ষক-রূপে নিকটে প্রাপ্ত হইয়া থাকেন ; এবং তাঁহারাই পুত্র-পরিজনের ও আপনার শুভকামনায় ভগবানের দ্বারে প্রার্থনা জ্ঞাপন করেন। অন্য জন অর্থাৎ যাহারা ভগবানে বিমুখ, তাহারা ভগবানকে নিকটে দেখিতে পায় না এবং আত্মহিত-কামনায় বা লোকহিত-কামনায় ভগবানের নিকট প্রার্থনা জানাইতে সাহসী হয় না। আমাদিগের ব্যাখ্যায় আমরা প্রথম প্রকারের ভাবই গ্রহণ করিয়াছি। ভাবান্তর স্বতঃই বোধগম্য হইতে পারিবে।

এই মন্ত্রার্থ আলোচনায় আরও দুই একটী বিষয় বিশেষভাবে লক্ষ্য করা আবশ্যক। মন্ত্রের যে তৃতীয় অংশ—"কঃ বিভায়"; তাহার অর্থ বিষয়ে প্রায় মতান্তর নাই। কিন্তু চতুর্থ ও পঞ্চম অংশের ভাব-সম্বন্ধে আমরা একটু অন্যমত পোষণ করি। ভাষ্যকার একটী 'কঃ' পদকে পাদপূরক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ; অপিচ, 'অন্তি' পদটীকে চতুর্থ অংশের সহিত যুক্ত রাখিয়াছেন। তাহাতে অর্থ দাঁড়াইয়াছে,—'নিকটে রক্ষক-রূপে বর্তমান ইন্দ্রকে কে জানে ?' এ অর্থও অবশ্য অসঙ্গত নহে। ভগবান্ নিত্যকাল নিকটে রক্ষক-রূপে বিদ্যমান্ আছেন ; কিন্তু মানুষ তাহা জানিতে পারে না। এ ভাবও সমীচীন বটে। তবে 'অন্তি' পদকে ঐ সঙ্গে অন্বিত না করিলেও, "কঃ সন্তং ইন্দ্রং মংসতে" বাক্যাংশে, সে ভাব আপনিই অধিগত হইয়া থাকে। অপিচ, একটী 'কঃ' পদকে পাদপূরক-রূপে পরিত্যাগ না করিলে, 'অন্তি' পদের সহিত উহা সংযুক্ত আছে মনে করিলে, আর এক সুষ্ঠু ভাব প্রকাশ পাইতে পারে। তাহাতে 'কঃ অন্তি' পদদ্বয়ে 'কে তাঁহাকে নিকটে পাইবার জন্য' অর্থ আসে।

'ইভায়' ও 'রায়ে' পদদ্বয়ে যথাক্রমে ঐহিক ও পারত্রিক ধনের প্রতিই দৃষ্টি সঞ্চালিত হয়। সে পক্ষে মন্ত্রের পঞ্চম অংশের মর্ম্ম এবং মন্ত্রার্থ-সম্বন্ধে অন্যান্য বিষয় আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে পরিদৃস্ট হইবে। (১ম—৮৪সূ—১৭ঋ)।

—— • ——

অষ্টাদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। অষ্টাদশী ঋক্।)

কো অগ্নিমীট্টে হবিষা ঘৃতেন স্রুচা

যজাতা ঋতুভির্ধ্রুবেভিঃ।

কস্মৈ দেবা আবহানাশু হোম কো

মংসতে বীতিহোত্রঃ সুদেবঃ॥ ১৮॥

• • •

পদ-বিশ্লেষণং।

কঃ। অগ্নিং। ঈট্টে। হবিষা। ঘৃতেন। স্রুচা।

যজাতৈ। ঋতুঽভিঃ। ধ্রুবেভিঃ।

কস্মৈ। দেবাঃ। আ। বহান্। আশু। হোম। কঃ।

মংসতে। বীতঽহোত্রঃ। সুঽদেবঃ॥ ১৮॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কঃ' (কো জনঃ) 'অগ্নিং' (জ্ঞানদেবং) 'ঈট্টে' (স্তৌতি, জ্ঞানানুসারী ভবতি ইত্যর্থঃ); তথা কঃ 'হবিষা' (হবনীয়েন শুদ্ধসত্ত্বেন) 'ঘৃতেন' (স্নেহপদার্থেন—অভিষিক্তেন ইতি যাবৎ) 'স্রুচা' (জুহূরূপেণ অবস্থিতেন হৃদয়েন) 'ঋতুভিঃ' (সর্ব্বকালৈঃ) 'ধ্রুবেভিঃ' (নিশ্চলৈঃ, অবিচলিতৈঃ ইত্যর্থঃ) 'যজাতৈ' (যজেৎ, ভগবন্তং পূজয়তি ইত্যর্থঃ); 'কস্মৈ' (জনায়, উপাসকায়) 'দেবাঃ' (দীপ্তিদানাদিগুণাঃ, ইন্দ্রাদ্যাঃ দেবাঃ) 'আশু' (শীঘ্রং, ত্বরয়া) 'আবহান্' (আবহন্তি, সর্ব্বতোভাবেন ভগবন্তং প্রাপয়ন্তি ইত্যর্থঃ); 'বীতিহোত্রঃ' (প্রাপ্তযজ্ঞঃ, সৎকর্ম্মপরায়ণঃ) অতঃ 'সুদেবঃ' (দেবানুগ্রহপ্রাপ্তঃ, দেবত্ব-ভূষিতঃ ইত্যর্থঃ) 'কঃ' (কো জনঃ উপাসকঃ বা) 'হোম' (হ্বাতব্যং প্রশস্যং ধনং, পরমার্থং ইতি যাবৎ) 'মংসতে' (জানাতি)। অয়ং ভাবঃ—সৎকর্ম্মপরায়ণাঃ সাধবঃ জ্ঞানানুসারিণঃ ভবন্তি, অবিচলিতভাবেন ভগবন্তং আরাধয়ন্তি; তৎকর্ম্মণা এব ভগবৎ-সামীপ্যং প্রাপ্তাঃ তে পরমং পদং লভন্তে॥ (১ম—৮৪সূ—১৮ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

কোন্ জন জ্ঞানদেবতাকে স্তব করেন, অর্থাৎ জ্ঞানানুসারী হয়েন? এবং কোন্ জন হবনীয় শুদ্ধসত্ত্বে স্নেহপদার্থে অভিষিক্ত জুহূরূপে অবস্থিত হৃদয়ের দ্বারা সকল কালে অবিচলিতভাবে ভগবানের পূজা করেন? কোন্ জনকে দীপ্তিদানাদিগুণসমূহ (ইন্দ্রাদি দেবগণ) ত্বরায় সর্ব্বতোভাবে ভগবানকে প্রাপ্ত করেন? সৎকর্ম্মপরায়ণ দেবানুগ্রহপ্রাপ্ত কোন্ জন হবনীয় প্রশংস্য ধনকে (পরমার্থকে) জানেন? (ভাব এই যে,—সৎকর্ম্মপরায়ণ সাধুগণই জ্ঞানানুসারী হয়েন, অবিচলিতভাবে ভগবানের আরাধনায় রত থাকেন; সেই কর্ম্মের দ্বারাই ভগবৎ-সামীপ্য প্রাপ্ত তাঁহারা পরমপদ লাভ করেন।)॥ (১ম—৮৪সূ—১৮ঋ)॥

• • •

সায়ণভাষ্যং।

কো যজমানোঽগ্নিমীট্টে। ইন্দ্রার্থং হবির্নিরূপ্য অগ্নিং স্তৌতি। ইন্দ্রায় হবির্নির্ব্বাপোঽপি সম্যক্ কর্ত্তুং ন শক্যতে। ইন্দ্রস্য দুর্ব্বিজ্ঞানত্বাৎ। কো বেন্দ্র যাগার্থমগ্নিং স্রুচা জুহ্বা

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'কঃ' কোন্ যজমান 'অগ্নিং ঈট্টে' ইন্দ্রের নিমিত্ত হবিঃ নিরূপণ করিয়া অগ্নিকে স্তব করেন? ইন্দ্রের নিমিত্ত হবির্নির্ব্বাপও সম্যক্ করিতে সমর্থ নহেন—ইন্দ্রের দুর্ব্বিজ্ঞান-হেতু! কেই বা ইন্দ্রের যাগের জন্য অগ্নিকে 'স্রুচা' জুহূর দ্বারা 'ধ্রুবেভিঃ' ধ্রুব অর্থাৎ নিত্য 'ঋতুভিঃ'

ঋতুবেভিধ্রু বৈর্নিত্যৈর্ঋতুভির্বসন্তাদিকালৈরুপলক্ষিতেন ঘৃতেন হবিষা যজাতৈ। যজেৎ। যদ্বা ঋতবঃ প্রযাজদেবতাঃ। ঋতবো বৈ প্রযাজা ইতি শ্রুতেঃ। তাভিধ্রু বৈঃ প্রকৃতৌ বিকৃতৌ চানুষ্ঠেয়তয়া নিশ্চলৈর্ঋতুভিঃ সহাগ্নিমাজ্যভাগদেবতাং ঘৃতেন হবিষা কো যজেৎ। ন কোঽপীত্যর্থঃ। কস্মৈ যজমানায় হোমাহ্বাতব্যং প্রশস্তং ধনম্ আশু শীঘ্রং দেবা আবহান্। আবহন্তি। প্রযচ্ছন্তি। ন কস্মা অপীত্যর্থঃ। ইন্দ্র এব ধনস্য দাতা নান্যে দেবা ইতীন্দ্রঃ স্তূয়তে। বীতিহোত্রঃ প্রাপ্তযজ্ঞঃ সুদেবঃ শোভনদেবতাকঃ কো যজমানো মংসতে। ইন্দ্রং সম্যক্ জানাতি। ন কোঽপীত্যর্থঃ। বহুবিধেন স্তোত্রেণ চিরকালোপাসনেন চেন্দ্রঃ প্রত্যক্ষো ভবতি নান্যেন প্রকারেণেতি তাৎপর্য্যার্থঃ।

ঈট্টে। ঈড় স্তুতৌ। অদাদিত্বাচ্ছপো লুক্। স্রুচা। সাবেকাচ ইতি বিভক্তেরুদাত্তত্বং। যজাতৈ। যজতের্লেট্যাডাগমঃ। বৈতোঽন্যত্রেত্যৈকারঃ। বহান্। বহতের্লেট্যাডাগমঃ। ইতশ্চ লোপ ইতীকারলোপঃ। সংযোগান্তস্যেতি তকারলোপঃ। হোম। হ্বয়তেঃ কৃতাত্বস্যাতো মনিন্নিতি মনিন্। হ্ব ইত্যনুবৃত্তৌ বহুলং ছন্দসীতি সংপ্রসারণং। যদ্বা। নামন সীমন্নিত্যাদৌ। উ০ ৪।১৫২। হোমন্ শব্দো মনিন্ প্রত্যয়ান্তো নিপাত্যতে। মংসতে। মন জ্ঞানে। লেট্যাডাগমঃ। সিব্বহুলং লেটীতি সিপ্। বীতিহোত্রঃ। বী গত্যাদিষু। অস্মাৎ

ঋতুসমূহের দ্বারা অর্থাৎ বসন্তাদিকালের দ্বারা উপলক্ষিত 'ঘৃতেন হবিষা যজাতৈ' ঘৃতের হবির দ্বারা যজনা করেন ? অথবা, ঋতুসকল প্রযাজ-দেবতা। শ্রুতি আছে,—'ঋতবো বৈ প্রযাজা' ইতি। তাঁহাদিগের দ্বারা ধ্রুব অর্থাৎ প্রকৃতিতে ও বিকৃতিতে অনুষ্ঠেয় নিশ্চল ঋতুসমূহের সহিত আজ্যভাগ-দেবতা অগ্নিকে ঘৃতের হবির দ্বারা কে যজনা করে ? কেহই নহে—ইহাই অর্থ। 'কস্মৈ' কোন্ যজমানকে 'হোম' হ্বাতব্য প্রশংসনীয় ধন 'আশু' শীঘ্র 'দেবাঃ' দেবগণ 'আবহান্' বহন করিয়া আনেন—প্রদান করেন ? কাহাকেও নহে—ইহাই অর্থ। ইন্দ্রই ধনের দাতা; অন্য কোনও দেবতাই নহেন;—এই জন্য ইন্দ্র স্তুত হইতেছেন। 'বীতিহোত্রঃ' প্রাপ্তযজ্ঞ 'সুদেবঃ' শোভনদেবতাবিশিষ্ট 'কঃ' কোন্ যজমান 'মংসতে' ইন্দ্রকে সম্যক্ জানেন ? কেহই নহে—ইহাই অর্থ। বহুবিধ স্তোত্রের দ্বারা এবং চিরকাল উপাসনার দ্বারা ইন্দ্র প্রত্যক্ষ হয়েন; অন্য প্রকারে নহে—ইহাই তাৎপর্য্য।

ঈট্টে। ঈড় ধাতু স্তুতি অর্থ প্রকাশক। অদাদিত্ব-হেতু শপের লোপ। স্রুচা। 'সাবেকাচঃ' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। যজাতৈ। 'যজতি'র স্থলে লেটে অট্ আগম। 'বৈতোঽন্যত্র' ইত্যাদি সূত্রে ঐকার। বহান্। বহতি-স্থলে লেটে অট্ আগম। 'ইতশ্চ লোপঃ' ইত্যাদি সূত্রে ই-কার লোপ। 'সংযোগান্তস্য' ইত্যাদি সূত্রে ত-কার লোপ। হোম। 'হ্বে' ধাতুতে কৃতাত্বের 'আতো মনিন্' ইত্যাদি সূত্রে মনিন্। 'হ্বে' এই অনুবৃত্তিতে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে সম্প্রসারণ। অথবা 'নামন্ সীমন্নিত্যাদৌ ইত্যাদি সূত্রে (উ০ ৪।১৫২) হোমন্-শব্দ মনিন-প্রত্যয়ান্ত নিপাতন-সিদ্ধ। মংসতে। মন ধাতু জ্ঞানার্থক। লেটে অট্ আগম। 'সিব্বহুলং লেটি' ইত্যাদি সূত্রে সিপ্। বীতিহোত্রঃ। বী ধাতু গতি প্রভৃতি অর্থ বুঝায়। উহাতে কর্ম্মণি বাচ্যে 'মন্ত্রে বৃষ' ইত্যাদি সূত্রে ক্তিন্-প্রত্যয়। তাহা

কর্ম্মণি মন্ত্রে বৃষেত্যাদিনা ক্তিন্। স চোদাত্তঃ। হোত্রং হোমঃ। হুয়ামাশ্রুভসিভ্যস্ত্রন্নিতি ত্রন্ প্রত্যয়ঃ। বীতিঃ প্রাপ্তো হোমো যেন। বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। সুদেবঃ। নঞ্সুভ্যামিত্যুত্তরপদান্তোদাত্তত্বং॥ (১ম—৮৪সূ—১৮ঋ)॥

• • •

অষ্টাদশ (৯১৯) ঋকের বিশদার্থ।

পূর্ব্ব ঋকের ন্যায় এই ঋকটিও প্রশ্ন-মূলক। প্রশ্নের উত্তর হাঁ-পক্ষে এবং না-পক্ষে উভয় পক্ষেই প্রাপ্ত হওয়া যায়। আমরা আমাদিগের মর্ম্মানুসারিণীর-ব্যাখ্যায় প্রথম প্রকারের ভাবই পরিগ্রহণ করিয়াছি। জ্ঞানের অনুসারী হয়েন—সে তাঁহারাই—যাঁহারা সৎকর্ম্মপরায়ণ সাধু। তাঁহাদিগেরই হৃদয় শুদ্ধসত্ত্বের দ্বারা অবিচলিতভাবে ভগবানের পূজায় নিরত থাকে; তাঁহাদিগেরই দেবভাবসমূহ তাঁহাদিগকে ভগবানের নিকট সংবাহন করিয়া লইয়া যায়; তাঁহারাই দেবানুগ্রহ প্রাপ্ত হইয়া পরম পদে অধিষ্ঠিত হইতে পারেন। পক্ষান্তরে যাহারা সৎকর্ম্মপরায়ণ নহে, যাহারা অসাধু, তাহারা জ্ঞানের অধিকারীও হইতে পারে না, তাহাদিগের হৃদয়ও কদাচ শুদ্ধসত্ত্বের আধিকারী হয় না; এবং তাহাদিগের কর্ম্মের দ্বারা তাহারা কখনই ভগবৎ-সামীপ্য লাভ করিতে সমর্থ নহে। এই দুই ভাবই মন্ত্রার্থে প্রাপ্ত হওয়া যায়।

এই মন্ত্রের অন্তর্গত 'স্রুচা' প্রভৃতি পদ উপলক্ষে যজ্ঞকর্ম্মের সহিত মন্ত্রের সম্বন্ধ সূত্রিত হইয়া থাকে। আমরা কিন্তু হৃদয়কেই আহবনীয় প্রদানের উপযোগী শ্রেষ্ঠ পাত্র বলিয়া নির্দ্দেশ করি। আমাদিগের মতে,—'স্রুচা' পদে রূপকে হৃদয়-রূপ স্রুক্‌কেই লক্ষ্য করে। 'হবিষা' এবং 'ঘৃতেন' পদদ্বয় এ পক্ষে হৃদয়ের অবস্থা-বিশেষ প্রকাশ করিতেছে। 'স্রুচা' পদের দ্যোতক 'হবিষা' অর্থাৎ সত্ত্বভাবান্বিত। 'ঘৃতেন' পদে স্নেহভাব অর্থাৎ ভক্তিরসাশ্রিত অবস্থা প্রভৃতি বুঝা যায়। 'ঋতুভিঃ'

উদাত্ত। হোত্রং হোমঃ—হোত্র শব্দে হোম বুঝায়। 'হুয়ামাশ্রুভসিভ্যস্ত্রন্' ইত্যাদি সূত্রে ত্রন-প্রত্যয়। বীতি অর্থাৎ প্রাপ্ত হোম যাহা কর্ত্তৃক। বহুব্রীহিতে পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব। সুদেবঃ। 'নঞ্সুভ্যাং' ইত্যাদি সূত্রে উত্তরপদের আদ্যুদাত্তত্ব॥ (১ম—৮৪সূ—১৮ঋ)॥

• • •

এবং 'ধ্রুবাভিঃ' পদদ্বয় উপলক্ষে ভাষ্যেরই অর্থ সদ্ভাব প্রকাশ করিতেছে। আমরা 'আশু' পদটিকে ও 'হোম' পদটিকে ভাষ্য হইতে স্বতন্ত্রভাবে অন্বিত করিয়াছি। কিন্তু 'হোম' পদের অর্থ-সম্পর্কে ভাষ্যেরই অনুসরণে আমরা সঙ্গতি দেখিয়াছি। ঐ পদ-সম্বন্ধে নানা বিতর্ক আছে। কোনও কোনও ব্যাখ্যাকার ঐ পদে হোম বা আহুতি-দান অর্থই গ্রহণ করিয়াছেন। কেহ বা ভাষ্যেরই মতের অনুবর্ত্তী হইয়া ঐ পদে 'ধন' অর্থেই সঙ্গতি দেখিয়াছেন। * আমাদিগের ভাব মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় এবং বঙ্গানুবাদেই অধিগত হইবে। (১ম—৮৪সূ—১৬ঋ)॥

—•—

একোনবিংশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুরশীতিতমং সূক্তং। একোনবিংশী ঋক্।)

ত্বমঙ্গ প্র শংসিষো দেবঃ শবিষ্ঠ মর্ত্ত্যং।

ন ত্বদন্যো মঘবন্নস্তি মর্ডিতেন্দ্র

ব্রবীমি তে বচঃ॥ ১৯॥

পদ-বিশ্লেষণং।

ত্বং। অঙ্গ। প্র। শংসিষঃ। দেবঃ। শবিষ্ঠ। মর্ত্ত্যং।

ন। ত্বৎ। অন্যঃ। মঘ৽বন্। অস্তি। মর্ডিতা। ইন্দ্র।

ব্রবীমি। তে। বচঃ॥ ১৯॥

* এই মন্ত্রের দুই জন ইংরাজী অনুবাদক 'হোম' পদে দুই রূপ ভাব গ্রহণ করেন। উইলসনের অনুবাদে উহা "wealth" প্রতিবাক্য প্রাপ্ত হইয়াছে; গ্রিফিথ্‌স্ উহার "oblation" অর্থ নির্দ্দেশ করিয়াছেন।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শবিষ্ঠ' (হে বলবত্তম) 'দেবঃ ত্বং' (দ্যোতমানঃ স্বপ্রকাশঃ ত্বং) 'মর্ত্ত্যং' (ইমং মনুষ্যং, অর্চ্চনাকারিণং মাং ইতি ভাবঃ) 'অঙ্গ' (ক্ষিপ্রং, ত্বরয়া) 'প্রশংসিষঃ' (প্রশংস, ভবতঃ উপাসনাপরায়ণত্বাৎ প্রশংসনীয়ং কুরু ইত্যর্থঃ); যেনাহং ভবতঃ উপাসনাপরায়ণঃ সন্ প্রশংসনীয়াং শ্রেষ্ঠাং গতিং প্রাপ্নোমি, তৎ কুরু—ইতি প্রার্থনা। 'মঘবন্' (হে পরমধনশালিন্) 'ইন্দ্র' (ভগবন্ ইন্দ্রদেব) 'ত্বৎ অন্যঃ' (ত্বত্তঃ অন্যঃ কশ্চিৎ) 'মর্ডিতা' (সুখয়িতা) 'ন অস্তি' (ন বিদ্যতে); অতঃ 'তে' (তুভ্যং) 'বচঃ' (স্তোত্রং) 'ব্রবীমি' (উচ্চারয়ামি)। প্রার্থনায়াঃ ভাবঃ—ভগবৎপরায়ণঃ সন্ যেন অহং প্রশংসনীয় ভবামি, তথা ভগবতঃ উপাসনাপ্রভাবেন সুখশান্তিং লভামি, হে ভগবন্, তৎ বিধেহি। (১ম—৮৪সূ—১৯ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

হে বলবত্তম! দ্যোতমান্ স্বপ্রকাশ আপনি, এই মনুষ্যকে—অর্চ্চনাকারী আমাকে—ত্বরায় আপনার উপাসনাপরায়ণত্ব-হেতু প্রশংসনীয় করুন; (প্রার্থনা এই যে,—আমি যেন আপনার উপাসনাপরায়ণ হইয়া প্রশংসনীয় শ্রেষ্ঠগতি প্রাপ্ত হই)। হে পরমধনশালিন্ ভগবন্ ইন্দ্রদেব! আপনার অপেক্ষা অন্য কেহই সুখদাতা নাই; অতএব, আপনার উদ্দেশে স্তোত্র উচ্চারণ করিতেছি। (ভাব এই যে,—ভগবৎপরায়ণ হইয়া আমি যেন প্রশংশনীয় হই এবং ভগবানের উপাসনার প্রভাবে যেন সুখশান্তি লাভ করি, হে ভগবন্, তাহাই বিধান করুন।)॥ (১ম—৮৪সূ—১৯ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

অঙ্গত্যাভিমুখীকরণে। অঙ্গ শবিষ্ঠ হে বলবত্তমেন্দ্র দেবো দ্যোতমানস্ত্বং মর্ত্ত্যং মরণধর্ম্মাণং ত্বাং স্তুতবন্তঃ পুরুষং প্রশংসিষঃ। সম্যগনেন স্তুতমিতি প্রশংস। হে মঘবন্ ধনবন্নিন্দ্র ত্বদন্যস্ত্বত্তোঽন্যঃ কশ্চিন্মর্ডিতা সুখয়িতা নাস্তি। অতঃ কারণাত্তে তুভ্যমিদং স্তুতিলক্ষণং বচো ব্রবীমি। উচ্চারয়ামি।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'অঙ্গতি' ক্রিয়াপদে অভিমুখীকরণের ভাব প্রকাশ পায়। 'অঙ্গ শবিষ্ঠ' হে বলবত্তম ইন্দ্র! 'দেবঃ' দ্যোতমান 'ত্বং' আপনি 'মর্ত্ত্যং' আপনার স্তবকারী মরণধর্ম্মী পুরুষকে 'প্রশংসিষঃ' উঁহার দ্বারা সম্যক্‌প্রকারে স্তুত—এইরূপ প্রশংসা করুন। হে 'মঘবন্' ধনবন্ 'ইন্দ্র' ইন্দ্র! 'ত্বদন্যঃ' আপনা হইতে অন্য কেহই 'মর্ডিতা' সুখয়িতা 'ন অস্তি' নাই। এই কারণ-বশতঃ 'তে' আপনার উদ্দেশে এই স্তুতিলক্ষণ 'বচঃ' বাক্য 'ব্রবীমি' উচ্চারণ করিতেছি।

শংসিষঃ। শংস স্তুতৌ। লেটি সিপ্যড়াগমঃ। সিব্বহুলং লেটীতি বিকরণস্য সিপ্। তস্যার্দ্ধধাতুকত্বাদিড়াগমঃ। শবিষ্ঠ। অতিশয়েন শবস্বী শবিষ্ঠঃ। ইষ্ঠমি বিন্মতোর্লুক্। টেরিতি টিলোপঃ। মর্ত্তিতা। মৃড় সুখনে। তৃচ ইড়াগমঃ॥ (১ম—৮৪সূ—১৯ঋ)॥

• • •

একোনবিংশ (৯২৩) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'প্রশংসিষঃ' পদ সমস্যা-মূলক। উহার অর্থ—'প্রশংসা কর।' তদনুসারে মন্ত্রের প্রথম চরণের অর্থ দাঁড়ায়,—'হে অতিশয়তম বলবন্ ইন্দ্রদেব! আপনি মরণশীল মনুষ্যের প্রশংসা করুন।' দেবতাকে সম্বোধন করিয়া এরূপ বলার তাৎপর্য্য কি? ইহাতে কোনই সদ্ভাব প্রকাশ পায় না বলিয়া, ভাষ্যে এবং ব্যাখ্যাদিতে মন্ত্রান্তর্গত 'মর্ত্তাং' পদের একটা বিশেষণ অধ্যাহার করিয়া লওয়া হইয়াছে। 'যে মরণধর্ম্মশীল পুরুষ ভগবানের স্তবপরায়ণ', ভাষ্যে বলা হইয়াছে, তাঁহারই প্রতি লক্ষ্য রহিয়াছে। আমরাও সেই ভাবেরই অনুসরণ করি। আমাদিগের মতে, প্রার্থনার ভাবার্থ এই যে,—'হে ভগবন্! আমায় এরূপভাবে আপনার স্তুতিপরায়ণ ও কর্ম্মানুরত করুন—আমি যেন আপনার নিকট প্রশংসনীয় হই, অর্থাৎ প্রশংসনীয় শ্রেষ্ঠ গতি প্রাপ্ত হই।' এতদংশের 'অঙ্গ' পদে আমরা পূর্ব্ববৎ 'ক্ষিপ্র বা ত্বরায়' অর্থই গ্রহণ করিয়াছি।

দ্বিতীয় চরণের দুইটী অংশে যথাক্রমে ভগবানের মহিমা এবং আত্মোদ্বোধনা প্রকাশ পাইয়াছে। যিনি অদ্বিতীয় সুখদাধয়িতা, যাঁহার সমকক্ষ সুখদাতা দ্বিতীয় কেহ নাই, তাঁহারই সম্বন্ধে আমি স্তোত্র উচ্চারণ করি—তাঁহারই প্রতি আমার যেন মতি-গতি-প্রবৃত্তি সঞ্চারিত হয়—তাঁহারই কর্ম্মে আমি যেন আত্ম-নিয়োগ করিতে পারি,—এবম্বিধ সঙ্কল্প এখানে মন্ত্রের শেষাংশে প্রকাশ পাইয়াছে। (১ম—৮৪সূ—১৯ঋ)॥

শংসিষঃ। শংস ধাতু স্তুতি অর্থ প্রকাশ করে। লেটে সিপে অট্ আগম। 'সিব্বহুলং লেটি' ইত্যাদি সূত্রে বিকরণের সিপ্। তাহার আর্দ্ধধাতুকত্ব-হেতু ইট্ আগম। শবিষ্ঠ। অতিশয়ের দ্বারা শবস্বী—এই অর্থে শবিষ্ঠঃ পদ হয়। 'ইষ্ঠন্' প্রত্যয়ে 'বিন্মতোর্লুক্' ইত্যাদি সূত্রে লোপ। 'টেঃ' ইত্যাদি সূত্রে টিলোপ। মর্ত্তিতা। মৃড ধাতু সুখদান অর্থে ব্যবহৃত হয়। 'তৃচঃ' ইত্যাদি নিয়মে ইট্ আগম॥ (১ম—৮৪সূ—১৯ঋ)॥

• • •

বিংশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। । চতুরশীতিতমং সূক্তং। বিংশী ঋক্।)

মা তে রাধাংসি মা ত ঊতয়ো বসোঽস্মান্

কদা চনা দভন্।

বিশ্বা চ ন উপমিমীহি মানুষ বসূনি

চর্ষণিভ্য আ ॥ ২০ ॥

• . •

পদ-বিশ্লেষণং।

মা। তে। রাধাংসি। মা। তে। ঊতয়ঃ। বসো ইতি। অস্মান্।

কদা। চন। দভন্।

বিশ্বা। চ। নঃ। উপঽমিমীহি। মানুষ। বসূনি।

চর্ষণিঽভ্যঃ। আ ॥ ২০ ॥

• . •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বসো' (নিবাসয়িতঃ, আশ্রয়প্রদাতঃ হে ভগবন) 'তে' (তব, ত্বদীয়ানি অঙ্গীভূতানি ইত্যর্থঃ) 'রাধাংসি' (ধনানি—পরমার্থরূপাণি) তথা 'তে' (তব, ত্বদীয়ানি আয়ত্তীভূতানি ইত্যর্থঃ) 'ঊতয়ঃ' (রক্ষাকর্ম্মাণি) 'মা' (মাং ইমং কর্ম্মসিহীনং দীনং ইতি ভাবঃ) তথা 'অস্মান্' (সর্ব্বান্ অপরান্ ইত্যর্থঃ) 'কদাচনা' (কদাচিদপি) 'মা দভন' (মা পরিত্যজন্তু, মাং প্রতি কদাচ বিমুখানি ন ভবন্তু ইতি ভাবঃ); 'চ' (তথা) 'মানুষ' (হে মনুষ্যত্বসম্পন্ন নর, যদ্বা—হে মনুষ্য, জনসাধারণ ইত্যর্থঃ) 'চর্ষণিভ্যঃ' (মন্ত্রদ্রষ্টৃভ্যঃ ঋষিভ্যঃ, আত্মোৎকর্ষসাধনসম্পন্নেভ্যঃ সাধকেভ্যঃ) 'বিশ্বা' (সর্ব্বাণি) 'বসূনি' (ধনানি—ধর্ম্মার্থকামমোক্ষরূপাণি) ত্বং 'আ' (সর্ব্বতোভাবেন—আহৃত্য ইতি যাবৎ) 'নঃ' (অস্মভ্যং, অস্মৎসদৃশায় কর্ম্মপরাঙ্মুখায় জনায়, লোকানাং হিতসাধনায় ইত্যর্থঃ) 'উপমিমীহি' (প্রযচ্ছ)।

মন্ত্রোহয়ং প্রার্থনামূলকঃ আত্মোদ্বোধকশ্চ। ভগবতঃ করুণা ব্যষ্টিভাবেন তথা সমষ্টিভাবেন অস্মান্ প্রাপ্নোতু; তথা বয়মপি সর্ব্বে সাধুসকাশাৎ পরমার্থতত্ত্বং পরিজ্ঞাত্বা অপরান্ তৎ জ্ঞাপয়িতুং প্রচেষ্টামহে। (১ম–৮৪সূ–২০ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

আশ্রয়প্রদাতা হে ভগবন্! আপনার অঙ্গীভূত পরমার্থরূপ ধনসমূহ ও আপনার আয়ত্তীভূত রক্ষাকর্ম্মসকল, আমাকে (এই কর্ম্মবিহীন দীনকে) এবং আমাদিগকে (অর্থাৎ অপরাপর সকলকে) কদাচ যেন পরিত্যাগ না করে—কখনও যেন আমার প্রতি বিমুখ না হয়। আর, হে মনুষ্যত্বসম্পন্ন (অথবা, হে মনুষ্য)! মন্ত্রদ্রষ্টা ঋষিগণের নিকট হইতে—আত্মোৎকর্ষসম্পন্ন সাধকগণের নিকট হইতে—ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ সকল ধন-সমূহকে তুমি সর্ব্বতোভাবে আহরণ করিয়া, আমাদিগকে—আমাদিগের ন্যায় কর্ম্ম-পরাঙ্মুখ জনের জন্য অর্থাৎ লোকগণের হিতসাধনের নিমিত্ত, প্রদান কর। (এই মন্ত্রটী প্রার্থনামূলক ও আত্মোদ্বোধক। ভগবানের করুণা ব্যষ্টিভাবে ও সমষ্টিভাবে আমাদিগকে প্রাপ্ত হউক; এবং আমরা সকলেই যেন সাধুগণের নিকট হইতে পরমার্থ-তত্ত্ব পরিজ্ঞাত হইয়া অপরকে তাহা জানাইবার প্রচেষ্টা করি।)॥ (১ম—৮৪সূ—২০ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে বসো নিবাসয়িতরিন্দ্র তে তব সম্বন্ধীনি রাধ্নোতোভিরিতি রাধাংসি ভূতান্যস্মান্ কদাচন কদাচিদপি মা দভন্। মা বিনাশয়ন্তু। তথোতয়ো গন্তারঃ। যদ্বা ধুতয় ইত্যত্র বর্ণলোপঃ। ধুতয়ঃ কম্পয়িতারস্তে ত্বদীয়া মরুতশ্চ মা দভন্। হে মানুষ মনুষ্যহিতেন্দ্র চর্ষণিভ্যো মন্ত্রদ্রষ্টৃভ্যো নোঽস্মভ্যং বিশ্বা বিশ্বানি সর্ব্বাণি বসূনি ধনানি চ আ উপমিমীহি। সর্ব্বত আহৃত্যাস্মৎ সমীপে কুরু। সর্ব্বত্র বর্ত্তমানং ধনমস্মভ্যং প্রযচ্ছেত্যর্থঃ।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'বসো' নিবাসয়িত ইন্দ্র! 'তে' আপনার সম্বন্ধীয় 'রাধাংসি' (রাধ্নোতি এভিঃ–এই বাক্যে রাধাংসি পদ হয়) ভূতগণ 'অস্মান্' আমাদিগকে 'কদা চন' কখনও 'মা দভন' যেন বিনাশ না করে; এবং 'উতয়ঃ' গমনশীল অথবা 'ধুতয়ঃ' (এখানে বর্ণলোপে ঐ পদ হইয়াছে) কম্পয়িতা 'তে' আপনার মরুদ্গণ যেন বিনাশ না করে। হে 'মানুষ' মনুষ্যের হিতকারী ইন্দ্র! 'চর্ষণিভ্যঃ' মন্ত্রদ্রষ্টা 'নঃ' আমাদিগকে 'বিশ্বা' সকল 'বসূনি' ধনসমূহ 'চ আ উপমিমীহি' সর্ব্বতোভাবে আহরণ করিয়া আমাদিগের নিকটে প্রদান করুন; অর্থাৎ, সর্ব্বত্র বর্ত্তমান ধনকে আমাদিগকে প্রদান করুন—ইহাই অর্থ।

কদা। কিং শব্দাৎ সর্ব্বৈকান্যকিং যত্তদঃ কালে দেতি দাপ্রত্যয়ঃ। কিমঃ ক ইতি কাদেশঃ। ব্যত্যয়েনাত্ম্যদাত্তত্বং। দভন্। দম্ভু দম্ভে। লোডর্থে ছান্দসে লঙি বহুলং ছন্দসীতি বিকরণস্য লুক্। নমাঙ্ যোগ ইত্যড়ভাবঃ। মিমীহি। মাঙ্ মানে শব্দে চ। ব্যত্যয়েন পরস্মৈপদং। জুহোত্যাদিত্বাৎ শ্লুঃ। ভৃঞামিদিত্যভ্যাসস্যেত্বং। হের্ঙিত্বাৎ ঘুমাস্থেতীত্বং॥ (১ম—৮৪সূ—২০ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠেঽষ্টমো বর্গঃ॥ ১৬৮॥

ইতি প্রথমে মণ্ডলে ত্রয়োদশোঽনুবাকঃ॥ (১ম—১৩অ)॥

• • •

বিংশ (৯২১) ঋকের বিশদার্থ।

—§:০:§—

ভাষ্য এবং প্রচলিত ব্যাখ্যাসমূহ হইতে এই মন্ত্রের অর্থ আমাদিগের ব্যাখ্যায় সম্পূর্ণ নূতন ভাব-প্রকাশক হইল। প্রথম চরণের অন্তর্গত 'রাধাংসি' 'উতয়ঃ' ও 'দভন্' পদ-ত্রয় এবং দ্বিতীয় চরণের অন্তর্গত 'মানুষ' ও 'চর্ষণিভ্যঃ' পদ-দ্বয়—এই অর্থ-বিপর্য্যয়ের মূলীভূত। নিম্নে একটী ইংরাজী ও একটী বাঙ্গালা অনুবাদ প্রকাশ করিতেছি। ভাষ্যের সহিত তাহা মিলাইলে, পার্থক্য স্বতঃই বোধগম্য হইবে।

(১) "হে নিবাসস্থানদাতা ইন্দ্র! তোমার ভূতগণ ও সহায়স্বরূপ (মরুৎগণ) আমাদিগকে যেন কখনও বিনাশ না করে। হে মনুষ্যের হিতকারী ইন্দ্র! আমরা মন্ত্র জানি, তুমি আমাদিগকে ধন আনিয়া দাও।"

(2) "Let not thy bounteous gifts, let not thy saving help fail us, good Lord, at any time;
And measure out to us, thou lover of mankind, all riches hitherward from men."

বঙ্গানুবাদটী অনেকাংশে ভাষ্যের অনুসারী বটে; কিন্তু ইংরাজী অনুবাদটীর প্রথমাংশ ভিন্ন ভাব প্রকাশ করিতেছে। যাহা হউক,

---

কদা। কিং শব্দ-হেতু 'সর্ব্বৈকান্যকিং যত্তদঃ কালেদ' ইত্যাদি সূত্রে দা-প্রত্যয়। 'কিমঃ কঃ' ইত্যাদি সূত্রে কা-আদেশ। ব্যত্যয়ের দ্বারা আত্ম্যদাত্তত্ব। দভন্। দম্ভু ধাতু দম্ভ অর্থ প্রকাশ করে। লোট অর্থে ছান্দসে লঙে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের লোপ। 'ন মাঙ্‌যোগে' ইত্যাদি সূত্রে অটের অভাব। মিমীহি। মাঙ্ ধাতু মানার্থক। ব্যত্যয়ের দ্বারা পরস্মৈপদ। জুহোত্যাদি-হেতু শ্লু। 'ভৃঞামিৎ' ইত্যাদি সূত্রে অভ্যাসের ইত্ব। হের্ঙিত্ব-হেতু 'ঘুমাস্থ' ইত্যাদি সূত্রে ঈত্ব॥ (১ম—৮৪সূ—২০ঋ)॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের অষ্টম বর্গ সমাপ্ত॥ ১৬।৮॥

প্রথম মণ্ডলের ত্রয়োদশ অনুবাক সমাপ্ত॥ (১ম—১৩অ)॥

• • •

আমরা যে পথে অগ্রসর হইয়া যে ভাব পরিগ্রহণ করিতেছি, তাহারই একটু বিশ্লেষণ করা যাইতেছে।

'রাধ' ধাতুমূলক 'রাধাংসি' পদে পরমার্থ-রূপ ধনকে যে লক্ষ্য করে, তাহা আমরা বহু স্থলে প্রকাশ করিয়া আসিয়াছি। পরন্তু ঐ পদে যে ভূতগণকে বুঝায়, তাহা এই নূতন দেখিলাম। ইংরাজী অনুবাদে, ভাষ্যের পূর্ব্ব পূর্ব্ব ক্ষেত্রের অনুসরণে, 'প্রচুর ধনসমূহ' অর্থ ঐ পদে গৃহীত হইয়াছে। আমরা আরাধনা-মূলক ধাতু হইতে উৎপন্ন ঐ পদে যথাপূর্ব্ব 'পরমার্থ-রূপ ধন' অর্থই গ্রহণ করিলাম। 'উতয়ঃ' পদ পূর্ব্বে যেখানে যেখানে পাইয়াছি, সর্ব্বত্রই রক্ষণ অর্থ প্রকাশ করিয়াছে। ইংরাজী অনুবাদটীতেও সেই ভাবেরই অনুসরণ দেখি। কিন্তু সায়ণের ভাষ্যে ও তাহার অনুসারী অপরাপর ব্যাখ্যাদিতে ঐ পদে 'ইন্দ্রের সহায় মরুদ্গণকে' নির্দ্দেশ করা হইয়াছে। অপিচ, ঐ পদটীর অর্থান্তর ঘটাইবার জন্য ভাষ্যে বর্ণ-লোপ প্রভৃতিও পরিকল্পনা করা হইয়াছে। আমরা 'উতয়ঃ' পদে রক্ষাকর্ম্মসমূহকে বুঝাইতেছে বলিয়াই নির্দ্দেশ করি। তার পর, 'দভন্' ক্রিয়া-পদে 'বিমুখ হওয়ার' সুতরাং 'পরিত্যাগ করার' ভাব প্রাপ্ত হওয়া যায়। দম্ভার্থক 'দম্ভু' ধাতু হইতে ঐ পদ ব্যুৎপন্ন। দম্ভের ভাবেই বিমুখ হওয়ার প্রতি লক্ষ্য আসে। এইরূপে মন্ত্রের প্রথম চরণে "আপনার ভূতগণ ও সহচর মরুদ্গণ যেন আমাদিগকে বিনাশ না করে" এবম্বিধ অর্থের পরিবর্ত্তে আমরা নির্দ্দেশ করি, অর্থ হওয়া উচিত,—'হে ভগবন্! আপনার রক্ষা ও পরমার্থ-রূপ ধন যেন আমাদিগের প্রতি বিমুখ না হয়।' ভাব এই যে,—'আপনি আমাদিগকে পতন হইতে রক্ষা করুন এবং পরম ধন দান করুন।' তার পর, প্রথম চরণে দুইটী 'মা' পদ আছে। তদনুসারে ভাষ্যকার ক্রিয়া-পদটীকে দুইবার গ্রহণ করিয়াছেন। কিন্তু আমরা একটী 'মা' পদে 'মাং' (আমাকে) অর্থ গ্রহণ করি; অন্য 'মা'-পদটী, আমাদিগের মতে, না-অর্থ প্রকাশক। একটী 'মা' (মাং) এবং একটী 'অস্মান্' পদ থাকায়, বিশেষভাবে আপনার পক্ষে এবং সাধারণভাবে অন্যান্য সকলের পক্ষে প্রার্থনা প্রকাশ পাইয়াছে মনে করা যায়।

মন্ত্রের দ্বিতীয় চরণটীর অন্তর্গত 'মানুষ' ও 'চর্ষণিভ্যঃ' পদদ্বয়ের মর্ম্মও বিশেষভাবে অনুধাবনীয়। 'মানুষ' পদ হইতে কি প্রকারে 'মানুষের

হিতসাধক ইন্দ্র' অর্থ আসে, তাহা ভাবিয়া পাওয়া যায় না। অথচ, সকল ব্যাখ্যাকারই ভাষ্যের ঐ রায়ে সায় দিয়া গিয়াছেন। কিন্তু আমরা বলি, এখানকার সম্বোধন—মনুষ্যকে—মনুষ্যত্বসম্পন্ন জনকে। যাঁহারা প্রকৃত মানুষ, যাঁহাদিগের মধ্যে মনুষ্যত্ব আছে, তাঁহারা লোকহিতসাধক হয়েন। জ্ঞানিগণের নিকট হইতে জ্ঞান আহরণ করিয়া তাঁহারা লোক-সমাজে তাহা বিতরণ করিয়া থাকেন। তাঁহাদিগের সাহায্য পাইয়াই আমরা ত্রিকালজ্ঞ ঋষিগণের জ্ঞান লাভ করিতে সমর্থ হই। এই অংশে সেই ভাবই পরিব্যক্ত দেখি। অথবা 'মানুষ' সম্বোধনে মানুষকে জনসাধারণকে সম্বোধন করা হইয়াছে বলিয়াও মনে করা যাইতে পারে। মানুষ মাত্রেই সাধুগণের অনুসারী হইয়া তাঁহাদিগের উপদেশ গ্রহণ করুন এবং সেই উপদেশ জগতে প্রচার করুন। সে পক্ষে মন্ত্রের দ্বিতীয় চরণের ইহাই তাৎপর্য্য। 'চর্ষণিভ্যঃ' পদটীকে আমরা পঞ্চমীর পদ বলিয়া সিদ্ধান্ত করি। ঐ পদের ভাব—ত্রিকালজ্ঞ ঋষিগণের নিকট হইতে—আত্মোৎকর্ষ-সাধন-সম্পন্ন সাধকগণের নিকট হইতে। সেই ঋষিগণ বা সাধকগণ সর্ব্বদা আমাদিগের দৃষ্টিপথে পতিত হয়েন না; তাঁহাদিগের দর্শন-লাভ অথবা তাঁহাদিগের প্রবর্ত্তিত জ্ঞানের অধিকার—মনুষ্যত্বসম্পন্ন জনের ভাগ্যেই ঘটিয়া থাকে। এখানকার আকাঙ্ক্ষা, সেইরূপ মনুষ্য আমাদিগের মধ্যে আবির্ভূত হউন, এবং আমাদিগকে সৎ জ্ঞানের অধিকারী করুন। আমরা বিমূঢ়—কর্ম্মপরাঙ্মুখ; কিন্তু দুই এক জন মানুষ যদি আমাদিগকে পথ প্রদর্শন করেন, তবেই আমাদিগের শ্রেয়ঃ সাধিত হয়। এই মন্ত্রে তাই ভগবানকেও আহ্বান করা হইয়াছে, আবার মানুষের মত মানুষের সাহায্যও প্রার্থনা করা হইয়াছে। শ্রেষ্ঠ জ্ঞানী মানুষের সাহায্যে ভগবানের স্বরূপ-তত্ত্ব অবগত হইয়া তাঁহার নিকট পৌঁছান যায়—ইহাই মর্ম্ম। এখানকার 'চর্ষণিভ্যঃ' পদে ভাষ্যে 'চর্ষণি'-শব্দের সদর্থই দৃষ্ট হয়। আমরাও পূর্ব্বাপর এই ভাবই গ্রহণ করিয়া আসিয়াছি। কিন্তু ভাষ্যকার, বিশেষতঃ তদনুবর্ত্তী ব্যাখ্যাকারগণ, ঐ শব্দে পূর্ব্বে কৃষক (চাষা) অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন। তাহা যথা অর্থ নহে, এই খানেই বোধগম্য হইবে। (১ম—৮৪সূ—২০ঋ)।

ওঁ

ঋগ্বেদ-সংহিতা।

প্রথম মণ্ডলং। চতুর্দ্দশোঽনুবাকঃ। পঞ্চাশীতিতমং সূক্তং। প্রথমোঽষ্টকঃ।
ষষ্ঠোঽধ্যায়ঃ। নবমো দশমশ্চ দ্বৌ বর্গৌ॥

পঞ্চাশীতিতমং সূক্তং।

এই সূক্তে চতুর্দ্দশ অনুবাক আরম্ভ হইল। চতুর্দ্দশ অনুবাকের ঋষি দেবতা ও ছন্দ প্রভৃতির বিষয় সূক্তানুক্রমণিকায় বিবৃত হইয়াছে। এই ষষ্ঠ অধ্যায়ের শেষ সূক্তে (৯৪ সূক্তে) চতুর্দ্দশ অনুবাক শেষ হইবে। প্রথম মণ্ডলের এই যে পঞ্চাশীতিতম সূক্ত, এই সূক্তটীই অনুবাক-হিসাবে চতুর্দ্দশ অনুবাকের প্রথম সূক্ত।

এই পঞ্চাশীতিতম সূক্তের দেবতা—মরুদ্গণ। 'মরুদ্গণ' বলিতে প্রাচ্যে ও পাশ্চাত্যে যে ভাব পরিকল্পিত হইয়া থাকে এবং আমরা যে ভাব গ্রহণ করিয়াছি, বহুস্থলে তাহার আলোচনা আছে। কেহ বা ঝড়-ঝঞ্ঝাবাতকে মরুদ্গণ বলিয়া অভিহিত করিয়া গিয়াছেন। কাহারও বা ব্যাখ্যায় মরুদ্গণ বলিতে প্রহেলিকাই রহিয়া গিয়াছে। যেখানে কোনরূপ অর্থের সঙ্গতি হয় নাই, সেখানে মরুদ্গণ বলিতে ঝড়ঝঞ্ঝাবাতের এক অধিষ্ঠাত্রী দেবতা পরিকল্পনা হইয়াছে। পক্ষান্তরে মরুদ্গণের জন্ম প্রভৃতি সংক্রান্ত উপাখ্যানসমূহ পাঠ করিলে, কখনও বা তাঁহাদিগকে মানুষ বলিয়া মনে হয়, কখনও বা তাঁহারা যে কি—তাহা কিছুই বোধগম্য হয় না। হৃদয়-রাজ্যের মধ্যে সেই দেবগণের প্রভাবের বিষয় স্মরণ করিয়া এবং তাঁহাদিগের গুণ-বিশেষণের পরিচয় অনুসারে, আমরা ঐ দেবগণকে বিবেকরূপী দেবগণ বলিয়া নির্দ্দেশ করিয়া আসিতেছি। এতৎসম্বন্ধে আমাদিগের যুক্তি-পরম্পরা পূর্ব্বেও প্রকাশ করিয়াছি,—এই সূক্তের ব্যাখ্যা উপলক্ষেও প্রকাশিত হইবে।

এই সূক্তে মরুদ্গণ-সম্বন্ধে যে বারটী ঋক্ আছে, তাহার প্রত্যেক ঋক্ সমস্যামূলক। সুতরাং প্রচলিত ব্যাখ্যা প্রভৃতি দেখিয়া মরুদ্গণের স্বরূপ নির্দ্দেশ করা কঠিন হইয়া পড়ে। তাঁহারা মানুষ কি অপর কিছু—প্রচলিত ব্যাখ্যাদিতে তাহার কিছুই নির্দ্দেশ করা যায় না।

মূলমন্ত্রে তাঁহাদিগের পরিচয় আছে—'রুদ্রস্য সূনবঃ'। তাহা হইতে নির্দ্ধারণ করা হয়—তাঁহারা রুদ্রের পুত্র। মূলে আছে—'পৃশ্নিমাতরঃ'। তাহা হইতে নির্দ্ধারণ করা হয়—তাঁহারা পৃশ্নির পুত্র। মূলে আছে—'গোমাতরঃ'। তাহা হইতে নির্দ্ধারণ করা হয়—তাঁহারা গাভীর পুত্র। এ সকল পরিচয়ে বস্তু-পক্ষে তাঁহাদিগের সম্বন্ধে কোনই অভিজ্ঞতা লাভ হয় না। তাঁহার রুদ্রাদির পুত্র, তাঁহারা অশ্বযুক্ত রথে সংবাহিত হয়েন, তাঁহারা গোতমঋষির জন্য জল-সেচন করেন;—এবম্বিধ নানা উক্তি প্রচলিত ব্যাখ্যাদিতে দৃষ্ট হয়। সে সকল দেখিয়া, রূপক ভিন্ন অন্য কিছুই মনে হয় না। সেই রূপক উপলক্ষেই ব্যাখ্যাকারগণ বিভিন্ন প্রকার ভাব গ্রহণ করিয়াছেন। কিন্তু রূপক বলিয়া মনে করিলেও তাহার লক্ষ্য কি—তদ্বিষয়ে সকল ব্যাখ্যাতেই সংশয় থাকে। তাহাতে ঝড়-ঝঞ্ঝাবাতই মরুদ্গণ বলিয়া অভিহিত হইয়াছেন—এমনও মনে করা যায়; আবার অন্যরূপ ভাবও আসে। যাহা হউক, মন্ত্রার্থ-আলোচনায় আমরা সে সকল ভাবের পরিচয় দিয়া আমাদিগের পরিগৃহীত মতের আলোচনা করিব।

—•—

পঞ্চাশীতিতম সূক্তানুক্রমণিকা।

চতুর্দ্দশেঽনুবাকে নবসূক্তানি। তত্র প্র য ইতি দ্বাদশর্চ্চং প্রথমং সূক্তং গোতমস্যার্ষং। পঞ্চমীদ্বাদশ্যৌ ত্রিষ্টুভৌ। শিষ্টা জগত্যঃ। মরুতো দেবতা। তথা চানুক্রান্তং। প্র যে দ্বাদশ মারুতং হ পঞ্চম্যন্ত্যে ত্রিষ্টুভাবিতি। হ শব্দপ্রয়োগাদিমাদীনি চত্বারি সূক্তানি মরুদ্দেবত্যানি। অভিপ্লবষড়হস্য চতুর্থেঽহন্যাগ্নিমারুত এতৎ সূক্তং মারুতনিবিদ্ধানীয়ং। সূত্রিতং চ। প্র যে শুম্ভন্তে জনস্য গোপা ইত্যাগ্নিমারুতং। আ০ ৭।৭। ইতি॥

• • •

পঞ্চাশীতিতম সূক্তানুক্রমণিকার বঙ্গানুবাদ।

চতুর্দ্দশ অনুবাকে নয়টি সূক্ত আছে। তাহার মধ্যে 'প্র যে' ইত্যাদি দ্বাদশ-ঋক্-বিশিষ্ট প্রথম সূক্ত। গোতম ঋষি। পঞ্চম ও দ্বাদশ সূক্তদ্বয় ত্রিষ্টুপ্ ছন্দে গ্রথিত; অবশিষ্ট জগতী ছন্দো-বিশিষ্ট। মরুদ্গণ দেবতা। এ বিষয়ে এইরূপ অনুক্রান্ত আছে;—'প্র যে দ্বাদশ মারুতং হ পঞ্চম্যন্ত্যে ত্রিষ্টুভাবিতি।' হ-শব্দ প্রয়োগ-হেতু এই হইতে আরম্ভ করিয়া চারিটী সূক্ত মরুদ্দেবগণ-সম্বন্ধীয়। অভিপ্লবষড়হের চতুর্থ দিবসে আগ্নিমারুত-যাগে এই সূক্ত মরুদ্গণ-সম্বন্ধে প্রযুজ্য। এই বিষয়ে সূত্রিত আছে,—'প্র যে শুম্ভন্তে জনস্য গোপা ইত্যাগ্নিমারুতং।' (আ০ ৭।৭) ইতি॥

• • •

প্রথমমণ্ডলস্য পঞ্চাশীতিতমে সূক্তে প্রথমা ঋক্। মরুতঃ দেবতাঃ।
অভিপ্লবষড়হে বিনিয়োগঃ।

• • •

প্রথমা ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। প্রথমা ঋক্।)

প্র যে শুম্ভন্তে জনয়ো ন সপ্তয়ো

যামন্রুদ্রস্য সূনবঃ সুদংসসঃ।

রোদসী হি মরুতশ্চক্রিরে বৃধে মদন্তি

বীরা বিদথেষু ঘৃষ্বয়ঃ ॥ ১ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

প্র। যে। শুম্ভন্তে। জনয়ঃ। ন। সপ্তয়ঃ।

যামন্। রুদ্রস্য। সূনবঃ। সুহদংসসঃ।

রোদসী ইতি। হি। মরুতঃ। চক্রিরে। বৃধে। মদন্তি।

বীরাঃ। বিদথেষু। ঘৃষ্বয়ঃ ॥ ১ ॥

• • •

মন্ত্রানুসারিণী-ব্যাখ্যা।

'যাযন্' (যাযনি, গমনে, লোকানাং হৃদয়ে উপস্থিতে সতি) 'সুদংসসঃ' (শোভনকর্ম্মাণঃ, সৎকর্ম্মকারয়িতারঃ) 'রুদ্রস্য সূনবঃ' (ভগবতঃ রুদ্রভাবাৎ উৎপন্নাঃ, ভগবতঃ অঙ্গীভূতাঃ ইত্যর্থঃ) 'যে' (দেবাঃ—বিবেকরূপিণঃ ইতি যাবৎ) 'জনয়ঃ ন' (জনন্যঃ ইব, জননী যথা স্বতনয়ান সদৈব অবিচ্ছেদেন জ্ঞানশিক্ষাং দদাতি তদ্বৎ) 'সপ্তয়ঃ' (জ্ঞানপ্রদাতরঃ সন্তঃ) 'প্র শুম্ভন্তে' (প্রকৃষ্টরূপেণ দীপ্যন্তে, লোকান্ জ্ঞানালোকদানং কুর্ব্বন্তি ইত্যর্থঃ); তে 'মরুতঃ' (বিবেকরূপিণঃ দেবাঃ) 'হি' (নিশ্চিতমেব) 'রোদসী' (দ্যাবাপৃথিব্যৌ) 'বৃধে' (প্রবর্দ্ধিতে, সদ্গুণবিভূষিতে) 'চক্রিরে' (কুর্ব্বন্তি); 'ঘৃষয়ঃ' (ঘর্ষণশীলাঃ, লোকান্ তাড়য়িত্বা সৎপথি নয়নকর্ত্তারঃ) 'বীরাঃ' (বীর্য্যসম্পন্নাঃ, পরৈঃ অনভিভূতাঃ তে দেবাঃ) 'বিদথেষু' (সৎকর্ম্মসু) 'মদন্তি' (হৃষ্যন্তি, তৃপ্তাঃ ভবন্তি); যদ্বা—'বীরাঃ' (রিপুভিঃ অনাহতাঃ, শ্রেষ্ঠপুরুষাঃ) 'ঘৃষয়ঃ' (বিবেকরূপৈঃ দেবৈঃ তাড়যন্তঃ সন্তঃ) 'বিদথেষু' (সৎকর্ম্মসু, সৎকর্ম্মপরায়ণাঃ সন্তঃ ইতি ভাবঃ) 'মদন্তি' (হ্লাদন্তে, আনন্দং প্রাপ্নুবন্তি)। অয়ং ভাবঃ—বিবেকঃ মনুষ্যান্ সৎপথি নয়ন্তি; বিবেকস্য তাড়নয়া ক্লেশং অনুভূয় যে সৎকর্ম্মণি নিয়োজিতাঃ ভবন্তি তে সুখিনঃ সন্তি। (১ম—৮৫সূ—১ঋ)।

• • •

বঙ্গানুবাদ।

মনুষ্যগণের হৃদয়ে উপস্থিত হইলে, সৎকর্ম্মকারয়িতা, ভগবানের রুদ্রভাব হইতে উৎপন্ন অর্থাৎ ভগবানের অঙ্গীভূত, বিবেক-রূপী যে দেবগণ, জননীগণের ন্যায় (জননী যেমন আপনার পুত্রগণকে সদাকাল অবিচ্ছেদে জ্ঞানশিক্ষা প্রদান করেন—সেইরূপ) জ্ঞানপ্রদাতা হইয়া প্রকৃষ্টরূপে বিদ্যমান হয়েন; অর্থাৎ, মনুষ্যগণকে জ্ঞানালোক দান করেন। বিবেক-রূপী সেই দেবতাগণ (মরুদ্গণ) নিশ্চয়ই দ্যাবাপৃথিবীকে প্রবর্দ্ধিত অর্থাৎ সদ্গুণবিভূষিত করিয়া থাকেন; ঘর্ষণশীল অর্থাৎ মনুষ্যগণকে তাড়না করিয়া সৎপথে আনয়নকর্ত্তা, বীর্য্যসম্পন্ন অর্থাৎ অপরের কর্ত্তৃক অনভিভূত সেই দেবগণ, সৎকর্ম্মসমূহে আনন্দলাভ করেন—তৃপ্ত হয়েন; অথবা—রিপুগণ কর্ত্তৃক অনাহত শ্রেষ্ঠ পুরুষগণ বিবেকরূপী দেবগণ কর্ত্তৃক তাড়না প্রাপ্ত হইয়া, সৎকর্ম্মসমূহে অর্থাৎ সৎকর্ম্মপরায়ণ হইয়া, আনন্দ প্রাপ্ত হয়েন। (ভাব এই যে,—বিবেক মনুষ্যগণকে সৎপথে লইয়া যায়; বিবেকের তাড়নায় ক্লেশ অনুভব করিয়া যাঁহারা সৎকর্ম্মে নিয়োজিত হয়েন, তাঁহারাই সুখী হইয়া থাকেন।) ॥ (১ম—৮৫সূ—১ঋ) ॥

• • •

সায়ণ-ভাষ্যং।

যে মরুতো যামন্ যামনি গমনে নিমিত্তভূতে সতি প্র শুম্ভন্তে। প্রকর্ষেণ স্বকীয়ান্যঙ্গান্যলঙ্কুর্ব্বন্তি। জনয়ো ন। জায়া ইব। যথা যোষিতঃ স্বকীয়ান্যঙ্গান্যলঙ্কুর্ব্বন্তি তদ্বৎ। কীদৃশা মরুতঃ। সপ্তয়ঃ। সর্পণশীলাঃ। রুদ্রস্য সূনবঃ। রোদয়তি সর্ব্বমন্তকাল ইতি রুদ্রঃ পরমেশ্বরঃ। তস্য পুত্রাঃ। সুদংসসঃ। শোভনকর্ম্মাণঃ। এতদেবোপপাদয়তি। হি যস্মান্ মরুতো রোদসী দ্যাবাপৃথিব্যৌ বৃধে বৃষ্টিপ্রদানাদিনা বর্দ্ধনায় চক্রিরে কৃতবন্তঃ। অতঃ সুদংসস ইত্যর্থঃ। বীরা বিশেষেণ শত্রুক্ষেপণশীলাঃ। ঘৃষ্বয়ঃ। ঘর্ষণশীলাঃ। মহীরুহশিলোচ্চয়াদের্ভঞ্জকা ইত্যর্থঃ। এবংভূতাস্তে মরুতো বিদথেষু। বিদন্ত্যেষু যষ্টব্যতয়া দেবানিতি বিদথা যজ্ঞাঃ। তেষু মদন্তি। সোমপানেন হৃষ্যন্তি।

শুম্ভন্তে। শুভ শুম্ভ দীপ্তৌ। ভৌবাদিকঃ। জনয়ঃ। জায়ন্তে তাস্বপত্যানীতি জনয়ো জায়াঃ। ইন সর্ব্বধাতুভ্য ইত্যন প্রত্যয়ঃ। যামন্। যা প্রাপণে। কৃত্যল্যুটো বহুলমিতি বহুলবচনাদাতো মনিন্নিতি ভাবে মনিন্। সুপাং সুলুগিতি সপ্তম্যা লুক্। সুদংসসঃ। দংস ইতি কর্ম্মনাম। শোভনং দংসো যেষাং। সোর্ম্মনসী অলোমোষসী ইত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং। চক্রিরে। হি চেতি নিঘাতপ্রতিষেধঃ। বৃধে। বৃধু বৃদ্ধৌ। সম্পদাদিলক্ষণো ভাবে ক্বিপ্।

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'যে' মরুদ্গণ 'যামন' (যামনি) গমনে নিমিত্তভূত হইলে 'প্র শুম্ভন্তে' প্রকর্ষের দ্বারা আপনার অঙ্গসমূহকে অলঙ্কৃত করেন। 'জনয়ঃ ন' জায়ার ন্যায়, যোষিদ্গণ যেমন আপনাদিগের অঙ্গসমূহকে অলঙ্কৃত করে, সেইরূপ। কীদৃশ মরুদ্গণ? 'সপ্তয়ঃ' সর্পণশীল 'রুদ্রস্য সূনবঃ' (অন্তকালে সকলকে রোদন করান—এই অর্থে রুদ্র পদ হয়) পরমেশ্বরের পুত্রগণ। 'সুদংসসঃ' শোভনকর্ম্মকারিগণ। ইহাই উপাপাদিত হইতেছে; 'হি' যে-হেতু 'মরুতঃ' মরুদ্গণ 'রোদসী' দ্যাবাপৃথিবীকে 'বৃধে' বৃষ্টিপ্রদানাদির দ্বারা বর্দ্ধনের নিমিত্ত 'চক্রিরে' করিয়াছিলেন, এইহেতু সুদংসসঃ—ইহাই অর্থ। 'বীরাঃ' বিশেষপ্রকারে শত্রুক্ষেপণশীল 'ঘৃষ্বয়ঃ' ঘর্ষণশীল অর্থাৎ মহীরুহের ও শিলোচ্চয়াদির ভঙ্গকারী। এবম্ভূত সেই মরুদ্গণ 'বিদথেষু' যষ্টব্য দেবগণকে যদ্দ্বারা জানা যায়—এই অর্থে, বিদথ-শব্দে যজ্ঞ বুঝায়। তৎসমুদায়ে 'মদন্তি' সোমপানের দ্বারা আনন্দিত হন।

শুম্ভন্তে। শুভ ও শুম্ভ ধাতু দীপ্তি অর্থ প্রকাশ করে। ভ্বাদিগণীয়। জনয়ঃ। অপত্যসকল তাহাদিগে উৎপন্ন হয়—এই অর্থে জনয়ঃ পদে জায়াসকলকে বুঝায়। 'ইন্ সর্ব্বধাতুভ্যঃ' ইত্যাদি সূত্রে ইন্ প্রত্যয়। যামন্। যা ধাতু প্রাপণার্থক। 'কৃত্যল্যুটো বহুলম্' ইত্যাদি সূত্রে বহুল বচন-হেতু 'আতো মনিন্' ইত্যাদি সূত্রে ভাবে মনিন্। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে সপ্তমীর লোপ। সুদংসসঃ। দংসঃ এই পদ কর্ম্মনাম বাচক। শোভন দংস যাহার—এই বাক্যে ঐ পদ সিদ্ধ হয়। 'সোর্ম্মনসী অলোমষসী' ইত্যাদি সূত্রে উত্তর পদের আদ্যুদাত্তত্ব। 'চক্রিরে' 'হি চ' ইত্যাদি সূত্রে নিঘাতের প্রতিষেধ। বৃধে। বৃধু ধাতু বৃদ্ধি অর্থ-প্রকাশক। সম্পদাদি লক্ষণে ভাবে ক্বিপ্। 'দাবেকাচঃ' ইত্যাদি সূত্রে বিভক্তির

শাবেকাচ ইতি বিভক্তেরুদাত্তত্বং। মদন্তি। মদী হর্ষে। শুনি প্রাপ্তে ব্যত্যয়েন শপ্। পাদাদিত্বাৎ নিঘাতাভাবঃ। বিদথেষু। বিদ জ্ঞানে। রুদিবিদিভ্যাং কিদিত্যথপ্রত্যয়ঃ। ঘৃষ্বয়ঃ। ঘৃষু সংঘর্ষে। কৃবিঘৃষ্বীত্যাদিনা বিন্ প্রত্যয়ান্তো নিপাত্যতে॥ (১ম—৮৫সূ—১ঋ)॥

প্রথম (৯২২) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহাতে মরুদ্গণকে মনুষ্য-প্রকৃতি-বিশিষ্ট বলিয়াই সাধারণতঃ মনে হয়। কেবল একটি অংশে একটু সংশয় আসে। সে অংশটি—"মরুতঃ হি রোদসী বৃধে চক্রিরে।" ইহার প্রচলিত অর্থ এই যে,—'মরুদ্গণ দ্যুলোকের ও ভূলোকের বৃদ্ধি-সাধন করিয়াছিলেন।' তাঁহারা যদি মনুষ্য হইতেন, তাহা হইলে দ্যুলোকের ও ভূলোকের বৃদ্ধিসাধন তাঁহারা কিরূপে করিয়াছিলেন, তাহা বুঝা যায় না। যাহা হউক, উক্তবিধ অর্থ উপলক্ষেই মরুদ্গণকে ঝড়-ঝঞ্ঝাবাত বা তাহাদের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়া নির্দ্দেশ করা হইয়া থাকে। বৃষ্টির পূর্ব্বে ঝড়-ঝঞ্ঝাবাত উপস্থিত হইবার প্রাক্কালে, মেঘের বর্ণ-বৈচিত্র্য দৃষ্ট হয়,—বিদ্যুদ্বিকাশ প্রকাশ পায়,—আকাশ রূপান্তর পরিগ্রহ করে। মরুদ্গণের অলঙ্কার-ধারণ পরিকল্পনার ইহাই কারণ। ঝড়-ঝঞ্ঝাবাতের প্রবল বেগ বলিয়াই বোধ হয় তাঁহাদিগকে 'রুদ্রের পুত্র' বলা হয়। এতদ্ভিন্ন, প্রচলিত ব্যাখ্যাদিতে আর আর যে সকল ভাব প্রকাশ পাইয়াছে, তাহাতে মানুষ ভিন্ন তাঁহাদিগকে অন্য কিছুই মনে করা যায় না। দুই প্রকারের দুইটি ব্যাখ্যা নিম্নে উদ্ধৃত করিতেছি। তাহাতে তাঁহাদিগের সম্বন্ধে কি ভাব মনে আসিতে পারে, বুঝিয়া দেখুন;—

> "মরুদ্গণ গমন কালে স্বীয় শরীর স্ত্রীলোকের ন্যায় অলঙ্কৃত করেন, তাঁহারা গমনশীল রুদ্রের পুত্র; এবং হিতকর কার্য্য দ্বারা আকাশ ও পৃথিবীর বর্দ্ধন সাধন করেন। বীর ও বর্ষণশীল মরুদ্গণ যজ্ঞে হব্য প্রাপ্ত হন।"

উদাত্তত্ব। মদন্তি। মদী ধাতু হর্ষ অর্থ প্রকাশ করে। শুন্ প্রাপ্ত হওয়ায় ব্যত্যয়ের দ্বারা শপ্। পাদাদিত্ব-হেতু নিঘাতের অভাব। বিদথেষু। বিদ ধাতু জ্ঞানার্থক। 'রুদিবিদিভ্যাং কিৎ' ইত্যাদি নিয়মে অথ-প্রত্যয়। 'ঘৃষ্বয়ঃ'। ঘৃষু ধাতু সংঘর্ষ অর্থ বুঝায়। 'কৃবি ঘৃষু' ইত্যাদিতে বিন্-প্রত্যয়ান্ত নিপাতনসিদ্ধ হয়॥ (১ম ৮৫সূ—১ঋ)॥

উপরি-উদ্ধৃত ব্যাখ্যায়ও, "আকাশ ও পৃথিবীর বর্দ্ধন সাধন করেন"—এই অংশ ভিন্ন, অপরাপর অংশের বর্ণনায় তাঁহারা মানুষ ছিলেন বলিয়াই প্রতিপন্ন হয়েন। মন্ত্রের একটি ইংরাজী অনুবাদও নিম্নে প্রকাশ করিতেছি। তাহাতেও ঐ একই প্রকার ভাব প্রাপ্ত হইবেন।

"They who are glancing forth, like women, on their way, doers of mighty deeds, swift racers, Rudra's Sons,

The Maruts have made heaven and earth increase and grow: in sacrifices they delight, the strong and wild."

পুরুষ হইয়াও স্ত্রীলোকের মত অলঙ্কার পরিয়া গমন করেন এবং তাঁহারা রুদ্রের পুত্র;—এরূপ বর্ণনায় যাহা মনে আসিতে পারে, তাহা আর বুঝাইবার আবশ্যক করে না। কিন্তু, বলিয়াছি তো, সংশয় থাকিয়া যায়—"রোদসী বৃধে চক্রিরে" প্রভৃতি অংশের অর্থ-উপলক্ষে।

যাহা হউক, আমরা মন্ত্রটিতে যে ভাব পরিগ্রহণ করি, এক্ষণে তাহা একটু বিশ্লেষণ করা যাইতেছে। এ পক্ষে আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যার অনুসরণে প্রত্যেক পদের মর্ম্ম অনুধাবন করা আবশ্যক। আমরা পূর্ব্বেই বলিয়াছি, মরুদ্গণ বলিতে বিবেকরূপী দেবগণকে বুঝাইয়া থাকে। সে বোধ সঞ্জাত হইলে, তাৎপর্য্য পরিগ্রহণে দ্বিধা আসিতে পারে না। এক একটি পদের অর্থের প্রতি দৃষ্টি আকর্ষণ করিতেছি। তাহাতেই ভাব পরিস্ফুট হইবে। প্রথম—'যামন্' পদ। ঐ পদের অর্থ বিষয়ে আমরা ভাষ্যেরই অনুসরণ করি। উহা সপ্তমীর পদ-রূপে গৃহীত হইয়াছে। উহার প্রতিবাক্য 'গমনে' পদ হইতে ভাব আসে—'মানুষের হৃদয়ে উপস্থিত হইলে।' মানুষের হৃদয়ে বিবেকের অভ্যুদয় হইলে, বিবেক যে কি সুফল প্রদান করে, মন্ত্রের প্রথম চরণে তাহাই পরিব্যক্ত দেখি। সেই বিবেকরূপী দেবগণ 'সুদংসসঃ' অর্থাৎ সৎকর্ম্মের কারয়িতা। বিবেকের উদয়ে মানুষ যে সৎকর্ম্মপর হয়, তাহা বলাই বাহুল্য। বিবেকের ঐ কার্য্যকারিতার বিষয় 'সুদংসসঃ' পদে প্রকাশ পাইয়াছে। বিবেককে কেন যে 'রুদ্রস্য সূনবঃ' বলা যাইতে পারে, তাহার বিষয় পূর্ব্বেও (১ম—৬৪সূ—১২ঋ প্রভৃতিতে) আমরা বুঝাইয়া আসিয়াছি। বিবেক

যে ভগবানের অঙ্গীভূত, উহা যে তাঁহার কঠোর ভাব হইতে উৎপন্ন; তাই ঐরূপে বিবেককে পরিচিত করা যায়। 'জনয়ঃ ন' উপমায় বিবেক যে জননীর ন্যায় অবিচ্ছেদে জ্ঞানশিক্ষা প্রদান করে, তাহাই বুঝিতে পারি। এইরূপ গুণের দ্বারাই, তাড়না করিয়া বিপথ হইতে সৎপথে আনয়ন করার জন্যই, বিবেকের প্রভা প্রকাশ পায়। 'প্র শুভন্তে' ক্রিয়া-পদে তাঁহার সেই প্রকৃষ্টত্বের নির্দ্দেশ দেখি।

ব্যাখ্যা উপলক্ষে মন্ত্রের দ্বিতীয় চরণটিকে আমরা দুই ভাগে বিভক্ত করিয়াছি। তাহাতে "মরুতঃ হি রোদসী বৃধে চক্রিরে" বাক্যাংশের ভাব প্রাপ্ত হইয়াছি,—'বিবেকরূপী দেবগণই দ্যুলোককে ও ভূলোককে সদ্গুণ-বিভূষিত করিয়া থাকেন।' বিবেকোদয়েই মানুষ সদ্গুণসম্পন্ন হয়। সদ্গুণান্বিত মানুষের কৃপায়, জীবের ইহলোকের ও পরলোকের হিত-সাধন হইয়া থাকে। সেই ভাবই এখানে প্রকাশমান্ দেখি। মন্ত্রের শেষ অংশটিতে আমরা দুই প্রকার সঙ্গত ভাব প্রাপ্ত হই। ঐ অংশকে দেবগণ-সম্বন্ধে প্রযুক্ত বলিয়াও মনে করা যায়; আবার, ঐ অংশ শ্রেষ্ঠ মনুষ্য-সম্বন্ধেও প্রযুক্ত হইয়াছে বলিয়া স্বীকার করিতে পারি। সে পক্ষে 'বীরাঃ' পদে 'অন্য-কর্ত্তৃক অনভিভূত' অর্থাৎ 'অদ্বিতীয় শক্তি-সম্পন্ন দেবগণ' অর্থও আসিতে পারে। আবার, মনুষ্য-পক্ষে ঐ পদে 'রিপুগণ-কর্ত্তৃক অনাহত শ্রেষ্ঠ-পুরুষ' অর্থও আসিয়া থাকে। 'ঘৃষ্বয়ঃ' পদে দেবতার পক্ষে যে এই ভাব প্রকাশ পায় যে, তাঁহারা মনুষ্যগণকে তাড়নার দ্বারা সৎকর্ম্মে প্রবর্ত্তিত করেন। আবার, মনুষ্য-পক্ষে প্রযুক্ত হইলে, ঐ পদের ভাব প্রাপ্ত হই—'বিবেকরূপী দেবগণ কর্ত্তৃক তাড়না প্রাপ্ত হইয়া যাঁহারা সৎপথানুবর্ত্তী হয়েন।' এইরূপ, 'বিদথেষু' পদেরও দুই পক্ষেই সার্থক প্রয়োগ প্রতিপন্ন হয়। দেবগণ—দেবভাবসমূহ, সৎকর্ম্মের সহিত—যজ্ঞের সহিত—ওতঃপ্রোতঃ বিদ্যমান্ থাকেন। ইহা নিত্য-সত্য। তাহাই তাঁহাদিগের আনন্দ। 'মদন্তি' পদের প্রয়োগে সেই সার্থকতা দৃষ্ট হয়। পক্ষান্তরে 'বিদথেষু' পদে সৎকর্ম্মের মধ্যে থাকিয়া অর্থাৎ সৎকর্ম্ম-পরায়ণ হইয়া মানুষ যে পরমানন্দ লাভ করে (মদন্তি), এই ভাব প্রকাশ পায়। ফলতঃ, ঐ অংশের প্রয়োগ মনুষ্য-পক্ষেও সঙ্গত হয়, এবং দেবতা-পক্ষেও উহার সঙ্গতি দেখি।

ঋগ্বেদ-সংহিতা।

(প্রথমোঽষ্টকঃ।)

(১৩৪)

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা

ব্যাখ্যাতা সম্পাদিতা চ।

হাওড়া-সহরস্থে

"পৃথিবীর ইতিহাস" মুদ্রা-যন্ত্রে

শ্রীধীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা

মুদ্রিতা প্রকাশিতা চ।

--:•:--

১৩২৯ সালাব্দাঃ।

এই সকল বিষয় বিবেচনা-পূর্ব্বক মন্ত্রের আলোচনা করিলে বুঝিতে পারি, বিবেকের নির্দ্দেশে সৎকর্ম্মপরায়ণ হইয়া মানুষ যে পরম-সুখের অধিকারী হইতে পারেন এবং অপরকেও যে সে সুখী করিতে সমর্থ হয়েন,—এই তত্ত্বই এই মন্ত্রে প্রকটিত রহিয়াছে। ঝড়-ঝঞ্ঝাবাত বা অপর কিছু বুঝাইবার পক্ষে অর্থ গ্রহণ করিতে গেলে, বহু প্রকার কল্পনায় অধ্যাস আবশ্যক হইয়া পড়ে। অধিষ্ঠাত্রী দেবতা বলিতে গেলেও, বিবেক-রূপেই তাঁহার বিদ্যমানতা প্রতিপন্ন হইয়া থাকে। (১ম—৮৫সূ—১ঋ)।

দ্বিতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। দ্বিতীয়া ঋক্।)

ত উক্ষিতাসো মহিমানমাশত দিবি রুদ্রাসো

অধিচক্রিরে সদঃ।

অর্চ্চন্তো অর্কং জনয়ন্ত ইন্দ্রিয়মধিশ্রিয়ো

দধিরে পৃশ্নিমাতরঃ ॥ ২ ॥

পদ-বিশ্লেষণং।

তে। উক্ষিতাসঃ। মহিমানং। আশত। দিবি। রুদ্রাসঃ।

অধি। চক্রিরে। সদঃ।

অর্চ্চন্তঃ। অর্কং। জনয়ন্তঃ। ইন্দ্রিয়ং। অধি। শ্রিয়ঃ।

দধিরে। পৃশ্নিঽমাতরঃ ॥ ২ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'উক্ষিতাসঃ' (অভীষ্টবর্ষকাঃ) 'রুদ্রাসঃ' (কঠোরভাবসম্পন্নাঃ, তাড়নয়া লোকান্ সৎপথি নিয়ন্তারঃ ইত্যর্থঃ) 'তে' (দেবাঃ—বিবেকরূপিণঃ ইতি যাবৎ) 'মহিমানং' (মহত্ত্বোপেতং জনং) 'আশত' (প্রাপ্নুবন্তি), তথা 'অধি' (আধিক্যেন, সর্ব্বতোভাবেন—তস্য হিতায় ইতি যাবৎ) 'দিবি' (দ্যুলোকে) 'সদঃ' (আসনং, স্থানং) 'চক্রিরে' (নির্দ্দেশং কুর্ব্বন্তি ইত্যর্থঃ); 'পৃশ্নিমাতরঃ' (জ্ঞানপ্রদাতরঃ তে দেবাঃ) 'অর্কং' (তেজঃ, ভগবন্তং ইত্যর্থঃ) 'অর্চ্চন্তঃ' (অর্চ্চয়ন্তঃ, পূজয়ন্তঃ, মনুষ্যৈঃ পূজয়িত্বা ইত্যর্থঃ) তথা 'ইন্দ্রিয়ং' (সর্ব্বং জ্ঞানং) 'জনয়ন্তঃ' (উৎপাদয়ন্তঃ—লোকানাং হৃদয়ে ইতি যাবৎ) 'শ্রিয়ঃ' (ঐশ্বর্য্যাণি—ধর্ম্মার্থকামমোক্ষ-রূপাণি) 'অধি' (আধিক্যেন, সর্ব্বতোভাবেন—লোকহিতায় ইতি যাবৎ) 'দধিরে' (ধারয়ন্তি, লোকান্ প্রযচ্ছন্তি ইত্যর্থঃ)। অয়ং ভাবঃ—বিবেকরূপিণঃ দেবাঃ লোকহিতায় স্বর্গে শ্রেষ্ঠস্থানং প্রযচ্ছন্তি; তেষাং দেবানাং কৃপয়া এব মনুষ্যঃ চতুর্বর্গস্য ফলস্য অধিকারী ভবতি॥ (১ম—৮৫সূ—২ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

অভীষ্টবর্ষক, কঠোর ভাবসম্পন্ন অর্থাৎ তাড়নার দ্বারা মনুষ্যগণকে সৎপথে নিয়ন্তা, সেই বিবেকরূপী দেবগণ—মহত্ত্বযুক্ত জনকে প্রাপ্ত হয়েন, এবং তাঁহার হিতের জন্য সর্ব্বতোভাবে দ্যুলোকে স্থান নির্দ্দেশ করেন। জ্ঞানপ্রদাতা সেই দেবগণ, ভগবানকে অর্চ্চনা করাইয়া এবং সকল জ্ঞানকে মনুষ্যের হৃদয়ে উৎপন্ন করাইয়া, ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ ঐশ্বর্য্যসমূহকে লোকহিতের নিমিত্ত অধিক প্রকারে ধারণ করিয়া থাকেন—মনুষ্যগণকে প্রদান করেন। (ভাব এই যে,—বিবেকরূপী দেবগণ মানুষের জন্য স্বর্গে শ্রেষ্ঠ স্থান প্রদান করেন; সেই দেবগণের কৃপাতেই মানুষ চতুর্ব্বর্গ ফলের অধিকারী হইয়া থাকেন।)॥ (১ম—৮৫সূ—২ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

যে পূর্ব্বোক্তগুণবিশিষ্টাস্তে মরুত উক্ষিতাসো দেবৈরভিষিক্তাঃ সন্তো মহিমানং মহত্ত্বমাশত আপ্নুবন্। রুদ্রাসো রুদ্রস্য পুত্রাঃ। উপচারাজ্জন্যে জনকশব্দঃ। তে রুদ্রপুত্রা মরুতো

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

যাঁহারা পূর্ব্বোক্ত গুণবিশিষ্ট, 'তে' সেই মরুদ্গণ 'উক্ষিতাসঃ' দেবগণ কর্ত্তৃক অভিষিক্ত হইয়া 'মহিমানং' মহত্ত্বকে 'আশত' প্রাপ্ত হইয়াছিলেন। 'রুদ্রাসঃ' রুদ্রের পুত্রগণ (উপচার

দিবি দ্যোতমানে নভসি সদঃ সদনং স্থানমধি চক্রিরে। অধিকং সর্ব্বোৎকৃষ্টং কৃতবন্তঃ। অর্কমর্চ্চনীয়মিন্দ্রমর্চ্চন্তঃ পূজয়ন্ত ইন্দ্রিয়মিন্দ্রস্য লিঙ্গং বীর্য্যং জনয়ন্তঃ। প্রহর ভগবো জহি বীরযস্বেত্যেবং রূপেণ বাক্যেনোৎপাদয়ন্তঃ। পৃশ্নিমাতরঃ পৃশ্নের্নানারূপায়া ভূমেঃ পুত্রা মরুতঃ শ্রিয় ঐশ্বর্য্যাণ্যপিদধিরে। আধিক্যেনাধারয়ন্॥

উক্ষিতাসঃ। উক্ষ সেচনে। কর্ম্মণি নিষ্ঠা। আজ্জসেরসুক্। মহিমানং। মহচ্ছব্দাৎ পৃথ্বাদিলক্ষণ ইমনিচ্। টেরিতি টিলোপঃ। আশত। অশূ ব্যাপ্তৌ। লঙি বহুলং ছন্দসীতি বিকরণস্য লুক্। ইন্দ্রিয়ং। ইন্দ্রিয়মিন্দ্রলিঙ্গমিন্দ্রদৃষ্টমিতি ঘচ্-প্রত্যয়ান্তো নিপাত্যতে। পৃশ্নিমাতরঃ। প্রাশ্নুতে সর্ব্বাণি রূপাণীতি পৃশ্নির্ভূমিঃ। শ্রূয়তে চ। ইয়ং বৈ পৃশ্নিঃ। ঘৃণিপৃশ্নিরিত্যাদৌ নিপাতনাদভিমতরূপসিদ্ধিঃ। পৃশ্নির্মাতা যেষাং তে তথোক্তাঃ ঋত-শ্ছন্দসি। (পা০ ৫।৪।১৫৮)। ইতি সমাসান্তস্য কপঃ প্রতিষেধঃ॥ (১ম—৮৫সূ—২ঋ)॥

• • •

দ্বিতীয় (৯২৩) ঋকের বিশদার্থ।

—০০:০ × ০:০০—

যে অর্থ প্রচলিত আছে, তাহার আভাস প্রদান করিলে আমাদিগের পরিগৃহীত অর্থের মর্ম্ম একটু সহজবোধ্য হইবে বলিয়াই প্রচলিত ব্যাখ্যা-সমূহের মর্ম্ম আমরা সংক্ষেপে প্রকাশ করিয়া আসিতেছি। এই মন্ত্রের যে অর্থ প্রচলিত আছে, তাহাতে মরুদ্গণকে আর দেবতা বলিয়া মনে

জন্য জনকশব্দ) সেই রুদ্রপুত্র মরুদ্গণ 'দিবি' দ্যোতমান নভঃপ্রদেশে 'সদঃ' সদনকে স্থানকে 'অধি চক্রিরে অধিক অর্থাৎ সর্ব্বোৎকৃষ্ট করিয়াছিলেন। 'অর্কং' অর্চ্চনীয় ইন্দ্রকে 'অর্চ্চন্তঃ' পূজা করিয়া 'ইন্দ্রিয়ং' ইন্দ্রের লিঙ্গকে বীর্য্যকে উৎপাদন করিয়া ('প্রহর ভগবো জহি বীরয়স্ব' —এইরূপ বাক্যের দ্বারা উৎপন্ন করিয়া) 'পৃশ্নিমাতরঃ' পৃশ্নির অর্থাৎ নানারূপ-বিশিষ্ট ভূমির পুত্র মরুদ্গণ 'শ্রিয়ঃ' ঐশ্বর্য্যসমূহকে 'অধি দধিরে' আধিক্যের সহিত ধারণ করিয়াছিলেন।

উক্ষিতাসঃ। উক্ষ ধাতু সেচনার্থক। কর্ম্মণিবাচ্যে নিষ্ঠা। 'আজ্জসেরসুক্' ইত্যাদি সূত্রে অসুক্-প্রত্যয়। 'মহিমানং'। মহৎ শব্দ-হেতু পৃথ্বাদি-লক্ষণে ইমনিচ্ প্রত্যয়ঃ। 'টেঃ' ইত্যাদি সূত্রে টি-লোপ। 'আশত'। অশূ ধাতু ব্যাপ্তি অর্থ প্রকাশ করে। লঙে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে বিকরণের লোপ। 'ইন্দ্রিয়মিন্দ্রলিঙ্গমিন্দ্রদৃষ্টং' ইত্যাদি সূত্রে ঘচ্ প্রত্যয়ান্ত নিপাতন-সিদ্ধ। পৃশ্নিমাতরঃ। প্রাশ্নুতে সর্ব্বাণি রূপাণি—এই বাক্যে পৃশ্নি শব্দে ভূমি বুঝায়। শ্রুতি আছে—'ইয়ং বৈ পৃশ্নিঃ' (তৈ০ ব্রা০ ১।৪।১)। 'ঘৃণি পৃশ্নিঃ' ইত্যাদি নিপাতন-হেতু অভিমত-রূপ সিদ্ধ হয়। পৃশ্নি মাতা যাঁহাদিগের তাঁহারা—এই বাক্যে পৃশ্নিমাতরঃ পদ হয়। 'ঋতশ্ছন্দসি' ইত্যাদি সূত্রে (পা০ ৫।৪।১৫৮) সমাসান্তের কপঃ-প্রতিষেধ। (১ম - ৮৫সূ—২ঋ)।

• • •

হয় না। তাঁহারা দেবগণের নিকট অভিষিক্ত হইয়া মহত্ত্ব প্রাপ্ত হইয়াছিলেন ; এবং ইন্দ্রের অর্চ্চনা করিয়া তাঁহারা ইন্দ্রকেও যশস্বী করেন এবং আপনারাও ঐশ্বর্য্য প্রাপ্ত হন। এবম্প্রকার ভাবই মন্ত্রার্থে প্রকাশমান্ দেখি। এই অর্থ এবং আমাদিগের পরিগৃহীত অর্থ বুঝিবার পক্ষে পদাবলির বিশ্লেষণে মর্ম্মানুসরণ আবশ্যক বলিয়া মনে করি।

মন্ত্রে একটী 'উক্ষিতাসঃ' পদ আছে। সেচনার্থক উক্ষ-ধাতু হইতে ঐ পদ ব্যুৎপন্ন বলিয়া, 'দেবগণ কর্তৃক অভিষিক্ত' অর্থে, ভাষ্যাদিতে ঐ পদ মরুদ্গণের বিশেষণ-মধ্যে গণ্য হইয়াছে। আমরা ঐ দৃষ্টিতেই এই পদের প্রতিবাক্যে 'অভীষ্টবর্ষকাঃ' পদ গ্রহণ করিয়াছি। আমাদিগের মতে, তাঁহারা উক্ষিতা—সেচয়িতা, সুতরাং 'উক্ষিতাসঃ'। 'রুদ্রাসঃ' পদের বিষয় পূর্ব্বে আলোচনা করা হইয়াছে। ভাষ্যাদিতে ঐ পদে 'রুদ্রের পুত্র' এইরূপ অর্থ পরিগৃহীত হইয়া থাকে। আমরা বলি, তাঁহারা 'রুদ্রাসঃ' অর্থাৎ 'রুদ্রাঃ' ;—মনুষ্যগণকে সৎপথে পরিচালিত করিবার পক্ষে কঠোর-ভাবাপন্ন। যে 'আজ্জসেরসুক্' সূত্রানুসারে (পা০ ৭।১।৫০) 'দেবাসঃ' প্রভৃতি পদ সিদ্ধ হয়, এই 'রুদ্রাসঃ' পদও তদনুসারেই সিদ্ধ। সুতরাং এখানে 'রুদ্রের পুত্র'—এরূপ অর্থ কেন আসে ? অথচ, ভাষ্যের অনুসরণে, প্রায় সকল ভাষার ব্যাখ্যাতেই ঐরূপ অর্থই গৃহীত হইয়া আসিতেছে। 'মহিমানং' পদে 'মহত্ত্বকে' এবং 'আশত' পদে 'প্রাপ্ত হইয়াছিলেন'—এইরূপ অর্থ গ্রহণ-পূর্ব্বক ভাষ্যাদিতে নির্দ্দেশ করা হইয়াছে,—'মরুদ্গণ (দেবতার কৃপায়) মহত্ত্ব লাভ করেন।' কিন্তু আমরা বলি, এখানে 'মহিমানং' পদে মহত্ত্বসম্পন্ন জনকে লক্ষ্য করিতেছে। 'আশত' পদে 'প্রাপ্ত হয়েন'—এইরূপ অর্থই সঙ্গতি দেখি। 'আশত' পদের মূল যে অশূ-ধাতু, তাহার 'প্রাপ্তি' অর্থ হইতেই নিত্যবর্ত্তমান ভাবে ঐ অর্থ প্রাপ্ত হইতে পারি। এ পক্ষে ঐ মন্ত্রাংশে, "উক্ষিতাসঃ তে মহিমানং আশত" বাক্যাংশে, ভাব প্রাপ্ত হই,—'মহত্ত্বসম্পন্ন লোককে অভীষ্টপূরক সেই বিবেকরূপী দেবগণ প্রাপ্ত হয়েন।' যাঁহাদিগের হৃদয়ে একটু মহত্ত্বের সঞ্চার হইয়াছে, যাঁহারা একটু সদ্ভাবে প্রণোদিত হইতে পারিয়াছেন, বিবেক তাঁহাদিগকেই প্রাপ্ত হন অর্থাৎ তাঁহারাই বিবেকের অনুসারী হইয়া থাকেন। এ পক্ষে মন্ত্রের প্রথম চরণটীকে নিম্নরূপ

দুই ভাগেও বিভক্ত করিতে পারি। যথা;—(১) "তে উক্ষিতাসঃ মহিমানং আশত;" তথা (২) তে "রুদ্রাসঃ দিবি সদঃ অধি চক্রিরে।" এই প্রকার অন্বয়েও যে ভাব প্রাপ্ত হওয়া যায়, আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় প্রকাশিত অর্থেও সেই ভাবই অধিগত হইবে।

স্বর্গে যে মানুষ স্থানপ্রাপ্ত হয়, তাহারও মূল কারণ—বিবেকের অনুসরণে সৎকর্ম্ম-সমাধানে মানুষের প্রযত্ন। বিবেকরূপী দেবগণই লোকের হিতের নিমিত্ত সর্ব্বতোভাবে স্বর্গে স্থান নির্দ্দেশ করিয়া রাখেন। 'দিবি' পদে ভাষ্যাদিতে 'নভঃস্থলে' অর্থ গৃহীত হইয়াছে। আমরা ঐ পদে দ্যুলোক বা স্বর্গ অর্থ পরিগ্রহণ করি। এইরূপে "দিবি সদ অধি চক্রিরে" বাক্যাংশে, প্রচলিত ব্যাখ্যাদিতে যে অর্থ প্রকাশ পাইয়াছে—"সেই রুদ্র-পুত্র মরুদ্গণ আকাশে স্থান পাইয়াছিলেন," তাহার পরিবর্ত্তে, আমাদিগের অর্থ দাঁড়াইল,—'বিবেকরূপী দেবগণই মহত্ত্বসম্পন্ন লোকের জন্য স্বর্গে স্থান নির্দ্দেশ করেন।'

অতঃপর মন্ত্রের দ্বিতীয় চরণের মর্ম্ম প্রকাশ-পক্ষে চেষ্টা পাইতেছি। এই অংশের 'পৃশ্নিমাতরঃ' পদে 'জ্ঞানপ্রদাতা' অর্থ প্রাপ্ত হই। এ বিষয় পূর্ব্বে আলোচনা করা হইয়াছে। 'অর্কং' পদে ভগবানকে নির্দ্দেশ করে। ঐ পদে ভাষ্যে ইন্দ্রকে লক্ষ্য করা হইয়াছে। কিন্তু এখানে ইন্দ্রের সম্বন্ধ সহসা প্রাপ্ত হওয়া যায় না বলিয়া সাধারণভাবে আমরা এই পদে 'ভগবন্তং' প্রতিবাক্য গ্রহণ করি। কিন্তু 'অর্চ্চন্ত' পদটীকে আমরা 'অর্চ্চয়ন্তঃ' পদের রূপান্তর বলিয়া নির্দ্দেশ করিতেছি। 'জনয়ন্ত' পদ দৃষ্টে ঐ পদের রূপান্তর সিদ্ধান্ত করা যায়। তদনুসারে, মরুদ্গণ যে ইন্দ্রের অর্চ্চনা করিয়াছিলেন, তাঁহারা যে ইন্দ্রের বীর্য্য উৎপাদন করিয়াছিলেন অর্থাৎ তাঁহাদিগের কর্ত্তৃক ইন্দ্র যে সম্পূজিত ও প্রবর্দ্ধিত হইয়াছিলেন,—এ ভাব সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়া যায়। ভাব প্রাপ্ত হওয়া যায়,—তাঁহারাই মনুষ্যগণকে ভগবানের পূজায় নিয়োজিত করেন এবং মনুষ্যের হৃদয়ে সর্ব্বপ্রকার জ্ঞান উৎপন্ন করিয়া থাকেন। 'ইন্দ্রিয়ং' পদে ভাষ্যে 'ইন্দ্রস্য লিঙ্গং বীর্য্যং' প্রতিবাক্য গৃহীত হইয়াছে। আমরা ঐ পদে 'সকল জ্ঞানকে' অর্থ নির্দ্দেশ করি। ইন্দ্রয়—বিবিধ; ইন্দ্রিয়—সর্ব্ববিধ জ্ঞানের আধার। বিবেকরূপী দেবগণ মানুষের মধ্যে

সেই সকল জ্ঞান উন্মেষ করিয়া দেন। এইরূপ ভাবই "অর্কং অর্চন্তঃ" এবং "ইন্দ্রিয়ং জনয়ন্ত" বাক্যাংশে প্রাপ্ত হইতে পারে। তাহারই ফলে, অর্থাৎ ভগবানের পূজায় বিনিবিষ্ট করিয়া এবং সকল জ্ঞানের অধিকারী করিয়া, ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ সকল প্রকার ঐশ্বর্য্যকে সর্ব্বতোভাবে সেই দেবগণই মানুষকে প্রদান করেন। তাঁহারা যে ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়াছিলেন, এবম্প্রকার অর্থের পরিবর্ত্তে; তাঁহাদিগের নিকট হইতে মনুষ্যগণ পরম ধন প্রাপ্ত হন—এই ভাবেই সঙ্গতি দেখিতে পাই। (১ম—৮৫সূ—২ঋ)॥

তৃতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। তৃতীয়া ঋক্।)

গোমাতরো যচ্ছুভয়ন্তে অঞ্জিভিস্তনূষু শুভ্রা

দধিরে বিরুক্মতঃ।

বাধন্তে বিশ্বমভিমাতিনমপ বর্ত্মান্যেষামনু

রীয়তে ঘৃতং॥ ৩॥

পদ-বিশ্লেষণং।

গোঽমাতরঃ। যৎ। শুভয়ন্তে। অঞ্জিঽভিঃ। তনূষু। শুভ্রাঃ।

দধিরে। বিরুক্মতঃ।

বাধন্তে। বিশ্বং। অভিঽমাতিনং। অপ। বর্ত্মানি। এষাং। অনু।

রীয়তে। ঘৃতং॥ ৩॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গোমাতরঃ' (জ্ঞানপ্রদাতরঃ তে দেবাঃ) 'অঞ্জিভিঃ' (রূপাভিব্যঞ্জকৈঃ আভরণৈঃ, সৎকর্ম্মসাধনরূপাভিঃ দীপ্তিভিঃ) 'যৎ' (যদা) 'শুভয়ন্তে' (লোকান্ শোভাযুক্তান্ কুর্ব্বন্তি), তদা 'শুভ্রাঃ' (জ্যোতিষ্মন্তঃ, নির্ম্মলপ্রভাঃ তেঃ দেবাঃ) 'তনূষু' (আত্মসু, স্বশরীরেষু) 'বিরুক্মতঃ' (আকাঙ্ক্ষণীয়াঃ, লোকানাং চিত্তাকর্ষকাঃ শোভাঃ ইত্যর্থঃ) 'দধিরে' (ধারয়ন্তি); তথা তেষাং লোকানাং 'বিশ্বং' (সর্ব্বং) 'অভিমাতিনং' (শত্রুং) 'অপ বাধন্তে' (হিংসন্তি, বিনশ্যন্তি); 'এষাং' (এবম্ভূতানাং দেবানাং) 'বর্ত্মানি' (মার্গান্, নির্দ্দেশান্ ইত্যর্থঃ) 'অনু' (অনুসৃত্য) 'ঘৃতং' (ক্ষরণশীলঃ স্নেহভাবঃ, সাধুনাং প্রীতিভক্তিঃ ইত্যর্থঃ) 'রীয়তে' (স্রবতি, প্রবহতি)। অয়ং ভাবঃ—বিবেকরূপিণঃ দেবাঃ লোকান্ সৎকর্ম্মণি নিয়োজয়িত্বা আত্মনঃ প্রতি আকৃষ্যন্তি; তেন শত্রুঃ নাশপ্রাপ্তঃ ভবতি; সাধূনাং অনুসরণীয়াঃ তে দেবাঃ অতঃ সর্ব্বেষাং আরাধ্যাঃ ॥ (১ম—৮৫সূ—৩ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

জ্ঞানপ্রদাতা সেই দেবগণ রূপাভিব্যঞ্জক আভরণসমূহের দ্বারা অর্থাৎ সৎকর্ম্মসাধন-রূপ দীপ্তিসমূহের দ্বারা যখন মনুষ্যগণকে শোভাযুক্ত করেন, তখন নির্ম্মলপ্রভ জ্যোতিষ্মান্ সেই দেবগণ আপনাদিগের মধ্যেও লোকের চিত্তাকর্ষক শোভা ধারণ করেন, এবং মনুষ্যগণের সকল শত্রুকে নাশ করেন। এবম্ভূত দেবগণের পথসমূহকে অর্থাৎ নির্দ্দেশকে অনুসরণ করিয়া, সাধুগণের প্রীতি-ভক্তি প্রবাহিত হয়। (ভাব এই যে,—বিবেক-রূপী দেবগণ মনুষ্যদিগকে সৎকর্ম্মে নিয়োজিত করিয়া আপনাদিগের প্রতি আকৃষ্ট করেন; তাহাতে শত্রু নাশপ্রাপ্ত হয়; সাধুগণের অনুস্ম-রণীয় সেই দেবগণ অতএব সকলেরই আরাধনীয়।)॥ (১ম—৮৫সূ—৩ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

গোমাতরঃ। গোরূপা ভূমির্মাতা যেষাং তে মরুত অঞ্জিভী রূপাভিব্যঞ্জকৈরাভরণৈর্যদ্যদা শুভয়ন্তে স্বকীয়ান্যঙ্গানি শোভাযুক্তানি কুর্ব্বন্তি। তদানীং শুভ্রা দীপ্তা মরুতস্তনূষু স্বকীয়েষু

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'গোমাতরঃ' গোরূপা ভূমি মাতা যাঁহাদিগের সেই মরুদ্গণ 'অঞ্জিভিঃ' রূপাভিব্যঞ্জক আভরণসমূহের দ্বারা 'যৎ' যখন 'শুভয়ন্তে' আপনাদিগের অঙ্গসমূহকে শোভাযুক্ত করেন, তখন 'শুভ্রাঃ' দীপ্তিমান্ মরুদ্গণ 'তনূষু' আপনাদিগের শরীরসমূহে 'বিরুক্মতঃ' বিশেষ-

শরীরেষু বিরুক্মতঃ বিশেষেণ রোচমামানলঙ্কারান্দধিরো ধারয়ন্তি। অপিচ বিশ্বং সর্ব্বমত্তি-মাত্তিনং শক্রুমপবাধন্তে হিংসন্তি। এষাং মরুতাং বর্ত্মানি মার্গানন্বসৃত্য ঘৃতং ক্ষরণশীলমুদকং রীয়তে স্রবতি। যত্র মরুতো গচ্ছন্তি বৃষ্ট্যুদকমপি তদনুসারেণ তত্র গচ্ছতীত্যর্থঃ॥

শুম্ভয়ন্তে। সংজ্ঞাপূর্ব্বকস্য বিধেরনিত্যত্বাল্লঘুপধগুণাভাবঃ। অঞ্জিভিঃ। অঞ্জু ব্যক্তি-ম্রক্ষণকান্তিগতিষু। স্বনিকষ্যঞ্জ্যসিবসিধ্বনিস্তনিবনিসনিগ্রন্থিচরিভ্যশ্চেতীপ্রত্যয়ঃ। শুভ্রাঃ। শুভদীপ্তৌ। স্ফায়িতঞ্চীত্যাদিনা রক্। বিরুক্মতঃ। বিশিষ্টা রুক্ বিরুক্। তদ্বন্তো বিরুক্মতঃ। মতুপ্যয়স্ময়াদিত্বেন পদত্বাৎ কত্বং। ভত্বাৎ জশ্ত্বাভাবঃ। রীয়তে। রীঙ্ স্রবণে। দৈবাদিকঃ॥ (১ম—৮৫সূ—৩ঋ)॥

• • •

তৃতীয় (৯২৪) ঋকের বিশদার্থ।

যে সকল ব্যাখ্যা এমন পরিদৃষ্ট হয়, তাহা হইতে নানারূপ কষ্ট কল্পনার দ্বারা এই মন্ত্রের অর্থে দুইরূপ ভাব গ্রহণ করিতে পারি। প্রথমতঃ মনে করা যায়,—এখানে মরুদ্গণ অভিধায়ে কোনও মনুষ্য-বিশেষের প্রতি লক্ষ্য রহিয়াছে। দ্বিতীয়তঃ, মনে করিতে পারি,—ঝড়-ঝঞ্ঝাবাতই এখানে মরুদ্দেবগণ নামে পরিচিত হইয়াছে। কিন্তু 'গোমাতরঃ' প্রভৃতি পদের যে সকল অর্থ প্রচলিত রহিয়াছে, তদ্দ্বারা কোনও ভাবই অধিগত হয় না। ঐ পদে 'গাভির পুত্র' প্রতিবাক্য গ্রহণ করিলে কোনই ভাব প্রাপ্ত হয়া যায় না। সে অর্থেও রূপক স্বীকার করিতে

রূপে রোচমান অলঙ্কারসমূহকে 'দধিরে' ধারণ করেন। অপিচ, 'বিশ্বং' সকল 'অত্তি-মাত্তিনং' শক্রকে 'অপ বাধন্তে' হিংসা করেন। 'এষাং' এই মরুদ্গণের 'বর্ত্মানি' মার্গকে 'অনু' অনুসরণ করিয়া 'ঘৃতং' ক্ষরণশীল উদক 'রীয়তে' ধারাসারে প্রবাহিত হয়। যেখানে মরুদ্গণ গমন করেন, বৃষ্টির জলও তদনুসারে সেখানে গমন করে—ইহাই অর্থ।

শুম্ভয়ন্তে। সংজ্ঞাপূর্ব্বক বিধির অনিত্যত্ব-হেতু লঘু উপধার গুণের অভাব। অঞ্জিভিঃ। অঞ্জ্ ধাতুতে ব্যক্তি ম্রক্ষণ কান্তি ও গতি অর্থ বুঝায়। খনি কষি অঞ্জসি বসি ধ্বনি স্তনি বনি সনি গ্রন্থি চরি প্রভৃতিতে ই-প্রত্যয়। শুভ্রাঃ। শুভ ধাতু দীপ্তি অর্থক। 'স্ফায়িতঞ্চি' ইত্যাদি সূত্রে রক্। বিরুক্মতঃ। বিশিষ্ট রুক্—এই বাক্যে বিরুক্। তাহা যুক্ত (তদ্বন্তঃ)—এই অর্থে বিরুক্মন্তঃ। মতুপে। 'অযস্ময়াদি' ইত্যাদি সূত্রের দ্বারা বিহিত পদের জন্য কুত্ব। ভত্ব-হেতু জশ্ত্বের অভাব। রীয়তে। রীঙ্-ধাতু শ্রবণার্থক। দিবাদি-গণীয়॥৩॥

• • •

হয়। ঝড়-ঝঞ্ঝাবাতের প্রতি মরুদ্গণ শব্দের লক্ষ্য আছে মনে করিলে, যেখান হইতে ঝড়-ঝঞ্ঝাবাতের উৎপত্তি, তাহাকেই মরুদ্গণের মাতা বলিয়া নির্দ্দেশ করার প্রয়োজন হইয়া পড়ে। সে দৃষ্টিতে ঝড়-ঝঞ্ঝাবাত-রূপ মরুদ্গণ যে অলঙ্কারে ভূষিত হইয়া থাকেন, তাহা মেঘেরই বর্ণ-বিবর্ত্তন বা রূপান্তর মাত্র। তাঁহারা যে শত্রুনাশ করেন এবং তাঁহাদিগের মধ্যে যে ঘৃত ক্ষরিত হয়, তাহার অর্থ—ঝড়-ঝঞ্ঝাবাতে বা বায়ুভরে মেঘ বিচালিত হইয়া বৃষ্টিপাত ঘটে। এইরূপ দৃষ্টিতেই ঝড়-ঝঞ্ঝাবাত-পক্ষে এই মন্ত্রের অর্থসঙ্গতি সিদ্ধ হইয়া থাকে। অলঙ্কার দ্বারা আপনার অঙ্গের শোভা বৃদ্ধি করা, শত্রুহনন এবং ঘৃত-ক্ষরণ প্রভৃতির দ্বারা মনুষ্য-পক্ষেও অর্থান্তর গ্রহণ করা যাইতে পারে। কিন্তু অপরাপর মন্ত্রের সহিত এই মন্ত্রের সম্বন্ধের বিষয় অনুধাবন করিতে গেলে, উক্তবিধ কোনও সিদ্ধান্তেরই যৌক্তিকতা অক্ষুন্ন থাকে না।

এখন, আমরা যে দৃষ্টিতে অর্থ পরিগ্রহণ করি, তাহার আলোচনা করিতেছি। সে পক্ষে পদাবলির অর্থ ও মর্ম্ম অনুসরণ করা আবশ্যক। 'গোমাতরঃ' পদে আমরা 'জ্ঞানপ্রদাতা' অর্থ গ্রহণ করি। * গো-শব্দের জ্ঞান-অর্থই সাধারণতঃ বেদমন্ত্রের ব্যাখ্যায় প্রতিপন্ন হয়। 'অঞ্জিভিঃ' পদে 'রূপাভিব্যঞ্জক আভরণসমূহের দ্বারা' অর্থ হইতেই 'সৎকর্ম্মসাধন-রূপ দীপ্তিসমূহের দ্বারা' ভাব প্রাপ্ত হওয়া যায়। জ্ঞানই মানুষকে সৎ-কর্ম্মসাধনে অনুপ্রাণিত করে। সৎকর্ম্মসাধনই—মানুষের শ্রেষ্ঠ অলঙ্কার। সৎকর্ম্ম-রূপ ভূষণে মানুষ যে বিভূষিত হয়, বিবেক জ্ঞান—তাহার মূলীভূত। 'শুভয়ন্তে' ক্রিয়া-পদে, তাঁহারা যে আপনার অঙ্গকে শোভিত করেন—এরূপ ভাব প্রকাশ করিতেছে বলিয়া মনে করি না। পরন্তু মনে করি, মনুষ্যগণকে তাঁহারা শোভান্বিত বিভূষিত করিতেছেন—এতদর্থই সঙ্গত হয়। এই দৃষ্টিতে বুঝিতে পারি, "গোমাতরঃ অঞ্জিভিঃ যৎ শুভয়ন্তে"

* 'গোমাতরঃ' পদের বঙ্গানুবাদে "গাভীগণের পুত্র" এবং ইংরাজী অনুবাদে "Children of the Cow" প্রভৃতবাক্য দেখিতে পাই। সায়ণ কিন্তু এখানে 'গোরূপ ভূমির পুত্র' অর্থ গ্রহণ করিয়াছেন। গ্রিফিথ্‌স্ বলেন,—'গো' ও 'পৃশ্নি' উভয় শব্দই একার্থক; উহার দ্বারা মেঘকে বুঝায়। সে পক্ষে মরুদ্গণ 'মেঘের পুত্র' হইতেছেন। তাঁহার মতে, গোমাতরঃ—"Children of the Cow: that is, of Prisni or the cloud under that type."

বাক্যাংশে বলা হইয়াছে,—'জ্ঞান-প্রদাতা সেই দেবতাগণ (মরুদ্গণ) যখন সৎকর্ম্মসাধন-রূপ দীপ্তির দ্বারা মনুষ্যগণকে শোভাযুক্ত করেন, অর্থাৎ বিবেকের সাহায্যে সৎকর্ম্মে রত হইয়া মানুষ যখন যশস্বী হয়েন।' তখন আর কি হয়? পরবর্ত্তী অংশে তাহারই দ্যোতনা দেখি; বলা হইয়াছে—'তখন সেই দেবতাতেও চিত্তাকর্ষক শোভা প্রকাশ পায় (তদা শুভাঃ তনূষু বিরুক্মতঃ দধিরে)।' এ পক্ষে, প্রথম চরণের প্রথম অংশে অপরের শোভা পরিবর্দ্ধনের ভাব প্রকাশ পায়, এবং ঐ চরণের দ্বিতীয় অংশে দেবগণের শোভা পরিবৃদ্ধির সঙ্গে সঙ্গে তাঁহাদিগের প্রতি লোকের যে দৃষ্টি আকৃষ্ট হইয়া থাকে, তাহাই ব্যক্ত হয়। সে কেমন? মানুষ যতই জ্ঞানানুসারী হইয়া সৎকর্ম্মে প্রবৃত্ত হইবে, ততই জ্ঞানের প্রতি তাহার দৃষ্টি আকৃষ্ট হইতে থাকিবে। একবার বিবেকের অনুসারী হইয়া কার্য্য করিতে প্রবৃত্ত হইলে, ক্রমশঃই বিবেক অধিকতর রমণীয় ও আকাঙ্ক্ষার সামগ্রী হইবেন। 'শুভাঃ বিরুক্মতঃ' প্রভৃতি পদের উপযোগী প্রতিবাক্য সেই দৃষ্টিতেই আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যাতে প্রকাশ পাইয়াছে।

মন্ত্রের দ্বিতীয় চরণের দুইটী অংশে বিবেক-রূপী দেবগণের দ্বিবিধ ক্রিয়ার বিষয় ব্যক্ত আছে। তাঁহাদিগের প্রথম ক্রিয়া—তাঁহারা মনুষ্যের সকল প্রকার শত্রুকে বিনাশ করেন—সকল প্রকার শত্রুর আক্রমণে বাধা দিয়া মনুষ্যকে রক্ষা করেন। দ্বিতীয়তঃ, তাঁহাদিগের অনুসরণ করিয়াই মানুষ সত্ত্বভাবের অধিকারী হইয়া থাকে; অর্থাৎ, তাঁহারাই হৃদয়ে সত্ত্বভাবের প্রবাহ প্রবাহিত করিয়া দেন। এইরূপে বুঝা যায়, বিবেক-রূপী দেবগণের মাহাত্ম্য-তত্ত্বই এই মন্ত্রে পরিব্যক্ত রহিয়াছে; বলা হইয়াছে,—তাঁহারা মনুষ্যগণকে শোভান্বিত গুণবিভূষিত করিয়া থাকেন; এবং গুণান্বিত মানুষের নিকট তাঁহারাও সুশোভন বলিয়া প্রতিপন্ন হয়েন; অপিচ, তাঁহারা রিপুগণের প্রভাবকে খর্ব্ব করেন এবং হৃদয়কে বিশুদ্ধ সত্ত্বভাবে পরিপূর্ণ করিয়া রাখেন। এ পক্ষে মন্ত্রের উপদেশ,—'মানুষ! তোমরা বিবেকের অনুসারী হও; দেবতারও মাহাত্ম্য বুঝিতে পারিবে, আপনারাও মহত্ত্ব-সম্পন্ন হইবে।' এতদ্দ্বারাই মানুষ শ্রেয়ঃ লাভ করিতে সমর্থ হয়। (১ম—৮৫সূ—৩ঋ)॥

—•—

চতুর্থী ঋক্।

(প্রথমং মণ্ডলং। । পঞ্চাশীতিতমং সূক্তং। চতুর্থী ঋক্।)

বি যে ভ্রাজন্তে সুমখাস ঋষ্টিভিঃ প্রচ্যাবয়ন্তো

অচ্যুতা চিদোজসা।

মনোজুবো যন্মরুতো রথেষ্বা

বৃষব্রাতাসঃ পৃষতীরযুগ্ধ্বং ॥ ৪ ॥

পদ-বিশ্লেষণং।

বি। যে। ভ্রাজন্তে। সুঽমখাসঃ। ঋষ্টিঽভিঃ। প্রঽচ্যবয়ন্তঃ।

অচ্যুতা। চিৎ। ওজসা।

মনঃঽজুবঃ। যৎ। মরুতঃ। রথেষু। আ।

বৃষঽব্রাতাসঃ। পৃষতীঃ। অযুগ্ধ্বং ॥ ৪ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুমখাসঃ' (সৎকর্ম্মকারকাঃ) 'যে' (লোকহিতসাধকাঃ দেবাঃ) 'ঋষ্টিভিঃ' (আয়ুধৈঃ, শাসনদণ্ডপরিচালনৈঃ) 'বি' (বিশেষেণ) 'ভ্রাজন্তে' (দীপ্যন্তে—হৃদি ইতি শেষঃ), তে দেবাঃ 'ওজসা' (স্বকীয়েন বলেন, প্রভাবেন ইত্যর্থঃ) 'অচ্যুতা চিৎ' (পর্ব্বতবদ্দৃঢ়মূলং শত্রুং অপি) 'প্রচ্যাবয়ন্তঃ' (প্রকর্ষেণ চ্যাবয়িতারঃ প্রেরয়িতারঃ উন্মূলয়িতারঃ বা—ভবন্তি ইতি শেষঃ); রিপূণাং প্রাধান্তং যাদৃশমেব দৃঢ়ং ভবতু, হৃদি বিবেকোদয়েন তৎ নিশ্চিতং বিচালিতং ভবতি—ইতি ভাবঃ। 'মরুতঃ' (হে বিবেকরূপিণঃ দেবাঃ) 'যৎ'

(যস্মাৎ) 'মনোজুবঃ' (মনঃসম্বন্ধিনঃ, মনোবৎগতিবিশিষ্টাঃ, ত্বরিতগামিনঃ ইত্যর্থঃ) 'বৃষব্রাতাসঃ' (অভীষ্টবর্ষণরূপব্রতধারিণঃ, লোকহিতসাধনায় দৃঢ়ব্রতাঃ) তস্মাৎ যূয়ং 'রথেষু' (অস্মাসু হৃদয়েষু, যদ্বা—অস্মাকং কর্ম্মসু) 'আ' (সর্ব্বতোভাবেন) 'পৃষতীঃ' (অভীষ্টসাধিকাঃ বৃত্তীঃ, দেবভাবান্ ইত্যর্থঃ) 'অযুগ্ধ্বং' (সংযোজয়ত)। প্রার্থনায়াঃ ভাবঃ—হে দেবাঃ! ভবতাং কৃপয়া বয়ং যেন সদ্বৃত্তিসম্পন্নাঃ দেবভাবসমন্বিতাঃ ভবামঃ, তৎ বিধেহি। (১ম—৮৫সূ—৪ঋ)॥

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মকারক লোকহিত-সাধক যে দেবগণ শাসনদণ্ড পরিচালনের দ্বারা বিশেষরূপে হৃদয়ে দীপ্যমান হয়েন, সেই দেবগণ আপনাদিগের প্রভাবের দ্বারা পর্ব্বতবৎ দৃঢ়মূল শত্রুরও উন্মূলয়িতা হয়েন; (ভাব এই যে,—রিপুগণের প্রাধান্য যতই দৃঢ় হউক না কেন, হৃদয়ে বিবেকোদয়ে তাহা নিশ্চয়ই বিচালিত হয়)। হে বিবেকরূপী দেবগণ! যেহেতু আপনারা মনোবৎগতিবিশিষ্ট (ত্বরিতগামী) এবং অভীষ্টবর্ষণ-রূপ ব্রত-ধারী, সেইজন্য আপনারা আমাদিগের হৃদয়-রূপ রথে অথবা আমাদিগের কর্ম্মসমূহে সর্ব্বতোভাবে অভীষ্টসাধিকা বৃত্তিসমূহকে অর্থাৎ দেবভাব-সকলকে সংযোজন করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে দেবগণ! আপনাদিগের কৃপায় আমরা যেন সদ্বৃত্তি-সম্পন্ন দেবভাব-সমন্বিত হই, তাহা বিহিত করুন।)॥ (১ম—৮৫সূ—৪ঋ)॥

সায়ণ-ভাষ্যং।

সুমখাসঃ শোভনযজ্ঞা যে মরুতঃ ঋষ্টিভিরায়ুধৈর্ব্বিভ্রাজন্তে বিশেষেণ দীপ্যন্তে। তে মরুতোঽচ্যুতা চিৎ চ্যাবয়িতুমশক্যানি দৃঢ়ানি পর্ব্বতাদীন্যপ্যোজসা স্বকীয়েন বলেন প্রচ্যাবয়ন্তঃ প্রকর্ষেণ চ্যাবয়িতারঃ প্রেরয়িতারো ভবন্তি। উত্তরার্দ্ধঃ প্রত্যক্ষকৃতঃ। হে মরুতঃ! মনোজুবো মনোবদ্বেগগতয়ো বৃষব্রাতাসো বৃষ্ট্যুদকসেচনসমর্থসপ্তসংঘাত্মকা যূয়ং

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'সুমখাসঃ' শোভনযজ্ঞ 'যে' মরুদ্গণ 'ঋষ্টিভিঃ' আয়ুধসমূহের দ্বারা 'বিভ্রাজন্তে' বিশেষ প্রকারে দীপ্যমান হয়েন, সেই মরুদ্গণ 'অচ্যুতা চিৎ' চ্যাবনে অশক্ত দৃঢ় পর্ব্বতাদিও 'ওজসা' আপনাদিগের বলের দ্বারা 'প্রচ্যাবয়ন্তঃ' প্রকর্ষের সহিত চ্যাবয়িতা প্রেরয়িতা হয়েন। শেষার্দ্ধ প্রত্যক্ষকৃত। হে 'মরুতঃ' মরুদ্গণ! 'মনোজুবঃ' মনোবৎ বেগগতিবিশিষ্ট 'বৃষব্রাতাসঃ' বৃষ্টির উদক সেচনসমর্থ সপ্তসংঘাত্মক আপনারা 'রথেষু' আপনাদিগের

রথেম্বাত্মীয়েষু পৃষতীঃ। পৃষত্য ইতি মরুদ্বাহনানাং সংজ্ঞা পৃষত্যো মরুতামিত্যুক্তত্বাৎ। পৃষদ্ভিঃ শ্বেতবিন্দুভির্যুক্তা মৃগীর্যদ্যদাযুগ্ধ্বং। আভিমুখ্যেন নিযুক্তা অকুরুৎ। তদানীং পর্ব্বতাদিকং প্রচাবত ইত্যর্থঃ॥

সুমথাসঃ। সর্ব্বে বিধয়শ্ছন্দসি বিকল্প্যন্ত ইতি নঞ্সুভ্যামিত্যুত্তরপদস্য প্রবৃত্ত্যভাবে বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। অচ্যুতা। শেশ্ছন্দসি বহুলমিতি শের্লোপঃ। মনোজুবঃ। জু ইতি সৌত্রো ধাতুর্গত্যর্থঃ। ক্বিব্বচীত্যাদিনা ক্বিব্দীর্ঘৌ। অযুগ্ধ্বং। যুজির্ যোগে। লুঙিধিচেতি সকারলোপঃ॥ (১ম—৮৫সূ—৪ঋ)॥

• • •

চতুর্থ (৯২৫) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের প্রথম চরণে মরুদ্দেবগণের প্রভাবের বিষয় পরোক্ষ-ভাবে পরিবর্ণিত আছে। দ্বিতীয় চরণে তাঁহাদিগকে প্রত্যক্ষ করিয়া তাঁহাদিগের গুণ-মাহাত্ম্য বর্ণনা করা হইয়াছে। প্রচলিত ব্যাখ্যা-দিতে এইরূপ ভাবেরই অভিব্যক্তি দেখি। তদনুসারে মন্ত্রের প্রথম অংশের ভাব প্রকাশ পায়,—মরুদ্দেবগণ যজ্ঞ করিয়া আয়ুধসমূহের দ্বারা দীপ্যমান্ হইয়াছিলেন এবং তাঁহারা আপনাদিগের বলের দ্বারা পর্ব্বত-সকলকেও বিচালিত করিতে সমর্থ হইয়াছিলেন। মন্ত্রের প্রথম চরণের এইরূপ প্রচলিত অর্থ হইতে নির্দ্দিষ্ট হয় যে, ঝড়-ঝঞ্ঝাবাতকে লক্ষ্য করিয়াই তাহাদিগকে মরুদ্গণ-অভিধায়ে অভিহিত করা হইয়াছে। তাহাদিগের আয়ুধ বলিতে বজ্র-বিদ্যুতাদির প্রতি লক্ষ্য আসে; এবং বাত্যাপ্রভাবে গিরিশৃঙ্গ প্রভৃতি ভঙ্গ হয় বলিয়াই "ওজসা অচ্যুতা চিৎ

রথসমূহে 'পৃষতীঃ' (পৃষতী—এই শব্দ মরুদ্গণের সংজ্ঞাবাচক—'পৃষত্যো মরুতাং' এইরূপ উক্তি হেতু) পৃষৎ অর্থাৎ শ্বেতবিন্দু সমূহের দ্বারা যুক্ত মৃগীগণকে 'যৎ' যখন 'অযুগ্ধ্বং' আভিমুখ্যে নিযুক্ত করা হয়, তখন পর্ব্বতাদি প্রচালিত হইয়া থাকে—ইহাই অর্থ।

সুমথাসঃ। 'সর্ব্বেবিষয়শ্ছন্দসি বিকল্পান্তে' ইত্যাদি সূত্রে, 'নঞ্সুভ্যাং' ইত্যাদি নিয়মে, উত্তরপদের প্রবৃত্তির অভাবে, বহুব্রীহিতে পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব। অচ্যুতা। 'শেশ্ছন্দসি বহুলং' এই সূত্রে 'শি'র লোপ। মনোজুবঃ। জু এই সৌত্র ধাতুতে গতি অর্থ বুঝায়। 'ক্বিব্বচি' ইত্যাদি সূত্রের দ্বারা ক্বিপ্ দীর্ঘ। অযুগ্ধ্বং। যুজির ধাতু যোগ অর্থ বুঝায়। লুঙে 'ধিচ' ইত্যাদি সূত্রে সকারের লোপ। (১ম—৮৫সূ—৪ঋ)।

• • •

প্রচ্যাবয়ন্তঃ” বাক্যাংশ প্রযুক্ত হইয়াছে। এইরূপে দ্বিতীয় চরণের অর্থে 'মনোজুব' পদে 'মনের ন্যায় গতিবিশিষ্ট' অর্থ গ্রহণ করিয়া বায়ু-প্রবাহের ক্ষিপ্রগতিত্ব দ্যোতনা করা হয়। 'বৃষব্রাতাসঃ' পদে বায়ু-প্রভাবেই যে বৃষ্টি পতিত হয়, তাহাই নির্দ্দিষ্ট হইয়া থাকে। কিন্তু এ পক্ষে বিচিত্র-বর্ণবিশিষ্ট মৃগগণকে (পৃষতীঃ) কি করিয়া যে রথে সংযোজনা করা হয়, তাহা বুঝিতে পারা যায় না। তাহাতে রূপকে নানাবর্ণবিশিষ্ট মেঘ অর্থই কল্পনা করিয়া লওয়ার আবশ্যক হয়। কিন্তু ব্যাখ্যাকারগণ প্রায় সকলেই নির্দ্দেশ করিয়া গিয়াছেন যে,—'মরুদ্দেবগণ বিন্দু-চিহ্ন-যুক্ত মৃগ-বাহিত রথে আরোহণ-পূর্ব্বক হস্তে তীক্ষ্ণ বর্ষা ধারণ করিয়া বেগে গতাগতি করেন।' বলা বাহুল্য, এ বর্ণনায় তাঁহাদিগকে মনুষ্য বা মনুষ্যপ্রকৃতি-বিশিষ্ট বলিয়াই মনে আসে। কিন্তু এরূপ অর্থ হইতেও আবার রূপক ভাঙ্গিয়া একটা ভাব-পরিগ্রহণের প্রচেষ্টা দেখা যায়।

আমরাও আমাদিগের দৃষ্টি অনুসারে সেই রূপক ভাঙ্গিয়া মূল তত্ত্ব নির্ণয়ে প্রয়াস পাইতেছি। মন্ত্রে মরুদ্গণের পরিচয় আছে—'সুমখাসঃ'। আমরা মনে করি, ঐ পদের মর্ম্ম—সৎকর্ম্মকারক। আমাদিগের বিবেক—আমাদিগের জ্ঞান, আমাদিগকে সৎকর্ম্মে উদ্‌বুদ্ধ করে। তাই বিবেকরূপী দেবগণ—'সুমখাসঃ'। বলা হইয়াছে—তাঁহারা “ঋষ্টিভিঃ বিভ্রাজন্তে”; অর্থাৎ, তাঁহারা আয়ুধ-সমূহের দ্বারা দীপ্যমান্ হয়েন। উহার ভাব এই যে,—'আপনাদিগের শাসন-দণ্ড পরিচালনের দ্বারা (ঋষ্টিভিঃ) তাঁহারা মনুষ্যগণের হৃদয়ে দীপ্যমান্ রহেন।' বিবেক যখন আমাদিগকে অসৎ পথ হইতে প্রতিনিবৃত্ত করিয়া সৎপথে পরিচালিত করেন, তখনই আমরা তাঁহার প্রভাব উপলব্ধি করিতে সমর্থ হই। সেই উপলব্ধিই—তাঁহার দীপ্যমান্ হওয়া—প্রকাশ পাওয়া। 'অচ্যুতা' পদে পর্ব্বতবৎ দৃঢ়মূল রিপুকে বুঝায়। আমাদিগের কাম ক্রোধ প্রভৃতি রিপুগণ আমাদিগের মধ্যে পর্ব্বতের অপেক্ষাও দৃঢ়মূল হইয়া অবস্থিত আছে। তাহাদিগকে উচ্ছেদ করা—অপর কাহারও সামর্থ্যে কুলায় না; একমাত্র বিবেক বা জ্ঞান তাহাদিগের প্রভাব বিচালিত করিতে সমর্থ হন। এই দৃষ্টিতেই “ওজসা অচ্যুতা চিৎ প্রচ্যাবয়ন্তঃ” বাক্যাংশের সার্থক প্রয়োগ প্রতিপন্ন হয়। এই প্রকারে মন্ত্রের প্রথম চরণে যে

অর্থের সঙ্গতি দেখি, আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে তাহাই প্রকাশ করিয়াছি।

মন্ত্রের দ্বিতীয় চরণে, আমরা মনে করি, প্রার্থনার ভাব প্রকাশমান। এই অংশে দেবগণের পরিচায়ক 'মনোজুবঃ' এবং 'বৃষব্রাতাসঃ' যে পদদ্বয় রহিয়াছে, তদ্দ্বারা বিবেক-রূপী দেবগণই লক্ষ্যস্থল বলিয়া গণ্য হয়েন। তাঁহারা যে মনের সহিত সম্বন্ধযুত, তাঁহারা যে ত্বরিত-গতিবিশিষ্ট, তাহা স্বতঃই বোধগম্য হয়। 'মনোজুবঃ' পদ তাহাদিগের সেই অবস্থার বিষয় প্রকাশ করে। 'বৃষব্রাতাসঃ' পদের ভাব এই যে, তাঁহারা অনুসারিগণের অভীষ্টপূরক। তাঁহাদিগের ব্রত—অভীষ্টপূরণ; তাই তাঁহারা 'বৃষ-ব্রাতাসঃ'। বিবেকের অনুবর্ত্তী হইলে তদ্দ্বারা সকল অভীষ্ট পূর্ণ হয়। তাই 'বৃষব্রাতাসঃ' পদের মর্ম্মার্থে লোকহিতসাধনের জন্য তাঁহারা যে দৃঢ়ব্রত, তাহাই বুঝিতে পারি। এখন অবশিষ্ট রহিল, তাঁহাদিগের কর্ম্ম— "রথেষু আ পৃষতী অযুগ্ধ্বং।" সহসা দেখিলে মনে হয়, তাঁহারা রথসমূহে পৃষতীকে সংযোজনা করেন। এ পক্ষে বুঝা আবশ্যক, সেই রথসকলই বা কি—আর পৃষতীই বা কি? রথ বলিতে আমরা পূর্ব্বাপর হৃদয়-রূপ রথ বা কর্ম্ম-রূপ রথ অর্থ গ্রহণ করিয়া আসিতেছি। এখানেও সেই ভাবেরই সঙ্গতি দেখি। 'পৃষতীঃ' পদে অভীষ্টসাধিকা বৃত্তিসমূহকে (দেবভাবকে) বুঝায়। ঐ পদের বিষয় পূর্ব্বেও আমরা খ্যাপন করিয়াছি। এই দুইটি বিষয়—রথের ও পৃষতীর সম্বন্ধ—হৃদয়ঙ্গম হইলে, প্রার্থনার বা দেবগণের গুণমহিমার তাৎপর্য্য আপনিই হৃদয়ঙ্গম হইতে পারে। 'অযুগ্ধ্বং' ক্রিয়া-পদকে যদি দেবগণের গুণমহিমা-প্রকাশক বলিয়া মনে করা যায়, তাহা হইলে 'মরুতঃ' পদকে প্রথমার বহুবচনের পদ বলিয়া স্বীকার করিলেও চলিতে পারে। সে পক্ষে ঐ ক্রিয়াপদের প্রতিবাক্য 'সংযোজয়ন্তি' পদ গ্রহণ করিলেই উদ্দেশ্য সিদ্ধ হয়। কিন্তু মন্ত্রে একটি 'যৎ' পদ আছে; তদনুসারে 'মরুতঃ' পদটিকে সম্বোধনের পদ মনে করাই সঙ্গত। তাহাতে প্রার্থনায় সুষ্ঠু ভাব প্রকাশ পায়। তাই 'অযুগ্ধ্বং' এই লুঙের পদের প্রতিবাক্য লোটে 'সংযোজয়ত' পদ গ্রহণ করিয়াছি। প্রার্থনা—বিবেক-রূপী দেবগণের কৃপায় যেন দেবভাবসম্পন্ন হই। (১ম—৮৫সূ—৪ঋ)।

—•—

পঞ্চমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। পঞ্চমী ঋক্।)

প্র যদ্রথেষু পৃষতীরযুগ্ধ্বং বাজে অদ্রিং

মরুতো রংহয়ন্তঃ।

উতারুষস্য বিষ্যন্তি

ধারাশ্চর্ম্মেবোদভির্ব্যুন্দন্তি ভূম ॥ ৫ ॥

পদ-বিশ্লেষণং।

প্র। যৎ। রথেষু। পৃষতীঃ। অযুগ্ধ্বং। বাজে। অদ্রিং।

মরুতঃ। রংহয়ন্তঃ।

উত। অরুষস্য। বি। স্যন্তি।

ধারাঃ। চর্ম্মইইব। উদহভিঃ। বি। উন্দন্তি। ভূম ॥ ৫ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মরুতঃ' (বিবেকরূপিণঃ হে দেবাঃ) 'যৎ' (যস্মাৎ, অস্মাকং উদ্ধারায় ইতি ভাবঃ) 'অদ্রিং' (পাষাণবৎ কঠোরং অস্মাকং হৃদয়ং, পাপকর্ম্মণা কঠোরতাপ্রাপ্তং অন্তঃকরণং ইত্যর্থঃ) 'বাজে' (যজ্ঞে, সৎকর্ম্মণি) 'রংহয়ন্তঃ' (বর্ষণার্থং প্রেরয়ন্তঃ, নিযোজয়ন্তঃ) যূয়ং 'রথেষু' (অস্মাকং তেষু হৃদয়েষু কর্ম্মসু বা) 'পৃষতীঃ' (অভীষ্টসাধিকাঃ বৃত্তীঃ, দেব-ভাবান্ ইত্যর্থঃ) 'প্র' (প্রকৃষ্টরূপেণ) 'অযুগ্ধ্বং' (যোজয়ত) ; 'উত' (অপিচ) 'অরুষস্য' (দ্যোতমানস্য প্রজ্ঞানস্য) 'ধারাঃ' (প্রবাহাঃ) 'বিষ্যন্তি' (বিমুচ্যন্তি, উন্মুক্তাঃ প্রবাহিতাঃ

বা ভবন্তু ইত্যর্থঃ); তথা 'চর্ম্ম ইব ভূম' (আবরণাচ্ছন্নাং ভূমিং যথা তদ্বৎ অজ্ঞানাচ্ছন্নং হৃদয়ং) 'উদভিঃ' (জলসেচনৈঃ, সদ্ভাবাদেঃ প্রবাহৈঃ) 'ব্যুন্দন্তি' (বিধৌতং কুর্ব্বন্তি কুরুত বা)। প্রার্থনায়াঃ ভাব—হে দেবাঃ! অস্মাসু সত্ত্বভাবানাং সঞ্চারং কৃত্বা অস্মান্ প্রজ্ঞানসম্পন্নান্ তথা ভগবন্তং প্রতি ভক্তিমতঃ কুরুতঃ। (১ম—৮৫সূ—৫ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

বিবেকরূপী হে দেবগণ! আমাদিগের উদ্ধারের নিমিত্ত, পাষাণবৎ কঠোর আমাদিগের হৃদয়কে অর্থাৎ পাপ কর্ম্মের দ্বারা কাঠোরতা-প্রাপ্ত আমাদিগের অন্তঃকরণকে, সৎকর্ম্মে নিয়োজিত করিয়া, আপনারা আমাদিগের সেই হৃদয়ে অথবা সকল কর্ম্মে অভীষ্টসাধিকা বৃত্তিসমূহকে (দেবভাব-সকলকে) প্রকৃষ্ট-রূপে যোজনা করুন; আর, আপনাদিগের কৃপায় স্রোতমান প্রজ্ঞানের প্রবাহসমূহ আমাদিগের প্রতি উন্মুক্ত বা প্রবাহিত হউক; আবরণাচ্ছন্ন ভূমি যেমন জল-সেচনের দ্বারা আর্দ্রীকৃত হয়, আমাদিগের অজ্ঞানাচ্ছন্ন হৃদয় সেইরূপ সদ্ভাবাদির দ্বারা বিধৌত করেন বা করুন। (প্রার্থনার ভাব এই যে,—হে দেবগণ! আমাদিগের মধ্যে সত্ত্বভাবসমূহের সঞ্চার করিয়া আমাদিগকে প্রজ্ঞানসম্পন্ন এবং ভগবানের প্রতি ভক্তিমান করুন।)॥ (১ম—৮৫সূ—৫ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে মরুতঃ পৃষতীর্যদ্ যথা রথেষু প্রাযুগ্ধ্বং। প্রাযূযুজন্। কিং কুর্ব্বন্তঃ। বাজেঽন্নে নিমিত্তভূতে সত্যদ্রিং মেঘং রংহয়ন্তঃ। বর্ষণার্থং প্রেরয়ন্তঃ। উত তদানীমরুষস্যারোচমানস্য সূর্য্যস্য বৈদ্যুতাগ্নের্ব্বা সকাশাদ্ বৃষ্ট্যুদকধারা ভবন্তো বিষ্যন্তি। বিমুঞ্চন্তি। বিমুক্তাস্তাশ্চধারা উদভিরুদকৈশ্চর্ম্মেব পরিমিতমল্পং চর্ম্ম যথাপ্রযত্নেন ক্লেদ্যতে। এবং ভূম সর্ব্বাং ভূমিং ব্যুন্দন্তি। বিশেষেণার্দ্রাং কুর্ব্বন্তি॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'মরুতঃ' মরুদ্গণ 'পৃষতীঃ' মৃগীদিগকে 'যৎ' যেমন 'রথেষু' রথসমূহে 'প্রঅযুগ্ধ্বং' প্রকৃষ্টরূপে যোজনা করিয়াছিলেন। কি করিয়া? 'বাজে' অন্ননিমিত্তভূত হইলে 'অদ্রিং' মেঘকে 'রংহয়ন্তঃ' বর্ষণার্থ প্রেরণ করিয়া। 'উত' তদানীং 'অরুষস্য' আরোচমান সূর্য্যের অথবা বৈদ্যুতাগ্নির সকাশ হইতে 'ধারাঃ' বৃষ্টির ধারা-সমূহ আপনারা 'বিষ্যন্তি' বিমুক্ত করেন; এবং বিমুক্ত সেই ধারাসকল 'উদভিঃ' উদকসমূহের দ্বারা 'চর্ম্মেব' পরিমিত অল্প চর্ম্ম যেমন অপ্রযত্নের দ্বারা ক্লেদযুক্ত হয় এইরূপ 'ভূম' সকল ভূমিকে 'ব্যুন্দতি' বিশেষপ্রকারে আর্দ্র করে।

রংহয়ন্তঃ। রহি গতৌ। বিষ্যন্তি। ষো অন্তকর্ম্মণি। দৈবাদিকঃ। ওতঃ শ্যনি। পাং ৭।৩।৭১০। ইত্যোকারলোপঃ। উপসর্গাৎ সুনোতীতি ষত্বং। উন্দন্তিঃ। পদ্দন্নিত্যাদিনোদকশব্দস্যোদন্নাদেশঃ। বুন্দন্তি। উন্দী ক্লেদনে। ভূম। সুপাং সুলুগিতি ভূমিশব্দাৎ উত্তরস্যামো ডাদেশঃ। ছান্দসং হ্রস্বত্বং। (১ম—৮৫সূ—৫ঋ)॥

পঞ্চম (৯২৬) ঋকের বিশদার্থ।

এই ঋকের মধ্যেও "রথেষু পৃষতীঃ অযুগ্ধ্বং" বাক্যাংশ দৃষ্ট হয়; এবং তাহার অর্থে 'বিন্দু-চিহ্ন-বিশিষ্ট মৃগীগণকে রথে সংযুক্ত করা হইয়াছিল' বলিয়া সকলেই নির্দ্দেশ করিয়া গিয়াছেন। সেই দেবগণ আর কি করিয়াছিলেন? "বাজে অদ্রিং রংহয়ন্তঃ"; অর্থাৎ, 'অন্নের নিমিত্ত মেঘকে বর্ষণের জন্য প্রেরণ করিয়াছিলেন।' মন্ত্রের প্রথম চরণে ঐরূপ অর্থই সাধারণতঃ পরিগৃহীত হয়। প্রথম অংশে রূপকে ঝড়-ঝঞ্ঝাবাত-রূপী মরুদ্দেবগণ বিচিত্র-বর্ণ-বিশিষ্ট মেঘের সহিত বাহিত হয়েন—এবম্বিধ ভাব প্রকাশের জন্য, বিচিত্র-বর্ণ মৃগগণ কর্তৃক সংবাহিত রথে দেবগণ গতিবিধি করিয়াছিলেন—এইরূপ বাক্যে সঙ্গতি রক্ষা করা হয়। তার পর, 'বাজে' পদে 'অন্নের নিমিত্ত' অর্থ গ্রহণ-পূর্ব্বক 'অদ্রিং' পদে 'মেঘ' অর্থ গ্রহণ করিয়া 'রংহয়ন্তঃ' পদে 'মেঘ হইতে বারি-বর্ষণ করিয়াছিলেন'—এইরূপ উক্ত হইয়া থাকে। এইরূপে দ্বিতীয় চরণে ভাব গ্রহণ করা হয়, সেই দেবগণ 'অরুষের নিকট হইতে' ('অরুষস্য' পদে কাহারও মতে—সূর্য্যের নিকট হইতে, কাহারও মতে—বিদ্যুতাগ্নি হইতে) জল-বর্ষণ করিয়া থাকেন। "অরুষস্য ধারাঃ বিষ্যন্তি" বাক্যাংশে উক্ত ভাবের প্রকাশ দেখি। অবশিষ্ট অংশ—"চর্ম্মেবোদভির্ব্যুন্দন্তি ভূম।" এই অংশে 'চর্ম্মের' উপমা উপলক্ষে নানারূপ বিসদৃশ অর্থ প্রকাশ পাইয়াছে। কেহ কহিয়াছেন,—জল যেমন চর্ম্মকে সিক্ত করে, উদকের

রংহয়ন্ত। রহি ধাতু গতি-অর্থক। বিষ্যন্তি। ষো ধাতু অন্তকর্ম্ম অর্থ বুঝায়। দিবাদিগণীয়। 'ওতঃ শ্যনি' ইত্যাদি সূত্রে (পা০ ৭।৩।৭১০) ওকার-লোপ। 'উপসর্গাৎ সুনোতি' ইত্যাদি সূত্রে ষত্ব। উন্দন্তি। 'পদ্দন্' ইত্যাদি সূত্রে উদক-শব্দের স্থানে উদন্ আদেশ। উন্দী ধাতু ক্লেদন অর্থ বুঝায়। ভূম। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে ভূমি শব্দ-হেতু উত্তরের আম্ স্থলে ডা আদেশ। ছান্দসে হ্রস্বত্ব। (১ম—৮৫সূ—৫ঋ)॥

দ্বারা তাঁহারা সেইরূপ ভূমিকে আর্দ্র করিয়া ছিলেন। কেহ বা ব্যাখ্যা করিয়া গিয়াছেন,—'চর্ম্মের মুশক হইতে যেরূপ জল পড়ে, সেইরূপ ভাবে বৃষ্টিপাত করিয়া তাঁহারা পৃথিবীকে সিক্ত করিয়াছিলেন।' যাহা হউক, এইরূপে এই মন্ত্রের যে অর্থ প্রচলিত হইয়াছে, তাহার দুইটী আদর্শ (একটী ইংরাজী ও একটী বাঙ্গালা অনুবাদ) নিম্নে প্রকাশ করিতেছি। যথা,—

(১) "খাদ্য বস্তু উৎপাদনার্থ মেঘ হইতে জল বর্ষাও, এবং রথে পৃষত মৃগ যোজিত কর; যখন দীপ্তিমান বিদ্যুতাগ্নি হইতে জল বর্ষিত হয়, তখন চর্ম্ম যেমন জলে সিক্ত হয়, তদ্রূপ সমস্ত ভূভাগ জলে সিক্ত কর।"

(2) "The streams liberated by the Maruts moisten the earth with water like a skin, i. e., like a skin in which water is kept and from which it is poured out."

এখন, আমাদিগের পরিগৃহীত অর্থের যৌক্তিকতা সম্বন্ধে একটু আলোচনা করা যাইতেছে। আমরা বলি, মন্ত্রান্তর্গত 'যৎ' পদের 'যস্মাৎ' প্রতিবাক্যে 'আমাদিগের উদ্ধারের নিমিত্ত' ভাব আসে। 'অদ্রিং' পদে পাষাণ-বৎ দৃঢ় হৃদয়কে অর্থাৎ পাপ-কর্ম্মের দ্বারা কঠোরতা-প্রাপ্ত অন্তঃকরণকে বুঝাইয়া থাকে। 'অদ্রিং' বা পর্ব্বত শব্দের ব্যবহার যেখানেই দেখিয়াছি, সেখানেই কঠোর হৃদয়ের প্রতি ঐ দুই শব্দের লক্ষ্য আছে বুঝিয়াছি। এখানেও সেই লক্ষ্যই দেখিতে পাই। 'বাজে' পদে সৎকর্ম্মে (যজ্ঞে) অর্থে সঙ্গতি দেখি। 'রংহয়ন্তঃ' পদে বর্ষণার্থ প্রেরিত হয় অর্থাৎ সৎকর্ম্মসাধনের জন্য নিয়োজিত হয়,—এইরূপ ভাব প্রাপ্ত হওয়া যায়। "রথেষু পৃষতীঃ অযুগ্ধ্বং" বাক্যাংশের ভাব পূর্ব্বেই প্রখ্যাত হইয়াছে। এই সকল বিষয় বিচার করিলে, মন্ত্রের প্রথম চরণে ভাব প্রাপ্ত হই এই যে,—'বিবেকরূপী সেই দেবতাগণ আমাদিগের কঠোর হৃদয়কেও সৎকর্ম্মে নিয়োজিত করিয়া আমাদিগের অভীষ্ট পূরণ করেন।' পাপে সংলিপ্ত থাকিয়া হৃদয় যতই কঠোর হউক না কেন, হৃদয়ে বিবেকোদয় হইলে হৃদয়ের সে কঠোরতা দূরীভূত হয়;—হৃদয় সত্ত্বভাবে পরিপূর্ণ হইয়া থাকে। এ পক্ষে, লুঙের 'অযুগ্ধ্বং' পদে লোটের 'যোজয়ত' প্রতিবাক্যেই সঙ্গতি দেখি; এবং 'পৃষতীঃ' পদে দ্বিতীয়ার বিভক্তির সম্বন্ধ লক্ষ্য করা যায়। পক্ষান্তরে, 'মরুতঃ' পদকে সম্বোধনের পদ বলিয়া মনে না করিলে, মন্ত্রে তাঁহাদিগের ক্রিয়া মাত্র প্রকাশ পাইয়াছে

স্বীকার করিতে হয়;—তাহাতে প্রার্থনার ভাব প্রকাশ পায় না। সে পক্ষে অর্থ হয়,—'মরুদ্দেবগণ আমাদিগের উদ্ধারের জন্য পাষাণবৎ কঠোর আমাদিগের হৃদয়ে দেবভাব-সমূহকে সংযুক্ত করেন।' সে ক্ষেত্রে লুঙের 'অযুগ্ধ্বং' পদের প্রতিবাক্যে লটের 'যোজয়ন্তি' পদ গ্রহণ করা যায়।

মন্ত্রের দ্বিতীয় চরণটিকে ব্যাখ্যা-ব্যপদেশে আমরা দুই ভাগে বিভক্ত করিয়াছি। তদনুসারে, "উত অরুষস্য ধারাঃ বিষ্যন্তি" বাক্যাংশের ভাব প্রাপ্ত হইয়াছি এই যে—'দ্যোতমান প্রজ্ঞানের প্রবাহ উন্মুক্ত হউক।' এই অংশের 'অরুষস্য' পদে আমরা 'দ্যোতমান প্রজ্ঞানের' অর্থ গ্রহণ করি। পরন্তু এই অংশের 'বিষ্যন্তি' পদে লটের স্থলে লোটের প্রতিবাক্য গ্রহণ করিলে, প্রার্থনা-পক্ষে অর্থের বেশ সুসঙ্গতি রক্ষিত হয়। দ্বিতীয় চরণের দ্বিতীয় অংশে, "চর্ম্ম ইব ভূম উদভিঃ ব্যুন্দন্তি"—এইরূপ অন্বয়-মুখে আমরা সম্পূর্ণ নূতন ভাব প্রাপ্ত হই। চর্ম্ম-শব্দের সহিত উপমায় আবরণের ভাব লক্ষ্য করা যায়। 'ভূম' পদে ভূমিকে (ভাব-পক্ষে হৃদয়কে) লক্ষ্য করে। 'চর্ম্ম ইব ভূম' বলিতে উপমায় অজ্ঞানাচ্ছন্ন হৃদয়কে বুঝাইয়া থাকে। 'উদভিঃ' পদে 'সত্ত্বাবাদির প্রবাহ-সমূহের দ্বারা' ভাব প্রাপ্ত হই। এইরূপে ঐ মন্ত্রাংশের মর্ম্ম হয় এই যে,—বিবেকরূপী সেই দেবগণ সত্ত্বভাবের প্রবাহ হৃদয়ে প্রবাহিত করিয়া অজ্ঞানাচ্ছন্ন হৃদয়কে পরিষ্কার করিয়া দেন। এখানকার 'ব্যুন্দন্তি' পদে বিধৌত-করণের ভাব প্রকাশ পায়। প্রার্থনা-পক্ষে ঐ ক্রিয়া-পদের প্রতিবাক্যে লোটের পদ গ্রহণ করায়ই সঙ্গতি দেখি। জল দ্বারা ভূমি আর্দ্র হয়—অভিষিক্ত হয়—পরিষ্কৃত হয়। 'চর্ম্ম' পদে আবরণের বা কাঠিন্যের ভাব পরিগ্রহণ করিলে, 'ব্যুন্দন্তি' ক্রিয়ায় সিক্ত করার ভাব গ্রহণ করিতে পারি। কিন্তু চর্ম্ম বা আবরণ অর্থে যদি মলিনত্বের বা আবর্জ্জনার সংশ্রব আসে মনে করা যায়, তাহা হইলে 'ব্যুন্দন্তি' পদে বিধৌত-করণের ভাব গ্রহণ করিতে পারি। ফলতঃ, মন্ত্রের দ্বিতীয় চরণে প্রজ্ঞান-লাভের এবং হৃদয়ের আবর্জ্জনা দূরীকরণের আকাঙ্ক্ষাই প্রকাশ পাইয়াছে। দেবতাগণ সেই কর্ম্মে পারদর্শী আছেন অথবা তাঁহারা সেই কর্ম্মের সমাধান করুন,—এইরূপ অর্থই এখানে সঙ্গত হয়। (১ম—৮৫সূ—৫ঋ)।

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

তৃতীয় সবনে আ বো বহন্ত্বিতি পোতুঃপ্রস্থিতযাজ্যা। সূত্রিতং চ। আ বো বহন্তু সপ্তয়ো রঘুষ্যদোঽমেব নঃ সুহবা আহি গন্তন। আ° ৫।৫। ইতি॥ তামেতাং সূক্তে ষষ্ঠীমৃচমাহ॥

• • •

ষষ্ঠী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। ষষ্ঠী ঋক্।)

আ বো বহন্তু সপ্তয়ো রঘুষ্যদো রঘুপত্বানঃ

প্র জিগাত বাহুভিঃ।

সীদতা বর্হিরুরু বঃ সদস্কৃতং মাদয়ধ্বং

মরুতো মধ্বো অন্ধসঃ॥ ৬॥

• • •

পদ-বিশ্লেষণং।

আ। বঃ। বহন্তু। সপ্তয়ঃ রঘুঽস্যদঃ। রঘুঽপত্বানঃ।

প্র। জিগাত। বাহুঽভিঃ।

সীদত। আ। বর্হিঃ। উরু। বঃ। সদঃ। কৃতং। মাদয়ধ্বং।

মরুতঃ। মধ্বঃ। অন্ধসঃ॥ ৬॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

তৃতীয় সবনে 'আ বো বহন্তু' ইত্যাদি ঋক্ পোতুঃপ্রস্থিতার দ্বারা যাজ্যা। এ বিষয়ে সূত্রিত আছে;—'আবো বহন্ত সপ্তয়ো রঘুষ্যদোঽমেব নঃ সুহবা আহি গন্তন' (আ° ৫।৫) ইতি। সেই সূক্তের ষষ্ঠী ঋক্ কথিত হইতেছে।

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেবাঃ! 'সপ্তয়ঃ' (যুষ্মাকং সপ্তবাহকাঃ, অস্মাকং সর্ব্বে জ্ঞানরশ্ময়ঃ) 'বঃ' (যুষ্মান্ 'আ' (সর্ব্বতোভাবেন) 'বহন্তু' (অস্মাকং কর্ম্মসু নয়ন্তু); রঘুষ্যদঃ (ক্ষিপ্রস্নিগ্ধকারিণ ত্বরয়া সম্ভাবানয়নকর্ত্তারঃ ইত্যর্থঃ) যূয়ং 'রঘুপত্বানঃ' (ক্ষিপ্রক্রিয়াপরায়ণাঃ সন্তঃ ইত্যর্থঃ 'বাহুভিঃ' (স্বকীয়ৈঃ হস্তৈঃ, অস্মাকং কর্ম্মভিঃ ইতি ভাবঃ, অস্মভ্যং দাতব্যং ধনং আহরণ পূর্ব্বকং ইতি যাবৎ) 'প্রজিগাত' (অস্মৎ সমীপং আগচ্ছত, অস্মান্ প্রাপয়ত); 'মরুতঃ (বিবেকরূপিণঃ হে দেবাঃ) 'বঃ' (যুষ্মাকং) 'সদঃ' (বাসস্থানং) 'উরু' (বিস্তীর্ণং) 'কৃতং (বিহিতং—কৃত্বা ইতি যাবৎ) 'বর্হিঃ' (বর্হিষি, অস্মাকং হৃদি ইতি ভাবঃ) 'আ (সর্ব্বতোভাবেন) 'সীদত' (উপবিশত, অধিতিষ্ঠত), তথা 'মধ্বঃ' (মধুবস্তু) 'অন্ধসঃ (সত্বভাবস্তু—পনেন ইতি যাবৎ) 'মাদয়ধ্বং' (পরিতৃপ্তাঃ ভবত); অস্মাকং হৃদয়ে অবস্থিত্বা হৃদিস্থিতেষু শুদ্ধসত্বেষু দেবাঃ পরিমগ্নাঃ ভবন্তু ইত্যর্থঃ। অয়ং ভাবঃ—অস্মাকং কর্ম্মাণি বিবেকানুবর্ত্তীনি ভবন্তু তথা অস্মাসু বিবেকঃ চিরপ্রতিষ্ঠিতঃ অস্তু॥ (১ম-৮৫সূ—৬ঋ)।

• • •

বঙ্গানুবাদ।

হে দেবগণ! আপনাদিগের বাহকগণ অর্থাৎ আমাদিগের জ্ঞানরশ্মি-সমূহ আপনাদিগকে সর্ব্বতোভাবে আমাদিগের কর্ম্মসমূহে আনয়ন করুক; ক্ষিপ্রস্নিগ্ধকারী অর্থাৎ ত্বরায় সদ্ভাব-আনয়ন-কর্ত্তা আপনারা, ক্ষিপ্রক্রিয়াপরায়ণ হইয়া, আপনাদিগের হস্তসকলের দ্বারা অর্থাৎ আমাদিগের কর্ম্মসমূহের দ্বারা, আমাদিগকে দানযোগ্য ধন আহরণ-পূর্ব্বক, আমাদিগের নিকট আগমন করুন—আমাদিগকে প্রাপ্ত হউন। বিবেকরূপী হে দেবগণ! আপনাদিগের বাসস্থানকে বিস্তীর্ণ করিয়া, আমাদিগের হৃদয়ে উপবেশন করুন—অবস্থিত হউন; এবং মধুর সত্ত্বভাব পান করিয়া পরিতৃপ্ত হউন; অর্থাৎ, আমাদিগের হৃদয়ে অবস্থিতি-পূর্ব্বক হৃদিস্থিত শুদ্ধসত্ত্বে পরিমগ্ন রহুন। (ভাব এই যে,—আমাদিগের কর্ম্মসমূহ বিবেকানুসারী হউক; এবং আমাদিগের মধ্যে বিবেক চির-প্রতিষ্ঠিত থাকুক।)॥ (১ম—৮৫সূ—৬ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে মরুতো! বো যুষ্মান্ সপ্তয়ঃ সর্পণশীলা অশ্বা আবহন্তু। অস্মদ্ যজ্ঞং প্রাপয়ন্তু। কীদৃশাঃ সপ্তয়ঃ। রঘুষ্যদঃ। লঘু শীঘ্রং স্যন্দমানাঃ। বেগেন গচ্ছন্ত ইত্যর্থঃ। রঘুপত্বানো লঘু শীঘ্রং পতন্তো গচ্ছন্তো যূয়ং বাহুভিঃ স্বকীয়ৈর্হস্তৈরস্মভ্যং দাতব্যং ধনমাহৃত্য প্রজিগাত। প্রকর্ষেণ গচ্ছত। হে মরুতো বো যুষ্মাকং সদঃ সদনং বেদিলক্ষণং স্থানমুরু বিস্তীর্ণং কৃতং॥ তত্র যদাস্তীর্ণং বর্হিস্তদাসীদত। তস্মিন্বর্হিষ্যুপবিশত। উপবিশ্য চ মধ্বো মধুরস্যান্ধসঃ সোমলক্ষণস্যান্নস্য পানেন মাদয়ধ্বং। তৃপ্তা ভবত॥

রঘুষ্যদঃ। রঘু স্যন্দন্ত ইতি রঘুষ্যদঃ। স্যন্দূ প্রস্রবণে। ক্বিপ্ চেতি ক্বিপ্। অনিদিতামিতি ন-লোপঃ। কৃদুত্তরপদপ্রকৃতিস্বরত্বং। রঘুপত্বানঃ। পৎলৃ গতৌ। অন্যেভ্যোঽপি দৃশ্যন্ত ইতি বনিপ্। জিগাত। গা স্তুতৌ। জৌহোত্যাদিকঃ। জিগাতীতি গতিকর্ম্মসু পাঠাদত্র গত্যর্থঃ। লোণ্মধ্যমবহুবচনস্য তপ্তনপ্তনথনাশ্চেতি তবাদেশঃ। তস্য পিত্ত্বেন ঙিত্ত্বাভাবাদীহল্যঘোরিতীত্বাভাবঃ। সদঃ। অতঃ কৃকমীতি বিসর্জ্জনীয়স্য সত্বং। মাদয়ধ্বং। মদ তৃপ্তিযোগে। চুরাদিরাত্মনেপদী। (১ম—৮৫সূ—৬ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে নবমো বর্গঃ॥ ১।৬।৯॥

• • •

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে মরুদ্গণ! 'বঃ' আপনাদিগকে 'সপ্তয়ঃ' সর্পণশীল অশ্বগণ 'আবহন্তু' আমাদিগের যজ্ঞকে প্রাপ্ত করুক। কীদৃশ সপ্তিগণ (অশ্বগণ)? 'রঘুষ্যদঃ' লঘু শীঘ্র স্যন্দমান অর্থাৎ বেগের সহিত গমনকারী। 'রঘুপত্বানঃ' লঘু শীঘ্র পতনশীল গমনকারী। আপনারা 'বাহুভিঃ' আপনাদিগের হস্তসমূহের দ্বারা আমাদিগকে দাতব্য ধনকে আহরণ করিয়া 'প্রজিগাত' প্রকর্ষের সহিত গমন করুন। হে 'মরুত' মরুদ্গণ! 'বঃ' আপনাদিগের 'সদঃ' সদনকে বেদিলক্ষণ স্থানকে 'উরু' বিস্তীর্ণ 'কৃতং' করিয়া সেখানে যখন বিস্তীর্ণ 'বর্হিঃ' কুশ তখন 'আসীদত' সেই বর্হিষিতে উপবেশন করুন; এবং উপবেশন করিয়া 'মধ্ব' মধুর 'অন্ধসঃ' সোমলক্ষণ অন্নের পান দ্বারা 'মাদয়ধ্বং' তৃপ্ত হউন॥

রঘুষ্যদঃ। রঘু স্যন্দন্তে—এই বাক্যে রঘুষ্যদঃ পদ হয়। স্যন্দূ ধাতু প্রস্রবণ অর্থ বুঝায়। 'ক্বিপ্ চ' ইত্যাদি সূত্রে ক্বিপ্। 'অনিদিতাং' ইত্যাদি সূত্রে নকারের লোপ। কৃদুত্তরপদে প্রকৃতিস্বরত্ব। রঘুপত্বানঃ। পৎলৃ ধাতু গতি অর্থক। 'অন্যেভ্যোঽপি দৃশ্যন্তে' ইত্যাদি সূত্রে বনিপ্। জিগাত। গা ধাতু স্তুতি-অর্থক। জুহোত্যাদিগণীয়। জিগাতি ইত্যাদি পদ গতিকর্ম্মসমূহের মধ্যে পাঠ-হেতু। এখানে গত্যর্থক। লোণ্মধ্যম্ বহুবচনের 'তপ্তনপ্তনথনাশ্চ' ইত্যাদি সূত্রে তবাদেশ। তাহার পিত্ত্বের দ্বারা ঙিত্ত্বের অভাব-হেতু 'ঈহল্যঘোঃ' ইত্যাদি সূত্রে ঈত্বের অভাব। সদঃ। 'অতঃ কৃকমি' ইত্যাদি সূত্রে বিসর্গের স্থানে সত্ব। মাদয়ধ্বং। মদ-ধাতু তৃপ্তিযোগ অর্থ বুঝায়। চুরাদিগণীয় আত্মনেপদী॥ ৬॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের নবম বর্গ সমাপ্ত॥ ১।৬।৯॥

• • •

ষষ্ঠ (৯২৭) ঋকের বিশদার্থ।

'সপ্তয়ঃ' 'বর্হিঃ' এবং 'অন্ধসঃ'—এই পদত্রয় উপলক্ষে মন্ত্রের ভা বিভিন্ন গতি প্রাপ্ত হইয়াছে। 'সপ্তয়ঃ' পদের প্রতিবাক্যে 'সর্পণশীঃ অশ্বগণ' অর্থ পরিগৃহীত হয়। 'বর্হিঃ' পদে 'কুশ' এবং 'অন্ধসঃ' পদে 'সোমরস' অর্থ ভাষ্যাদিতে প্রকাশ পাইয়াছে। তদনুসারে মন্ত্রের ভা দাঁড়াইয়াছে,—'হে মরুদ্গণ! বেগবান্ ক্ষিপ্রগামী অশ্বসকল আপনা- দিগকে বহন করিয়া আসুক; কুশের উপর আপনারা উপবেশন করুন, এবং মধুর সোমরস পান করিয়া প্রমত্ত হউন।' এই ভাবের অর্থই সাধারণতঃ প্রচলিত দেখি।

আমরা পূর্ব্বাপর ঐ সকল পদে (সপ্তয়ঃ, বর্হিঃ, অন্ধসঃ) যে অর্থ গ্রহণ করিয়া আসিয়াছি, এখানেও সেই অর্থেরই সঙ্গতি দেখিতেছি। সূর্য্যের সপ্তরশ্মিকে সপ্তাশ্ব সপ্তবাহন প্রভৃতি বলিয়া ঘোষণা করা হয়। সে পক্ষে রশ্মিই অশ্ব-শব্দ-বাচক। দেবতা সত্য সত্য অশ্বে আরোহণ করিয়া আগমন করেন না। দৃশ্যমান জ্যোতির বা কিরণের মধ্য দিয়াও তাঁহাদিগের গতাগতি সম্ভবপর নহে। দেবতার আগমন—দেবতার উপলব্ধি—জ্ঞানের মধ্য দিয়াই সম্ভাবিত হয়। জ্ঞানই মানুষকে দেবতার সন্ধান প্রদান করে। 'সপ্তয়ঃ' পদে সপ্ত রশ্মির—সর্ব্ব প্রকার রশ্মির—ভাব প্রকাশ পায়। তাহা হইতে 'সর্ব্ববিধ জ্ঞান' অর্থেই সঙ্গতি দেখি। তাই আমরা 'সপ্তয়ঃ' পদে 'জ্ঞানরশ্ময়ঃ' প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। জ্ঞানরশ্মি-রূপ বাহনের দ্বারাই দেবগণ আমাদিগের হৃদয়ে বা কর্ম্মে আসিয়া মিলিত হয়েন। মন্ত্রের প্রথম অংশে এই ভাবই প্রকাশ পাইয়াছে। তাঁহারা আমাদিগের কর্ম্মের সহিত সম্মিলিত হউন, অর্থাৎ দেবোদ্দেশে আমরা বিহিত কর্ম্মের অনুষ্ঠানে যেন প্রবৃত্ত হই। তাঁহারা দুই হস্তে আমাদিগকে আমাদিগের আবশ্যকানুরূপ ধন প্রদান করুন,—এবম্বিধ বাক্যেও হৃদয় দেবত্ব-মণ্ডিত হউক, কর্ম্ম দেবভাবে বিভূষিত হউক,—এইরূপ তাৎপর্য্যই হৃদয়ঙ্গম হয়।

মন্ত্রের দ্বিতীয় চরণের 'বর্হিঃ' পদে, বলিয়াছি তো, হৃদয়কে লক্ষ্য করে। এ পক্ষে দেবগণ যেন হৃদয়ে আসিয়া উপবেশন করেন—সেই

কামনা প্রকাশ পাইয়াছে। তাঁহাদিগের আসন (সদঃ) বিস্তৃত হউক—এতদ্বাক্যের তাৎপর্য্য এই যে,—আমাদিগের হৃদয়ে অসৎ-প্রবৃত্তির জন্য যেন একটুও স্থান অবশিষ্ট না থাকে—দেবভাব যেন সর্ব্বত্র বিস্তৃত হইয়া পড়ে। "মধ্বঃ অন্ধসঃ মাদয়ধ্বং" বাক্যাংশের ভাব এই যে,—হৃদয়ের শুদ্ধসত্ত্বভাবে দেবগণ বিভোর হউন; তাঁহারা যাহা, তাহাতেই যেন হৃদয় পরিপূর্ণ থাকে। এইরূপে এই মন্ত্রে হৃদয়ে বিবেকের প্রতিষ্ঠায় প্রার্থনা প্রকাশ পাইয়াছে বলিয়া বুঝিতে পারি। (১ম—৮৫সূ—৬ঋ)॥

সপ্তমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। সপ্তমী ঋক্।)

তেঽবর্দ্ধন্ত স্বতবসো মহিত্বনা নাকং

তস্থুরুরু চক্রিরে সদঃ।

বিষ্ণুর্যদ্ধাবদ্বৃষণং মদচ্যুতং বয়ো ন

সীদন্নধি বর্হিষি প্রিয়ে॥ ৭॥

পদ-বিশ্লেষণং।

তে। অবর্দ্ধন্ত। স্বঽতবসঃ। মহিঽত্বনা। আ। নাকং।

তস্থুঃ। উরু। চক্রিরে। সদঃ।

বিষ্ণুঃ। যৎ। হ। আবৎ। বৃষণং। মদঽচ্যুতং। বয়ঃ। ন

সীদন্। অধি। বর্হিষি। প্রিয়ে॥ ৭॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

যে 'মহিত্বনা' (স্বকীয়েন মহত্ত্বেন, সৎকর্ম্মণা ইত্যর্থঃ) 'অবর্দ্ধন্ত' (বৃদ্ধিপ্রাপ্তাঃ), তথা 'স্বতবসঃ' (স্বাশ্রয়বলাঃ, স্বাবলম্বনশীলাঃ ইত্যর্থঃ) 'তে' (জনাঃ, উপাসকাঃ ইত্যর্থঃ) 'আ' (সর্ব্বতোভাবেন) 'নাকং' (স্বর্গং, শুদ্ধসত্ত্বনিলয়ং) 'তস্থুঃ' (প্রাপ্নুবন্তি ইত্যর্থঃ); তথা 'উরু' (বিস্তীর্ণং) 'সদঃ' (দেবস্থানং, দেবভাবানাং আশ্রয়ং ইত্যর্থঃ) 'চক্রিরে' (কুর্ব্বন্তি, নির্ম্মান্তি ইত্যর্থঃ--আত্মনাং হৃদয়েষু ইতি যাবৎ)। 'যৎ' (যস্মাৎ, তেষাং সৎকর্ম্মণা প্রীতঃ সন ইত্যর্থঃ) 'বিষ্ণুঃ' (বিশ্বব্যাপকঃ ভগবান্) 'মদচ্যুতং' (আনন্দবিনিঃসৃতং আনন্দনিঃসারকং বা) 'বৃষণং' (অভীষ্টবর্ষকং—কর্ম্ম ইতি যাবৎ) 'হ আবৎ' (তেষাং হিতসাধনায় তেষু রক্ষতি ইত্যর্থঃ), তথা 'প্রিয়ে' (আত্মনঃ প্রীতিভূতে) 'বর্হিষি' (তেষাং উপাসকানাং হৃদয়ে) 'বয়ঃ ন' (বৃদ্ধঃ ইব, চিরকালমেব ইত্যর্থঃ, যদ্বা—পক্ষিণঃ ইব, কুলায়েষু পক্ষিণঃ যথা নিবসন্তি তদ্বৎ, যদ্বা—প্রাণঃ ইব, দেহাভ্যন্তরে প্রাণঃ যথা তিষ্ঠতি তদ্বৎ) 'অধি সীদন্' (অধিবসতি)। অয়ং ভাবঃ—সৎকর্ম্মণা এব নরঃ শক্তিসম্পন্নঃ সন্ হৃদি ভগবন্তং চিরপ্রতিষ্ঠাপয়িতুং সমর্থঃ ভবতি॥ (১ম—৮৫সূ—৭ঋ)॥

• . •

বঙ্গানুবাদ।

যাঁহারা আপনাদিগের মহত্ত্ব-প্রভাবে অর্থাৎ সৎকর্ম্মের দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত এবং স্বাবলম্বনশীল, সেই উপাসকগণ সর্ব্বতোভাবে স্বর্গকে প্রাপ্ত হয়েন, এবং আপনাদিগের হৃদয়ে বিস্তীর্ণ দেবস্থান অর্থাৎ দেবভাবসমূহের আশ্রয় নির্ম্মাণ করেন; যেহেতু অর্থাৎ তাঁহাদিগের সৎকর্ম্মের দ্বারা প্রীত হইয়া, বিশ্বব্যাপক ভগবান্ বিষ্ণু আনন্দনিঃসারক অভীষ্টবর্ষক কর্ম্মকে তাঁহাদিগের হিতসাধনের নিমিত্ত তাঁহাদিগের মধ্যে রক্ষা করেন, এবং আপনার প্রীতিভূত সেই উপাসকগণের হৃদয়ে, দেহাভ্যন্তরস্থিত প্রাণের ন্যায় অথবা কুলায়ে অবস্থিত পক্ষীর ন্যায়, চিরকাল বসতি করেন। (ভাব এই যে,—সৎকর্ম্মের দ্বারাই মানুষ শক্তিসম্পন্ন হইয়া হৃদয়ে ভগবানকে চিরপ্রতিষ্ঠিত রাখিতে সমর্থ হয়।)॥ (১ম—৮৫সূ—৭ঋ)।

• . •

সায়ণ-ভাষ্যং।

তে মরুতোঽবর্দ্ধয়ন্ত। বৃদ্ধিং গতাঃ। কীদৃশাঃ। স্বতবসঃ। স্বাশ্রয়বলাঃ। নান্যস্য কস্যচিদ্ বলমপেক্ষন্তে। বৃদ্ধিং প্রাপ্য চ মহিত্বনা মহিম্না মহত্ত্বেন নাকং স্বর্গমাতস্থুঃ

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

সেই মরুদ্গণ 'অবর্দ্ধন্ত' বৃদ্ধিগত। কি প্রকার? 'স্বতবসঃ' স্বাশ্রয়বল। অন্য কাহারও বল অপেক্ষা করেন না; এবং বৃদ্ধি প্রাপ্ত হইয়া 'মহিত্বনা' মহত্ত্বের দ্বারা 'নাকং' স্বর্গে

আস্থিতবন্তঃ। সদঃ সদনং নভোলক্ষণং স্থানং চ স্বকীয়নিবাসায়োরুবিস্তীর্ণং চক্রিরে। যৎ যেভ্যো মরুদ্ভ্যঃ। যদর্থং বৃষণং কামাভিবর্ষকং মদচ্যুতং মদস্য হর্ষস্যাসেক্তারং যজ্ঞং বিষ্ণুর্হাবৎ। বিষ্ণুরেবাগত্য রক্ষতি। তে মরুতো বয়ো ন পক্ষিণো যথা শীঘ্রমাগচ্ছন্তি। এবং শীঘ্রমাগত্য বর্হিষ্যধ্যস্মদীয়ে যজ্ঞে প্রিয়ে প্রীতিকরে সীদন্। সীদন্তু। উপবিশন্তু॥

তেহবর্দ্ধন্ত। স্বরিতো বানুদাত্তে পাদাদৌ। পা০ ৮।২।৬। ইত্যেকাদশস্য স্বরিতত্বং। মহিত্বনা। ভাবপ্রত্যয়াদুত্তরস্যাঙোব্যত্যয়েন নাভাব উদাত্তত্বং চ। যদ্বা সুপাং সুলুগিত্যা-জাদেশো নকারোপজনশ্চ। তস্থুঃ। নাকমাতস্থুশ্চ সদশ্চ বিস্তীর্ণং চক্রির ইতি চার্থ-প্রতীতেশ্চাদিলোপে বিভাষেতি। প্রথমায়াস্তিঙ্ বিভক্তের্নিঘাতপ্রতিষেধঃ। যৎ। সুপাং সুলুগিতি চতুর্থ্যা লুক্। আবৎ। ছান্দসো বর্ত্তমানে লঙ্। বৃষণং। বাষপূর্ব্বস্য নিগমে ইত্যুপধাদীর্ঘাভাবঃ। মদচ্যুতং। মদং চ্যোততীতি মদচ্যুৎ। চ্যুতির্ আসেচনে। ক্বিপ্ চেতি ক্বিপ্। সীদন্। লিঙর্থে লেটোঽডাগমঃ॥ (১ম—৮৫সূ—৭ঋ)॥

• • •

সপ্তম (৯২৮) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অর্থ উপলক্ষে একটি উপাখ্যানের অবতারণা করা হইয়া থাকে। তদনুসারে ইন্দ্রের জন্য বিষ্ণু সোমরস প্রস্তুত করিয়া আনিয়া-ছিলেন এবং ইন্দ্রকে তাহা পান করিতে দিয়াছিলেন,—এইরূপ প্রতিপন্ন হয়। অপিচ, বিষ্ণু যখন ইন্দ্রের জন্য সোমরস লইয়া যান, তখন ইন্দ্রের

'আ তস্থুঃ' প্রাপ্ত হইয়াছিলেন। 'সদঃ' এবং সদনকে নভোলক্ষণ স্থানকে আপনার বাসের জন্য 'উরু' বিস্তীর্ণ 'চক্রিরে' করিয়াছিলেন। 'যৎ' মরুদ্গণের জন্য 'বৃষণং' কামাভিবর্ষক 'মদচ্যুতং মদের হর্ষের আসেক্তা যজ্ঞকে 'বিষ্ণুঃ হাবৎ' বিষ্ণুই আসিয়া রক্ষা করেন। সেই মরুদ্গণ 'বয়ঃ ন' পক্ষিগণ যেমন শীঘ্র আগমন করে, সেইরূপ শীঘ্র আসিয়া 'বর্হিষি অধি' আমাদিগের যজ্ঞে 'প্রিয়ে' প্রীতিকর 'সীদন্' (সীদন্তু) উপবেশন করুন।

তেহবর্দ্ধন্ত। 'স্বরিতো বানুদাত্তে পদাদৌ' ইত্যাদি সূত্রে (পা০ ৮।২।৬) একাদেশের (একারের) স্বরিতত্ব। মহিত্বনা। ভাব-প্রত্যয়-হেতু উত্তরের আঙের ব্যত্যয়ের দ্বারা নাভাব এবং উদাত্তত্ব। অথবা 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে আজাদেশ ও নকারের উপজন। তস্থুঃ। নাকে অবস্থিত ছিলেন এবং সদকে বিস্তীর্ণ করিয়াছিলেন—এইরূপ অর্থ প্রতীত হওয়ায়, 'চাদিলোপে বিভাষা' ইত্যাদি সূত্রে প্রথমায় তিঙ্-বিভক্তিতে নিঘাতের প্রতিষেধ। যৎ। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে চতুর্থীর লোপ। আবৎ। ছান্দসে বর্ত্তমানে লঙ্। বৃষণং। 'বাষপূর্ব্বস্য নিগমে' ইত্যাদি সূত্রে উপধার দীর্ঘাভাব। মদচ্যুতং। মদং চ্যোততি—এই বাক্যে মদচ্যুৎ শব্দ হয়। চ্যুতির ধাতু আসেচন অর্থ প্রকাশ করে। 'ক্বিপ্ চ' ইত্যাদি সূত্রে ক্বিপ্। সীদন্। লিঙর্থে লেটে অট্ আগম॥ (১ম—৮৫সূ—৭ঋ)॥

• • •

সখা মরুদ্গণ কুশের উপর বসিয়া সেই সোমরস পান করিয়াছিলেন। মন্ত্রে 'বয়ঃ ন' উপমা আছে। তাহাতে সিদ্ধান্ত করা হয়,—'পক্ষিগণ যেমন কুলায় বসিয়া আহার্য্য দ্রব্যাদি ভক্ষণ করে, মরুদ্গণ সেইরূপ ঘাসের উপর বসিয়া সোমরস-পানে প্রমত্ত ছিলেন।' কোনও কোনও ব্যাখ্যা-কারের অর্থে ঐরূপ ভাবই প্রকাশ পাইয়াছে। কেহ কেহ আবার প্রার্থনা-পক্ষে মন্ত্রের অর্থ নিষ্পন্ন করিয়া নির্দ্ধারণ করেন,—এখানে মরুদ্গণকে পক্ষীর ন্যায় বসিয়া সোমরস পান করিতে বলা হইয়াছে। পক্ষান্তরে, 'মদচ্যুতং' পদে 'হর্ষ আনয়ন করে—এরূপ যজ্ঞ' অর্থ গৃহীত হয়। তাহাতেও সোমরসের ক্ষরণ—'মদচ্যুতং' পদের দ্যোতক হইয়া পড়ে। যাহা হউক, কি ভাবে মন্ত্রার্থ পরিগৃহীত হইয়া আসিতেছে, তাহার একটি আদর্শ নিম্নে প্রকাশ করিতেছি। যথা,—

> "Strong in their native strength to greatness have they grown, stepped to the firmament and made their dwelling wide.
>
> When Vishnu saved Soma bringing wild delight, the Maruts sat like birds on their holy grass."

অন্যান্য ব্যাখ্যার পরিচয় দেওয়া বাহুল্য মাত্র। আমরা যে অর্থের সঙ্গতি দেখি, এখন তদ্বিষয় আলোচনা করিতেছি। প্রচলিত ব্যাখ্যাদিতে 'মহিত্বনা' পদ মরুদ্গণ-সম্বন্ধে প্রযুক্ত হইয়াছে বলিয়া সিদ্ধান্তিত হয়। তাহাতে ভাব দাঁড়াইয়াছে,—মরুদ্গণ যেন আপনাদিগের মহত্ত্বের বা কর্ম্মের দ্বারায় বৃদ্ধিপ্রাপ্ত (অবর্দ্ধন্ত) হইয়াছিলেন। কিন্তু আমরা বলি, ঐ 'মহিত্বনা' পদ উপাসকগণ-সম্বন্ধে প্রযুক্ত হইয়াছে। তাহাতে উপাসক-গণই আপনাদিগের মহত্ত্বের দ্বারা—সৎকর্ম্মের দ্বারা বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকেন—এইরূপ ভাব প্রকাশ পায়। নচেৎ, দেবতার আবার পরিবৃদ্ধি কি? অশরীরী শুদ্ধসত্ত্ব অবস্থায় উপনীত দেবতার দেবত্বের বা দেব-ভাবের নিত্যত্ব ও অনন্তত্ব অবিসংবাদী। এই দৃষ্টিতে অর্থ-নিষ্কর্ষে প্রয়াস পাইলে, আর কোনই সংশয় থাকে না।

ব্যাখ্যা-উপলক্ষে মন্ত্রের প্রথম চরণটিকে আমরা দুই ভাগে বিভক্ত করিয়াছি। তদন্তর্গত 'তে' পদের লক্ষ্য—উপাসকগণ। তদনুসারে প্রথম চরণের প্রথম অংশের, 'তে' হইতে 'তস্থুঃ' পর্য্যন্ত বাক্যাংশের, মর্ম্ম

হয় এই যে,—যাঁহারা সৎকর্ম্মের দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছেন এবং আত্ম-শক্তির দ্বারা উন্নত হইতে সমর্থ হইয়াছেন, তাঁহারাই স্বর্গের অধিকারী হইয়া থাকেন। "উরু সদঃ চক্রিরে" বাক্যাংশেও তাঁহাদিগেরই কর্ম্ম-মহিমা প্রকাশ পাইতেছে। তাঁহারাই আপনাদিগের হৃদয়কে দেব-ভাবের আশ্রয়-স্থান করিয়া থাকেন; তাঁহাদিগেরই হৃদয় দেবত্বে পরিপূর্ণ হয়। এরূপে বুঝিতে পারি, 'মরুদ্দেবগণ আপনাদিগের কর্ম্মের দ্বারা আকাশে প্রতিষ্ঠিত হইয়াছিলেন'—এরূপ অর্থ বদলাইয়া গিয়া, এখন অর্থ দাঁড়াইল,—'আপনাদিগের কর্ম্মপ্রভাবেই মনুষ্যগণ স্বর্গের অধিকারী হয়েন, এবং আপনাদিগের হৃদয়কে দেবস্থানে পরিণত করিতে পারেন।'

অতঃপর মন্ত্রের দ্বিতীয় চরণে কি ভাব প্রকাশ পাইয়াছে, তাহা ব্যক্ত করা যাইতেছে। এই অংশের 'যৎ' পদে 'যস্মাৎ' প্রতিবাক্যে 'সেই উপাসকগণের সৎকর্ম্মে প্রীত হইয়া' ভাব আসে। 'মদচ্যুতং' ও 'বৃষণং' পদদ্বয়ে 'আনন্দ-নিঃসারক অভীষ্টবর্ষক কর্ম্ম' অর্থ প্রাপ্ত হওয়া যায়। বিষ্ণু অর্থাৎ বিশ্বব্যাপক ভগবান্, তাঁহাদেরই (পূর্ব্বোক্ত উপাসকগণেরই) কর্ম্মে প্রীত হইয়া তাঁহাদিগের আনন্দপ্রদ অভীষ্টপূরক কর্ম্মকে তাঁহাদিগের হিতসাধনের জন্য তাঁহাদিগের মধ্যে রক্ষা করিয়া থাকেন। 'আবৎ' ক্রিয়া-পদে, 'রক্ষিত' প্রতিবাক্যে নিত্য-বর্ত্তমান-কালের ভাব পরিগ্রহণানন্তর, উক্ত অর্থেই সঙ্গতি দেখি। এখন অবশিষ্ট রহিল—"প্রিয়ে বর্হিষি বয়ঃ ন অধি সিদন্।" এই অংশের 'প্রিয়ে' পদে আপনার প্রীতিভূত অর্থাৎ ভগবানের আনন্দপ্রদ স্থানকে বুঝাইয়া থাকে। সেই স্থানই 'বর্হিষি' পদে প্রকাশ পাইতেছে। সৎকর্ম্মকারী সেই উপাসকগণের হৃদয়ই ঐ পদের লক্ষ্যস্থল বলিয়া আমরা সিদ্ধান্ত করি। অতঃপর 'বয়ঃ ন' উপমায় কি ভাব প্রাপ্ত হওয়া যায়, তাহা বুঝিয়া দেখুন। আমরা বিবিধ প্রকারে ঐ উপমার ভাব পরিগ্রহণ-পক্ষে প্রয়াস পাইয়াছি। 'বয়ঃ' পদে বার্দ্ধক্যের ভাব গ্রহণ করিলে, উপমায় 'চিরকালই' অর্থ আসে। তাহাতে, আপনার প্রীতিভূত সাধকের হৃদয়ে ভগবান্ চির-কালই বাস করেন—এইরূপ অর্থ পাইতে পারি। যদি 'বয়ঃ' পদে পক্ষী অর্থ গ্রহণ করি, তাহাতেও ভাব প্রাপ্ত হই, পক্ষিগণ যেমন আপনাদিগের কুলায়ে সুখে বাস করে, ভগবান্ সেইরূপ সাধুগণের হৃদয়ে

আনন্দের সহিত বসতি করিয়া থাকেন। পক্ষান্তরে 'বয়ঃ' পদ হইতে 'প্রাণ' অর্থও গ্রহণ করিতে পারি। তাহা হইতে ভাব আসে,-'দেহাভ্যন্তরে প্রাণ যেমন অবস্থিত থাকে, ভগবান্ সেইরূপ সাধুগণের হৃদয়ে প্রাণরূপে অবস্থিতি করেন।' ফলতঃ, 'পাখীর ন্যায় ঘাসের উপর বসিয়া মরুদ্দেবগণ বিষ্ণুর আনীত সোমরস পান করিয়াছিলেন'—এই যে অর্থ প্রচলিত আছে, আমাদিগের ব্যাখ্যায় তাহা সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত হইল ; আমাদিগের ব্যাখ্যা-ক্রমে মন্ত্রাংশের ভাব দাঁড়াইল,-'উপাসকগণের হৃদয়ই ভগবানের প্রীতি-নিকেতন ; তিনি পরমসুখে সেখানে অবস্থিত করেন।' এই দৃষ্টিতে সাধুগণের হৃদয়ে প্রাণরূপে ভগবানের বিদ্যমানতা প্রতিপন্ন হয়। (১ম—৮৫সূ—৭ঋ)।

অষ্টমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। অষ্টমী ঋক্।)

শূরাইবেদ্যুযুধয়ো ন জগ্ময়ঃ শ্রবস্যবো ন
পৃতনাসু যেতিরে।
ভয়ন্তে বিশ্বা ভুবনা মরুদ্ভ্যো রাজানইব
ত্বেষসন্দৃশো নরঃ ॥ ৮ ॥

পদ-বিশ্লেষণং।

শূরাঃ-ইব। ইৎ। যুযুধয়ঃ। ন। জগ্ময়ঃ। শ্রবস্যবঃ। ন।
পৃতনাসু। যেতিরে।
ভয়ন্তে। বিশ্বা। ভুবনা। মরুৎ-ভ্যঃ। রাজানঃ-ইব।
ত্বেষ-সন্দৃশঃ। নরঃ ॥ ৮ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'শূরাঃ ইব' (শৌর্য্যসম্পন্নাঃ পুরুষাঃ ইব) 'ইৎ' (তথা) 'যুযুধয়ঃ ন' (শক্রভিঃ যুদ্ধমানাঃ বীরাঃ ইব) পরন্তু 'শ্রবস্যবঃ ন' (মঙ্গলাভিলাষিণঃ সুহৃদঃ ইব) 'জগ্ময়ঃ' (শীঘ্রং গচ্ছন্তঃ) তে দেবাঃ 'পৃতনাসু' (সংগ্রামেষু, রিপুভিঃ সহ দ্বন্দ্বে) 'যেতিরে' (মনুষ্যান্ ব্যাপ্রিয়ন্তে); বিবেকরূপিণঃ দেবাঃ মনুষ্যাণাং হিতসাধনায় সুহৃদঃ ইব রিপুনা সহ সংগ্রামে লোকান্ রক্ষতি—ইতি ভাবঃ। তাদৃশেভ্যঃ 'মরুদ্ভ্যঃ' (বিবেকরূপিভ্যঃ দেবেভ্যঃ) 'বিশ্বা' (সর্ব্বে) 'ভুবনা' (লোকাঃ, বিশ্বব্রহ্মাণ্ডাঃ ইত্যর্থঃ, সর্ব্বে শত্রবঃ ইতি ভাবঃ) 'ভয়ন্তে' (বিভ্যতি); 'নরঃ' (নেতারঃ, লোকানাং সৎপথি নিয়ন্তার তে দেবাঃ) 'রাজানঃ ইব' (রাজমানাঃ ভূপতয়ঃ ইব) 'ত্বেষসন্দৃশঃ' (দীপ্তিসম্পন্নাঃ, প্রভাববিশিষ্টাঃ) ভবন্তি ইতি শেষঃ। বিবেকপ্রভাবেন সর্ব্বঃ শক্রঃ বিভেতি—ইতি ভাবঃ। (১ম—৮৫সূ—৮ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

শৌর্য্যসম্পন্ন পুরুষের ন্যায় এবং শত্রুগণ সহ যুদ্ধমান বীরের ন্যায়, পরন্তু মঙ্গলাভিলাষী সুহৃদের ন্যায়, শীঘ্রগমনশীল সেই দেবগণ, রিপুগণের সহিত সংগ্রামে মনুষ্যগণকে ব্যাপিয়া থাকেন; (ভাব এই যে,—বিবেকরূপী দেবগণ মনুষ্যগণের হিতসাধনের জন্য সুহৃদের ন্যায় রিপুসহ সংগ্রামে মনুষ্যগণকে রক্ষা করিয়া থাকেন); সেই বিবেকরূপী দেবগণ হইতে বিশ্বব্রহ্মাণ্ড (সকল শত্রু) ভয় প্রাপ্ত হয়; মনুষ্যগণের সৎপথে নিয়ন্তা সেই দেবগণ রাজমান নৃপতিগণের ন্যায় দীপ্তিসম্পন্ন প্রভাববিশিষ্ট হয়েন; (ভাব এই যে,—বিবেকের প্রভাবে সকল শত্রু ভয় প্রাপ্ত হয়।)॥ (১ম—৮৫সূ—৮ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

ইদিত্যেতৎ সমুচ্চয়ে। শূরা ইবেৎ শৌর্য্যোপেতা যুযুৎসবঃ পুরুষা ইব চ যুযুধয়ঃ শক্রভির্যুধ্যমানাঃ পুরুষা ইব চ জগ্ময়ঃ শীঘ্রং গচ্ছন্তো মরুতঃ শ্রবস্যবো ন শ্রবোঽন্নমাত্মন ইচ্ছন্তঃ পুরুষা ইব পৃতনাসু সংগ্রামেষু যেতিরে। প্রযতন্তে। বৃত্রাদিভির্যুদ্ধে ব্যাপ্রিয়ন্তে। তাদৃশেভ্যো

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'ইৎ' (ইত্থ) এই পদ সমুচ্চয়ার্থক। 'শূরা ইবেৎ' শৌর্য্যোপেত যুযুৎসু পুরুষগণের ন্যায় 'যুযুধয়ঃ ন' এবং শত্রুগণের সহিত যুদ্ধমান পুরুষগণের ন্যায় 'জগ্ময়ঃ' শীঘ্রগমনশীল মরুদ্গণ 'শ্রবস্যবঃ ন' শ্রব বা অন্ন আপনি ইচ্ছা করেন—এইরূপ পুরুষগণের ন্যায় 'পৃতনাসু' সংগ্রামসমূহে 'যেতিরে' প্রযত হয়েন; বৃত্রাদি সহ যুদ্ধে ব্যাপৃত থাকেন। তাদৃশ মরুদ্গণ

মরুদ্ভ্যো বিশ্বা ভুবনা সর্ব্বাণি ভূতজাতানি ভয়ন্তে। বিভ্যতি। যে নরো বৃষ্ট্যাদের্নে মরুতো রাজানঃ ইব রাজমানা নৃপতয় ইব ত্বেষসন্দৃশো দীপ্তসন্দর্শনা উগ্ররূপতয়া দুষ্প্রে ভবন্তি। তেভ্যঃ ইত্যর্থঃ॥

যুযুধয়ঃ। যুধ সংপ্রহারে। আদৃগমহনজন ইত্যত্রোৎসর্গশ্ছন্দসীতি বচনাৎ কিন্প্রত লিড্বদ্ভাবাৎ দ্বির্ভাবাদি। কিত্ত্বাদ্গুণাভাবঃ। নিত্বাদাদ্যুদাত্তত্বং। জগ্মুয়ঃ। তেনৈব সূ কিন্প্রত্যয়ঃ। গমহনেত্যাদিনোপধালোপঃ। স্থানিবদ্ভাবাদ্দ্বির্ভাবাদি। শ্রবস্যবঃ। ইচ্ছতি শ্রবস্যতি। ক্যাচ্ছন্দসীতি উ-প্রত্যয়ঃ। যেতিরে। যতী প্রযত্নে। ছন্দসি লুঙ্লঙ্লিট ইতি বর্ত্তমানে লিট্। ভয়ন্তে। ঞিভী ভয়ে। বহুলং ছন্দসীতি শপঃ শ্লোরভ ত্বেষসন্দৃশঃ। ত্বিষ দীপ্তৌ। পচাদ্যচ্। দৃশির্ প্রেক্ষণে। সম্পূর্ব্বাদস্মাৎ সম্পদাদিলক্ষ ভাবে ক্বিপ্। বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং॥ (১ম—৮৫সূ—৮ঋ)॥

• • •

অষ্টম (৯২৯) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অর্থ-বিষয়ে ভাষ্যের সহিত বিশেষ কোনরূপ মত-পার্থ ঘটে নাই। মাত্র দুই একটি পদের অর্থান্তর গ্রহণ করিয়াছি; এ ভাব-পক্ষে ঝড়-ঝঞ্ঝাবাত-সম্বন্ধে মন্ত্রের প্রয়োগ স্বীকার না করিয়া বিবে রূপী দেবগণ-সম্বন্ধেই উহার প্রয়োগে যৌক্তিকতা দেখিয়াছি। 'শ্রবস্য ন' উপমা উপলক্ষে ভাষ্যকার 'তাঁহারা অন্নাভিলাষী পুরুষের ন্য

হইতে 'বিশ্বা ভুবনা' সকল ভূতজাত 'ভয়ন্তে' ভয় প্রাপ্ত হয়; যে 'নরঃ' বৃষ্ট্যাদির মরুদ্গণ 'রাজানঃ ইব' রাজমান নৃপতিগণের ন্যায় 'ত্বেষসন্দৃশঃ' দীপ্তসন্দর্শন অর্থাৎ উগ্ররূপ দ্বারা যাঁহারা দর্শনের অশক্য হয়েন, তাহাদিগ হইতে।

যুযুধয়ঃ। যুধ ধাতু সংপ্রহার অর্থক। 'আদৃগমহনজনঃ' ইত্যাদি সূত্রে এখানে উৎ 'ছন্দসি' ইত্যাদি বচন হেতু কিন্-প্রত্যয়। লিট্-বৎ ভাব-হেতু দ্বির্ভাবাদি। কিত্ত্ব-হে গুণের অভাব। নিত্ত্ব-হেতু আদ্যুদাত্তত্ব। জগ্মুয়ঃ। পূর্ব্বোক্ত সূত্রের দ্বারা কিন্-প্রত্য 'গমহন' ইত্যাদি সূত্রে উপধার লোপ। স্থানিবৎ ভাব-হেতু দ্বির্ভাবাদি। শ্রবস্যবঃ। ইচ্ছা করে—এই অর্থে শ্রবস্যতি পদ হয়। 'ক্যাচ্ছন্দসি' ইত্যাদি সূত্রে উ-প্রত্য যেতিরে। যতী ধাতু প্রযত্ন বুঝায়। 'ছন্দসি লুঙ্লঙ্লিটঃ' ইত্যাদি সূত্রে বর্ত্তমা লিট্। ভয়ন্তে। ঞিভী ধাতু ভয়ার্থক। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপে 'শ্লি'র অভা 'ত্বেষসন্দৃশঃ'। ত্বিষ ধাতু দীপ্তি অর্থ বুঝায়। পচাদি-হেতু অচ্। দৃশির ধ প্রেক্ষণ অর্থ বুঝায়। সং-পূর্ব্ব-হেতু উহাতে সম্পদাদি-লক্ষণে ভাবে ক্বিপ্। বহুব্রীহি পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব॥ (১ম—৮৫সূ—৮ঋ)॥

• • •

বিরাজমান্ ছিলেন—এইরূপ ভাব গৃহীত হইয়াছে। কোনও কোনও ব্যাখ্যাকার 'শ্রব' শব্দে 'যশ' অর্থ গ্রহণ-পূর্ব্বক তাঁহারা (সেই মরুদ্দেবগণ) যশের অভিলাষী ছিলেন—এইরূপ অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন। কিন্তু আমরা 'শ্রব' শব্দে 'মঙ্গল' অর্থ গ্রহণ করিয়া থাকি। যাঁহারা লোকের (উপাসকের) মঙ্গল-কামনা করেন, অর্থাৎ মঙ্গলাভিলাষী সুহৃদের ন্যায় বিদ্যমান আছেন, তাঁহারাই এখানকার লক্ষ্যস্থল। এই দৃষ্টিতেই 'শ্রবস্যবঃ ন' উপমায় আমরা 'মঙ্গলাভিলাষিণঃ সুহৃদঃ ইব' প্রতিবাক্য গ্রহণ করিয়াছি। বিবেকরূপী দেবগণ যে মনুষ্যের সুহৃদের ন্যায় বিদ্যমান আছেন, তাহা স্বতঃই বোধগম্য হয়। 'পৃতনাসু' পদে যে সংগ্রামকে বুঝায়, সে সংগ্রাম—মানুষের সহিত মানুষের সংগ্রাম নহে। হৃদয়ে রিপুগণের সহিত যে সংগ্রাম নিত্যকাল চলিয়াছে, এখানে সেই সংগ্রামের প্রতি লক্ষ্য করা যায়। মানুষের হৃদয়ে যখন সদ্বৃত্তির সহিত অসদ্বৃত্তির সংগ্রাম উপস্থিত হয়, সেই সময় বিবেক মানুষের সুহৃদের ন্যায় কার্য্য করেন, বীরের ন্যায় সহায় হয়েন, এবং যোদ্ধার ন্যায় যুদ্ধকার্য্যে শত্রু-বিমর্দ্দনে প্রবৃত্ত হয়েন। যাঁহারা বিবেককে সুহৃদ-রূপে গ্রহণ করেন, তাঁহাদিগের সম্বন্ধেই বিবেকের ঐরূপ কার্য্যকারিতা প্রকাশ পায়। কিন্তু যাঁহারা বিবেকের অনুশাসন মান্য করেন না, বিবেককে (জ্ঞানকে) মিত্র বলিয়া মনে করেন না, তাঁহাদিগের দুর্দ্দশার পরিসীমা থাকে না।

মন্ত্রের দ্বিতীয় চরণে বিবেক-রূপী দেবগণের প্রভাবের বিষয় পরিবর্ণিত আছে। সকল ভুবন বিশ্বসংসার তাঁহাদিগের প্রভাবে ভয় পায়, এবং তাঁহারা নৃপতির ন্যায় প্রদীপ্ত তেজে শত্রুর অসহনীয় ক্ষমতা-প্রকাশে বিদ্যমান রহেন। ইহার তাৎপর্য্য এই যে,—হৃদয়ে যখন বিবেকের উদয় হয়, হৃদয়-রাজ্যে জ্ঞান যখন নৃপতির ন্যায় প্রতিষ্ঠিত হয়েন, তখন রিপুগণ সন্ত্রস্ত হইয়া পড়ে,—মানুষের উপর আর তাহাদিগের আধিপত্য বিস্তার করিতে পারে না। তাই বলা হইয়াছে,—'যাঁহারা বিবেকের অনুসারী হয়েন বিবেক তাঁহাদিগের মধ্যে অবস্থিত হইয়া শত্রু-বিমর্দ্দন পূর্ব্বক তাঁহাদিগের মধ্যে রাজার ন্যায় বিদ্যমান রহেন।' ঝড়-ঝঞ্ঝাবাত পক্ষে অর্থ গ্রহণ করিতে গেলে 'শ্রবস্যবঃ ন' প্রভৃতি উপমার সার্থকতা প্রতিপন্ন হয় না। ঝড়-ঝঞ্ঝাব'ও যে অন্নের আকাঙ্ক্ষা

অথবা যশের আকাঙ্ক্ষা করিবে, তাহা কিরূপে সিদ্ধ হইতে পারে মরুদ্গণকে মনুষ্য বলিয়া মনে করিলেও ঐরূপ সমস্যাই রহিয়া যায় যাহা হউক, আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে আমাদিগে পরিগৃহীত অর্থ স্বতঃই বোধগম্য হইবে। (১ম—৮৬সূ—৮ঋ)॥

—:•:—

নবমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। । পঞ্চাশীতিতমং সূক্তং। নবমী ঋক্।)

ত্বষ্টা যদ্বজ্রং সুকৃতং হিরণ্যয়ং সহস্রভৃষ্টিং

স্বপা অবর্ত্তয়ৎ।

ধত্ত ইন্দ্রো নর্যপাংসি কর্ত্তবেঽহন্বৃত্রং

নিরপামৌব্জদর্ণবং ॥ ৯ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

ত্বষ্টা। যৎ। বজ্রং। সুঽকৃতং। হিরণ্যয়ং। সহস্রঽভৃষ্টিং।

সুঽঅপাঃ। অবর্ত্তয়ৎ।

ধত্তে। ইন্দ্রঃ। নরি। অপাংসি। কর্ত্তবে। অহন্। বৃত্রং।

নিঃ। অপাং। ঔব্জৎ। অর্ণবং ॥ ৯ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যৎ' (যস্মাৎ, হৃদি বিবেকরূপিণঃ দেবাঃ অধিষ্ঠিতাঃ সন্তঃ) 'স্বপাঃ' (শোভন-কর্ম্মকারী, লোকান্ সৎকর্ম্মণি প্রবর্ত্তয়িতা ইত্যর্থঃ) 'ত্বষ্টা' (ত্রাণকারকঃ দেবঃ) 'সুকৃতং' (সুসম্পাদিতং, সৎপথি নয়নোপযোগিনং) 'হিরণ্যয়ং' (রমণীয়ং, হিরণ্যবৎ আকর্ষণীয়ং) 'সহস্রভৃষ্টিং' (বহুভিঃ ধারাভিঃ যুক্তং, সাধূনাং রক্ষকং তথা অসাধুনাং মারকং ইত্যর্থঃ) 'বজ্রং' (আয়ুধং, শাসনদণ্ডং) 'অবর্ত্তয়ৎ' (ইহলোকে প্রেরয়তি); হৃদি বিবেকসঞ্চারে সতি দেবতায়াঃ পুণ্যরক্ষকং পাপবিধ্বংসকং বজ্রং আগত্য মর্ত্ত্যলোকে বিদ্যতে—ইতি ভাবঃ। তদা 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'নরি' (রিপুভিঃ সহ সংগ্রামে) 'অপাংসি' (শুদ্ধসত্ত্বানি) 'ধত্তে' (ধারয়তি, বিতরতি ইত্যর্থঃ—সাধূনাং রক্ষণায় ইতি যাবৎ); তথা 'অপাং' (তৎ শুদ্ধসত্ত্বং) 'কর্ত্তবে' (কর্ত্তুং, মনুষ্যাণাং হৃদয়ে সঞ্চারয়িতুং) 'বৃত্রং' (অজ্ঞানতারূপং শত্রুং, তেষাং জ্ঞানাবরোধিকাং বাধাং) 'অহন্' (হন্তি, অপসারয়তি); এবম্প্রকারেণ 'অর্ণবং' (সত্ত্বসমুদ্রং) 'নিঃ ঔজৎ' (সর্ব্বথা নরলোকং প্রতি প্রধাবয়তি)। ভগবতঃ শাসনদণ্ডঃ অজ্ঞানতাসহচরানাং শত্রূণাং বিনাশয়িত্বা মনুষ্যান্ সত্ত্বভাবসমন্বিতান্ করোতি—ইতি ভাবঃ। (১ম—৮৫সূ—৯ঋ)।

বঙ্গানুবাদ।

হৃদয়ে বিবেকরূপী দেবগণ অধিষ্ঠিত হইলে, শোভনকর্ম্মকারী অর্থাৎ মনুষ্যগণকে সৎকর্ম্মে প্রবর্ত্তয়িতা ত্রাণকারক 'ত্বষ্টা' দেব, সুসম্পাদিত (সৎপথে নয়নোপযোগী) রমণীয় (হিরণ্যবৎ আকর্ষণীয়) বহুধারাযুক্ত (সাধুগণের রক্ষক ও অসাধুগণের মারক) বজ্রকে ইহলোকে প্রেরণ করেন; (ভাব এই যে,—হৃদয়ে বিবেক-সঞ্চার হইলে দেবতার নিকট হইতে পুণ্যের রক্ষক ও পাপের ধ্বংসকারী বজ্র আসিয়া মর্ত্ত্যলোকে বিদ্যমান থাকে)। তখন, ভগবান ইন্দ্রদেব রিপুগণের সহিত সংগ্রামে শুদ্ধসত্ত্বসমূহকে সাধুগণের রক্ষার নিমিত্ত ধারণ করেন—বিতরণ করেন, এবং সেই শুদ্ধসত্ত্বকে মনুষ্যগণের হৃদয়ে সঞ্চারের জন্য অজ্ঞানতা-রূপ শত্রুকে (তাঁহাদিগের জ্ঞানাবরোধিকা বাধাকে) হনন করেন—অপসারিত করেন; এই প্রকারে সত্ত্ব-সমুদ্র সর্ব্বথা নরলোকের প্রতি প্রধাবিত করিয়া থাকেন। (ভাব এই যে,—ভগবানের শাসনদণ্ড অজ্ঞানতাসহচর শত্রুগণকে বিনাশ করিয়া মনুষ্যগণকে সত্ত্বভাব-সমন্বিত করিয়া থাকে।)॥ (১ম—৮৫সূ—৯ঋ)॥

সায়ণ-ভাষ্যং।

স্বপাঃ শোভনকর্ম্মা ত্বষ্টা বিশ্বনির্ম্মাতা যদ্বজ্রমবর্ত্তয়ৎ। ইন্দ্রং প্রত্যগময়ৎ। দত্তবানিত্যর্থ কীদৃশং। সুকৃতং। সম্যক্ নিষ্পাদিতং হিরণ্যয়ং। সুবর্ণময়ং। সহস্রভৃষ্টিং। অনেং ভির্ধারাভির্যুক্তং। তদ্বজ্রমিন্দ্রো ধত্তে। ধারয়তি। কিমর্থং। নরি। অত্র নৃসম্বন্ধ নৃশব্দেন সংগ্রামোঽভিধীয়তে। সংগ্রামেঽপাংসি শত্রুহননাদিলক্ষণানি কর্ম্মাণি কর্ত্ত কর্ত্তুং। এবং বজ্রং ধৃত্বা তেন বজ্রেণ বৃত্রং বৃষ্ট্যুদকস্যাবরকমর্ণবমর্ণসোদকেন যুক্ত মেঘমহন্। অবধীৎ। অপাং তেন নিরুদ্ধা অপশ্চ নিরৌব্জৎ। নিঃশেষেণাধোমুখ পাতয়ৎ। প্রবৃষ্টা অকরোদিত্যর্থঃ॥

সুকৃতং। সুপূর্ব্বাৎ করতেঃ কর্ম্মণি নিষ্ঠা। গতিরনন্তর ইতি গতেঃ প্রকৃতিস্বরঃ হিরণ্যয়ং। হিরণ্যশব্দাৎ উত্তরস্য ময়টো মকারস্য লোপঃ। ঋত্ব্যবাস্ত্ব্যেত্যাদি নিপাত্যতে। স্বপাঃ। সোর্ম্মনসী অলোমোষসী ইত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং। কর্ত্তবে। তুমং সেসেনিতি করোতেস্তবেন্প্রত্যয়ঃ। অপাং। ক্রিয়াগ্রহণং কর্ত্তব্যমিতি কর্ম্মণঃ সংপ্রদা স্বাচ্চতুর্থ্যর্থে ষষ্ঠী। উড়িদমিতি বিভক্তেরুদাত্তত্বং। ঔব্জৎ। উব্জ আর্জ্জবে। অর্ণবং অর্ণসো লোপশ্চেতি মত্বর্থীয়ো বঃ সলোপশ্চ॥ (১ম—৮৫সূ—৯ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

'স্বপাঃ' শোভনকর্ম্মা 'ত্বষ্টা' বিশ্বনির্ম্মিতা 'যৎ বজ্রং' যে বজ্রকে 'অবর্ত্তয়ৎ' ইন্দ্রের প্রতি প্রেরণ করিয়াছিলেন; অর্থাৎ ইন্দ্রকে দিয়াছিলেন। কীদৃশ (বজ্র)? 'সুকৃতং' সম্যক্ নিষ্পাদিত 'হিরণ্যয়ং' সুবর্ণময় 'সহস্রভৃষ্টিং' অনেক ধারাসমূহের দ্বারা যুক্ত। সেই বজ্রকে 'ইন্দ্রঃ ধত্তে' ইন্দ্র ধারণ করেন। কি নিমিত্ত? 'নরি' (এখানে নৃ-সম্বন্ধ-হেতু নৃ-শব্দে দ্বারা সংগ্রাম বুঝাইয়া থাকে) সংগ্রামে 'অপাংসি' শত্রুহননাদিলক্ষণ কর্ম্মসমূহকে 'কর্ত্তবে' করিতে। এইরূপ বজ্রকে ধারণ করিয়া সেই বজ্রের দ্বারা 'বৃত্রং' বৃষ্টির উদকের আবরককে 'অর্ণবং' অর্ণসের অর্থাৎ উদকের দ্বারা যুক্ত মেঘকে 'অহন্' হনন করিয়াছিলেন; এবং 'অপাং' তদ্দ্বারা নিরুদ্ধ অপকে 'নিঃ ঔব্জৎ' নিঃশেষে অধোমুখে পাতিত করিয়াছিলেন অর্থাৎ প্রকৃষ্টরূপে বৃষ্টিপাত করিয়াছিলেন।

সুকৃতং। সু-পূর্ব্ব-হেতু কৃ-ধাতুতে কর্ম্মণিবাচ্যে নিষ্ঠা। 'গতিরনন্তরঃ' ইত্যাদি সূত্রে গতির প্রকৃতিস্বরত্ব। হিরণ্যয়ং। হিরণ্য-শব্দ-হেতু উত্তরের ময়টের ম-কারের লোপ 'ঋত্ব্যবাস্ত্ব্যবাস্ত্ব' ইত্যাদি সূত্রের দ্বারা নিপাতন-সিদ্ধ। স্বপাঃ। 'সোর্ম্মনসী অলোমোষসী' ইত্যাদি-সূত্রে উত্তরপদের আদ্যুদাত্তত্ব। কর্ত্তবে। 'তুমর্থে সেসেন্' ইত্যাদি সূত্রে 'করোতি'র স্থলে তবেন্-প্রত্যয়। অপাং। 'ক্রিয়াগ্রহণং কর্ত্তব্যং' ইত্যাদি সূত্রে কর্ম্মের সম্প্রদানত্ব-হেতু চতুর্থীর অর্থে ষষ্ঠী। 'উড়িদং' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। ঔব্জৎ। উব্জ-ধাতু আর্জ্জব অর্থ বুঝায়। অর্ণবং। 'অর্ণসো লোপশ্চ' ইত্যাদি নিয়মে মত্বর্থীয় ব এবং স-কারের লোপ॥ (১ম—৮৫সূ—৯ঋ)॥

• • •

নবম (৯৩০) ঋকের বিশদার্থ।

—— ঃ০ X ০ঃ ——

এই মন্ত্রের ব্যাখ্যাদিতে একটী উপাখ্যানের সংশ্রব দেখা যায়। তাহার মর্ম্ম এই যে, ত্বষ্টা ঋষি বজ্র নির্ম্মাণ করিয়া ইন্দ্রকে প্রদান করিয়াছিলেন। সেই বজ্রের দ্বারা ইন্দ্র বৃত্রাসুরকে বধ করেন, এবং পৃথিবীতে বারি বর্ষণ করিয়াছিলেন। ত্বষ্টা ঋষি ইন্দ্রের জন্য যে বজ্র নির্ম্মাণ করিয়া দেন, সেই বজ্রের তিনটি বিশেষণ দৃষ্ট হয়;—"সুকৃতং হিরণ্যয়ং সহস্রভৃষ্টিং।" বজ্রটী সুবর্ণের দ্বারা নির্ম্মিত, সহস্রধারাবিশিষ্ট এবং সুন্দররূপে গঠিত। সেই বজ্রের দ্বারা বৃত্র নিহত হয় এবং সমুদ্রের প্রবাহ উন্মুক্ত হয়, জলস্রোতে পৃথিবী ভাসিয়া যায়। এবম্বিধ ব্যাখ্যা হইতে সাধারণতঃ দুই প্রকার ভাব পরিকল্পিত হইতে দেখি। প্রথম—বৃত্র একজন অসুর (অনার্য্যগণের অধিপতি) ছিলেন। তিনি কয়েকটী নদীর মোহানা অবরোধ করিয়া রাখিয়াছিলেন। ইন্দ্র বৃত্রকে হনন করিয়া সেই নদীর মোহানা কাটিয়া দেন। তাহাতে জলপ্রবাহ অবাধে বহিতে থাকে। দ্বিতীয়তঃ, বৃষ্টির অবরোধকারী মেঘকে বিদ্যুৎ-বজ্রের দ্বারা ভেদ করিয়া মেঘ হইতে বৃষ্টিপাত করিয়াছিলেন; এবং তাহাতে পৃথিবী অভিসিঞ্চিত হইয়াছিল। শেষোক্ত অর্থে বজ্রের সুবর্ণ-নির্ম্মিত বিশেষণে বিদ্যুতের দ্যুতি অর্থ আসিতে পারে। কিন্তু প্রথমোক্ত অর্থে, নদীর মোহানা কাটায় সঙ্গে সুবর্ণ-নির্ম্মিত বজ্রের সার্থকতা বোধগম্য হয় না। যাহা হউক, মন্ত্রের অন্তর্গত পদাবলির বিশ্লেষণে আমরা কিন্তু ঐ দুই প্রকার ভাবের কোনও ভাবেই আস্থা স্থাপন করিতে পারিতেছি না। বিশেষতঃ, সূক্তটী মরুদ্গণ-সম্বন্ধে প্রযুক্ত, কিন্তু মরুদ্গণের কোনও সম্বন্ধই ঐরূপ ব্যাখ্যায় লক্ষিত হয় না। এই সকল বিষয় বিবেচনা করিয়া আমরা যে অর্থ গ্রহণ করিলাম, তদ্বিষয়ে আমাদিগের বক্তব্য খ্যাপন করিতেছি।

মন্ত্রে একটী 'যৎ' পদ আছে। ভাষ্যে ঐ পদটীকে 'বজ্রং' পদের বিশেষণ-রূপে গ্রহণ করা হইয়াছে। আমরা ঐ পদটির 'যস্মাৎ' প্রতিবাক্য গ্রহণ করি। তাহাতে পূর্ব্ব মন্ত্রের সহিত এই মন্ত্রের সম্বন্ধ লক্ষ্য করা যায়; এবং সহসা সূক্তের মধ্যের একটি ঋকে সূক্তের

আলোচনার বিষয়ীভূত দেবতাকে পরিত্যাগ করারও আবশ্যক হয় না। আমরা 'যৎ' পদের প্রতিবাক্যে 'যস্মাৎ' পদ গ্রহণানন্তর 'হৃদি বিবেকরূপিণঃ দেবাঃ অধিষ্ঠিতাঃ সন্তঃ' অর্থাৎ হৃদয়ে বিবেকরূপী দেবগণ অধিষ্ঠিত হইলে—এইরূপ ভাব গ্রহণ করিয়াছি। তাহাতে 'অবর্ত্তয়ৎ' ক্রিয়া-পদের সহিত ইন্দ্রদেবতার-সম্বন্ধ পরিকল্পনারও আবশ্যক হয় না। পরন্তু সাদাসিধা ভাব প্রাপ্ত হওয়া যায়,—হৃদয়ে বিবেকের উদয় হইলে রিপু-দমনের উপযোগী অস্ত্র দেবতাই প্রেরণ করিয়া থাকেন। এখন সেই দৃষ্টিতে সেই অস্ত্র বা বজ্র কিরূপ গুণ-বিশেষণ-বিশিষ্ট, তাহাই বুঝিয়া দেখুন। যাহা সুসম্পাদিত অর্থাৎ যাহা মানুষকে সৎপথে লইয়া যাইবার উপযোগী, তাহাই 'সুকৃতং' বিশেষণে প্রকাশ পাইয়াছে। 'হিরণ্যয়ং' পদে 'হিরণ্যবৎ' আকর্ষণীয় অর্থ প্রাপ্ত হওয়া যায়। সে বজ্র যেমন মনুষ্যগণকে সৎপথে লইয়া যাইবার উপযোগী, সেইরূপ সে বজ্র লোকের ঈপ্সার সামগ্রী। তার পর, সেই বজ্রের একটী বিশেষণ আছে—'সহস্রভৃষ্টিং।' ঐ পদের 'বহুভিঃ ধারাভিঃ যুক্তং' প্রতিবাক্য হইতেই সাধুদিগের রক্ষাকারী এবং অসাধুদিগের হননকারী—এইরূপ ভাব প্রাপ্ত হইতে পারি। সেই বজ্র বা শাসন-দণ্ড মনুষ্যদিগকে সৎকর্ম্মে নিয়োজিত করে; সুতরাং তখন তাহা হিরণ্যবৎ আকর্ষণীয় হয়। আবার সেই বজ্র শত্রুগণকে হনন করে; সুতরাং তাহাতে বিদারণ করার ভাব প্রাপ্ত হওয়া যায়। শত্রু ও বহু প্রকারের; সৎকর্ম্মও অশেষবিধ। সুতরাং সেই বজ্রের ধারা বা গতি নানা পথবাহী। এ পক্ষে 'বজ্রং' পদে 'জ্ঞানজ্যোতিঃ' ভাব গ্রহণ করা যায়। হৃদয়ে বিবেকের উদয় হইলে, ত্রাণকারী দেবতার কৃপায় অসদ্ভাববিনাশক এবং সদ্ভাব-সংরক্ষক সামর্থ্য মানুষ প্রাপ্ত হয়। মন্ত্রের প্রথম চরণের ইহাই ভাবার্থ বলিয়া আমরা সিদ্ধান্ত করি।

মন্ত্রের দ্বিতীয় চরণটিকে ব্যাখ্যা-উপলক্ষে আমরা দুই অংশে বিভক্ত করিয়াছি। তাহাতে ভাব প্রাপ্ত হইয়াছি, যখন পূর্ব্বোক্ত অবস্থা উপস্থিত হয় অর্থাৎ যখন বিবেকের অধিকারী হইয়া মানুষ শত্রুদমনের শক্তি লাভ করে, তখন ভগবান্ মানুষের হৃদয়কে শুদ্ধসত্ত্বে পরিপূর্ণ করেন; তখন অজ্ঞানতা-রূপ শত্রু বা জ্ঞানাবরোধিকা বাধা অপসৃত হয় এবং

তাহাতে হৃদয়ে শুদ্ধসত্ত্বের সমুদ্র উছলিয়া উঠে। ফলতঃ, স্তরে স্তরে শনৈঃ শনৈঃ কি ভাবে হৃদয় সমুন্নত ও সদ্ভাবে পরিপূর্ণ হয়, তাহাই এই মন্ত্রে প্রখ্যাত দেখি। (১ম—৮৫সূ—৯ঋ)॥

দশমী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। দশমী ঋক্।)

ঊর্দ্ধং নুনুদ্রেঽবতং ত ওজসা দাদৃহাণং

চিদ্বিভিদুর্ব্বি পর্ব্বতং।

ধমন্তো বাণং মরুতঃ সুদানবো মদে সোমস্য

রণ্যানি চক্রিরে॥ ১০॥

পদ-বিশ্লেষণং।

ঊর্দ্ধং। নুনুদ্রে। অবতং। তে। ওজসা। দদৃহাণং।

চিৎ। বিভিদুঃ। বি। পর্ব্বতং।

ধমন্তঃ। বাণং। মরুতঃ। সুঽদানবঃ। মদে। সোমস্য।

রণ্যানি। চক্রিরে॥ ১০॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'তে' (বিবেকরূপিণঃ দেবাঃ) 'ওজসা' (স্বকীয়েন বলেন, প্রভাবেন ইত্যর্থঃ) 'অবতং' (নিম্নগং, পতিতং জনং ইত্যর্থঃ) 'ঊর্দ্ধং' (উন্নতং স্থানং, ভগবৎসামীপ্যং ইত্যর্থঃ) 'নুনুদ্রে' (প্রেরয়ন্তি, প্রাপয়ন্তি); তথা 'দদৃহাণং' (প্রজ্ঞানিরোধকং, উচ্চৈঃ পরিপাল্পিনং)

'পর্ব্বতং চিৎ' (পর্ব্বতসদৃশং কঠোরং হৃদয়ং অপি, অবিচ্ছিন্নাৎ পাপকর্ম্মজনিতাং কঠোরত্ত ইত্যর্থঃ) 'বি' (বিশেষেণ) 'বিভিদুঃ' (বিচ্ছিন্নং কুর্ব্বন্তি) ; 'সুদানবঃ' (শোভনদাতার সৎকর্ম্মাণি নিয়োজিতারঃ ইত্যর্থঃ) 'মরুতঃ' (বিবেকরূপিণঃ তে দেবাঃ) 'বাণং' (বীণ সৎকর্ম্মসম্পাদনায় উৎসাহবাক্যং ইত্যর্থঃ) 'ধমন্তঃ' (বাদয়ন্তঃ, হৃদি ধ্বনয়ন্তঃ, প্রদা ইত্যর্থঃ) 'সোমস্য' (শুদ্ধসত্ত্বস্য) 'মদে' (হর্ষে, আনন্দে—উপাসকান্ পরিমগ্নান্ কৃত্বা 'রণ্যানি' (স্তুতিরূপাণি রমণীয়ানি ধনানি, তেষাং উদ্ধারোপায়ং ইত্যর্থঃ) 'চক্রিরে' (তেভ্য প্রযচ্ছন্তি, জ্ঞাপয়ন্তি ইতি ভাবঃ)। অয়ং ভাবঃ—বিবেকস্য প্রভাবেন নরঃ ঊর্দ্ধস্থান প্রাপ্নোতি ; তস্য সৎকর্ম্মসাধনস্য সর্ব্বা বাধা অপসৃতা ভবতি ; তদা স পরমানন্দং লভ তথা আত্মনঃ মুক্তিপন্থানং প্রশস্তং পশ্যতি ॥ (১ম - ৮৫সূ—১০ঋ) ॥

• . •

বঙ্গানুবাদ।

সেই বিবেকরূপী দেবগণ আপনাদিগের প্রভাবের দ্বারা নিম্নগামীকে (পতিতজনকে) উন্নত-স্থান অর্থাৎ ভগবৎ-সামীপ্য প্রাপ্ত করেন, এবং প্রবৃত্তিনিরোধক (উন্নতির পরিপন্থি) পর্ব্বতসদৃশ কঠোর হৃদয়কে অর্থাৎ অবিচ্ছিন্ন পাপকর্ম্মকজনিত কঠোরতাকে বিশেষরূপে বিচ্ছিন্ন করেন ; শোভনদাতা অর্থাৎ সৎকর্ম্মে নিয়োজয়িতা বিবেকরূপী সেই দেবগণ, সৎকর্ম্ম-সম্পাদনের নিমিত্ত উৎসাহ-বাক্যকে হৃদয়ে ধ্বনিত করিয়া, শুদ্ধসত্ত্বের আনন্দে উপাসকগণকে পরিমগ্ন রাখিয়া, তাঁহাদিগের উদ্ধার-উপায়কে তাঁহাদিগকে প্রদান করেন—জানাইয়া দেন। (ভাব এই যে,—বিবেকের প্রভাবে মানুষ ঊর্দ্ধস্থান প্রাপ্ত হয়, তাহার সৎকর্ম্ম-সাধনের সকল বাধা অপসৃত হয় ; তখন সে পরমানন্দ লাভ করে এবং আপনার মুক্তির পথকে প্রশস্ত দেখে।) ॥ (১ম—৮৫সূ—১০ঋ) ॥

• . •

সায়ণ-ভাষ্যং।

অত্রেয়মাখ্যায়িকা। গোতমঋষিঃ পিপাসয়া পীড়িতঃ সন্ মরুত উদকং যযাচে। তদনন্তরং মরুতোঽদূরস্থং কূপমুদ্ধৃত্য যত্র স গোতম ঋষিস্তিষ্ঠতি তাং দিশং নীত্বা ঋষিসমীপে

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

এখানে একটি আখ্যায়িকা আছে। গোতম ঋষি পিপাসায় পীড়িত হইয়া মরুদ্গণের নিকট উদকের প্রার্থনা করিয়াছিলেন। তদনন্তর মরুদ্গণ দূরস্থিত একটি কূপকে উদ্ধৃত করিয়া গোতমঋষি যেখানে অবস্থান করিতেছিলেন সেই দিকে আনিয়া ঋষিসমীপে কূপকে

কূপমবস্থাপ্য তৎপার্শ্বে আহাবং চ কৃত্বা তস্মিন্নাহাবে কূপমুৎসিচ্য তমৃষিং তেনোদকেন তর্পয়াঞ্চক্রুঃ। অয়মর্থোঽনয়োত্তরয়া চ প্রতিপাদ্যতে। তে মরুতোঽবতং। অবস্তাত্ততো-ভবতীত্যবতঃ কূপঃ। কূপনামসু চাবতোঽবট ইতি পঠিতং। তমূর্দ্ধমুপরি যথা ভবতি তথৌজসা স্বকীয়েন বলেন নুনুদ্রে। প্রেরিতবন্তঃ। উৎখাতবন্ত ইত্যর্থঃ। এবং কূপমুৎখায় ঋষেরাশ্রমং প্রতি নয়ন্তো মরুতো মার্গমধ্যে দদৃহাণং প্রবৃদ্ধং গতিনিরোধকং পর্ব্বতং চিৎ পর্ব্ববন্তং শিলোচ্চয়মপি বিবিভিদ্রুঃ। বিশেষেণ বভঞ্জুঃ। সুদানবঃ শোভনদানাস্তে মরুতো বাণং শতসংখ্যাভিস্তন্ত্রীভিঃ যুক্তং বীণাবিশেষং ধমন্তো বাদয়ন্তঃ সোমস্য মদে সোমপানেন হর্ষে সতি রণ্যানি স্তুত্যানি রমণীয়ানি ধনানি চক্রিরে। স্তোতৃভ্যঃ কুর্ব্বন্তি ॥

নুনুদ্রে। ণুদ প্রেরণে। লিটি ইরয়োর ইতি রে আদেশঃ। দদৃহাণং দৃহ দৃহি বৃদ্ধৌ। লিটঃ কানচ্। ধমন্তঃ। ধ্মা শব্দাগ্নিসংযোগয়োঃ। পাঘ্রেত্যাদিনা ধমাদেশঃ। বাণং। অণরণবণশব্দার্থাঃ। কর্ম্মণি ঘঙ্। কর্ষাত্বত ইত্যন্তোদাত্তত্বং। রণ্যানি। রণতের্ভাবে অশিরণ্যোরুপসংখ্যানং। পা০ ৩।৩৫৮। ইত্যপ্। ততো ভবে ছন্দসীতি যৎ। যতোঽনাব ইত্যাদ্যুদাত্তত্বং ॥ (১ম—৮৫সূ—১০ঋ) ॥

• • •

অবস্থাপন-পূর্ব্বক এবং তাহার পার্শ্বে একটি আহাব (চৌবাচ্চা) করিয়া সেই আহাবে কূপের জল সেচন-পূর্ব্বক সেই ঋষকে সেই জলের দ্বারা তৃপ্ত করিয়াছিলেন। পরবর্ত্তী অংশে এই অর্থই প্রতিপাদিত হইতেছে। 'তে' মরুদ্গণ 'অবতং' (অবস্ত হইতে হইয়াছে— এই অর্থে অবতঃ পদে কূপ বুঝায়; এবং কূপ-নামসমূহের মধ্যে 'অবতঃ অবটঃ' ইত্যাদি পঠিত হয়) কূপকে 'ঊর্দ্ধং' উপরে যাহাতে উত্থিত হয় সেইরূপ 'ওজসা' আপনার বলের দ্বারা 'নুনুদ্রে' প্রেরণ করিয়াছিলেন; অর্থাৎ উৎখাত করিয়া লইয়াছিলেন। এইরূপে কূপ তুলিয়া লইয়া ঋষির আশ্রমের প্রতি আনয়নকারী মরুদ্গণ মার্গমধ্যে 'দদৃহাণং' প্রবৃদ্ধ গতিনিরোধক 'পর্ব্বতং চিৎ' পর্ব্ববিশিষ্ট শিলোচ্চয়কেও 'বি বিভিদ্রুঃ' বিশেষ প্রকারে ভঙ্গ করিয়াছিলেন; 'সুদানবঃ' শোভনদানশীল 'মরুতঃ' সেই মরুদ্গণ 'বাণং' শতসংখ্যক তন্ত্রীসমূহের দ্বারা যুক্ত বীণা-বিশেষকে 'ধমন্তঃ' বাদন করিয়াছিলেন; 'সোমস্য মদে' সোমপানের দ্বারা হর্ষবিশিষ্ট হইয়া 'রণ্যানি' রমণীয় ধনসমূহকে 'চক্রিরে' স্তোতৃগণকে প্রদান করিয়াছিলেন।

নুনুদ্রে। ণুদ ধাতু প্রেরণ-অর্থক। লিটে 'ইরয়ো রে' ইত্যাদি সূত্রে রে আদেশ। দদৃহাণং। দৃহ ও দৃহি ধাতু বৃদ্ধি অর্থ প্রকাশ করে। লিটে কানচ্। ধমন্তঃ। ধ্মা-ধাতু শব্দ ও অগ্নিসংযোগ বুঝায়। 'পাঘ্রা' ইত্যাদি সূত্রের দ্বারা ধমাদেশ। বাণং। অণ রণ ও বণ ধাতু শব্দ অর্থ প্রকাশ করে। কর্ম্মে ঘঞ্। 'কর্ষাত্বতঃ' ইত্যাদি সূত্রে অন্তোদাত্তত্ব। রণ্যানি। রণতির ভাবে 'অশিরণ্যোরুপসংখ্যানং' ইত্যাদি সূত্রে অপ্। তাহাতে 'ভবে ছন্দসি' ইত্যাদি সূত্রে যৎ। 'যতোঽনাব' ইত্যাদি সূত্রে আদ্যুদাত্তত্ব। (১ম—৮৫সূ—১০ঋ) ॥

• • •

দশম (৯৩১) ঋকের বিশদার্থ।

এই ঋকের সঙ্গে এক অদ্ভুত উপাখ্যানের সম্বন্ধ কল্পনা করা হয়। ভাষ্যে প্রথমেই সেই উপাখ্যান বিবৃত হইয়াছে। সেই উপাখ্যানের সমাবেশে মন্ত্রার্থ যে কি বিসদৃশ মূর্ত্তি ধারণ করিয়া আছে, স্বতঃই তাহা বোধগম্য হইবে। মন্ত্রে কোনও ঋষি-বিশেষের বা ব্যক্তি-বিশেষের নাম নাই। কিন্তু অর্থ-নিষ্পাদনে নির্দ্দেশ করা হইয়াছে যে,—মরুদ্গণের নিকট গোতম ঋষির প্রার্থনা-উপলক্ষে যে ব্যাপার সংঘটিত হইয়াছিল, তাহাই এখানে পরিবর্ণিত রহিয়াছে। মন্ত্রের প্রথম চরণে দুইটি অংশ আছে। দুইটী অতীত-কালের ক্রিয়া-পদে সেই দুই অংশকে বিভাগ করিয়া রাখিয়াছে। প্রথম ক্রিয়া-পদ—'নুনুদ্রে'। উহার অর্থ—'প্রেরিত করিয়াছিলেন।' তাহা হইতে ভাব গ্রহণ করা হইয়াছে—'উৎখাত করিয়াছিলেন।' ঐ অংশে একটি পদ আছে—'ঊর্দ্ধং'। তাহা হইতে ভাব গ্রহণ করা হয়—'ঊর্দ্ধে স্থাপন করা হইয়াছিল।' কিন্তু কোন্ সামগ্রীকে? 'অবতং' অর্থাৎ একটি কূপকে। এই হইতে নির্দ্দেশ করা হয়, মন্ত্রের প্রথম চরণের "ঊর্দ্ধং নুনুদ্রে অবতং তে ওজসা" বাক্যাংশে বলা হইয়াছে যে,—'একটি কূপকে বলের দ্বারা উত্তোলন-পূর্ব্বক গোতম-ঋষির নিকট ঊর্দ্ধদেশে স্থাপন করিয়াছিলেন।' কথিত হয়, গোতম-ঋষি পিপাসায় কাতর হইয়া দেবগণের নিকট প্রার্থনা করেন; তজ্জন্যই মরুদ্গণ এই কার্য্য সম্পন্ন করিয়াছিলেন। কেবল কূপটিকে ঊর্দ্ধে উত্তোলন করিয়া আনা নহে; অধিকন্তু, পথে যে দৃঢ় পর্ব্বত বাধা-স্বরূপ দণ্ডায়মান ছিল, মরুদ্গণ তাহা বিদীর্ণ করিয়া ঐ কূপকে লইয়া গিয়াছিলেন। "দদৃহাণং চিদ্বিভিদুর্বিপর্ব্বতং" বাক্যাংশে সেই সুদৃঢ় পর্ব্বতকে বিদারণের ভাব প্রকাশ পাইয়াছে। এইরূপে মন্ত্রের দ্বিতীয় চরণে আর এক রহস্যকর ব্যাপার পরিবর্ণিত আছে। ভাষ্যাদিতে প্রকাশ,—'সুদানবঃ অর্থাৎ শোভনদানশীল মরুদ্গণ বীণা বাজাইয়া সোমরস-পানে হর্ষান্বিত হইয়া ধন-দান করিয়াছিলেন।' এই অংশের প্রচলিত ব্যাখ্যাদি দেখিয়া মনে হয়, যেন কোনও সাঁওতাল-পল্লীতে মহুয়ার রস-পানে নৃত্য-গীতে আনন্দ চলিয়াছিল; এবং এখানে তাহারই বর্ণনা

রহিয়াছে। এইরূপে, দুইটি চরণের অর্থে কোনই সম্বন্ধ-সাদৃশ্য লক্ষিত হয় না। যে দেবগণ পর্ব্বত বিদারণ-পূর্ব্বক একটী কূপকে ঊর্দ্ধে উত্তোলন করিতে পারেন, তাঁহারাই আবার সোমরস মাদক দ্রব্য পানে বিভোর হইয়া বাঁশী বাজাইতেছেন ও ধনদান করিতেছেন! এ যে কি ব্যাপার, কিছুই বুঝা গেল না।

আমরা যে দৃষ্টিতে অর্থ নিষ্পন্ন করিতেছি, তাহাতে কোনও উপাখ্যানের বা দেশ-কাল-পাত্রের সম্বন্ধ দৃষ্ট হইবে না। পরন্তু মন্ত্রার্থ নিত্যসত্য-তত্ত্বেরই প্রকাশক বলিয়া বুঝা যাইবে। প্রথম চরণের প্রথম অংশের সর্ব্বাপেক্ষা সমস্যা-মূলক পদ—'অবতং'। অব-ধাতুর এক অর্থ—নিম্ন; যাহা নিম্নে অবস্থিত, তাহাই 'অবত'। এই হইতে অবত-শব্দে ভাষ্যে কূপ অর্থ গ্রহণ করা হইয়াছে।* কিন্তু আমরা বলি, অব-ধাতুর ঐ 'নিম্ন' অর্থ হইতেই যে 'নিম্নগ' অর্থাৎ যে 'পতিত', 'অবতং' পদে তাহাকেই নির্দ্দেশ করিতেছে। এই দৃষ্টিতেই 'ঊর্দ্ধং' পদেরও সার্থকতা পরিলক্ষিত হইবে। বিবেক-রূপী দেবগণ সত্য সত্যই যে মনুষ্যগণকে নিম্ন হইতে ঊর্দ্ধে উত্তোলন করেন, পতনের পথ হইতে মানুষকে যে উদ্ধার করিয়া থাকেন, তাহা স্বতঃই বোধগম্য হয়। ফলতঃ, 'গোতম-ঋষির জন্য দূর হইতে একটি কূপকে তুলিয়া লইয়া গিয়াছিলেন'—এই যে অর্থ প্রচলিত আছে, তাহার পরিবর্ত্তে আমরা দেখিতেছি, এই মন্ত্রাংশের অর্থ এই যে,—'বিবেক-রূপী দেবগণ আপনাদিগের প্রভাবের দ্বারা পতিত-জনের উদ্ধার-সাধন করিয়া থাকেন।' এইরূপে প্রথম চরণের দ্বিতীয় অংশেও এই ভাব প্রকাশ করে যে,—'সেই বিবেকরূপী দেবগণ মানুষের উন্নতির বাধাস্বরূপ তাহাদিগের পাপকর্ম্মজনিত হৃদয়ের কঠোরতাকে বিচ্ছিন্ন করিয়া ফেলেন।' এ পক্ষে 'দদৃহাণং' এবং 'পর্ব্বতং চিৎ'

* 'অবতং' পদে ভাষ্যকার কূপ অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু এই মন্ত্রের ইংরাজী অনুবাদক ম্যাক্সমূলার এবং গ্রিফিথ্স্ সাহেব ঐ পদে 'মেঘ' অর্থ গ্রহণ করেন। 'অবতং' পদে মেঘ অর্থ গ্রহণ করিলে, 'কূপকে ঊর্দ্ধে উত্তোলন করিয়াছিলেন'—এই রূপকের তাৎপর্য্য এইরূপ দাঁড়াইতে পারে যে, পৃথিবী হইতে পরিগৃহীত বাষ্পে মেঘের সঞ্চার হইয়াছিল। মরুদ্গণকে ঝড়-ঝঞ্ঝাবাত-রূপে পরিকল্পনা করায়, বায়ুভরে বাষ্পের সঞ্চারে মেঘের উৎপত্তি ঘটিয়াছিল—তাহাতে এবম্বিধ ভাব গ্রহণ করা যায়। কিন্তু সে ভাব কেহই ব্যক্ত করেন নাই। অপিচ, তাহাতে পূর্ব্বাপর কোনও সঙ্গতি রক্ষা করা যায় না।

পদদ্বয়ের মর্ম্ম অনুধাবন আবশ্যক। 'দদৃহাণং' পদে দৃঢ়তার ভাব আসে। যাহা প্রবৃদ্ধিনিরোধক অর্থাৎ যাহা উন্নতির পরিপন্থি, তাহাই ঐ 'দদৃহাণং' পদের নির্দ্দেশক। সেই পক্ষেই দৃঢ়ত্বের ভাব প্রকাশ পায়। পর্ব্বত-সদৃশ কঠোর হৃদয়কেই 'পর্ব্বতং' পদে নির্দ্দেশ করে। এ বিষয় পূর্ব্বেও বিভিন্ন-স্থানে খ্যাপন করিয়াছি। পর্ব্বতসদৃশ কঠোর হৃদয় কাহাকে কহে? অবিচ্ছিন্ন পাপকর্ম্মের অনুষ্ঠানেই হৃদয়ের কঠোরতা বৃদ্ধি পায়। তাই 'পর্ব্বতং চিৎ' বলিয়া পরিচয় দেওয়া হইয়াছে। 'বিভিদুঃ' ক্রিয়া-পদে সেই কঠোরতাকে বিচ্ছিন্ন করার ভাব প্রাপ্ত হওয়া যায়। এইরূপে, 'মরুদ্গণ দৃঢ় পর্ব্বতকে বিদীর্ণ করিয়া কূপ আনয়ন করিয়াছিলেন'—এই প্রচলিত অর্থের পরিবর্ত্তে, আমাদিগের পরিগৃহীত অর্থ দাঁড়াইল,—'মানুষের উন্নতির পরিপন্থি, অবিচ্ছিন্ন পাপকর্ম্মজনিত কঠোরতাকে বিবেকরূপী, দেবগণ বিচ্ছিন্ন বিদূরিত করেন।' বিবেকের উদয়ে হৃদয়ে শুদ্ধসত্ত্বের স্নেহ-ভাবের সঞ্চার হইয়া থাকে—ইহাই তাৎপর্য্য।

এখন দ্বিতীয় চরণে কি ভাব প্রকাশ পাইয়াছে, তাহার পরিচয় দেওয়া যাইতেছে। এই অংশের অন্তর্গত 'বাণং' পদ সর্ব্বাপেক্ষা সমস্যা আনিয়াছে। ঐ পদের প্রতিবাক্যে ভাষ্যে 'বীণাবিশেষং' পদ গৃহীত হইয়াছে। সে বীণা আবার শতসংখ্যক তন্ত্রীবিশিষ্ট—ভাষ্যে এইরূপ নির্দ্দিষ্ট হইতে দেখি। কেহ কেহ ঐ পদে 'শব্দ' অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন। * আমরা বলি, এখানে এই 'বাণং' পদের একটু বিশিষ্টতা আছে। উহা বীণাই বটে! বীণা যেমন মধুরস্বরে চিত্তকে আকৃষ্ট করে, বিবেকরূপী দেবগণের বীণা সেইরূপ মনুষ্যগণকে সৎকর্ম্ম-সম্পাদনে উৎসাহিত করিয়া থাকে। আমরা তাই 'বাণং' পদের প্রতিবাক্যে 'বীণাং' পদ গ্রহণানন্তর, এখানে 'সৎকর্ম্মসম্পাদনায় উৎসাহবাক্যং' ইত্যাদি-রূপ ভাব পরিগ্রহণ করিয়াছি। দেবগণের বিশেষণ যে 'সুদানবঃ' পদ, তাহার মর্ম্ম পরিগ্রহণ করিলেই এই ভাব পরিস্ফুট হইবে।

* 'বাণং' পদে 'বীণা' অর্থ উপলক্ষে ম্যাক্সমূলার টিপ্পনী করিয়াছেন যে,—বেদের সময় বাণ-শব্দে যে বীণা বুঝাইত, এরূপ কোনও প্রমাণ পাওয়া যায় না। তিনি তাই ঐ পদে 'শব্দ' অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন। গ্রিফিথ্সকেও তাঁহারই অনুসারী দেখি। কিন্তু উইলসন্ 'বাঁশী' অর্থ গ্রহণ করিয়া গিয়াছেন।

তাঁহারা 'সুদানবঃ' অর্থাৎ শোভনদাতা। তাহার মর্ম্ম এই যে, তাঁহারা মনুষ্যগণকে সৎকর্ম্মে নিয়োজিত করিয়া থাকেন। বিবেকরূপী দেবগণের তাহাই শ্রেষ্ঠ দান। বিবেক-বশে মানুষ সৎকর্ম্মে নিয়োজিত হইয়া থাকে। এ পদক্ষ 'ধমন্তঃ' পদের 'বাদয়ন্তঃ' প্রতিবাক্য হইতেই হৃদয়ে ধ্বনিত করেন—এবম্বিধ ভাব প্রাপ্ত হওয়া যায়। 'বিবেকরূপী দেবগণ বীণা বাদন করেন' বলিতে, বিবেকের প্রেরণায় হৃদয়ে সৎকর্ম্ম-সাধনে উৎসাহ আসে—এই অর্থই প্রকাশ পায়। তার পর, "সোমস্য মদে রণ্যানি চক্রিরে" বাক্যাংশে দেবগণ যে মদ্যপানে বিভোর হইয়া ধনদান করিয়াছিলেন—এরূপ অর্থ প্রতিপন্ন হয় না। এই অংশে আমরা দ্বিবিধ ভাব গ্রহণ করিতে পারি। প্রথমতঃ, আমরা মনে করি, 'সোমস্য মদে' পদদ্বয়ে উপাসকগণের হৃদয়ে শুদ্ধসত্ত্বের সঞ্চার করিয়া তাঁহাদিগকে আনন্দে পরিমগ্ন রাখার ভাব প্রকাশ পাইয়াছে। আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় সেই দৃষ্টিতেই অর্থ গ্রহণ করিয়াছি। দ্বিতীয়তঃ, আমাদিগের হৃদয় যখন সত্ত্বভাবে পূর্ণ হয়, দেবগণ তখন হৃদয়ে অধিষ্ঠিত থাকিয়া আনন্দে পরিমগ্ন রহেন। এই অংশে উপাসকের হৃদিস্থিত শুদ্ধসত্ত্বের দ্বারা দেবতার প্রীতিলাভের সেই ভাবও পরিগ্রহণ করা যায়। 'সোম' শব্দে পূর্ব্বাপর আমরা যে ভাব গ্রহণ করিয়াছি, তাহারই সার্থকতা এখানেও লক্ষ্য হয়। 'রণ্যানি চক্রিরে' পদদ্বয়ে 'স্তুতিরূপ রমণীয় ধনসমূহ' অর্থ হইতেই 'উপাসকের উদ্ধারের উপায় অবগত হওয়া যায়'—এইরূপ ভাব প্রাপ্ত হইতে পারি। বিবেকই মানুষকে ভগবানের পূজার পদ্ধতি শিখাইয়া দেয়। বিবেকরূপী দেবতাই মানুষকে উদ্ধারের উপায় জ্ঞাপন করেন।

এইরূপে মন্ত্রের দ্বিতীয় চরণের যে অর্থ প্রচলিত আছে—'সোমরস মাদকদ্রব্য পানে প্রমত্ত হইয়া মরুদ্দেবগণ সোমাভিষবকারীকে ধন-দান করিয়াছিলেন'; তাহার পরিবর্ত্তে আমাদিগের অর্থ দাঁড়াইল—'বিবেক-রূপী দেবতাই মানুষকে শুদ্ধসত্ত্বের অধিকারী করিয়া পরমানন্দ প্রদান করেন।' আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় ও বঙ্গানুবাদে ইহার মূল-তত্ত্ব পরিদৃষ্ট হইবে। (১ম—৮৫সূ—১০ঋ)।

———•———

একাদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। একাদশী ঋক্।)

জিহ্মং নুনুদ্রেঽবতং তয়া দিশাসিঞ্চন্নুৎসং

গোতমায় তৃষ্ণজে।

আগচ্ছন্তীমবসা চিত্রভানবঃ কামং বিপ্রস্য

তর্পয়ন্ত ধামভিঃ॥ ১১॥

• • •

পদ-বিশ্লেষণং।

জিহ্মং। নুনুদ্রে। অবতং। তয়া। দিশা। আসিঞ্চন্। উৎসং।

গোতমায়। তৃষ্ণঽজে।

আ। গচ্ছন্তি। ঈং। অবসা। চিত্রঽভানবঃ। কামং। বিপ্রস্য।

তর্পয়ন্ত। ধামঽভিঃ॥ ১ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

বিবেকরূপিণঃ তে দেবাঃ 'তয়া' (তাদৃশয়া, পূর্ব্বোক্তয়া) 'দিশা' (পক্ষপাতিত্বয়া, অনুগ্রহেণ ইত্যর্থঃ) 'জিহ্মং' (অসরল পথাবলম্বিনং, বিভ্রান্তং) 'অবতং' (নিম্নগং, পতিতং জনং) 'নুনুদ্রে' (প্রেরয়ন্তি, যথামার্গং প্রাপয়ন্তি ইতি ভাবঃ); তথা 'তৃষ্ণজে' (তৃষ্ণয়া ভগবৎপ্রাপ্তেরভিলাষিণে) 'গোতমায়' (জ্ঞানিনে) 'উৎসং' (করুণাবারিং) 'অসিঞ্চন্' (সিঞ্চন্তু); 'চিত্রভানবঃ' (বিচিত্রদীপ্তয়ঃ, অভিনবজ্ঞানপ্রদাঃ তে দেবাঃ) 'ঈং' (এনং ভগবন্তং প্রাপ্তেরভিলাষিণং জ্ঞানিনং) 'অবসা' (রক্ষণেন সহ, রক্ষার্থং ইত্যর্থঃ) 'আগচ্ছন্তি'

তস্য সামীপ্যং প্রাপ্নুবন্তি, তস্মিন্ অধিতিষ্ঠন্তি ইত্যর্থঃ।; তথা 'বিপ্রস্য' (তস্য জ্ঞানিনঃ সাধকস্য) 'কামং' (অভিলাষং) 'ধামভিঃ' (আস্পদৈঃ—ধর্ম্মার্থকামমোক্ষরূপৈঃ) 'তর্পয়ন্তি' (পূরয়ন্তি)। অয়ং ভাবঃ ভ্রান্তপথাবলম্বী জনঃ বিবেকস্য কৃপয়া সুপস্থানং প্রাপ্নোতি, তথা ভক্তঃ জ্ঞানী চতুর্ব্বর্গস্য অধিকারী ভবতি। (১ম-৮৫সূ-১১ঋ)॥

• . •

বঙ্গানুবাদ।

বিবেকরূপী সেই দেবগণ পূর্ব্বোক্ত-রূপ পক্ষপাতিত্বের দ্বারা (অর্থাৎ অনুগ্রহের দ্বারা) অসরল পথাবলম্বী বিভ্রান্ত পতিত জনকে যথাপথে প্রেরণ করেন—যথাপথ প্রাপ্ত করান; এবং তৃষিত (ভগবৎ-প্রাপ্তির অভিলাষী) জ্ঞানীর জন্য তাঁহারা করুণাবারি সেচন করিয়া থাকেন। অভিনব জ্ঞানপ্রদ সেই দেবগণ সেই তৃষিত জ্ঞানীকে রক্ষার জন্য তাঁহার সামীপ্য প্রাপ্ত হয়েন—তাঁহার মধ্যে অধিষ্ঠিত থাকেন; এবং সেই জ্ঞানী সাধকের অভিলাষকে ধর্ম্মার্থকামমোক্ষ-রূপ সম্পদের দ্বারা পূরণ করেন। (ভাব এই যে,—ভ্রান্তপথাবলম্বী জন বিবেকের কৃপায় সুপথ প্রাপ্ত হয়; এবং জ্ঞানী চতুর্ব্বর্গের অধিকারী হইয়া থাকেন।)॥ (১ম—৮৫সূ—১১ঋ)॥

• . •

সায়ণভাষ্যং।

মরুতোঽবতমুদ্ধৃতং কূপং যস্যাং দিশি ঋষির্বসতি তয়া দিশা জিহ্মং বক্রং তির্য্যঞ্চং নুনুদ্রে। প্রেরিতবন্তঃ। এবং কূপং নীত্বা ঋষ্যাশ্রমেঽবস্থাপ্য তৃষ্ণজে তৃষিতায় গোতমায় ঋষয়ে তদর্থমুৎসং জলপ্রবাহং কূপাত্উদ্ধৃত্যাসিঞ্চন্। আহবেঽবানয়ন্। এবং কৃত্বেমেনং স্তোতারমৃষিং চিত্রভানবো বিচিত্রদীপ্তয়স্তে মরুতোঽবসেদৃশেন রক্ষণেন সহাগচ্ছন্তি। তৎ সমীপং প্রাপ্নুবন্তি। প্রাপ্য চ বিপ্রস্য মেধাবিনো গোতমস্য কামমভিলাষং ধামভিরায়ুষো ধারকৈরুদকৈস্তর্পয়ন্ত। অতর্পয়ন্॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

মরুদ্গণ 'অবতং' উদ্ধৃত কূপকে যে দিকে ঋষি বাস করিতেছিলেন 'তয়া দিশা জিহ্মং' সেই দিকে বক্র তির্য্যক্-ভাবে 'নুনুদ্রে' প্রেরণ করিয়াছিলেন। এইরূপে কূপকে আনিয়া ঋষির আশ্রমে অবস্থাপন-পূর্ব্বক 'তৃষ্ণজে' তৃষিত 'গোতমায়' ঋষির নিমিত্ত 'উৎসং' জলপ্রবাহকে কূপ হইতে উদ্ধৃত করিয়া 'অসিঞ্চন্' আহাবে অবনয়ন (নিম্নে আনয়ন) করিয়াছিলেন। এইরূপ করিয়া 'ঈং' এই স্তোতা ঋষিকে 'চিত্রভানবঃ' বিচিত্রদীপ্তিসম্পন্ন সেই মরুদ্গণ 'অবসা' ঈদৃশ রক্ষণের সহিত 'আগচ্ছন্তি' নিকটে প্রাপ্ত হয়েন; এবং প্রাপ্ত হইয়া 'বিপ্রস্য' মেধাবী গোতমের 'কামং' অভিলাষকে 'ধামভিঃ' আয়ুর ধারক উদকসমূহের দ্বারা 'তর্পয়ন্ত' তর্পণ করিয়াছিলেন।

তয়া। নগোশ্বন্‌ৎসাববর্ণেতি সাবেকাচ ইতি প্রাপ্তস্য বিভক্ত্যুদাত্তস্য প্রতিষেধঃ। দিশা। সাবেকাচ ইতি বিভক্তেরুদাত্তত্বং। তৃষ্ণজে। ঞিতৃষা পিপাসায়াং। স্বপিতৃষোর্নজিঙ্। পা০ ৩।২।১৭২। প্রত্যয়াদ্যুদাত্তত্বং। পদকারস্তু শাকল্যস্য অয়মভিপ্রায়ঃ। অন্যেষ্বপি দৃশ্যত ইতি দৃশিগ্রহণাৎ কেবলাদপি জনের্ডপ্রত্যয়ঃ। তৃষ্ণা জাতা যস্য স তথোক্তঃ। ঙ্যাপোঃ সংজ্ঞা ছন্দসোর্বহুলমিতি হ্রস্বত্বং। বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। ধামভিঃ। দধাতেরাতো মনিন্নিতি মনিন্॥ (১ম—৮৫সূ—১১ঋ)॥

• • •

একাদশ (৯৩২) ঋকের বিশদার্থ।

——০০:০ × ০:০০——

এই ঋকের পদ বিন্যাসে জটিলতা লক্ষিত হয়। সুতরাং মন্ত্রার্থও জটিলতা-পূর্ণ হইয়া রহিয়াছে। মন্ত্রের দুইটি চরণে চারিটি বিভাগ দৃষ্ট হয়। তাহার প্রথম বিভাগের, "জিহ্মং নুনুদ্রে অবতং তয়া দিশা" বাক্যাংশের, অর্থ গ্রহণ করা হয়,—'মরুদ্গণ উর্দ্ধ হইতে কূপটিকে বক্রভাবে ঋষির প্রতি প্রেরণ করিয়াছিলেন।' এইরূপে ঐ চরণের দ্বিতীয় অংশের, "অসিঞ্চন্ উৎসং গোতমায় তৃষ্ণজে" বাক্যাংশের, অর্থ গ্রহণ করা হয়,—'তৃষ্ণার্ত্ত গোতম ঋষির জন্য সেই দেবগণ উৎস সেচন করিয়াছিলেন।' তাহা হইতে ভাষ্যাদিতে ভাব গ্রহণ করা হইয়াছে, দেবগণ কূপ হইতে একটি চৌবচ্চায় জল-সেচন করিয়াছিলেন। কোনও কোনও ব্যাখ্যাকার, কূপের পরিবর্ত্তে মরুদ্গণ মেঘকে পরিচালনা করিয়াছিলেন এবং ঋষির তৃষ্ণা নিবারণের জন্য মেঘ হইতে জল-ধারা বর্ষণ করেন—এইরূপ ভাব গ্রহণ করিয়া গিয়াছেন। তদনুসারে মরুদ্গণ অভিধায়ে ঝড়-ঝঞ্ঝাবাতের প্রতি দৃষ্টি সঞ্চালিত হইয়া থাকে।

তয়া। 'নগোশ্বন্‌ৎসাববর্ণা' ইত্যাদি সূত্রে 'সাবেকাচঃ' ইত্যাদি প্রাপ্ত বিভক্তির উদাত্তের প্রতিষেধ। দিশা। 'সাবেকাচঃ' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। তৃষ্ণজে। ঞিতৃষা পিপাসার্থক। 'স্বপিতৃষোর্নজিঙ্' ইত্যাদি সূত্রে (পা০ ৩।২।১৭২) প্রত্যয়-হেতু আদ্যুদাত্তত্ব। কিন্তু পদকার শাকল্যের এই অভিপ্রায়;—অন্যেষ্বপি দৃশ্যতে' ইত্যাদি সূত্রে দৃষিগ্রহণ-হেতু কেবল-হেতুও জনি-ধাতুতে ড-প্রত্যয়। যাঁহার তৃষ্ণা জাত হইয়াছে তিনি—এই অর্থে ঐ শব্দ হয়। 'ঙ্যাপোঃ সংজ্ঞা ছন্দসোর্বহুলং' ইত্যাদি সূত্রে হ্রস্বত্ব। বহুব্রীহিতে পূর্ব্বপদের প্রকৃতি-স্বরত্ব। ধামভিঃ। 'দধাতি'র স্থলে 'অতো মনিন্' ইত্যাদি সূত্রে মনিন্। (১ম—৮৫সূ—১১ঋ)॥

• • •

দ্বিতীয় চরণের দুইটি অংশের প্রথম কয়েকটী পদের, "আগচ্ছন্তি ঈং অবসা চিত্রভানবঃ" বাক্যাংশের, অর্থ গ্রহণ করা হয়,—'ঋষিকে রক্ষার জন্য দীপ্ততেজে তাঁহারা আগমন করেন।' শেষাংশের "কামং বিপ্রস্য তর্পয়ন্ত ধামভিঃ" পদ-চতুষ্টয়ে, মরুদ্গণ বৃষ্টি-বর্ষণের দ্বারা ঋষির অভিলাষ পূর্ণ করিয়াছিলেন—এইরূপ অর্থ গ্রহণ করা হইয়া থাকে। যে ভাবেই অর্থ নিষ্পন্ন করা হউক না কেন, রূপক স্বীকার ভিন্ন কোনরূপ অর্থেই সঙ্গতি রক্ষা করা যায় না। মরুদ্গণকে ঝড়-ঝঞ্ঝাবাত মনে করিলেও মন্ত্রার্থ-নিষ্কাশনে রূপক-বিশ্লেষণের আবশ্যক হয়। আবার, তাঁহাদিগকে যদি মনুষ্যপ্রকৃতি-বিশিষ্ট বলিয়া মনে করা যায়, তাহাতেও সেই সমস্যা আসিয়া পড়ে।

আমরা যে দৃষ্টিতে অর্থ গ্রহণ করিয়াছি, তাহাতে মরুদ্গণ বলিতে বিবেক-রূপী দেবতার প্রতিই লক্ষ্য অক্ষুণ্ণ থাকে। মন্ত্রান্তর্গত প্রত্যেক পদের মর্ম্ম সেই সিদ্ধান্তেরই সহায়তা করে। মন্ত্রে আছে—'তয়া দিশা'। তৃতীয়া বিভক্ত্যন্ত ঐ দুই পদের অর্থ গ্রহণ করা হয়—'ঋষি যে দিকে অবস্থিত করিতেছিলেন সেই দিকে।' কিন্তু ঐ অংশের বিভক্তি-ব্যত্যয়ের কোনই কারণ দেখি না। পরন্তু ঐ দুই পদে পূর্ব্ব ঋকের সম্বন্ধ প্রকাশ পায়। অপিচ, এখানে 'দিক' শব্দের অর্থ—পক্ষাবলম্বন। এতদনুসারে 'তয়া দিশা' পদদ্বয়ে 'দেবগণের পূর্ব্বোক্তরূপ (পূর্ব্বমন্ত্রের অভিপ্রায়ানুরূপ) পক্ষপাতিতার অর্থাৎ অনুগ্রহের দ্বারা' অর্থ আসে। বিবেকরূপী দেবগণ যখন পতিত জনকে উদ্ধার করিবার জন্য তাহাদিগের মধ্যে আবির্ভূত হন, তখন পতিতের প্রতি তাঁহাদিগের পক্ষপাতিতাই প্রকাশ পায়। ঐ দুই পদ সেই ভাবই ব্যক্ত করিতেছে। ঐ দুই পদের বিশেষত্ব অনুধাবন করিতে পারিলেই মন্ত্রার্থ-নিষ্কাশনে আর কোনই অন্তরায় আসে না। 'জিহ্মং' পদে অসরল-পথাবলম্বী অর্থাৎ বিভ্রান্ত অর্থ আসে। ঐ পদকে আমরা 'অবতং' পদের সহিত সম্বন্ধবিশিষ্ট বলিয়া মনে করি। 'নুনুদ্রে' পদে 'প্রেরণ করেন' অর্থ হইতে 'যথাপথে প্রচালিত করেন'—এইরূপ ভাব আসে। এইরূপে, মন্ত্রের প্রথম অংশের যে অর্থ প্রচলিত ছিল—'মরুদ্গণ ঋষির দিকে কূপটীকে বক্রভাবে প্রেরণ করিয়াছিলেন;' তাহার পরিবর্ত্তে এখন অর্থ দাঁড়াইল—'সেই দেবগণের অনুগ্রহে বিভ্রান্ত পতিত জন যথা-

পথে চালিত হইতেছে—সত্যের আলোক লাভ করিতেছে।' ঐ প্রথম চরণের দ্বিতীয় অংশের 'তৃষ্ণজে' পদে 'তৃষিত জনকে' অর্থাৎ 'ভগবানকে প্রাপ্তির অভিলাষী জনকে' বুঝাইয়া থাকে। 'গোতমায়' পদে 'জ্ঞানীর জন্য' অর্থ আসে। গোতম-শব্দে যে জ্ঞানীকে বুঝায়, তাহা আমরা পূর্ব্বেই বুঝাইয়া আসিয়াছি। এইরূপে "তৃষ্ণজে গোতমায়" পদদ্বয়ে 'ভগবদ্ভক্ত জ্ঞানীর নিমিত্ত' অর্থ প্রাপ্ত হই। 'উৎসং' পদে 'করুণাবারি' বুঝায়। 'অসিঞ্চন্' পদে যথাপূর্ব্ব নিত্য-বর্ত্তমানের ভাবে 'সেচন করেন' অর্থ গ্রহণ করি। এইরূপে, 'তৃষ্ণার্ত্ত গোতম-ঋষির জন্য মরুদ্গণ যে আহাবে জল-সেচন করিয়াছিলেন'—এই অর্থের পরিবর্ত্তে, এখন অর্থ দাঁড়াইতেছে—'বিবেকরূপী দেবগণই ভক্ত-জ্ঞানীর জন্য নিয়ত করুণাবারি বর্ষণ করিয়া আসিতেছেন।'

মন্ত্রের দ্বিতীয় চরণের 'চিত্রভানবঃ' পদে সেই দেবগণ যে বিচিত্র-দীপ্তিসম্পন্ন, অভিনব জ্ঞান-প্রদানই যে তাঁহাদিগের সেই বিচিত্র দীপ্তি, তাহাই প্রতীত হয়। এই অংশের 'ঈং' পদে ভগবৎপ্রাপ্তির অভিলাষী জ্ঞানীকে লক্ষ্য করে। তাঁহাকে রক্ষার জন্য দেবগণ তাঁহাদিগের মধ্যে অধিষ্ঠিত থাকেন,—"চিত্রভানবঃ ঈং অবসা আগচ্ছন্তি" বাক্যাংশে এই ভাব প্রকাশ পায়। মন্ত্রের শেষাংশে, "বিপ্রস্য কামং ধামভিঃ তর্পয়ন্ত" বাক্যে সেই পূর্ব্বোক্ত জ্ঞানী-সাধকের সকল কামনাই যে দেবগণ কর্ত্তৃক পূর্ণ হয়, তাহাই প্রকাশ পাইয়াছে। ঋষিকে জল দান করিয়া মরুদ্গণ তাঁহার তৃষ্ণা দূর করিয়াছিলেন—মরুদ্দেবগণের এই এক নির্দ্দিষ্ট কার্য্যের উল্লেখ এখানে আছে বলিয়া আমরা সিদ্ধান্ত করি না। পরন্তু আমাদিগের সিদ্ধান্ত এই যে,—সকল কালে সকল জ্ঞানী-সাধক বিবেকের প্রভাবে যে পরম ধন লাভ করিয়া থাকেন, তাহাই এখানে প্রকাশ পাইয়াছে। (১ম—৮৫সূ—১১ঋ)। *

---

* মন্ত্রের একটি ইংরাজী অনুবাদ নিম্নে উদ্ধৃত করিতেছি। তাহাতে ভাষ্যের সহিত ব্যাখ্যাকারের ব্যাখ্যার আর কত পার্থক্য বোধগম্য হইবে। যথা ;—

"They drove the cloud transverse directed hitherward, and poured the fountain forth for thirsting Gotama. Shining with varied light they come to him with help: they with their might fulfilled the longing of the sage."

মন্ত্রভাষ্যানুক্রমণিকা।

মারুতে পশৌ যা বঃ শর্ম্মেতি হবিষো যাজ্যা। প্রদানানামিতি খণ্ডে সূত্রিতং। অরা ইবে-দচরমা অহেব যা বঃ শর্ম্ম শশমানায় সন্তি। আ০ ৩।৭। ইতি॥ তামেতাং সূক্তে দ্বাদশীমৃচমাহ॥

• • •

দ্বাদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। পঞ্চাশীতিতমং সূক্তং। দ্বাদশী ঋক্।)

যা বঃ শর্ম্ম শশমানায় সন্তি ত্রিধাতূনি

দাশুষে যচ্ছতাধি।

অস্মভ্যং তানি মরুতো বি যন্ত রয়িং নো ধত্ত

বৃষণঃ সুবীরং॥ ১২॥

• • •

পদ-বিশ্লেষণং।

যা। বঃ। শর্ম্ম। শশমানায়। সন্তি। ত্রিঽধাতূনি।

দাশুষে। যচ্ছত। অধি।

অস্মভ্যং। তানি। মরুতঃ। বি। যন্ত। রয়িং। নঃ। ধত্ত।

বৃষণঃ। সুঽবীরং॥ ১২॥

মন্ত্রভাষ্যানুক্রমণিকার বঙ্গানুবাদ।

মরুদ্গণ-সম্বন্ধীয় পশুযাগে 'যাবঃ শর্ম্ম' ইত্যাদি ঋক্ হবির্দ্দানে যজনীয়। 'প্রদানানাং' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে;—'অরা ইবেদচরমা অহেব যা বঃ শর্ম্ম শশমানায় সন্তি (আ০ ৩।৭) ইতি। সেই সূক্তে এই দ্বাদশী ঋক্ কথিত হইতেছে।

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেবাঃ! 'বঃ' (যুষ্মাকং সম্বন্ধীনি) 'ত্রিধাতূনি' (ত্রিলোকসংরক্ষকানি, যদ্বা— ত্রিগুণসাম্যবিধায়ীনি) 'যা' (যানি, প্রসিদ্ধানি) 'শর্ম্ম' (শর্ম্মাণি, সুখানি, সুমঙ্গলানি) 'শশমানায়' (যুষ্মাকং স্তুতিপরায়ণায়, বিবেকানুসারিণে জনায় ইত্যর্থঃ) 'সন্তি' (নির্দ্দিষ্টানি বিদ্যন্তে), 'দাশুষে' (অস্মৈ উপাসকায়, মহ্যং ইতি ভাবঃ) 'অধি যচ্ছত' (প্র দত্ত); প্রার্থনায়াঃ ভাবঃ—হে দেবাঃ! বিবেকানুসারী জনঃ স্বতমেব যৎ ধনং লভতে, কৃপয়া মহ্যং তৎ ধনং প্রযচ্ছত। 'মরুতঃ' (বিবেকরূপিণঃ হে দেবাঃ) 'তানি' (পূর্ব্বোক্তানি সর্ব্বাণি মঙ্গলানি) 'অস্মভ্যং' (সর্ব্বেভ্যঃ জনেভ্যঃ, ইহলোকস্য সর্ব্বেভ্যঃ ইত্যর্থঃ) 'বি যন্ত' (বিশেষেণ প্রযচ্ছত); 'বৃষণঃ' (অভীষ্টপূরকাঃ হে দেবাঃ) 'নঃ' (অস্মভ্যং) 'সুবীরং' (শৌর্য্যং, সৎকর্ম্মসাধনসামর্থ্যং) তথা 'রয়িং' (ধনং—পরমার্থরূপং) 'ধত্ত' (প্রযচ্ছত, বিতরণং কুরুত ইত্যর্থঃ)। অয়ং ভাবঃ—জগতি সর্ব্বে লোকাঃ বিবেকানুসারিণঃ সন্তঃ সুখিনঃ ভবন্তু; বয়ং সর্ব্বে যেন সৎকর্ম্মসাধনসামর্থ্যং পরমার্থং চ প্রাপ্নুয়াম, হে দেবাঃ, তৎ বিদধ্বং—ইতি প্রার্থনা। (১ম—৮৫সূ—১২ঋ) ॥

• • •

বঙ্গানুবাদ।

হে দেবগণ! আপনাদিগের সম্বন্ধীয় ত্রিলোক-সংরক্ষক অথবা ত্রিলোকের সাম্যবিধায়ক যে প্রসিদ্ধ সুখসমূহ (সুমঙ্গল-সকল) আপনাদিগের স্তুতিপরায়ণ জনের জন্য (অর্থাৎ বিবেকানুসারী জনের জন্য) নির্দ্দিষ্ট আছে, এই উপাসককে (অর্থাৎ আমাকে) তাহা প্রদান করুন; (প্রার্থনার ভাব এই যে,—বিবেকানুসারী জন স্বতঃই যে ধন লাভ করেন, কৃপা করিয়া আমায় সেই ধনের অধিকারী করুন)। বিবেকরূপী হে দেবগণ! পূর্ব্বোক্ত সকল প্রকার মঙ্গল আমাদিগের সকলকে (অর্থাৎ ইহলোকের সকলকে) বিশেষরূপে প্রদান করুন। অভীষ্ট-পূরক হে দেবগণ! আমাদিগের জন্য শৌর্য্য (অর্থাৎ সৎকর্ম্ম-সাধন-সামর্থ্য) এবং পরমার্থ-রূপ ধন বিতরণ করুন। (ভাব এই যে,—জগতে সকল লোক বিবেকানুসারী হইয়া সুখী হউন; আমরা সকলেই যাহাতে সৎকর্ম্ম-সাধন-সামর্থ্য ও পরমার্থ প্রাপ্ত হই, হে দেবগণ, তাহার বিধান করুন—এই প্রার্থনা।) ॥ (১ম—৮৫সূ—১২ঋ) ॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে মরুতো বো যুষ্মাকং সম্বন্ধীনি যা যানি শর্ম্ম শর্ম্মাণি সুখানি গৃহাণি বা। কীদৃশানি। ত্রিধাতূনি। পৃথিব্যাদিষু ত্রিষু স্থানেষু অবস্থিতানি শশমানায় যুষ্মান্ স্তুতিভির্ভজমানায় দাতুং সম্পাদিতানি। পূর্ব্বোক্তলক্ষণানি শর্ম্মাণি যানি সন্তি যানি চ দাশুষে হবির্দ্দত্তবতে যজমানায় অধিযচ্ছত। অধিকং প্রযচ্ছত। হে মরুতস্তানি সর্ব্বাণি শর্ম্মাণ্যস্মভ্যং বিযন্ত। বিশেষেণ প্রযচ্ছত। কিঞ্চ হে বৃষণঃ কামানাং বর্ষিতারো মরুতো নোঽস্মভ্যং সুবীরং শোভনৈর্ব্বীরৈঃ পুত্রাদিভির্যুক্তং রয়িং ধনং ধত্ত। দত্ত॥

যা। শেশ্ছন্দসি বহুলমিতি শেৰ্লোপঃ। শর্ম্ম। সুপাং সুলুগিতি জসোলুক্। শশমানায়। শশপ্লুতগতৌ। তাচ্ছীলিকশ্চানশ্। যচ্ছত। ছান্দসে লঙি বহুলং ছন্দস্যমাঙ্যোগেঽপীত্যড়ভাবঃ। যন্ত। যমের্লোটি বহুলং ছন্দসীতি শপোলুক্। তপ্তনপ্তনথনাশ্চেতি তস্য তবাদেশঃ। অতস্তস্য পিত্ত্বেন ঙিত্ত্বাভাবাদনুদাত্তোপদেশেত্যাদিনানুনাসিকলোপো ন ভবতি। বৃষণঃ। বাষপূর্ব্বস্য নিগম ইত্যুপধাদীর্ঘাভাবঃ। সুবীরং। বহুব্রীহৌ বীরবীর্য্যৌ চেত্যুত্তরপদাদ্যুদাত্তত্বং॥ (১ম—৮৫সূ—১২ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে দশমো বর্গঃ॥ ১।৬।১০॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে মরুদ্গণ 'বঃ' আপনাদিগের সম্বন্ধীয় 'যা' যে 'শর্ম্ম' (শর্ম্মাণি) সুখসমূহ অথবা গৃহসকল। কীদৃশ (শর্ম্ম)? 'ত্রিধাতূনি' পৃথিব্যাদি তিন স্থানে অবস্থিত 'শশমানায়' আপনাদিগের স্তোত্রসমূহের সহিত ভজনশীলকে প্রদান করিতে সম্পাদিত। পূর্ব্বোক্ত লক্ষণবিশিষ্ট যে শর্ম্মসমূহ 'সন্তি' আছে এবং যে সকল 'দাশুষে' হবির্দ্দানকারী যজমানের নিমিত্ত 'অধি যচ্ছত' অধিক পরিমাণে আপনারা প্রদান করেন; হে 'মরুতঃ' মরুদ্গণ! 'তানি' সেই সকল শর্ম্মকে 'অস্মভ্যং' আমাদিগকে 'বিযন্ত' বিশেষ প্রকারে প্রদান করুন; এবং হে 'বৃষণঃ' কামনা-সমূহের বর্ষণকারী মরুদ্গণ! 'নঃ' আমাদিগের জন্য 'সুবীরং' শোভনবীর-পুত্রাদির দ্বারা যুক্ত 'রয়িং' ধনকে 'ধত্ত' প্রদান করুন।

যা। 'শেশ্ছন্দসি বহুলং' ইত্যাদি সূত্রে 'শি'র লোপ। শর্ম্ম। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে জসের লোপ। শশমানায়। শশ-ধাতু প্লুতগতি বুঝায়। তাচ্ছীলিক অর্থে চানশ্ প্রত্যয়। যচ্ছত। ছান্দসে লঙে 'বহুলং ছন্দস্যমাঙ্যোগেঽপি' ইত্যাদি সূত্রে অটের অভাব। যন্ত। যম-ধাতু লোটে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের লোপ। 'তপ্তনপ্তনথনাশ্চ' ইত্যাদি সূত্রে তস্য তবাদেশ। অতঃপর তস্যের পিত্ত্বের দ্বারা ঙিত্ত্বের অভাব-হেতু 'অনুদাত্তোপদেশ' ইত্যাদি সূত্রের দ্বারা অনুনাসিকের লোপ হয় নাই। বৃষণঃ। 'বাষপূর্ব্বস্য নিগমে' ইত্যাদি সূত্রে উপধার দীর্ঘের অভাব। সুবীরং। বহুব্রীহিতে 'বীরবীর্য্যৌ চ' ইত্যাদি সূত্রে উত্তরপদের আদ্যুদাত্তত্ব। (১ম—৮৫সূ—১২ঋ)॥

প্রথম অষ্টকে ষষ্ঠ অধ্যায়ের দশম বর্গ সমাপ্ত॥ ১।৬।১০॥

দ্বাদশ (৯৩৩) ঋকের বিশদার্থ।

এই ঋকের অন্তর্গত 'ত্রিধাতূনি', 'দাশুষে', 'যচ্ছত' এবং 'সুবীরং প্রভৃতি পদের মর্ম্ম পরিগ্রহণ উপলক্ষে মন্ত্রের ভাব প্রচলিত অর্থ হইতে ভিন্নরূপে ব্যক্ত হইতেছে। 'যচ্ছত' ক্রিয়া-পদটি লোটের পদ; কিন্তু ভাষ্যাদিতে ঐ পদের প্রতিবাক্যে লটের পদ গ্রহণ করা হইয়াছে মন্ত্রের দ্বিতীয় চরণে যে 'তানি' পদটি আছে, তাহারই সহিত সম্বন্ধ-রক্ষার জন্য ক্রিয়াপদের অর্থের ঐ পরিবর্ত্তন সাধিত হইয়া থাকে। সে পক্ষে 'শশমানায়' ও 'দাশুষে' পদদ্বয়ে দুই প্রকারের উপাসকের প্রতি লক্ষ্য করা হয়। যিনি মরুদ্গণের স্তব করেন, প্রথমোক্ত পদে তাঁহাকে নির্দ্দেশ করা হয়। আর, যিনি মরুদ্গণের উদ্দেশে হবির্দ্দান করেন, শেষোক্ত পদে তাঁহারই প্রতি লক্ষ্য আসে। এইরূপে মন্ত্রের প্রথম চরণের অর্থ গ্রহণ করা হয়,—'ত্রিলোকের যে সকল সুখ 'শশমান' প্রাপ্ত হন এবং যে সকল সুখ 'দাশুষ' প্রাপ্ত হন' ইত্যাদি। এতদনুসারে দ্বিতীয় চরণের ভাব হয় এই যে,—'হে মরুদ্গণ! সেই সকল ধন আমাদিগকে প্রদান করুন; আর, হে বৃষণ! আমাদিগকে বীর পুত্রসহ ধন প্রদান করুন।'

কিন্তু আমরা মনে করি, 'যচ্ছত' ক্রিয়া-পদে প্রার্থনার ভাবই প্রকাশমান রহিয়াছে। এ পক্ষে 'দাশুষে' পদে 'এই উপাসককে অর্থাৎ আমাকে' ভাব প্রাপ্ত হওয়া যায়। সে পক্ষে প্রার্থনা,—'যাঁহারা 'শশমান' অর্থাৎ নিয়ত ভগবানের স্তুতি-পরায়ণ—অবিচ্ছেদে বিবেকের অনুসারী হইয়া আছেন, তাঁহারা যে ধন লাভ করিয়া থাকেন, এই আমাকে—নূতন ব্রতী অভাজনকে কৃপা-পূর্ব্বক সেই ধন প্রদান করুন।' দ্বিতীয় চরণের 'অস্মভ্যং' পদে, সকলের প্রতি—ইহলোকের সকল জনের সম্বন্ধে ভগবৎ-কৃপায় ঐ ব্যবস্থা বিহিত হউক—এই ভাবেরই পরিব্যক্তি দেখি। 'ত্রিধাতূনি' পদে, যদ্দ্বারা তিন লোক রক্ষা হয়, সে ভাবও গ্রহণ করা যায়; আবার, ত্রিগুণের সাম্যবিধায়ক মোক্ষাদির প্রাপক 'শর্ম্ম' (সুখ মঙ্গল প্রভৃতি) ভাবও উহাতে গ্রহণ করিতে পারি। 'সুবীরং রয়িং' পদদ্বয়ের মর্ম্ম পূর্ব্বে প্রকাশ করিয়াছি। ঐ দুই পদে সৎকর্ম্ম-সাধন-সামর্থ্য এবং পরমার্থ-রূপ ধন প্রাপ্তির কামনাই প্রকাশ পাইয়াছে। (১ম—৮৫সূ—১২ঋ)

ওঁ

ঋগ্বেদ-সংহিতা।

প্রথম মণ্ডলং। চতুর্দ্দশোঽনুবাকঃ। ষড়শীতিতমং সূক্তং। প্রথমোঽষ্টকঃ। ষষ্ঠোঽধ্যায়ঃ। একাদশঃ দ্বাদশঃ চ দ্বৌ বর্গৌ ॥

ষড়শীতিতমং সূক্তং।

এই সূক্তের দশটি ঋকেও মরুদ্দেবগণের মহিমা বিবৃত আছে। কিন্তু মন্ত্রার্থ পাঠ করিলে তাঁহাদিগের স্বরূপ-সম্বন্ধে কোনই অভিজ্ঞতা লাভ হয় না। তাঁহারা অন্তরিক্ষ হইতে আগমন করেন এবং লোকের গৃহে গিয়া সোমরস পান করিয়া থাকেন—প্রথম মন্ত্রের প্রচলিত অর্থে এইরূপ ভাব প্রকাশমান দেখি। আকাশ হইতে আসেন, অথচ লোকের গৃহে বসিয়া সোমরস পান করেন,—সে দেবতার ভাব উপলব্ধ হওয়া বড়ই কঠিন নহে কি? তার পর দেখি, তাঁহারা যজমানের স্তুতি এবং মেধাবিগণের স্তুতি শ্রবণ করেন; (দ্বিতীয় ঋকের প্রচলিত অর্থে এই ভাব প্রকাশমান)। তাঁহাদিগের কৃপায় লোকে বহু গাভী প্রাপ্ত হয়; তাঁহারা রাক্ষসগণকে বিতাড়িত করেন; এবং তাঁহারা জ্যোতির প্রকাশক হয়েন। তাঁহাদিগের সম্বন্ধে এইরূপ ভাব-সকল এই সূক্তের দশটি ঋকের প্রচলিত অর্থে প্রকাশ পাইয়াছে। কোনও কোনও মন্ত্রের অর্থ দেখিয়া মনে হয়,—তাঁহারা বুঝি বা মানুষ ছিলেন; কোনও কোনও ঋকের অর্থে তাঁহাদিগকে বায়ুর রূপান্তর (ঝড়-ঝঞ্ঝাবাত) বলিয়াও মনে হইতে পারে।

ভাব-পরিগ্রহণ পক্ষে এবম্বিধ সংশয়-সন্দেহ উপস্থিত হওয়ায়, প্রায় সকল ব্যাখ্যাকারই মরুদ্দেবগণের বিষয় রূপক বলিয়া সিদ্ধান্ত করিয়া গিয়াছেন। মন্ত্রার্থে প্রকাশ—তাঁহারা মাংসাশী রাক্ষসগণকে হনন করেন। তাহা হইতে ভাব গ্রহণ করা হয়,—তাঁহারা মেঘকে বিতাড়িত করিয়া আলোক দান করিয়া থাকেন। ইহার মর্ম্ম কিছুই বুঝা যায় না। কিন্তু ব্যাখ্যাদিতে এইরূপ প্রার্থনাই প্রকাশ আছে। যথা,—'বিশ্বব্যাপী অন্ধকার নিবারণ কর, মাংসাশী রাক্ষসদিগকে বিদূরিত কর, এবং আমরা যে আলো প্রার্থনা করি, সেই প্রার্থিত আলো প্রকাশিত কর।' এই প্রকার প্রার্থনা হইতে

দেবতার স্বরূপ কি উপলব্ধ হয়, তাহা বুঝিয়া দেখুন। যাহা হউক, আমরা সকল দি বিবেচনা-পূর্ব্বক নির্দ্ধারণ করি,—মনস্তত্ত্বের একটী জটিল সমস্যা এই সকল মন্ত্রের অন্তর্নিহি রহিয়াছে; এবং সে পক্ষে মরুদ্গণ বলিতে বিবেকরূপী দেবগণ বলিয়াই আমাদিগে মনে আসে। কারণ-পরম্পরা মন্ত্রের ব্যাখ্যা ও বিশ্লেষণ প্রভৃতিতেই প্রকাশ পাইবে।

ষড়শীতিতম সূক্তানুক্রমণিকা।

মরুতো যস্যেতি দশর্চ্চং দ্বিতীয়ং সূক্তং গোতমস্যার্ষং গায়ত্রং মরুদ্দেবতাকং। অনুক্রম্যতে চ। মরুতো দশ গায়ত্রমিতি॥ বৃহঢ়হে তৃতীয়ে ছন্দোম আগ্নিমারুতে শস্ত্র এতৎ সূক্তং তৃতীয়স্যাগন্মহেতি খণ্ড সূত্রিতং। মরুতো যস্য হি প্রাগয়ে বাচমিথাগ্নিমারুতং। আ ৮।১১। ইতি॥ ঐন্দ্রামারুত্যাং প্রধানস্য হবিষো মরুতো যস্তেতোষানুবাক্যা। সূত্রিতঞ্চ ঐন্দ্রামারুতীং ভেদকামা মরুতো যস্য হি ক্ষয়ে। আ০ ২।১৫। ইতি॥ এষৈব বরুণ প্রঘাসেষু মারুত্যা আমিক্ষায়া অনুবাক্যা। সূত্রিতং চ। মরুতো যস্য হি ক্ষয়েহরা ইবেদ চরমা অহেব। আ০ ২।১৩। ইতি॥ তথা প্রাতঃসবনে পোতুরেষা প্রস্থিতযাজ্যা সূত্রিতঞ্চ। মরুতো যস্য হি ক্ষয়েহগ্নে পত্নীরিহাবহ। আ০ ৫।৫। ইতি॥

• • •

ষড়শীতিতম সূক্তানুক্রমণিকার বঙ্গানুবাদ

'মরুতো যস্য' ইত্যাদি দশটি ঋক্-বিশিষ্ট দ্বিতীয় সূক্ত (চতুর্দ্দশ অনুবাকের)। গোতম ঋষি। গায়ত্রী ছন্দ। মরুদ্গণ দেবতা। এ বিষয়ে এইরূপ অনুক্রান্ত আছে,—'মরুতো দশগায়ত্রমিতি।' বৃঢ়হে তৃতীয়ে ছন্দোমে আগ্নিমারুতশস্ত্রে এই সূক্ত প্রযুক্ত হয়। 'তৃতীয় স্যাগন্মহ' ইত্যাদি খণ্ডে সূত্রিত আছে,—'মরুতো যস্য হি প্রাগয়ে বাচমিথাগ্নি মারুত (আ০ ৮।১১) ইত্যাদি। ঐন্দ্রমারুতের প্রাধান্যের বিষয় 'হবিষো মরুতো যস্য' ইত্যাদি অনুবাক্যা দৃষ্ট হয়। এ বিষয়ে সূত্রিত আছে,—'ঐন্দ্রামারুতীং ভেদকামা মরুতো যস্য হি ক্ষয়ে' (আ০ ২।৫।) ইত্যাদি। এরূপও বরুণ-প্রঘাসে মারুতের আমিক্ষা অনুবাক্যা আছে। সূত্রিত হয়,—'মারুতো যস্য হি ক্ষয়েহরা ইবেদচরমা অহেব' (আ০ ২।১৩) ইত্যাদি। আরও, প্রাতঃসবনে পোতুঃপ্রাস্থিত-কার্য্যে ইহা যজনীয় হয়। সূত্রিত আছে,— 'মরুতো যস্য হি ক্ষয়েহগ্নে পত্নীরিহাবহ' (আ০ ৫।৫) ইত্যাদি।

• • •

প্রথমমণ্ডলস্য ষড়শীতিতমে (চতুর্দ্দশানুবাকস্য দ্বিতীয়ে) সূক্তে প্রথমা ঋক্। আগ্নিমারুতশস্ত্রে তথা পোতুঃপ্রস্থিতাদিকর্ম্মণি বিনিযুক্তা। দেবতা পূর্ব্ববৎ।

• . •

প্রথমা ঋক্।

(প্রথমং মণ্ডলং। ষড়শীতিতমং সূক্তং। প্রথমা ঋক্।)

মরুতো যস্য হি ক্ষয়ে পাথা দিবো বিমহসঃ।

স সুগোপাতমো জনঃ ॥ ১ ॥

• . •

পদ-বিশ্লেষণং।

মরুতঃ। যস্য। হি। ক্ষয়ে। পাথ। দিবঃ। বিঽমহসঃ।

সঃ। সুঽগোপাতমঃ। জনঃ ॥ ১ ॥

• . •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বিমহসঃ' (বিশিষ্টপ্রকাশাঃ, ভগবত্তত্ত্বপরিজ্ঞাপকাঃ ইত্যর্থঃ) 'মরুতঃ' (বিবেকরূপিণঃ হে দেবাঃ) 'দিবঃ' (দ্যুলোকাৎ—আগত্য ইতি যাবৎ) 'যস্য' (উপাসকস্য) 'ক্ষয়ে' (গৃহে, হৃদয়ে, যদ্বা—পাপক্ষয়কারিণি কর্ম্মণি) 'হি' (নিশ্চিতং, যূয়ং অবিচ্ছেদেন ইত্যর্থঃ) 'পাথ' (শুদ্ধসত্ত্বং পিবথ, অবতিষ্ঠথ ইতি ভাবঃ), 'সঃ জনঃ' (সঃ উপাসকঃ) 'সুগোপাতমঃ' (সুষ্ঠু জ্ঞানসম্পন্নঃ) ভবতি ইতি শেষঃ। বিবেকানুগৃহীতঃ জনঃ স্বতমেব পরমজ্ঞান-সম্পন্নঃ ভবতি—ইতি ভাবঃ। (১ম—৮৬সূ—১ঋ) ॥

• . •

বঙ্গানুবাদ।

ভগবৎ-তত্ত্বপরিজ্ঞাপক বিবেকরূপী হে দেবগণ! স্বর্গ হইতে আসিয়া য উপাসকের হৃদয়ে অথবা পাপক্ষয়কারী কর্ম্মে আপনারা অবিচ্ছেদে শুদ্ধসত্ত্ব পান করেন বা অবস্থান করিয়া থাকেন, সেই উপাসক সুষ্ঠু-

জ্ঞানসম্পন্ন হয়েন। (ভাব এই যে,—বিবেকানুগৃহীত জন আপনা-আপনিই পরমজ্ঞানসম্পন্ন হইয়া থাকেন।)॥ (১ম—৮৬সূ—১ঋ)।

সায়ণ-ভাষ্যং ।

হে বিমহসো বিশিষ্টপ্রকাশা মরুতঃ। দিবোঽন্তরিক্ষলোকাদাগত্য যস্য হি যস্য খলু যজমানস্য ক্ষয়ে যজ্ঞগৃহে পাথ। সোমং পিবথ। স জনো জাতো যজমানঃ সুগোপাতমঃ শোভনৈঃ পালকৈরত্যন্তং যুক্তো ভবতি॥

পাথ। পা পানে। লেটি বহুলং ছন্দসীতি শপো লুক্। যদ্বৃত্তযোগাদনিঘাতঃ। বিমহসঃ। বিশিষ্টং মহস্তেজো যেষাং তে তথোক্তাঃ। সুগোপাতমঃ। শোভনো গোপা রক্ষকো যস্য স সুগোপাঃ। অতিশয়েন সুগোপাঃ সুগোপাতমঃ। তমপঃ পিত্ত্বাদনুদাত্তত্বে সতি বহুব্রীহৌ নঞ্‌সুভ্যামিত্যুত্তরপদান্তোদাত্তত্বমেব শিষ্যতে॥ (১ম—৮৬সূ—১ঋ)॥

প্রথম (৯৩৪) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অন্তর্গত 'পাথ' পদ-উপলক্ষে মন্ত্রার্থে সোমরসের সম্বন্ধ আসিয়া উপস্থিত হইয়াছে। তদনুসারে 'ক্ষয়ে' পদে 'যজ্ঞগৃহে' অর্থ গ্রহণ-পূর্ব্বক নির্দ্দেশ করা হইয়াছে যে,—'মরুদ্গণ যে যজমানের যজ্ঞগৃহে সোমরস-পান করিতে আসিতেন, সেই যজমান শোভনপালক কর্তৃক রক্ষিত হইতেন।' কিন্তু আমরা বলি, ঐ 'পাথ' পদে সোমরস মাদকদ্রব্য-পানের সম্বন্ধ লক্ষ্য করা যায় না। যাহা হৃদয়ের সামগ্রী, যাহা হৃদয়

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'বিমহসঃ' বিশিষ্টপ্রকাশ 'মরুতঃ' মরুদ্গণ! 'দিবঃ' অন্তরিক্ষলোক হইতে আসিয়া 'যস্য হি' যে যজমানের নিশ্চিত 'ক্ষয়ে' যজ্ঞগৃহে 'পাথ' সোমরস পান করেন, 'সঃ জনঃ' সেই জাত যজমান 'সুগোপাতমঃ' শোভন পালকসমূহের দ্বারা অত্যন্ত যুক্ত হয়েন।

'পাথ'। পা-ধাতু পানার্থক। লেটে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের লোপ। যদ্বৃত্তযোগ-হেতু নিঘাতের অভাব। বিমহসঃ। মহঃ অর্থাৎ তেজ যাঁহার তিনি। সুগোপাতমঃ। শোভন গোপা অর্থাৎ রক্ষক যাহার সেই সুগোপাঃ। অতিশয়রূপে সুগোপা—এই অর্থে সুগোপাতমঃ। তমপ্ প্রত্যয়ের পিত্ত্ব-হেতু অনুদাত্তত্ব হওয়ায় বহুব্রীহিতে 'নঞ্‌সুভ্যাং' ইত্যাদি সূত্রে উত্তর-পদের অন্তোদাত্তত্বই অবশিষ্ট আছে। (১ম ৮৬সূ—১ঋ)॥

হইতে বিনিঃসৃত, তাহাই ঐ পদে লক্ষ্যস্থল। দেবগণ সেই সামগ্রী পান করেন, তাহাতেই 'ওতঃপ্রোতঃ' বিদ্যমান থাকেন—যে সোম বা সুধা হৃদয় হইতে বিনিঃসৃত হয়। সোম-শব্দের ব্যাখ্যায় এ বিষয় পুনঃপুনঃ খ্যাপন করিয়া আসিয়াছি। এই দৃষ্টিতেই 'সুগোপাতমঃ' পদের মর্ম্মে 'পরম জ্ঞানসম্পন্ন' এইরূপ ভাব পাওয়া যায়। 'গোপাতমঃ' পদে 'গাভীগণের পালক' অর্থ কেহ কেহ গ্রহণ করিয়া গিয়াছেন। তাঁহাদিগের মত এই যে,—'মরুদ্দেবগণ যাঁহাদিগের গৃহে সোমরস পান করেন, তাঁহারা সুন্দররূপে আপনাদিগের গাভীগণকে পালন করিতে পারেন, অর্থাৎ তাঁহাদিগের গো-সম্পদাদি অক্ষুণ্ণ থাকে।' যাহা হউক, আমরা এ ভাব গ্রহণ করি না। এখানকার ভাব এই যে, দেবগণের কৃপায়, মানুষ যে পরম জ্ঞানে জ্ঞানী হয়েন, সেই তত্ত্বই এখানে ব্যক্ত হইয়াছে। (১ম—৮৬সূ—১ঋ)॥

—— • ——

দ্বিতীয়া ঋক্।

(প্রথমং মণ্ডলং। ষড়শীতিতমং সূক্তং। দ্বিতীয়া ঋক্।)

যজ্ঞৈর্বা যজ্ঞবাহসো বিপ্রস্য বা মতীনাং।

মরুতঃ শৃণুতা হবং॥ ২॥

• • •

পদ-বিশ্লেষণং।

যজ্ঞৈঃ। বা। যজ্ঞ২বাহসঃ। বিপ্রস্য। বা। মতীনাং।

মরুতঃ। শৃণুত। হবং॥ ২॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'যজ্ঞবাহসঃ' (সৎকর্ম্মকারয়িতারঃ সৎকর্ম্মণঃ প্রবর্ত্তকাঃ বা হে দেবাঃ) 'বিপ্রস্য' (মেধাবিনঃ, বিজ্ঞস্য) 'বা' (অথবা) 'মতীনাং' (সুমনসঃ জনানাং) 'যজ্ঞৈঃ' (সৎকর্ম্মসাধনৈঃ) 'বা' (সর্ব্বতোভাবেন যূয়ং তেষু তিষ্ঠথ ইতি শেষঃ); 'মরুতঃ' (বিবেকরূপিণঃ হে

অথ তৃতীয়া—

স বহ্নিঃ পুত্রঃ পিত্রোঃ পবিত্রবান্ পুনাতি ধীরো ভুবনানি মায়য়া।

ধেনুং চ পৃশ্নিং বৃষভং সুরেতসং বিশ্বাহা শুক্রং

পয়ো অস্য দুক্ষত ॥ ৩ ॥

—• অথ পদপাঠঃ •—

সঃ। বহ্নিঃ। পুত্রঃ। পিত্রোঃ। পবিত্রঽবান্। পুনাতি। ধীরঃ। ভুবনানি। মায়য়া।

ধেনুম্। চ। পৃশ্নিম্। বৃষভম্। সুঽরেতসম্। বিশ্বাহা। শুক্রম্।

পয়ঃ। অস্য। ধুক্ষত ॥ ৩ ॥

পিত্রোঃ মাতাপিত্রোর্দ্যাবাপৃথিব্যোঃ পিতামাত্রেতি পিতা শিষ্যতে ॥ উদাত্তযণ ইতি পিতুর্বিভক্তিরুদাত্তা ॥ পুত্রঃ পুরুত্রাতা পুত্রস্থানীয় আদিত্যঃ পবিত্রবান্ পাবনরশ্মিযুক্তঃ ধীরঃ ধীমান্ সবহ্নিঃ ফলস্য বোঢ়া ধাবকঃ সন্ মায়য়া প্রজ্ঞয়া স্বকীয়য়া ভুবনানি ভূতজাতানি পুনাতি পাবয়তি প্রকাশয়তীত্যর্থঃ। কিংচ স এব পুত্রঃ পৃশ্নিং শুক্লবর্ণাং ধেনুং প্রীণয়িত্রীং ভূমিং সুরেতসং শোভনসামর্থ্যং শোভনোদকং বা বৃষভং সেক্তারং দ্যুলোকঞ্চ মায়য়া পুণাতি পাবয়তি প্রকাশয়তীত্যর্থঃ। কদা বিশ্বাহা সর্ব্বাণ্যপ্যহানি সর্ব্বকালমিত্যর্থঃ কিংচ অস্য দ্যুলোকস্য ॥ কর্ম্মণি ষষ্ঠী ॥ ইমং দ্যুলোকং শুক্রংপয়ঃদীপ্তংপয়ঃসদৃশমুদকং ধুক্ষত দোগ্ধি॥ দুহেশ্ছান্দসে লুঙি শল। ইগুপধাদনিটঃ। ক্স ইতি চেঃ ক্সাদেশঃ ॥ ঈদৃশো মহানুভাব আদিত্যস্তয়োঃ পুত্র ইতি দ্যাবাপৃথিব্যোঃ স্তুতিঃ ॥ (১ম—১৬০সূ—৩ঋ) ॥

অথ চতুর্থী—

অয়ং দেবানামপসামপস্তমো যো জজান রোদসী বিশ্বশংভুবা।

বি যো মমে রজসী সুক্রতূয়য়াজরেভিঃ স্কংভনেভিঃ সমানৃচে ॥ ৪ ॥

—॰ অথ পদপাঠঃ ॰—

অয়ম্। দেবানাম্। অপসাম্। অপঃঽতমঃ। যঃ। জজান। রোদসী ইতি। বিশ্বঽশম্ভুবা।

বি। যঃ। মমে। রজসী ইতি। সুক্রতুঽয়য়া। অজেরভিঃ। স্কম্ভনেভিঃ। সম্। আনৃচে॥ ৪ ॥

পূর্ব্বং পুত্রমাহাত্ম্যেনৈতে প্রশস্তেদানীং স্বোৎপাদকং স্তোতাং প্রশংসতি। অয়ং দেবানাং মধ্যে দেবতমঃ অপসাং অপস্তমঃ। অপ ইতি কর্ম্মনাম। তেন তদ্বান্ লক্ষ্যতে। কর্ম্মবতাং মধ্যে প্রকৃষ্টকর্ম্মা। অয়মিত্যুক্তং ক ইত্যাহ—যো দেবো বিশ্বশংভুবা সর্ব্বপ্রকারেণ ভূতানাং সুখস্য ভাবয়িত্র্যৌ রোদসী দ্যাবাপৃথিব্যৌ মহানুভাবে জজান উৎপাদিতবান্। ন কেবল-মুৎপাদনমাত্রং অপিতু যো দেবো রজসী রঞ্জনাত্মিকে দ্যাবাপৃথিব্যৌ॥ রজসী ইতি দ্যাবাপৃথিব্যোর্নাম। রজসী সদসী ইতি তন্নামসু পাঠাৎ॥ উক্তরূপে বিমমে বিশেষেণ পরিচ্ছিনত্তি। কিং স্বোপভোগায় নেত্যাহ—সুক্রতুয়য়া শোভনকর্ম্মেচ্ছয়া যেন কর্ম্মণা প্রাণিনাং সুখং ভবতি তাদৃক্ কর্ম্মেচ্ছয়া। অথ বৈ তদুত্তরত্র সংবধ্যতে। সুক্রতুয়য়া উক্তেন নিমিত্তেনেমে দ্যাবাপৃথিব্যাবজরেভিঃ অজীর্ণৈর্দৃঢ়তরৈঃ স্কম্ভনেভিঃ গতিপ্রতিবন্ধনৈঃ শংকুভিঃ সমানৃচে সম্যক্ সর্ব্বতঃ পূজিতবান্ স্থাপিতবানিত্যর্থঃ॥ ঋচ স্তুতৌ। লিটি রেফ সামান্যাদ্দ্বিহলত্বমস্তীতি। তস্মান্নুট্ দ্বিহল ইত্যভ্যাসস্য নুট্॥ যস্মাদেবং তস্মাদয়মেব দেবঃ অয়মেবায়স্তম ইতি। এবং মহানুভাবেন পরমেশ্বরেণোৎপন্নে ইতি স্তুতি॥ ৪॥

অথ পঞ্চমী—

তে নো গৃণানে মহিনী মহিশ্রবঃ ক্ষত্রং দ্যাবাপৃথিবী ধাসথো বৃহৎ।

যেনাভি কৃষ্টীস্ততনাম বিশ্বহা পনায্যমোজো অস্মে সমিন্বতম্॥ ৫ ॥

—॰ অথ পদপাঠঃ ॰—

তে ইতি। নঃ। গৃণানে ইতি। মহিনী ইতি। মহি। শ্রবঃ। ক্ষত্রম্।

দ্যাবাপৃথিবী ইতি। ধাসথঃ। বৃহৎ।

যেন। অভি। কৃষ্টীঃ। ততনাম। বিশ্বহা। পনায্যম্। ওজঃ।

অস্মে ইতি। সম্। ইন্বতম্॥ ৫ ॥

তে প্রসিদ্ধে হে দ্যাবাপৃথিবী দ্যাবাপৃথিব্যৌ গৃণানে অস্মাভিঃ স্তূয়মানে সত্যৌ। কর্ম্মণি কর্ত্তৃপ্রত্যয়ঃ। মহি মহৎ অতিপ্রভূতং শ্রবঃ সর্ব্বত্রপ্রসিদ্ধমন্নং সর্ব্বত্রশ্রূয়মাণাং কীর্ত্তিং বানোঽস্মভ্যং ধালথঃ ধত্তং॥ দধাতেলেঁ টাডাগমঃ। সিব্বহুলমিতি সিপ্॥ তথা বৃহৎ অতি প্রভূতং ক্ষত্রং বলং ধাসথঃ। তদেব বিশেষ্যতে। যেন বলেন বিশ্বহা সর্ব্বেষপ্যহঃস্ম কৃষ্টীঃ পুত্রাদিরূপাঃ প্রজাঃ অভিততনাম অভিতো বিস্তারয়াম॥ তনোতেলেঁ টি ছান্দসো বিকরণঃ শ্লুঃ আড়ুত্তমস্যেত্যাড়াগমঃ। তস্য ছন্দস্যুভয়থেতি আর্দ্ধধাতুকত্বাৎ আভ্যস্তাদ্যুদাত্তত্বাভাবে ধাতুস্বরঃ। কৃষ্টয় ইতি মনুষ্যনাম। কৃষ্টয়ঃ চর্ষণয় ইতি তন্নামসু পাঠাৎ॥ কিংপনাস্যং স্বত্যং ওজঃ শারীরবলং অস্মে অস্মাসু সম্যগিম্বতং প্রবর্দ্ধয়তমিত্যর্থঃ॥ ইম্বতির্ব্যাপ্তিবচনঃ। ইম্বতি ননক্ষে ইতি তন্নামসু পাঠাৎ॥ (১ম—১৬০সূ—৫ঋ)॥

ইতি দ্বিতীয়স্য তৃতীয়ে তৃতীয়ো বর্গঃ॥ ৩॥

একষষ্টিতমাধিক-শততমং সূক্তং।

কিমু শ্রেষ্ঠ ইতি চতুর্দ্দশর্চ্চং পঞ্চমং সূক্তং দৈর্ঘতমসমার্ভবং। অন্ত্যা ত্রিষ্টুপ্ শিষ্টাস্ত্রিষ্টুবন্তপরিভাষয়া জগত্যঃ। অনুক্রান্তং চ—কিমু শ্রেষ্ঠঃ ষড়ূনার্ভবং ত্রিষ্টুবন্তমিতি। ব্যূহ্যে দশরাত্রে ষষ্ঠেহনি বৈশ্বদেবশস্ত্রে আর্ভবং নিবিদ্ধানং দ্বিপ্রতীকং। তত্র কিমু শ্রেষ্ঠ ইত্যোতদন্ত্যাবর্জ্যং প্রতীকং ব্যূহ্লশ্চেতি খণ্ডে সূত্রিতম্—কিমু শ্রেষ্ঠ উপ নো বাজা ইতি ত্রয়োদশার্ভবং চতস্রশ্চেতি॥ (১ম—১৬১সূ)॥

তত্র প্রথমা—

কিমু শ্রেষ্ঠঃ কিং যবিষ্ঠো ন আজগন্‌কিমীয়তে দূত্যং কদ্‌যদূচিম।
ন নিন্দিম চমসং যো মহাকুলোঽগ্নে ভ্রাতদ্রুর্ণ ইদ্ভূতিমূদিম॥ ১॥

—• অথ পদপাঠঃ •—

কিম্। উম্ ইতি। শ্রেষ্ঠঃ। কিম্। যবিষ্ঠঃ। নঃ। আ। অজগন্।
কিম্। ঈয়তে। দূত্যম্। কৎ। যৎ। ঊচিম।
ন। নিন্দিম। চমসম্। যঃ। মহাঽকুলঃ। অগ্নে। ভ্রাতঃ।
দ্রুণঃ। ইৎ। ভূতিম্। ঊদিম॥ ১॥

ঋভবো নাম সুধন্বনস্ত্রয়ঃ পুত্রাঃ ঋভুর্বিভ্বাবাজ ইতি। তে চ মনুষ্যাঃ সন্তঃ সুকর্ম্মণা দেবত্বং প্রাপ্য কদাচিৎ কর্ম্মকালে সোমপানায় প্রবৃত্তাঃ তান্ প্রতি দেবৈঃ প্রেরিতোঽগ্নিঃ পরস্পরসমানরূপান্ দৃষ্ট্বা স্বয়মপি তদাকারং ধৃত্বা তেষু মধ্যে স্বয়ং চতুর্থঃ সন্ পাতুং প্রবৃত্তঃ। তে চ ঋভবঃ আগতং তং সমানরূপং অবলোক্য বিবেক্তুং অসমর্থাঃ পরস্পরমেবং সন্দিহতে অয়ং কিমু শ্রেষ্ঠঃ কিং স্থ খলু অস্মত্তোঽয়ং প্রশস্যতমঃ বয়সা শ্রেষ্ঠঃ সোঽস্মানাজগন্ আগমৎ প্রাপ্তঃ॥ গমের্লুঙি ছান্দসঃ শপঃ শ্লুঃ। হল্ঙ্যাদিলোপে মোনো ধাতোরিতি নত্বং। অজগন্নিতি গতিকর্ম্মা। অগন্নজগন্নিতি তন্নামসু পাঠাৎ॥ কিং যবিষ্ঠঃ কিংবা নঃ অস্মাকং যুবতমঃ অস্মত্তঃ কনীয়ান্ আজগন্ প্রাপ্তঃ কিংবা দূত্যং দূতকর্ম্ম দেবসংবন্ধি ঈয়িতে গচ্ছতি। দেবৈঃ প্রেরিতো দূতোঽস্মানাগতো বা দূতস্য ভাগকর্ম্মণী ইতি যৎ যদূচিম যদেতদ্ব্রূমঃ তং কথং নিশ্চেতব্যমিত্যর্থঃ। বয়ং তাবত্রয় এব ইদানীং চত্বারঃ সমানরূপা বর্ত্তামহে। তস্মাদয়মধিকঃ কিমু শ্রেষ্ঠ ইতি বিচিকিৎসা এবং সংদিহ্য কথং চিৎ স্বতোঽন্যং নিশ্চিত্য তং প্রত্যপরোক্ষেণ ব্রুবতে—হে অগ্নে। ভ্রাতঃ ভ্রাতৃবৎ ভাগার্হ ভ্রাতা যথা বলাৎ স্বকীয়ং ভাগং স্বীকরোতি তদ্বৎ সমানরূপমাশ্রিত্য বলাচ্চমসপানায় প্রবৃত্ত ইতি ভ্রাতরিত্যুক্তং। হে তাদৃশাগ্নে! চমসং ন নিন্দিম অধিকঃ সমাগত ইতি পানমকৃত্বা চমসং ন দূষয়ামঃ॥ নিদি কুৎসায়াং। ছন্দসি বেতি বক্তব্যমিতি দ্বির্বচনাভাবঃ॥ অদূষ্যত্বে কারণমাহ— যশ্চমসো মহাকুলঃ মহাকুলোৎপন্নঃ ত্বষ্ট্রানির্ম্মিতত্বাৎ বক্ষ্যতি চ—ত্বষ্টাগ্নস্বস্তুর্ন্যানজ ইতি (ঋ০ স০ ২।৩।৪।) অতঃ কারণাদ্ দ্রুণঃ। বিকারে প্রকৃতিশব্দঃ। ততশ্চ তস্থে। তচ্ছব্দঃ ইদবধারণে। দারুবিকারচমসস্য ভূতিং প্রাপ্তিং উদিম ব্রূমঃ॥ বিদেশ্ছান্দসে লিটি বচিস্বপীতি সংপ্রসারণং। ক্রাদিনিয়মাদিট্॥ (১ম—১৬১সূ—১ঋ)॥

• • •

অথ দ্বিতীয়া—

একং চমসং চতুরঃ কৃণোতন যদ্বো দেবা অব্রুবন্তদ্ব আগমম্।
সৌধন্বনা যদ্যেবা করিষ্যথ সাকং দেবৈর্যজ্ঞিয়াসো ভবিষ্যথ॥ ২॥

—০ অথ পদপাঠঃ ০—

একম্। চমসম্। চতুরঃ। কৃণোতন। তৎ। বঃ। দেবাঃ। অব্রুবন্।
তৎ। বঃ। আ। অগমম্।
সৌধন্বনাঃ। যদি। এব। করিষ্যথ। সাকম্। দেবৈঃ। যজ্ঞিয়াসঃ। ভবিষ্যথ॥ ২॥

এবং পৃষ্টোঽগ্নিঃ তান্ প্রত্যুবাচ—হে সৌধন্বনাঃ সুধন্বনঃ পুত্রাঃ! যূয়ং একং চমসং ত্বষ্ট্রাসংপাদিতং পূর্ব্বমেকমেব সন্তং চমসং চতুরঃ কৃণোতন চতুঃসংখ্যাকান্ কুরুত ॥ চতুরঃ শসীত্যন্তোদাত্তত্বং। পূর্ব্ববত্তনপ্ ॥ যথা উপরিতেন জ্যেষ্ঠ আহ চমসান্বাকরেতীত্যুপক্রম্য (ঋ০ সং ২।৭।১) কনিষ্ঠ আহ চতুরস্করেতীতি (ঋ০ সং ২।৭।১) চতুষ্টং নির্দ্ধারিতং ন কেবলমহমেব ব্রবীমি কিংতু বো যুষ্মান্ প্রতি তদুক্তং চতুর্ধাকরণরূপং কর্ম্ম উত্তরত্র বক্ষ্যমাণং অশ্বরথাদিকরণরূপং চ কর্ম্ম দেবা ইন্দ্রাদয়ঃ অব্রুবন্ দৈবত্বপ্রাপ্ত্যুপায়ত্বেন তত্তাদৃশং কর্ম্ম বো যুষ্মাকং বক্তুমহমাগমং প্রাপ্তোঽস্মি। যস্মাদেবং তস্মাদ্যূয়ং যদ্যেবাকরিষ্যথ যদ্যেবং মদুক্তপ্রকারেণ কর্ত্তুং শকুথ তথা চেদ্দেবৈঃ সাকং সহ যজ্ঞিয়াসো ভবিষ্যথ ইতি তৈরুক্তমিত্যর্থঃ॥ (১ম—১৬১সূ—২ঋ)॥

অথ তৃতীয়া—

অগ্নিং দূতং প্রতি যদব্রবীতনাশ্বঃ কর্ত্বো রথ উতেহ কর্ত্বঃ।

ধেনুঃ কর্ত্বা যুবশা কর্ত্বা দ্বাতানি ভ্রাতরনু বঃ কৃত্ব্যেমসি ॥ ৩ ॥

—০ অথ পদপাঠঃ ০—

অগ্নিম্। দূতম্। প্রতি। যৎ। অব্রবীতন। অশ্বঃ। কর্ত্বঃ। রথঃ। উত। ইহ। কর্ত্বঃ।

ধেনুঃ। কর্ত্বা। যুবশা। কর্ত্বা। দ্বা। তানি। ভ্রাতঃ। অনু। বঃ। কৃত্বী। আ। ইমসি ॥ ৩ ॥

হে আগতদেব অগ্নিং অঙ্গনাদিগুণবিশিষ্টং দূতং দূতকর্ম্মপ্রাপ্তবন্তং ত্বাং প্রতি যদ্যৎ কার্য্যং অব্রবীতন অব্রুবন্॥ ব্যত্যয়েন মধ্যমঃ পূর্ব্ববত্তনপ্। কিমিতি? অশ্বঃ কর্ত্বঃ একস্মাদশ্বাৎ অশ্বান্তরং কর্ত্তব্যমিত্যর্থঃ॥ অশ্বাদশ্বমতক্ষতেতি বক্ষ্যমাণত্বাৎ কৃত্যার্থেতবৈকেনিতি ত্বনপ্রত্যয়ঃ উত অপিচ রথঃ কর্ত্বঃ কর্ত্তব্যঃ ধেনুঃ কর্ত্বা চর্ম্মরহিতা গৌঃ নিত্যদোগ্ধ্রী পুনর্নূতনা কার্য্যা তদুত্তরত্র নিশ্চর্ম্মণো গামরিণীতধীতিভিরিতি (ঋ০ সং ২।৩।১) বক্ষ্যমাণত্বাৎ তথা দ্বা দ্বৌ পিতরৌ জীর্ণৌ সন্তৌ পুনর্যুবশা যুবানৌ শয়ানৌ প্রকৃষ্টযৌবনোপেতৌ কর্ত্বা কর্ত্তব্যৌ হে ভ্রাতরগ্নে তানি বঃ যুষ্মাকং দেবানাং তৈরুক্তানি কর্ম্মাণি কৃত্বা অনু পশ্চাৎ কৃত্বী কৃত্যাকর্ম্মণা এমসি এমঃ অভিমুখ্যেন প্রাপ্নুমঃ॥ ইণগতৌ ইদন্তোমসিঃ যদ্বা ঋভেরিদং বাক্যং। হে ঋভবো যূয়ং আগতং অগ্নিং দূতং প্রতি যদব্রবীতন যৎ কার্য্যং বক্ষ্যমাণরূপং কর্ত্তব্যত্বেন বদথ অঙ্গীকুরুথ তানি সর্ব্বাণি সংপাদ্য হে ভ্রাতরগ্নে কৃত্বা কর্ম্মণা এমসীতি ব্রথেতি ঋষিরাহ॥ (১ম—১৬১সূ—৩ঋ)॥

অথ চতুর্থী—

চক্রবাংস ঋভবস্তদপৃচ্ছত ক্বেদভূদ্যঃ স্য দূতো ন আজগন্।

যদা বাখ্যচ্চমসাঞ্চতুরঃ কৃতানাদিত্ত্বষ্টাগ্নাস্বন্তর্ন্যানজে ॥ ৪ ॥

—• অথ পদপাঠঃ •—

চক্রুঽবাংসঃ। ঋভবঃ। তৎ। অপৃচ্ছত। ক্ব। ইৎ। অভূৎ। যঃ।

স্যঃ। দূতঃ। নঃ। আ। অজগন্।

যদা। অবঽঅখ্যৎ। চমসান্। চতুরঃ। কৃতান্। আৎ। ইৎ। ত্বষ্টা।

গ্নাসু। অন্তঃ। নি। আনজে ॥ ৪ ॥

হে ঋভবঃ! তৎকার্য্যং যথা চ ক্রবাংসঃ কৃতবন্তো যূয়ং অপৃচ্ছত প্রশ্নং কুরুত ॥ করোতে-র্লিটঃ ক্বসুঃ ॥ অত্র যদ্যপি ঋভুরিতি ত্রয়াণাং মধ্যে একস্য নাম তথাপি তস্য প্রাথম্যাচ্ছত্রিণো গচ্ছন্তীতি বৎ সর্ব্বেপ্যৃভব উচ্যন্তে। কিমিতি? স্যঃ সদূতঃ ক্বেদভূৎ কুত্র গতঃ স ইত্যুক্তং ক্ব ইত্যাহ—যঃ যো দূতো নোঽস্মানাজগন্ আগমৎ প্রাপ্তঃ এবংভূতে সতি যদায়ং ত্বষ্টা চতুরঃ কৃতান্ চমসান্ অবাখ্যৎ অভিপশ্যতি ॥ খ্যাতে লুঙি অস্যতিব্যক্তিখ্যাতীতি চ্লেরঙাদেশঃ ॥ আদিৎ অনন্তরমেব ত্বষ্টা তস্য চমসস্যোৎপাদক এতন্নামকো দেবঃ গ্নাসু স্ত্রীষু। মেনাগ্না ইতি স্ত্রীণামিতি নিরুক্তং। অন্তর্ম্মধ্যে ন্যানজে ন্যক্তোঽভূৎ স্ত্রিয়মাত্মানমমন্যতেত্যর্থঃ ॥ অঞ্জের্লিটি তস্মান্নুট্। ছান্দসোঽনুনাসিকলোপঃ ॥ (১ম—১৬১সূ—৪ঋ) ॥

• • •

অথ পঞ্চমী—

হনামৈনাঁ ইতি ত্বষ্টা যদব্রবীচ্চমসং যে দেবপানমনিন্দিষুঃ।

অন্যা নামানি কৃণ্বতে সুতে সচাঁ অন্যৈরেনান্ কন্যা৩ নামভিঃ স্পরৎ ॥ ৫ ॥

—০ অথ পদপাঠঃ ০—

হনাম। এনান্। ইতি। ত্বষ্টা। যৎ। অব্রবীৎ। চমসম্। যে। দেবঽপানম্। অনিন্দিষুঃ।

অন্যা। নামানি। কৃণ্বতে। সুতে। সচা। অন্যৈঃ। এনান্।

কন্যা। নামঽভিঃ। স্পরৎ ॥ ৫ ॥

এনান্বক্ষ্যমাণান্ হনামেতি যদ্যদা অব্রবীৎ ত্বষ্টা। পূজার্থং বহুবচনং। এতচ্ছব্দস্য প্রকৃতপরামর্শকত্বাৎ ঋভূণাং প্রকৃতত্বাৎ তেষাং হননপ্রসক্তিং দর্শয়তি। যে দেবপানং দেবৈঃ পাতব্যং চমসং যে ঋভবোঽনিন্দিষুঃ নিন্দাং অকুর্ব্বন্ দেবযোগ্যং ত্বাষ্ট্রচমসং মনুষ্যা ঋভবঃ স্বীকৃত্য চতুর্ধা ব্যভজন্ তান্ হনামেতি যদাব্রবীদিত্যর্থঃ তদা প্রভৃতিমনুষ্যাঃ সুতে অভিষুতে সোমে পানায় প্রস্তুতে সতি সচা সহ পরস্পরং অন্যা নামানি অন্যানি হোত্রধ্বর্যুদ্গাত্রাদীনি কৃণ্বতে কুর্ব্বান্তি। পূর্ব্বং নামপ্রচ্ছাদ্যোপহবকালে অধ্বর্য্য উপহ্বয়স্ব হোতরূপহ্বয়স্বেত্যেবমন্যৈরেব নামভিঃ আত্মানং ত্বষ্টুর্বধভীত্যা প্রখ্যাপয়ন্তীত্যর্থঃ। পূর্ব্বমন্যানি নামানি কথং প্রসক্তানীত্যত আহ—এনান্নরান্ কন্যা স্বোৎপাদয়িত্রী মাতা অন্যৈরেব নামভিঃ স্পরৎ প্রীণয়তি ॥ স্পৃ প্রীতিপালনয়োঃ। লেট্যডাগমঃ ॥ (১ম—১৬১সূ—৫ঋ)॥

ইতি দ্বিতীয়স্য তৃতীয়ে চতুর্থো বর্গঃ ॥ ৪ ॥

• • •

অথ ষষ্ঠী—

ইন্দ্রো হরী যুযুজে অশ্বিনা রথং বৃহস্পতির্বিশ্বরূপামুপাজত।

ঋভুর্বিভ্বা বাজো দেবাঁ অগচ্ছত স্বপসো যজ্ঞিয়ং ভাগমৈতন ॥ ৬ ॥

—০ অথ পদপাঠঃ ০—

ইন্দ্রঃ। হরী ইতি। যুযুজে। অশ্বিনা। রথম্। বৃহস্পতিঃ। বিশ্বঽরূপাম্। উপ। আজত।

ঋভুঃ। বিঽভ্বা। বাজঃ। দেবান্। অগচ্ছত। সুঽঅপসঃ।

যজ্ঞিয়ম্। ভাগম্। ঐতন ॥ ৬ ॥

পূর্ব্বং স্বষ্টানাং ক্রমেণ বিনিয়োগমাহ। ইন্দ্রো হরী যুযুজে এতন্নামানাবশ্বৌ রথে যোজিতবান্ তথা অশ্বিনা অশ্বিনৌ রথং যোজিতবন্তৌ তথা বৃহস্পতিঃ বৃহতো মন্ত্রস্য পালয়িতা এতন্নামকো দেবো বিশ্বরূপাং নানারূপোপেতাং গাং উপাজত উপাগময়ৎ স্বীকৃত-

বান্ ইত্যর্থঃ। যদ্যপ্যত্র গৌরিতি বিশেষো ন শ্রুতঃ তথাপি পূর্ব্বং ধেন্বঃ কর্ত্তে ত্যুক্তত্বাৎ পরস্তাচ্চ যে ধেনুং বিশ্বজুবং বিশ্বরূপামিতি বক্ষ্যমাণত্বাচ্চ বিশ্বরূপা গৌরিত্যোবাধ্যবসীয়তে অতএব বিশ্বরূপা মিতি চ তস্যাশ্বপংক্তিমিতি কেচন ব্যাচক্ষ্যতে। তত্তদসৎ যুয়ং সং-পাদিতানি রথাদীনীন্দ্রাদয়ঃ স্বভাগত্বেনাকল্পয়ন্ তস্মাদৃভুবিভ্বাবাজশ্চ যূয়ং দেবানিন্দ্রা-দীনগচ্ছত। গত্বা চ হে স্বপসঃ শোভনাশ্ব রথাদিকর্ম্মবন্তো যূয়ং যজ্ঞিয়ং যজ্ঞার্হং যজ্ঞ-সংবন্ধিনং ভাগং সোমরূপং দেবত্বং প্রাপ্তৈঃ সেবনীয়ং ঐতন প্রাপ্নুত কর্ম্মসামর্থ্যেন হবির্ভুজো ভবতেত্যর্থঃ ইত্যেবমৃষিরাহ ॥ (১ম—১৬১সূ—৬ঋ) ॥

অথ সপ্তমী—

নিশ্চর্ম্মণো গামরিণীত ধীতিভির্যাজরন্তা যুবশাতা কৃণোতন।

সৌধন্বনা অশ্বাদশ্বমতক্ষত যুক্ত্বা রথমুপ দেবাঁ অযাতন ॥ ৭ ॥

—০ অথ পদপাঠঃ ০—

নিঃ। চর্ম্মণঃ। গাম্। অরিণীত। ধীতিঽভিঃ। যা। জরন্তা। যুবশা। তা। অকৃণোতন।

সৌধন্বনাঃ। অশ্বাৎ। অশ্বম্। অতক্ষত। যুক্ত্বা। রথম্। উপ। দেবান্। অযাতন। ৭ ॥

হে সৌধন্বনাঃ যূয়ং নিশ্চর্ম্মণা মৃতা যা গোঃ সকাশাদুৎকৃত্তাচ্চর্ম্মণঃ গাং নূতনাং নিররিণীত নিরগময়ত উৎপাদিতবন্তঃ। তেনৈব চর্ম্মণা সংবীতাং তৎসদৃশীমন্যাং ধেনুং কৃতবন্ত ইত্যর্থঃ। যদ্যপি পূর্ব্বমেবাশ্বাদীনাং বিনিয়োগ উক্তঃ। তথাপি তেষামত্যন্তদুঃখসংপাদত্বজ্ঞা-পনায় পুনরাহ—ন কেবলং গোকরণমেব অপিচ যা জরন্তা গৌ জীর্ণৌ পিতরৌ তা তৌ যুবশা যুবানৌ কৃণোতন অকুরুত। কিংচ অশ্বাদশ্বং একেন বিদ্যমানেনাশ্বেনাশ্বান্তরমতক্ষত প্রযত্নেন সংপাদিতবন্তঃ। যস্মাদেবং কৃতবন্তস্তস্মাদ্রথং যুষ্মদীয়ং যুক্ত্বাশ্বৈর্যো জয়িত্বা দেবানিন্দ্রাদীনুপায়াতন দেবসমীপং প্রাপ্নুতঃ ॥ (১ম—১৬১সূ—৭ঋ) ॥

অথাষ্টমী—

ইদমুদকং পিবতেত্যব্রবীতনেদং বাঘা পিবতা মুঞ্জনেজনম্।

সৌধন্বনা যদিতন্নৈব হর্য্যথ তৃতীয়ে ঘাসবনে মাদয়াধ্বৈ ॥ ৮ ॥

—০ অথ পদপাঠঃ ০—

ইদম্। উদকম্। পিবত। ইতি। অব্রবীতন। ইদম্। বা। ঘ। পিবত। মুঞ্জনেজনম্।

সৌধন্বনাঃ। যদি। তৎ। নইব। হর্যথ। তৃতীয়ে। ঘ। সবনে। মাদয়াধ্বৈ ॥ ৮ ।

ইদানীমৃষির্দ্দেবৈরুক্তমর্থং তান সংবোধ্য যূয়ং ঋভূ্নেবমুক্তবন্তঃ স্থেত্যনুবাচয়তি। হে সৌধন্বনাঃ সুধন্বনঃ পুত্রাঃ! যূয়ং ইদমুদকং সোমলক্ষণং পিবত ইত্যব্রবীতন ইত্যুক্তবন্তঃ। ব্রবীতেল ঙি মধ্যমবহুবচনস্য তস্য তনবাদেশে পিত্বাদক্রব ঈট্ ॥ এতৎ প্রাতঃসবনিকাভিপ্রায়ং বা অথবা ঘেত্যনর্থকঃ প্রসিদ্ধর্থো বা ইদং মুঞ্জনেজনং মুঞ্জবান্নামপর্ব্বতঃ সোমোৎপত্তিস্থানং তত আহৃতত্বাত্তেন মুঞ্জতৃণেন শোধিতং অপগততৃণমিত্যর্থঃ। ইদং সোমরসরূপমুদকং পিবতেত্যব্রবীতন এতন্মাধ্যন্দিনসবনাভিপ্রায়ং। হে ঋভবঃ! যূয়ং তৎ উভয়সবন-সংবন্ধি সোমপানকার্য্যং নেবহর্য্যথ নৈব কাময়থ ॥ হর্য্যতিঃ কান্তিকর্ম্মা তির্ষাতি উশিগিতি তৎকর্ম্মসু পাঠাৎ। তৃতীয়সবনেতু মাদয়াধ্বৈ অত্যর্থং তৃপ্তা ভবথ। ঋভবো দেবাঃ সোমস্য মৎসন্নিতি তৃতীয়সবনে তেষাং সোমপানসদ্ভাবাৎ এবং যূয়মৃভুমুক্তবন্তঃ অথবা ঋভূন্ প্রতি তস্যৈবেদং বাক্যং হে সৌধন্বনাঃ! যূয়ং দেবত্বং প্রাপ্য দেবযজনং প্রতি সোমপানায় রথেনাগত্য শ্রান্তানশ্বান্ প্রাতঃসবনে ইদমুদকং সোমলক্ষণং পিবতেত্যব্রবীতন তত্র যদিনেচ্ছথ ইদং বা মুঞ্জনেজনং মুঞ্জেন দূষিতং বাজিনং পিবতেত্যব্রবীতন পশ্চাত্তদ্বয়ং যদি নেবহর্য্যাথ হে অশ্বাঃ যূয়ং তৃতীয়সবনে মাদয়াধ্বৈ তত্রাপি বাজিন প্রচারাৎ ॥ (১ম—১৬১সূ—৮ঋ)॥

অথ নবমী—

আপো ভূয়িষ্ঠা ইত্যেকো অব্রবীদগ্নির্ভূয়িষ্ঠ ইত্যন্যো অব্রবীৎ।

বধর্য়ন্তীং বহুভ্যঃ প্রৈকো অব্রবীদৃতাবদন্তশ্চমসাং অপিংশত ॥ ৯ ॥

—০ অথ পদপাঠঃ ০—

আপঃ। ভূয়িষ্ঠাঃ। ইতি। একঃ। অব্রবীৎ। অগ্নিঃ। ভূয়িষ্ঠঃ। ইতি। অন্যঃ। অব্রবীৎ।

বধঃহযন্তীম্। বহুহভ্যঃ। প্র। একঃ। অব্রবীৎ। ঋতা। বদন্তঃ। চমসান্। অপিংশত ॥ ৯

চমস চতুর্ধাকরণকালে কিমিতি সত্যং মদন্তো ব্যভজন্নিতি তদাহ। একস্ত্রয়াণামন্যতম আপো ভূয়িষ্ঠা ইত্যব্রবীৎ। নদ্যুদকাৎ প্রশস্তং লোকোপকারকং তদ্বাস্তর। মন্যত আপো ভূয়িষ্ঠা ইত্যেবমবাদীৎ অপামেব শ্রেষ্ঠত্বমপ এব স মর্জ্জাদাবিত্যাদি শাস্ত্রাৎ। তথান্যোঽগ্নির্ভূয়ি

ইত্যব্রবীৎ। আন্তরং বাহ্যঞ্চ দাহপাকভুক্তজরণাদিব্যাপারেণাগ্নেরেব জগন্নির্ব্বাহকত্বাৎ অগ্নেরেব ভূয়িষ্ঠত্বমিত্যেব মন্যতে। তথা বধর্য়ন্তীং। বধরিতি রেফান্তোঽপি বজ্রনাম বধঃ অর্ক ইতি তন্নামসু পাঠাৎ। তদিচ্ছতি বৃষ্ট্যুদকায়েতি বধয়ন্তী মেঘপঙ্‌ক্তিরুচ্যতে। যদ্যপীয়ং স্ববধায় বজ্রং স্বয়মেব নাপেক্ষতে তথাপি বৃষ্ট্যর্থং বজ্রেণ হন্যমানত্বাৎ তদিচ্ছতীত্যুপচর্য্যতে। যদ্বা বহুভ্য-স্তেষামর্থায় বধর্য়ন্তীং বধমাত্মন ইচ্ছন্তীং ভূমিং॥ ছান্দসো রেফোপজনঃ॥ তামেবৈকঃ বহুভ্যঃ সংবাদিভ্যঃ শ্রেষ্ঠতমামব্রবীৎ উদকস্যাপি মেঘকারণত্বাৎ এবমৃতা ঋতানি উক্তরূপাণি যথার্থানি বাক্যানি বদন্তঃ পরস্পরং ব্রুবন্তঃ চমসান্ অপিংশত অবয়বিনোঽকুরুত চতুর্ধা ব্যভজতেত্যর্থঃ॥ পিশি অবয়বে। শেমুচাদীনামিতি নুম্॥ ইদমেব ঋতবদনং অপেক্ষ্য ঋভুশব্দং ব্যাচক্ষাণো যাস্কঃ—ঋভব উরু ভান্তীতি বর্ত্তেন ভান্তীতি বর্ত্তেন ভবন্তীত্যুক্তবান্ (নি০ ১১।১৫)॥ ৯॥

অথ দশমী—

শ্রোণামেক উদকং গামবাজতি মাংসমেকঃ পিংশতি সূনয়াভৃতম্।
আ নিম্রুচঃ শকৃদেকো অপাভরৎ কিং স্বিৎ পুত্রেভ্যঃ
পিতরা উপাবতুঃ॥ ১০॥

—০ অথ পদপাঠঃ ০—

শ্রোণাম্। একঃ। উদকম্। গাম্। অব। অজতি। মাংসম্। একঃ।
পিংশতি। সূনয়া। আঽভৃতম্।
আ। নিঽম্রুচঃ। শকৃৎ। একঃ। অপ। অভরৎ। কিম্। স্বিৎ।
পুত্রেভ্যঃ। পিতরৌ। উপ। আবতুঃ॥ ১০॥

অত্র ঋভব এব ঋত্বিগ্‌রূপেণ স্থিত্বা সর্ব্বত্র যজ্ঞং নির্ব্বহন্তীত্যাহ। শ্রোণাং শোণঃ॥ বাছন্দসীতি পররূপাভাবঃ॥ শোণ বর্ণমুদকং রুধিরং একঃ ঋভূনু মধ্যে ঋত্বিগ্‌ গামবাজতি বাহ্যভূমিং প্রতি গময়তি রক্ষোভাগত্বেন স্থাপয়তি। তথা একো মাংসং সূনয়া ছেদনসাধনেন স্বধিতিনা আভৃতং সংপাদিতং পিংশতি হৃদয়জিহ্বাবক্ষ আদ্যাকারেণ আহৃতং সংপাদিতং মাংসং পিংশতি অবয়বী করোতি স্বধিতিনা তত্তদবয়বান্বিভজতীত্যর্থঃ অথৈকো নিম্রুচঃ নিঃশেষেণ ছিন্নান্ মাংসাৎ শকৃৎ কুক্ষিস্থং জরত্তৃণং উবধ্যনামকং অপাভরৎ অপাহরৎ

পিয়ন্যানায় এবং ঋত্বিগ্রূপেণ স্থিতেভ্যঃ পুত্রেভ্যঃ পুরুভ্রাতৃভ্যঃ পুত্রস্থানীয়েভ্যঃ ঋভুভ্যঃ সর্ব্বেষ্বনুষ্ঠিতেষু পিতরা যজ্ঞস্য পালয়িতারৌ জায়াপতী কিং স্বিদূপাবতুঃ কিং নু খলু প্রাপ্নুতঃ॥ অবতেঃ প্রাপ্ত্যর্থাচ্ছান্দসো লিট্॥ সর্ব্বং তৈরেবানুষ্ঠিতমিতি তয়োর্ন কিঞ্চিৎকৃত্যমস্তীত্যর্থঃ। অথবায়মর্থঃ। একস্তেষামন্যতমঃ শ্রোণাং পঙ্গুকাং গাং উদকং প্রত্যবগময়তি অপরঃ সূনয়া মাংসবিক্রয়িণ্যাভৃতং সংপাদিতং মাংসং পিংশতি পিত্রোরর্থে অপর আনিম্রুচঃ অস্তময়াদর্ব্বাগেব শকৃদ্গোপুরীষং হবতি এবমৃভুভিরনুষ্ঠিতে সতি কিং স্বিৎ এতস্মাৎ পরিচরণাদন্যৎ পুত্রেভ্যঃ পিতরৌ উপাবতুঃ উপগচ্ছেতামিতি॥ (১ম—১৬১সূ—১০ঋ)॥

ইতি দ্বিতীয়স্য তৃতীয়ে পঞ্চমো বর্গঃ॥ ৫॥

অথৈকাদশী—

উদ্বৎস্বস্মা অকৃণোতনা তৃণং নিবৎস্বপঃ স্বপস্যয়া নরঃ।

অগোহ্যস্য যদসস্তনা গৃহে তদদ্যেদমৃভবো নানুগচ্ছথ॥ ১১॥

—॰ অথ পদপাঠঃ ॰—

উদ্বৎসু। অস্মৈ। অকৃণোতন। তৃণম্। নিবৎসু। অপঃ। সুঽঅপস্যয়া। নরঃ।

অগোহ্যস্য। যৎ। অসস্তন। গৃহে। তৎ। অদ্য। ইদম্। ঋভবঃ। ন। অনু। গচ্ছথ॥ ১১॥

পুরাণপ্রসিদ্ধান সুধন্বনঃ পুত্রান্ কর্ম্মণা দেবত্বং প্রাপ্তাতো ঋভূন স্তুত্বা বেদপ্রসিদ্ধা সূর্য্যরশ্মিরূপান্ ঋভূনিদানীং স্তৌতি। তথা চ যাস্কো নিরুক্তে পুরাণপ্রক্রিয়াসিদ্ধান্ ঋভূন্ বহুধা নিরুচ্য তদুহারণত্বেন বিষ্টীশমীতো ত্রামুদাহৃত্যাদিত্যরশ্ময়োঽপ্যভব উচ্যন্তে। ইত্যুক্ত্বা তস্মিন অর্থে এতামৃচমুদাজহার (নি০ ১১·১৬)। হে ঋভবঃ! উরু প্রভূতং ভাসমানাঃ ঋতেনাদিত্যেন ভাসমানা বা ঋতেনোদকেন উদকার্থমুৎপন্না বা রশ্মীনামুরুভাসমানত্বং প্রসিদ্ধম্। তথা আদিত্যাদুৎপত্তিরপি উদকার্থং ভবনমপি রশ্মীনাং ঘর্ম্মকালে ভূমিগতং সারমাদায় পুনর্ব্বর্ষকালে প্রবর্ষন্তীতি প্রসিদ্ধম্। আদিত্যাজ্জায়তে বৃষ্টিরিতি শাস্ত্রাৎ। তথাবিধা নরঃ প্রকাশবৃষ্ট্যুদকাদের্নেতারো যূয়ং উদ্বৎসু উন্নতেষু প্রদেশেষু মেঘাদিষু তৃণং ব্রীহিযবাদিরূপং অস্মৈ প্রাণিজাতায় উপকারার্থং অকৃণোতন কৃতবন্তঃ স্থ॥ উপসর্গাচ্ছন্দসি ধাত্বর্থে ইতি বতিঃ॥ তথা নিবৎসু প্রবণদেশেষু অস্মা এব অপ উদকান্য কৃণোতন অকুর্ব্বত কিং স্বভোগার্থং নেত্যাহ স্বপস্যয়া শোভনকর্ম্মেচ্ছয়া শোভনং কর্ম্মভিঃ কৃতম্রিতি যজমানাঃ স্তুবন্তি তদিচ্ছয়েত্যর্থঃ। কিংচ যূয়ং অগোহ্যস্যাগ্রাহ্যস্যাদিত্যস্য গৃহে মণ্ডলে যৎ যাবৎকালং অসস্তন সুপ্তবন্তঃ স্থ রাত্রৌ নির্ব্ব্যাপারাস্তিষ্ঠথ॥ ষস স্বপ্নে। অস্মাল্লঙিপূর্ব্ববত্তস্য তনবাদেশঃ। অদাদিত্বাচ্ছপো লুক॥ তস্মাদন্তং কালং অদ্যাহনি ইদং ইদানীং নানুগচ্ছথ অনুসৃত্য ন গচ্ছথ। যাবন্তং কালং রাত্রৌ সূর্য্যে নিগূঢ়া বর্ত্তধ্বে তাবন্তমেব

কালমহস্যপি নানুগচ্ছথেত্যর্থঃ। যদ্বা অগোপনীয়স্য তস্য গৃহে অন্তরিক্ষে যৎ যাবন্তং কালং অসস্তন বৃষ্টিমদত্বা স্বাপমকুরুত তত্তাবন্তং কালং অদ্যেদানীং বর্ষসময়ে ইদং সস্যাভিবর্দ্ধনবৃষ্টিপ্রবাহরূপং কর্ম্মণানুগচ্ছথ অনুসৃত্য ন প্রাপ্নুথ। যাবন্তং কালং বিবর্ষণ তাবন্তমেব কালং প্রবর্ষথেত্যর্থঃ॥ (১ম—১৬১সূ—১১ঋ)॥

অথ দ্বাদশী—

সংমীল্য যদ্ভুবনা পর্য্যসর্পত ক স্বিত্তাত্যা পিতরাব আসতুঃ।

অশপতযঃ করস্নং ব আদদেয়ঃ প্রাব্রবীৎ প্রোতস্মা অব্রবীতন॥ ১২॥

—০ অথ পদপাঠঃ ০—

সম্ৎমীল্য। যৎ। ভুবনা। পরিঽঅসর্পত। ক। স্বিৎ। তাত্যা। পিতরা। বঃ। আসতুঃ।

অশপত। যঃ। করস্নম্। বঃ। আঽদদে। যঃ। প্র। অব্রবীৎ।

প্রো ইতি। তস্মৈ। অব্রবীতন॥ ১২॥

হে ঋভবো রশ্ময়ো! যূয়ং যৎ যদা ভুবনা ভূতজাতানি সংমীল্য সংমীলনং কৃত্বা জলধরপটলৈরাচ্ছাদ্য পর্য্যসর্পত পরিতঃ সর্পণং কুরুথ বর্ষথেত্যর্থঃ তদা তা ত্যা তা তৌ তায়মানে বৃষ্ট্যুদকে যদ্বা তাত্যা তাসু বর্ষাসু॥ ছান্দসত্বাৎপ্রত্যয়োদকারস্যাত্বং চ অথবা পিত্রোর্বিশেষণং॥ তা ত্যা তৎকালীনৌ পিতরা পিতরৌ জগতঃ পালকৌ সূর্য্যাচন্দ্রমসৌ ক স্বিদাসতুঃ কুত্র খলু তিষ্ঠতঃ॥ অস্তেলিটি ব্যত্যয়েন ভুভাবাভাবঃ যদ্বা অসতের্গত্যর্থস্য লিটৌতদ্রূপং॥ অহোরাত্রবিভাগেন প্রবর্ষথেত্যর্থঃ। কিংচ ঈদৃশাদ্যো যুষ্মাকঃ কোঽপি। বৃষ্টিপ্রতিবন্ধকারী রাক্ষসাদিঃ করস্নং। বাহুনামৈতৎ। করস্নৌ বাহু ইত্যুক্তত্বাৎ অত্রৈকবচনান্তং যুষ্মদীয়ং হস্তং আদদে গৃহ্নাতি প্রতিরোধং করোতি তমশপত নাশয়থ। যশ্চ প্রাব্রবীৎ প্রকর্ষেণ বাচা নিরুদ্ধে তস্মৈ প্রো প্রৈবাব্রবীতন প্রকর্ষেণ ভৎসনাদিশব্দং কুরুথ যদ্বা যো নূনং স্তৌতি তং প্রকর্ষেণ স্তুতেত্যর্থঃ॥ (১ম—১৬১সূ—১২ঋ)॥

অথ ত্রয়োদশী—

সুষুপ্বাংস ঋভবস্তদপৃচ্ছতাগোহ্য ক ইদং নো অবুবুধৎ।

শ্বানং বস্তো বোধয়িতারমব্রবীৎ সংবৎসর ইদমদ্যাব্যখ্যত॥ ১৩॥

—• অথ পদপাঠঃ •—

সুসুপ্বাংসঃ। ঋভবঃ। তৎ। অপৃচ্ছত। অগোহ্য। কঃ। ইদম্। নঃ। অবুবুধৎ।

শ্বানম্। বস্তঃ। বোধয়িতারম্। অব্রবীৎ। সংবৎসরে। ইদম্। অদ্য। বি। অখ্যত ॥ ১৩॥

হে ঋভবঃ রশ্ম্যাত্মকা! যূয়ং সুষুপ্বাংসঃ আদিত্যমণ্ডলে স্বপন্তো বর্ষণায় ॥ স্বপের্লিটঃ কসুঃ ॥ তৎ তমাদিত্যং তদ্বাক্যমপৃচ্ছত প্রশ্নং কুরুথ। কিং তদিতি চেদুচ্যতে—হে গোহ্য কেনচিদ গোপনীয়াদিত্য স্বামিন্ নোঽস্মদীয়মিদং কর্ম্ম বর্ষণরূপং কঃ অবুবুধৎ বোধয়তি প্রেরয়তি সাহায্যং করোতি ॥ বুধের্ণ্যন্তাল্লুঙি চঙি রূপং ॥ বস্তঃ সর্ব্বস্য বাসয়িতা আদিত্যঃ॥ বসেরৌণাদিকস্তপ্রত্যয়ঃ। ববয়োরভেদাৎ বস্তং ॥ বোধয়িতারং প্রেরয়িতারং শ্বানমব্রবীৎ অন্তরিক্ষে শ্বসন্তং বায়ুং প্রাবাদীৎ। অসৌ যুষ্মান্ প্রেরয়তীতি অথবা বায়ুসাহায্যেন বর্ষন্তো যূয়ং সংবৎসরে পূর্ণে অদ্যেদানীং ইদং জগৎ ব্যখ্যত বিবিধং প্রকাশিতবন্তঃ। পূর্ব্বং সূর্য্যচন্দ্রমসৌ যথা ন দৃশ্যতে তথা বর্ষিত্বেদানীং বর্ষকালেতীতে বিশ্বং জগদ্ব্যক্তং কুরুথেত্যর্থঃ ॥ খ্যাতের্লুঙ্যস্যতি বক্তিখ্যাতীত্যঙ্ ॥ (১ম—১৬১সূ—১৩ঋ) ॥

• • •

অথ চতুর্দ্দশী—

দিবা যান্তি মরুতো ভূম্যাগ্নিরয়ং বাতো অন্তরিক্ষেণ যাতি।

অদ্ভির্যাতি বরুণঃ সমুদ্রৈর্যুষ্মাঁ ইচ্ছন্তঃ শবসো নপাতঃ ॥ ১৪ ॥

—• অথ পদপাঠঃ •—

দিবা। যান্তি। মরুতঃ। ভূম্যা। অগ্নিঃ। অয়ম্। বাতঃ। অন্তরিক্ষেণ। যাতি।

অৎহভিঃ। যাতি। বরুণঃ। সমুদ্রৈঃ। যুষ্মান্। ইচ্ছন্তঃ। শবসঃ। নপাতঃ ॥ ১৪ ॥

হে শবসো বৃষ্টিকার্য্যস্য বলস্য ন পাতো ন পাতয়িতারঃ ঋভবঃ যুষ্মান্ ইচ্ছন্তঃ বৃষ্ট্যানুকুলচিকীর্ষয়া যুষ্মানেবেচ্ছন্তঃ সর্ব্বে দেবাঃ আয়ান্তি। কস্মাদিতি তদুচ্যতে—মরুতঃ বৃষ্ট্যানুকুলাদেবাঃ দিবা দ্যুলোকাদন্তরিক্ষাৎ যান্তি আগচ্ছন্তি ॥ সাবেকা চ ইতি তৃতীয়া বিভক্তেরুদাত্তত্বং ॥ ভূম্যাঃ ভূমেঃ সকাশাদগ্নির্যাতি আগচ্ছতি অয়ংবাতঃ সর্ব্বদাসঞ্চারী বায়ুঃ অন্তরিক্ষেণ যাতি অন্তরিক্ষাদায়াতি। তথা বরুণঃ আবরকো জলাভিমানীদেবঃ সমুদ্রৈঃ সমুন্দনস্বভাবৈরদ্ভিঃ তাভ্য আয়াতি। যদ্বা পূর্ব্বং বৃষ্টিসাহায্যায়াগতাঃ এতে দেবাঃ কৃতকার্য্যাঃ সন্তঃ পুনর্যুষ্মান্ কাময়মানাঃ স্ব স্ব দেশং প্রতি যান্তীত্যর্থঃ ॥ (১ম—১৬১সূ—১৪ঋ) ॥

ইতি দ্বিতীয়স্য তৃতীয়ে ষষ্ঠো বর্গঃ ॥ ৬ ॥

• • •

দ্বিষষ্টিতমাধিক-শততমং সূক্তং।

—§ঃ০◯০ঃ§—

মানোমিত্র ইতি দ্বাবিংশত্যৃচং পঞ্চমং সূক্তং দৈর্ঘতমসং। তৃতীয়াষষ্ঠ্যৌ জগত্যৌ। শিষ্টাস্ত্রিষ্টুভঃ। অশ্বস্য স্তূয়মানত্বাত্তেনোচ্যতে। সা দেবতেতি ন্যায়েনাশ্বোদেবতা। অত্রানুক্রমণিকা—মানোদ্বাধিকাশ্বস্তুতিস্ত তৃতীয়াষষ্ঠ্যৌ জগত্যাবিতি। অশ্বমেধস্য মধ্যমেতনস্থ্রিগু প্রৈষে অধ্রিগো শমীধ্বমিতি শিষ্টা ষড়্বিংশতিরস্যবংক্রয় ইতি। অস্মাৎ পুরস্তাদ্বৈতৎ সূক্তমাবপেৎ। ত্রীণি সূক্তানি ভবন্তীতিখণ্ডে সূত্রিতম্—অধ্রিগো শমীধ্বমিতি। শিষ্টা ষড়বিংশতিরস্য বংক্রয় ইতি বা মানোমিত্র ইত্যাবপেতেতি ॥ (১ম—১৬২সূ) ॥

• • •

তত্র প্রথমা—

মা নো মিত্রো বরুণো অর্য্যমায়ুরিন্দ্র ঋভুক্ষা মরুতঃ পরিখ্যন্।
যদ্বাজিনো দেবজাতস্য সপ্তেঃ প্রবক্ষ্যামো বিদথে বীর্য্যাণি ॥ ১ ॥

—০ অথ পদপাঠঃ ০—

মা। নঃ। মিত্রঃ। বরুণঃ। অর্যমা। আয়ুঃ। ইন্দ্রঃ। ঋভুক্ষাঃ। মরুতঃ। পরি। খ্যন্।
যৎ। বাজিনঃ। দেবঽজাতস্য। সপ্তেঃ। প্রঽবক্ষ্যামঃ। বিদথে। বীর্যাণি ॥ ১ ॥

নোঽস্মান্ শ্বং স্তোতুং প্রবৃত্তান্মিত্রাদয়ো দেবাঃ মা পরিখ্যন্ পরিখ্যানং মা কুর্ব্বন্তু পরিখ্যানং নাম নিন্দা মহানুভাবং দেবজাতমশ্বং তুচ্ছা নরাঃ স্তুবন্তীতি মা কুর্ব্বন্তু ॥ খ্যাতের্ম্মাঙি লুঙি। অস্যতিবক্তীত্যাদিনা চ্লেরঙ্ ॥ অহরভিমানী দেবো মিত্রঃ রাত্র্যভিমানী বরুণঃ অর্যমা তয়োরন্তরালাভিমানী আদিত্যঃ আয়ুঃ সততগন্তা বায়ুঃ ॥ বকারলোপো বা ॥ ইন্দ্রঃ প্রসিদ্ধঃ ঋভুক্ষাঃ দেবানাং নিবাসভূতঃ প্রজাপতিঃ যদ্বৈতন্মহন্নামেন্দ্রবিশেষণং ঋভুক্ষা উক্ষা ইতি তন্নামসু পাঠাৎ মরুতঃ ইন্দ্রভ্রাতরঃ নিন্দায়াঃ প্রসক্তিং দর্শয়তি যদ্যস্মাৎ বাজিনো বেজনবতো বহ্বন্নবতো:বা দেবজাতস্য বহুদেবতাস্বরূপেণোৎপন্নস্য উষাদীনামস্য শির আদ্যবয়বত্বাদিতি ভাবঃ উষা বা অশ্বস্য মেধ্যস্য শির ইত্যাদি শ্রুতেঃ। যদ্বা দেবেভ্যো জাতস্য গন্ধর্ব্বকুলে উৎপন্নত্বাৎ। সপ্তেঃ সর্পণশীলস্য অশ্বনামৈতৎ এবংবিধস্যাশ্বস্য মহানুভাবস্য বীর্য্যাণি বীরকর্ম্মাণি সামর্থ্যানি বিদথে বেদনসাধনে যজ্ঞে প্রবক্ষ্যামঃ প্রকর্ষেণ ব্রূমঃ। অতো মা পরিখ্যন্ প্রত্যুতানুগৃহ্নন্ত্বিত্যর্থঃ ॥ (১ম—১৬২সূ—১ঋ) ॥

• • •

অথ দ্বিতীয়া—

যন্নির্ণিজা রেক্ণসা প্রাবৃত স্যরাতিং গৃভীতাং মুখতো নয়ন্তি।

সুপ্রাঙজো মেম্যদ্বিশ্বরূপ ইন্দ্রাপূষ্ণোঃ প্রিয়মপ্যেতি পাথঃ॥ ২॥

—০ অথ পদপাঠঃ ০—

যৎ। নিঃহনিজা। রেক্ণসা। প্রাবৃতস্য। রাতিম্। গৃভীতাম্। মুখতঃ। নয়ন্তি।

সুহপ্রাঙ্। অজঃ। মেম্যৎ। বিশ্বহরূপঃ। ইন্দ্রাপূষ্ণোঃ। প্রিয়ম্। অপি। এতি। পাথঃ॥ ২॥

যৎ যস্মাৎ নির্ন্নিজা। নির্ন্নিগিতি রূপনাম। নির্ন্নিক্ বব্রিরিতি রূপনামসু পাঠাৎ। রেক্ণসা রেক্ণ ইতি ধননাম। রেক্ণঃ রিক্থমিতি তন্নামসূক্তত্বাৎ। উভয়ত্র মত্বর্থো লুপ্যতে। রূপবতা হিরণ্যবতা আভরণেন প্রাবৃতস্য সর্ব্বতো বেষ্টিতস্যাশ্বস্য মুখতঃ পুরস্তাদ্ গৃভীতাং গৃহীতাং রাতিং দাতব্যাং দাতব্যত্বেন গৃহীতামজাং নয়ন্তি ঋত্বিজঃ। স তাদৃশোজঃ সুপ্রাঙ্ সুষ্ঠু প্রশস্যগমনঃ মেম্যৎ হন্যমানঃ॥ মীঞ্ হিংসায়াং। অস্মাদ্যঙ্লুগন্তাৎ কর্ম্মণি ব্যত্যয়েন শতৃ॥ যদ্বা তস্য শব্দানুকরণং মেমেশব্দং কুর্ব্বন্ বিশ্বরূপঃ বহুবর্ণোপেতঃ কৃষ্ণগ্রীবঃ কৃষ্ণললাট ইত্যেবমনেকবর্ণ ইত্যর্থঃ এবং রূপো যঃ ইন্দ্রা পূষ্ণোঃ ইন্দ্রঃ প্রসিদ্ধঃ পুষা পোষকো দেবোঽগ্নিঃ তয়োঃ প্রিয়ং আগ্নেয়ঃ কৃষ্ণগ্রীব ইত্যুক্তত্বাৎ অগ্নেঃ প্রিয়ত্বং সর্ব্বেপীন্দ্রস্যেতীন্দ্রপ্রিয়ত্বং এবং রূপং পাথোন্নমপ্যেতি প্রাপ্নোতু॥ (১ম—১৬২সূ—২ঋ)॥

অথ তৃতীয়া—

এষচ্ছাগঃ পুরো অশ্বেন বাজিনা পূষ্ণো ভাগো নীয়তে বিশ্বদেব্যঃ।

অভিপ্রিয়ং যৎ পুরোলাশমর্বতা ত্বষ্টেদেনং সৌশ্রবসায় জিন্বতি॥ ৩॥

—০ অথ পদপাঠঃ ০—

এষঃ। ছাগঃ। পুরঃ। অশ্বেন। বাজিনা। পুষ্ণঃ। ভাগঃ। নীয়তে। বিশ্বদেব্যঃ।

অভিহপ্রিয়ম্। যৎ। পুরোলাশম্। অর্বতা। ত্বষ্টা। ইৎ। এনম্। সৌশ্রবসায়। জিন্বতি॥ ৩॥

এষঃ ছাগঃ শৃঙ্গরহিতোঽজঃ অশ্বেন বাজিনা শীঘ্রব্যাপকেনাশ্বেন সহ পূষ্ণঃ পোষক-স্যাগ্নের্ভাগো ভজনীয়ঃ বিশ্বদেব্যঃ সর্ব্বদেবার্হঃ অগ্নেঃ সর্ব্বদেবাত্মকত্বাৎ তদর্হত্বেন সর্ব্বদেব-প্রিয়ত্বং এবংবিধোঽজঃ পুরঃ পুরস্তান্নীয়তে প্রাপ্যতে। যৎ যস্মাদেবং ক্রিয়তে তস্মাৎ প্রিয়ং প্রীণয়িতারং পুরোডাশং পুরস্তাদ্দাতব্যমেনমজং ত্বষ্টা সর্ব্বস্যোৎপাদকো দেবঃ ত্বষ্টারূপাণি বিকরোতীতি শ্রুতেঃ (তৈ০ সং ১।৫।৯)। ত্বর্ণব্যাপকোঽগ্নির্ব্বা উভে ত্বষ্টুর্ব্বিভ্যতুরিত্যুক্তত্বাৎ অহোরাত্রে ইতি বারণী ইতি বেতি যাস্কেনারণীবিভ্যতুরিত্যুক্তত্বাৎ (নি০ ৮।১৫) অরণি সম্বন্ধোঽগ্নেরেবেতি গম্যতে। অর্ব্বতা অরণবতাশ্বেন সহসৌ শ্রবণায় দেবানাং শোভনান্নায় তন্নিমিত্তং অভিজিন্বতি প্রীতিহেতুকং করোতি॥ (১ম—১৬২সূ—৩ঋ)॥

* * *

অথ চতুর্থী—

যদ্ধবিষ্যমৃতুশো দেবযানং ত্রির্মানুষাঃ পর্যশ্বং নয়ন্তি।

অত্রা পূষ্ণঃ প্রথমো ভাগ এতি যজ্ঞং দেবেভ্যঃ প্রতিবেদয়ন্নজঃ॥ ৪॥

—০ অথ পদপাঠঃ ০—

যৎ। হবিষ্যম্। ঋতুঽশঃ। দেবঽযানম্। ত্রিঃ। মানুষাঃ। পরি। অশ্বম্। নয়ন্তি।

অত্র। পূষ্ণঃ। প্রথমঃ। ভাগঃ। এতি। যজ্ঞম্। দেবেভ্যঃ। প্রতিঽবেদয়ন্। অজঃ॥ ৪॥

হবিষ্যং হবির্যোগ্যং দেবযানং দেবানাং প্রাপণীয়মশ্বং যৎ যদা মানুষাঃ ঋত্বিজঃ ঋতুশঃ ঋতাবৃতৌ কালেকালে ত্রিঃ পরিণয়ন্তি পর্য্যগ্নি কুর্ব্বন্তীত্যর্থঃ অত্রাস্মিন্ সময়ে॥ ঋচি তুনুঘেতি দীর্ঘঃ॥ পূষ্ণঃ পোষকস্যাগ্নের্ভাগোঽজঃ প্রথমঃ এতি পুরোগামী সন্ গচ্ছতি। কিং কুর্ব্বন্? যজ্ঞং দেবেভ্যঃ প্রতিবেদয়ন্ প্রখ্যাপয়ন্॥ (১ম—১৬২সূ—৪ঋ)॥

* * *

অথ পঞ্চমী—

হোতাধ্বর্যুরাবয়া অগ্নিমিন্ধো গ্রাবগ্রাভ উতশংস্তা সুবিপ্রঃ।

তেন যজ্ঞেন স্বরং কৃতেন স্বিষ্টেন বক্ষণাঃ আপৃণধ্বম্॥ ৫॥

—০ অথ পদপাঠঃ ০—

হোতা। অধ্বর্যুঃ। আঽবয়াঃ। অগ্নিম্ঽইন্ধঃ। গ্রাবঽগ্রাভঃ। উত। শংস্তা। সুঽবিপ্র।

তেন। যজ্ঞেন। সুঽঅরংকৃতেন। সুঽইষ্টেন। বক্ষণাঃ। আ। পৃণধ্বম্ ॥ ৫ ॥

হোতা দেবানামহ্বাতা এতন্নামক ঋত্বিক্ অধ্বর্যুরধ্বর্যুঃ অধ্বরস্য নেতা সোঽপি আবয়াঃ অভিমুখ্যেন হবিষাং গময়িতা। অধ্বর্যোর্বিশেষণমেতৎ ॥ আঙ্পূর্ব্বাৎ বেতেরসুন পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং চ ॥ যদ্বা আভিমুখ্যেনাবয়ষ্টা প্রতিপ্রস্থাতোচ্যতে ॥ অবেযজ ইতি ণ্বিন্। অবাপ্যোরুপসর্গয়োরিত্যল্লোপঃ। অগ্নিমিন্ধোগ্নীৎ ভাষ্ট্রাগ্ন্যোরিন্ধে ইতি মুম্। গ্রাবগ্রাভঃ গ্রাবণং স্তুত্যাগৃহ্নাতীতিগ্রাবস্তুৎ কর্ম্মণাণ্ ॥ উত অপিচ শংস্তা প্রশাস্তা সুবিপ্র ইতি মেধাবিনাম শোভন মেধোপেতো ব্রহ্মোচ্যতে ব্রহ্মাত্বো বদতি (ঋ০ সং ৮।২।২৪) জাতবিদ্যামিত্যত্র ব্রহ্মৈকো জাতে জাতে বিদ্যাং বদতি ব্রহ্মা সর্ব্ববিদ্যঃ সর্ব্বং বেদিতুমর্হতীত্যুক্তত্বাৎ (নি০ ১।৭) ব্রহ্মৈব সুবিপ্রশব্দেনাভিধেয়ঃ স চানুক্তঋত্বিগুপলক্ষকঃ এতে সর্ব্বে যূয়ং তেন প্রসিদ্ধেন স্বরংকৃতেন সুষ্ঠু অপনীয়ং কৃতেন স্বলংকৃতেন বা উচ্চার সৌষ্ঠবাদিনা সুষ্ঠু সংপাদিতেন স্বিষ্টেন সুষ্ঠু ইষ্টেন যজ্ঞেন বক্ষণাঃ অভিতো ঘৃতকুল্যাদীন্ প্রবহণস্বভাবাঃ প্রসিদ্ধা নদীর্ব্বা অপৃণধ্বং সর্ব্বতঃ পূরয়তঃ যজ্ঞং সম্যক্ নিবর্ত্ত্য ফলং সাধয়তেত্যর্থঃ ॥ (১ম—১৬২সূ—৫ঋ) ॥

ইতি দ্বিতীয়স্য তৃতীয়ে সপ্তমো বর্গঃ ॥ ৭ ॥

• • •

অথ ষষ্ঠী—

যূপব্রস্কা উতয়ে যূপবাহাশ্চষালং যে অশ্বযূপায় তক্ষতি।

যে চার্ব্বতে পচনং সংভরন্ত্যুতো তেষামভিগূর্ত্তির্ন ইন্বতু ॥ ৬ ॥

—০ অথ পদপাঠঃ ০—

যূপঽব্রস্কাঃ। উত। যে। যূপঽবাহাঃ। চষালম্। যে। অশ্বঽযূপায়। তক্ষতি।

যে। চ। অর্বতে। পচনম্। সম্ঽভরন্তি। উতো ইতি। তেষাম্।

অভিঽগূর্ত্তিঃ। নঃ। ইন্বতু ॥ ৬ ॥

যূপব্রস্কাঃ যূপার্হ বৃক্ষস্য ব্রশ্চনকর্ত্তারঃ ছেত্তারঃ উত যে চ যূপবাহাঃ ছিন্নস্য বোঢ়ারঃ যে চ চষালং যূপস্যোপরিস্থাপ্যং। যূপাগ্রভাগং চষালমাহুঃ অশ্বযূপায় অশ্ববন্ধনযূপায় তক্ষতীতি বচনব্যত্যয়ঃ তক্ষণেন তনু কুর্ব্বন্তি যে চার্ব্বতে অরণবতেঽশ্বায় পচনং পাকসাধনং কাষ্ঠভাণ্ডাদিকং সংভরন্তি সাধু সংপাদয়ন্তি; উতো অপিচ নোঽস্মৎসম্বন্ধিনাং তেষামৃত্বিজামভিগূর্ত্তিঃ সঙ্কল্পঃ সর্ব্বথাকরণীয়মিতি বুদ্ধিরিন্বতু ব্যাপ্নোতু। ইন্বতির্ব্ব্যাপ্তিবচনঃ। ইন্বতি ননক্ষ ইতি তদ্বচনেষু পাঠাৎ। যদ্বা তেষামভিগূর্ত্তির্নোঽস্মানিন্বতু যাগং সাধুপারং প্রাপয্য ফলেন যোজয়ত্বিত্যর্থঃ॥ (১ম—১৬২সূ—৬ঋ)॥

• • •

অথ সপ্তমী—

উপ প্রাগাৎ সুমন্মেঽধায়ি মন্ম দেবানামাশা উপবীতপৃষ্ঠঃ।

অন্বেনং বিপ্রা ঋষয়ো মদন্তি দেবানাং পুষ্টে চকৃমা সুবন্ধুম্॥ ৭॥

—০ অথ পদপাঠঃ ০—

উপ। প্র। অগাৎ। সুঽমৎ। মে। অধায়ি। মন্ম। দেবানাম্। আশাঃ। উপ। বীতঽপৃষ্ঠঃ।

অনু। এনম্। বিপ্রাঃ। ঋষয়ঃ। মদন্তি। দেবানাম্। পুষ্টে। চকৃম। সুঽবন্ধুম্॥ ৭॥

মন্ম মননীয়ং ফলং সুমৎ উপপ্রাগাৎ উপপ্রৈতু সুমৎ স্বয়মিত্যর্থ ইতি যাস্কঃ (নি০ ৬।২২)। যদ্বা স্বয়মেব মাদয়িতৃতমে ময়ি অধায়ি ধীয়তে ফলভূতোঽশ্ব আগতঃ স চ ময়া ধৃত ইত্যর্থঃ। কিমর্থং? বীতপৃষ্ঠঃ সাধুপোষণেন প্রাপ্তপার্শ্বভাগঃ কান্তপৃষ্ঠো বা অত্যন্তং দৃপ্ত ইত্যর্থঃ। আদৃশোঽয়ং দেবানামাশাঃ পুরয়িতুং উপগচ্ছতু যাগার্থমাগতমেনং সুবন্ধুং শোভনবংধনমশ্বং দেবানামাশাস্যমানানাং পুষ্টে পোষণায় চকৃম কুর্ম্মঃ তং চ বিপ্রা মেধাবিন ঋত্বিজঃ ঋষয়োঽতীন্দ্রিয়দ্রষ্টারঃ অন্যে বা বিপ্রা ঋষয়শ্চানুমদন্তি অনুমোদন্তাং সম্যক্ কৃতমিতি পরিতুষ্যন্তু॥ ৭॥

• • •

অথাষ্টমী—

যদ্বাজিনো দাম সংদানমর্বতো যা শীর্ষণ্যা রশনা রজ্জুরস্য।

যদ্বাঘাস্য প্রভৃতমাস্যে তৃণং সর্ব্বাতাতে অপি দেবেষ্বস্ত॥ ৮॥

—• অথ পদপাঠঃ •—

যৎ। বাজিনঃ। দাম। সম্ৎদানম্। অর্ব্বতঃ। যা। শীর্ষণ্যা। রশনা। রজ্জুঃ। অস্য।

যৎ। বা। ঘ। অস্য। প্রৎভৃতম্। আস্যে। তৃণম্। সর্ব্বা। তা।

তে। অপি। দেবেষু। অস্তু॥ ৮॥

বাজিনো বেগবতঃ অর্ব্বতঃ অরণবতঃ গমনবতোশ্চস্য যদ্দামগ্রীবাবদ্ধা রজ্জুঃ যচ্চ সংদানং সম্যগবচ্ছেদকং বংধকং পাদবংধনং দামাস্তি যাচাস্য শীর্ষণ্যা শিরসি বদ্ধা রশনামেখলা ইব খলীন রজ্জুরস্তি॥ শিরঃশব্দাদ্ভবে ছন্দসীতি যৎ। যে চ তদ্ধিতে ইতি শীর্ষনভাবঃ। তিৎস্বরিতঃ॥ যদ্বা ঘাস্যাশ্চস্যাস্যে মুখে প্রভৃতং প্রহৃতং প্রক্ষিপ্তং তৃণমস্তি ঘশব্দোঽহার্থে স চ প্রসিদ্ধ্যর্থঃ সর্ব্বা সর্ব্বাণি তা তানি সর্ব্বাণ্যপি হে অশ্ব তে তব সম্বন্ধীনি দেবেষস্ত সন্তু দেবেষু মধ্যে ভবন্তু দেবত্বং প্রাপ্নুবন্তু বা। বচনব্যত্যয়ঃ। অত্রোপযুক্তানাং সর্ব্বেষাং দেবত্বং কিল অশ্বস্য তৎপ্রাপ্তির্নাশাসনীয়া॥ (১ম—১৬২সূ—৮ঋ)॥

অথ নবমী—

যদশ্বস্য ক্রবিষো মক্ষিকাশ যদ্বা স্বরৌ স্বধিতৌ রিপ্তমস্তি।
যদ্ধস্তয়োঃ শমিতুর্যন্নখেষু সর্ব্বাতাতে অপি দেবেষস্তু॥ ৯॥

—০ অথ পদপাঠঃ ০—

যৎ। অশ্বস্য। ক্রবিষঃ। মক্ষিকা। আশ। যৎ। বা। স্বরৌ। স্বৎধিতৌ। রিপ্তম্। অস্তি।

যৎ। হস্তয়োঃ। শমিতুঃ। যৎ। নখেষু। সর্ব্বা। তা। তে। অপি। দেবেষু। অস্তু॥ ৯॥

অশ্বস্য তদবয়বভূতস্য ক্রবিষঃ আমমাংসস্য যৎ যদঙ্গং মক্ষিকা আশা ভক্ষয়ৎ। অশ ভোজনে যদ্বা কর্ম্মণি ষষ্ঠী। অশ্বস্য যন্মাংসং ভক্ষয়তি বা অথবা স্বরৌ পশ্বংজনকালে যৎ রিপ্তং লিপ্তমস্তি স্বরুণা পশুমনক্তীতি শ্রুতেঃ। অথবা স্বধিতৌ ছেদনকালে অবদানকালে যদ্রিপ্তমস্তি শমিতুর্হস্তয়োর্লিপ্তমস্তি বিশসনকালে যচ্চ নখেষু লিপ্তং তা সর্ব্বা তানি সর্ব্বাণি হে অশ্ব তে তব সম্বন্ধীনি দেবেষস্ত দেবেষু সন্তোষার্থায় ভবন্তু॥ (১ম—১৬২সূ—৯ঋ)॥

অথ দশমী—

যদূবধ্যমুদরস্যাপবাতি য আমস্য ক্রবিষো গন্ধো অস্তি।

সুকৃতাতচ্ছমিতারঃ কৃণ্বন্তূত মেধং শৃতপাকং পচন্তু ॥ ১০ ॥

—০ অথ পদপাঠঃ ০—

যৎ। উবধ্যম্। উদরস্য। অপঽবাতি। যঃ। আমস্য। ক্রবিষঃ। গন্ধঃ। অস্তি।

সুঽকৃতা। তৎ। শমিতারঃ। কৃণ্বন্তু। উত। মেধম্। শৃতঽপাকম্। পচন্তু ॥ ১০ ॥

উদরস্য সম্বন্ধি যদূবধ্যং ঈষজ্জীর্ণং তৃণং পুরীষমপবাতি অপগচ্ছতি যশ্চামস্যাপক্কস্য ক্রবিষো মাংসস্য গন্ধোঽস্তি লেশোঽস্তিঃ পাকস্য সময়ে সৎকিঞ্চিদূবধ্যং অপকস্য চ লেশোঽস্তি আমগন্ধোঽস্তি তৎ সর্ব্বং শমিতারো বিশসনকর্ত্তারঃ সুকৃতা কৃণ্বন্তু সুকৃতং উক্তদোষরহিতং কুর্ব্বন্তু। উত অপিচ মেধং মেধ্যং যজ্ঞার্হং পশ্বাবয়বং শৃতপাকং দেবযোগ্যপাকোপেতং যথা ভবতি তথা পচন্তু পিতৃমনুষ্যাদিযোগ্যমতিপক্কমীষৎপক্কং চ মাকুর্ব্বন্ত্বিত্যর্থঃ ॥ ১০ ॥

অথৈকাদশী—

যত্তে গাত্রাদগ্নিনা পচ্যমানাদভিশূলং নিহতস্যাব ধাবতি।

মাতদ্ভূম্যামাশ্রিষন্মা তৃণেষু দেবেভ্যস্তদুশদ্ভ্যো রাতমস্তু ॥ ১১ ॥

—০ অথ পদপাঠঃ ০—

যৎ। তে। গাত্রাৎ। অগ্নিনা। পচ্যমানাৎ। অভি। শূলম্। নিঽহতস্য। অবঽধাবতি।

মা। তৎ। ভূম্যাম্। আ। শ্রিষৎ। মা। তৃণেষু। দেবেভ্যঃ। তৎ।

উশৎঽভ্যঃ। রাতম্। অস্তু ॥ ১১ ॥

হে অশ্ব! তে তবাগ্নিনা পচ্যমানাদ্‌গাত্রাদ্‌যদুষ্মরূপং রসো বা যৎকিঞ্চিদবধাবতি তথা নিহতস্য নিঃশেষেণ হতস্য তব যদঙ্গং রসরূপং শূলমভিলক্ষ্যাবধাবতি নির্গচ্ছতি তত্তদঙ্গং ভূম্যামাশ্রিষৎ আশ্লিষ্টং মাভূৎ॥ শ্লিষেঃ পুষাদিত্বাদঙ্‌॥ পাকসময়ে তথা মা তৃণেষু বিশসনসময়ে দর্ভেষু মাপগচ্ছতু। তর্হি তৎপতিতং কুত্র গচ্ছত্বিতি চেৎ উচ্যতে—তত্তাদৃশং উশদ্ভ্যঃ কৃৎস্নং হবিঃ কাময়মানেভ্যো দেবেভ্যো রাতং দত্তমস্তু॥ (১ম—১৬২সূ—১১ঋ)॥

অথ দ্বাদশী—

যে বাজিনং পরিপশ্যন্তি পক্কং য ঈমাহুঃ সুরভির্নির্হরেতি।

যে চার্ব্বতো মাংসভিক্ষামুপাসত উতো তেষামভিগূর্ত্তির্ন ইন্বতু॥ ১২॥

—০ অথ পদপাঠঃ ০—

যে। বাজিনম্‌। পরিঽপশ্যন্তি। পক্কম্‌। যে। ঈম্‌। আহুঃ। সুরভিঃ। নিঃ। হর। ইতি।

যে। চ। অর্ব্বতঃ। মাংসঽভিক্ষাম্‌। উপঽআসতে। উতো ইতি। তেষাম্‌।

অভিঽগূর্ত্তিঃ। নঃ। ইন্বতু॥ ১২॥

যে পক্কং বাজিনমশ্বং অশ্বাবয়বং পরিপশ্যন্তি পরিতঃ পাবনবুদ্ধেক্ষন্তে য ঈং যে চৈনং সুরভিঃ শোভনগন্ধঃ অতো নির্হর কিঞ্চিদপ্যস্মভ্যং দেহীত্যাহুঃ যদ্বা নিঃশেষেণ দেবেভ্যো হরেত্যাহুঃ। যতঃ সুরভিঃ অতো দেবযোগ্যমিতি। কিঞ্চ যে চার্ব্বতো মাংসভিক্ষামুপাসতে যে নরাঃ অস্যার্ব্বতোঽশ্বস্য হুতশিষ্টমাংসযাচনাং উপাসতে কাঙ্ক্ষন্তে। উতো অপিচ তেষামুক্ত-বিধানামভিগূর্ত্তিঃ অভিতঃ উদ্যমনং নোঽস্মানিন্বতু ব্যাপ্নোতু। যথাস্মাভিরশ্ব উপালব্ধঃ এবং স্পৃহয়ন্তি তথা যজ্ঞো নির্ব্বাহয়ন্ত্বিত্যর্থঃ। যদ্বা মন্ত্রোদেবপরো ব্যাখ্যেয়ঃ। যে দেবাঃ বাজিনং পক্কং পরিপশ্যন্তি কদাহোষ্যতীতি বিলম্বং দৃষ্ট্বা যে চ সুরভিঃ ঈমেনং নির্হর নিঃশেষেণাস্মভ্যং দেহীত্যাহুঃ যে চার্ব্বতঃ অশ্বস্য মাংসভিক্ষামুপাসতে তেষামভিগূর্ত্তির্নঃ ইন্বতু তেষাং উদ্যমঃ সফলো ভবত্বিত্যর্থঃ॥ (১ম—১৬২সূ—১২ঋ)॥

অথ ত্রয়োদশী—

যন্নীক্ষণং মাংস্পচন্যা উখায়া যা পাত্রাণি যূষ্ণ আসেচনানি।

উষ্মণ্যাপিধানা চরূণামঙ্কাঃ সূনাঃ পরিভূষন্ত্যশ্বম্ ॥ ১৩ ॥

—• অথ পদপাঠঃ •—

যৎ। নিঃঈক্ষণম্। মাংস্পচন্যাঃ। উখায়াঃ। যা। পাত্রাণি। যূষ্ণঃ। আঃসেচনানি।

উষ্মণ্যা। অপিঃধানা। চরূণাম্। অঙ্কাঃ। সূনাঃ। পরি। ভূষন্তি। অশ্বম্ ॥ ১৩ ॥

স্বমেব বিস্তারয়সি ইতি শেষঃ। 'অগ্নে' (হে জ্ঞানদেব) 'তব সখ্যে' (ত্বদীয়স্য সখিত্বে প্রাপ্তে সতি, জ্ঞানানুসারিতয়া ইত্যর্থঃ) 'বয়ং মা রিষাম' (বয়ং শত্রুভিঃ হিংসিতাঃ মা ভবেম, সদৈব রক্ষাং প্রাপ্নুবাম)। অয়ং ভাবঃ—জ্ঞানস্য পরিবৃদ্ধিং দৃষ্ট্বা শ্রুত্বা চ পাপবৃত্তয়ঃ বিমূঢ়াঃ সন্তি; জ্ঞানপ্রভাবিস্তারেণ সহ লোকানাং উদ্ধারমার্গঃ প্রশস্তঃ ভবতি। (১ম – ৯৪সূ – ১১ঋ)॥

• . •

বঙ্গানুবাদ।

তদনন্তর অর্থাৎ জ্ঞানের প্রভাব প্রকাশ পাইলে, জ্ঞানের মাহাত্ম্য বিঘোষণ-হেতু বা প্রকাশ-হেতু, এবং পতননিবারক সেই জ্ঞানদেবতার জ্বলন বা প্রভাব-সমূহের দ্বারা, পাপবৃত্তিনিবহ ভয় প্রাপ্ত হয়। হে জ্ঞানদেব! যখন আপনার সেই পাপপ্রবৃত্তিভক্ষক রশ্মিসকল বিস্তৃত হইয়া পড়ে; তখন, আপনার প্রভাবে বা অনুকম্পায়, আপনার সম্বন্ধযুত কর্ম্মরূপ যানসমূহের জন্য সুগম পথকে আপনিই বিস্তারিত করেন। হে জ্ঞানদেব! আপনার সখিত্ব প্রাপ্ত হইয়া, জ্ঞানানুসারিতার দ্বারা, আমরা যেন শত্রুকর্তৃক হিংসিত না হই,—সদাকাল আমরা যেন রক্ষা প্রাপ্ত হই। (ভাব এই যে,—জ্ঞানের পরিবৃদ্ধি দেখিয়া ও শুনিয়া, পাপ-প্রবৃত্তিসকল বিমূঢ় হয়; এদিকে জ্ঞানপ্রভা বিস্তারের সহিত মনুষ্যগণের উদ্ধারের পথ প্রশস্ত হইয়া আসে।)॥ (১ম—৯৪সূ—১১ঋ)॥

• . •

সায়ণ-ভাষ্যং।

হে অগ্নে! অধ দক্ষ্যং বনপ্রবেশানন্তরং স্বনাত্ত্বদীয়াৎ পূর্ব্বোক্তগম্ভীরশব্দাৎ। উত-শব্দোঽপ্যর্থঃ। পতত্রিণঃ পক্ষিণোঽপি বিভ্যুঃ। বিভ্যতি ভয়ং প্রাপ্নুবন্তি। উৎপতনেন দেশান্তরং গন্তুং সমর্থাঃ পক্ষিণোঽপি যদা ভয়ং প্রাপ্নুবন্তি কিমু বক্তব্যমন্যেষাং তত্রত্যানাং বৃকাদীনাং ভীতির্জায়ত ইতি। অতস্ত্বয়ি বনং প্রবিশতি সর্ব্বে প্রাণিনো ভয়ং প্রাপ্নুবন্তীত্যর্থঃ। তাদৃশস্য তে তব দ্রপ্সা আলৈকদেশা যবসাদো যবসানামরণ্যে বর্ত্তমানাং তৃণানামত্তারঃ

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে অগ্নে! 'অধ' দগ্ধ করিতে বনে প্রবেশানন্তর 'স্বনাৎ' আপনার পূর্ব্বোক্ত গম্ভীর শব্দ-হেতু 'উত' (উত শব্দও অপি অর্থক) 'পতত্রিণঃ' পক্ষিগণও 'বিভ্যুঃ' (বিভ্যতি) ভয় প্রাপ্ত হয়; উৎপতনের দ্বারা দেশান্তরে গমন করিতে সমর্থ পক্ষিগণও যখন ভয় প্রাপ্ত হয়, তখন সেখানকার বৃকাদির যে ভীতি উৎপন্ন হইবে—তাহাতে কি আর বক্তব্য আছে? অতএব আপনি বনে প্রবেশ করিলে সকল প্রাণিগণ ভয় প্রাপ্ত হয়—ইহাই ভাবার্থ। তাদৃশ 'তে' আপনার 'দ্রপ্সাঃ' জ্বালার একদেশসমূহ, 'যবসাদঃ' যবস-সমূহের অরণ্যে বর্ত্তমান

সন্তো যস্তদা ব্যস্থিরন্। বিবিধমবতিষ্ঠন্তে। তত্তদা তে তব সর্ব্বমরণ্যং সুগং সুখেন গন্তুং শক্যং। অতস্তাবকেভ্যস্ত্বদীয়েভ্যো রথেভ্যশ্চ তদরণ্যং সুগং ভবতি। পূর্ব্বং প্রবৃত্তৈর্জ্বালাগ্রৈস্তৃণাদিষু দগ্ধেষু সৎসু ত্বদীয়া রথাঃ প্রতিবন্ধমন্তরেণ পশ্চাদ্গচ্ছন্তীতি ভাবঃ। অন্যৎ সমানং ॥

বিভ্যুঃ। ঞিভী ভয়ে। ছান্দসো লিট্। এরনেকাচ ইতি যণ। ব্যস্থিরন্। সমব-প্রবিভ্য ইতি তিষ্ঠতেরাত্মনেপদং। লুঙি ব্যত্যয়েন ঝস্যরন্। স্থাঘ্বোরিচ্চেতীত্বং। হ্রস্বাদঙ্গাদিতি সলোপঃ। তাবকেভ্যঃ। তবকমমকাবেকবচন ইতি যুষ্মদস্তবকাদেশঃ ॥ ১১ ॥

• • •

একাদশ (১০৩৯) ঋকের বিশদার্থ।

—•: × :•—

আমাদিগের ব্যাখ্যায় এই মন্ত্রের অর্থ সম্পূর্ণ ভিন্ন ভাবের প্রকাশক হইল। প্রচলিত ব্যাখ্যাদির মর্ম্ম এই যে,—'অগ্নির শব্দ মাত্রই, অরণ্যে অগ্নি-সংযোগে বৃক্ষাদি দগ্ধ হওয়ার শব্দের সঙ্গে সঙ্গেই, পক্ষিগণ ভয় প্রাপ্ত হয়; এবং বনের তৃণাদি ভক্ষণ করিয়া অগ্নির জ্বলন যতই অগ্রসর হইতে থাকে, অগ্নি ও অগ্নির রথসকলের জন্য ততই সুগম পথ প্রস্তুত হইয়া যায়।' সায়ণের ভাষ্যেই এ ভাব সম্যক্ প্রকাশমান আছে। পূর্ব্ব ঋকেও যেমন অগ্নির জ্বলন ও অগ্নির ধূমরাশি প্রভৃতির বিষয় ব্যাখ্যাদিতে প্রকাশ পাইয়াছে, এখানেও সেইরূপ অগ্নির প্রভাবই পরিকীর্ত্তিত হইতেছে। অরণ্যে অগ্নি সংযুক্ত হইলে, দাবানল উপস্থিত হইলে, অরণ্যে যে ভীষণ দৃশ্য দৃষ্ট হয়, এ পক্ষে তাহারই বর্ণনা দেখিতে পাই। প্রচলিত সকল ব্যাখ্যাতেই এই ভাবের দ্যোতনা আছে। এই মন্ত্রের

তৃণসমূহের অত্তা (ভক্ষক) হইয়া, 'যৎ' যখন 'ব্যস্থিরন্' বিবিধ প্রকারে অবস্থিতি করে, 'তৎ' তখন 'তে' আপনার সকলই অরণ্যে 'সুগং' সুখে গমন-সমর্থ হইয়া অনন্তর 'তাবকেভ্যঃ' আপনার এবং আপনার রথের জন্য সেই অরণ্যকে সুগম করে। পূর্ব্বে প্রবৃত্ত জ্বালাগ্রসমূহের দ্বারা তৃণাদিসমূহ দগ্ধ হইলে, ত্বদীয় রথসকল প্রতিবন্ধক-অন্তরের দ্বারা পশ্চাৎ পশ্চাৎ গমন করে—ইহাই ভাবার্থ। অন্য অংশের অর্থ পূর্ব্বের সমান।

বিভ্যুঃ। ঞিভী-ধাতু ভয়ার্থক। ছান্দস লিট। 'এরনেকাচঃ' ইত্যাদি সূত্রে যণ্-প্রত্যয়। ব্যস্থিরণ। 'সমবপ্রবিভ্যঃ' ইত্যাদি সূত্রে 'তিষ্ঠতি'র (স্থা-ধাতুর) আত্মনেপদ। লুঙের ব্যত্যয়ের দ্বারা ঝসের স্থলে অরন্-প্রত্যয়। 'স্থাঘ্বোরিচ্চ' ইত্যাদি সূত্রে ইত্ব। 'হ্রস্বাদঙ্গাৎ' ইত্যাদি নিয়মে স-লোপ। তাবকেভ্যঃ। 'তবকমমকাবেকবচনে' ইত্যাদি সূত্রে যুষ্মৎ শব্দে তবকাদেশ ॥ (১ম—৯৪সূ—১১ঋ)॥

• • •

একটী প্রচলিত ইংরাজী অনুবাদ নিম্নে প্রকাশ করিতেছি। তদ্দ্বারা ভাব-প্রবাহ কোন্ পথে প্রধাবিত আছে, তাহা বোধগম্য হইবে। যথা,—

"Then at thy roar the very birds are terrified, when, eating up the grass, thy sparks fly forth abroad.
Then is it easy for thee and thy car to pass. Let us not in thy friendship, Agni, suffer harm."

এই ব্যাখ্যারও যে ব্যাখ্যা প্রয়োজন হয়, তাহা বলাই বাহুল্য। কিন্তু সে চেষ্টা আর না করিয়া, আমাদিগের পরিগৃহীত ব্যাখ্যার কারণ-পরম্পরা বিবৃত করিতেছি।

ব্যাখ্যার পার্থক্য-বিষয়ে প্রথম আলোচ্য পদ—'পতত্রিণঃ'। ঐ পদ প্রথমার বহুবচনে প্রযুক্ত আছে কল্পনা করিয়া, ঐ পদের 'পক্ষিগণ' অর্থ গ্রহণ-পূর্ব্বক 'বিভ্যুঃ' ক্রিয়ার সহিত সকলেই উহার অন্বয় সাধন করিয়াছেন। কিন্তু আমরা ঐ পদকে পঞ্চমীর বা ষষ্ঠীর পদ বলিয়া সিদ্ধান্ত করি। পূর্ব্বে (১ম—৫৮সূ—৫ঋ) সায়ণও 'পতত্রিণঃ' পদে পঞ্চমী-বিভক্তি স্বীকার করিয়া অর্থ গ্রহণ করিয়াছেন। এখানে পঞ্চমী বা ষষ্ঠী দুইরূপ ভাবেই সদর্থ প্রাপ্ত হওয়া যায়। তাহাতে "পতত্রিণঃ দ্রপ্সাঃ" পদদ্বয়ের প্রতিবাক্যে "পতননিবারকস্য দেবস্য সকাশাৎ নির্গতৈঃ জ্বলনৈঃ" অথবা "পতননিবারকস্য জ্ঞানদেবস্য জ্বলনৈঃ প্রভাবৈঃ বা" পদাবলি গ্রহণ করিতে পারি। এই 'পতত্রিণঃ' পদে আমরা যে পতন-নিবারক জ্ঞানাগ্নি অর্থ গ্রহণ করিয়াছি, পক্ষিগণ অর্থ গ্রহণ করি নাই, প্রকারান্তরে তাহা ভাষ্যকারেরই অনুসরণ বলা যাইতে পারে। কেন-না, ভাষ্যে পূর্ব্বে 'পতত্রিণঃ' পদে পক্ষিগণ অর্থ গৃহীত হয় নাই; এখানেই কেবল ঐ পদে ঐ অর্থ গ্রহণ করা হইয়াছে। যাহা হউক, ঐ পদের বিষয় অষ্টপঞ্চাশৎ সূক্তের পঞ্চমী ঋকে আমরা বিশদ আলোচনা প্রকাশ করিয়াছি। এখানে আর তাহার পুনরুল্লেখের আবশ্যকতা দেখি না। তার পর সেখানেও ছিল—"পতত্রিনঃ স্থাতুশ্চরথং ভয়তে," অর্থাৎ অগ্নি হইতে স্থাবরজঙ্গমাত্মক চরাচরকে ভয় পাইতে হয়; এখানেও রহিয়াছে—"পতত্রিণঃ বিভ্যুঃ।" অতএব, এখানেই বা কেন "পক্ষিগণ ভয় পায়" অর্থ গৃহীত হইবে। আমরা বলি, এখানেও পতত্রিগণ হইতে স্থাবরজঙ্গমের ভয়-প্রাপ্তির ভাবই আছে। নিগূঢ় তাৎপর্য্য এই যে,—হৃদয়-রূপ অরণ্যে

পাপবৃত্তি-প্রভৃতি-রূপ যে বৃক্ষ-সকল আছে, জ্ঞানাগ্নি-সংযোগে সে সকল ভুস্মীভূত বিচালিত হয়। অপকর্মের উৎপত্তিমূল পাপপ্রবৃত্তিনিবহ জ্ঞান-সংযোগে ভয়-প্রাপ্ত হয়—ইহাই এখানকার অর্থ।

এ পক্ষে যদি কেহ 'দ্রপ্সাঃ' পদকে 'যবসাদঃ' পদের সহিত সম্বন্ধ-বিশিষ্ট মনে করিয়া, ভাষ্যের অনুসরণেই ঐ অংশের অন্বয় করিতে চাহেন, তাহাতেও আমাদের অসম্মতি নাই। তাহাতে 'পতত্রিণঃ' পদে পঞ্চমী বিভক্তিই যুক্তিযুক্ত হইবে। তাহাতে, 'পতত্রিণঃ' হইতে "যবসাদঃ দ্রপ্সাঃ" যখন বিস্তৃত হইবে, তখন "যুগং" প্রশস্ত হইয়া আসিবে,—এই ভাবই প্রকাশ পাইবে। 'যবসাদঃ' পদের অর্থ বা ভাব ভাষ্য হইতেই অধ্যাহার করিতে হইয়াছে। ঐ পদে অরণ্যের তৃণাদিকে আগাছা-সকলকে বুঝাইতেছে—ভাষ্যে এই ভাব প্রকাশমান। হৃদয়-রূপ অরণ্যে কামক্রোধাদি মহীরুহের সঙ্গে সঙ্গে নানা কুপ্রবৃত্তি পরিপুষ্ট ও পরিবর্দ্ধিত হয়। জ্ঞান তাহাদিগকেও ভক্ষণ করেন—নষ্ট করেন। অথবা, সেই সকল কুপ্রবৃত্তির পরিবর্দ্ধক সহায়ক অবস্থাকে নাশ করার ভাবও এখানে গ্রহণ করিতে পারি। অবস্থা-বিশেষে পড়িয়া, সংসর্গ-প্রভাবে, আমাদিগের রিপুগণ অনেক সময় সৎকর্ম্মের সহায়ক হয়। আবার অবস্থা-বিশেষে পড়িয়া, সঙ্গ-দোষে, সেই রিপুগণ অপকর্ম্মের প্রবর্ত্তক হইয়া পড়ে। 'যবসাদঃ' পদে সেই শেষোক্ত অবস্থার নাশক বলিয়া মনে করিতে পারি। সেই দৃষ্টিতেই ঐ পদকে জ্ঞানাগ্নির দ্যোতক বলিয়া মনে করা যায়। "তাবকেভ্যঃ রথেভ্যঃ" পদদ্বয়ে 'আপনার জন্য এবং আপনার রথের জন্য' অর্থ গৃহীত হইতে দেখি। কিন্তু আমরা বলি, 'তাবকেভ্যঃ' পদ এখানে 'রথেভ্যঃ' পদেরই দ্যোতক। ভাব এই যে,—আপনার সম্বন্ধীয় অর্থাৎ জ্ঞানসম্ভূত কর্ম্ম-রূপ-যানসমূহের জন্য পথ প্রশস্ত করিয়া দেন। জ্ঞান-সম্বন্ধযুত সৎকর্ম্ম নানারূপে সম্পাদন করা যায়। তাই ঐ বহুবচনান্ত 'তাবকেভ্যঃ রথেভ্যঃ পদদ্বয়ের প্রযুক্ত। অগ্নি-সম্বন্ধে প্রযুক্ত হইলে, 'তাবকেভ্যঃ' বহুবচনান্ত পদ না হওয়াই সঙ্গত ছিল। জ্ঞানদেবতা সম্বন্ধেই এই মন্ত্র প্রযুক্ত। মন্ত্র দেবতার প্রভাব প্রকাশ করিতেছে; এবং মন্ত্রে দেবতার নিকট রক্ষার প্রার্থনাপ্রকাশ পাইয়াছে। (১ম—৯৪সূ—১১ঋ)॥

—•—

দ্বাদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুর্নবতিতমং সূক্তং। দ্বাদশী ঋক্।)

অয়ং মিত্রস্য বরুণস্য ধায়সেঽবযাতাং

মরুতাং হেড়ো অদ্ভুতঃ।

মৃড়া সু নো ভূত্বেষাং মনঃ পুনরগ্নে সখ্যে

মা রিষামা বয়ং তব ॥ ১২ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

অয়ং। মিত্রস্য। বরুণস্য। ধায়সে। অবঽযাতাং।

মরুতাং। হেড়ঃ। অদ্ভুতঃ।

মৃড়। সু। নঃ। ভূতু। এষাং। মনঃ। পুনঃ। অগ্নে। সখ্যে।

মা। রিষাম। বয়ং। তব ॥ ১২ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অয়ং' (জ্ঞানদেবঃ) 'মিত্রস্য' (মিত্রবৎ হিতকারিণঃ দেবস্য, শ্রেয়ঃসাধকস্য দেবভাবস্য বা) তথা 'বরুণস্য' (অভীষ্টবর্ষকস্য দেবস্য, ইষ্টসাধকস্য দেবভাবস্য বা) 'ধায়সে' (পোষণায় পরিপুষ্টিসাধনায়) সমর্থঃ ভবতি ইতি শেষঃ ; তথা 'অবযাতাং' (স্বর্গলোকাৎ আয়াতাং, শুদ্ধসত্ত্বাৎ সমুদ্ভূতানাং ইত্যর্থঃ) 'মরুতাং' (বিবেকরূপিণাং দেবানাং) 'অদ্ভুতঃ' (আশ্চর্য্যজনকঃ, অসাধারণঃ ইত্যর্থঃ) যঃ 'হেড়ঃ' (ক্রোধঃ) তদপি প্রশময়িতুং সমর্থঃ ভবতি ইতি শেষঃ। হে জ্ঞানদেব ! 'নঃ' (অস্মান্) 'সু মৃড়' (সুষ্ঠু-রূপেণ সুখয়, পরমং সুখং প্রযচ্ছ) ;

ভবৎ কৃপয়া 'এষাং' (সকলানাং দেবানাং) 'মনঃ' (অনুগ্রহদৃষ্টিং ইত্যর্থঃ) 'পুনঃ ভূতু' (পুনঃ পুনঃ অস্মান্ প্রতি নিপতিতাং ভবতু); 'অগ্নে' (হে জ্ঞানদেব) 'তব সখ্যে' (ভবদীয়স্য সখিত্বে প্রাপ্তে সতি, জ্ঞানানুসারিতয়া ইত্যর্থঃ) 'বয়ং মা রিষাম' (শত্রুভিঃ বয়ং ন হিংসিতা ভবেম, সদৈব রক্ষাং প্রাপ্নুবাম)। জ্ঞানদেবস্য অনুকম্পয়া জ্ঞানপ্রভাবেন সর্ব্বে দেবাঃ অস্মান্ প্রাপ্নুবন্তু—অস্মান্ সর্ব্বথা পরিত্রায়ন্তু ইতি ভাবঃ। (১ম—৯৪সূ—১২ঋ)॥

• . •

বঙ্গানুবাদ।

এই জ্ঞানদেবতা, মিত্রবৎ হিতকারী দেবতার (শ্রেয়ঃসাধক দেবভাবের) এবং অভীষ্টবর্ষক দেবতার (ইষ্টসাধক দেবভাবের) পরিপুষ্টিসাধনে সমর্থ হয়েন; এবং স্বর্গলোক হইতে আগত (শুদ্ধসত্ত্ব হইতে সমুদ্ভূত) বিবেকরূপী দেবগণের অদ্ভুত যে ক্রোধ, তাহাও প্রশমন করিতে সমর্থ হয়েন। হে জ্ঞানদেব! আমাদিগকে সুষ্ঠুরূপে সুখী করুন—পরম সুখ দান করুন; আপনার কৃপায় সকল দেবগণের অনুগ্রহদৃষ্টি আমাদিগের প্রতি নিপতিত হউক। হে জ্ঞানদেব! আপনার সখিত্ব প্রাপ্ত হইয়া, জ্ঞানানুসারিতার দ্বারা, আমরা যেন শত্রুগণ কর্তৃক হিংসিত না হই—সর্ব্বথা যেন রক্ষা পাই। (ভাব এই যে,—জ্ঞানদেবের অনুকম্পায় সকল দেবগণ আমাদিগকে প্রাপ্ত হউন; তাঁহারা আমাদিগকে সর্ব্বথা পরিত্রাণ করুন।)॥ (১ম—৯৪সূ—১২ঋ)॥

• . •

সায়ণ-ভাষ্যং।

অয়মগ্নেঃ স্তোতা মিত্রস্যাহরভিমানিনো দেবস্য বরুণস্য রাত্র্যভিমানিনশ্চ সম্বন্ধিনে ধায়সে ধারণায়াবস্থাপনায় ভবতু। মিত্রাবরুণাবিমমগ্নেঃ স্তোতারং ধারয়তামিত্যর্থঃ। অবযাতামবস্তাদ্গচ্ছতাং স্বর্গলোকস্যাধস্তাদন্তরিক্ষে বর্ত্তমানানাং মরুতামেতৎ সংজ্ঞানাং দেবানাং হেড়ঃ ক্রোধোঽদ্ভুতো মহান্ ভবসি। অদ্ভুত ইত্যেতন্মহন্নাম। তস্মাৎ ক্রোধাদিমমগ্নেঃ

সায়ণভাষ্যের বঙ্গানুবাদ।

'অয়ং' এই অগ্নির স্তোতা 'মিত্রস্য' অহঃ অভিমানী দেবতার 'বরুণস্য' এবং রাত্র্যভিমানী দেবতার সম্বন্ধীয় 'ধায়সে' ধারণার নিমিত্ত অবস্থাপনের নিমিত্ত হউন; মিত্রাবরুণ উভয়ে এই অগ্নির স্তোতাকে ধারণ করুন—এই অর্থ। 'অবযাতাং' অবস্ত হইতে গমনশীল স্বর্গলোকের অধঃ হইতে অন্তরিক্ষে বর্ত্তমান 'মরুতাং' এতৎসংজ্ঞক দেবগণের 'হেড়ঃ' ক্রোধ 'অদ্ভুতঃ' মহান হয়। অদ্ভুত এই পদ মহৎ-নাম বাচক। সেই ক্রোধ হইতে এই অগ্নির

স্তোতারং মিত্রাবরুণৌ রক্ষতামিতি শেষঃ। অপিচ নোঽস্মান্ হে অগ্নে সু মৃড়। সুষ্ঠু মৃড়য়। সুখয়। এষাং মরুতাং মনশ্চ পুনর্ভূতু। পুনরপি প্রসন্নং ভবতু। অন্যৎ সমানং॥

ধায়সে। বহিহাধাঞ্ভ্যশ্ছন্দসীতি ভাবেঽসুন্। ণিদিত্যনুবৃত্তেরাতো যুক্। চিণকৃতোরিতি যুক্। অবযাতাং। যা প্রাপণে। অস্মাদবপূর্ব্বাল্লটঃ শতৃ। শতুরনুম ইতি বিভক্তেরুদাত্তত্বং। মৃড়া। মৃড় সুখনে। ছন্দস্যুভয়থেতি শপ আর্দ্ধধাতুকত্বাণ্ণেরনিটীতি ণিলোপঃ। দ্ব্যচোঽতস্তিঙ ইতি সংহিতায়াং দীর্ঘত্বং। ভূতু। বহুলং ছন্দসীতি শপো লুক্॥ (১ম—৯৪সূ—১২ঋ)॥

• • •

দ্বাদশ (১০৪০) ঋকের বিশদার্থ।

—:•—•:—

ব্যাখ্যার সুবিধার জন্য মন্ত্রটীকে আমরা পাঁচ অংশে বিভক্ত করিয়াছি। উহার প্রথম দুই অংশ জ্ঞানদেবতার মাহাত্ম্য-প্রকাশক; শেষের তিনটী অংশ প্রার্থনা-মূলক। ভাষ্যেও মন্ত্রটীর ঐরূপ বিভাগেরই পরিকল্পনা পরিদৃষ্ট হয় বটে; তবে ভাষ্যাদি প্রচলিত ব্যাখ্যা হইতে আমাদিগের ব্যাখ্যার মর্ম্ম ভিন্ন ভাবের প্রকাশক হইয়াছে। মন্ত্রের একটী প্রচলিত অর্থ;—"মিত্র ও বরুণ এই (স্তোতাকে) ধারণ করেন; অন্তরীক্ষচারী মরুৎগণের ক্রোধ অত্যন্ত অধিক। আমাদের সুখী কর ও এই মরুৎগণের মন পুনরায় প্রসন্ন হউক। হে অগ্নি! তুমি বন্ধু থাকিলে আমরা হিংসিত হই না।"

স্তোতৃগণকে মিত্রাবরুণ উভয়ে রক্ষা করুন—ইহাই ভাবার্থ। অপিচ 'নঃ' আমাদিগকে, হে অগ্নে, 'সু মৃড়' সুষ্ঠু মৃড় বা সুখ দান করুন। 'এষাং মরুতাং মনঃ' এবং এই মরুদগণের মন 'পুনর্ভূতু' পুনরায় প্রসন্ন হউক। অন্য অংশের ব্যাখ্যা পূর্ব্বের ন্যায়।

ধায়সে। 'বহিহাধাঞ্ভ্যশ্ছন্দসি' ইত্যাদি সূত্রে ভাবে অসুন-প্রত্যয়। ণিদিত্যের অনুবৃত্তিতে আতের স্থলে যুক্। 'চিণ্ কৃতোঃ' ইত্যাদি সূত্রে যুক্। অবযাতাং। যা ধাতু পাপণার্থক। তাহাতে অব-পূর্ব্ব-হেতু লটে শতৃ। 'শতুরনুমঃ' ইত্যাদি সূত্রে বিভক্তির উদাত্তত্ব। মৃড়া। মৃড় ধাতু সুখ-দান অর্থে ব্যবহৃত হয়। 'ছন্দস্যুভয়থা' ইত্যাদি সূত্রে শপে আর্দ্ধধাতুকত্ব-হেতু 'ণের নিটি' ইত্যাদি সূত্রে ণি-লোপ হইয়াছে। 'দ্ব্যচোঽতস্তিঙঃ' ইত্যাদি সূত্রে সংহিতা-বিষয়ে দীর্ঘত্ব। ভূতু। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের লোপ হইয়াছে। (১ম—৯৪সূ—১২ঋ)॥

• • •

এখন আমাদিগের পরিগৃহীত অর্থের কারণ একটু বিবৃত করিতেছি। 'মিত্রস্য' ও 'বরুণস্য' পদদ্বয়ের সহিত 'ধায়সে' পদের সম্বন্ধ দেখিতে পাই। তাহাতে ঐ দুই দেবতার—ধারণার পোষণের পরিপুষ্টিসাধনের ভাব প্রাপ্ত হই। ঐ দুই দেবতাকে অর্থাৎ তাঁহাদিগের স্বরূপ-শক্তিকে হৃদয়ে ধারণ ও পোষণ জ্ঞানের দ্বারাই সাধিত হয়। 'মিত্রস্য বরুণস্য ধারণায়' বাক্যাংশে এই ভাবই প্রকাশ পাইয়াছে। "অবযাতাং মরুতাং হেড়ঃ অদ্ভুতঃ"—এই বাক্যাংশে, মরুদ্দেবগণের উৎপত্তির ও ক্রিয়ার বিষয় পরিব্যক্ত দেখি। 'মরুদ্গণ' বলিতে, আমরা 'বিবেকরূপী দেবগণ' ভাব পরিগ্রহণ করিয়া আসিয়াছি। তাঁহারা 'অবযাতাং' স্বর্গ হইতে আসেন, সত্ত্বভাব হইতে উদ্ভূত হয়েন, সত্তের সহিতই তাঁহাদিগের বিশিষ্ট সম্বন্ধ। বিবেক-পক্ষে এ বিষয় স্বতঃই বোধগম্য হয়। তাঁহাদিগের 'হেড়ঃ' ক্রোধ 'অদ্ভুতঃ' আশ্চর্য্য অসাধারণ। অদ্ভুত কোন্ অর্থে, একটু চিন্তা করিলেই তাহা বোধগম্য হয়। অন্যের ক্রোধে বা শাসনে কষ্ট পাইতে হয়; কিন্তু বিবেকরূপী দেবগণের শাসনের বা ক্রোধের ফলে সুখসাধন হইয়া থাকে। তাই বলা হইয়াছে, তাঁহাদিগের ক্রোধ 'অদ্ভুতঃ' অসাধারণ। সচরাচর ক্রোধের যে ফল—অনিষ্ট-সাধন, এখানে তাহার বিপরীত-ফল ইষ্টলাভ হয়; তাই "হেড়ঃ অদ্ভুতঃ"। জ্ঞানই সে ক্রোধ উপশম করিতে পারেন। জ্ঞানানুসারিতার ফলেই মানুষ বিবেকানুবর্ত্তী হয়—ইহাই তাৎপর্য্য। এইরূপে, মন্ত্রের প্রথম চরণের প্রথমাংশের ভাব দাঁড়াইতেছে,—'আমাদিগের জ্ঞানই আমাদিগের মধ্যে মিত্রস্থানীয় দেবভাবসমূহের এবং অভীষ্টপূরক দেবভাবসমূহের পরিপুষ্টিসাধন করেন'; এবং দ্বিতীয় চরণের ভাব দাঁড়াইতেছে,—'বিবেকরূপী দেবগণের যে অসাধারণ ক্রোধ, জ্ঞানের দ্বারাই তাহা প্রশমিত হয়। অর্থাৎ, জ্ঞানই বিবেকের শাসনের অনুবর্ত্তী করিয়া আমাদিগের শ্রেয়ঃসাধন করেন।'

দ্বিতীয় চরণের প্রথমে জ্ঞানদেবতার নিকট পরম সুখের প্রার্থনা জানান হইয়াছে। তার পর বলা হইয়াছে,—"এষাং মনঃ পুনঃ ভূতুঃ"; অর্থাৎ,—'হে জ্ঞানদেব। আপনার অনুকম্পায় সকল দেবতার অনুগ্রহ-দৃষ্টি আমাদিগের প্রতি অবিরত পতিত হউক।' জ্ঞানের সাহায্যে আমরা যেন সর্ব্বদা সকল দেবভাবকে আমাদিগের অঙ্গীভূত করিয়া লইতে পারি।

'এষাং' পদে 'সকল দেবগণের' অর্থ প্রাপ্ত হই। 'মনঃ' পদে 'অনুগ্রহদৃষ্টি' অর্থ আসে। 'পুনঃ' পদে 'পুনঃপুনঃ অবিরত' অর্থ গ্রহণ করিতে পারি। উপসংহারে পূর্ব্ব পূর্ব্ব মন্ত্রের ন্যায়ই শত্রুগণ কর্তৃক অহিংসিত হইয়া যেন রক্ষা পাই—এই ভাব ব্যক্ত হইয়াছে। (১ম—৯৪সূ—১২ঋ)॥

—•—

ত্রয়োদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুর্নবতিতমং সূক্তং। ত্রয়োদশী ঋক্।)

দেবো দেবানামসি মিত্রো অদ্ভুতো

বসুর্ব্বসূনামসি চারুরধ্বরে।

শর্ম্মন্‌ৎস্যাম তব সপ্রথস্তমেঽগ্নে সখ্যে

মা রিষামা বয়ং তব॥ ১৩॥

• • •

পদ-বিশ্লেষণং।

দেবঃ। দেবানাং। অসি। মিত্রঃ। অদ্ভুতঃ।

বসুঃ। বসূনাং। অসি। চারুঃ। অধ্বরে।

শর্ম্মন্। স্যাম। তব। সপ্রথঃঽতমে। অগ্নে। সখ্যে।

মা। রিষাম। বয়ং। তব॥ ১৩॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে জ্ঞানদেব! 'দেবঃ' (দ্যোতনাত্মকঃ স্বপ্রকাশঃ ত্বং) 'দেবানাং' (সর্ব্বেষাং দেবভাবানাং, দীপ্তিদানাদিগুণানাং) 'অদ্ভুতঃ' (অসাধারণঃ, মহান্) 'মিত্রঃ' (সখা, প্রদাতা ইতি ভাবঃ) 'অসি' (ভবসি); 'চারুঃ' (শোভনঃ, সর্ব্বেষাং প্রীতিপ্রদঃ ত্বং) 'অধ্বরে' (যাগাদিসৎকর্ম্মণি) 'বসূনাং বসুঃ' (ধনানাং নিবাসয়িতা) 'অসি' (ভবসি); জ্ঞান-সহযুক্তেন কর্ম্মণা শ্রেষ্ঠধনং প্রাপ্তব্যং—ইতি ভাবঃ। 'সপ্রথস্তমে' (অতিশয়েন বিস্তীর্ণে, সর্ব্বকার্য্যে সর্ব্বত্রবিদ্যমানে ত্বয়ি—মিলিতাঃ সন্তঃ ইতি যাবৎ) 'তব' (ত্বৎসম্বন্ধিনি) 'শর্ম্মন্' (শর্ম্মণি, মঙ্গলালয়ে, সুখনিকেতনে) 'স্যাম' (প্রবর্ত্তমানাঃ ভবেম, তিষ্ঠেম); জ্ঞানসম্বন্ধযুক্তে সুখধামনি আশ্রয়ং প্রার্থয়ামহে—ইতি ভাবঃ; 'অগ্নে' (হে জ্ঞানদেব) 'তব সখ্যে' (ভবদীয়স্য সখিত্বে প্রাপ্তে সতি, জ্ঞানানুসারিতয়া ইত্যর্থঃ) 'বয়ং মা রিষাম' (বয়ং শত্রুভিঃ হিংসিতা ন ভবেম, সর্ব্বথা রক্ষাং প্রাপ্নবাম)। অয়ং ভাবঃ—জ্ঞানেন এব সর্ব্বে দেবভাবাঃ সঞ্জাতাঃ ভবন্তি, জ্ঞানেন এব শ্রেষ্ঠধনং সুখনিকেতনং চ লভামহে। (১ম—৯৪সূ—১৩ঋ)॥

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! দ্যোতনাত্মক স্বপ্রকাশ আপনি, সকল দেবভাবসমূহের—দীপ্তিদানাদি সকল গুণের—অসাধারণ সখা বা প্রদাতা হয়েন; সকলের প্রীতিপ্রদ আপনি, যাগাদি-সৎকর্ম্মে ধনসমূহের নিবাসয়িতা হয়েন; (ভাব এই যে, জ্ঞানসহযুত সৎকর্ম্মের দ্বারা শ্রেষ্ঠধন প্রাপ্ত হওয়া যায়); সর্ব্ব-কার্য্যে সর্ব্বত্র বিদ্যমান আপনাতে মিলিত হইয়া, আপনার সম্বন্ধীয় সুখ-নিকেতনে আমরা যেন স্থান পাই; (ভাব এই যে,—জ্ঞানসম্বন্ধযুত সুখধামে আমরা আশ্রয় প্রার্থনা করি); হে জ্ঞানদেব! আপনার সখিত্ব প্রাপ্ত হইয়া, জ্ঞানানুসারিতার দ্বারা, আমরা যেন শত্রুগণ কর্ত্তৃক হিংসিত না হই, সর্ব্বথা যেন রক্ষা প্রাপ্ত হই। (ভাব এই যে,—জ্ঞানের দ্বারাই সকল দেবভাব সঞ্জাত হয়, জ্ঞানের দ্বারাই আমরা যেন শ্রেষ্ঠধন ও সুখনিকেতন প্রাপ্ত হই।)॥ (১ম—৯০সূ—১৩ঋ)॥

সায়ণ-ভাষ্যং।

হে অগ্নে দেবো দ্যোতমানস্ত্বং দেবানাং সর্ব্বেষাম্ অদ্ভুতো মহান্ মিত্রোঽসি। প্রৌঢ়ঃ সখা ভবসি। তথা চারুঃ শোভনস্ত্বমধ্বরে যজ্ঞে বসূনাং সর্ব্বেষাং ধনানাং বসুরসি॥

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে অগ্নে! 'দেবঃ' দ্যোতমান আপনি, 'দেবানাং' দেবগণের সকলের 'অদ্ভুতঃ' মহান্ 'মিত্রঃ অসি' সখা হয়েন; এবং 'চারুঃ' শোভন আপনি, 'অধ্বরে' যজ্ঞে 'বসূনাং'

নিবাসয়িতা ভবসি। অতোঽস্মাকং বসূনি দেহীত্যর্থঃ। কিঞ্চ সপ্রথস্তমে সর্ব্বতঃ পৃথুতমেঽতিশয়েন বিস্তীর্ণে তব ত্বৎসম্বন্ধিনি শর্ম্মণি যজ্ঞগৃহে স্যাম। বর্ত্তমানা ভবেম। অন্যৎ পূর্ব্ববৎ॥

শর্ম্মন্। সুপাং সুলুগিতি সপ্তম্যা লুক্॥ (১ম—৯৪সূ—১৩ঋ)॥

ত্রয়োদশ (১০৪১) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের অর্থ-বিষয়ে ভাষ্যের সহিত বিশেষ কোনও মতপার্থক্য দৃষ্ট হয় না। কেবল অগ্নি ও যজ্ঞ সম্বন্ধে আমরা যে ভাব গ্রহণ করিয়া আসিতেছি, পার্থক্য সেই মাত্র।

কোনও কোনও ব্যাখ্যাকার কিন্তু এই মন্ত্রের অন্তর্গত 'মিত্রঃ' ও 'বসুঃ' পদদ্বয়ে মিত্র ও বসু দেবতার সম্বন্ধ পরিকল্পনা করিয়া গিয়াছেন। তাঁহাদিগের মত এই যে, অগ্নিকেই মিত্র ও বসু দেবদ্বয়ের মধ্যে গণ্য করা হইয়াছে।* দেবতত্ত্ব হৃদয়ঙ্গম হইলে, সে অর্থেও অবশ্য অযৌক্তিকতা দেখি না। অগ্নিই মিত্র, অগ্নিই বসু—এ কথা বলা যাইতে পারে। কেন-না, জ্ঞানই সুহৃৎ দেবভাবের পোষক, জ্ঞানই সকল ধনের প্রদাতা—জ্ঞানই বসু বা নিবাসয়িতা।

সকল ধনসমূহের 'বসুঃ অসি' নিবাসয়িতা হয়েন। অতএব আমাদিগকে ধনসমূহ প্রদান করুন—এই অর্থ। আর, 'সপ্রথস্তমে' সর্ব্বত্র পৃথুতম অতিশয় বিস্তীর্ণ 'তব' আপনার সম্বন্ধীয় 'শর্ম্মন্' যজ্ঞগৃহে 'স্যাম' যেন আমরা প্রবর্ত্তমান হই। অন্য অংশের অর্থ পূর্ব্ববৎ।

শর্ম্মন্। 'সুপাং সুলুক্' ইত্যাদি সূত্রে সপ্তমীর লোপ। (১ম—৯৪সূ-১৩)॥

---

* গ্রিফিথস্ সাহেবের ইংরাজী অনুবাদে এই ভাব প্রকাশমান। যথা,—"Thou art a God, thou art wondrous friends of the Gods, the Vasu of the Vasus, fair in sacrifice." সায়ণের ভাষ্যে ও এই ব্যাখ্যায় স্বতঃই পার্থক্য দৃষ্ট হইবে। পক্ষান্তরে আবার "The Vasus of the Vasus" বাক্যাংশের বিশ্লেষণে লিখিয়াছেন,—"Best of the class of Gods called Vasus; or the good among the good." এখানে কিন্তু আবার ভাবে গুণ-বিভূতির ভাব প্রকাশ হইয়া পড়িয়াছে। ম্যাক্সমূলারের সংস্করণে ওল্ডেনবর্গের অনুবাদে 'মিত্রঃ' পদে "friend, of the gods" অর্থ লিখিত হইয়াছে। কিন্তু সে ক্ষেত্রে "বসূনাম বসুঃ" পদদ্বয়ের "Vasu of the Vasus" প্রতিবাক্যই পরিদৃষ্ট হয়।

মন্ত্রের প্রার্থনা,—জ্ঞান-সাহায্যে আমরা যেন সকল দেবভাবের অধিকারী হই, দেবতা যেন মিত্র হইয়া আসেন, দেবতা যেন শ্রেষ্ঠ-নিবাসয়িতা শ্রেষ্ঠ-ধনদাতা হইয়া আসেন। তদ্দ্বারা যেন রিপুগণের কবল হইতে মুক্তি পাই এবং যেন মোক্ষস্থান লাভ করি॥ (১ম—৯৪সূ—১৩ঋ)॥

— ॰ —

চতুর্দ্দশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুর্নবতিতমং সূক্তং। চতুর্দ্দশী ঋক্।)

তত্তে ভদ্রং যৎসমিদ্ধঃ স্বে দমে সোমাহুতো

জরসে মৃড়য়ত্তমঃ।

দধাসি রত্নং দ্রবিণং চ দাশুষেঽগ্নে সখ্যে

মা রিষামা বয়ং তব॥ ১৪॥

• • •

পদ-বিশ্লেষণং।

তৎ। তে। ভদ্রং। যৎ। সংঽইদ্ধঃ। স্বে। দমে। সোমঽআহুতঃ।

জরসে। মৃড়য়ৎঽতমঃ।

দধাসি। রত্নং। দ্রবিণং। চ। দাশুষে। অগ্নে। সখ্যে।

মা। রিষাম। বয়ং। তব॥ ১৪॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে জ্ঞানদেব! 'যৎ' (যদা) 'স্বে দমে' (আত্মনি নিবাসস্থানে, উপাসকানাং সাধূনাং বা হৃদ্রূপে যজ্ঞগৃহে ইত্যর্থঃ) 'সমিদ্ধঃ' (সম্যক্ উদ্দীপ্তঃ, সর্ব্বথা উদ্বুদ্ধঃ) তথা 'সোমাহুতঃ' (সত্ত্বেন সন্তর্পিতঃ, সত্ত্বেন সহ সম্মিলিতঃ সন্) 'মৃড়য়ত্তমঃ' (উপাসকানাং অতিশয়েন সুখ-সাধকঃ ত্বং) 'জরসে' (স্তূয়সে উপাসকৈঃ, স্তুতঃ ভবসি) ; 'তৎ' (তদা) 'তে' (তব) 'ভদ্রং' (প্রশস্তং, মাহাত্ম্যং ইত্যর্থঃ) সর্ব্বতঃ প্রকাশ্যতে ইতি শেষঃ ; 'চ' (তদৈব চ ত্বং) 'দাশুষে' উপাসকায়) 'রত্নং' (রমণীয়ং) 'দ্রবিণং' (ধনং) 'দধাসি' (প্রযচ্ছসি) ; 'অগ্নে' (হে জ্ঞানদেব) 'তব সখ্যে' (ভবদীয়স্য সখিত্বে প্রাপ্তে সতি, জ্ঞানানুসারিতয়া ইত্যর্থঃ) 'বয়ং মা রিষাম' (বয়ং শত্রুভিঃ হিংসিতা ন ভবেম, সদৈব রক্ষাং প্রাপ্নুবাম)। সত্ত্বভাবেন সহ সাম্মিলিতং জ্ঞানং সত্বরং পরমং ধনং দদাতি—ইতি ভাবঃ। (১ম—৯৪সূ—১৪ঋ)।

•
•

বঙ্গানুবাদ।

হে জ্ঞানদেব! যখন আপনার নিবাসস্থানে অর্থাৎ উপাসকগণের বা সাধুগণের হৃদয়-রূপ যজ্ঞগৃহে সম্যক উদ্দীপ্ত (সর্ব্বথা উদ্বুদ্ধ) এবং সত্ত্বের দ্বারা সন্তর্পিত (সত্ত্বভাবের সহিত মিলিত) হইয়া, উপাসকগণের অতিশয় সুখসাধক আপনি, উপাসকগণ কর্ত্তৃক স্তুত হয়েন ; তখন আপনার মাহাত্ম্য সর্ব্বতঃ প্রকাশ পায় ; এবং তখনই আপনি উপাসকের জন্য রমণীয় ধন প্রদান করেন ; হে জ্ঞানদেব! আপনার সখিত্ব প্রাপ্ত হইয়া, জ্ঞানানুসারিতার দ্বারা, আমরা যেন শত্রুগণ কর্ত্তৃক হিংসিত না হই, সদাকাল যেন রক্ষা প্রাপ্ত হই। (ভাব এই যে,—সত্ত্বভাবের সহিত সম্মিলিত জ্ঞান ত্বরায় পরম ধন প্রদান করেন।) ॥ (১ম—৯৪সূ—১৪ঋ) ॥

•
•

সায়ণ-ভাষ্যং।

হে অগ্নে তে ত্বৎসম্বন্ধি তৎ খলু ভদ্রং ভজনীয়ং। প্রশস্তমিত্যর্থঃ। কিং পুনস্তৎ। স্বে দমে স্বকীয়ে উত্তরবেদিলক্ষণে নিবাসস্থানে। তস্মৈষষ্ঠো লোকো যদুত্তরবেদীনাভিরিতি শ্রুতেঃ (ঐ০ ব্রা০ ১।২৮)। তস্যামুত্তরবেদ্যাং সমিদ্ধঃ সম্যক্ ইদ্ধঃ প্রজ্বলিতঃ সোমাহুতো

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে অগ্নে! 'তে' আপনার সম্বন্ধীয় 'তৎ' তাহাই 'ভদ্রং' ভজনীয় প্রশস্ত। আর তাহা কিরূপ ? 'স্বে দমে' স্বকীয় উত্তরবেদিলক্ষণ নিবাসস্থানে। এইরূপ শ্রুতি আছে,—'তস্মৈষষ্ঠো লোকো যদুত্তরবেদীনাভিঃ' (ঐ০ ব্রা০ ১।২৮) ইতি। সেই উত্তর বেদীতে 'সমিদ্ধঃ' সম্যক্ ইদ্ধ প্রজ্বলিত 'সোমাহুতঃ' হুত সোমরসের দ্বারা সন্তর্পিত হইয়া 'জরসে' ঋত্বিক্‌গণ

হুতেন সোমরসেন সন্তর্পিতঃ সন্ জরসে। ঋত্বিগ্‌ভিঃ স্তূয়সে ইতি যদস্তি তত্তস্মিতার্থঃ। এবং প্রশস্তস্থং মৃড়য়ত্তমোঽতিশয়েনাস্মাকং সুখয়িতা ভূত্বা রত্নং রমণীয়ং কর্ম্মফলং বা দ্রবিণং ধনং চ দাশুষে হবির্দ্দত্তবতে যজমানায় দধাসি। প্রযচ্ছসি। অন্যৎ সমানং॥

সমিদ্ধঃ। ঞিইন্ধী দীপ্তৌ। কর্ম্মণি নিষ্ঠা। শ্বীদিতো নিষ্ঠায়ামিতীট্প্রতিষেধঃ। গতিরনন্তর ইতি গতেঃ প্রকৃতিস্বরত্বং। সোমাহুতঃ। সোমেনাহুতঃ। তৃতীয়া কর্ম্মণীতি পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। জরসে। জরতিঃ স্তুতিকর্ম্মা (নি০ ৩।১৪)। ব্যত্যয়েন কর্ম্মণি কর্ত্তৃপ্রত্যয়ঃ। যদ্বৃত্তযোগাদনিঘাতঃ। দধাসি। অভ্যস্তানামাদিরিত্যাদ্যুদাত্তত্বং॥ (১ম—৯৪সূ—১৪ঋ)॥

• • •

চতুর্দ্দশ (১০৪২) ঋকের বিশদার্থ।

—§•:•×•:•§—

'সমিদ্ধঃ' এবং 'সোমাহুতঃ' পদদ্বয় উপলক্ষে এই মন্ত্রের অর্থ-নিষ্কাশনে মতান্তর ঘটিয়াছে। 'সমিদ্ধঃ' পদে সম্যক্ প্রজ্বলিত অর্থই সাধারণতঃ গৃহীত হয়। সুতরাং অগ্নির সম্বন্ধেই যে ঐ পদ প্রযুক্ত হইয়াছে, প্রধানতঃ তাহাই সিদ্ধান্তিত হইয়া থাকে। তার পর, 'সোম' বলিতে 'সোমলতার রস' অর্থ গ্রহণ করিয়া 'সোমাহুতঃ' পদে 'সোমরসের দ্বারা পূজিত' অর্থ ই সাধারণতঃ প্রচলিত দেখি। এই প্রকারে মন্ত্রের যে অর্থ দাঁড়াইয়া গিয়াছে, তাহার একটী বাঙ্গালা ও একটী ইংরাজী আদর্শ নিম্নে প্রকাশ করিতেছি। যথা,—

> (১) "স্বকীয় স্থানে প্রজ্বলিত সোমরস দ্বারা আহুত হইয়া যখন তুমি পূজিত হও তখন তুমি সুখসম্ভোগ কর; তুমি আমাদের সুখকর হইয়া হব্যদাতাকে রমণীয় ফল ও ধন দান কর; হে অগ্নি! তুমি আমাদের বন্ধু থাকিলে আমরা হিংসিত হইব না।"

কর্ত্তৃক স্তুত হয়েন; অর্থাৎ, এইরূপ যাহা থাকে, সেই ভদ্রকে। এইরূপ প্রশস্ত আপনি 'মৃড়য়ত্তমঃ' অতিশয়রূপে আমাদিগের সুখয়িতা হইয়া 'রত্নং' রমণীয় কর্ম্মকে বা ফলকে 'দ্রবিণং' এবং ধনকে 'দাশুষে' হবির্দ্দানকারী যজমানের জন্য 'দধাসি' প্রদান করেন। অন্য অংশের অর্থ পূর্ব্বের ন্যায়।

সমিদ্ধঃ। ঞিইন্ধী ধাতু দীপ্তি অর্থ প্রকাশ করে। কর্ম্মণি বাচ্যে নিষ্ঠা প্রত্যয়। 'শ্বীদিতো নিষ্ঠায়াম্' ইত্যাদি সূত্রে ইটের প্রতিষেধ। 'গতিরনন্তরঃ' ইত্যাদি সূত্রে 'গতির' (গম ধাতুর) প্রকৃতিস্বরত্ব। সোমাহুতঃ। সোমের দ্বারা আহুত। 'তৃতীয়া কর্ম্মণি' ইত্যাদি সূত্রে পূর্ব্বপদের প্রকৃতিস্বরত্ব। জরসে। জরতিঃ পদে স্তুতিকর্ম্মফলকে বুঝায়। ব্যত্যয়ের দ্বারা কর্ম্মে কর্ত্তৃপ্রত্যয়। যদ্বৃত্তযোগ-হেতু অনিঘাত। দধাসি। 'অভ্যস্তানামাদিঃ' ইত্যাদি সূত্রে অভ্যস্তের আদ্যুদাত্তত্ব॥ (১ম—৯৪সূ—১৪ঋ)॥

• • •

বঙ্গভাষার প্রচলিত অনুবাদে যে ভাব প্রকাশ পাইয়াছে, প্রচলিত ইংরাজী অনুবাদেও তাহারই প্রতিচ্ছবি দেখি। যথা,—

(2) "That is thy glorious (nature) that when kindled in thy own house, and fed with Soma, thou art awake, the most merciful one. Thou bestowest treasures and wealth on the worshiper. Agni! May we suffer no harm in the friendship."

বলা বাহুল্য, ভাষ্যের অনুসরণেই এই সকল ব্যাখ্যা প্রকাশ পাইয়াছে। কিন্তু এক দিকে জ্বলন্ত অগ্নি, অন্য দিকে তৎকর্তৃক ধনরত্ন দান,—এই দুইয়ের সামঞ্জস্য রক্ষা করা যায় না।

এখন, আমাদিগের দৃষ্টিতে যে অর্থ পরিগৃহীত, তাহারই একটু বিশ্লেষণ করিতেছি। 'সমিদ্ধঃ' পদে উদ্দীপ্ত করার জাগরিত করার উদ্বুদ্ধ করার ভাব প্রাপ্ত হই। 'সোমহুতঃ' পদে 'সত্ত্বভাবের দ্বারা পূজিত অর্থাৎ সত্ত্বভাবের সহিত সম্মিলিত' অর্থ গ্রহণ করা যায়। জ্ঞান যখন হৃদয়ে জাগরূক হয়, জ্ঞানের সহিত যখন সত্ত্বভাব আসিয়া যোগদান করে; তখনই জ্ঞানের ক্রিয়া সর্ব্বতোভাবে প্রকাশ পায়, তখনই জ্ঞানের মাহাত্ম্য পরিদৃষ্ট হইয়া থাকে। জ্ঞান যে প্রকৃষ্ট সুখের সাধয়িতা, জ্ঞানের সাহায্যে যে রমণীয় পরম ধন প্রাপ্ত হওয়া যায়; তখন তাহা দেখিতে পাই। 'ভদ্রং' পদে মাহাত্ম্য বা প্রশংসা বুঝায়। 'স্বে দমে' পদদ্বয়ে সাধারণতঃ অগ্নিকুণ্ডে যজ্ঞগৃহে অর্থ গৃহীত হয়। কিন্তু আমরা বলি, ঐ দুই পদে জ্ঞানের আপনার যে নিবাস-স্থান, তাহাকেই লক্ষ্য করে। সে স্থান কি প্রকার? সে স্থান কোথায়? সাধু উপাসকগণের হৃদয়ই সেই স্থান। আমরা তাই 'স্বে. দমে' পদদ্বয়ের প্রতিবাক্যে 'উপাসকানাং সাধুনাং হৃদ্রূপে যজ্ঞগৃহে' ইত্যাদি পদাবলি গ্রহণ করিয়াছি। 'জরসে' পদে উপাসকগণ কর্ত্তৃক স্তুত হয়েন—এইরূপ অর্থ প্রাপ্ত হওয়া যায়।

মন্ত্রের প্রথমাংশ, প্রথম চরণটী সম্পূর্ণ এবং দ্বিতীয় চরণের প্রথম জ্ঞানদেবতার মাহাত্ম্য প্রকাশ করিতেছে; এবং তাঁহার প্রাপ্তির উ— নির্দ্দিষ্ট হইয়াছে। দ্বিতীয় চরণের শেষ পাদে পূর্ব্ব পূর্ব্ব মন্ত্রের ন্যা আত্মরক্ষার কামনাই প্রকাশ পাইয়াছে। (১ম—৯৪সূ—১৪ঋ)॥

—•—

সুখ ও শান্তি

(মনোহর উপন্যাস)

পূজনীয় শ্রীযুক্ত দুর্গাদাস লাহিড়ী মহাশয়ের প্রণীত।

নূতন সুলভ সংস্করণ প্রকাশিত হইল।

যদি উপন্যাস-পাঠের অনুপম আনন্দ লাভ করিতে চাহেন, এই "সুখ ও শান্তি" উপন্যাস পাঠ করুন।

যদি আপনার সহধর্ম্মিণীকে, পুত্র-কন্যাকে ও ভাই-ভগিনীকে কোনও উপন্যাস পড়িতে দিতে চাহেন, তবে নিঃসঙ্কোচে এই "সুখ ও শান্তি" উপন্যাস পড়িতে দেন।

একাধারে আনন্দ ও সুশিক্ষা—এই "সুখ ও শান্তি" উপন্যাসেই প্রাপ্ত হইবেন।

'সুখ ও শান্তি' উপন্যাসের কাঁপড়ের বাঁধাই রাজসংস্করণের মূল্য ছিল—৩৲ তিন টাকা। বর্ত্তমান সংস্করণ—কাগজের মলাট—মূল্য নির্দ্দিষ্ট হইল—১৲ এক টাকা মাত্র।

প্রতি খণ্ডের অতিরিক্ত ভিঃ পিঃ খরচা ।৷৹ আট আনা। এক সঙ্গে পাঁচ খানি গ্রহণ করিলে, মায় ভিঃ পিঃ খরচা পাঁচ টাকাতেই পাইবেন।

পূজনীয় শ্রীযুক্ত দুর্গাদাস লাহিড়ী মহাশয়ের প্রণীত ও সম্পাদিত অন্যান্য গ্রন্থাবলী।

১। সুবর্ণ-বলয়—সচিত্র। শিক্ষাপ্রদ উৎকৃষ্ট সামাজিক উপন্যাস। মূল্য তিন টাকা।
২। লক্ষ্মণ-সেন—(উপন্যাস) জয়দেব ও পদ্মাবতীর পুণ্যকাহিনী। মূল্য দুই টাকা।
৩। চিত্রাবলি—শিক্ষাপ্রদ ও আনন্দপ্রদ মনোহর গল্প। মূল্য দেড় টাকা।
৪। পঞ্চানন্দের পঞ্চরঙ্গ। সচিত্র। শিক্ষাপ্রদ রসরঙ্গ। মূল্য দুই টাকা।
৫। নবরত্ন—(উপন্যাস কল্পতরু)। নয় জন বিশিষ্ট লেখকের রচিত। মূল্য তিন টাকা।
৬। অদৃষ্ট-চক্র—(মুসলমানবীর)। পূর্ববঙ্গের বীরকীর্ত্তি—উপন্যাস। মূল্য তিন টাকা।
৭। মণি—(গল্পমালা)। সুশিক্ষাপ্রদ মনোহর গল্প-সমূহ। মূল্য দেড় টাকা।
৮। সাধনা—জ্ঞান ভক্তি কর্ম্ম—ত্রিতত্ত্বের নিগূঢ় রহস্য। মূল্য দেড় টাকা।
৯। সৎপ্রসঙ্গ—(ধর্ম্মভাবোদ্দীপক মনোহর গ্রন্থ)। মূল্য দেড় টাকা।
১০। এনক আর্ডেন—(টেনিসনের পদ্যানুবাদ)। মূল্য আট আনা।

প্রকাশক :—শ্রীধীরেন্দ্রনাথ লাহিড়ী।
"পৃথিবীর ইতিহাস" কার্য্যালয়, হাওড়া। (কলিকাতা।)

Printed and Published by Dhirendranath Lahiri, at the "Prithibir Itihasha" Printing Works, at 65, Kali Prosad Banerji's Lane, Khirertola, Howrah.

ঋগ্বেদ-সংহিতা।

(১৪৯)

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা

ব্যাখ্যাতা সম্পাদিতা চ।

হাওড়া-সহরস্থে

"পৃথিবীর ইতিহাস" মুদ্রা-যন্ত্রে

শ্রীধীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা

মুদ্রিতা প্রকাশিতা চ।

১৩৩০ সালাব্দাঃ।

— o —

পঞ্চদশী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুর্নবতিতমং সূক্তং। পঞ্চদশী ঋক্।)

যস্মৈ ত্বং সুদ্রবিণো দদাশোঽনাগাস্ত্বমদিতে সর্ব্বতাতা।
যং ভদ্রেণ শবসা চোদয়াসি প্রজাবতা
রাধসা তে স্যাম ॥ ১৫ ॥

পদ-বিশ্লেষণং।

যস্মৈ। ত্বং। সুঽদ্রবিণঃ। দদাশঃ। অনাগাঃঽত্বং। অদিতে। সর্ব্বঽতাতা।
যং। ভদ্রেণ। শবসা। চোদয়াসি। প্রজাঽবতা।
রাধসা। তে। স্যাম ॥ ১৫ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অদিতে' (হে অখণ্ডনীয়, সর্ব্বব্যাপিন্) 'সর্ব্বতাতা' (সকলসৎকর্ম্মপরায়ণায়) 'যস্মৈ' (উপাসকায়) 'সুদ্রবিণঃ' (সকলাৎ শোভনধনাৎ, সুষ্ঠুধনমধ্যগতাৎ) 'অনাগাস্ত্বং' (অপাপত্বং, পাপরহিতাবস্থাং ইতি ভাবঃ) 'ত্বং দদাশঃ' (ত্বং প্রযচ্ছসি), তথা 'যং' (উপাসকং) 'ভদ্রেণ' (কল্যাণপ্রদেন, শুভসাধকেন ইত্যর্থঃ) 'শবসা' (বলেন, সৎকর্ম্ম-সাধনসামর্থ্যেন সহ) 'চোদয়াসি' (সংযোজয়সি) ; 'তে' (সর্ব্বে উপাসকাঃ এব) 'প্রজাবতা' (পুত্রপৌত্রাদিযুক্তেন বংশপরম্পরাক্রমেণ বা) 'রাধসা' (পরমার্থরূপেণ ধনেন সহ) 'স্যাম' (সন্তি, চিরং সুখিনঃ ভবন্তি ইতি ভাবঃ) ; যদ্বা,—'তে' (উপাসকাঃ) পরাগতিং লভন্তে ; হে ভগবন্! বয়ং উপাসকা ভবৎকৃপয়া 'প্রজাবতা' (পুত্রপৌত্রাদিনা সহ, বংশপরম্পরয়া ইত্যর্থঃ) 'রাধসা' (পরমার্থরূপেণ ধনেন যুক্তাঃ) 'স্যাম' (ভবেম)। অয়ং ভাবঃ—সৎকর্ম্মপরায়ণঃ উপাসকঃ স্বতমেব ভগবতঃ করুণাং প্রাপ্নোতি ; কর্ম্মহীনাঃ বয়ং ভবতঃ করুণাং যাচামহে। (১ম—৯৪সূ—১৫ঋ) ॥

বঙ্গানুবাদ।

হে অখণ্ডনীয় সর্ব্বব্যাপিন্! সকল সৎকর্ম্মপরায়ণ যে উপাসকের জন্য, সকল শোভনধনের মধ্য হইতে পাপবিরহিত অবস্থাকে আপনি প্রদান করেন; এবং যে উপাসককে কল্যাণপ্রদ সৎকর্ম্মসাধনসামর্থ্যের সহিত সংযুক্ত করেন; সেই সকল উপাসকই পুত্রপৌত্রাদিযুক্ত হইয়া অথবা বংশপরম্পরা-ক্রমে পরমার্থ-রূপ ধনের সহিত চিরসুখী হয়েন; অথবা,—সেই উপাসকগণ পরাগতি লাভ করেন; হে ভগবন্! এই উপাসক আমরা যেন আপনার কৃপায় পুত্রপৌত্রাদি সহ, বংশ-পরম্পরা-ক্রমে, পরমার্থ-রূপ ধন প্রাপ্ত হই। (ভাব এই যে,—সৎকর্ম্মপরায়ণ উপাসক স্বতঃই ভগবানের করুণাকে প্রাপ্ত হয়েন; কর্ম্মহীন আমরা আপনার করুণা যাচ্ঞা করিতেছি।)॥ (১ম—৯৪সূ—১৫ঋ)॥

সায়ণ-ভাষ্যং।

হে সুদ্রবিণঃ শোভনধনাদিতেঽখণ্ডনীয়াগ্নে সর্ব্বতাতা সর্ব্বাসু কর্ম্মততিষু। যদ্বা সর্ব্বেষু যজ্ঞেষু বর্ত্তমানায় যস্মৈ যজমানায়ানাগাস্ত্বমপাপত্বং পাপরাহিত্যেন কর্ম্মার্হতাং ত্বং দদাশঃ। প্রযচ্ছসি। স যজমানঃ সমৃদ্ধো ভবতি। যং চ যজমানং ভদ্রেণ ভজনীয়েন কল্যাণেন শবসা বলেন চোদয়াসি। সংযোজয়সি। সোঽপি সমৃদ্ধো ভবতি। বয়ং চ স্তোতারঃ প্রজাবতা প্রজাভিঃ পুত্রপৌত্রৈর্যুক্তেন তে রাধসা ত্বয়া দত্তেন ধনেন যুক্তাঃ স্যাম। ভবেম।

সুদ্রবিণঃ। শোভনানি দ্রবিণানি ধনানি যস্য। দ্রু গতৌ। দ্রুদক্ষিভ্যামিনন্। দ্রবিণ-শব্দস্যান্তে সকারোপজনশ্ছান্দসঃ। দদাশঃ। দাশৃ দানে। লেটোঽডাগমঃ। বহুলং ছন্দসীতি শপঃ শ্লুঃ। অভ্যস্তানামাদিরিত্যাদ্যুদাত্তত্বং। সর্ব্বতাতা। সর্ব্বদেবাত্তাতিলিতি স্বার্থে

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'সুদ্রবিণঃ' শোভনধন 'অদিতে' অখণ্ডনীয় অগ্নে! 'সর্ব্বতাতা' সকল কর্ম্মততিসমূহে অথবা সকল যজ্ঞসমূহে বর্ত্তমান 'যস্মৈ' যে যজমানের জন্য 'অনাগাস্ত্বং' নিষ্পাপ আপনি পাপ-রাহিত্যের দ্বারা কর্ম্মার্হতাকে 'ত্বং' 'দদাশঃ' আপনি প্রদান করেন; সেই যজমান সমৃদ্ধ হয়। 'যং' এবং যে যজমানকে 'ভদ্রেণ' ভজনীয় কল্যাণীয় 'শবসা' বলের দ্বারা 'চোদয়াসি' সংযোজিত করেন; সেও সমৃদ্ধ হয়। এই স্তোতৃগণ আমরাও যেন 'প্রজাবতাঃ' প্রজাসমূহে পুত্রপৌত্রাদি-যুক্ত হইয়া 'তে রাধসা' আপনার প্রদত্ত ধনের দ্বারা যুক্ত 'স্যাম' হই।

সুদ্রবিণঃ। শোভন ধনসমূহ যাঁহার। দ্রু-ধাতু গত্যর্থক। 'দ্রুদক্ষিভ্যামিনন্' ইত্যাদি সূত্রে ইনন্-প্রত্যয়। দ্রবিণ-শব্দের শেষে ছান্দসে স-কার উপজন। দদাশঃ। দাশৃ-ধাতু দান অর্থ বুঝায়। লেটে অট্ আগম্। 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের স্থানে শ্লু। 'অভ্যস্তানামাদিঃ' ইত্যাদি সূত্রে আদ্যুদাত্তত্ব। সর্ব্বতাতা। 'সর্ব্বদেবাত্তাতিল্' ইত্যাদি

তাতিল্‌-প্রত্যয়ঃ। যাস্কপক্ষে তু সর্ব্বান্তস্তয়ো যেষু যাগেম্বিতি বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। বর্ণব্যাপত্ত্যাদ্বং। উভয়ত্রাপি সুপাং সুলুগিতি সপ্তম্যা ডাদেশঃ। চোদয়াসি। চুদ প্রেরণে। লেট্যড়াগমঃ॥ (১ম—৯৪সূ—১৫ঋ)॥

• . •

পঞ্চদশ (১০৪৩) ঋকের বিশদার্থ।

—•: × :•—

এই মন্ত্রের অন্তর্গত 'স্যাম' ক্রিয়া-পদটী মন্ত্রার্থ-পরিগ্রহণে বিষম সংশয় আনয়ন করিয়াছে। ঐ ক্রিয়ার বিভক্তি অব্যাহত রাখিতে হইলে, অনেকগুলি পদ অধ্যাহার করার প্রয়োজন হয়। প্রথমতঃ 'যস্মৈ' ও 'যং' পদদ্বয়ে যে মন্ত্রাংশ আরম্ভ হইয়াছে, তাহাদিগের পরিসমাপ্তি-পক্ষে এক একটী ক্রিয়া-পদের আবশ্যক। তদনুসারে ভাষ্যে, "স যজমানঃ সমৃদ্ধো ভবতি" বাক্যাংশ দুই বার অধ্যাহার করিয়া আনা হইয়াছে। তার পর, 'স্যাম' ক্রিয়া-পদকে অব্যাহত রাখার পক্ষেও "বয়ং চ স্তোতারঃ" বাক্যাংশ সংযুক্ত হইতে দেখি।

আমরা এখানে দ্বিবিধ পথের অনুসরণ করিয়াছি। প্রথমতঃ, আমরা মনে করি, 'স্যাম' এই ক্রিয়া-পদের বিভক্তি বিধিলিঙের স্থলে লট্‌ হওয়াই সঙ্গত; 'স্যাম' এই ক্রিয়ার পরিবর্ত্তে 'সন্তি' পদ মাত্র গ্রহণ করিলে, আর কোনই নূতন পদ অধ্যাহার করার আবশ্যক হয় না। তদনুসারে মন্ত্রটী প্রার্থনা-পক্ষে প্রযুক্ত না হইয়া ভগবানের মাহাত্ম্য-প্রখ্যাপক বলিয়াই সিদ্ধান্তিত হয়। ভাষ্যে 'তে' পদটীর 'ত্বায়' প্রতিবাক্য গ্রহণানন্তর 'প্রজাবতা রাধসা' পদদ্বয়ের সহিত তাহার সম্বন্ধ নির্দ্দেশ করা হইয়াছে। কিন্তু আমরা বলি, 'তে' পদ সেই উপাসকগণের সম্বন্ধে প্রযুক্ত,—দেবতা যাঁহাদিগকে পাপরহিত করেন এবং শক্তিসামর্থ্য দান করিয়া থাকেন। 'সুদ্রবিণঃ' পদটী সম্বোধনের পদ-রূপে ভাষ্যাদিতে গৃহীত হইয়াছে; এবং তজ্জন্যই 'সুদ্রবিণঃ' পদকে ছান্দস পরিকল্পনা করিয়া, ভাষ্যে 'সুদ্রবিণ'

সূত্রে স্বার্থে তাতিল্‌-প্রত্যয়। যাস্ক-পক্ষে কিন্তু 'সর্ব্বান্তস্তয়ঃ যেষু যাগেষু' ইত্যাদি বাক্যে বহুব্রীহিতে পূর্ব্বপদে প্রকৃতস্বরত্ব। বর্ণব্যাপত্তি-হেতু আত্ব। উভয় স্থলেই 'সুপাং সুলুক্‌' ইত্যাদি সূত্রে সপ্তমীতে ডা-আদেশ হইয়াছে। চোদয়াসি। চুদ-ধাতু প্রেরণার্থক। লেটে অট্‌ আগম হইয়াছে। (১ম—৯৪সূ—১৫ঋ)॥

• . •

প্রতিবাক্য দেখিতে পাই। কিন্তু আমরা বলি, এখানে 'সুদ্রবিণঃ' পদটী পঞ্চমী-বিভক্তি-বিশিষ্ট। পূর্ব্ব ঋকে বলা হইয়াছে, উপাসকের জন্য দেবতা 'রত্নং দ্রবিণং' প্রদান করেন। এখানকার ভাব এই যে, সেই দ্রবিণের মধ্য হইতে 'অনাগাস্ত্বং' অর্থাৎ পাপ-রাহিত্য-রূপ দ্রবিণকে প্রদান করিয়া থাকেন। সকল ধনের শ্রেষ্ঠ ধন—পাপ-রাহিত্য নিষ্পাপ অবস্থা। যিনি 'সর্ব্বতাতা' অর্থাৎ সর্ব্বদা সর্ব্বপ্রকারে সৎকর্ম্মে রত রহিয়াছেন, দেবতা ভগবান্ তাঁহাকে সকল ধনের সার ধন প্রদান করেন; অর্থাৎ, তাঁহাকে পাপরহিত নিষ্পাপ অবস্থায় লইয়া যান।

মন্ত্রের সম্বোধন—'অদিতে।' ঐ পদে অখণ্ডনীয় অনন্ত সর্ব্বব্যাপী ভাব আসে; তদ্দ্বারা সর্ব্ববিভূতিসমষ্টিভূত সর্ব্বদেবময় ব্রহ্ম বা ভগবান্ ঐ পদের দ্যোতক হয়েন। এখানে ঐ সম্বোধন ভগবৎ-পক্ষে বলিয়াও মনে করা যায়। যদি জ্ঞান-পক্ষে অর্থ গ্রহণ করি, তাহাতে অখণ্ড পূর্ণ জ্ঞান বুঝাইয়া থাকে। পূর্ণ জ্ঞানের দ্বারাই মানুষ পাপরহিত অবস্থায় উপনীত হয়। তাই তাঁহাকে সম্বোধন করিয়াই, তাঁহার মাহাত্ম্য-তত্ত্ব ঘোষণা করা হইয়াছে। 'প্রজাবতা রাধসা' পদদ্বয়ে পুত্রপৌত্রাদি সহ বংশপরম্পরাক্রমে পরমার্থ-রূপ ধনের অধিকারী হওয়ার আকাঙ্ক্ষা প্রকাশ পাইয়াছে। বংশে কেহ যেন কখনও পাপকর্ম্মে রত না হয়, সকলেই যেন সৎকর্ম্মপরায়ণ নিষ্পাপ অবস্থায় জীবন যাপন করিতে পারে,—ইহাই তাৎপর্য্যার্থ।

এইরূপে বুঝা যায়, ভগবন্মহিমা-প্রকাশক এই মন্ত্রের ভাব এই যে,—'যিনি সৎকর্ম্মপরায়ণ, ভগবান্ তাঁহাকে সকল ধনের সার ধন পাপরহিত অবস্থা প্রদান করেন; সৎকর্ম্ম-সাধনের দ্বারা মানুষ ঐ অবস্থায় উপনীত হইয়া থাকে; সুতরাং সে শক্তিও ভগবানই মানুষকে প্রদান করিয়া থাকেন। যাঁহাদিগের প্রতি ভগবানের এইরূপ করুণা প্রকাশ পায়, তাঁহারা বংশপরম্পরাক্রমে পরমার্থ-রূপ ধনের অধিকারী হইয়া পরম সুখ প্রাপ্ত হয়েন।' এই অর্থই আমরা সঙ্গত বলিয়া মনে করি।

পক্ষান্তরে 'স্যাম' পদের বিভক্তির পরিবর্ত্তন-সাধন না করিলে, 'তে' পদের পর 'পরাগতিং লভন্তে'' ইত্যাদি বাক্যাংশ অধ্যাহার করিলেই চলিতে পারিবে। তাহাতে মন্ত্রের শেষাংশের "প্রজাবন্তা রাধসা স্যাম"

বাক্যাংশে, আপনার কৃপায় আমরা যেন পুত্রপৌত্রাদিসহ পরমধন প্রাপ্ত হই—এবম্বিধ ভাব গ্রহণ করা যায়। এ পক্ষে, মন্ত্রের প্রার্থনা,—যাঁহাদিগের প্রতি আপনার কৃপা-বারি বর্ষিত হয়, যাঁহারা নিষ্পাপ হইয়া সকল সুখের অধিকারী হয়েন, আমাদিগকে তাঁহাদিগেরই অন্তর্ভুক্ত করিয়া লউন।

একটী ইংরাজী অনুবাদে কতকটা এই ভাব প্রকাশমান দেখি। যথা;—

"May we be of those to whom thou, O possessor of beautiful wealth, O Aditi, art pleased to grant sinlessness health and wealth, and whom thou wilt quicken with glorious strength and with abundance of progeny."

ভাষ্যের অনুসরণে অগ্রসর হইয়া, সকল পদের প্রতি সমান দৃষ্টি না রাখিয়া, ব্যাখ্যাকার এই ভাব প্রকাশ করিয়াছেন। (১ম—৯৪সূ—১৫ঋ)॥

—— • ——

ষোড়শী ঋক্।

(প্রথমং মণ্ডলং। চতুর্নবতিতমং সূক্তং। ষোড়শী ঋক্।)

স ত্বমগ্নে সৌভগত্বস্য বিদ্বানস্মাকমায়ুঃ
প্র তিরেহ দেব।
তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ
পৃথিবী উত দ্যৌঃ ॥ ১৬ ॥

• • •

পদ-বিশ্লেষণং।

সঃ। ত্বং। অগ্নে। সৌভগত্বস্য। বিদ্বান্। অস্মাকং। আয়ুঃ।
প্র। তির। ইহ। দেব।
তৎ। নঃ। মিত্রঃ। বরুণঃ। মমহন্তাং। অদিতিঃ। সিন্ধুঃ।
পৃথিবী। উত। দ্যৌঃ॥ ১৬॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেব' (দীপ্তিদানাদিগুণান্বিত) 'অগ্নে' (হে জ্ঞানদেব) 'সঃ ত্বং' (প্রসিদ্ধঃ মঙ্গল-বিধায়কঃ ত্বং) 'সৌভগত্বস্য' (অস্মাকং সৌভাগ্যস্য সুমঙ্গলস্য বা—কারণং মূলতত্ত্বং ইতি যাবৎ) 'বিদ্বান্' (জানন্—তদনুসারেণ ইতি যাবৎ) 'ইহ' (অস্মিন্ কর্ম্মণি, ইহলোকে অস্মাভিঃ নিত্যানুষ্ঠিতে বিষয়-ব্যাপারসমূহে ইত্যর্থঃ) 'অস্মাকং আয়ুঃ' (অস্মাকং জীবন-কালং) 'প্রতির' (প্রকর্ষেণ বর্দ্ধয়); প্রার্থনায়াঃ ভাবঃ—হে দেব! অস্মভ্যং তৎ আয়ুঃ প্রযচ্ছ, যেন বয়ং সদৈব সৎকর্ম্মপরায়ণাঃ ভবাম, অস্মান্ চিরং সৎকর্ম্মপরায়ণান্ কুরু ইত্যর্থঃ; 'তৎ' (তেন কর্ম্মণা) 'মিত্রঃ' (মিত্রস্থানীয়ঃ দেবঃ) 'বরুণঃ' (অভীষ্টবর্ষকঃ দেবঃ) 'অদিতিঃ' (অনন্তস্বরূপঃ দেবঃ) 'সিন্ধুঃ' (স্যন্দনশীলঃ স্নেহভাবাপন্নঃ দেবঃ) 'পৃথিবী' (প্রথিতা ভূদেবতা, আশ্রয়স্থানদাতা দেবঃ ইত্যর্থঃ) 'উত' (তথা) 'দ্যৌঃ' (স্বর্গস্থানীয়ঃ সত্ত্বস্বরূপঃ দেবঃ) 'নঃ' (অস্মান্) 'মমহন্তাং' (রক্ষন্তু)। সর্ব্বে দেবাঃ অস্মাকং সৎকর্ম্মসাধনসামর্থ্যোপেতং আয়ুঃ প্রবর্দ্ধয়ন্তু; যতঃ তৎ জীবনং হি অস্মাকং একৈক উদ্ধারোপায়ং ভবতি—ইতি ভাবঃ। (১ম—৯৪সূ—১৬ঋ)॥

• • •

বঙ্গানুবাদ।

দীপ্তিদানাদিগুণান্বিত হে জ্ঞানদেব! প্রসিদ্ধ মঙ্গলবিধায়ক সেই আপনি, আমাদিগের সৌভাগ্যের সুমঙ্গলের কারণকে বা মূলতত্ত্বকে জানিয়া, তদনুসারে, ইহলোকে আমাদিগের নিত্যানুষ্ঠিত বিষয়-ব্যাপার-সমূহে আমাদিগের জীবন-কালকে প্রকর্ষের সহিত বর্দ্ধন করুন; (প্রার্থনার ভাব এই যে,—হে দেব! আপনি আমাদিগকে সেই আয়ু প্রদান করুন, যাহার দ্বারা সর্ব্বদা আমরা সৎকর্ম্মপরায়ণ হই; অর্থাৎ, আমাদিগকে চির-সৎকর্ম্মপরায়ণ করুন); সেই কর্ম্মের দ্বারা মিত্রস্থানীয় মিত্রদেব, অভীষ্ট-বর্ষক বরুণদেব, অনন্তস্বরূপ অদিতি-দেব, স্যন্দনশীল স্নেহভাবাপন্ন সিন্ধু-দেব, আশ্রয়স্থানপ্রদাতা পৃথিবী-দেবতা এবং স্বর্গস্থানীয় সত্ত্বস্বরূপ দ্যু-দেবতা আমাদিগকে রক্ষা করুন; (ভাব এই যে,—সকল দেবতা আমাদিগের সৎকর্ম্মসাধনসামর্থ্যোপেত জীবনকে প্রবর্দ্ধিত করুন; যেহেতু সেই জীবনই আমাদিগের একমাত্র উদ্ধারোপায় হয়।)॥ (১ম—৯৪সূ—১৬ঋ)॥

• • •

সায়ণ-ভাষ্যং।

হে দেব দানাদিগুণযুক্তাগ্নে স পূর্ব্বোক্তগুণবিশিষ্টস্ত্বং সৌভগত্বস্য সুভগত্বং সৌভাগ্যং বিদ্বান্ জানন্ ইহাস্মিন্ কর্ম্মণ্যস্মাকমায়ুঃ প্রতির। প্রবর্দ্ধয়। প্রপূর্ব্বস্তিরতির্বর্দ্ধনার্থঃ। ত্বয়া প্রবর্দ্ধিতং নোঽস্মাকং তদায়ুর্মিত্রাদয়ঃ ষড়্ দেবতা মামহন্তাং। পূজয়ন্তাং। রক্ষন্ত্বিত্যর্থঃ। মিত্রঃ প্রমীতেস্ত্রাতা বরুণোঽবশিষ্টানাং নিবারয়িতা। অদিতিরদীনাখণ্ডনীয়া বা দেবমাতা। সিন্ধুঃ স্যন্দনশীলোদকাত্মা দেবতা। পৃথিবী প্রথিতা ভূদেবতা। উতোত সমুচ্চয়ে। দ্যৌঃ প্রকাশমানা দ্যুলোকাত্মা দেবতা। এতাশ্চ সর্ব্বা অগ্নিনা প্রবর্দ্ধিতমায়ুর্ম্মমহন্তামিতি পূর্ব্বত্রান্বয়ঃ॥

সৌভগত্বস্য। সুভগস্য ভাবঃ সৌভগং। সুভগান্মন্ত্র ইত্যুদ্গাত্রাদিষু পাঠাৎ ভাবেঽঞ্। পুনরপি ভাবপ্রত্যয়োৎপত্তিশ্ছান্দসী। মমহন্তাং। মহ পূজায়াং। ভৌবাদিকঃ। লোটি বহুলং ছন্দসীতি শপঃ শ্লুঃ। তুজাদিত্বাদভ্যাসস্য দীর্ঘত্বং॥ (১ম—৯৪সূ—১৬ঋ)॥

ইতি প্রথমস্য ষষ্ঠে দ্বাত্রিংশো বর্গঃ॥ ১।৬।৩২॥

• • •

বেদার্থস্য প্রকাশেন তমোহার্দ্দং নিবারয়ন্।
পুমর্থাংশ্চতুরো দেয়াদ্বিদ্যাতীর্থমহেশ্বরঃ॥

ইতি শ্রীমদ্রাজাধিরাজপরমেশ্বরবৈদিকমার্গপ্রবর্ত্তকশ্রীবীরবুক্কভূপালসাম্রাজ্য-ধুরন্ধরেণ সায়ণাচার্য্যেণ বিরচিতে মাধবীয়ে বেদার্থপ্রকাশে ঋক্সংহিতা-ভাষ্যে প্রথমাষ্টকে ষষ্ঠোঽধ্যায় সমাপ্তঃ॥

• • •

সায়ণ-ভাষ্যের বঙ্গানুবাদ।

হে 'দেব' দানাদিগুণযুক্ত 'অগ্নে' অগ্নি! 'সঃ' পূর্ব্বোক্তগুণবিশিষ্ট 'ত্বং' আপনি 'সৌভগত্বস্য' সুভগত্বকে সৌভাগ্যকে 'বিদ্বান্' জানিয়া 'ইহ' এই কর্ম্মে 'অস্মাকং আয়ুঃ' আমাদিগের আয়ুকে 'প্রতির' প্রবর্দ্ধিত করুন। প্র-পূর্ব্বক তিরতিঃ পদ বর্দ্ধনার্থে ব্যবহৃত হয়। আপনা কর্ত্তৃক প্রবর্দ্ধিত 'নঃ' আমাদিগের 'তৎ' সেই আয়ুকে মিত্রাদি ছয়টী দেবতা 'মমহন্তাং' পূজা করুন অর্থাৎ রক্ষা করুন। 'মিত্রঃ' প্রমীতির ত্রাতা। 'বরুণঃ' অবশিষ্টগণের নিবারয়িতা। 'অদিতিঃ' অদীনা বা অখণ্ডনীয়া দেবমাতা। 'সিন্ধুঃ' স্যন্দনশীল উদকাত্মা দেবতা। 'পৃথিবী' প্রথিতা ভূদেবতা। 'উত'—এই পদ সমুচ্চয়ার্থক। 'দ্যৌ' প্রকাশমানা দ্যুলোকাত্মা দেবতা। এই সকল দেবতা অগ্নি কর্ত্তৃক প্রবর্দ্ধিত আয়ুকে রক্ষা করুন—এইরূপ পূর্ব্বের সহিত অন্বয় হইবে।

সৌভগত্বস্য। সুভগের ভাব সৌভগং। 'সুভগান্মন্ত্রে' ইত্যাদি নিয়মে উদ্গাত্রাদি-সমূহের মধ্যে পাঠহেতু ভাবে অঞ্ প্রত্যয়। পুনরায় ছান্দসে ভাবপ্রত্যয়োৎপত্তি। মমহন্তা। মহধাতু পূজা অর্থক। ভ্বাদিগণীয়। লোটে 'বহুলং ছন্দসি' ইত্যাদি সূত্রে শপের স্থানে শ্লু। তুজাদিত্ব-হেতু অভ্যাসের দীর্ঘত্ব। (১ম—৯৪সূ—১৬ঋ)॥

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের দ্বাত্রিংশ বর্গ সমাপ্ত॥ ১।৬।৩২॥

• •

ষোড়শ (১০৪৪) ঋকের বিশদার্থ।

এই মন্ত্রের দুইটী চরণের দুইটী বিষয় বিবেচনা করিবার আছে। প্রথম—অগ্নির নিকট প্রার্থনা। দ্বিতীয়—মিত্রাদি ছয়টী দেবতার স্বরূপ-তত্ত্ব নির্দ্ধারণ।

প্রার্থনা আছে—"সৌভগত্বস্য বিদ্বান্ ইহ অস্মাকং আয়ুঃ প্রতির।" এই অংশের প্রচলিত অর্থ এই যে,—'সৌভাগ্যকে অবগত আছেন; এই যজ্ঞে আমাদিগের আয়ু প্রবর্দ্ধিত করুন।" এই অর্থ হইতে কি ভাব প্রাপ্ত হওয়া যায়, তাহা চিন্তার বিষয়। 'সৌভগত্বস্য' পদে ষষ্ঠী বিভক্তি আছে। তাহাতে তাহার সহিত সম্বন্ধযুক্ত কিছু—এই ভাবই মনে আসে। সেই দৃষ্টিতেই আমরা নির্দ্দেশ করিয়াছি, ঐ পদের মর্ম্ম এই যে,—সৌভাগ্যের বা মঙ্গলের কারণ বা মূলতত্ত্ব। জ্ঞানই মানুষের সৌভাগ্যের বা সুমঙ্গলের কারণ বা মূলতত্ত্ব অবগত আছেন। জ্ঞানের সাহায্যেই আমরা শুভাশুভ কর্ম্ম নির্দ্দেশ করিয়া লই। 'সৌভগত্বস্য বিদ্বান্' পদে জ্ঞানের সেই অভিজ্ঞতার বিষয় প্রকাশ পাইয়াছে। জ্ঞানের দ্বারাই আমরা আমাদিগের ভবিষ্য মঙ্গলের বিষয় জানিতে পারি। 'ইহ' পদে আমাদিগের নিত্যানুষ্ঠিত কর্ম্মের প্রতি লক্ষ্য আসিতেছে। 'আয়ুঃ' পদে জীবন-কাল অর্থই গ্রহণ করিয়াছি। 'প্রতির' পদে প্রকর্ষের সহিত বর্দ্ধিত করুন—ভাব আসে। এতদনুসারে জ্ঞানদেবতার নিকট প্রার্থনা প্রকাশ পাইয়াছে,—'হে দেব! আপনি তো আমাদিগের ভবিষ্যৎ মঙ্গলের বিষয় জ্ঞাত আছেন; কিরূপ কর্ম্মের অনুষ্ঠান করিলে আমরা সুমঙ্গল প্রাপ্ত হইব, আপনার অবিদিত কিছুই নাই; এই বুঝিয়া আমাদিগের প্রতিদিনের কর্ম্মানুষ্ঠান-সকলকে আমাদিগের প্রকৃষ্ট শ্রেষ্ঠ আয়ুঃ প্রাপ্তির উপযোগী করিয়া দিউন। আমরা যেন এমন আয়ুঃ প্রাপ্ত হই, যে আয়ুঃ জ্ঞানের কার্য্যে—সৎকর্ম্মানুষ্ঠানে নিয়ত রত থাকে।' আমরা মনে করি, মন্ত্রের প্রথম চরণে এই ভাবই প্রকাশ পাইয়াছে।

এখন দেখা যাউক—মিত্র, বরুণ, অদিতি, সিন্ধু, পৃথিবী ও দ্যুঃ—এই যে ছয়টী দেবতার বিষয় প্রখ্যাত হইয়াছে, তাঁহারা কি প্রকার? কেই বা মিত্র, কেই বা বরুণ, কেই বা সিন্ধু, কেই বা পৃথিবী, কেই বা দ্যুঃ?

ইঁহাদিগের স্বরূপ-তত্ত্ব অনুভূত না হইলে, প্রার্থনার কোনই সার্থকতা থাকে না। প্রার্থনায় বলা হইয়াছে,—ঐ দেবতাগণ আমাদিগকে রক্ষা করুন। কিন্তু ঐ সকল নামে সাধারণতঃ যাঁহাদিগের প্রতি লক্ষ্য করা যায়, তাঁহাদিগের কাহারও সাধ্য নাই যে, আমাদিগকে রক্ষা করিতে পারেন। তুমি সারাজীবন ধরিয়া পৃথিবীর—এই জলমৃত্তিকাময়ী ধরিত্রীর—নিকট প্রার্থনা কর ; তিনি কিছুতেই তোমায় রক্ষা করিতে পারিবেন না। এইরূপ, দ্যুঃ বা আকাশ, সিন্ধু বা সমুদ্র, অথবা বরুণ বা মিত্র—কেহই তোমায় রক্ষা করিবেন না। তবে কি ঐ সকল দেবতার সম্বোধন বৃথা ? না—তাহা বলিতেছি না। তাঁহাদিগের জড়ত্বের বিষয় ভুলিয়া গিয়া, দেবত্বের বিষয় অনুধাবনা করিয়া, যদি তাঁহাদিগের উপাসনা করিতে পার, পরন্তু উপাসনা-শব্দের অন্তর্ভূত অর্থের ধ্যান-ধারণা-পূর্ব্বক যদি তাঁহাদিগের নিকটে পৌঁছিতে পার, তবেই রক্ষা প্রাপ্ত হইবে। এখানে বুঝিবার প্রয়োজন,—ঐ এক এক দেবতার মধ্যে কি গুণ বা শক্তি আছে ; এবং তাঁহাদিগের নিকট প্রার্থনায় বা তাঁহাদিগের উপাসনায় সেই গুণের বা শক্তির কতটুকু অধিকারী হওয়া যায় ! সেই গুণের বা শক্তির অধিকারিতাই—তাঁহাদিগের উপাসনা বা প্রার্থনা।

দৃষ্টান্ত দ্বারা বিষয়টী একটু বিশদ করিবার চেষ্টা করিতেছি। মনে করুন—পৃথিবী। বিচার করিয়া দেখুন—পৃথিবীর কি গুণ বা শক্তি আছে। অনুসরণ করুন—তাহার এক এক গুণের বা শক্তির। চেষ্টা করুন—তাহার অধিকারী হইবার জন্য। পৃথিবী—ধরিত্রী সর্ব্বংসহা সকলের আশ্রয়দাত্রী। পৃথিবীর বহু গুণ-শক্তির মধ্যে এই একটীর প্রতি প্রথম লক্ষ্য নির্দ্দেশ করিতেছি। পৃথিবীর উপাসনা বলিতে, তোমাকে যথাসম্ভব এই গুণ-শক্তির অধিকারী হইতে হইবে। সংসারে যদি তুমি পৃথিবীর ন্যায় সহ্য-গুণের অধিকারী হইতে পার, শত্রু-মিত্রে ভেদ-জ্ঞান না করিয়া তুমি যদি সংসারের সকলকে আপনার ক্রোড়ে আশ্রয় দিতে সমর্থ হও, তাহা হইলেই তোমার পৃথিবী-দেবতার উপাসনা করা সার্থক হইল। পৃথিবী-দেবতা যে তোমায় রক্ষা করিবেন, এইরূপ ক্ষেত্রেই তাহা সম্ভব হয়। প্রত্যেক দেবতা-সম্বন্ধে এই ভাব গ্রহণ করাই আবশ্যক। তাঁহাদিগের নিকট প্রার্থনা বা তাঁহাদিগের উপাসনা বলিতে, তাঁহাদিগের গুণ-শক্তিতে

আপনাকে গুণবন্ত ও শক্তিমন্ত করিয়া লইতে হইবে। দেবতার উপাসনায়—সামীপ্য-লাভের—ইহাই তাৎপর্য্যার্থ।

যাঁহাকে ভগবান্ বা পরমেশ্বর বলিয়া অভিহিত করি, তিনি তো কাহারও ছাড়া নহেন। তিনি সর্ব্বস্বরূপ। এ সংসারে যাহা কিছু দেখিতে পাই, যাহা কিছু বিদ্যমান আছে, সে সকলই তো তিনি বা তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ-স্বরূপ! পৃথিবী বল, সমুদ্র বল, সূর্য্যচন্দ্রগ্রহনক্ষত্রাদি বল, সকলই তাঁহার রূপ। সংসারে যত কিছু গুণ-শক্তি বা বিভূতি আছে, তিনি সকলেরই কেন্দ্রস্থল। রশ্মিসমূহ যেমন তাহাদিগের কেন্দ্র-স্থল সূর্য্য হইতে নির্গত হইয়া পৃথিবীকে পরিব্যাপ্ত করে; ভগবানের গুণ বা বিভূতিসমূহ সেইরূপ সর্ব্বত্র দেবতা-রূপে বিস্তৃত হইয়া আছে। রশ্মির অনুসরণে যেমন তাহার কেন্দ্রস্থান সূর্য্যে পৌঁছান যায়, চরাচর-ব্যাপ্ত সদ্‌গুণাবলির অনুসরণে তেমনই ভগবানে উপস্থিত হইবার সামর্থ্য আসে। মিত্রাবরুণাদি এই যে সকল দেবতার বিষয় মন্ত্রে প্রখ্যাত দেখিতেছি, তাঁহাদিগের গুণশক্তির অনুসরণেই রক্ষা প্রাপ্ত হওয়া যায়—ইহাই মর্ম্মার্থ। সে পক্ষে অনুধাবন করা আবশ্যক,—মিত্রই বা কে, বরুণই বা কে, পৃথিবীই বা কে? এইজন্যই পৃথিবী বলিতে তদাত্মক দেবতা, বরুণ বলিতে তদাত্মক দেবতা ইত্যাদি অর্থেই সঙ্গতি দেখা যায়। ভাষ্যেও লক্ষ্য করিবেন, এখানে প্রতি দেবতার নামের বিশ্লেষণ আছে। তাহাতে কোন্ দেবতার কি গুণ, তাহাই দ্যোতিত হইয়াছে।

সূক্তের শেষে, অধ্যায়ের শেষে, এই তত্ত্ব আমরা অবগত হই যে,—বিশ্ব ব্যাপিয়া বিশ্বনাথ বিদ্যমান রহিয়াছেন, অনন্ত নাম-রূপে তিনি অভিব্যক্ত হয়েন, তাঁহার সেই নাম-রূপের উপাসনা বলিতে—তাঁহার গুণ-বিশেষণের অনুসরণই বুঝাইয়া থাকে, সেই অনুসরণের ফলেই আমরা সর্ব্বথা রক্ষা প্রাপ্ত হই। (১ম—৯৪সূ—১৬ঋ)॥

ইতি ঋগ্বেদ-সংহিতায়াং প্রথমাষ্টকে ষষ্ঠেঽধ্যায়ে শ্রীমৎ-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা-কৃতা বঙ্গানুবাদ-বিশদার্থ-সমন্বিতা মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা সমাপ্তা ॥ ১৬ ॥

ইতি প্রথমাষ্টকে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

ওঁ তৎসৎ ওঁ ॥

ওঁ

ঋগ্বেদ-সংহিতা।

ষষ্ঠ অধ্যায়।

মন্ত্র-সূচী।

[দক্ষিণ-পার্শ্বস্থ অঙ্কের দ্বারা প্রথমে সূক্ত-সংখ্যা, তার পর ঋক্-সংখ্যা এবং পরিশেষে পৃষ্ঠা-সংখ্যা প্রদত্ত হইয়াছে। ঐ যে প্রথম মন্ত্রটীর ("অক্ষন্নমীমদন্ত" ইত্যাদি মন্ত্রের) শেষে ৮২-২—৪৬ অঙ্কপাত আছে, তদ্দ্বারা বুঝিতে হইবে যে, ঐ মন্ত্রটী ৮২ সূক্তের দ্বিতীয় ঋক্ এবং উহার ব্যাখ্যাদি এই গ্রন্থের ৪৬ পৃষ্ঠায় আরম্ভ হইয়াছে।]

অ।

আ।

বিষয়। পৃঃ-খ—পৃঃ।

ই।

উ।

দ।

ন।

প।

বিষয়। সূঃ-ঋ—পৃঃ।

য।

সূচী ছাড়।

এই অধ্যায়ের চতুর্নবতিতম সূক্তের নিম্নলিখিত চারিটী মন্ত্রের সূচী যথাস্থানে সন্নিবেশিত করা হয় নাই। যথা,—

প্রথম অষ্টকের ষষ্ঠ অধ্যায়ের মন্ত্র-সূচী সমাপ্ত॥

সুখ ও শান্তি